৫৭।	ঈশোপনিষৎ (ভাষ্যান্বিত)	।০
৫৮।	শ্রীকৃষ্ণদেব	
৫৯।	শিক্ষাষ্টক	
৬০।	সাধ্যবাণী	

সংস্কৃত ভাষায় প্রকাশিত

১।	শ্রীচৈতন্যলীলামৃতম্	
২	সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ	।০
৩।	সটীক-শিক্ষাষ্টকম্	।০
৪।	অর্চ্চনম্	।০
৫।	সংক্ষেপ শিক্ষাষ্টকম্	৴০
৬।	গৌড়ীয়মঠপরিচয়ঃ	৴০
৭।	সারাৎসারনির্ণয়	৶০

ইংরেজী ভাষায় গ্রন্থ ।।প্তক

৮।	রায় রামানন্দ	
৯।	এ কিউ অফ দ্য বেদাস	
১০।	ভাগবত	৴০
১১।	বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টোলজি	।০
১২।	রিলেটিভ ওয়ার্ল্ড্স	৴-
১৩।	লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু	।০
১৪।	বেদান্ত	।০
১৫।	কোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং	৴০
১৬।	দি ভাগবত	
১৭।	ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনমালেড ডিভোশন	।০
১৮।	ব্রহ্মসংহিতা	।৶০
১৯।	শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড)	

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০।	শ্রীহরিনামচিন্তামণি	১
৮১।	সাধন-পথ	।০
৮২।	কল্যাণ-কল্পতরু	৶০
৮৩।	গীতাবলী	
৮৪।	শরণাগতি	

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫।	শরণাগতি	

হিন্দী ভাষায় প্রকাশিত

৮৬।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	

প্রাপ্তিস্থান—ভক্তিভবন, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক

১৫শ বর্ষ | ১৩ হৃষীকেশ ৪৮৪ গৌরাব্দ ১৪ই ভাদ্র বঙ্গাব্দ ১৩৭৭, ৩০শে আগষ্ট ইং ১৯৭০, | শুক্রবার | ১৫২তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ হৃষীকেশ তিথি সর্ব্বোদশমী গৌরাব্দ ৪৮৪

যৎকিঞ্চিৎ

হরিভক্তি সুদুর্ল্লভা। ভোগবুদ্ধি বা মোক্ষকামনা লইয়া শ্রীহরির অর্চ্চনাদি করিলে প্রেমভক্তি লাভ হয় না। যিনি যে ভাবে ভগবানের ভজনা করেন, ভগবান্‌ও তাঁহাকে সেইভাবে কৃপা করেন অর্থাৎ যাঁহারা ভোগপর বুদ্ধি লইয়া ভগবান্‌কে কর্ম্মফলদাতাজ্ঞানে কর্ম্মফলপ্রাপ্তির নিমিত্ত ভগবানের পূজা করেন, তাঁহাদের ভক্তিলাভ হয় না। তাঁহারা অনুষ্ঠিত কর্ম্মের ফলই প্রাপ্ত হন, আর যিনি সকল ভোগবাসনা ও মোক্ষবাসনা ত্যাগ করিয়া ভগবানে প্রপন্ন হন, তিনিই ভগবানে ভক্তিলাভ করিয়া ধন্য হন। নিষ্কাম ভক্তই প্রেমভক্তির অধিকারী। এই নিষ্কাম কথাটির অর্থ বুঝিতে না পারিয়া কেহ কেহ বলেন, ভক্তগণ ভগবানের নিকট যে 'প্রেম দাও, ভক্তি দাও' বলিয়া প্রার্থনা করেন, তাহা কি কামনামূলক নহে? তাঁহারা 'কাম' অর্থে সাধারণ ইচ্ছা বুঝিয়া থাকেন। তাঁহারা যদি একটু স্থিরচিত্তে শাস্ত্রের কথা আলোচনা করেন, তাহা হইলে তাঁহারা বুঝিতে পারিবেন যে, কাম বাহার অন্তর্ভুক্ত হইলেও, বাহাই কাম নহে। শাস্ত্র বলেন,—

আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা তারে বলি কাম।
কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা ধরে প্রেম নাম॥

ইহা দ্বারা স্পষ্টই জানা যায়, স্বসুখ-বাঞ্ছাই কাম। এই আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছাময় কাম ভক্তের নাই। তাঁহারা কৃষ্ণসুখের জন্য ব্যস্ত। সুতরাং তাঁহারা নিষ্কাম অর্থাৎ প্রেমিক

মা যা অর্থাৎ যাহা নহে, তাহাই মায়া আর যাহা হয়, তাহা ভগবান্, Positive Something. ভগবদ্‌বাহিতা বা negative ideaই মায়া। যখন 'আমি ভগবানের সেবক' এই জ্ঞান থাকে, তখন আমি মায়ার দ্বারা আক্রান্ত হই না। যতক্ষণ ভগবৎসেবকাভিমানে প্রতিষ্ঠিত না হই, ততক্ষণ বোবারূপে জগদ্দর্শন স্বাভাবিক। তখন প্রভুত্ব-অভিমান আমার হৃদয়কে আক্রমণ করিয়া আমাকে ভগবৎসেবার কথা জানিতে দেয় না। আমার এই ভোগের প্রবৃত্তি বা দুর্ব্বুদ্ধি একমাত্র দিব্য-জ্ঞানের দ্বারাই অপসারিত হইতে পারে।

আমরা জীব, চেতনতাই আমাদের জীবন। আমরা কর্ম্মফলবাধ্য হইয়া মাতৃকুক্ষিতে জন্মগ্রহণ করিয়াছি। যে কোন বস্তু বা ব্যক্তি আমাদের সম্মুখে আসুক, তাহার নামাদি নিশ্চয়ই আছে। আমরা যখন এ জগতে ভূমিষ্ঠ হই, তখন আমাদের নাম, ধাম ও কামের কথা অজ্ঞতাবশতঃ না জানিয়া কেহ আমার পিতা সাজে, কেহ আমার একটী কল্পিত নামকরণ ও বিবিধ কর্ত্তব্য স্থির করিয়া দেয়। আমি কোথা হইতে আসিয়াছি, আমার প্রকৃত নাম কি, কি উদ্দেশ্যে এ জগতে আসিলাম, ইহা কেহই জানে না। কোন একটী শিশুকে পৃথিবীতে দর্শন করিবামাত্রই তাহার নাম ও আবাসাদির সন্ধান না করিয়া তাহাকে একটী কল্পিত নামে আহ্বান করা আমাদের বুদ্ধিমত্তার পরিচয় কি? আমাদের এই স্বরূপের সন্ধান বা আত্মার নাম, বাসস্থান বা কর্ত্তব্যের কথা যিনি জানাইয়া দেন, তিনিই যে আমাদের একমাত্র নিজের লোক, তিনিই যে আমাকে জানেন ও চেনেন, পরন্তু এ জগতের কেহই আমার সন্ধান বা পরিচয় রাখে না, তাহাতে আর সন্দেহ কি? আমরা হিন্দু বা অহিন্দু, পশু বা পক্ষী যে কোন লোকে এখানে আসি না কেন, আমাদের প্রকৃত সত্তা বা চেতনের প্রকৃত সন্ধান করা উচিত নহে কি? এই চেতনের কথায় যিনি আমাকে উদ্বুদ্ধ করেন, জড়দেহ ও মনের অনিত্যতা জানাইয়া আমাকে আমার প্রকৃত রক্ষক বা পালকের সন্ধান দেন, তিনি আর কেহই নহেন, তিনি সদ্‌গুরুরূপী ভগবান্। সুতরাং আমরা যে অবস্থাতেই থাকি না কেন, আত্মস্বরূপের সন্ধান করিতে হইলে আমাদের প্রত্যেকেরই অন্তর্যামী সদ্‌গুরুর চরণাশ্রয় করা এই মুহূর্ত্তেই আবশ্যক। কয়লা যেমন জ্বলন্ত অগ্নির সংস্পর্শে আবার জ্বলিয়া উঠে, তদ্রূপ বদ্ধজীব —স্বরূপভ্রান্ত জীব নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদ শ্রীগুরুদেবের সংস্পর্শে আসিয়া নিজ স্বভাব ফিরিয়া পায়। সেইজন্যই বলিতেছি, গুরু-দেবই সদ্‌গুরুস্বরূপ [illegible] করিয়া দিয়া আমাদিগকে অজ্ঞানান্ধকার বা স্বরূপ-বিস্মৃতিরূপ মহাবিপদ্ হইতে রক্ষা করেন। গুরুর সংস্পর্শ ব্যতীত চেতনতার উদ্বোধন অসম্ভব। জড়দেহ ও মনের দ্বারা জড়ানু-শীলন হইতে পারে, কিন্তু তদ্দ্বারা চেতনের অনুশীলন অসম্ভব।

ভগবান্ পরম দয়াল। আমরা যখন আমাদের স্বরূপের কথা বিস্মৃত হই, তখন তিনি আমাদের উদ্ধার করিবার জন্য [illegible] আসেন। আমরা যদি সেই ভগবান্ ও ভগবৎ-প্রিয় ভক্তগণের আনুগত্য স্বীকার করি, তাহা হইলে আমরা কৃষ্ণবিস্মৃতির বা স্বরূপ-ভ্রান্তির হাত হইতে রক্ষা পাইতে পারি।

ভগবান্ [illegible] বিমুখ জীব হইতে আরম্ভ করিয়া ভগবানে আত্মসমর্পণকারী উন্নত জীব পর্য্যন্ত সর্ব্বভূতের অন্তরে [illegible] আছেন। যে ব্যক্তি প্রাণিসমূহে [illegible] ভগবান্‌কেই অবজ্ঞা করিয়া প্রাকৃত বুদ্ধিতে শ্রীঅর্চ্চামূর্ত্তির পূজা করে, তাহার মঙ্গলের আশা নাই। [illegible] সেবা হয় না। প্রাকৃত [illegible] লৌকিক [illegible] চেষ্টা প্রদর্শন করেন বটে; কিন্তু তাহা প্রকৃতপ্রস্তাবে ভগবানের নিকট গিয়া পৌঁছায় না। প্রাকৃত [illegible] আত্মতায় [illegible] করেন [illegible] তাঁহার হৃদয়ে জ্ঞানকর্ম্মের [illegible]। [illegible] উদিত হয় না।

কৃষ্ণ আমার পালে, রক্ষে জান সর্ব্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল॥

সাধুসঙ্গ করিতে করিতে কৃতভক্তি হইলে অর্চন শুদ্ধ হয়, তখন ভগবদ্বিগ্রহের প্রতি শ্রীভক্তি' সঙ্গে সঙ্গে ভক্তের প্রতিও প্রীতি হইয়া থাকে। সকল সময়েই সর্ব্বতোভাবে ঐকান্তিক নিষ্ঠা সহ কৃষ্ণের ভজন বৈষ্ণবেরই সম্ভব। ইন্দ্রিয়বিত্তায় সার্ব্বকালিক ভজন সম্ভবপর হয় না। বৈষ্ণবই অষ্টকাল বা নিরন্তর কৃষ্ণভজন করিতে পারেন। এই বৈষ্ণবে আপনজ্ঞান ও তাঁহার অকপট সঙ্গ হইলে আমরাও সেবানৈপুণ্য লাভ করিতে পারিব। ভক্ত ভোগও করেন না, ত্যাগও করেন না, তিনি ভগবানের ভোগ দেন। আমি ভোগ করিব—এই বুদ্ধি যাহার আছে, সেই ব্যক্তি' ভক্ত বা অসৎ। এইরূপ অসদ্-বুদ্ধিবিশিষ্ট মাদৃশ বদ্ধজীবগণের সাধুর সঙ্গ ছাড়া গতি নাই।

শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথা

——::•::——

সাধুসঙ্গ বিশেষ দরকার। সাধুসঙ্গ করতে করতে বন্ধন খুলে যা'বে। সব অসুবিধা কেটে যা'বে, কৃষ্ণ accept করবেন। A pencil of ray from the sun of mercy এসে প্রকৃতির উপর প্রভুত্ব করবার ইচ্ছা কমে যা'বে। এ জগতের সহিত সম্বন্ধ বা দেহাদ্যভিমান তখন শিথিল হ'য়ে আসবে। সঙ্গের এত প্রভাব! কৃপার এত শক্তি!

অনেকের খুব activity ও ব্যস্ততা দেখতে পাওয়া যায়। সেই activityর উদ্দেশ্য ও প্রয়োজন কি, নির্ণীত হওয়া দরকার।

যে স্থলে চেতনবৃত্তির বিকাশে ইন্দ্রিয়-সমূহ কৃপার নিকট সম্পূর্ণ শরণাগত, তথায় ইন্দ্রিয়ের স্বতন্ত্র চেষ্টা নাই, তথায় ইন্দ্রিয়ের অসম্পূর্ণতা কৃপালোকে সম্পূর্ণতা লাভ করে—কৃপা দ্বারা বৃদ্ধি নির্ম্মল হয়, কেবলমাত্র নিজের চেষ্টায় সাধনের দ্বারা তাহা হয় না।

অবাক্কূপে পতিত ব্যক্তির উদ্ধারের জন্য ভগবানের কৃপা-রজ্জু নিয়তই কূপমধ্যে লম্বমান রহিয়াছে। ভক্ত সেই কৃপারজ্জুকে ধারণ করিবার জন্য সাধন করিয়া থাকেন—কৃপালাভার্থই তাঁহার সাধন—নিজের চেষ্টায় তিনি উদ্ধারলাভ করিতে পারিবেন—এইরূপ আত্মম্ভরিতা তাঁহার নাই।

ভক্তি—অহৈতুকী। রাত্রিকালে কৃত্রিম আলোকের দ্বারা কি সূর্য্যদর্শন হয়? যখন সূর্য্যদেব স্বয়ং প্রকাশিত হন, তখন সূর্য্যের আলোকেই সূর্য্যকে দেখা যায়। তদ্রূপ ভগবৎকৃপাতেই ভগবৎ-সাক্ষাৎকার হয়।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-বিরহের তীব্র বাধা যত উপলব্ধির বিষয় হ'বে, ততই আমরা শ্রেয়ের পথে অগ্রসর হ'তে থাকব।

বৈষ্ণবের সেবার দ্বারাই গুরুদেবের সর্ব্বশ্রেষ্ঠত্ব প্রকাশিত হয়। যিনি যতটা বৈষ্ণবের সেবক, তিনি তত অধিক বৈষ্ণব, যিনি সর্ব্বাপেক্ষা অধিক বৈষ্ণবসেবক, তিনিই বৈষ্ণবশিরোমণি অর্থাৎ বৈষ্ণবগণের সম্রাট্ শ্রীগুরুদেব।

শ্রদ্ধাই ভক্তির বীজ। এই শ্রদ্ধা ও অনুগ্রহ যুগপৎ লাভ হয়। শ্রুতির প্রতি—শাস্ত্রের প্রতি যে বিশ্বাস, তা'র নাম শ্রদ্ধা। শুদ্ধভক্ত বেদমূর্ত্তি। তাঁ'র প্রতি শ্রদ্ধা ও তাঁ'তে আত্মনিবেদন যুগপৎ হওয়া চাই।

আশ্রয়বিগ্রহের সেবার দ্বারা নির্ব্বিশেষবাদের প্রতি যে আসক্তি তাহার ধ্বংস হয়। শ্রীগুরুপাদপদ্ম গৌরসুন্দরের বিলাসের সর্ব্বশ্রেষ্ঠ উপকরণ। তাঁ'র সেবা যাঁ'রা করেন, তাঁদের প্রচ্ছন্ন, ব্যক্ত, বা অব্যক্ত মায়াবাদ চিরতরে হৃদয় হইতে বিতাড়িত হয়।

গুরুভক্তের অমায়ায় কৃপা না থাকিলে হরিভজন হয় না, প্রভুত্বের কামনা হৃদয় হইতে যায় না, দাস হইবার আন্তরিক পিপাসা হয় না।

আমাদের ত' অনেক অযোগ্যতা আছে, কিন্তু আমাদের গুরুবর্গের কৃপারও অবধি নাই। ইহাই ত' আমাদের একমাত্র ভরসা।

কেবল ভাগ্য দরকার। ভাগ্য না থাকলে হ'বে না। আবার অপরাধফলে ভাগ্যোদয়ও বিকাশ হয় না। এখন করি কি? ক্রন্দন ছাড়া গতি নাই। "হে ঠাকুর আমাকে ছেড়ো না, আমি বড় কাঙ্গাল, আমি বড় অযোগ্য। তোমার কৃপা ছাড়া আমার গতি নাই। আমার কি সাধ্য আছে যে তোমাদের নিকট পৌঁছিতে পারব?" এই ব'লে কাঁদতে হ'বে।

শ্রীগুরুদেবই আমাদের প্রাণ। তিনি অনুগ্রহ ক'রে আমাদিগকে দীক্ষা দেন ভগবানের সহিত আমাদের সম্বন্ধ ক'রে দেন। তিনি বড় ভারী জিনিষ। অত বড় জিনিষ এ জগতে বা পর জগতে আর নাই। তিনি কি জন্য অত বড়, তাহা জানা দরকার।

শ্রীগুরুনিত্যানন্দই প্রভুবিক্রমার্ক। তিনিই যাবতীয় প্রতিষ্ঠার মালিক। তাঁ'র অনুগত হ'লে তিনিই কৃপা ক'রে জীব-হৃদয় হ'তে প্রতিষ্ঠাকে বিতাড়িত ক'রে সেবাসুযোগ দেন।

যদি কাহারও চিন্তাধারা গুরুদেবের চিন্তাধারার সহিত ভাগ্যক্রমে মিশে যায়, কেহ যদি শ্রীগুরুদেবের সহিত সমচিত্তবৃত্তি-বিশিষ্ট হ'তে পারেন, তাঁ'র তত্ত্ববিচারনৈপুণ্য থাকুক আর না থাকুক তাঁ'তে কিছু আসে যায় না,—এইটাই দরকার। এটা যাঁ'র হ'য়েছে, তাঁ'র আর চিন্তা নাই। শ্রীকৃষ্ণের ও শ্রীগুরুদেবের বিশেষ কৃপা হ'লেই এরূপ ভাগ্য লাভ হয়। এইরূপ ভাগ্য কমই দেখা যায়।

হরিনামও করতে হ'বে, সুযোগমত শাস্ত্র গ্রন্থও পড়তে হ'বে। শাস্ত্রের প্রত্যেক অক্ষরটাই চেতন। সেই চেতন অক্ষর যদি দয়া ক'রে রূপ দেখান, তা' হ'লেই তাঁর মর্ম্ম জানতে পারব, শাস্ত্রগ্রন্থের উদ্দেশ্য হৃদয়ঙ্গম হ'বে। শাস্ত্রগ্রন্থ দুইভাবে পড়া যায়। আমি গ্রন্থ প'ড়ে বুঝে নেব, বা নিজের মনের মত ব্যাখ্যা করব, এতে সুবিধা হ'বে না। শিষ্য হ'য়ে শাস্ত্রগ্রন্থ প'ড়তে হ'বে। অক্ষর-সমষ্টি গ্রন্থ বা শব্দ আমাকে regulate করবে, তা হ'লে আমার মঙ্গল হ'বে। আমি শুশ্রূষু হ'য়ে, অনুগত হ'য়ে শাস্ত্র আলোচনা করব। উন্নতির দিকে লক্ষ্য রাখতে হ'বে, নৈলে এগোনো যাবে না। যাঁ'রা কায়মনোবাক্য ভগবানের সেবায় নিযুক্ত ক'রেছেন, যাঁ'রা বাক্য, মন এবং ক্রোধাদি ষড়্‌বেগ দমন ক'রেছেন, তাঁ'রাই সন্ন্যাসী, তাঁ'রাই গোস্বামী। সেবাই হ'চ্ছে মূল।

শ্রীল প্রভুপাদের হরিকথা

——::•::——

সাক্ষাৎ 'বৈকুণ্ঠশব্দ' যখন সেবোন্মুখ কর্ণে অবতরণ করেন, তখন তিনি অনায়াসে সকল খণ্ড অপসারিত ক'রে দেন। "বৈকুণ্ঠ"-শব্দে শব্দ-শব্দীর মধ্যে ভেদ নাই। 'বৈকুণ্ঠ' শব্দের শব্দীর অভিজ্ঞানের জন্য অন্য ইন্দ্রিয়ের সাহায্যগ্রহণের আবশ্যকতা হয় না।

যাঁ'রা নিজেরাই recipient হ'তে চাচ্ছে, তা'দের জীবন কিছুক্ষণ পরে থেমে যা'বে। তা'রা মৃতই আছে। বাস্তব-বস্তুর অনুশীলনে বঞ্চিত থাকাই মৃত অবস্থা। যে জীব বহিরঙ্গাশক্তির অধীন হইয়াছে, সে জীবিতম্মন্য হ'লেও 'জীব' শব্দবাচ্য নহে। তা'র তথাকথিত জীবন কর্ণধারহীন নৌকার ন্যায় ভেসে যাওয়া মাত্র।

যেকালে ভাগবতসেবায় পূর্ণমাত্রায় অভিষিক্ত হ'তে পারব, সেকালে এই চোখ, কাণ, নাকের দ্বারা কৃষ্ণেতর বাহ্য বিষয়ের বিচার বন্ধ হ'য়ে যাবে—এর ছিদ্র ও তা'র ছিদ্র দর্শন, এর নিন্দা, তা'র প্রশংসা করতে বাধিত হব না।

সেই ব্যক্তিই দরিদ্রের মধ্যে প্রধানতম দরিদ্র—সর্ব্বাপেক্ষা নিঃস্ব, যে ব্যক্তি চৈতন্যদেবের কথায় অমনোযোগী হইয়া অচৈতন্য কথার মরকের পথে বিবদমান বিষয়ে নিযুক্ত হয়। তাহার কখনও সুবিধা হয় না। কৃষ্ণচৈতন্যই একমাত্র বিত্ত। অন্য বিত্ত নহে। মনুষ্য মানবজাতির একমাত্র বিত্ত কৃষ্ণ কি বস্তু, তাহা যিনি জানাইয়াছেন, তিনিই শ্রীকৃষ্ণচৈতন্যদেব।

শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ প্রধান প্রয়োজনীয় জিনিষ। কীর্ত্তনের ফলে শ্রবণ, অপরে কীর্ত্তন করিলে শ্রবণের সুযোগ হয়। সেই শ্রৌতবাণী কীর্ত্তনপ্রভাবে স্মরণ হয়।

সেবক না হইলে, ভোগী বা ত্যাগী হইলে বৈকুণ্ঠনামের কৃপা হয় না—"নামাক্ষর বাহিরায় বটে, নাম কভু নয়।" নানা-পদার্থের ভোগ বা ত্যাগবুদ্ধির সহিত নিত্যবৃত্তি ও সেবোন্মুখের নিরন্তর শ্রীনাম-কীর্ত্তন এক নহে। সেবার উন্মুখতা না হইলে নাম হইবে না।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্য্যামিরূপে শিখান আপনে

কর্ম বন্ধ, ভুক্তি-মুক্তি প্রদান করে না। প্রবলপ্রতাপে অনর্থাপগমের সঙ্গে সঙ্গে ক্রমশোৎকণ্ঠা বৃদ্ধি হয়, তখন আর ভাগবত শুনিতে বসিলে নিদ্রা আসে না। ভগবানের বীর্য্যবতী কথাই তাঁহার প্রবল বাধা সেবার বিঘ্ন হয়।

আমরা একটুকু সময়ও নষ্ট করিব না। সর্ব্বতোভাবে সর্ব্বক্ষণের আধার যে ভগবান্ তাঁহার বিষয় চিন্তা করিব, তাঁহার অনুশীলন করিব; তৎফলে impediments (ভগবদ্দর্শনে বাধাগুলি) মরিয়া যাইবে।

হরিসভা

—::(•)::—

'স' উপপদে 'ভা' ধাতু ক্বিপ্ প্রত্যয়-দ্বারা 'সভা' শব্দটী নিষ্পন্ন হইয়াছে। 'ভা' ধাতুর অর্থ দীপ্তি পাওয়া অর্থাৎ যেস্থানে সমান-গুণী কোন কার্য্যের উদ্দেশ্যে দীপ্তিপ্রাপ্ত হন, তাহাকে সভা বলে। সভা অনেক প্রকারের হইতে পারে। কিন্তু হরিসভার সঙ্গে অন্যান্য সভার বিশেষ প্রভেদ আছে। কারণ, শাস্ত্র বলেন, "হরির্হি নির্গুণঃ সাক্ষাৎ"—হরি সাক্ষাৎ গুণাতীত বস্তু। যে সভায় হরিবিষয়ের আলোচনা হয়, তাহার সহিত অপরাপর প্রাকৃত জগতের আলোচনার স্থানের সমন্বয় হইতে পারে না। কিন্তু জগতে চিজ্জড়সমন্বয়বাদীর প্রাদুর্ভাব হওয়াতে হরিসভার নাম করিয়াও তথায় জড়সাহিত্য আলোচনা, অদৈববর্ণাশ্রমের বিধি ব্যবস্থার আলোচনা, বহির্ম্মুখ মানব-সমাজের বন্ধনের সুখসুবিধার কথা, দেশ ও দশের উন্নতি প্রভৃতি বিষয়ের আলোচনা হইয়া থাকে। জাগতিক বিচারে অজ্ঞ-বাদিগণের ধারণায় ঐ সকল কার্য্য মহদনুষ্ঠান বলিয়া পরিজ্ঞাত হইতে পারে। কিন্তু হরিসভা প্রকৃতপক্ষে ঐ সকল বিষয়ের আলোচনার স্থান নহে। যে সভায় নির্গুণ অপ্রাকৃত বস্তু হরি এবং হরিজনের গুণমহিমার কথা আলোচিত হয়, তাহাই হরিসভা।

যদি নির্গুণ বস্তু, হরিভক্তি নির্গুণ বস্তু এবং যেখানে হরিবিষয়ের আলোচনা হয়, সেই স্থানও নির্গুণ-স্থান। শ্রীমদ্‌ভাগবতে শ্রীভগবান্ শ্রীনারদকে বলিয়াছেন,—

নাহং তিষ্ঠামি বৈকুণ্ঠে যোগিনাং হৃদয়ে ন চ।
মদ্ভক্তা যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি নারদ॥

হে নারদ! আমি, আমার নিত্য ধাম বৈকুণ্ঠেও থাকি না। ধ্যানপরায়ণ যোগিগণের হৃদয়েও বাস করি না, কিন্তু যে স্থানে আমার ভক্তগণ আমার গুণানুবাদ কীর্ত্তন করেন, আমি সেই স্থানেই অবস্থান করি অর্থাৎ সেই স্থানই বৈকুণ্ঠ; কারণ, সেখান হইতে কুণ্ঠাধর্ম্ম যে ত্রিগুণাত্মিকা মায়া, তাহা বিদূরিত হইয়াছে। সুতরাং হরিসভা শুদ্ধভক্তি-আলোচনার ক্ষেত্র। যে স্থানে ভগবানের অব্যভিচারিণী সেবা নাই, যেখানে একমাত্র ভগবানের সুখতাৎপর্য্যের চেষ্টা নাই, সেই স্থান কর্ম্ম বা নির্ভেদ ব্রহ্মানুসন্ধানরূপ শুষ্কজ্ঞানালোচনা কিংবা কৃত্রিম প্রাণায়ামাদি অষ্টাঙ্গ যোগাদির চেষ্টাদ্বারা বাধাপ্রাপ্ত হইয়াছে তাহা হরিসভা নহে। যাঁহার ভক্তিতে বা ভগবানের সেবাতে আস্থা হইয়াছে, তিনি ভক্তিকে ঐ সকল কর্ম্মজ্ঞানাদির অধীন বা অপেক্ষাযুক্ত মনে করিতে পারেন না। ভক্তিই আত্মার নিত্য স্বরূপবৃত্তি ও সহজধর্ম্ম—সুতরাং উহা নশ্বর ইন্দ্রিয়তর্পণযোগ্য নহে, উহা স্বাধীন ও নিরপেক্ষ। গঙ্গার যেমন স্বাভাবিক গতিই সাগরের দিকে অথবা জলের যেমন স্বাভাবিক গতিই নিম্নদিকে কিংবা ক্ষুদ্র জড়বস্তু যেমন স্বভাবতঃই বৃহজ্জড়-বস্তুতে আকৃষ্ট, তদ্রূপ ভগবানের প্রতি নিত্যসেবাবৃত্তি বা ভক্তি স্বাভাবিকী। স্বাভাবিকী সমুদ্র-অভিমুখিনী গঙ্গার সম্মুখে অন্য কোনও আগন্তুক বস্তু আনিয়া ধারণ করিলে গঙ্গার স্বাভাবিকী গতি প্রতিহত হইবে মাত্র। তদ্রূপ কর্ম্ম-জ্ঞান-যোগাদির চেষ্টা উপাহৃত করিলে উহাদের দ্বারা ভক্তির স্বাভাবিকী গতিকে বাধা দিবার চেষ্টা মাত্র হইবে। শুদ্ধভক্তি নিজেই পরিপূর্ণ শক্তিশালিনী, অপর আগন্তুক বস্তুসংযোগে তাহার শক্তিমত্তা বৃদ্ধি করিবার প্রয়োজন নাই। ভক্তিকে ক্রিয়াবতী করিবার জন্য কর্ম্ম-জ্ঞানের আবশ্যক হয় না, বরং কর্ম্ম-জ্ঞানাদি ভক্ত্যু-ন্মেষক বা ভক্তির সাহায্য ব্যতীত নিষ্ফল হইয়া থাকে। যে কর্ম্ম ভগবৎসেবাপর নহে, তাহার দ্বারা কর্ম্মবন্ধন হয়, যে জ্ঞান ভগবানে জীবের সম্বন্ধ-জ্ঞানোদয় না করাইয়া নির্ভেদ বা নির্বিশেষজ্ঞানে লইয়া যায়, সেই জ্ঞান আত্মবিনাশক, আবার যে যোগ জীবকে ভগবানের সেবায় নিযুক্ত না করে, তাহাও নিরর্থক।

আমরা যতই সৎকার্য্য করি, সদনুষ্ঠান বা ধর্ম্মযাজন করি না কেন, যদি শ্রীভগবানের কথায় রুচি না হয়, তবে সমস্তই শ্রম হইবে। একমাত্র ভগবান্ ও ভগবদ্ভক্তে সেবাবৃত্তি যদি উদিত না হয়, তাহা হইলে আমরা জীবন্মৃত; কারণ, যাহা হইতে অতীন্দ্রিয় শ্রীভগবানে হেতুরহিতা, কর্ম্মজ্ঞান-যোগাদির দ্বারা ব্যবধানরহিতা ভক্তির উদয় হয়, একমাত্র তাহাই প্রাণিমাত্রের শ্রেষ্ঠ ধর্ম্ম। সুতরাং হরিভক্তিপ্রদানরূপ ক্রিয়ার মধ্যে যদি কর্ম্মজ্ঞানযোগাদি আসিয়া বাধা উৎপাদন করে, তবে তাহা সর্ব্বতোভাবে পরিত্যাজ্য। ব্রহ্মসংহিতায় দ্বাদশ অধ্যায়ে শুকঋষি মুনি-গণকে বলিয়াছেন,—

অশ্রুতাধ্যয়নাদীনাং জাতিমাত্রোপজীবিনাম্।
সহস্রশঃ সমেতানাং পরিষত্ত্বং ন বিদ্যতে॥

অর্থাৎ যাঁহারা বেদাদি শাস্ত্র সদ্‌গুরু সমীপে অধ্যয়ন করেন নাই, যাঁহারা কেবল জাতিমাত্রে ব্রাহ্মণ, সম্বন্ধজ্ঞানযুক্ত পারমার্থিক ব্রাহ্মণ নহেন, তাঁহাদের সহস্র সহস্র ব্যক্তি একত্র হইলেও তাহা পারমার্থিক সভা নহে জানিতে হইবে। কারণ, তাঁহারা মনোধর্ম্মে বশীকৃত বদ্ধজীব, সুতরাং তাঁহাদের ধর্ম্মনির্ণয়ে সামর্থ্য নাই। অতএব এবম্বিধ লোকের দ্বারা আহূত তথাকথিত হরিসভায় শুদ্ধ হরিভক্তির কথা বা নিঃশ্রেয়সের কথা আলোচনা না হইয়া কেবল আত্মেন্দ্রিয়-প্রীতিকর প্রিয় বস্তুর আলোচনা হইয়া থাকে।

হরিসেবায় কোন কৈতব থাকিতে পারে না। উহা নির্ম্মলা, অপ্রতিহতা ও অহৈতুকী। প্রকৃত হরিসেবকগণের নিজসুখের লেশমাত্রও নাই। সেখানে আছে কেবল কৃষ্ণসুখবাঞ্ছা। আমাদের প্রাকৃত অভিমান যতকাল পর্য্যন্ত কৃষ্ণের নাম, রূপ, গুণ, লীলা কিছুই হৃদয়ে স্ফূর্ত্তিপ্রাপ্ত হয় না। সেইরূপ বহু প্রাকৃত অভিমানিগণের সম্মেলনে হরি কখনই আবির্ভূত হন না। একমাত্র সেবোন্মুখ ইন্দ্রিয়েই সেই স্বপ্রকাশ বস্তু শ্রীনামাদি উদিত হইয়া থাকেন।

যে পর্য্যন্ত না একমাত্র ভগবানের জন্য ত্যক্ত-স্বজনবান্ধব, ভগবানে অখিল-চেষ্টাযুক্ত, জীবন্মুক্ত, নিষ্কিঞ্চন সাধুজনের সম্পূর্ণ আনুগত্যে হরিসভা বা হরিসেবার যে কোনও কার্য্য সম্পাদিত না হয়, সে পর্য্যন্ত জীবের আত্যন্তিক মঙ্গলের পথ সুগম হইবার উপায়ান্তর নাই। চিত্তবিনোদনের স্থান, বিলাসের স্থল, ইন্দ্রিয়-প্রীতির আগার হরিসভা নহে। উহা কলির সভা বা মায়ার সভা। হরিসভা হরিজনানু-গত্যে কেবলমাত্র শ্রীহরির প্রতি অহৈতুক প্রীতিসাধনের আলোচনা-ক্ষেত্র। উহা হরির বসতিস্থল, নির্গুণ ও প্রপঞ্চে প্রকটিত বৈকুণ্ঠ।

মেদিনীপুরে প্রচার

মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার সাবডিভিসনাল ম্যাজিষ্ট্রেট শ্রীযুত পি, পি, আই বৈদ্যনাথন্ আই, সি, এস মহোদয় শ্রীগৌড়ীয়মঠের প্রচারব্রতিগণের গত ১৮ই আগষ্ট ঝাড়গ্রাম ক্লাবে (মোক্তার ক্লাবে) "সনাতন ধর্ম্ম" সম্বন্ধে বক্তৃতা দেওয়ার জন্য শ্রীগৌড়ীয়মিশনের প্রচারক-গণকে আহ্বান করেন। উক্ত দিবস সন্ধ্যায় শ্রীগৌড়ীয়মঠের প্রচারকগণ তথায় উপস্থিত হইয়া মহাজনপদাবলী ও শ্রীনামসঙ্কীর্ত্তন কীর্ত্তন করেন। তৎপরে উপদেশক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু প্রায় এক ঘণ্টাকাল বিভিন্ন শাস্ত্রযুক্তিমূলে একটী গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করেন। বক্তৃতান্তে ছায়াচিত্রযোগে শ্রীকৃষ্ণলীলা-প্রদর্শনমুখেও বহুক্ষণ যাবৎ বক্তৃতা হয়। তৎপরে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনান্তে সভাভঙ্গ হয়। উপস্থিত শ্রোতৃবৃন্দের মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণের নাম বিশেষ উল্লেখযোগ্য। শ্রীযুক্ত পি, পি, আই বৈদ্যনাথন্, আই, সি, এস্ (এস্, ডি, ও); শ্রীযুক্ত এ, কে, মে, এম্ এ (সেকেণ্ড অফিসার) ডেপুটি ম্যাজিষ্ট্রেট; শ্রীযুক্ত নিরঞ্জন [illegible] এম্-এ, বি-এল্, মুন্সেফ, শ্রীযুক্ত নৃপেন্দ্রগোপাল মিত্র, অনারারি ম্যাজিষ্ট্রেট, শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ চক্রবর্ত্তী, উকিল; শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ [illegible], উকিল, শ্রীযুক্ত [illegible] চন্দ্র পাল, উকিল, শ্রীযুক্ত [illegible] সেক্রেটারী, শ্রীযুত মহম্মদ আবদুল [illegible] বি এল্, পেন্সান অফিসার, [illegible] বেঞ্চ, শ্রীযুত হরেন্দ্রকুমার [illegible], বি এ, রিটায়ার্ড গভর্ণমেণ্ট কর্ম্মচারী।

নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা

শ্রীগৌড়ীয়মিশনের পক্ষ হইতে আগামী ১লা সেপ্টেম্বর, ১৬ই ভাদ্র কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে একটী বিরাট নগরসংকীর্ত্তন শোভাযাত্রা বহির্গত হইয়া [illegible] স্ট্রীট, বাগবাজার স্ট্রীট, কর্ণওয়ালিস স্ট্রীট, [illegible] বাজার স্ট্রীট, সেন্ট্রাল এভেনিউ, [illegible] স্ট্রীট, বাগবাজার স্ট্রীট [illegible] চক্রবর্ত্তী স্ট্রীট [illegible] প্রত্যাবর্ত্তন করিবেন। [illegible] যোগদান প্রার্থনীয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-রাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅনাদিক্ষণ ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৪
সেবক—শ্রীমধুসূদন দাসাধিকারী

(৩) যোগপীঠ মায়াপুর পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীপর্ব্বতদাস ভক্তি শাস্ত্রী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনদীয়ানাথ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৭) কাজি সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীসদানন্দ ব্রহ্মচারী

(৮) অন্তর্দ্বীপ-ভক্তিকুটীর-আশ্রম
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীসনন্দন ব্রহ্মচারী

(৯) আনন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণ দাসাধিকারী

(১১) সারঙ্গ-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) [illegible]-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রীকৃষ্ণধন দাস অধিকারী

(১৩) কুলদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশিবানন্দ অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
মাউডাঙ্গা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর বিগ্রহবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) ঋতুদ্বীপ
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅনুত্তম সেবাবিলাস

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনীলমণি ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাপড়া, (নদীয়া)
সেবক—শ্রীজ্যোতিস্বরূপ ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
চাঁদপাড়া, পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(২১) বাগবাজার-গৌড়ীয়মঠাশ্রম
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চটক পর্ব্বত
সেবক—শ্রীনরোত্তমদাস দাসাধিকারী

(২৩) ঢাকা-গৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা
সেবক—শ্রীমাধবদাস সন্ন্যাসী

(২৫) প্রত্যক্ষ-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রদাস অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীসদাশিব দাসাধিকারী

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীগৌরগদাধরচৈতন্য দাস

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং লাসাং নং, দার্জিলিং
সেবক—শ্রীমহাপুরুষ দাসাধিকারী

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারণপুর, ইউ, পি
সেবক—শ্রীপরেশনাথ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মহেন্দ্রু পাটনা)
সেবক—শ্রীসচ্চিদানন্দপ্রভু দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
ঘোষা রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

(৩৩ [illegible]ীয় মঠ
৮।১৭ বড় গণেশঘাট, বেনারস সিটি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপানন্দ ব্রহ্মচারী

(৩৫) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
শ্রীজগমোহন ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা
সেবক—শ্রীনবগোপাল ব্রহ্মচারী

৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
ব্রহ্মকুণ্ড, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলাম্বর ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীসত্যব্রত দাসাধিকারী

(৩৯) একাদশ-গৌড়কুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪০) কৃষ্ণবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী

(৪১) রাধাকুণ্ড গৌড়ীয়মঠ
সেবক—শ্রীনয়নানন্দ ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪৩) নন্দেশ্বর বিহারী মঠ
নন্দগ্রাম, মথুরা।
সেবক—শ্রীমথুরানাথ গোবিন্দ ব্রহ্মচারী

(৪৪) বরসানা গৌড়ীয়মঠালয়
পোঃ বরসানা, মথুরা
সেবক—ঐ

(৪৫) বরসানা গৌড়ীয়মঠালয়
পোঃ বরসানা, মথুরা

(৪৬) গৌড়বিহারী মঠ—[illegible],
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রীচিদম্বর ব্রহ্মচারী

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীজয়গোবিন্দ দাসাধিকারী

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং কুতুব রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীসুন্দরানন্দ [illegible]

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible]
[illegible] রোড
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
সেবক—শ্রীদেবতীর্থ ব্রহ্মচারী

(৫১) মাধবানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী মাদ্রাজ
—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

(৫৩) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরপ্রসাদ ব্রহ্মচারী

(৫৪) ভক্তিকুটী—[illegible], পুরী
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

৫৫ [illegible]
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ কুমারেশ্বর, পুরী
সেবক—শ্রীকেশব ব্রহ্মচারী

(৫৭) [illegible] মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)
সেবক—শ্রীশৈলেন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], মাদ্রাজ
সেবক—শ্রীত্রিভুবনমোহন দাস ব্রহ্মচারী

(৬০) [illegible] মঠ
চিরলিয়া, পোঃ [illegible], মেদিনীপুর
সেবক শ্রীভগবানদাস ব্রহ্মচারী

(৬১) আমলি গৌড়ীয়মঠ
পোঃ আমলি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণদাস ব্রহ্মচারী

(৬২) [illegible] প্রপন্নাশ্রম মঠ
পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রীসর্ব্বদীপ ব্রহ্মচারী

(৬৩) [illegible]গৌড়ীয়মঠ -
কুমারখালি, পোঃ [illegible], (নদীয়া)
সেবক—শ্রীঅবতার ব্রহ্মচারী

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৩০১ নং মিল্টন ষ্ট্রীট, রেঙ্গুন।
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, ই ৫
সেবক—স্বামী বিনোদবাণী দাস

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৫।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
বৃন্দাবন, [illegible] ইউ-পি
সেবক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible]
সেবক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী

(৬৯) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীঅচিন্ত্যগোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোর দাস অধিকারী

(৭১) শ্রীধরাশ্রম
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রীঅদ্বৈতপ্রভু ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরামস্বরূপ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

—————॥৪৩॥—————

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় বার	পরবর্তী বারের	১ম ও দ্বিতীয় বার	পরবর্তী বারের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৩৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲		১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতি ইঞ্চি	৩৲	২॥০
সিকি কলম	১৫৲	১২৲
অর্দ্ধকলম	২৫৲	২০৲
এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক "	৩৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ । বিশেষ সংখ্যার ভিন্ন দর।

শ্রীধাম-মায়াপুরে

——॥০॥——

—ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টি—

———॥০॥———

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জীসমূহ সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সহজ সরল প্রণালীটি ইহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই পরমানন্দিত ও পরম উপকৃত হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল। গ্রন্থটী পাইকা টাইপে অতিসুন্দর কাগজে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—মধুরা প্রেস্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের কথা দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ইহাতে ১১০টী উপাখ্যান, প্রবাদ ও প্রায় ৫০টী চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১।০ আনা। প্রাপ্তিস্থান—মধুরা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র আট আনা।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ তৎপরে শ্রীল শ্রী বলদেবকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। ইংরাজী কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে। ছাপা ও বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান—শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

—:o:— —

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অপূর্ব্ব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রকাশ্যভাবে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যপাদের অন্যতম পার্ষদ সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৪ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ॥০ আনা, ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার প্রচারিণী

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিশ্রমলব্ধ অপূর্ব্ব দান আবাহন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের লীলামাধুর্য্য-পাঠে ধন্য হউন। এই গ্রন্থটি অভিনব ও অদ্বিতীয় এবং মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর অচিন্ত্য-ভেদাভেদ সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩খণ্ড অধ্যায়ে প্রায় .শত পৃষ্ঠা ব্যাপী; ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রদত্ত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংক্ষিপ্ত পরিচয়সূচক সূচীপত্র (Index Glossary) সহ প্রথম খণ্ড প্রকাশিত। ভিক্ষা—১২৲ বার টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৬-৪১	৬-১৯	৭ ১০	১৩-১৬	১৬-৫৬	১৭-৫৬	২২-৫১
দমদম ,,	৪-৫৮	৬-৩৫	৭ ৩০	১৩ ৩৭		১৮-১২	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৬-১৮	৮ ০৭	৯-১৬	১৫-৩	১৮-৩৪	১৯-৪২	০-২৫
(বদল) ছাঃ	৬-৩০	৮-৫	৯-৩৩	১৫-১৯	১৮ ৪১	১৯-৪৭	০-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-৩৪	৮-৫৮	১০ ৮	১৫-৫১	১৯-১৭	২০-২২	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১	১৫-০	১৭ ৩১	০ ৩০	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০	১৫-৫০	১৮-১১	১-১০	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-২

দমদম ,, ১১-২০

রাণাঘাট পৌঃ ১-৫৫

ছাঃ ১৩-০

শান্তিপুর পৌঃ ১৩-২৮

(বদল) ছাঃ ১৩ ৩৩ (ন্যারো গেজ লাইনে)

কৃষ্ণনগর পৌঃ ১৪-১৪

ছাঃ ১৫-০

নবদ্বীপঘাট পৌঃ ১৫-৪০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮		৯-১০	১৪-১৬	১৬-০	১৮ ৩১		
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৬		৯ ৪৮	১৪-৫৫	১৬-৩৮	১৯-১১		
ছাঃ	৭-৯	৮-৫০	১১-৪১	১৬-৫৬	১৯-২	২০-৫৬	৩-৩৬
রাণাঘাট পৌঃ	৭-৪৪	৯-২৩	১২-২৬	১৭-৩১	২০-১০	২১-২৯	৪-১৫
(বদল) ছাঃ	৭-৫২	৯-২৮	১২-৪৬	১৭-৪৩	২০-১৮	২১-৭৪	৪-২৩
দমদম ,,		১১-৩		১৯-০		২৩-৯	
কলিকাতা পৌঃ	৯-২১	১১৫২০	১৪-২১	১৯-১৬	২১-৫৫	২৩-২৭	৬-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ ১৪ ১৬

কৃষ্ণনগর পৌঃ ১৪-৫৫

ছাঃ ১৫-১০

শান্তিপুর পৌঃ ১৫-৫১

(বদল) ছাঃ ১৬-৫০

রাণাঘাট পৌঃ ১৭-২৫

(বদল) ছাঃ ১৭-৪৪

কলিকাতা পৌঃ ১৯-২৬

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(o):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। বলিবার ইহার কার্য্যশক্তি অত্যন্ত অধিক। নিভৃতে সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ।৵০ ছয় আনা, বড় বোতল ১।৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা —

পোঃ বেহালা, ২৪ পরগণা।

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম— এখান শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ খণ্ড। শ্রীমায়াপুর— ১৫ই ভাদ্র ১৩৪৭, ৩১শে আগষ্ট, ১৯৪০ শনিবার। ১৫৩তম সংখ্যা

নানা-সংবাদ

—:(০):—

আবশ্যক সামরিক শিক্ষা বিল

সিনেটে আবশ্যক সামরিক শিক্ষা বিলের সংশোধন প্রস্তাব বিনা ডিভিসনে গৃহীত হইয়াছে। এই ব্যবস্থায়, সামরিক শিক্ষাদানের জন্য সংগৃহীত ব্যক্তিগণের মধ্যে এককালীন ৯ লক্ষ ব্যক্তিকে শিক্ষাদানের পরিকল্পনা করা হইয়াছে। বৈঠকের সময় সামরিক কমিটির চেয়ারম্যান সিনেটর সেপার্ড বলেন যে, আগামী ২৫ বৎসরের মধ্যে এক এক বৎসরের নির্দিষ্ট সংখ্যা করিয়া মোট ৪০ লক্ষ ব্যক্তিকে সামরিক শিক্ষা প্রদান করা ২১ হইতে ২৪ বৎসর বয়স্ক ব্যক্তিগণের মধ্যে আবশ্যক। সামরিক শিক্ষার ব্যবস্থা সীমাবদ্ধ করিবার জন্য যে প্রস্তাব উত্থাপিত হইয়াছিল, সিনেটে ৩০১৯ ভোটে তাহা বাতিল হইয়া গিয়াছে। বর্ত্তমানের খসড়া বিলে ২১ হইতে ৩০ বৎসর ব্যক্তিগণকে শিক্ষাদানের ব্যবস্থা হইয়াছে।

——

দিল্লীতে সাম্প্রদায়িক দাঙ্গা

গত ২৭শে আগষ্ট রাত্রে বাবগঞ্জে গুরুতর সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামার সংবাদ আসে। মিঃ নায়ক জনৈক দারোগা আঘাতের ফলে নিহত হইয়াছেন এবং অন্য কয়েকজন লোকও আঘাত প্রাপ্ত হইয়াছে। বাবগঞ্জ জিলার একটি মুসলিম-প্রধান অঞ্চল। বিবরণে প্রকাশ; জন্মাষ্টমী উপলক্ষে একটি শোভাযাত্রা যখন এই অঞ্চলের একটি মসজিদের সম্মুখ দিয়া যাইতে উদ্যত হয় তখন মসজিদের লোকগণ বাদ্য সম্পর্কে আপত্তি করে। দিল্লীর সহরে সাম্প্রদায়িক উত্তেজনার ভাব দেখা যাইতেছে। শান্তিভঙ্গের আশঙ্কা করিয়া সিটি ম্যাজিষ্ট্রেট ১৪৪ ধারা জারী করিয়াছেন। দিল্লী ও নয়াদিল্লীতে একসঙ্গে পাঁচজনের অধিক লোকের মেলামেশা নিষিদ্ধ করা হইয়াছে। ৩ দিন যাবৎ এই নিষেধাজ্ঞা বলবৎ থাকিবে।

গত ২৬শে আগষ্ট দিল্লী সহরে হরতাল প্রতিপালিত হইয়াছে। বাজারসমূহ সম্পূর্ণ জনহীন ছিল। অপরাহ্নকালে কয়েকটি দোকান খুলিয়াছিল। সতর্কমূলক ব্যবস্থা-হিসাবে সহরে সমস্ত গুরুত্বপূর্ণ স্থানে পুলিশ মোতায়েন রাখা হইয়াছে।

——

৮দিনে ৬০০ জার্মাণ বিমান ধ্বংস

বৃটেনের উপর এবং বৃটেনের চতুর্দ্দিকে গত ৮দিনে প্রায় ছয়শত জার্মাণ বিমান ধ্বংস হইয়াছে। যুদ্ধ আরম্ভ হওয়ার পর হইতে বৃটেনের উপর আক্রমণের সময় বৃটিশ-বিমান ও বিমান ধ্বংসী কামানসমূহ যে জার্মাণ বিমান ধ্বংস করিয়াছে, তাহার সংখ্যা বর্ত্তমানে ১১৭৫তে দাঁড়াইয়াছে। বৃটেনে ব্যাপক বিমান আক্রমণ সুরু হওয়ার পর হইতে এ পর্য্যন্ত ১১০১টি জার্মাণ বিমান ধ্বংস করা হইয়াছে।

লণ্ডনের অপর একটি সংবাদে প্রকাশ যে, গত ২৮শে আগষ্ট অপরাহ্নে শত্রুপক্ষীয় বিমানসমূহ দক্ষিণ-পূর্ব্ব এবং দক্ষিণ-পশ্চিম উপকূলের বিভিন্ন সহরের আশেপাশে হানা দিয়াছিল। মিডল্যাণ্ড অঞ্চলে দুইখানি শত্রু বিমানকে ধরাশায়ী করা হইয়াছে—সেখানে একটি পার্কে গলফ্ খেলার মাঠে এবং কয়েকটি কল-কারখানার নিকট বোমা পড়িয়াছিল। বিমানের চালকেরা যদিও কোন আঘাত পায় নাই তথাপি তাহারা বন্দী হইয়াছে। ইংলিশ চ্যানেলে আর একখানা শত্রু-বিমান ধ্বংস হইয়াছে বলিয়া মনে হয়। মিডল্যাণ্ড অঞ্চলের একটি সহরের নিকট তিনজন জার্মাণ বৈমানিক একখানা বোমারু বিমান হইতে লাফাইয়া পড়িয়াছে বলিয়া যে সংবাদ শুনা গিয়াছে, পুলিশ বিভাগ সে সম্পর্কে তদন্ত করিতেছে। একদল পুলিশ তৎক্ষণাৎ সে স্থানে উপস্থিত হইয়া সে এলাকা বেষ্টন করিয়া ফেলিয়াছে এবং চারিদিকের সকল স্থানে যানবাহন চলাচল বন্ধ করিয়া দিয়াছে।

——

জার্মাণীতে বৃটিশ বিমানের সাফল্য

বার্লিন হইতে প্রাপ্ত সংবাদে প্রকাশ, সামরিক ঘাঁটি, কল কারখানা, খাল ও বাঁধের উপর বোমাবর্ষণ করিয়া রাজকীয় বিমানবাহিনী বিশেষ সাফল্যলাভ করে। অসামরিক অধিবাসীবৃন্দও এই আক্রমণের শক্তি অনুভব করিতেছেন। বিমান আক্রমণের পূর্ব্বেই যাহাতে জাগিতে পারে তজ্জন্য কোলনের অধিবাসীবৃন্দ ৮টার পূর্ব্বেই শয়ন করিতে যায়। জার্মাণ নিউজ এজেন্সীর সংবাদে প্রকাশ, একখানি বৃটিশ-বিমান গত ২৮শে আগষ্ট রাত্রে বার্লিনের উপর ঘুরিয়া বেড়ায়, কিন্তু বোমা বর্ষণ করে নাই। মার্কিণ সাংবাদিকগণের মতে, ৩৬ মিনিটব্যাপী আক্রমণ চলে কিন্তু সহরের কোথাও কোন ক্ষতির খবর শোনা যায় নাই।

সরকারীভাবে ঘোষিত হইয়াছে যে, গত ২৯শে আগষ্ট রাত্রে পূর্ব্ব-পশ্চিম অঞ্চলে একটি সহরের উপর শত্রু-বিমানের আক্রমণের ফলে কয়েকজন লোক নিহত এবং কয়েকজন গুরুতর আহত হইয়াছে।

——

ভারতীয় বীমা-কর্ম্মীগণের প্রতি আবেদন

ভারত গভর্ণমেণ্টের নিকট বীমা-কর্ম্মচারীদের এবং চীফ্ এজেণ্টের কমিশন কমাইয়া দিবার জন্য যে প্রস্তাব আসিয়াছে, তাহার প্রতিরোধ করিবার জন্য 'মিত্রবার্ত্তা' পত্রিকা সমস্ত বীমাকর্ম্মীদের নিকট আবেদন করিতেছেন যে, তাঁহারা যেন ভারতবর্ষের সকল স্থানে সভা করিয়া প্রস্তাব গ্রহণ করিবেন এবং তাহার কপি কমার্স মেম্বারের নিকট পাঠাইবেন। যেখানে সভা সম্ভব নহে, সেখানে ব্যক্তিগত চিঠি অথবা টেলিগ্রাম [illegible] কমার্স মেম্বারের নিকট পাঠাইবেন।

আশা করা যায়, সকলে এই অনুরোধ রক্ষা করিবেন। ভারতীয় বীমা-কর্ম্মী-সমিতির সভাপতি শ্রীজ্ঞানেন্দ্র ঘোষ [illegible] এই আবেদনকে সমর্থন করিতেছেন।

খাকসারগণের চরম-পত্র

গত ২৭শে আগষ্ট মিঃ আল্লামা (কমাণ্ডার) ঘোষণা করিয়াছেন, খাকসারগণ পাঞ্জাব গভর্ণমেণ্টের নিকট যে চরম পত্র প্রেরণ করিয়াছেন তাহার মেয়াদ উত্তীর্ণ হইবার শেষ তারিখ [illegible] পরিবর্ত্তন করিয়া ১০ই সেপ্টেম্বর করা হইয়াছে। মিটমাটের জন্য আলোচনা চলিতেছে এবং ইহার মধ্যে তাহা সাফল্য লাভ করিবে বলিয়া আশা করা হইয়াছে। ——

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৬॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত—বিহারপ্রদেশের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয় শ্রীনবদ্বীপ [illegible] বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত এই নূতন গ্রন্থ "পরমগুরু শ্রীগৌরকিশোর" প্রভুপাদ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নবদ্বীপধাম-নিবাসী পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপূর্ব্ব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——:※(০)※:——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের স্বরচিত গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনামৃতসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩, তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুবরের চরণে এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত প্রসঙ্গ

ভিক্ষা—I৴০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

(ক) 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

(খ) শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম-এ, বি-এল, পুরাণাপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

	শ্রীমদ্ভাগবত,—প্রথম	৪০,
	[illegible] হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত —	১৮,
	[illegible] স্কন্ধ—	৯,
	ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা)	৯,
	ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত	৬
	সরস্বতী-জয়শ্রী (অবাঁধা)	৪,
	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী [illegible] খণ্ড ৸০; ২য় খণ্ড ১,; ৩য় খণ্ড—৸০; ৪র্থ খণ্ড—৸০	
	শ্রীল প্রভুপাদের পত্রাবলী [illegible] খণ্ড—৸০; ২য় খণ্ড—১,; ৩য় খণ্ড—৸০	
	শ্রীচৈতন্যদেব	১,
	সৎক্রিয়াসার দীপিকা ও [illegible] দীপিকা	১॥০
৯।	বৈষ্ণবধর্ম্ম	২,
১০।	গৌড়ীয়-কণ্ঠহার	২,
১১।	শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)	২,
১২।	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	২,
১৩।	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪।	সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	।০
১৫।	বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব	[illegible]
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭।	চৈতন্যোপনিষৎ	।০
১৮।	ব্রাহ্মণ আস্তুরর	।০
১৯।	তত্ত্ববিবেক	।০
২০।	গৌড়ীয়-গৌরব	।৴০
২১।	গৌড়ীয়গীতিকা	।৴০
২২	ভজন-রহস্য	।০
২৩।	শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা)	১,
২৪।	গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)	১,
২৫।	গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) (অবাঁধা)	১,
২৬।	গীতার কেবল মূল-ভাষা	০
২৭।	প্রাকৃতরসশতদূষণী (সংস্কৃত)	১,
২৮।	বেদান্তদর্শন (সংস্কৃত)	।০
২৯।	প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা)	৸০
৩০।	দীপ-দিগ্-দর্শন	৶০
৩১।	সাধনপথ (তৃতীয়-সংস্করণ)	।৶০
৩২।	গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা)	।০
৩৩।	[illegible]	[illegible]
৩৪।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা)	৶০
৩৫।	বৈষ্ণবার্চ্চা	৴১০
৩৬।	নবদ্বীপধাম মাহাত্ম্য	
৩৭।	ঐ প্রমাণ-খণ্ড	৶০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	
৩৯।	শ্রীগোদ্রুমকল্পতরু-পরিক্রমা	
৪০।	অর্চ্চনপদ্ধতি	৴০
৪১।	গীতাবলী	
৪২।	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	
৪৩।	সাধনতত্ত্ব	৴০
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	৴

	নবদ্বীপশতক	
	অর্চ্চনতত্ত্ব	
	সদাচারস্মৃতিঃ	
	কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)	৴১০
১।	অর্চ্চনতত্ত্ব	৴১০
২।	বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড)	৬,
৩।	ব্রহ্মসংহিতা	[illegible]
৪।	মণিমঞ্জরী (সংস্কৃত)	০
৫।	গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৬।	পুরুষার্থ-বিনির্ণয়	।০
৭।	স্তবরত্নাবলী বা প্রার্থনারসাবলী	০
৮	ভারতবর্ষ ও ভক্তিপথ	৶০
৯।	ঈশোপনিষৎ (সাবাদিনত)	
১০।	শ্রীকৃষ্ণবেদ	'০
১১।	সিদ্ধান্তদর্পণ	০
১২।	সাংখ্যবাণী	'০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

	শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	০
	সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ	।০
৩।	সটীক-শিক্ষাষ্টকম্	।০
৪।	তত্ত্বসূত্রম্	।০
৫।	সাত্বত শিক্ষাষ্টকম্	'০
৬।	গৌড়ীয়মঠসম্পত্তিঃ	'০
৭।	নারায়ণবর্ণনম্	৴০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৮।	রায় রামানন্দ	[illegible]
৯।	এ ভিউ অব দি [illegible]	।০
১০।	সাধনতত্ত্ব	৴০
১১।	বেদান্ত—ইটস্ মরফলজী এণ্ড অর্ণটলজি	।০
১২।	রিলেটিভ ওয়ার্ল্ড	।৴০
১৩।	লাইফ এণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু	।০
১৪।	বেদান্তভাষ্য	।০
১৫।	কোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং	৴০
১৬।	দি ভাগবত	
১৭।	ইয়োরিক ফিলজফি এণ্ড সাবস্টেনশিয়াল ডিভোশন	
১৮।	ব্রহ্মসংহিতা	
১৯।	শ্রীকৃষ্ণচৈতন্য	৫,

উড়িয়া :

৮০।	শ্রীহরিনামচিন্তামণি	।০
৮১।	সাধন-পথ	।০
৮২।	কল্যাণ-কল্পতরু গীতাবলী	
৮৩।	অর্চ্চনপদ্ধতি	

[illegible] ভাষায় প্রকাশিত

৮৪।	অর্চ্চনপদ্ধতি	[illegible]

[illegible] ভাষায় প্রকাশিত

৮৫।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	

প্রাপ্তিস্থান—[illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত　　জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ বর্ষ　:৪ হৃষীকেশ ৪৫৪ গৌরাব্দ ১৫ই ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৭, ৩১শে আগষ্ট ইং ১৯৪০, শনিবার　১৫৩৩৪ সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——::(০)::——

চট্টগ্রামে প্রচার

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ ব্রজসুন্দর দাসাধিকারী বি-এ ও শ্রীপাদ অমরগোবিন্দদাস ভক্তিশাস্ত্রী গত ১১ই আগষ্ট চট্টগ্রামের সাব-জজ শ্রীযুত বি, আর, সেন মহোদয়ের সহিত প্রায় দেড়ঘণ্টা যাবৎ প্রশ্নোত্তরমুখে শ্রীমন্মহাপ্রভুর কথা আলোচনা করেন।

গত ১০ই আগষ্ট ফিরিঙ্গিবাজারের শ্রীযুত এস্, সি মুখার্জ্জি (লেডি ডাক্তার) মহোদয়ার বাস-ভবনে শ্রীপাদ অমরগোবিন্দদাস ভক্তিশাস্ত্রী শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যামুখে ভক্তি ও কর্ম্মের বৈশিষ্ট্য সম্বন্ধে কীর্ত্তন করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ১১ই ও ১৮ই আগষ্ট সদরঘাটের শ্রীশ্রীরাজরাজেশ্বর ঠাকুরবাড়ীর সাপ্তাহিক অধিবেশনে ভক্তিশাস্ত্রী শ্রীচৈতন্যচরিতামৃত হইতে মহাপ্রভুর সহিত সার্ব্বভৌমমিলন-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ১৯শে আগষ্ট তামাকুমণ্ডীনিবাসী গৃহস্থভক্ত শ্রীযুত বসন্তকুমার চক্রবর্ত্তী মহোদয়ের বাসভবনে শ্রীপাদ ব্রজসুন্দর দাসাধিকারী বি-এ মহোদয় শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতনশিক্ষা পাঠ ও ব্যাখ্যা করেন।

শ্রীমাধবগৌড়ীয়মঠে শ্রীকৃষ্ণ-জয়ন্তী মহোৎসব

গত ১০ই ভাদ্র, ২৬শে আগষ্ট সোমবার ঢাকা শ্রীমাধবগৌড়ীয়মঠে গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য শিরোমণি পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের শ্রীপাদ-পদ্মবৃত্তিমুখে শ্রীকৃষ্ণজয়ন্তী-উৎসব নিরন্তর হরিসংকীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। ব্রাহ্মমুহূর্ত্তে শ্রীশ্রীবিনোদকান্ত-জীউর মঙ্গলারাত্রিকান্তে শ্রীশ্রীগুরুবৈষ্ণব-বন্দনা, গুর্ব্বষ্টক, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব প্রভৃতি মহাজনগীতি কীর্ত্তনের পর শ্রীচৈতন্য-ভাগবত-পারায়ণ আরম্ভ হয়। প্রত্যেক মঠসেবক পরমারাধ্য শ্রীশ্রীল আচার্য্যদেবের আদর্শ অনুসরণ করিয়া দিবারাত্র নির্জ্জল উপবাসী থাকিয়া শ্রীচৈতন্যভাগবত পারায়ণ, দৈনিক নদীয়াপ্রকাশ (জন্মাষ্টমী সংখ্যা), গৌড়ীয়, নবপ্রকাশিত 'অবতারী ও অবতার' গ্রন্থ, শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী প্রভৃতি হইতে অজ ভগবানের জন্মলীলা-রহস্য শ্রবণ কীর্ত্তন করেন। সারাদিন ও সারারাত্র পারায়ণ হইয়া পরদিবস প্রাতঃ ৮ ঘটিকায় পারায়ণ শেষ হয়। উক্ত জয়ন্তী-দিবসে মধ্যাহ্নে শ্রীকৃষ্ণের আবির্ভাবসময়ে পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ কাব্যপুরাণ-সাংখ্যতীর্থ ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীমদ্ভাগবত ১০ম স্কন্ধ হইতে শ্রীকৃষ্ণজন্মপ্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। বহু শ্রদ্ধালু সজ্জন ব্যক্তি উৎসবে যোগদান করিয়া আত্মমঙ্গলের কথা শ্রবণ করেন।

বোম্বেতে হরিকথা-প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভার আদর্শ প্রচারক প্রবীণ সন্ন্যাসী পরিব্রাজক ত্রিদণ্ডি-স্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ পরমারাধ্যতম শ্রীশ্রীগৌড়ীয়বৈষ্ণবা-চার্য্যবর্য্যের আনুগত্যে ও নির্দ্দেশক্রমে ভারতের শাখামঠগুলির পারমার্থিক সুনিয়ন্ত্রণ করে বহির্গত হইয়া বোম্বে শ্রীগৌড়ীয়মঠে কয়েকদিন যাবৎ অবস্থান করত কি মঠবাসী, কি শ্রদ্ধালু সজ্জনসাধারণ সকলের নিকট অনর্গল নীরোদধী হরিকথা কীর্ত্তন করিতে-ছেন। প্রত্যহ সন্ধ্যারাত্রিকের পর তাঁহার শ্রীমুখে হরিকথা শুনিবার জন্য বিভিন্ন স্থান হইতে অনেক শ্রদ্ধালু ও বিশিষ্ট শিক্ষিত সজ্জন যোগদান করিতেছেন।

গত ২৪শে আগষ্ট তারিখে কয়েকজন বিশিষ্ট শিক্ষিত ভদ্রমহোদয় কর্ত্তৃক আহূত স্থানীয় 'ব্ল্যাভাটস্কি লজ' হলে এক বিদ্বজ্জন মণ্ডিত সভায় অপরাহ্ন ৬॥০ ঘটিকায় স্বামীজী মহারাজ শ্রীচৈতন্যদেবের শিক্ষা (On the Message of Lord Sri Chaitanya) সম্বন্ধে ইংরাজীতে প্রায় ২ ঘণ্টাকাল একটী হৃদয়গ্রাহিণী বক্তৃতা প্রদান করেন। স্থানীয় প্রসিদ্ধ ইউনিয়ন ব্যাঙ্কের সেক্রেটারী খ্যাতনামা মিঃ বি, এম্, ভার্গব এম্-এ, এল্ এল্, বি, মহোদয় সভাপতির আসন গ্রহণ করিয়া শ্রোতৃবর্গের নিকট স্বামীজী মহারাজ, শ্রীগৌড়ীয়মিশন ও তাঁহার আচার্য্য-দেব এবং শ্রীমন্মহাপ্রভু সম্বন্ধে দুই কথায় পরিচয় প্রদান করেন। এতদ্ব্যতীত শ্রদ্ধালু-ভক্ত হরকালাস স্বামীজী মহারাজের গলদেশে পুষ্প-মালা প্রদান করেন। পরে শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণব বন্দনা ও গুর্ব্বষ্টক কীর্ত্তন হইলে পর স্বামীজী মহারাজ স্রোতধারাবৎ এক সুসিদ্ধান্তপূর্ণ শ্রীচৈতন্যের আচরিত ও প্রচারিত শিক্ষা, শ্রীমদ্ভাগবত ও সুপবিত্র শ্রীনাম সংকীর্ত্তনের অসমোর্দ্ধ মহিমা ও শ্রীগৌড়ীয়মঠের বৈশিষ্ট্য প্রভৃতি অনেক বিষয় ওজস্বিনী ভাষায় কীর্ত্তন করিয়া শ্রোতৃবৃন্দের চিত্ত আকৃষ্ট করেন। বক্তৃতান্তে মহামন্ত্র কীর্ত্তন হইয়া সভা ভঙ্গ হয়। সংবাদপত্রে প্রকাশিত পূর্ব্বেই বক্তৃতার কথা জানিতে পারিয়া সহরের বিভিন্ন স্থান হইতে বহু উচ্চশিক্ষিত ও বিশিষ্ট ভদ্রমহোদয়গণ স্বামীজী মহারাজের শ্রীমুখ হইতে চৈতন্য কথা শুনিবার জন্য যোগদান করিয়াছিলেন। তন্মধ্যে মাত্র কয়েকজনের নাম নিম্নে প্রদত্ত হইল—

মিঃ বি, এম্, ভার্গব এম্-এ, এল্, এল্-বি সেক্রেটারী, ইউনিয়ন ব্যাঙ্ক, মিঃ সি, ডি, [illegible] বি-এ, এল্ এল্ বি (সলিসিটার); ডাঃ এম, এম্, সাখ্রে এম্-বি, বি-এস্, মিঃ এইচ [illegible] রায় [illegible], মিঃ এম, [illegible] এম আর [illegible] [illegible] মিঃ [illegible] [illegible] এম এম বি (সলিসিটার), মিঃ [illegible] বি-এ; [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] রায় বি এ, [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] প্রভৃতি।

আত্মনিবেদনকে কেন্দ্র ক'রে বৈদ্যুতিক চক্রের ন্যায় নবধা ভক্তি—শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য ও সখ্য, চক্রাকারে নিরন্তর করতে হ'বে। এরূপ নবধা ভক্তির currentএর মধ্যে প'ড়ে থাকলে আপনারা অমঙ্গলের অবসর হ'তে মুক্ত হ'য়ে হরিসেবায় অধিকার পাবেন।

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৮ হৃষীকেশ অবার ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৩

ভক্তের পাপস্পৃহা নাই

——::(•)::——

ক্লেশ তিন প্রকার—পাপ, পাপবীজ ও অবিদ্যা। কৃষ্ণকে ভুলিয়া যাওয়াই অবিদ্যা। এই কৃষ্ণবিস্মৃতিরূপ অবিদ্যাই সমস্ত পাপ বা অপরাধের মূল। সেইজন্য শাস্ত্র যাহাতে কৃষ্ণ নিরন্তর স্মৃতিপথে আসেন তাহাকে বিধি এবং যাহা দ্বারা কৃষ্ণসেবা বা কৃষ্ণ-সেবকাভিমানের কথা হৃদয় হইতে অপসারিত হয় তাহাকে নিষেধ বলিয়াছেন। পাতক, মহাপাতক ও অতিপাতকাদি সকলই পাপ। প্রারব্ধ ও অপ্রারব্ধ ভেদে এই পাপ দ্বিবিধ। যাহা অঙ্কুররূপে চিত্তে অবস্থিত থাকে এবং যাহার ভোগকাল আরম্ভ হয় নাই, তাহাই অপ্রারব্ধ পাপ। উহা অনাদি ও অনন্ত। আর যাহা আরব্ধ বা ফলোন্মুখ হইয়াছে, তাহাই প্রারব্ধ পাপ। এই প্রারব্ধ পাপের ভোগ না হলে জন্মগ্রহণ হইয়া থাকে। ভক্তি এই প্রারব্ধ ও অপ্রারব্ধ উভয়বিধ পাপকেই বিনাশ করিতে সমর্থ। শ্রীভগবান্ বলিয়াছেন, হে উদ্ধব! যেমন প্রজ্বলিত অগ্নি কাষ্ঠরাশিকে ভস্মসাৎ করে, তদ্রূপ ভক্তি নিখিল পাপকে সমূলে বিনাশ করিয়া থাকে। পদ্মপুরাণপাঠে জানা যায়, যাঁহাদের চিত্ত বিষ্ণুভক্তিতে একান্তভাবে অনুরক্ত, তাঁহাদিগের ফলোন্মুখ, বীজ, কূট ও অপ্রারব্ধ ফল—এই পাপ-চতুষ্টয় ক্রমে ক্রমে বিলয়প্রাপ্ত হয়। ফলোন্মুখ অর্থে প্রারব্ধ। বীজ অর্থে বাসনাময় বা প্রারব্ধের উন্মুখতা-কারণ, কূট অর্থে বীজের উন্মুখতা কারণ, অপ্রারব্ধ ফল অর্থে যাহাতে কূটাদির কার্য্য আরম্ভ হয় নাই। কূট অপ্রারব্ধেরই অন্তর্গত।

পাপ করিবার বাসনাই পাপবীজ। যে হৃদয়ে ভক্তি আছে, সেখানে পাপ ত' দূরের কথা, পাপ করিবার বাসনারূপ পাপবীজও নাই। জীবের স্বরূপভ্রমের নাম অবিদ্যা অর্থাৎ 'আমি কৃষ্ণের দাস' ইহা মনে না থাকা। শুদ্ধভক্তের হৃদয়ে 'আমি কৃষ্ণের নিত্যদাস'—সহজভাবে এই বুদ্ধির উদয় হয়। সুতরাং শুদ্ধভক্তে স্বরূপবিস্মৃতিরূপ অবিদ্যা থাকা অসম্ভব। অবিদ্যাই সমস্ত পাপের মূল। এই অবিদ্যা যে হৃদয়ে নাই সে হৃদয়ে পাপ বা পাপবীজ কি করিয়া থাকিবে?

ভক্তি দ্বিবিধা—সন্ততা অর্থাৎ সর্ব্বদা বর্ত্তমানা, নিষ্ঠাময়ী ও কাদাচিৎকী অর্থাৎ যাহা সর্ব্বদা বর্ত্তমানা নহে, তবে কখন কখন উদিত হয়। সন্ততা বা নৈরন্তর্য্যময়ী ভক্তি আবার দ্বিবিধা—আসক্তিময়যুক্তা ও রাগময়ী। কাদাচিৎকী ভক্তি ত্রিবিধা—রাগাভাসময়ী, রাগাভাসপূর্ব্বরূপা ও আভাসরূপা। তন্মধ্যে আভাসরূপা ভক্তি দ্বারাই সর্ব্বোত্তম প্রায়শ্চিত্ত সাধিত হয়। কাদাচিৎকী ভক্তির মধ্যে সর্ব্বনিম্ন আভাসরূপা ভক্তিই যখন পাপাদি সমূলে বিনাশ করিতে সমর্থা, তখন সন্ততা ভক্তির অন্তর্গত রাগময়ী বা তদপেক্ষা শ্রেষ্ঠা আসক্তিময়ী ও নৈষ্ঠিকী ভক্তির ত' কথাই নাই। তিমিরকে বিনাশ করিতে হইলে যেরূপ দিনের সহিত সূর্য্যকিরণের সংস্পর্শের আবশ্যক হয় না, সূর্য্যোদয়ের ঈষৎ আভাস হইবার সঙ্গে সঙ্গেই তিমিরাদি নিঃশেষরূপে বিনষ্ট হয়, পাপ বিনাশ করিবার জন্য আভাসরূপা ভক্তি বা ভক্ত্যাভাসই যথেষ্ট। শ্রীমদ্ভাগবতে বলেন,—

কেচিৎ কেবলয়া ভক্ত্যা বাসুদেবপরায়ণাঃ।
অঘং ধুন্বন্তি কার্ৎস্ন্যেন নীহারমিব ভাস্করঃ॥

প্রভাকর যেরূপ তিমিরাদিকে সম্পূর্ণভাবে বিনাশ করিয়া থাকে, তদ্রূপ বাসুদেবপরায়ণ ঐকান্তিক ভগবদ্ভক্তগণও ভক্তিবলে সমস্ত পাপকে সমূলে উৎপাটিত করিতে সমর্থ। যেমন আলোকদানই সূর্য্যের মুখ্যকার্য্য এবং তিমির বিনাশ আনুষঙ্গিক, তদ্রূপ ভগবৎসেবা বা প্রেমপ্রাপ্তি ভক্তির মুখ্য সাধ্য এবং অবিদ্যা বা পাপের বিনাশ আনুষঙ্গিক। সূর্য্য উদিত হইলে যেমন আর কোথাও নীহার থাকিতে পারে না, তদ্রূপ কেবলা ভক্তি উদিত হইলে, জীবের আর পাপাদির অবসর থাকিতে পারে না।

লোভ, শ্রদ্ধা ও যুক্তি

(প্রাপ্ত)

সাধনভক্তি যেরূপ দুইপ্রকার—বৈধী ও রাগানুগা, সেই দুই প্রকার ভক্তির মূলবীজও দুইপ্রকার। বৈধী ভক্তির বীজ—সাধু-শাস্ত্রবাক্যে শ্রদ্ধা। শাস্ত্রশাসনের ভয়ে যে ভক্তিতে প্রবৃত্তি, তাহাকে বৈধী ভক্তি বলে। রাগানুগা ভক্তির প্রবর্ত্তক লোভ। ব্রজবাসিগণ বিভিন্ন রসে শ্রীব্রজেন্দ্রনন্দনের যে সেবা করেন, সেই সেবামাধুর্য্য-শ্রবণে কোন কোন সৌভাগ্যবান্ সেই সেবায় লোভাবিষ্ট হইয়া থাকেন। লোভের বৈশিষ্ট্য এই যে, উহা উৎপত্তি-সময়ে শাস্ত্র বা যুক্তিকে অপেক্ষা করে না। শাস্ত্র ও যুক্তির অপেক্ষা থাকিলে লোভই হয় না।

শ্রদ্ধা বা লোভ আত্মার সহজাত বৃত্তিরই প্রাথমিক বিকাশ। উহাকে জীবের স্বতঃসিদ্ধ ভগবৎপ্রাপ্তির ঈষৎ উন্মেষ বলা যায়। যুক্তির সহিত আত্মবৃত্তির সম্বন্ধ নাই; বরং যুক্তি আত্মবৃত্তির বিরোধিনী। যেখানে মানব সহজভাবে বিশ্বাস বা শ্রদ্ধা করিতে না পারিয়া যুক্তি-তর্কের প্রামাণিকতার উপর নির্ভর করিতে চাহে, সেখানে আত্মবৃত্তি নিতান্তই সুপ্ত রহিয়াছে, বুঝিতে হইবে। যুক্তির মূলে আছে সন্দেহ বা সংশয়, সুতরাং যেখানে যুক্তির অপেক্ষা রহিয়াছে, সেখানে বস্তুজ্ঞান—এমন কি বস্তুর অস্তিত্ব সম্বন্ধেই বিশ্বাসের অভাব থাকে। বস্তুর অস্তিত্ব সম্বন্ধেই যেখানে সন্দেহ, সেখানে সেই বস্তুর প্রতি অনুরাগোদয় কি প্রকারে হইবে?

অবশ্য যুক্তির প্রকারভেদ আছে। শ্রদ্ধাবিরোধিনী যে যুক্তি, যাহা শ্রুতির স্বতঃপ্রামাণ্যকে জড়জগতের অভিজ্ঞতার তৌলদণ্ডে মাপিয়া লইতে চাহে, সেই প্রকার যুক্তির অপেক্ষা আত্মবৃত্তির প্রতিকূল। শ্রুতির অনুগত যে যুক্তি, সেটি প্রতিকূল নহে। অবশ্য ইহা সত্য যে, যুক্তির মুখাপেক্ষা কিছুমাত্রই আত্মার নহে। আত্মা স্বতন্ত্র, কখনই যুক্তির অধীন নহে; তবে শ্রুতিবিরোধিনী যুক্তির অপেক্ষা যেখানে আছে, সেখানে বস্তুর অস্তিত্ব সম্বন্ধে সন্দেহ বিদ্যমান। আর শ্রুতির অনুকূলা যুক্তি যেখানে অপেক্ষিত হয়, সেখানে বস্তুর অস্তিত্বে সংশয় নাই, তবে বস্তু সম্বন্ধে পরিপূর্ণ জ্ঞানের অভাব থাকে। বস্তুর অস্তিত্বে যখন বিশ্বাস বা শ্রদ্ধা হয়, তখনই জিজ্ঞাসার উদয় হয়। এই জিজ্ঞাসা যুক্তির অপেক্ষা করে, অর্থাৎ উপযুক্ত যুক্তিবিচার শ্রবণ করিলেই জিজ্ঞাসা চরিতার্থ হয়। আমরা শ্রীমদ্ভগবদ্গীতা হইতে জানিতে পারি—ভগবচ্চরণে প্রপন্ন হইবার প্রয়োজনীয়তা যাঁহারা অনুভব করেন, তাঁহাদের মধ্যে জিজ্ঞাসু অন্যতম; সুতরাং জিজ্ঞাসা আত্মবৃত্তির অনুকূল। অবশ্য আত্মার ধর্ম্মে জিজ্ঞাসা নাই, কারণ জীবাত্মা স্বভাবতঃই স্বতঃসিদ্ধ জ্ঞানময়। তথাপি যাঁহার জিজ্ঞাসার উদয় হইয়াছে, তিনি আত্মধর্ম্মের বিকাশের পথে যাত্রা করিয়াছেন, বুঝিতে হইবে। জিজ্ঞাসু সংশয়ীর ন্যায় জড় অথবা প্রচ্ছন্নভাবে বিপরীত গতিশীল নহেন, তিনি ভগবদুন্মুখ। এই জিজ্ঞাসাকে সাধু বা শাস্ত্র গর্হণ করেন নাই, পরন্তু এই জিজ্ঞাসাকেই উৎসাহ দিয়া সাধু-শাস্ত্র কীর্ত্তন করিয়াছেন—"চৈতন্যচন্দ্রের দয়া করহ বিচার। বিচার করিলে চিত্তে পাবে চমৎকার॥" শ্রীচৈতন্যের দয়ায় পূর্ণ বিশ্বাসপরায়ণ, পূর্ণানুভবশীল সাধু মহাজন চৈতন্যের দয়া সম্বন্ধে বিচার করিতে বলিয়া উহাকে বহির্ম্মুখ যুক্তি-বিচারের তৌলদণ্ডে স্থাপন করিতে সাহায্য করেন নাই। তাঁহারা সংশয়ীকে আহ্বান করেন নাই, আহ্বান করিয়াছেন জিজ্ঞাসুকে—শ্রদ্ধালুকে। শ্রদ্ধাবান্ সরল জিজ্ঞাসু যখন শ্রীচৈতন্যের দয়ার সহিত জাগতিক অন্যান্য দয়ার তুলনামূলক বিচার করিবেন, তখন শ্রীচৈতন্যের দয়ার অসমোর্দ্ধ মাধুর্য্য ও ঔদার্য্য দেখিয়া চমৎকৃত হইয়া যাইবেন, স্বরূপে প্রতিষ্ঠিত হইতে পারিবেন এবং জিজ্ঞাসাক্রম করার আর থাকিবে না।

মূলে শ্রদ্ধা আছে বলিয়াই শ্রুতির অনুকূলা যুক্তি সজ্জনসমাজে উপেক্ষিত হয় নাই, বরং অনর্থগ্রস্ত কর্ম্মযুক্ত সাধকের পক্ষে উহার প্রয়োজনীয়তা শাস্ত্র ও মহাজনগণ স্বীকারই করিয়াছেন। এখানেও শ্রদ্ধারই আদর, আর সেই শ্রদ্ধার অনুকূল হইলেই যুক্তির আদর; কারণ শ্রদ্ধা—আত্মার বৃত্তি। অপ্রাকৃত বস্তুতে যে শ্রদ্ধা, তাহা আত্মধর্ম্ম নিরুপাধিকা প্রীতিরই প্রথম প্রকাশ।

যুক্তি, শ্রদ্ধা ও লোভের পরস্পর সম্বন্ধ কি? শ্রদ্ধা ও লোভ—ভক্তির বীজস্বরূপ; জীবাত্মার সহজ স্বাভাবিক ভগবদ্বৃত্তি

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

যখন অপগলোন্মুখী হয়; তখনই তাহা শাস্ত্রীয় শ্রদ্ধা বা লোভের আকারে প্রকাশিত হয়; কিন্তু যুক্তির আবৃত্তির সহিত সাক্ষাৎ কোন সম্বন্ধ নাই। শ্রদ্ধা বা লোভ আত্মার সুস্থ অবস্থায় সূচনা করে, কিন্তু যুক্তির মুখাপেক্ষা তদ্বিপরীত অবস্থারই সূচনা করে। এমন কি, শ্রদ্ধাও যে পরিমাণে যুক্তির প্রতি নির্ভর করিবে, সেই পরিমাণেই উহার দুর্ব্বলতা প্রকাশিত হইবে। ভজনপ্রভাবে সাধকের অনর্থ বা ক্লেশ যতই দূরীভূত হইতে থাকে, আত্মবৃত্তি যতই অধিকতর বিকশিত হইতে থাকে, শ্রদ্ধা যতই কোমল হইতে দৃঢ়, দৃঢ় হইতে সুদৃঢ়তার দিকে অগ্রসর হইতে থাকে, ততই যুক্তির অপেক্ষা হ্রাস হইতে থাকে। সংশয়ী যুক্তিকেই সর্ব্বোপরি স্থান দিয়া থাকে, সেইজন্য ভক্তিপথে সংশয়ীর স্থান নাই। শ্রদ্ধার কোমলাবস্থায় সংশয়ীর ন্যায় অবিশ্বাস নাই বটে, তথাপি শাস্ত্র সম্বন্ধে প্রকৃত জ্ঞানলাভের পূর্ব্বে সেখানে দৃঢ়তা দেখা যায় না বলিয়া যুক্তির আবশ্যকতা অস্বীকৃত হয় না। মধ্যম অধিকারে সাধু-শাস্ত্রের প্রতি শ্রদ্ধা বা বিশ্বাস সাধুর নিকট শরণাপত্তিবলে কনিষ্ঠাধিকার অপেক্ষা অনেকটা দৃঢ়তা লাভ করে। সেই অবস্থায় সাধু-শাস্ত্রবাক্যকে প্রমাণ করিয়া যুক্তিবিচার দ্বারা স্বীয় অনর্থনিবৃত্তির চেষ্টা দেখা যায়। উত্তম অধিকারে শ্রদ্ধা সুদৃঢ়তা লাভ করে। উত্তম অধিকারী সর্ব্বসংশয়মুক্ত বলিয়া তাঁহার নিকট যুক্তির আদর নাই।

লোভ যুক্তির অপেক্ষা একেবারেই করে না, এমন কি, রাগানুগমার্গের প্রতি লোভ শাস্ত্রীয় গুণবিধির অপেক্ষা করে না। বিধি দ্বারা বাধ্য করিয়া অথবা যুক্তি দ্বারা কাহারও কোন বিষয়ে লোভ উৎপাদন করা যায় না। বিধি বা যুক্তির অপেক্ষা থাকিলে লোভ জন্মিতেই পারে না। শ্রদ্ধা কিন্তু প্রথমে অনুগতা যুক্তির অপেক্ষা করিয়া থাকে। অথবা যুক্তি দ্বারা শ্রদ্ধাও উৎপাদন করা যায় না। লোভ বা শ্রদ্ধা অর্থাৎ রাগমার্গে প্রবৃত্তি বা বিধিমার্গে প্রবৃত্তি উভয়ই আত্মার ধর্ম্ম বলিয়া উহাদের উৎপত্তি স্বতন্ত্ররূপেই হইয়া থাকে, কোন কিছুর অপেক্ষা করে না। প্রকৃতপক্ষে শ্রদ্ধা বা লোভ উৎপন্নও হয় না। আত্মার সহজ ধর্ম্মরূপে উহা নিত্যকালই আছে, অনর্থোদয় হইলেই উহার প্রকাশ হইয়া থাকে। তথাপি বস্তুসাক্ষাৎকার না হওয়া পর্য্যন্ত দৃঢ়তার জন্য বৈধশ্রদ্ধা যুক্তির সাহায্য গ্রহণ করে এবং এইজন্যই বৈধী ভক্তি ধীর পতিবিশিষ্টা; অপরপক্ষে রাগমার্গে লোভ

পরোপকার

নাস্তিক দেহাত্মবোধিগণ জগতের বা বিশ্বের দেহধর্ম্মী সমাজে আর্ত্ত বা রোগীর রোগ-নিবারণ-কার্য্য প্রভৃতিকে পরোপকার বলিয়া প্রচার করিয়া থাকেন কিন্তু স্বয়ং ভগবান্ শ্রীগৌরসুন্দর যে পরোপকারের জন্য জগতের তথা বিশ্বের সকল জীবকে আহ্বান করিয়াছেন,—"ভারত-ভূমিতে হৈল মনুষ্যজন্ম যা'র। জন্ম সার্থক করি' কর পর উপকার॥" সেই পরোপকার অন্যাভাদয় অর্থাৎ তত্ত্ব জীবের মধ্য বা অন্তঃ উদয় না করাইয়া অমৃত অর্থাৎ নিত্যকল্যাণ উদয় করাইয়া থাকে। বিশ্বের প্রেয়ঃকামী সমাজ মধ্যোদয় পাপ উপকারের কথার সার্থকতা অতি সহজে বুঝিতে পারিয়া উহাকে সাদরে গ্রহণ করে, কিন্তু নিখিল ব্যাধির যে মূল, সেই মূল বা নিদান উৎপাটিত না হইলে ব্যাধির অসংখ্য উপসর্গগুলি কিছুতেই উপশমিত হইতে পারে না। যাঁহারা মূল পরিত্যাগ করিয়া শাখায় শাখায়, পাতায় পাতায় জলসেচনের পক্ষপাতী, তাঁহারা আপাত উপকারকে বহুমানন করেন, আর মূলে জলসেচন করিলে, বৃক্ষের সমগ্র শাখাপ্রশাখা ও পত্রপুষ্পাদি সঞ্জীবিত থাকে, ইহা যাঁহারা বিশ্বাস করেন তাঁহারা শ্রীচৈতন্যদেবের প্রদর্শিত পথকেই একমাত্র অমন্দোদয় পরোপকারের পথ বলিয়া বিশ্বাস করেন।

বর্ত্তমানযুগে শ্রীগৌড়ীয়মঠ সেই কার্য্যের অগ্রণী বা একনিষ্ঠ প্রচারকরূপে জগতে প্রসিদ্ধ। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষায় বাহিরের দিকে সাময়িক দৈহিক বা মানসিক রোগ, বন্যা ও দুর্ভিক্ষপ্রপীড়িত ব্যক্তিগণের দুঃখ নিবারণ, মহামারী প্রভৃতি রোগের নিরাকরণ অর্থাৎ বিশ্বের মানব-সমাজের ঐহিক বা পারত্রিক কোন সুখবিধানের ব্যবস্থা নাই। তাঁহার শিক্ষায় বিশ্বের যাবতীয় দুঃখ প্রভৃতির নিদান অনুসন্ধানপূর্ব্বক ব্যষ্টি ও সমষ্টি মানবকুলকে ঐকান্তিক আরোগ্যের পথে লইয়া যাইবার উপদেশ নিহিত আছে।

জীবের ভবব্যাধির মূল কারণ অবিদ্যা—শ্রীশ্রীল আচার্য্যদেবের ভাষায় misidentification of realself with wrong-self অর্থাৎ যাহা আমার প্রকৃত স্বরূপ নহে, এইরূপ দেহমনকে 'আমার প্রকৃত স্বরূপ' বলিয়া ভ্রান্ত পরিচয় দেওয়া। নিজের স্বরূপ বিস্মৃত হইলেই জীব দেহাত্মবুদ্ধিবিশিষ্ট হইয়া দেহমনের তথা-কথিত সুখকে নিজের সুখ ও দুঃখকে নিজের দুঃখ বলিয়া ধারণা করে। তখন আর ভক্ত ও ভগবানের সুখবিধানজনিত সুখ তাহার উপলব্ধির বিষয় হইতে পারে না। ভক্ত ও ভগবানের সুখ দান করিতে পারে না বলিয়া যে দুঃখ তাহাও তাহার উপলব্ধির বিষয় হয় না। সুতরাং দেহমনের দুঃখ দূরীকরণ করিবার চেষ্টা না করিয়া সেই দুঃখের মূল কারণ অবিদ্যা বা স্বরূপ-বিস্মৃতি হইতে জীবকে উদ্ধার করা, জীবের প্রকৃত স্বরূপ কি তাহা জানাইয়া দেওয়া শ্রীমন্মহাপ্রভুর উপদেশ। তাহা জানাইবার একমাত্র উপায় শুদ্ধ হরিকীর্ত্তন শ্রীমন্মহাপ্রভুর অনুগত রূপানুগ শুদ্ধভক্তগণ অত্যন্ত অহৈতুক কৃপাপরবশ হইয়া জীবের ভবরোগের একমাত্র মহৌষধি স্বরূপ শ্রীহরিনাম বিতরণ করিয়াছেন একমাত্র শ্রীহরির প্রবণকীর্ত্তনেই হরিকীর্ত্তনের গৌণফলস্বরূপ জীবের যাবতীয় ক্লেশ দূরীভূত হয় এবং মুখ্যফলস্বরূপ জীব নিজের স্বরূপগত ভগবৎ-সেবকস্বরূপ জ্ঞাত হইয়া ভগবান্ ও ভগবদ্ভক্তের নিত্যসেবায় প্রতিষ্ঠিত হইয়া থাকেন। রোগ শোক ইত্যাদি জীবের অনিত্য মায়িক আবরণ দেহমনের বিজাতীয় ব্যাপার। উহার সহিত আত্মার কোন সম্পর্কই নাই। সেইজন্য আমাদের গৌরভক্তগণ অনাত্মা অনিত্য দেহ ও মনের সুখবিধানের উপদেশ দেন নাই তাঁহারা নিত্য ভগবদ্দাস জীবের নিত্যানন্দ ভগবৎসেবার কথাই নিত্যকাল কীর্ত্তন করিয়াছেন।

এতদ্দ্বারা সকলকে জানান যাইতেছে যে, তাঁহারা যেন শ্রীনদীয়া-প্রকাশের গ্রাহকমূল্য, প্রবন্ধ প্রচারপ্রসঙ্গাদি পাঠাইতে শ্রীপাদ নরোত্তম ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভুর নামে শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া এই ঠিকানায় পাঠান।

শ্রীভক্তিবিনোদ বাণী

কৃষ্ণের প্রতি রোচমানা প্রবৃত্তির নাম আনুকূল্য। সমস্ত চেষ্টার আনুকূল্যভাবের সহিত কৃষ্ণানুশীলনের নাম কৃষ্ণভক্তি। ব্রহ্ম বা পরমাত্মার অনুশীলন জ্ঞান বা যোগমার্গেই সম্ভব। অতএব তাহা ভক্তি নয়। জ্ঞান বলিতে এস্থলে সাংখ্য-জ্ঞান ও নির্ভেদ ব্রহ্মানুসন্ধানকে বুঝিতে হইবে। চিৎ, জড় ও ভগবান্ ইঁহাদের সম্বন্ধজ্ঞান ও সম্বন্ধ-জ্ঞানস্বরূপ সিদ্ধির নিমিত্ত প্রয়োজন। তাহা ভক্ত্যনুশীলনের অন্তর্গত।

কর্ম্মপথে আর্য্যদিগের নিত্য নৈমিত্তিক কার্য্য শাস্ত্রবিহিত ভগবদ্বহির্মুখ কর্ম্ম কৃষ্ণানুশীলন কর্ম্মপ্রায় হইলেও সেবোন্মুখ-লক্ষণ দ্বারা কর্ম্ম বলিয়া অভিহিত হয় না, ভক্তিনামে পরিচিত।

অবিদ্যামুক্ত হইলে জীব নিরুপাধিক হইয়া মুক্তাবস্থা লাভ করেন। অবিদ্যা আর কিছুই নয়, কেবল জীবের স্বরূপবিস্মরণ-কারিণী মায়া-প্রবৃত্তিবিশেষ অবিদ্যা হইতেই জীবের কর্ম্মবাসনা। জীবের কর্ম্মবাসনা হইতেই পাপপুণ্য-ক্রিয়া। এই অবিদ্যাই জীবের সমস্ত ক্লেশের আকর। একমাত্র ভক্তিই অবিদ্যা নাশ করিতে সক্ষম। কর্ম্ম পাপমাত্র নাশ করিতে পারে। জ্ঞান পাপপুণ্য উভয়ের এবং বাসনাকে নাশ করিতে পারে। কিন্তু ভক্তি পাপকে, পাপপুণ্যের বীজ বাসনাকে এবং বাসনার জননী অবিদ্যাকে সমূলে নাশ করিতে পারেন।

ব্রহ্মদর্শন ও পরমাত্মদর্শন সোপাধিক অর্থাৎ মায়িক উপাধির [illegible] দর্শন এবং মায়িক উপাধির [illegible] পরমাত্মদর্শন হয়। কিন্তু নিরুপাধিক চিচ্চক্ষু দ্বারা বস্তু দর্শন করিলে একমাত্র [illegible] ভগবৎ-স্বরূপ [illegible] হয়। ভগবৎ-স্বরূপই বস্তু ও ভগবদ্ভক্ত পাইতেছেন। [illegible] [illegible] দর্শন করিলে [illegible] হয়।

[illegible] নাম [illegible]
[illegible]
[illegible] করেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১০
সেবক—[illegible] দাসাধিকারী

৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭) কাজি সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীপ্রমথ দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণ দাসাধিকারী

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) [illegible]-গৌড়ীয়মঠ
মাটিগাছি, পোঃ ভাণ্ডারা (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
[illegible]—(শ্রী[illegible] নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিধান

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
[illegible], পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৩) ঢাকা-গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible], ঢাকা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৪) গোপীনাথজীউ মঠ
[illegible], পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(২৫) [illegible]-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible] দাস

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩০) সারঙ্গ-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], জিঃ সাহারাণপুর, ইউ, পি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৩৩ [illegible] গৌড়ীয় মঠ
৮।১৭ [illegible], বেনারস সিটি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible], [illegible] ইউ পি)
শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠ
[illegible] পোঃ মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ
[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৯) [illegible]
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রী[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪১) রাধাকুণ্ড [illegible]
সেবক—শ্রী[illegible] ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন-মঠ[illegible]
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীহরিদাস ব্রজবাসী

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৪৪) [illegible] গৌড়ীয়মঠ[illegible]
পোঃ [illegible], মথুরা
সেবক—ঐ

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠ[illegible]
পোঃ বর্ষাণা, মথুরা
(৪৬) গোপীবিহারী মঠ—[illegible],
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৭) ব্রহ্মগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, [illegible], (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]গোবিন্দ দাসাধিকারী

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড, নিউ দিল্লী
সেবক—শ্রী[illegible] পাণ্ডা

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible]
[illegible] রোড
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫১) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী মাদ্রাজ
—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

(৫২) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible]। [illegible])
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

(৫৩) পুরুষোত্তম মঠ
[illegible] পোঃ পুরী উড়িষ্যা
সেবক—শ্রীগৌরানুগ্রহ ব্রহ্মচারী

(৫৪) ভক্তিকুটী—[illegible], পুরী
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

৫৫ [illegible]
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৭) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৫৮) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible]মোহন দাস ব্রহ্মচারী

(৬০) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible], গোদাবরী
সেবক শ্রী[illegible]দাস ব্রজবাসী

(৬১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], গোদাবরী
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] মঠ
পোঃ [illegible]। [illegible]।
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৩) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible]। [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৪) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] ষ্ট্রীট, [illegible]
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

(৬৫) [illegible]-গৌড়ীয়মঠ
[illegible]
[illegible]
[illegible]
সেবক—কুমারীবিনোদবাণী দাসী

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৭) গৌড়ীয়মঠ আফিস
[illegible]। [illegible]
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ আফিস,
[illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
[illegible] (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭১) শ্রী[illegible]
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৶০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲			৪৲
অর্দ্ধকলম	৮৲			৬৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	৩৷০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)		
ষাণ্মাসিক	"	৩৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৴৫, বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

-::০::-

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খাওয়া ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর জীবনী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর জীবনীগ্রন্থ সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সকল সরল প্রণালীটি ইহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া অনেকেই পরমানন্দিত ও পরম উপকৃত হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল। গ্রন্থটি পাইকা টাইপে অতিসুন্দর কাগজে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—মডার্ণ প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ভবানী, নারিন্দা, ঢাকা।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ইহাতে ১১০টী উপাখ্যান, প্রবাদ ও প্রায় ৫০টী চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১৷০ আনা। প্রাপ্তিস্থান—মডার্ণ প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ভবানী, নারিন্দা, ঢাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ মনোষার পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ১৬ পেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান—শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত বাণী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক গ্রন্থের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র আট আনা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:::•)::———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সংস্থাপক শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অলৌকিক জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রকাশ্যভাবে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের ভক্তেভাব পদ্মবিভাগাধিষ্ঠিত সু-লেখক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক লিখিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবন লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৵০ আনা, ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান— ম্যানেজার গ্রন্থবিভাগ

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের দর্শনের প্রবীণ ও প্রধান অধ্যাপক বিদ্যাশীল প্রাপ্ত মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং শক্তিশালী লেখনীর অপূর্ব্ব দান আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে বড় রুচির। এই গ্রন্থে, অধিকন্তু আবশ্যকীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সাহত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীমুখ বচনের (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে শব্দার্থ সূচী ও সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—সাত্বত গৌড়ীয়মঠ, চাঁদপাড়া বাজার, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৬-৪১	৬-১৯	৭ ১০	১৩-১৬	১৬-৫৬	১৭ ৫৬	২২-৫১
দমদম „	৪-৫৮	৬-৩৫	৭-৩০	১৩-৩৭		১৮-১২	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৬-১৮	৮ ০ ৭	৯-১৭	১৫-৯	১৮-৩৪	১৯-৪২	০-২৫
(বদল) ছাঃ	৬-৩০	৮-৫	৯-৩৩	১৫-১৩	১৮-৪২	১৯-৪৭	০-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-৩৪	৮-৩৮	১০-৮	১৫ ৫১	১৯-১৭	২০-২২	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৫-০	১৭-৩২	০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭ ৫১		১১-১০		১৫-৪০	১৮-১১	১-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-২
দমদম „	১০-২০
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪
ছাঃ	১৫-০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৪০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮		৯-১০		১৪-১৬	১৬-০	১৮ ৩১
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৩		৯ ৪৮		১৪ ৫৫	১৬-৩৮	১৯-১১
ছাঃ	৭-৯	৮-৫০	১১-৪১	১৬-৫৬	১৯-২	২০-৫৭	৩-৩৯
রাণাঘাট পৌঃ	৭-৪৪	৯-২৩	১২-২৬	১৭-৩১	২০-১০	২১-২৯	৪-১৫
(বদল) ছাঃ	৭-৫২	৯-২৮	১২-৩৩	১৭-৪৩	২০-১৮	২১-২৪	৮-২৩
দমদম „		১১-৩		১৯-৩		২৩-৯	
কলিকাতা পৌঃ	৯-২১	১১(২০	১৪-২১	১৯-২৬	২১-৫৫	২৩ ২৬	৬-২৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ	১৪ ১৬
কৃষ্ণনগর পৌঃ	১৪-৫৫
ছাঃ	১৫-১০
শান্তিপুর পৌঃ	১৫-৫১
(বদল) ছাঃ	১৬-৫০
রাণাঘাট পৌঃ	১৭-৩৫
(বদল) ছাঃ	১৭-৪৩
শিয়ালদহ পৌঃ	১—২৫

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় ম্যালেরিয়া হরণ কার্য্যেতে অত্যন্ত অধিক। বিজ্ঞাপনের সত্যাসত্য যাচাইবার জন্য এবং নূতন বাজারে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৵০ দশ আনা; বড় বোতল ১৷০ পাঁচ সিকা। পাইকারী দর স্বতন্ত্র।

—৬১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

পোঃ—শ্রীরামপুর
টেলিগ্রাফ—এবং শ্রীরামপুর

REGD NO C1344

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড । শ্রীমায়াপুর ১৭ই ভাদ্র ১৩৪৭, ২রা সেপ্টেম্বর, ১৯৪০ সোমবার ১৫৪তম সংখ্যা

নানা-সংবাদ

——::(০)::——

আফ্রিকায় ইতালীয় বাহিনীর অবস্থা

কায়রোর সামরিক সংবাদদাতা লিখিয়াছেন যে, ক্ষুদ্ধানাগরীর বৃটিশ সেনাদলসমূহ পুনরায় তাঁহাদের রণকৌশল দেখাইতে পারিয়াছেন। নিকট প্রাচ্যের সংগ্রামে উহার চরম মীমাংসা বলিয়া গৃহীত হইবে। ইতালীয়েরা আশা করিয়াছিল, এই দুর্গম অঞ্চল এবং মরুপথের অধিকতর সৈন্যসংখ্যার সাহায্যে দাঁড়াইয়া থাকিলেই সুদানের দিকে সীমান্ত অগ্রসর হইতে পারিবে। কিন্তু তৎপরিবর্তে ইতালীয়দের অগ্রবর্তী ঘাঁটিসমূহ ক্ষুদ্র ক্ষুদ্র অশ্বারোহী সৈন্যদলের আক্রমণে উত্যক্ত হইয়া উঠিয়াছে এবং বৃটিশ সৈন্যের সাফল্যের সহিত বিমানবহর এবং গোলা উপদ্রবের গুরুত্বপূর্ণ সাপ্লাই ঘাঁটিতে বোমাবর্ষণ করিয়া চালাইতেছে। বাহিরাতে বোমাবর্ষণ হইতে বুঝা যায় যে, সমগ্র সীমান্ত অঞ্চলে ইতালীয়েরা তাহাদের সৈন্য সংখ্যা বৃদ্ধি করিয়া চলিয়াছে এবং রসদ সরবরাহ অভাব হয়। বরকত শহরে মাত্র একটি রাস্তা আছে এবং সেই পথে ইতালীয়গণ যদি অগ্রসর হইয়া যাইতে চেষ্টা করে, তাহা হইলে তাহাদিগকে বিরাট অসুবিধার সম্মুখীন হইতে হইবে।

———

আবিসিনিয়ায় দেশাত্ম স্বাধীনতা

দেশের স্বাধীনতা রক্ষার জন্য গৃহীত যে কোন ব্যবস্থা সম্পর্কে সরকারের সহিত পূর্ণ সহযোগিতা করিবার জন্য দেশপ্রেমিক সাম্রাজ্য-নেতা মিঃ আবদুল জান এখন প্রচার করিয়াছেন। তিনি এই সঙ্কটকালে সাম্রাজ্যবাদীকে সম্পূর্ণ শান্ত থাকিতে ও আইন মানিয়া চলিতে উপদেশ দিয়াছেন। তিনি বলিয়াছেন যে, এই সঙ্কট মুহূর্তে সাম্রাজ্যবাদী সরকারকে বিপদের বিব্রত করিতে চাহে না। সীমান্তে সাম্রাজ্যবাদী কুচকাওয়াজ করা এবং সামরিক পোষাক পরিধান করা ত্যাগ করিয়াছে।

মার্কিন-কানাডা দেশরক্ষা বোর্ড

নবগঠিত মার্কিন-কানাডা দেশরক্ষা বোর্ডের প্রথম অধিবেশন গত ২৬শে আগষ্ট অটোয়ায় সমাপ্ত হইয়াছে। ওয়াশিংটনে উহার পরবর্তী অধিবেশন হইবে। বোর্ডের সামরিক সদস্যগণ ইতোমধ্যে কানাডার পূর্ব উপকূল পরিভ্রমণ করিবেন এবং তথায় আক্রমণ প্রতিরোধের সুবিধা অসুবিধা বিবেচনা করিবেন। মার্কিন প্রতিনিধিদের নেতা মেয়র লাগার্ডিয়া সাংবাদিকদিগের নিকট বলেন, বৈঠকে আলোচনার ফলাফল সন্তোষজনক হইবে বলিয়া তাঁহারা যে আশা করিয়াছিলেন, তাহা সম্পূর্ণ সফল হইয়াছে।

———

প্রাচীতে বৃটিশ-মার্কিন আলাপ

এসোসিয়েটেড প্রেস হইতে জানা গিয়াছে যে, পূর্বাঞ্চলে বৃটিশ মার্কিন অঞ্চলের ও বৃটিশ-উপনিবেশসমূহের বৈঠক আগামী ২৫শে অক্টোবর সিঙ্গাপুরে আরম্ভ হইবে। ভারতের বড়লাট বৈঠকের উদ্বোধন করিবেন। যুক্তরাষ্ট্র টেকনো [illegible] নিযুক্ত প্রতিনিধিগণ ও প্রতিনিধিবৃন্দ সম্মেলনে উপস্থিত থাকিবেন।

বহুদূর জানা গিয়াছে, তবে বহুদূর অক্ষশক্তি নাৎসী অর্থনীতির কাছে ও জেটমুখী— সাম্রাজ্যবাদের তাহার সাম্রাজ্যবাদী মুখোশধারী এমন কারখানাসমূহের অবাধ রোজগার তাহার ক্রমেই শাসিতের ও ভারতীয় যুক্ত সরকারের বোর্ডের সরকারী সভাপতি মিঃ রইস, ডাক্তার ভাকর সরকার কর্তৃক উক্ত বৈঠকে প্রতিনিধি মনোনীত হইবেন। স্যার বশ্বর আকবর প্রতিনিধি-দলের নেতৃত্ব করিবেন।

পর্তুগালের নূতন মন্ত্রিসভা

পর্তুগালের মন্ত্রিসভার পুনর্গঠন সম্পর্কে ঘোষণা করা হইয়াছে। নূতন মন্ত্রিসভায় ডাঃ সালাজার প্রধান মন্ত্রী হইয়াছেন, কিন্তু তিনি আর্থিক দপ্তর পরিত্যাগ করিয়াছেন।

নোটীশ

——::(০)::——

যেহেতু কোর্ট অব্ ওয়ার্ডস্ আইনের (বর্তমান কাল পর্যন্ত সংশোধিত বেঙ্গল কাউন্সিলের ১৮৭৯ সালের ৯ আইন) ৭ ও ৩৫ ধারা অনুসারে কোর্ট অব্ ওয়ার্ডস্ জেলা নদীয়া কালীগঞ্জ থানার অধীন পাটিকাবাড়ি নিবাসী মৃত রামদেব বন্দ্যোপাধ্যায়ের নাবালক পুত্র শ্রীযুক্ত রাজীবন বন্দ্যোপাধ্যায়ের সম্পত্তিভার তাহাদের গ্রহণ করিয়াছেন। সেইহেতু এতদ্দ্বারা উপরোক্ত আইনের ১০ (এ, ধারার বিধান-মতে উক্ত নাবালক রাজীবন বন্দ্যোপাধ্যায়ের এবং তাঁহার যাবৎ সম্পত্তির সমস্ত পাওনাদারকে অবগত করা হইতেছে যে, তাঁহারা তাঁহাদের সমস্ত দাবীর বিবরণ সহিত এই নোটিশ প্রচারের তারিখ হইতে ৬ মাস কালের মধ্যে জেলা নদীয়ার কালেক্টার সাহেবের নিকট উপস্থিত একখানি দরখাস্ত আকারে দাখিল করিবেন।

এই নোটীশ প্রচারের তারিখে যদি কোন পাওনাদারের পক্ষে উক্ত নাবালক রাজীবন বন্দ্যোপাধ্যায়ের অথবা তাঁহার যাবৎ সম্পত্তির বিরুদ্ধে কোন মামলা বা কার্য্য কারী দেওয়ানী আদালতের বিচারাধীন থাকে, তাহা হইলে উক্ত পাওনাদার এই নোটীশ প্রচারের তারিখ হইতে ৬ মাসের মধ্যে উক্ত বিচারাধীন মামলা বা কার্য্যের বিষয় নোটীশ দ্বারা কোর্ট অব্ ওয়ার্ডস্ গোচরে আনিবেন এবং উক্ত পাওনাদার তাঁহার মামলা বা জারীর চূড়ান্ত নিষ্পত্তি হইবার তিন মাসের মধ্যে তাঁহার দাবীর বিবরণ এবং নকল সহ কালেক্টার কোর্ট অব্ ওয়ার্ডস-এ দাখিল করিবেন।

যেহেতু পাওনাদারগণকে আরও সতর্ক করা যাইতেছে যে, যদি তাঁহারা তাঁহাদের দাবী, বিচারাধীন মামলা বা কার্য্যের বিষয় উপরোক্ত সময় মধ্যে [illegible] মামলা বা জারীর নিষ্পত্তির বিষয় উক্ত সময়ের মধ্যে কোর্ট অব্ ওয়ার্ডসকে অবগত না করেন, তাহা হইলে উক্ত সময় উত্তীর্ণ হইবার পর [illegible] তাঁহাদের সম্পূর্ণ দাবী [illegible]

কৃষ্ণনগর । [illegible]
নদীয়া [illegible]
২৭।৮।৪০

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৸০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক, পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দুস্থানী [illegible] ও [illegible] মাসিক পত্র। পাটনা গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—শ্রীঅনন্ত [illegible] কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা ডাক ৸০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

শ্রীচৈতন্য-সম্প্রদায়-বিৎ, শ্রীগৌড়ীয়মঠ-সাধের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত [illegible] "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থটি প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে [illegible] পরমারাধ্য, গৌড়ীয়বৈষ্ণবগণের আচার্য্য বৈরাগ্যের [illegible] পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপ্রকট চরিত বর্ণিত হইয়াছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

——:※:——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থসমুদ্র হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে প্রশ্ন-আকারে [illegible] উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামীপাদ রচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র।

প্রাপ্তিস্থান:—

১। "শ্রীভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট", পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২। শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

৩। [illegible] এম-এ, বি-এল, পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১।	শ্রীমদ্ভাগবত, —প্রথম	৪০
	প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত—	৩৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২।	আদর্শ নিতাই শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা)	
৩।	[illegible] শ্রীচৈতন্যচরিতামৃত	৬
৪।	সরস্বতী জয়শ্রী (অবাঁধা)	৪৲
৫।	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড ৸০ ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড ৸০	
৬।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০	
৭।	শ্রীচৈতন্যদেব	২৲
৮।	সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা	১৷০
৯।	বৈষ্ণবধর্ম্ম	২৲
১০।	গৌড়ীয়-কণ্ঠহার	২৲
১১।	শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)	২৲
১২।	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩।	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪।	সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	।০
১৫।	বৈষ্ণবসাহিত্যে বিগ্রহ-তত্ত্ব	।০
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭।	চৈতন্যোপনিষৎ	।০
১৮।	বাক্য-আন্বয়	।০
১৯।	তত্ত্ববিবেক	।০
২০।	গৌড়ীয়-গৌরব	।৵০
২১।	গৌড়ীয়গীতিকা	।৵০
২২	ভজন-রহস্য	।০
২৩।	শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপভাবতরঙ্গ (বাঁধা)	১৲
২৪।	গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)	২৲
২৫।	গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ)	২৲
	অবাঁধা)	১৲
২৬।	গীতার কেবল মূল ভাষা	৩
২৭।	দুর্গমসঙ্গমনী (সানুবাদ)	১৲
২৮।	বেদান্তস্যমন্তক (সানুবাদ)	।০
২৯।	প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা)	৸০
৩০।	[illegible]	৵০
৩১।	নবদ্বীপ (তৃতীয়-সংস্করণ)	।৵০
৩২।	গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা)	।০
৩৩।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
৩৪।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা)	৵০
৩৫।	গীতমালা	।১০
৩৬।	নবদ্বীপধাম মাহাত্ম্য	৵০
৩৭	ঐ প্রমাণ-খণ্ড	৵০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।
৩৯।	শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা	[illegible]
৪০।	শরণাগতি	৴০
৪১।	গীতাবলী	৴০
৪২।	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸০
৪৩।	সাধনতত্ত্ব	৴০
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	৴
৪৫।	নবদ্বীপশতক	
৪৬।	অর্চনতত্ত্ব	
৪৭।	সদাচারস্মৃতিঃ	
৪৮।	কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)	৴১০
৪৯।	অর্চনকণ্ঠ	।১।
৫০।	বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড)	৬৲
৫১।	বর্ণসংহিতা	।০
৫২।	মণিমঞ্জরী (সানুবাদ)	
৫৩।	গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪।	পুরুষার্থ-বিনির্ণয়	
৫৫।	[illegible]	০
৫৬	ভাগবত ও ভক্তিকথা	৴০
৫৭।	ঈশোপনিষদ (সানুবাদ)	।০
৫৮।	শ্রীকৃষ্ণবৈভব	৴০
৫৯।	সিদ্ধান্তদর্পণ	৵০
৬০	সারস্বতী	/

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১।	শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	।০
৬২	সিদ্ধান্ত-সরস্বতী বিবৃতিঃ	।০
৬৩।	শ্রীরূপ-শিক্ষামৃতম্	।০
৬৪।	তত্ত্বসূত্রম্	।০
৬৫।	সাত্বত সিদ্ধান্তম্	৵০
৬৬।	গৌড়ীয়তত্ত্বপরিচয়ঃ	/০
৬৭।	সারার্থদর্শিনী	৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮।	রায় রামানন্দ	।০
৬৯।	এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত	।০
৭০।	নামভজন	/০
৭১।	বেদান্ত—ইটস মরফোলজি এ্যাণ্ড অন্টোলজি	।০
৭২।	বিশেষিত বেদান্ত	৵০
৭৩।	[illegible] শ্রীচৈতন্য মহাপ্রভু	।০
৭৪।	[illegible]	।।
৭৫।	[illegible]	/০
৭৬।	[illegible]	।০
৭৭।	[illegible]	
৭৮।	ব্রহ্মসংহিতা	২৸০।
৭৯।	শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড)	১৫৲

উড়িয়া ভাষায় প্রকাশিত

৮০।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	
৮১।	ভজন-[illegible]	
৮২।	কল্যাণ-কল্পতরু	৶
৮৩।	গীতাবলী	৴
৮৪।	শরণাগতি	৴

আসামী ভাষায় প্রকাশিত

৮৫।	শরণাগতি	

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬।	শ্রীচৈতন্যভাগবত	

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১০ম বর্ষ | ১৬ হৃষীকেশ ৪৯৪ গৌরাব্দ ১৭ই ভাদ্র ১৩৮৭, ২রা সেপ্টেম্বর ইং ১৯৮০, সোমবার | ৩৭৪তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৬ হৃষীকেশ সর্বজিৎ সংবৎ গৌরাব্দ ৪৯৪

ভরতের উপদেশ

ভগবানের নিত্যমুক্ত পার্ষদ মহাভাগবত শ্রীভরত মুনির উপদেশ আমাদের সকলেরই আলোচ্য ও গ্রহণীয়। তাই তাঁহার অমূল্য উপদেশ আমরা আলোচনা করিয়া আত্মশোধনে প্রবৃত্ত হইতেছি।

ইন্দ্রিয়াধিপতি মনই নানাভাবে জীবকে নানাযোনিতে নিক্ষেপ করে—পৃথক্ পৃথক্ নামের সহিত দেবতাদি বিভিন্ন দেহ ধারণ করে এবং সংসারে সকল সুখদুঃখের সৃষ্টি করে। এই মনোধর্মের বশে জীব লোকব্যবহার লইয়াই ব্যস্ত থাকে। পণ্ডিতগণ উৎকৃষ্ট ও নিকৃষ্টযোনিতে জন্মলাভ, তথা বন্ধন ও মোক্ষপ্রাপ্তির হেতুরূপে একমাত্র মনকে নির্দেশ করেন। মনের বিষয়াসক্তি হইতে বন্ধন ও তাহাতে অনাসক্তি জন্মিলে মুক্তিলাভ হয়। অসৎসঙ্গবর্জিত জিতেন্দ্রিয় জীবই ভগবৎসেবাপ্রভাবে মায়ামুক্ত হইয়া সংসারসিন্ধু অতিক্রম করিতে পারেন। বহির্বিষয়াকৃষ্ট মনই সংসারতাপের মূল। এই মহাশত্রু মনকে জয় করিতে পারিলে কদাচ তাপ দূর হয় না। ইহা অবাস্তব হইলেও ইহার প্রভাব অসাধারণ। ইহাকে উপেক্ষা করিলে অর্থাৎ প্রশ্রয় দিলে ইহা মহাবল ধারণ করিয়া জীবের স্বরূপকে ঢাকিয়া ফেলে। তখন 'আমি কৃষ্ণদাস, কৃষ্ণসেবাই আমার ধর্ম'—এ কথা সে সম্পূর্ণরূপে ভুলিয়া যায় এবং বিষয়সেবাতে নিযুক্ত হয়। মনই জীবের সংসার-তাপের মূল, জীব যাবৎ তাহা জানিতে না পারে, তাবৎ সংসারে ভ্রমণ করিতে থাকে। যেহেতু মন রোগ, শোক, মোহ, রাগ, লোভ ও বৈর এই সকলে সংযুক্ত হইয়া বন্ধন ও মমতা উৎপাদন করে। মন খুব প্রবল শত্রু। হরিগুরুচরণসেবারূপ সুতীক্ষ্ণ খড়্গই এই মহাশত্রুসংহারে সতত সমর্থ।

অদ্বয়জ্ঞানই বাস্তব—সত্য এই জ্ঞান ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান্—এই তিনরূপে প্রতীত হয়। সেই জ্ঞানের পারপূর্ণ প্রতীতি ভগবান্। তিনি ভক্তগণের উপাস্য বাসুদেব। সেই ভক্তপদরজে অভিষিক্ত না হইলে ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস অথবা জল, অগ্নি ও সূর্য্য প্রভৃতি দেবতাগণের উপাসনার দ্বারা বা অন্য কোন উপায়ে ভগবত্তত্ত্বজ্ঞান লাভ হয় না।

সঙ্গের প্রভাব অপরিসীম। সাধুসঙ্গ-প্রভাবে এই জন্মেই জীব গুরুদত্ত জ্ঞানরূপ অসি দ্বারা অজ্ঞানছেদনপূর্বক ভগবৎকথা শ্রবণ ও কীর্তন করিতে করিতে অনায়াসে সংসার হইতে উত্তীর্ণ হইয়া পরমপদ লাভ করিতে পারেন।

এই সংসারারণ্য অতীব দুস্তর। জীব মায়াবশে তাহাতে আবদ্ধ হইয়া কর্মফল ভোগ করে। এই সংসারারণ্যে ছয়টী দস্যু আছে। তাহারা মানবকে সৎপথ হইতে বিচলিত করিয়া তাহার উপার্জিত অর্থসমূহ বলপূর্বক অপহরণ করে অর্থাৎ কুবুদ্ধিগ্রস্ত মানবগণ উপার্জিত ধনের দ্বারা ভগবানের সেবা না করিয়া ইন্দ্রিয়তর্পণ করে। আবার বৃকগণ যেরূপ মেষকে হরণ করে, সেইরূপ সংসারারণ্যে শৃগালতুল্য স্ত্রীপুত্রাদি 'তুমি আমার স্বামী, তুমি আমার পিতা' এইভাবে সেই মানবের গৃহসদৃশ অন্তঃকরণমধ্যে প্রবিষ্ট হইয়া তাহার চিত্তকে অপহরণ করে। এই সংসারবনে কামকর্মাদি দ্বারা পরিপূর্ণ গৃহাশ্রম আছে। মানবগণ তথায় দুষ্কৃতগণের উপদ্রবে অত্যন্ত উৎপীড়িত হইতে থাকে। কখন জীব গন্ধর্বপুরসদৃশ অনিত্য বস্তুকে সত্য মনে করিয়া সংসারমার্গে উৎসুক [illegible] করিয়া থাকে, আবার কখন বা হিংসা, পরস্ত্রীগমন, দ্যূত, মদ্য ও পান প্রভৃতি বহুবিধ দোষের আকর সুবর্ণকে পরম উপাদেয় মনে করিয়া তাহাদের জন্য যত্ন করেন। কোথাও চক্রবাতরূপা স্ত্রী কর্তৃক ক্রোড়ে আরোপিত হইয়া তৎকালে জাত কামবেগে তাহার বিবেক নষ্ট হইয়া যায় এবং সে কামে অন্ধ হইয়া কিছুই বুঝিতে পারে না।

এই সংসারারণ্যে কখন কখন অসৎসঙ্গে জীবের বুদ্ধি নষ্ট হয়। অন্ধকূপ নদীর গর্তে পতিত হইলে যেমন অত্যন্ত ক্লেশ লাভ হইয়া থাকে, সেইরূপ সংসারে জীব সুখের জন্য বেদবিরুদ্ধ পাষণ্ড মতকে আশ্রয় করিয়া ইহকাল ও পরকালে দুঃখ পাইয়া থাকে। এই [illegible]। ইহাদের মুখের লেশমাত্র নাই। এইজন্য ইহার চরম ফল। জীব [illegible] লাভ করিয়া লোকসমাজে পূজ্য হয়; আবার কখন বা 'আমি [illegible], আমার তুল্য নাই' এইরূপ বিচারপাপ হয়। কখন বা সে [illegible] পীড়িত হইয়া [illegible] এবং প্রাণীহিংসা প্রভৃতি কোন প্রকার করে। আর কোন সময় সামান্য বিষয়সুখ অন্বেষণ করিতে করিতে পরধন ও পরস্ত্রী অপহরণ করিতে আরম্ভ করে এবং রাজা ও গৃহস্বামী কর্তৃক তাড়িত হইয়া নরকের ন্যায় দুঃখ বা কারাগারে আবদ্ধ হয়। পুনঃ কোন সময় শীত, বাত প্রভৃতি [illegible] আধিদৈবিক, আধিভৌতিক ও অধ্যাত্মিক দুঃখের প্রতিকার করিতে [illegible] হইয়া [illegible] থাকে। কোন সময় [illegible] জীবের [illegible] বিবেক ও ভগবদুপাসনারূপ [illegible] হয়। তখন তাহার [illegible] করিবার [illegible] প্রভৃতির [illegible] জীব [illegible] নিক্ষেপ করে।

[illegible] করিতে [illegible] হয় এবং [illegible], সেইরূপ [illegible]

কৃষ্ণ আমায় পালে রক্ষে জান সর্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল

আসক্ত হইয়া শ্রীগুরুবৈষ্ণবে শ্রীভক্তি ও বৈষ্ণবোৎসবে রত হইয়া সংসারবন্ধন হইতে আত্মসংরক্ষণে সক্ষম হইয়া পড়ে। ভগবদারাধনা পরিত্যাগপূর্ব্বক পাপাসক্ত হইয়া যখন জীব আধ্যাত্মিকাদি তাপত্রয় ভোগ করিতে থাকে, তখন সে মৃত্যুভয়ে ভীত হইয়া সর্ব্বক্ষণ দুঃখে কালযাপন করে। সংসারে অনেক জীব এইরূপে নানাভাবে কষ্টভোগ করিয়া থাকে। ভগবদ্বিমুখতা বশতঃ জীবের এই মহাবিপদ উপস্থিত হইয়াছে। শ্রীভগবন্নামসংকীর্ত্তন সম্প্রদায় সংসারের পারস্বরূপ বলিয়া কীর্ত্তন করেন। সাধুসঙ্গবর্জ্জিত হইয়া কেহ অদ্যাপি সংসারের পরপারে পৌঁছিতে পারে নাই বা পারিবে না। নিত্যবদ্ধ জীবের বৈষ্ণবসঙ্গ ছাড়িয়া ভগবদ্বৈমুখ্য হইতে মুক্ত হইয়া ভগবৎসেবা লাভ করিবার অন্য কোন উপায় নাই। ভগবচ্চরণে শরণ গ্রহণ করিলে ভক্তি দ্বারাই অনায়াসে ভগবানকে লাভ করিয়া থাকেন।

পদ্মাবতী

——:*:——

গৌড়দেশবাসী, ভারতবাসী, শুধু ভারতবাসীই বা কেন, পৃথ্বীবাসী অথবা সমগ্র বিশ্ববাসী জীবকে সৌভাগ্যসুযোগ প্রদান করিবার জন্য একদিন এই ভূলোকে গোলোকের দেবতাগণ আসিয়াছিলেন। তাঁহাদের এক এক জনের অলৌকিক জীবন সহস্র সহস্র শাস্ত্রের ভূমিকা, বেদ বেদান্তের সারমর্ম, স্মৃতির ব্যবস্থা ও পুরাণের উপদেশ রাজিকে বিশ্লেষণ করিয়াছে। কিন্তু ইহা বড় দুর্ভাগ্য ও দুঃখের বিষয় এই যে, আমরা তাঁহাদের অপ্রাকৃত কৃষ্ণসেবাময় আদর্শের প্রতি ও তাঁহাদের উপদেশের প্রতি সম্পূর্ণ উদাসীন।

রাঢ়দেশে একচাকা নামে একটী গ্রাম আছে। প্রায় পাঁচশত বৎসর পূর্ব্বে এই স্থানে হাড়াই পণ্ডিত নামে অতি নিষ্ঠাপরায়ণ সদ্বিপ্রকুমার, ধর্ম্মনিষ্ঠ ও উদার এক ব্রাহ্মণ বাস করিতেন। তাঁহার পতিব্রতা পত্নীর নামই পদ্মাবতী। তিনি ছিলেন পরমা বৈষ্ণবীশক্তি—জগন্মাতা—নিত্যানন্দ-জননী। পতি-পত্নী উভয়েই বিষ্ণু বৈষ্ণবের সেবাই যে জীবের জীবনের ব্রত, ইহা নিয়ত আচরণ দ্বারা শিক্ষা দিয়াছিলেন। হাড়াই পণ্ডিত ও পদ্মাবতীর বিশুদ্ধসত্ত্বে শ্রীবলদেব প্রভু জগদ্গুরু শ্রীনিত্যানন্দ প্রভুরূপে জগতে আবির্ভূত হইয়াছিলেন।

নিত্যানন্দজননী পদ্মাবতী একাধারে ত্রেতাযুগের লক্ষ্মণজননী সুমিত্রা ও দ্বাপরযুগের বলদেবজননী রোহিণী। হাড়াই পণ্ডিত ও পদ্মাবতী নিত্যকাল বাৎসল্যরসে ভগবানের সেবা করেন। কলিযুগে স্বয়ং ভগবান্ জীবনিস্তারার্থে গৌরসুন্দররূপে অবতীর্ণ তাই তিনি তাঁহার সমস্ত নিজজনের দ্বারা এক একটী মহান আদর্শ স্থাপন করিলেন।

যখন নিত্যানন্দ প্রভু মাতাপিতার বাৎসল্যরসে সেবিত হইয়া বাল্যলীলায় ব্যস্ত ছিলেন, তখন দৈবাৎ একদিন একজন বৈষ্ণবসন্ন্যাসী নিজ বৈষ্ণবসেবাপরায়ণ হাড়াই পণ্ডিতের গৃহে ভিক্ষার্থ উপস্থিত হইলেন। পরমোদার হাড়াই পণ্ডিত বৈষ্ণব সন্ন্যাসীকে অতি যত্ন ও প্রীতির সহিত ভিক্ষা করাইয়া স্বীয় ভবনে তাঁহাকে স্থান দিলেন। বৈষ্ণবসঙ্গে সারা রাত্রি পণ্ডিত মহাশয় সন্ন্যাসীর সঙ্গে কৃষ্ণকথা-প্রসঙ্গে যাপন করিলেন। উষঃকালে সন্ন্যাসিপ্রবর সানন্দে গমনোদ্যত হইয়া হাড়াই পণ্ডিতকে বলিলেন, "পণ্ডিত! আপনার নিকট আমার একটী ভিক্ষা আছে।" সর্ব্বদা বৈষ্ণবসেবাপর হাড়াই পণ্ডিত 'বৈষ্ণবসন্ন্যাসী ভিক্ষা চাহিতেছেন, ইহা অপেক্ষা সুখের সৌভাগ্যের বিষয় আর কি হইতে পারে?'—ইহা বিচার করিয়া সন্ন্যাসিপ্রবরকে বলিলেন, "মহারাজ, আপনি যাহা চাহিবেন, এ সময় তাহাই সমর্পণ করিবার সৌভাগ্য পাইলে নিজেকে কৃতার্থ জ্ঞান করিব।"

কৃষ্ণার্থে সর্ব্বত্যাগী সর্ব্বস্ব দাতা সজ্জন কৃষ্ণসেবাপরায়ণ বৈষ্ণবঠাকুর সাধারণ পাত্রের নিকট প্রায় কিছু ভিক্ষা করেন না। তাঁহারা অযাচক সম্প্রদায়ই নহেন। কেন না, তাঁহাদের চিত্ত সমগ্র বস্তু দ্বারা স্বয়ং পুরুষ ভগবানের সেবার জন্য সর্ব্বদা ব্যাকুল। তাঁহারা নিজেরা ভগবানের পাদপদ্মে সর্ব্বস্ব ত্যাগ করিয়াছেন তাই তাঁহারা জগতের সকল জীবের সর্ব্বস্বকে ভগবানের পদকমলে অর্পণ করাইবার জন্য পতিত দ্বারে দ্বারে ঐ ভিক্ষাই করিয়া থাকেন। বৈষ্ণব সন্ন্যাসীও আজ সেই ভিক্ষাই চাহিয়া বসিলেন। সন্ন্যাসী আজ সেই ব্রাহ্মণ-দম্পতির অমূল্যনিধি—অন্তরাত্মা, প্রাণের প্রাণ, নয়নের তারা, ভবিষ্যৎ বংশধর, অবলম্বন, গৃহের ধন, সুখের ধন, পুত্রের বালক, তাঁহাদের বাঁচিবার যা কিছু সব—সেই নিত্যানন্দচন্দ্রকে ভিক্ষা চাহিলেন। তখন হাড়াই পণ্ডিত পদ্মাবতীর নিকট উপস্থিত হইয়া আনুপূর্ব্বিক সমস্ত বিবরণ বলিলেন।

এইবার পদ্মাবতী মাতৃত্বের অদ্ভুত আদর্শ প্রদর্শন করিলেন। প্রাচীন ইতিহাসে আখ্যায়িকার কথা শুনা যায়। মাতা সর্ব্বস্ব পণে পুত্রের প্রাণ ভিক্ষা দিবার জন্য পুত্রকে নিজ ক্রোড়ে সুকুমার সঁপিয়া করিয়া দিয়াছেন, যেমন অদ্বিতীয় অবলম্ব প্রাণাধিক শিশুপুত্রকে নিষ্ঠুর ঘাতকের তরবারির মুখে সমর্পণ করিয়াছেন—এ কথাও আমরা শুনিয়াছি। কিন্তু সে সকল কাহিনীর মহানাদর্শের অভিনয়গুলি যদি আমরা সূক্ষ্মভাবে বিশ্লেষণ করি, তাহা হইলে দেখিতে পাইব যে, তন্মধ্যে প্রচ্ছন্ন প্রতিষ্ঠাকাঙ্ক্ষা স্বার্থত্যাগের নামে অপস্বার্থ মাতৃত্বের নামে নিষ্ঠুরতা ও নৃশংসতা তাহাদের ত্যাগের আড়ালে বিরাজিত। কারণ, যেখানে সম্পূর্ণ ভাবে কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা নাই তাহা কৈতব বা ব্যতীত আর কিছুই নহে। যদিও উহা সুন্দর মুখোস পরিয়া আমাদিগকে অনেক সময় ছলনা করে, তথাপি উহা আত্মবঞ্চনা ও পরবঞ্চনা। তাই ঐ সমস্ত আদর্শের হেয়তা, নশ্বরতা ও অবরতা প্রদর্শন করিয়া কৃষ্ণসুখের জন্য মহানাদর্শ স্থাপন করিবার নিমিত্ত পদ্মাবতীর এই অনন্ত আদর্শ প্রকটিত। তাই পতিব্রতাশিরোমণি পদ্মাবতী তখন বৈষ্ণবপতিকে বলিলেন,

"যে তোমার ইচ্ছা প্রভু সেই মোর কথা"

উহাকেই বলে জননীত্ব, মাতৃত্ব ও পাতিব্রত্য। যদি কাহারও জননী হইতে হয়, তাহা হইলে এইরূপ জননীরই আদর্শ গ্রহণ করা উচিত প্রকৃত পিতারও এইরূপ আদর্শই হওয়া উচিত। নতুবা বৃথা আত্মেন্দ্রিয়তর্পণের জন্য কৃষ্ণের বস্তুকে নিজের ভোগে লাগাইবার চেষ্টা করা বন্ধন ও অপরাধ মাত্র।

"পিতা ন স স্যাৎ জননী ন সা স্যাৎ।
ন মোচয়েদ্ যঃ সমুপেতমৃত্যুম্॥"

শ্রীমদ্ভাগবতের এই বাণী অক্ষরে অক্ষরে পদ্মাবতীর চরিত্রে প্রকাশিত। আমাদের ন্যায় কনক কামিনী প্রতিষ্ঠাকাঙ্ক্ষী মিছাভক্ত তথা বঞ্চিত মহারূপ জনকজননী-অভিমানীদের চক্ষের সম্মুখে আদর্শ স্থাপন করিবার জন্য হাড়াই পণ্ডিত ও পদ্মাবতী—যাঁহারা ভগবানের বাৎসল্য-রসের পরমপ্রিয় সেবক, তাঁহারা নিজ প্রাণাধিক প্রিয় পুত্রকে পরম প্রীতি সহকারে কৃষ্ণসুখের জন্য সন্ন্যাসীর হাতে সমর্পণ করিবার লীলা প্রদর্শন করিলেন।

সেই ত পিতা মাতা সেই সে দেবতা
সেই গুরুবন্ধু জানে।
সেই সে শুনায়ে কৃষ্ণকথা করে
[illegible]॥

* * *

সেই সে পরমবন্ধু—সেই মাতাপিতা
শ্রীকৃষ্ণচরণে যেই প্রেমভক্তি দাতা॥

তৎপর হাড়াই পণ্ডিত পদ্মাবতীর সম্মতি পাইয়া শ্রীনিত্যানন্দ প্রভুকে সেই বৈষ্ণব-সন্ন্যাসীর হস্তে সমর্পণ করিলেন।

পদ্মাবতী ও হাড়াই পণ্ডিত প্রাণসম পুত্রকে সন্ন্যাসীর হস্তে সমর্পণ করিয়া নিত্যানন্দ বিরহে কাতর ও উদ্ভ্রান্ত হইয়া পড়িলেন। তাঁহাদের এই দুঃখ বা কাতরতা সাধারণ মনুষ্যের পুত্রশোকজনিত দুঃখের ন্যায় নহে। কারণ, তাঁহাদের অপ্রাকৃত বাৎসল্যরস জড়াসক্ত নহে। তাঁহাদের এই দুঃখে কৃষ্ণের খুব সুখ হয়, সেইজন্য তাঁহারাও কৃষ্ণসুখের জন্য এই দুঃখকে সাদরে অন্তরতমভাবে বরণ করিয়াছেন।

সাধারণ লোকে পরমার্থের উদ্দেশ্যে ত্যাগের মহত্ত্ব ও প্রয়োজনীয়তা বুঝিতে পারে না। কৃষ্ণসুখানুসন্ধানরূপ পরমার্থই জীবের একমাত্র প্রয়োজন ও নিত্যবৃত্তি। যাঁহারা সত্য সত্যই কৃষ্ণসুখানুসন্ধানের জন্য ত্যাগস্বীকারপূর্ব্বক পরমার্থ-পথে অগ্রসর হইয়াছেন, তাঁহারাই নিত্যানন্দ-গুরুপাদপদ্মের কৃপায় সেই ত্যাগের মহত্ত্ব ও প্রয়োজনীয়তা উপলব্ধি করিতে পারেন। শ্রীচৈতন্যভাগবতকার বলিয়াছেন—

পরমার্থে এই ত্যাগ—ত্যাগ কভু নহে।
এ সকল কথা বুঝে কোন মহাজনে॥
এ সকল লীলা জীব-উদ্ধার-কারণে।
মহাকাষ্ঠ দ্রবে যেন ইহার শ্রবণে॥

আত্মহারা জীবের অবস্থা

——:*:——

আত্মা—অবিনাশী, আত্মা অচ্ছেদ্য এবং আত্মার কোন অনুপাদেয়তা নাই। অনাত্ম স্থূল ও সূক্ষ্ম দেহ কালক্ষোভ্য হওয়ায় উহা অনুপাদেয় ও ত্রিতাপে জর্জ্জরিত হইবার যোগ্য। যাঁহাদের দেহাত্মবোধ প্রবল, তাঁহাদের স্বরূপজ্ঞানের ও বৈকুণ্ঠপ্রীতির অভাব হওয়ায় প্রাপঞ্চিক দ্রব্যের সহিত নিজ স্বরূপের অভিন্নবোধ নানাবিধ ক্লেশ উৎপাদন করে। আত্ম-বিস্মৃতি বা স্বরূপভ্রান্তিই জীবের দুর্দ্দশার কারণ; উহাই অবিদ্যা। অনাত্মপ্রতীতি লইয়া পরমার্থের অনুশীলন করা যায় না—আনন্দের সন্ধান পাওয়া যায় না। আনন্দময় বস্তুটি কৃষ্ণ। 'জীব নিত্য কৃষ্ণদাস'—এই কথা ভুলিয়া যাওয়ার জন্যই জীবের এই দুঃখময় সংসারে আগমন।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

ভগবদ্বিমুখ [illegible] যে স্বকল্পিত অনাত্মপ্রতীতি প্রবল হইলে জীবের কর্তাভিমান বাধকতা প্রবল হয়। তৎকালে সে একবার পরম অর্থ যে কৃষ্ণ, তাঁহার বিরোধ করে—তাঁহার আসনে বসিতে চায়। ইহাই জীবের চরম দুর্ভাগ্য ও দুর্দশা। বালক যেরূপ না বুঝিয়া অভিজ্ঞ লোকের সহিত বৃথা কলহ করিয়া নিজের অমঙ্গল সাধন করে, তদ্রূপ আত্মমঙ্গলকারীর কথার প্রতি সম্পূর্ণ উদাসীন হইয়া আত্মবঞ্চিত দিশাহারা পথিক তাহার প্রত্যেক কার্য্যকেই জড়জগতের কর্মবিশেষ জ্ঞান করিয়া আত্মসন্ধান লাভ করিতে পারে না। প্রাপঞ্চিক বিকারে প্রতিষ্ঠিত জীব বিকার ব্যতীত নির্বিকার বিচিত্রতাময় রাজ্যের কোন সন্ধানই পায় না বলিয়া তাহারা অন্যাভিলাষের অনুসরণ করে ও দিন দিন ধ্বংসের করাল কবলে নিপতিত হয়। তাহাতে জীব কেবল জন্মমৃত্যুমালার হার গলায় পরিয়া অনাত্মীয়কে আত্মীয়, শত্রুকে মিত্র ও মিত্রকে শত্রু ভাবিয়া থাকে। ইহাই বদ্ধের লক্ষণ।

স্বরূপবিভ্রান্ত জীব ভয়াতুর, শোকাতুর, স্পৃহাশীল, প্রচণ্ড লোভযুক্ত। আত্মতত্ত্ববিদের সন্ধান না পাওয়ার দরুণ তাহার যে ভয়ানক বিপত্তি, উহা তাহার প্রলাপ-বিকারে পরিণত হয়। উহা অনাত্মপ্রতীতিরই ধর্ম। ভক্তিবিবেক উদিত না হইলে জীবের স্বরূপের উদ্বোধন হয় না। বিকৃত-বিরূপে তাহাদের স্বরূপভ্রান্তি ঘটে এবং তদনুসারে নানা অনর্থের বশবর্তী হয়।

জীবের এবম্বিধ দুর্দশা হইলেও ভগবানের করুণাও জীবের উপর অজস্রধারে বর্ষিত হয়। তাঁহার অহৈতুকী করুণাই ভরসা। তাই স্বয়ং ভগবান্ কৃষ্ণচন্দ্র জীবকে এই দুর্গতি হইতে রক্ষা করিবার জন্য গৌরসুন্দর-রূপে ভক্তভাব অঙ্গীকার করিয়া অপ্রপঞ্চ হইতে এ প্রপঞ্চে আবির্ভূত হইয়াছিলেন। সেই গৌরসুন্দরের শিক্ষায় পাই যে, মানব বা জীবমাত্রেই বৈষ্ণব, জীবমাত্রেই ভগবৎ-প্রকাশের সহিত যুগপৎ ভেদাভেদধর্মে অবস্থিত এবং প্রাণিমাত্রেই ভগবানের ত্রিবিধা শক্তির অন্যতম তটস্থশক্তি হইতে প্রকটিত। জীব কালাধীন হইলে তাহার কেবল ভেদের উপলব্ধি হয়। ভগবৎসেবা-বঞ্চিত হইলে জীব আপনাকে ভোক্তা অভিমান করে এবং তখনই তাহাকে ত্রিতাপে গ্রাস করে। যখন সাধুগুরুর কৃপায় আত্মস্বরূপ জানিয়া ভগবানের সেবা করে তখনই স্বরূপে অবস্থিত হয়।

বৈষ্ণবের কৃপা

(শ্রীউদ্ধবনীলমণি ভক্তিশাস্ত্রী, বি-এ)

স্বয়ংরূপ ভগবান্ শ্রীগৌরসুন্দরের প্রিয়তম নিজজন শ্রীগুরুদেব। শ্রীগুরুদেবের বৈষ্ণব অথবা সেবকগণই বৈষ্ণব। গুরু, বৈষ্ণব ও ভগবানের স্মরণকে মঙ্গলাচরণ বলা হয়। গুরু, বৈষ্ণব ও ভগবান্ যদি সর্বদা আমাদের স্মৃতিপথে থাকেন, তবে আমাদের কোন অমঙ্গল ঘটিতে পারে না। গুরু, বৈষ্ণব ও ভগবানকে ভুলিয়া থাকাই সমস্ত অমঙ্গল বা অমঙ্গলের মূল কারণ।

বৈষ্ণব শ্রীগুরুনিত্যানন্দের বৈভব। বৈষ্ণব—গুরুগতপ্রাণ। শ্রীগুরুনিত্যানন্দের সুখবিধান ভিন্ন অন্য কোন কৃত্য তাঁহার নাই। বৈষ্ণব নিত্যকাল শ্রীগুরুদেবের কৃপার কাঙ্গাল। বৈষ্ণবের একমাত্র আশা-ভরসা—শ্রীকৃষ্ণচৈতন্যের যে শ্রীরূপ, তাঁহার পাদপদ্মের ধূলি হওয়া। বৈষ্ণব বলেন, "জগতের সমস্ত লোক আমাকে নিন্দা করেন করুন বা প্রশংসা করেন করুন, আমি যেন শ্রীরূপাদির শ্রীগুরুপাদপদ্মের সংগম পদধূলি হইতে বঞ্চিত না হই।"

ভগবৎসেবাবিস্মৃতিই সকল দুঃখের একমাত্র কারণ। সেই দুঃখনাশের একমাত্র অধিকারী—জীবের অনাত্মপ্রতীতি হইতে জাত স্থূল ও সূক্ষ্ম শরীর। তাহাতেই সে সুখদুঃখ ভোগ করে এবং গুরুবৈষ্ণবের কৃপায় তখন তাহার শরীরদ্বয়ের ভোগপ্রবৃত্তি লুপ্ত হইলে শরীরদ্বয়ের মালিক হইয়া আর তাহাকে সুখদুঃখ ভোগ করিতে হয় না। সে নিত্যকাল পরমার্থপথের পথিক হয়। তখন সে জানিতে পারে যে, আত্মা অমৃতের পুত্র, মর্ত্যের তনয় নহে। স্থূল শরীর মর্ত্যের তনয়, সূক্ষ্মশরীরও মর্ত্যের তনয়। আত্মা অমৃত পান করে, ভগবদ্বস্তুতেই অমৃত আশ্রিত। ইতর ভোগাবস্থার মধ্যে কেবল মরণযোগ্য ভোগের বিষয়সমূহ বর্তমান। সেইজন্য এ জগতের কথায় ব্যস্ত থাকিলে অমৃতের সন্ধান মিলে না—জগৎ অতিক্রম করা যায় না। ঐরূপথে গুরুদেবই একমাত্র মঙ্গলদাতা। তাঁহার কৃপা ব্যতীত ভগবানের সেবা পাওয়া যায় না—দুর্দশার হস্ত হইতে নিস্তার পাওয়া যায় না। তিনি মরণের মুখে অমৃতের দূত—বৈকুণ্ঠের বার্তাবহ ও জীবের একমাত্র প্রাণবন্ধু হৃদয়দেবতা। তাঁহার কৃপাই বাঁচিবার সহজ উপায়।

বৈষ্ণব কখন বিস্মৃত হন না যে, শ্রীগুরুদেবের কৃপাই তাঁহার সত্তা, শ্রীগুরুদেবের কৃপাই তাঁহার প্রাণ, শ্রীগুরুদেবের কৃপাই তাঁহার চেতনতা, শ্রীগুরুদেবের কৃপাই তাঁহার ভজনপূজন, তাঁহার যথাসর্বস্ব। বৈষ্ণব গুরুকৃপার উপরই সম্পূর্ণরূপে নির্ভর করেন। "আমি গুরুর" চেতনের এই শুদ্ধ অভিমানে বৈষ্ণব নিত্য প্রতিষ্ঠিত। মায়ার এমন কোন শক্তি নাই যে গুরুপাদাশ্রিত বৈষ্ণবকে গুরুপাদপদ্ম হইতে বিচ্যুত করিতে পারে।

আমি দুর্ভাগা, তাই বৈষ্ণব চিনি না। কিন্তু বৈষ্ণব অহৈতুক কৃপাময়। বৈষ্ণব কৃপা করিয়া আমাকে শ্রীগুরুপাদপদ্মের সন্ধান প্রদান করেন। বৈষ্ণব কৃপাপূর্বক বলিয়াছেন যে, গুরুকৃপা-প্রার্থনাই আমার স্বরূপের স্বাভাবিকী অহৈতুকী অপ্রতিহতা বৃত্তি। গুরুকৃপা প্রার্থনা না করাই আমার অচেতনতা, জড়তা ও মৃত্যু। বৈষ্ণবের কৃপায় জানিতে পারি যে, যতদিন আমার ভোক্তা বা পুরুষাভিমান আছে, ততদিন আমি বৈষ্ণবের সঙ্গ ও সেবা করিতে পারি না। বৈষ্ণবের কৃপায় জানিতে পারি যে, একমাত্র শ্রীগুরুকৃপাতেই ভোক্তা-পুরুষাভিমান দূর হইতে পারে ও চেতনের সত্তা লাভ হইতে পারে। সাধুগুরুকৃপায় গুরুপাদাশ্রয় হইলে অর্থাৎ স্বরূপে প্রতিষ্ঠিত হইলে পর বৈষ্ণবের প্রকৃত সঙ্গ ও সেবা করার অধিকার হয়। বৈষ্ণব কাহারও সেবা গ্রহণ করেন না। তিনি নিজে গুরুসেবায় নিযুক্ত থাকিয়া সকল শুদ্ধ জীবকে গুরুসেবায় নিযুক্ত রাখেন। গুরুসেবাই কৃষ্ণসেবা। গুরুর সুখেই কৃষ্ণের সুখ। গুরুকৃপাতেই কৃষ্ণসেবা প্রাপ্তি সম্ভব। সুতরাং গুরুবৈষ্ণবের অহৈতুকী কৃপাতেই সাধুগণ পতিতের প্রকাশিদুর সহিত কৃষ্ণনামপ্রাপ্তি সম্ভব হইতে পারে।

বৈষ্ণবমাত্রই গুরুগতপ্রাণ। তাই বৈষ্ণবসমূহের ভিতরে মতদ্বৈধ বা বিরোধ অসম্ভব। শ্রীগুরুদেবের মনোহভীষ্টপূরণই সকল বৈষ্ণবের হৃদগতভাব। সকল জীবের হৃদয়ে গুরুপাদপদ্ম প্রতিষ্ঠিত করাই বৈষ্ণবের জীবের প্রতি অনুকম্পা।

সকল সেবানন্দের মূলে গুরুকৃপা। গুরুকৃপাতেই স্বরূপের উদ্বোধনে বৈষ্ণবের সঙ্গ ও সেবার যোগ্যতা লাভ হয়। আবার বৈষ্ণবের কৃপাতেই গুরুভক্তের প্রেমময়ী সেবানন্দের সুযোগ হয়। গুরুকৃপাতেই আমরা স্বরূপের উদ্বোধনে বৈষ্ণবকে হৃদয়ের বন্ধু বলিয়া জানিতে পারি ও বৈষ্ণবের সহিত সমচিত্তবৃত্তিবিশিষ্ট হইয়া নিত্যকাল গুরুদেবের সেবা করিতে পারি।

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম ॥

শ্রীজন্মাষ্টমী-উৎসব

শ্রীগৌড়ীয়মঠে

সাক্ষাৎ ভগবানকে যেরূপ বিচার করবে, গুরুদেবকেও সেরূপ বিচার করবে, কোনও অংশে কম্ মনে করবে না। সাধু-সজ্জন-পণ্ডিত সকল—বেদজ্ঞ ব্রাহ্মণ সকলের কর্তব্য হচ্ছে, ভগবানের ন্যায় গুরুকে মানা—পূজা করা—সেবা করা, যদি তা' না করেন, তবে শিক্ষাবান হ'তে ভ্রষ্ট হ'য়ে যাবেন। তিনিই প্রকৃত মন্ত্র বুঝতে পারেন, যাঁ'র গুরু ও ভগবানে অভিন্ন বুদ্ধি আছে। মহাভাগবতকে ভগবান্ হ'তে অভিন্ন—ভগবানের প্রকাশমূর্তি না হ'লে কোনও দিন ভগবানের নাম মুখে উচ্চারিত হ'বে না।

—

নিষ্কপট হরিভজনপরায়ণ পুরুষ বা ভগবদ্ভক্ত প্রসাদ সেবা করেন—ভোগ করেন না। আর ডাল-ভাত খায় ভোগী। ভাত-ডাল খাওয়াটা কর্ম। ভগবদ্ভক্তের প্রসাদ-সম্মান বাহ্যদৃষ্টিতে কর্মেরই মত দেখ্তে পাওয়া গেলেও তাঁ'র দেহ-প্রাণ-আত্মা ভগবৎসেবার্থে সমর্পিত হ'লে সেটা 'কর্ম' নয়, 'সেবা'।

একমাত্র গুরুপাদপদ্মই আশ্রয়াংশরূপ প্রদর্শন করাইয়া আশ্রয়াংশিনীর সেবায় নিত্যাশ্রিত সেবককে অতুল অধিকার প্রদান করেন।

—

বৈকুণ্ঠপথ—স্বরাট্, অপরিবর্তনশীল। বৈকুণ্ঠপথই—পরমেশ্বর। বৈকুণ্ঠপথ ও তার নির্গুণ বৃত্তি প্রকাশ করিয়া জীবের সমস্ত ইন্দ্রিয় নিয়মিত করিয়া থাকেন। অতএব তর্কপথের পরিবর্তে শ্রৌতপথই আমাদের পক্ষে গ্রহণীয়। তর্কপথায় কেবল সময় নষ্ট হয়। আমাদিগকে বৈকুণ্ঠপথের অনুগামী হইতে হবে, বৈকুণ্ঠপথের প্রতিদ্বন্দ্বী হইতে হইবে না। যখন স্বরাট্ বস্তু আমাদের প্রতি প্রসন্ন হন, তখনই আমরা বৈকুণ্ঠপথ গ্রহণ করিতে পারি।

প্রত্যেক মানুষের ধীর হওয়া আবশ্যক প্রাকৃত চাঞ্চল্য যাহাতে না আসে, সে বিষয়ে বিশেষ সচেষ্ট হওয়া কর্তব্য। শ্রেয়ঃ যাহাতে লাভ হয়, মঙ্গলের সেবমুহূর্তে পরার্থ জগতের সমস্ত কথা ছাড়িয়া দিয়া অর্থাৎ Summarily reject করিয়া কেবলমাত্র ভগবদ্ভজন করিব। জগতের সকলেই আমার সর্বনাশ করিবার জন্য প্রস্তুত। এই বান্ধবহীন দেশে 'আত্মার' নামধারী সকলেই ভগবদ্ভজনের প্রতিকূল। আমাদিগকে একমাত্র বৈষ্ণবের আশ্রয় ছাড়া আর আত্মরক্ষার উপায় নাই। কোন মানুষের অন্য কোন কাজই করিবার দরকার নাই—সকলে মিলিয়া কেবলমাত্র ভগবানের সেবকগণের সেবা করুক

[illegible] তীর্থ মহারাজের হরিকথার মর্ম্ম

(কটক শ্রীরামানন্দ-গৌড়ীয়মঠ, ১১।৭।৪০)

যেখানে শ্রীকৃষ্ণ-প্রেষ্ঠ শ্রীগুরু বৈষ্ণবের সেবায় বহু সেবক ও একনিষ্ঠভাবে সর্বদা শ্রীহরি গুরু-বৈষ্ণবসেবায় নিযুক্ত থাকেন, সেখানে পরস্পরের মধ্যে কোন বিবাদ-বিসম্বাদ থাকিতে পারে না, সেখানে কনক-কামিনী-প্রতিষ্ঠা-আশা বিন্দুমাত্র থাকিতে পারে না। সেই স্থানই মঠ এবং সেই স্থানে যাঁহারা বাস করেন, তাঁহারা মঠবাসী।

টিকিটের মূল্য ষোল আনা দিলে যেমন টিকিট পাওয়া যায়, এক পাই কম দিলে পাওয়া যায় না, তদ্রূপ ষোল আনা আত্মনিবেদন করিয়া সাধু-গুরু-বৈষ্ণবের নিকট হরিকথা শ্রবণ করিতে হয়। যেমন সবলাজলপূর্ণ কলসে গঙ্গাজল বা গোদাবরী জল ভরা যায় না, তদ্রূপ বিষয়মলিন চিত্তে হরিকথা শ্রবণ করিলেও মনে থাকে না। "মাধবের কাজ' বলতে ভুল থাকত আপন কাজে"। যে মঠবাসী সারাদিন সেবা কাজে থাকিয়া হরিনাম করে না, সে ঠাকুর ভক্তিবিনোদের চরণে অপরাধ করে।

পঞ্চতত্ত্বরূপ কৃষ্ণের কৃপা ব্যতীত হরিনাম স্ফূর্তি হইবে না। অকিঞ্চন হইতে হইবে। অকিঞ্চন অর্থে ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ, সন্ন্যাসীর কথা বলা হয় নাই যাহার কিছুই নাই তিনিই অকিঞ্চন—কাঙ্গাল। শ্রীহরিনাম তাঁহারই রসনাগ্রে স্ফূর্তিপ্রাপ্ত

কৃষ্ণ আমায় পালে রক্ষে জান সর্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল।

হয়। যাহার কিছু আছে অর্থাৎ বাড়ী আছে, স্ত্রী আছে, সংসার আছে বা ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ, সন্ন্যাস-আশ্রমের অভিমান আছে, তাহার মুখে হরিকথা উচ্চারিত হয় না। অতএব যে কাল পর্য্যন্ত জড়-জগতের বা ব্রহ্মাণ্ডের কোন অভিমান আছে, সে কাল পর্য্যন্ত বৈকুণ্ঠনাম, বৈকুণ্ঠধাম ও বৈকুণ্ঠকাম তাহার হৃদয়ে স্ফূর্ত্তি হয় না। শ্রীগুরুদেব ভারতের প্রায় প্রত্যেক প্রধান প্রধান নগরে কেন্দ্র স্থাপন করিয়া এই বৈকুণ্ঠনাম, বৈকুণ্ঠধাম ও বৈকুণ্ঠকাম প্রকটিত করিয়াছেন। সুতরাং মঠবাসিগণ প্রত্যেক মুহূর্ত্তে শ্রীবৈকুণ্ঠ নাম গ্রহণ করিয়া নামে বাস করিয়া সেবায় নিযুক্ত আছেন। মঠবাসই নামবাস।

শ্রীবাগবাজার গৌড়ীয়মঠ শ্রীমতী বিশাখা দেবীর কুঞ্জ। এই মঠে বা কুঞ্জে শ্রীগৌরসুন্দর আছেন এবং তাঁহার শ্রীরাধাকৃষ্ণ বিগ্রহ আছেন। এই অপ্রাকৃত মঠে বা কুঞ্জে পুরুষাভিমানী নর বা নারীর অবস্থান নাই। যদি কেহ পুরুষাভিমানে অর্থাৎ ভোগবুদ্ধিতে বা সেবাস্বাভিমানে এই মঠে বাস করিবার অভিনয় করে তবে তাহার এই অপ্রাকৃত মঠ বা শ্রীগুরুপাদপদ্মে অপরাধ হবে। 'অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত-গোচর।' সুতরাং শ্রীল প্রভুপাদ-প্রতিষ্ঠিত অপ্রাকৃত মঠগুলি প্রাকৃত-ইন্দ্রিয়গ্রাহ্য নহে। যে মঠবাসী শ্রীগুরু বৈষ্ণবের আনুগত্যে সম্বন্ধজ্ঞানবিশিষ্ট হইয়া অর্থাৎ "গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাস-দাসানুদাসঃ"—আত্মার এই নিত্য কৃষ্ণ-দাসানুদাস-অভিমানে শ্রীগুরু-বৈষ্ণবের শ্রীমুখ-নিঃসৃত শ্রীচৈতন্যবাণী সেবোন্মুখ কর্ণে শ্রবণ করেন এবং শ্রীকৃষ্ণ-অভিন্ন শ্রীনামভজন-কীর্ত্তনমুখে স্বীয় নির্দ্দিষ্ট সেবাকার্য্যে নিযুক্ত আছেন, তিনি অপ্রাকৃত দেহে, অপ্রাকৃত নামাশ্রয়ে, অপ্রাকৃত মঠে অবস্থানপূর্ব্বক অপ্রাকৃত শ্রীহরি-গুরু-বৈষ্ণব-সেবা করিবার যোগ্যতা লাভ করেন এবং মঠবাসের অধিকার পান।

নামাপরাধশূন্য হইলে নামাভাস হয়। সম্বন্ধজ্ঞান-রহিত নামাপরাধশূন্য যে নাম তাহাই নামাভাস। নামাভাসশূন্য যে নাম তাহাই শুদ্ধনাম। নামাভাসে বিষয়বন্ধন হইতে মুক্ত হওয়া যায়; মুক্ত হইলে ভজনলাভ হয়। সতী নারী যে প্রকার অনুরাগে ২৪ ঘণ্টা স্বামীর সেবা করে, অন্য লোকেদের অথবা পরপুরুষের সঙ্গ করে না, কখনও তাহার মনোভাব থাকে না এবং স্বামীও অসন্তুষ্ট হন না, তদ্রূপ মঠে থাকিয়া আমরা যদি ২৪ ঘণ্টার মধ্যে ২৪ ঘণ্টা নিষ্কপটে শ্রীগুরুদেবের অভিন্ন শ্রীনামাচার্য্যের আনুগত্যে সম্বন্ধজ্ঞানে নিত্যপতি শ্রীনাম প্রভুর সেবা করি এবং এক সেকেণ্ডের জন্য দেহাত্মবুদ্ধি বশতঃ কৃষ্ণের ভোগের জিনিষগুলিকে পুরুষাভিমানে ভোগবুদ্ধি না করি অর্থাৎ কৃষ্ণকে বাদ দিয়া নিজে কৃষ্ণ না সাজি, তাহা হইলে আমাদের মঠবাস হয় এবং আমরা গুরু-কৃষ্ণের একনিষ্ঠ সেবক বলিয়া গণ্য হইতে পারি। আর যদি তাহা না করিয়া অসতী হই, তাহা হইলে 'বিষয়সুখ সকলি মাধব' এই গুরুবাক্য লঙ্ঘন করিয়া গুর্ব্বজ্ঞা-অপরাধী হই। সুতরাং নামাপরাধীর কখনও ভজনলাভ হয় না। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর আনুগত্য স্বীকার না করিলে আমাদের মঠবাস হইবে না, এবং তাঁহার শ্রীচরণে অপরাধ হইলে মঠ হইতে বিতাড়িত হইতে হইবে।

যে প্রকার একটা টাকা পকেটে আসিলে সদ্ব্যক্তি সেই টাকা দ্বারা সাধুসেবা করেন; কারণ তিনি জানেন, এই টাকাটা কৃষ্ণ পাঠাইয়া দিয়াছেন—সাধু-গুরু-বৈষ্ণব-সেবায় লাগাইবার জন্য এবং আরও জানেন, টাকা কিছুকালের জন্য পকেটে আসে বটে, কিন্তু পরক্ষণেই অন্যত্র চলিয়া যাইবে, সুতরাং যতক্ষণ আমার হাতে বা পকেটে থাকে, ততক্ষণ আমার সদ্ব্যবহার দ্বারা শ্রীগুরু-বৈষ্ণবের সেবা করাই কর্ত্তব্য। কারণ উহার মালিক—গুরু বৈষ্ণবগণ। তদ্রূপ যাহারা সত্য সত্য ভজনশীল, তাহাদের বিচার এই যে, জীবাত্মা কিছুকালের জন্য এই মায়িক দেহে অবস্থান করিতেছে কখন যে দেহ ছাড়িয়া চলিয়া যাইবে তাহার নিশ্চয়তা নাই। সুতরাং

"যাবৎ আছয়ে প্রাণ, দেহে আছে শক্তি।
তাবৎ করিব আমি গুরুকৃষ্ণ ভক্তি"।—

ইহাই প্রত্যেক জীবের স্বতন্ত্রতার সদ্ব্যবহার। আর যাহারা টাকাটা পাইয়া মনে করে যে, আমি পরিশ্রম করিয়া পাইয়াছি, সুতরাং এই টাকাটা আমার; আমার টাকা দিয়া আমি ইন্দ্রিয়তর্পণ করিব, কাহারও কথা শুনিব না। আমার ইন্দ্রিয়তর্পণের জন্য এই জগৎ সৃষ্টি হইয়াছে, জগতের যত স্ত্রীলোক, যত ভোগের জিনিষ, যত সম্পত্তি সকলেরই মালিক আমি,—আমি সকলেরই কর্ত্তা ও ভোক্তা—বদ্ধজীবের দেহাত্মবুদ্ধি বশতঃ পুরুষাভিমানে এইরূপ বিচার, বুদ্ধি ও স্বতন্ত্রতার অপব্যবহারফলে তাহার নরকযন্ত্রণা অবশ্যম্ভাবী।

গুরুবাণীই গুরু

(শ্রীসত্যকৃষ্ণ দাস ভক্তিশাস্ত্রী বি-এ)

পরমকরুণাময় পতিতপাবন শ্রীশ্রীগুরু-পাদপদ্মের শ্রীমুখনিঃসৃত পরমামৃতময় কথাই গুরু। তাঁহার কথাই সকল কথার উপর প্রভাব বিস্তার করে, জগতের কোন বড় কথা বা কোন বড় ব্যক্তি তাঁহার কথা বা তাঁহার উপর প্রভাব বিস্তার করিতে পারে না। তাঁহার বাণীর নিকট জগতের কোন কথাই তাহার নিরাকরণ বা সহায়তা সংরক্ষণ করিতে সমর্থ হয় না। গুরুবাক্য সত্য, সনাতন, নিত্য, বেদসার, কৃষ্ণসুন্দর ও সর্ব্বজীবের নিত্যমঙ্গলদায়ক। তিনি বাণী বা শব্দরূপে আত্মপ্রকাশ করেন। কীর্ত্তন করিয়া তিনি শরণাগত সেবকের হৃদয়ে স্বরূপ প্রকাশ করেন—সম্বন্ধাদি শিক্ষা দেন। কীর্ত্তন করিয়া তিনি শব্দের সাহায্যে শরণাগতকে রক্ষা করেন, স্বীয় অশোক-অভয়-অমৃত-আধার শ্রীপাদপদ্মে আশ্রয় প্রদান করেন। শব্দরূপে কীর্ত্তনের দ্বারা তিনি নিষ্কপট সেবকগণকে জগতের সকল বস্তুর কবল ও প্রবল আক্রমণ হইতে সতত রক্ষা করিয়া আশ্রয় দান করেন বলিয়াই তাঁহার কথা গুরু। মহাজনও বলিয়া থাকেন, গুরুর বাণী গুরু হইতে অভিন্ন। বাণীরূপে তিনি সকল সংশয় দূর করেন সকল সমস্যার সমাধান করেন ও নিজের স্বরূপ ও আত্মস্বরূপ নিজেই প্রকাশ করেন, দ্বিতীয় বস্তুর অপেক্ষা রাখেন না। তাই তাঁহার কথাও গুরু। ঠাকুর শ্রীল নরোত্তম এই গুরুবাণীর মহিমা এইরূপ কীর্ত্তন করিয়াছেন—

অনাদি নিত্যানিত্য যে কৃষ্ণের নামে।
ধন-কুল-বিদ্যা মদে তাহা নাহি জানে॥
যে কৃষ্ণের নামে হয় জগৎ পবিত্র।
না বলে দুঃখিত জীব তাহার চরিত্র॥
অঘ বক-পুতনারে যে কৈল মোচন।
না করে পামর জীব তাঁ'র শ্রবণ, কীর্ত্তন॥
ধাতুরূপে সর্ব্বদেহে বৈসে [illegible]।
তাঁ'র সনে প্রীতি করে, তারে করে ভক্তি॥
যে পিতার কোলে পুত্র বৈসে মহাসুখে।
বাহু মেলে সেই পুত্র আমি দেখ সুখে॥
কৃষ্ণ মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণধন প্রাণ।
অহর্নিশ চিত্ত কৃষ্ণ লহ কৃষ্ণনাম॥
কৃষ্ণের সংসার কর ছাড়ি অনাচার।
জীবে দয়া, কৃষ্ণনাম সর্ব্বধর্ম্মসার॥

শ্রীগুরুমুখপদ্মবাক্য (চিত্তেতে করিয়া ঐক্য
আর না করিহ মনে আশা।
শ্রীগুরুচরণে রতি সেই সে উত্তম গতি
যে প্রসাদে পূরে সর্ব্ব আশা॥

তাঁহার কথাই সর্ব্বজয়শ্রীমণ্ডিত কৃষ্ণ-সংকীর্ত্তন। তাঁহার কথাতেই একমাত্র চিত্তদর্পণ পরিমার্জ্জিত হয়, ভবমহাদাবাগ্নি নির্ব্বাপিত হয়, অখিল কল্যাণ সমুদিত হয়, বাস্তবিক বিদ্যায় অহঙ্কারনির্ম্মুক্ত হইয়া কৃষ্ণসম্বন্ধজ্ঞান লাভ হয়, অপ্রাকৃত আনন্দের উদয় ও বর্দ্ধন হয় এবং পূর্ণ নিত্য রসাস্বাদন হয়। গুরুবাণীই শ্রীগৌরবাণী। শ্রীগৌরসুন্দর স্বয়ং কলিযুগে প্রকটিত হইয়া এই বাণী কীর্ত্তন ও প্রচার করেন। এই বাণীর আবির্ভাব ও তিরোভাব হয়, কিন্তু ধ্বংস হয় না। এই বাণী প্রথমে স্বয়ং ভগবান্ ব্রহ্মাকে বলিয়াছিলেন এবং গুরু-পরম্পরায় তাহা জীবগণের জন্য জগতে প্রবহমান আছে। যেরূপে এই বাণীই ভগবান্ 'প্রপঞ্চ পয়োধি' হইতে উদ্ধার করেন। শ্রীব্যাসদেব শ্রীমদ্ভাগবতে এই কথাই কীর্ত্তন করিয়াছেন। শ্রীশুক-পরীক্ষিৎ ও শ্রীসূত গোস্বামী প্রভৃতি সকলেই এই বাণীই আলোচনা করিয়াছেন এবং সম্প্রতি ইহা গৌড়ীয় ও শ্রীনদীয়াপ্রকাশাদিরূপে নিঃশ্রেয়সপ্রার্থিগণ কর্ত্তৃক পরিসেবিত হইতেছেন, বিশ্বের সর্ব্বত্র কীর্ত্তিত ও প্রচারিত হইতেছেন। এই বাণীবন্যা নিখিল জগৎকে প্লাবিত করিতে সর্ব্বতোমুখী হইয়া প্রবাহিত হইতেছেন।

নিতাই গুণমণি আমার নিতাই গুণমণি।
আনিয়া প্রেমের বন্যা ভাসাল অবনী॥
প্রেমের বন্যা লইয়া নিতাই আইলা
গৌড়দেশে।
ডুবিল ভকতগণ দীন হীন ভাসে॥
দীন হীন পতিত পামর নাহি বাছে।
ব্রহ্মার দুর্লভ প্রেম সবাকারে যাচে॥
আবদ্ধ করুণা-সিন্ধু নিতাই কাটিয়া মুহান।
ঘরে ঘরে বুলে প্রেম-অমিয়ার বান॥
লোচন বলে মোর নিতাই যেবা না ভজিল।
জানিয়া শুনিয়া সেই আত্মঘাতী হৈল॥

হায়! কবে এই বাণীবন্যার নিষ্কপট শরণ গ্রহণ করিয়া সমস্ত কথারূপী গুরুর সঙ্গ লাভ করিতে পারিব, তাঁহার পাদপদ্মে দৃঢ়রূপে নিত্যকালের জন্য আশ্রয় লাভ করিয়া কৃতার্থ হইতে পারিব। সাধুগণ বলিয়া থাকেন, শরণাগত হইয়া আত্মনিবেদন করিলে, পুরুষাভিমান ত্যাগ করিয়া কাঙ্গাল হইতে পারিলে এই বাণীর কৃপালাভ করিয়া আশ্রয় পাওয়া যায়। কিন্তু শরণাগত হইতে ত' পারিলাম না, আত্মনিবেদন ত' দূরে

যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস। তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ॥

না, পূজ্যাভিমানই ত' প্রবল হইয়া গেল, কাঙ্গাল হওয়ার ইচ্ছা ত' জাগিল না! এই জগতের কিছু না কিছু একটা লইয়াই আমার মন ত' থাকিতে চায়! নিষ্কিঞ্চনের পদধূলি হওয়ার নিষ্কপট আকাঙ্ক্ষা প্রবল হইল কৈ? তাই প্রার্থনা, হে গুরুদেব! তোমার কথা আমার হৃদয়ে নিত্যকাল প্রভাব বিস্তার করুক, আশ্রয়হীন আমাকে তোমার পাদপদ্মে নিত্যাশ্রয় প্রদান করুন, আমার পূজ্যাভিমান বিদূরিত হউক, তোমার অকপট কৃপার কাঙ্গাল যেন হইতে পারি। তোমার কথার শতমুখে আবৃত্তি করিতেছেন যাঁহারা, তোমার সেই নিষ্কপট নিষ্কিঞ্চন সেবকগণের যেন পদধূলি হইবার অকপট আকাঙ্ক্ষা হৃদয়ে জাগরিত হয়।

মোহ-নিদ্রা

(শ্রীনিতাইলাল ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

আমরা শ্রীশ্রীগুরুদেবের শ্রীমুখে নিম্নোক্ত উপনিষদের বাণীটি শ্রবণ করিতে পাই—

উত্তিষ্ঠত, জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত।
ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া।
দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি॥

(কঠ)

এখানে শাস্ত্র সমগ্র প্রাণিজগৎকে আহ্বান করিয়া বলিতেছেন—হে জীব! উঠ জাগ, ভোগিসজ্জার্পণে বিরত না থাকিয়া ভোগত্যাগে বা দেহমনোধর্মে ব্যস্ত না হইয়া, জীবকে যিনি উত্তমশ্লোকের সেবায় নিযুক্ত করিতে পারেন, সেই অপ্রাকৃত মহোত্তম শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে আত্মসমর্পণপূর্ব্বক দিব্যজ্ঞান লাভ করত জীব জন্মমৃত্যু সংসার হইতে উদ্ধার লাভ করে। সর্ব্বক্ষণ শ্রীশ্রীআচার্য্যপ্রদত্ত দিব্যজ্ঞানে সংযুক্ত না থাকিলে, শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণবসেবায় সতর্ক না থাকিলে সংসার হইতে উদ্ধার লাভ হয় না। আমরা অনেকসময় মনে করি, আমরা ত' জাগিয়াই আছি, আমরা আবার জাগ্রত হইব কি? আমরা বিজ্ঞানের দ্বারা কত নূতন নূতন দ্রব্য ও যন্ত্রাদি আবিষ্কার করিয়াছি ও করিতেছি এবং আরও কত করিব। এই সকল কি নিদ্রিত ব্যক্তি করিতে পারে? কিন্তু আমরা সাধুশাস্ত্র-গুরুবাক্যে জানিতে পারি যে, বাস্তবিকই আমরা আত্মরাজ্যে নিদ্রিতই আছি। তাই বৈষ্ণবাচার্য্য গাহিয়াছেন—

জীব জাগ জীব জাগ গোরাচাঁদ বলে।
কত নিদ্রা যাও মায়া-পিশাচীর কোলে॥

আমাদের প্রশ্ন হইতে পারে তবে কি আমরা সর্ব্বক্ষণ নিদ্রিত আছি? উত্তরে আমরা গীতার বাণীশ্রবণে জানিতে পারি।

যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী।
যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ॥
(গীঃ ২।৬৯)

কৃষ্ণবিস্মৃতাবস্থায় ভোক্তৃ-অভিমানে দেহমনের বৃত্তির পরিচালনা করিয়া বিষয়-গ্রহণে যে জাগ্রতাভিমান, তাহা মোহনিদ্রা। এই মোহনিদ্রা ভাঙ্গাইবার জন্যই পরমদয়াল ভগবান্ বিভিন্নরূপে প্রকটিত থাকিয়া জীবকে কৃপা করেন। তিনি একই সময় চৈত্তগুরু-রূপে জীবের হৃদয়ে প্রকাশিত হইয়া মহান্ত বা জগদ্গুরু আচার্য্যরূপের সহিত সাক্ষাৎ করান। আবার আশ্রয়বিগ্রহ বা কীর্ত্তন-কারিবিগ্রহরূপে সর্ব্বক্ষণ শব্দব্রহ্ম কীর্ত্তন করিয়া দুই ভাগবতের স্বরূপ দর্শন করান। গুরুকৃপা ব্যতীত মোহনিদ্রা কিছুতেই ছাড়ে না। আবার গুরু-নিজজন বৈষ্ণবের কৃপা না হইলে গুরুদর্শন হয় না। কৃষ্ণ হইতে অভিন্ন কৃষ্ণশক্তি শ্রীগুরুদেব কৃষ্ণদ্বয়ের জন্যই কৃষ্ণেচ্ছায় সপার্ষদে বৈকুণ্ঠ হইতে জগতে প্রকটিত হইয়া আচরণ করিয়া কৃষ্ণভক্তি শিক্ষা দেন। নিষ্কপট হইলেই সেই শিক্ষা লাভ করা যায়। কোন পথ-শ্রান্ত পথিক যদি পথ হারাইয়া ভীষণ অরণ্যে ঘুরিতে থাকে এবং পরিশ্রান্ত হইয়া অরণ্যের মধ্যেই নিদ্রিত হইয়া পড়ে এবং সেই সময় যদি কোন করুণ-হৃদয় ব্যক্তি সেই নিদ্রিত ব্যক্তিকে পথ দেখাইয়া তাহার দেশে পৌঁছাইয়া দিবার জন্য আহ্বান করেন, তখন সেই নিদ্রিত পথভ্রান্ত ব্যক্তি তৎক্ষণাৎ উঠিয়া আশ্বস্ত হইয়া তাহার শরণাপন্ন হইয়া থাকেন। কিন্তু যদি সেই পথভ্রান্ত ব্যক্তি নিদ্রাভঙ্গ হইবার পরও অর্থাৎ আহ্বান শুনিতে পাইয়াও ক্ষণিক নিদ্রাসুখ অনুভবের জন্য (যে নিদ্রাসুখ ভীষণ জন্তুর গর্জ্জনেই তাহাকে কিছুক্ষণ পরে ত্যাগ করিয়া ভয়ঙ্কর হিংস্রজন্তুপূর্ণ অরণ্যে প্রাণনাশের ভয়ে ব্যাকুল করিয়া অনাহারে ভ্রমণ করাইবে) সেই হিতৈষীর ডাকে সাড়া না দেয়, কপটতা করিয়া জাগিয়াও ঘুমের ভাণ করিয়া থাকে, তবে তাহাকে পরিণামে অনন্ত দুঃখই ভোগ করিতে হইবে। স্বদেশে যাইয়া আত্মীয়স্বজনের সহিত মিলিত হইয়া আর আনন্দ অনুভব করিতে হইবে না।

আমি একটু স্থিরচিত্তে চিন্তা করিলে বুঝিতে পারি, আমিও ঠিক সেই কপট ঘুমন্ত ব্যক্তির মতই বহুজন্ম ধরিয়া মোহনিদ্রায় বিভোর আছি। "জীবের স্বরূপ হয় কৃষ্ণের নিত্যদাস"। "স্বরূপে সবার হয় গোলোকেতে স্থিতি" প্রভৃতি স্বরূপের ও স্বদেশের কথা একেবারেই ভুলিয়া গিয়াছি। পরমকরুণাময় শ্রীশ্রীগুরু-পাদপদ্ম আমাদের মধ্যে নিত্য প্রকটিত থাকিয়া সর্ব্বক্ষণ চৈতন্যবাণী কীর্ত্তন করিতেছেন, চতুর্দ্দশ ব্রহ্মাণ্ড পার করাইয়া বিরজা-ব্রহ্মলোক অতিক্রম করাইয়া বৈকুণ্ঠধামে নিত্য ভগবল্লোকে লইয়া যাইবার জন্য, মায়া-মোহ-নিদ্রা ভাঙ্গাইয়া শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণবের নিত্য সেবাধানের জন্য সর্ব্বক্ষণ বৈকুণ্ঠবাণী কীর্ত্তন করিতেছেন, কিন্তু আমি ঐ পথিকের ক্ষণিক নিদ্রাসুখের ব্যাঘাত হইবে বলিয়া পথপ্রদর্শকের আহ্বান শুনিয়াও সাড়া না দিয়া অনন্ত দুঃখই বরণ করার ন্যায় বহু দুর্ল্লভক্ষণে অনর্পিতচর-প্রেমপ্রদানকারী শ্রীগৌরসুন্দরের শ্রেষ্ঠ শ্রীরূপানুগবর্য্য শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মের কৃপাসন্দর্শনের মহান্ সুযোগ পাইয়াও জড় দেহমনের সাময়িক সুখবিধানের জন্য বহুপ্রকারের কপটতা আশ্রয়পূর্ব্বক তাঁহার শ্রীপাদপদ্মে নিষ্কপটে আত্মসমর্পণ না করিয়া নিত্যমঙ্গল হইতে চিরবঞ্চিত হইতেছি, এমনই আমার দুর্দ্দৈব! তাই আজ শ্রীশ্রীভক্তিবিনোদ-গৌরসরস্বতীর অভিন্নবিগ্রহ জগদ্গুরু পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের নিজজনের শ্রীচরণে আমার এই প্রার্থনা, যেন তাঁহাদের অহৈতুকী কৃপা লাভ করিয়া শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে নিষ্কপটে শরণাগত হইয়া এই অনর্থযুক্ত ঘৃণ্য জীবনটা ধন্যাতিধন্য করিতে পারি।

শ্রীগৌড়ীয়মঠে হরিকথা

কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে ত্রিদণ্ডিপাদ শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ ও শ্রীল ভক্তিবৈভব সাগর মহারাজ নিয়মিত হরিকথা কীর্ত্তন করিতেছেন। প্রত্যহ প্রাতে, অপরাহ্ণে ও সন্ধ্যায় নিয়মিতভাবে শ্রীচৈতন্যভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা হইতেছে।

ধামে শ্রীগুরুপূজা-মহোৎসব

গত ৬ই সেপ্টেম্বর ২১শে ভাদ্র শুক্রবার শ্রীধাম মায়াপুরে শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীগুরুপূজা মহোৎসব নিরন্তর হরিসংকীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে শ্রীধামবাসী ভক্তবৃন্দ সংকীর্ত্তনমুখে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারী জীউর মঙ্গলারাত্রিক সমাপনান্তে গুরুবৈষ্ণববন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব ও রূপানুগবাঞ্ছক বাণীযুক্ত মহাজনপদাবলী কীর্ত্তন করেন। তৎপরে শ্রীপাদ সর্ব্বকিশোর দাস ভক্তিশাস্ত্রী ও পণ্ডিত শ্রীপাদ মধুমঙ্গল দাস কাব্যতীর্থ মহোদয় শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথা অনেকক্ষণ যাবৎ আলোচনা করেন। পাঠের পর অবিদ্যাহরণ-নাটমন্দিরে পুনরায় কীর্ত্তন হইতে থাকে।

অতঃপর ভক্তগণ সংকীর্ত্তন করিতে করিতে শ্রীশ্রীল প্রভুপাদের সমাধিমন্দিরে গিয়া গুরুবৈষ্ণববন্দনার পর সংকীর্ত্তনমুখে শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করেন। পুষ্পাঞ্জলি প্রদানের পর ভোগারাত্রিক-কীর্ত্তন হইলে সমাগত বহু ব্যক্তিকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়।

শ্রীচৈতন্যমঠের সেবকগণ অবিদ্যাহরণ-নাটমন্দিরে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আলেখ্য বিচিত্রবর্ণের পত্রপুষ্প ও বস্ত্রাদির দ্বারা একটী উচ্চ কাষ্ঠাসনে সুসজ্জিত করেন। অপরাহ্ণে শ্রীচৈতন্যমঠে গুরুবৈষ্ণব-বন্দনা, পঞ্চতত্ত্ব, মহাজনপদাবলী কীর্ত্তনের পর ভক্তগণ শ্রীশ্রীগুরুপূজা-সংখ্যা গৌড়ীয় ও শ্রীনবদ্বীপপ্রকাশ পাঠ করেন। সন্ধ্যারাত্রিকের পর অবিদ্যাহরণ-নাটমন্দিরে আহূত এক মহতী সভায় শ্রীপাদ অনন্ত ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীশ্রীল আচার্য্যদেবের অপার করুণা ও অসমোর্দ্ধ মহিমার কথা অনেকক্ষণ যাবৎ কীর্ত্তন করিয়া শ্রোতৃবৃন্দের চিত্তাকর্ষণ করেন। এতদ্ব্যতীত ভক্তগণ প্রায় সমস্ত দিন ইষ্টগোষ্ঠীমুখেই হরিকথা আলোচনা করেন। শ্রীশ্রীগুরুপূজা উপলক্ষে মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভুর দ্বারা প্রকাশিত শ্রীশ্রীমদ্ আচার্য্য সংলাপ গ্রন্থও আলোচিত হয়।

জীবে সাক্ষাৎ নাহি তাতে গুরু চৈত্ত্যরূপে। শিক্ষাগুরু হন কৃষ্ণ মহান্তস্বরূপে॥

অন্তর্ভুক্ত-মঠসমূহ

১) শ্রীচৈতন্যমঠ[illegible]
প্রাচীন নবদ্বীপ, ঠাকুর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৬
সেবক—শ্রী[illegible]দেব দাসাধিকারী

৩। যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]গৌরাঙ্গ ব্রহ্মচারী

(৭) কাজি সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমদনানন্দ ব্রহ্মচারী

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণ দাসাধিকারী

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) [illegible]-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) [illegible]-গৌড়ীয়মঠাশ্রম
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
[illegible], নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
[illegible] - (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) [illegible]
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) [illegible]
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ [illegible], (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
[illegible], পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

(২১) [illegible]-গৌড়ীয়মঠাশ্রম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(২৫) [illegible]-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
নুতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীমাধব দাসাধিকারী

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible]চৈতন্য দাস

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রীমহাপুরুষ দাসাধিকারী

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], জেঃ [illegible], সি. পি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড গয়া
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৩৩ [illegible] গৌড়ীয় মঠ
৮১১৭ বড় গদৌলিয়া, বেনারস সিটি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী

(৩৫) পরমহংস মঠ,
পোঃ [illegible] সীতাপুর ইউ পি)
শ্রীমদনমোহন ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা
সেবক—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরানশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলকণ্ঠ ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৯) [illegible]
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪১) রাধাকৃষ্ণ গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীহরিদাস ব্রজবাসী

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৪৪) [illegible] গৌড়ীয়মঠাশ্রম
পোঃ [illegible], মথুরা
সেবক—ঐ

(৪৫) [illegible] গৌড়ীয়মঠাশ্রম
পোঃ [illegible], মথুরা

(৪৬) গোষ্ঠবিহারী মঠ—[illegible],
পোঃ [illegible], জেলা গুজরাট (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]গোবিন্দ দাসাধিকারী

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৪৪নং [illegible] রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীপুণ্ডরীক পাণ্ডা

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible] হিল, বোম্বে
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
সেবক—শ্রীরেবতীরমণ ব্রহ্মচারী

(৫১) রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী মাদ্রাজ
—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
[illegible], পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

(৫৩) পুরুষোত্তম মঠ
[illegible] পোঃ পুরী উড়িষ্যা.
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৪) ভক্তিকুটী—[illegible] পুরী
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

৫৫ [illegible]
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], পুরী
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৭) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-প্রচার-কেন্দ্র
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রীত্রিভুবনমোহন দাস ব্রহ্মচারী

(৬০) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible], মেদিনীপুর
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬১) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মেদিনীপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] প্রপন্নাশ্রম মঠ
পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৩) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], (যশোহর)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৩০১ নং ডালহৌসি ষ্ট্রীট, রেঙ্গুন।
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

(৬৫) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ৩
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, ই ৫
সেবক—স্বামী বিনোদবাণী দাসী

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৭) গৌড়ীয়মঠ আফিস
সুন্দরবাগ, লক্ষ্ণৌ। ইউ-পি
সেবক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ আফিস,
[illegible] ([illegible])
সেবক—শ্রীঅচিন্ত্যগোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
[illegible] (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭১) [illegible]
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনবীনগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-প্রকাশ-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		৷৵০	।০
" " ইঞ্চি ২৲			১৷০	৸
সিকিকলম ৫৲	৪৲			৩৲
অর্দ্ধকলম ৮৲	৭৲		৭৲	৬৲
" এক কলম ১৪৲	১০৲		১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩৲	৪॥০
" সিকি কলম ১৩৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক "	৬৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	৸

প্রতি সংখ্যা ৵৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জীসমূহ সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সকল সরল প্রণালীটি ইহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই পরমানন্দিত ও পরম উপকৃত হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল। গ্রন্থটী পাইকা টাইপে অতিসুন্দর কাগজে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—মহুয়া প্রেস, আর্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ইহাতে ১০০টী উপাখ্যান, প্রবাদ ও প্রায় ৫০টী চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১।০ আনা। প্রাপ্তিস্থান—মহুয়া প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তি- সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে ইহার ভিক্ষা মাত্র আট আনা।

ধাম-মায়াপুরে

—(১০১)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খাওয়া ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা আনুপূর্ব্বিকভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৫৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিষ্ণুলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ গবেষণার পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে মোটা অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ তৎপরে শ্রীল শ্রী বলদেবকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান- শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সংস্কারক শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অপ্রমেয় জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রণালীতে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের শুভেচ্ছায় ন্যায়বিদ্যাশাস্ত্রবিৎ ও লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান- ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্‌শ কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক বিদ্যাবিনোদ মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্র ... এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত আবাহন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে বহু উচ্চ এই গ্রন্থ, ভারতীয় ও আন্তর্জাতিক এবং মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সার আলোচনা। প্রথম খণ্ডই ৩০টি অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword) প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয় তালিকা (Contents) গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) । একখানি প্রকাশিত। ভিক্ষা—১৫. পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ ... মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৪১	৬-১৯	৭ ১০	১৩-১৬	১৬-৫৩	১৭-৫৩	২২-৫১
দমদম ,,	৪-৫৮	৬-৩৫	৭-৩০	১৩ ৩৭		১৮-১২	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৬-১৮	৮ ০ ৭	৯-১৬	১৫-৩	১৮-৩৪	১৯-৪২	০ ২৫
(বদল) ছাঃ	৬-৩০	৮-৫	৯-৩৩	১৫-১৭	১৮-৪২	১৯-৫৭	০-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-৩৪	৮-৩৮	১০-৮	১৫-৫১	১৯-১৭	২০-২২	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১		১৫-০	১৭-৩২	০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৫-৪০	১৮-১১	১-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-২
দমদম ,,	১১-২০
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪
ছাঃ	১৫-০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৪০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮	৯-১০	১৪-১৬	১৬-০	১৮ ৩১
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৬	৯ ৪৮	১৪-৫৫	১৬-৩৮	১৯-১১

ছাঃ	৭-৯	৮-৫০	১১-৪১	১৬-৫৩	১৯-২	২০-৫৭	০-৩৬
রাণাঘাট পৌঃ	৭-৪৪	৯-২৩	১২-২৩	১৭-৩১	২০-১০	২১-২১	৪-১৫
(বদল) ছাঃ	৭-৫২	৯-২৮	১২-৩৩	১৭-৪৩	২০-১৮	২১-৩৪	৪-২৩
দমদম ,,		১১-৩		১৯-০		২৩-৯	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪-২২	১৯-২৩	২১-৫৫	২৩-২৩	৫-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ	১৪ ১৬
কৃষ্ণনগর পৌঃ	১৪-৫৫
ছাঃ	১৫-১৭
শান্তিপুর পৌঃ	১৫-৫১
(বদল) ছাঃ	১৬-৫০
রাণাঘাট পৌঃ	১৭-৩৪
(বদল) ছাঃ	১৭-৪৩
[illegible]	১৯-২৩

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকা(শ)" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হই(য়া) থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

উহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক ... প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় দুর্ব্বল পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় ... অত্যন্ত অধিক। ... যাঁহারা সংযুক্ত ... এবং ... একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ... ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর ...

—৬১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
বেহালা, ২৪ পরগণা।

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীযুত শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ খণ্ড । শ্রীমায়াপুর — ২৫শে ভাদ্র ১৩৪৭, ১০ই সেপ্টেম্বর, ১৯৪০ মঙ্গলবার ১৬১তম সংখ্যা

নানা-সংবাদ

——::(০)::——

ক্যাটিগাটে জার্মান-জাহাজ ডুবি

ষ্টকহলমে জানা গিয়াছে যে, একখানি বৃটিশ-সাবমেরিণ গত সোমবার সকালে ক্যাটিগাট উপসাগরে (বাল্টিক সাগরের প্রবেশপথে) "মোরসন" নামক সৈন্যবাহী জার্মান-জাহাজকে (১০ হাজার টন) টর্পেডো দ্বারা ডুবাইয়া দিয়াছে। এ শতের বেশী আরোহী উদ্ধার পায় নাই এবং তিন হাজারেরও অধিক জার্মান জলে ডুবিয়া গিয়াছে বলিয়া অনুমিত হইতেছে।

নরওয়ে অভিযানে সৈন্য লইয়া সোমবার অপরাহ্ণ ৭ঘটিকায় ঐ জাহাজ খানি ডেনমার্কের কোন বন্দর হইতে ফ্রেডারিক সাউন্ড অভিমুখে যাত্রা করিয়াছিল। একখানি ডেষ্ট্রয়ার ও ক্রুজার সঙ্গে ইহাকে পাহারা দিয়া লইয়া আসিতেছিল। রাত্রি প্রায় ৭॥টার সময় সাবমেরিণখানি ঐ জাহাজের নিকট পৌঁছে ও ইহাকে লক্ষ্য করিয়া টর্পেডো ছোঁড়ে। জাহাজের ঠিক মধ্যস্থলে টর্পেডো লাগার পরে সাবমেরিণখানি অদৃশ্য হয়। ভীষণ বিস্ফোরণে জাহাজখানা দ্বিখণ্ড হইয়া জলে ডুবিয়া যায়। ডেষ্ট্রয়ার ও ট্রলার অন্ধকারে নিমজ্জিত ব্যক্তিদিগকে উদ্ধার করিতে চেষ্টা করে এবং বেতারে বিপদের বার্ত্তা জানাইয়া সাহায্য চাওয়া হয়। ডেনমার্কের বহু ট্রলার উদ্ধারকার্য্যে সাহায্য করিয়াছিল। ডেনমার্কের উত্তর সীমা স্কাগেন অন্তরীপ ও ক্যাটেগাট [illegible] মধ্যে এই ঘটনা ঘটে। নরওয়েজে [illegible] জেলেদিগকে দুইদিন ছুটি দেওয়ার জন্য ঐ সকল সৈন্য উদ্ধার পাঠান হইতেছিল।

সুইডেনের পশ্চিম উপকূলে লিসেকিলে প্রকাশিত সংবাদে প্রকাশ, এক পক্ষকাল পূর্ব্বে স্কাগেরাকে আর একখানি সৈন্যবাহী জাহাজ টর্পেডো দ্বারা ডুবাইয়া দেওয়া হইয়াছিল।

ব্রহ্ম প্রতিনিধি পরিষদ

চিট পে কে শাসনতন্ত্র পরিষদের অধিবেশনে যোগদান করিবার অনুমতি দিবার জন্য সরকারকে অনুরোধ করিয়া গত ২রা সেপ্টেম্বর একটি প্রস্তাব গৃহীত হয়। প্রস্তাবটী কার্য্যকরী না হওয়ায় গত ৫ই সেপ্টেম্বর প্রতিনিধি পরিষদের অধিবেশনে সরকারের অকর্ম্মতা সম্পর্কে আলোচনা করিবার জন্য একটি মুলতবী প্রস্তাব উত্থাপিত হয়। দীর্ঘকাল আলোচনার পর প্রধানমন্ত্রী জানান যে, চিট পে যদি তাঁহার উপর ৯ মাস কারাদণ্ডের যে আদেশ হইয়াছে তাহা প্রত্যাহারের জন্য আবেদন করেন, তবে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিবেন। অতঃপর প্রস্তাবটী প্রত্যাহার করিয়া লওয়া হয়।

মঙ্গোলিয়াতে জাপ-প্রিন্স নিহত

প্রিন্স নাশিমা কিও সাওকাওয়া অন্তঃ-মঙ্গোলিয়াতে এক বিমান দুর্ঘটনায় নিহত হইয়াছেন বলিয়া সরকারীভাবে ঘোষণা করা হইয়াছে। প্রিন্সের বয়স ২৯ বৎসর এবং তিনি সৈন্যবাহিনীতে গোলন্দাজ ক্যাপ্টেন ছিলেন।

অস্ট্রেলিয়া নিবন্ধন এডমিরাল [illegible] গত ৪ঠা সেপ্টেম্বর পদত্যাগ করায় ইয়র্কশায়ারের নৌ-ঘাঁটির অধ্যক্ষ এডমিরাল কোলভিন ঐ-কাজে নৌ-সচিব নিযুক্ত হইয়াছেন।

———

বঙ্গীয় ব্যবস্থাপক সভার অধিবেশন

গত ৪ঠা সেপ্টেম্বর বৃহস্পতিবার পুনরায় ব্যবস্থাপক সভার অধিবেশন আরম্ভ হইলে ১৯৪০ খৃষ্টাব্দের বঙ্গীয় সমবায় সমিতি বিলে স্বতন্ত্রভাবে হিসাব পরীক্ষার ব্যবস্থা করা উচিত কিনা তৎসম্পর্কে আলোচনা হয়। বর্ত্তমান ব্যবস্থায় সমবায় সমিতির হিসাব পরীক্ষার জন্য রেজিষ্ট্রারই দায়ী। কৃষক-প্রজা পার্টির মিঃ হুমায়ুন কবীর প্রস্তাব করেন যে, রেজিষ্ট্রার ও সমবায় সমিতি বিভাগ হইতে স্বতন্ত্র এবং গভর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত একটী প্রতিষ্ঠান দ্বারা প্রত্যেক সমিতির হিসাব পরীক্ষার ব্যবস্থা করা কর্ত্তব্য। প্রস্তাবের সমর্থনে তিনি বলেন যে, প্রত্যেক প্রতিষ্ঠানেই হিসাব পরীক্ষার জন্য একটি স্বতন্ত্র বিভাগ থাকে। কংগ্রেসী সদস্য শ্রীযুক্ত নরেন্দ্রনাথ মুখার্জ্জি সংশোধন প্রস্তাব সমর্থন প্রসঙ্গে বলেন যে, সুষ্ঠুরূপে কার্য্য নির্ব্বাহের জন্য স্বতন্ত্র একটি বিভাগের উপর হিসাব পরীক্ষার ভার অর্পণ করাই সঙ্গত। শ্রীযুক্ত ব্র কে, রায় চৌধুরী (কংগ্রেস) এবং বিরোধীদলের নেতা শ্রীযুক্ত কামিনী কুমার দত্ত প্রস্তাবের সমর্থনে বক্তৃতা করেন।

শ্রীযুক্ত দত্ত বক্তৃতা প্রসঙ্গে বলেন যে, পাশ্চাত্য দেশে কোন প্রতিষ্ঠানের কার্য্য পরিচালনা বিভাগই হিসাব পরীক্ষা গ্রহণ করে না। সমবায় বা [illegible] ব্যাঙ্ক [illegible] আলোচনার পর [illegible] মিঃ আবদুল করিম [illegible] প্রস্তাবের বিরুদ্ধে বক্তৃতা করেন। অতঃপর অপরাহ্ণ ২-১০ মিঃ পর্য্যন্ত সভার কার্য্য স্থগিত থাকে। সামান্য সংশোধনের পর সভায় [illegible] ৭৪ ভোটে প্রস্তাব গৃহীত হইয়াছে।

———

বৃটেনে আত্মরক্ষায় মার্কিনের সাহায্য

ওয়াশিংটনে [illegible] কমিটির একজিকিউটিভ ডিরেক্টর মিঃ ক্লার্ক [illegible] বলিয়াছেন যে, বৃটেনের [illegible] লোক [illegible] সাহায্য। [illegible] জানাইয়াছেন যে [illegible] গ্রেট বৃটেনে [illegible] পর্য্যন্ত [illegible] হইয়াছে। [illegible] বোমারু বিমান [illegible] করিয়াছে।

[illegible] ডেস্ট্রয়ারের [illegible] বিক্রয় সম্পর্কে [illegible] হইয়াছে, তাহা [illegible] করিয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয় —মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩ [illegible] ১০ টাকা মাত্র।

৩। ভাগবত 'ভক্তিভাবার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। [illegible] শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত [illegible] মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। [illegible] হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয় - শ্রীমদ্ [illegible] [illegible] সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক [illegible] মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্যের ভূমিকা-সম্বলিত, বর্দ্ধিত-কলেবর [illegible] "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি প্রকাশিত হইয়াছেন। [illegible] [illegible] গৌড়ীয়-বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবমূর্তি [illegible] [illegible] [illegible] শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী [illegible] [illegible]

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজা
উপায়ন-গ্রন্থমালা

——:o:——

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাসমূহ হইতে আহৃত ১০৮টি বিষয়ে সকল অভিধেয় প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা —।৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা —॥০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

১। 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;

২। শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

অধ্যাপক [illegible] এম্-এ, বি-এল্,

[illegible] পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

[illegible]

বাঙ্গালা অক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—মূল ১০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। শ্রীমন্মহাপ্রভু বিরচিত শ্রীচৈতন্য-সদৃশ (অর্ধাংশ) ৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত [illegible]
৪। শ্রীশ্রীহরিনামচিন্তামণি (অর্দ্ধাংশ) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৵০, ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড- ৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড —৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা [illegible]
দীপিকা ।০
৯। বৈষ্ণবধর্ম ১৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ১৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ১৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। [illegible] ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত [illegible] ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ॥০
১৭। [illegible] ।০
১৮। [illegible] ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়গীতিকা ।৵০
২২। ভজন-রহস্য [illegible]
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ৪
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ৪
(অর্ধাংশ) ১
২৬। গীতার কেমন ভাষ্য ভাষা [illegible]
২৭। [illegible] (সাপ্তাহিক) ২
২৮। [illegible] (সাপ্তাহিক) ৪
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৬
৩০। দীন-দিন-দর্পণ ৷৵
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ১
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶
৩৫। গীতমালা ৵১
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷
৩৯। শ্রীগোদ্রুম পরিক্রমা [illegible] ১
৪০। শরণাগতি ৵৷
৪১। গীতাবলী ৵৷
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵৷
ঢাকা ৴

৪৪। নবদ্বীপশতক
৪৫। [illegible]
৪৭। [illegible]
৪৮। [illegible] (পকেট সংস্করণ)
৪৯। [illegible]
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড)
৫১। প্রমেয়রত্নাবলী
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)
৫৩। গৌড়কণ্ঠহার
৫৪। পুরুষার্থ-নির্ণয়
৫৫। [illegible]
৫৬ ভাগবত ও ভক্তিগণ
৫৭। ঈশোপনিষদ (অন্বয়াদিসহ)
৫৮। শ্রীকৃষ্ণসংহিতা
৫৯। সিদ্ধান্তদর্পণ
৬০। সংবাদবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসার ।০
৬২ সিদ্ধান্ত-সরস্বতী [illegible] ।০
৬৩। নবীন-সিদ্ধান্তসমুচ্চয় ।০
৬৪। [illegible] ।০
৬৫। [illegible] ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয় [illegible]
৬৭। [illegible]

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত
৭০। [illegible]
৭১। বেদান্ত—উইথ [illegible] ।০
[illegible]
৭২। [illegible] ৷৵
৭৩। [illegible] শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম
৭৫। [illegible] গৌড়ীয়মঠ [illegible]
৭৬। দি ভাগবত
৭৭। [illegible]
[illegible]
৭৮। ব্রহ্মসংহিতা
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অনুবাদ) ১

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷
৮১। সাধন-পথ ৷
৮২। [illegible] ৵৷
৮৩। গীতাবলী ৵৷
৮৪। শরণাগতি

জার্ম্মান ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

ফরাসী ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৩শ বর্ষ | ২৪ হৃষীকেশ ৪৫৪ গৌরাব্দ ২৫শে ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৭, ১০ই সেপ্টেম্বর খৃঃ ১৯৪০, মঙ্গলবার | ১৬১ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৪ হৃষীকেশ বাম্ প্রহ্লাদ গৌরাব্দ ৪৫৪

শ্রীরাধাষ্টমী

গতকল্য জগদ্‌গুরু পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে প্রত্যেক মঠে মঠে বিশুদ্ধ হরিকীর্ত্তনমুখে শ্রীশ্রীরাধাষ্টমী তিথি উদ্‌যাপিত হইয়াছেন। এই তিথিবরা আমাদিগকে সেবা সুযোগ প্রদান করিবার জন্য জগতে কৃপাপূর্ব্বক উদিত হন। আমাদের সেবা করিবার কোন যোগ্যতা না থাকিলেও শ্রীশ্রীরাধানিজজন নিত্যারাধ্য পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে এই তিথিবরার বন্দনা করিতেছি। এই তিথিতে অনোধিনসম্ভবা শ্রীরাধা এই প্রপঞ্চে আবির্ভাব-লীলা প্রকাশ করিয়াছিলেন। অজ ভগবান্ কৃষ্ণের জন্ম যেমন অসাধারণ, কৃষ্ণশক্তি শ্রীরাধার জন্মও তেমনি অতিমর্ত্ত্য।

শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ তত্ত্বতঃ একই বস্তু। তবে একজন শক্তিতত্ত্ব ও আর একজন শক্তিমত্তত্ত্ব, একজন আশ্রয়বিগ্রহশিরোমণি ও আর একজন বিষয়বিগ্রহ। তাঁহারা উভয়ে পরস্পর অবিচ্ছেদ্য সম্বন্ধে অবস্থিত। রাধা হচ্ছেন সমস্ত শোভার খনি। তিনি ভুবনমোহন শ্যামসুন্দরের মনোমোহিনী। উভয়ে একই বস্তু হইয়াও আস্বাদক ও আস্বাদ্যরূপে দুই দেহ। গোলোক-বৈকুণ্ঠে যত শক্তি ও লক্ষ্মী আছেন, তাঁহাদের সকলেরই মূল শ্রীবৃষভানুনন্দিনী। তিনিই কৃষ্ণপ্রেমের গুরু, তিনি কৃষ্ণময়ী, অন্তরে বাহিরে তাঁহার কৃষ্ণতন্ময়তা। তিনি আশ্রয়তত্ত্ব বিচারে সর্ব্বশ্রেষ্ঠ আশ্রয় এবং মূল আশ্রয়-বিগ্রহ। তিনি গোবিন্দানন্দিনী—গোবিন্দ-সর্ব্বস্ব—স র্ব কা ন্তা শি রো ম ণি। সেই শ্রীবৃষভানুনন্দিনীর কথা শ্রীগৌরসুন্দর কৃপা-পূর্ব্বক জগৎকে জানাইয়াছেন। আর গৌরনিজজন পরমারাধ্যতম জগদ্গুরু শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় আমরা তাঁহার অসমোর্দ্ধ মহিমার কথা শ্রবণ করিবার সৌভাগ্য লাভ করিয়াছি।

বিভুজমুরলীধর শ্রীকৃষ্ণ যে একটী গোপীর সহিতই সর্ব্বদা ক্রীড়া করেন, তিনিই আমাদের নিত্যোপাস্যা শ্রীবৃষভানুনন্দিনী। তিনি বলদেবাদিরও উপাস্যা। শ্রীনন্দযশোদা যে রসের পরম-চমৎকারিতা ধারণা করিতে পারেন না—উদ্ধবাদি শ্রেষ্ঠ ভক্তগণ যে রসের জন্য লালায়িত, সেই মধুর রসের সেবিকাগণের মধ্যে তিনি সর্ব্বোত্তমা। তিনি গুণে, রূপে, গুণে, সৌভাগ্যে ও প্রেমের দিক্ হইতে সর্ব্বাধিকা। এই গোপীশিরোমণির সেবালাভ সকলের ভাগ্যে ঘটে না। একমাত্র রাধানিজজন শ্রীগুরুদেবের আনুগত্যে তাঁহার পরিপূর্ণ সেবানন্দেই রাধাদাস্য লাভ হইতে পারে। এই রাধাদাস্যই আমাদের পরম লোভনীয় বিষয়। শ্রীগুরুদেব রাধাভিন্নবিগ্রহ। তাঁহার পাদে নিত্য প্রতিষ্ঠিত হইতে পারিলে রাধাদাস্য লাভ করা অতি সহজ হইয়া পড়ে। কারণ, শ্রীগুরুদেব শ্রীরাধার প্রিয়তমজন।

ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ শ্রীমতীর ভাব ও কান্তি লইয়া শ্রীগৌরসুন্দররূপে অবতীর্ণ হইয়াছিলেন। শ্রীগৌরসুন্দরই শ্রীকৃষ্ণ। রাধা-দাস্যাভিলাষের সহিত গৌরবিহিত কৃষ্ণকীর্ত্তনই কৃষ্ণারাধনা। একমাত্র রূপানুগগণই শ্রীরাধাগোবিন্দের সেবা করিতে পারেন। সেইজন্য ইহা তাঁহাদের একচেটিয়া সম্পত্তি। আবার লোভই এই সেবালাভের মূল্য-স্বরূপ। ঐশ্বর্য্যগন্ধের লেশমাত্র থাকাকালে শ্রীরাধাগোবিন্দের সেবালাভ হয় না।

বিধিমার্গে কৃষ্ণের যে উপাসনা তাহা প্রকৃতপ্রস্তাবে বিষ্ণুরই উপাসনা। ব্রজের শান্তদাস্য প্রভৃতি রসের রসিকগণ শ্রীরাধার সহিত শ্রীকৃষ্ণের ক্রীড়ারসের সহায়ক বলিয়া তাঁহাদের উপাসনা শ্রীকৃষ্ণ উপাসনা। অনর্থযুক্ত অবস্থায় তাঁহার আরাধনাও ঘটে না। যে সকল পরম-সুকৃতিশালী সাধক শ্রীগুরুপাদপদ্মের কৃপায় সম্পূর্ণভাবে অনর্থ-মুক্ত হইয়া রাধাদাস্যের জন্য সহজ ও স্বাভাবিকভাবে লোলুপচিত্ত হইয়াছেন, তাঁহাদিগকেই শ্রীগুরুগৌরাঙ্গ এই রাধাদাস্যে নিযুক্ত করেন।

রাধাভজন ব্যতীত কৃষ্ণভজনের যে চেষ্টা তাহা বৃথা পরিশ্রমমাত্র। কিন্তু তাঁহার শ্রীপাদপদ্ম আশ্রয় করিয়া ও দৃঢ় বলিয়া তাঁহার আনুগত্যে যে কৃষ্ণভজন, তাহাই বাস্তব কৃষ্ণভজন। তাই শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন—

রাধাভজনে যদি মতি নাহি ভেলা।
কৃষ্ণভজন তব অকারণে গেলা॥

• • •

যে ধরিল রাধাপদ পরম যতনে।
সে পাইল কৃষ্ণপদ অমূল্য রতনে॥
রাধাপদ বিনা কভু কৃষ্ণ নাহি মিলে।
রাধার দাসীর কৃষ্ণ সর্ব্ববেদে বলে॥

রাধাভজন ব্যতীত যেরূপ কৃষ্ণভজন হয় না, সেইরূপ রাধাভিন্নবিগ্রহ শ্রীগুরু-দেবের সেবা ও কৃপা ব্যতীত রাধাদাস্য লাভ হয় না। গুরুপাদে পূর্ণভাবে প্রতিষ্ঠিত হইবার যত্ন না করিয়া রাধাদাস্য করিবার যে যত্ন বা চেষ্টা, তাহা বাস্তবিকই পণ্ডশ্রম। সেইজন্য শ্রীগুরুপাদপদ্মকে সর্ব্বাগ্রে দৃঢ়ভাবে আশ্রয় করা দরকার। তাঁহার কৃপাই হারানিধি পুনঃ-প্রাপ্তির উপায়। তাই শ্রীল নরোত্তম ঠাকুর গাহিয়াছেন—

অক্রোধ পরমানন্দ, নিত্যানন্দ রায়।
অভিমান-শূন্য নিতাই নগরে বেড়ায়॥

নিতাইয়ের করুণা হবে, ব্রজে রাধাকৃষ্ণ পাবে
ধর নিতাই চরণ দু'খানি॥

তাই আজ সেই গৌরধামে নিজজন পরমারাধ্য জগদ্‌গুরু শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীচরণে কৃপা করিয়া আমা-দিগকে শ্রীশ্রীরাধাদাস্যলোভ অর্পণ ও ভজনসেবার সুযোগ প্রদান করুন—ইহাই ইহার অপ্রাকৃত শ্রীপাদপদ্মে আমাদের একান্ত প্রার্থনা।

কৃষ্ণ আমার পালে রক্ষে জান সর্ব্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল॥

কেন ভজন হয় না ?

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুর)

অনেক সময় ভাবি, আমার হরিভজন হইতেছে না। কিন্তু কেন হ'লো না, কেন হইতেছে না, তাহার কারণ কিছুই অনুসন্ধান করি না। ভক্তিশাস্ত্রের পূর্ণপুরুষ শ্রীকৃষ্ণ ভগবান সদ্গুরু স্বয়ং হইয়াছেন—দেশের ধর্ম ও পূর্ণবৈভব শুধু শ্রীগুরুপাদপদ্মে সমর্পিত, কিন্তু তবু কেন এ ভজন হইতেছে না, ইহার কারণ কি? এটা ঠিক যে, যাহার বহু সদ্গুরুর সহায় বিনা কোন দিন কেহ হরিভজন করিতে পারে নাই বা পারিবে না। গুরুদেব যে সে তত্ত্ব নহেন—গৌরশক্তি-স্বরূপ রূপানুগবর। তিনি অবতার অর্থাৎ প্রপঞ্চাতীত ধাম হইতে প্রপঞ্চে অবতীর্ণ। তিনি গুরুদেব। ত্রিজগতে যত জীব আছে, শ্রীগুরুদেবের আনুগত্য ব্যতীত কাহারও অন্য গতি নাই—শ্রীরাধাগোবিন্দপাদপদ্ম পাইবার আর অন্য উপায় নাই। কেন শ্রীরূপ গোস্বামী প্রভুর এত মর্য্যাদা? কারণ, তিনি ভক্তিদেবী বা ভক্তিদেবের আচার্য্য—ভক্তিরসামৃতের মূল মহাজন। তাঁহার ন্যায় শ্রীরাধাগোবিন্দের এত ঘনিষ্ঠ সেবক আর কেহই নাই। এইরূপ সৌন্দর্য্যে রূপ আছেন বলিয়াই—এইরূপ সেবা-মাধুর্য্যে রাধাগোবিন্দকে মুগ্ধ করিয়াছেন বলিয়াই তাঁহার এত রূপের ছটা। সেই রূপবরূপের ছটা প্রাকৃত নহে, কেননা উহা অপ্রাকৃত নবীনমদনকে আকর্ষণ করিয়া থাকে। তাই তাঁহার নাম শ্রীরাধা-গোবিন্দ-মিলিততনু শ্রীগৌরসুন্দর রাখিয়াছেন "শ্রীরূপ"। আমার গুরুদেবও সম্পূর্ণ রূপানুগ। তাঁহার সেবার মাধুর্য্যে রাধা-গোবিন্দের মান-মন মুগ্ধ—আকৃষ্ট। তিনি কৃষ্ণসেবায় সমুজ্জ্বল রত—সেবা-সৌন্দর্য্যে ভূষিত, তাই তিনি সুদর্শন। আর আমি তাঁহার সেবক পরিচয় দিয়া কুদর্শন বা কুরূপ কেন? হরিভজন হইতেছে না বলিয়াই ত' আমি এত কুরূপ বা কুদর্শন !

ভক্তিরসামৃতসিন্ধুতে ভক্তির সংজ্ঞায় উহার স্বরূপলক্ষণ এইরূপ লিখিত আছে—"সা শ্রীকৃষ্ণাকর্ষিণী চ" অর্থাৎ কৃষ্ণভক্তির স্বরূপলক্ষণ এই যে, উহা কৃষ্ণকে আকর্ষণ করে। তাহা হইলেই দেখা গেল, ভক্তি হ্লাদিনীর সারবৃত্তি-বিশেষ। কেননা, হ্লাদিনীশক্তি "গোবিন্দানন্দিনী", "গোবিন্দমোহিনী", উহা গোবিন্দ বা গোপগণের আনন্দদায়িনী; উহাই বা কৃষ্ণের—অংশের কৃষ্ণশ্রী ও বা প্রাকৃত মদনের বৃত্তি নহে। উহা মদনমোহন-মোহিনী. উহা ভুবনমোহিনী নহে—ভুবন-মোহন-মোহিনী। আনন্দ সকল সত্তার মধ্যেই নিহিত আছে। ঐ আনন্দ যখন অবস্থান কৃষ্ণস্থ ভোগ করেন, তখন যে জীবের সেই আনন্দের উদ্দেশ্যে চেষ্টা না দিয়া, তাহাকে 'শক্তি' বলে। তাহাতে জীবেরও আনন্দ। একের আনন্দে অন্যের আনন্দের ব্যাঘাত হয় না। উভয়ের মধ্যে ব্যবধান নাই উহাতে কৃষ্ণের সম্বিৎ বলিয়া একটী শক্তি কার্য্য করে। সেই শক্তির কার্য্যই—সে কৃষ্ণকে আনন্দ জানায়—সুখভোগ করায়, আর কৃষ্ণের আনন্দ উপভোগ করিবার অবসরেও জীবের নিকট প্রকটিত করায় এবং জীবও কৃষ্ণের আনন্দ হইতেছে বলিয়া জানিতে পারে। তাই কৃষ্ণকে আনন্দ দিবার সঙ্গে সঙ্গে কৃষ্ণানুভূতিও যুগপৎ এবং অচ্ছেদ্য-ভাবে প্রবল। কিন্তু আমি যে সব জড়ের ক্রিয়ায় বা ক্রিয়া-বাহুল্যে মত্ত বা মগ্ন, তাহাতে আমার সুখ হইতে পারে, কিন্তু কৃষ্ণের যে সুখ হইতেছে, সেই অনুভূতি কোথায়? উহা জানিতে পারিতেছি না কেন? এই বুদ্ধি বা উপলব্ধির অভাব বা তত্ত্বজ্ঞানের অভাবের মূলে সাম্প্রতিক প্রতারণা-শাঠ্য ব্যতীত আর কিছুই নহে।

সাধনরাজ্যে সদ্গুরুর পদতলে আসিয়া সদ্গুরুর শিষ্য পরিচয়ে পরিচিত দুই প্রকার ভক্তকে আমরা লক্ষ্য করি। কেহ কেহ আছেন, তাঁহারা সদ্গুরুর নিকট বসিয়া হরিকথা-শ্রবণে সর্ব্বদা উন্মুখতা দেখান, কিন্তু হরিসেবাকার্য্যে—গুরুদেবের নিজকার্য্যে যাহাতে দেহকে বা কর্ম্ম ও জ্ঞানেন্দ্রিয়কে চালনা করিতে হয়, ঐরূপ ব্যাপারে একটু উদাসীন অর্থাৎ একটু আলস্যপ্রধান-ধাতু বা একটু ক্রিয়া-চেষ্টাহীন ভাব। ইঁহারা কর্ম্মঠ বা পরিশ্রমী নহেন বা একটু শ্রমজনক সেবাকার্য্যে কুণ্ঠাপ্রবণ। আবার কেহ কেহ আছেন, তাঁহারা হরিকথাশ্রবণ হউক্ বা না হউক্, হরিকথাশ্রবণে দৃঢ়চেষ্টা, মূলত থাকুক্ বা না থাকুক্, খুব কর্ম্মঠ, পরিশ্রমী এবং দৈহিক চেষ্টার কার্য্যে সদাই উন্মুখ। আমি উভয় দলভুক্ত। আলস্য-প্রধান-ধাতু হইয়া ভাবি যে, হরিকথা বসিয়া বসিয়া শ্রবণ করিলেই তত্ত্বকথায় পারদর্শী হইয়া জগতে একজন 'পণ্ডিত' বলিয়া খ্যাতি লাভ হইবে এবং বিবাদিগণের সহিত বাগ্‌বিতণ্ডায় যাহা 'জয়ী হইয়া একটী বড় প্রতিষ্ঠা লাভ হইবে। যথাসময়ে অবশ্য বৈষ্ণবের পরিশ্রমলব্ধ ভিক্ষাতে প্রিয় উদর পূরণ করিতে কোন ত্রুটী হইবে না। তখন ভুলিয়া যাই যে, "সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ" "তদ্বিদ্ধি প্রণিপাতেন ** সেবয়া" এই বাক্যদ্বয়ের 'সেবোন্মুখে' এবং 'সেবয়া' কথাটী চিত্তে আদৌ স্থান পায় না। তাও কি কখনও হয়! কৃষ্ণোপলব্ধি বা পরেশানুভবই ত' সম্বন্ধ। জগতে "টান" বলিয়া যে একটী কথা আছে, সেই "টান"ই সম্বন্ধের মূল। যদি তত্ত্বকথাশ্রবণেই অত উন্মুখতা—অত ব্যগ্রতা, তাহা হইলে তাঁহার কথাকে আমার ইহ ও পরকালের একমাত্র কথা বলিয়া সেই 'টান' কৈ? তত্ত্বকথাশ্রবণের ফলে ত' কৃষ্ণের প্রতি আমার এই "আপনার" বলিয়া "টান" বাড়িবে। তাহাই যখন নাই, তখন তত্ত্বকথা শ্রবণ হইতেছে না, বুঝিতে হইবে। চেতনময় গুরুদেবের চেতনময়ী বাণী বা কৃষ্ণকীর্ত্তন কৃষ্ণ ব্যতীত অন্য কিছু নহে। উহা জীবহৃদয়ের কন্দর বা অভ্যন্তর অর্থাৎ যাবতীয় ভোগপ্রবৃত্তিকে বলপূর্ব্বক ধ্বংস করিয়া সেই হৃদয়কে নিজের সাম্রাজ্যরূপে পরিণত করিয়া নিজের বিহার-ক্ষেত্র করেন। চেতনময়ী কীর্ত্তনবাণীর এতদ্ অদ্ভুত প্রভাব! শেষোক্ত দলের মধ্যেও আমি একজন। প্রত্যেক কার্য্য বা প্রত্যেক দ্রব্যকে কৃষ্ণের ভাব কৃষ্ণাভিমানে বিগ্রহরূপে—আমার সেব্যরূপে—আমার ভোক্তৃরূপে—পরিচালক বা চেতনময়রূপে জ্ঞান করি কৈ?

গত ৬ই সেপ্টেম্বর শুক্রবার বৈদিকাবদা [illegible] শ্রীশ্রী[illegible] [illegible]দেবের [illegible] [illegible] বিরহ পাঠকীর্ত্তনমুখে সম্পন্ন [illegible]। ঐ দিন সন্ধ্যারাত্রিকান্তে গুরুবন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তনের পর [illegible] বেলা ১০ঘটিকা পর্য্যন্ত পাঠ হয়। [illegible] শ্রীগুরুপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান [illegible] হয়। তৎপরে ভোগারাত্রিকান্তে উপস্থিত সকলকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

[illegible] শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীজন্মাষ্টমী ও শ্রীনন্দোৎসব

গত ২৭শে ও ২৮শে আগষ্ট সোমবার [illegible] মঙ্গলবার শ্রীশ্রী[illegible] [illegible] শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠে পরমা-[illegible] শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে [illegible] হরিকথা-শ্রবণকীর্ত্তনমুখে শ্রীকৃষ্ণজন্মাষ্টমী ও [illegible] নন্দোৎসব-তিথি হরিসংকীর্ত্তনমুখে পালিত [illegible] হইয়াছেন।

গত ২৭শে আগষ্ট প্রত্যূষে মঙ্গলারাত্রিক [illegible] কীর্ত্তনান্তে শ্রীচৈতন্যভাগবত [illegible] আরম্ভ হয়। সন্ধ্যারাত্রিকান্তে [illegible] গুর্ব্বষ্টকবন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তন হওয়ার পর গৌড়ীয় ১২শ বর্ষের [illegible] হইতে 'শ্রীকৃষ্ণের আবির্ভাব' প্রবন্ধটী পাঠ হয়। তারপর আবার পারায়ণ [illegible] থাকে। রাত্রি ১২ ঘটিকায় শ্রীকৃষ্ণের অভিষেক ও ভোগারাত্রিক হয়।

পরদিবস সন্ধ্যারাত্রিকের পর গুর্ব্বষ্টক-বন্দনা, অর্চ্চাদিক, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] হয় এবং [illegible] মহাপ্রসাদ বিতরণ হয়।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি প্রচারের মূল মহাজন মাজ্জানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রকাশ্যে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্যের অন্তেবাসী আধ্যাত্মিক সু-লেখক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের [illegible] বিভাগের প্রবীণ ও প্রধান অধ্যাপক বিদ্যালীর প্রিয় মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভাগবতরত্ন-বৈষ্ণবাচার্য্য এম-এ মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই গ্রন্থটি, আভিনব ও আধ্যাত্মিক গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের মতের তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমাবেশ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩৭ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের ভূমিকা স্বরূপ (Foreword) প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সঙ্কলিত শব্দ-সূচীপত্র (Index Glossary) সম্বলিত একখানি প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা, শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ইণ্ডিয়ান টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৪১	৬-১৯	৭ ১০	১০-১৬	১৬-৫৬	১৭-৫৩	২২-২১
দমদম ,,	৫-৫৮	৬-৩৫	৭-৫০	১৩-৩৭		১৮-১১	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৬-১৮	৮ ০ ৭	৯-১৬	১৪-১	১৮-৩৪	১৯-৫২	০-২৫
(বদল) ছাঃ	৬-৩০	৮-৫	৯-৩৩	১৫-১৩	১৮-৪২	১৯-৫৭	০-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-৩৪	৮-৩৮	১০-৮	১৫-৫১	১৯ ১৭	২০-২২	১-১২
(বদল) ছুঃ	৭-১২		১০-৩১		১৫-০	১৭-৩১	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০		১৫-৮০	১৮-১১	২১-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-২
দমদম ,,	১০-২০
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪
ছাঃ	১৫-০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৪০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮		৯-১০	১৪-১৬	১৬-০	১৮ ৩১	
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৬		৯-৪৮	১৪ ৫৫	১৬-৩৮	১৯-১১	
ছাঃ	৭-৯	৮-৫০	১১-৪১	১৬-৫৬	১৯-২	২০-৫৬	০-৩৬
রাণাঘাট পৌঃ	৭-৫৪	৯-২৩	১১-২৬	১৭-৩১	২০-১০	২১-২২	৪-১৫
(বদল) ছাঃ	৭-৫২	৯-২৮	১২-৩৬	১৭-৪৩	২০-১৮	২১-৭৪	৪-২৩
দমদম ,,		১১-৩		১৯-০		২৩-৯	
কলিকাতা পৌঃ	৯-২১	১০-২০	১৪-২১	১৯-২৬	২১-৫৫	২৩ ২৬	৬-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ	১৪ ১৬
কৃষ্ণনগর পৌঃ	১৪-৫৫
ছাঃ	১৫-১০
শান্তিপুর পৌঃ	১৫-৫১
(বদল) ছুঃ	১৬ ৫০
রাণাঘাট পৌঃ	১৭-৩৭
(বদল) ছাঃ	১৭-৪৩
কলিকাতা পৌঃ	১৯-২৬

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক শহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] কাজ [illegible] অত্যন্ত অধিক। শিতার প্রীহা সংযুক্ত কামলার এবং নূতন [illegible] জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। [illegible] ছোট বোতল ৮/০ দশ আনা, বড় বোতল ১৸০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
[illegible] ঘোষালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO C I

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১০শ খণ্ড। শ্রীমায়াপুর ১লা আশ্বিন ১৩৪৭, ১৭ই সেপ্টেম্বর, ১৯৪০ মঙ্গলবার ১৬৬তম সংখ্যা

নানা-সংবাদ

—:০:(০):০:—

বৃত্তিপ্রাপ্ত কৃতি ছাত্র

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, শ্রীধাম মায়াপুর, নদীয়া

গৌড়মণ্ডলী শ্রীধাম-মায়াপুরে শ্রীগৌড়ীয় মিশন কর্তৃক প্রতিষ্ঠিত ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের ১৯৪০ সালের প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ ছাত্রগণের মধ্যে শ্রীরাধানাথ দাস নামক জনৈক ছাত্র নদীয়া জেলার পরীক্ষার্থিগণের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করিয়া মাসিক ১০৲ হিসাবে বৃত্তি পাইয়াছে। ১৯৩৯ সালের পরীক্ষায় শ্রীনিত্যানন্দ দাস নামক জনৈক ছাত্রও বৃত্তি পাইয়াছিল। গত কয়েক বৎসর যাবৎ স্কুলের পরীক্ষার ফল খুবই সন্তোষজনক। স্কুলের এই প্রকার সাফল্যদর্শনে বাহিরের ছাত্রসংখ্যা ক্রমেই বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে। বহু দূরদেশ হইতেও ছাত্রগণ আসিয়া স্কুলে অধ্যয়ন করিতেছে।

—

বঙ্গীয় ব্যবস্থাপক সভা

গত ৯ই সেপ্টেম্বর বঙ্গীয় ব্যবস্থাপক সভায় ১৯৪০ সালের কলিকাতা মিউনিসিপ্যাল বিল সম্পর্কে আলোচনা হইয়া গিয়াছে। হিসাব পরীক্ষা বিভাগকে সেক্রেটারী বিভাগ হইতে পৃথক করিয়া উহাকে কোন বিভাগের অধীনস্থ করিবার জন্য বিরোধী দল হইতে এক প্রস্তাব উত্থাপন করা হইলে উহা বাতিল হইয়া যায়। বিতর্কের উত্তরে মাননীয় [illegible] এম বি মল্লিক বলেন যে, সেক্রেটারীয়েট ব্যাপারগুলি সম্পর্কে সরকার হইতে হিসাব পরীক্ষা বিভাগকে পৃথক করিবার জন্য যথোপযুক্ত ব্যবস্থা করা হইয়াছে, কিন্তু পল্লী-অঞ্চলে ঐ প্রকার ব্যবস্থা অবলম্বন করা অসম্ভব ব্যাপার। তিনি আরও বলেন যে, ভারতের অপর কোন প্রদেশেই হিসাব পরীক্ষা বিভাগকে সেক্রেটারী হইতে পৃথক করিয়া রাখা হয় নাই। অতঃপর প্রস্তাবিত বিলের কয়েকটি ধারা সম্পর্কে কতকগুলি সংশোধন প্রস্তাব গৃহীত হয়। অধিবেশনের প্রথম দিকে শ্রীযুক্ত ললিত চন্দ্র চৌধুরী, বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজের কয়েকজন ছাত্রের ভর্ত্তি বাতিলের বিষয় সম্পর্কে এক মুলতবী প্রস্তাব উত্থাপন করেন। উহার উত্তরে মিঃ ফজলুল হক বলেন যে, তিনি এই সম্পর্কে তদন্ত করিয়া বর্ণনীয় সত্বর বিবৃতি প্রদান করিবেন। মিঃ ফজলুল হকের ঐ বক্তৃতার পর শ্রীযুক্ত চৌধুরী তাঁহার মুলতবী প্রস্তাব সম্পর্কে বেশী চাপ দেন নাই। পরদিন বেলা সওয়া দুইটা পর্য্যন্ত ব্যবস্থাপক সভার অধিবেশন মুলতবী ছিল।

রুশ-সুইডিশ বাণিজ্য-চুক্তি

রাশিয়া ও সুইডেনের মধ্যে একটি বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হইয়াছে। সুইডেন রাশিয়ার নিকট রেল ইঞ্জিন ও অন্যান্য দ্রব্যাদি বিক্রয় করিবে।

ষ্টকহল্মের সংবাদে প্রকাশ, রুশ-সুইডিশ বাণিজ্য চুক্তি সম্পাদিত হওয়াতে সুইডেনের বিশেষজ্ঞ মহল আনন্দিত হইয়াছেন। এই চুক্তিতে সুইডেনে প্রস্তুত পণ্য রাশিয়ার বাজারে যাইবার সুবিধা ত পাইবেই, উপরন্তু অত্যাবশ্যক তৈলজাত দ্রব্যাদিও সুইডেন লাভ করিবে। এই চুক্তি সম্পাদিত হওয়ায় মনে হয়, উত্তর ইউরোপের অবস্থা শান্ত আকার ধারণ করিবে এবং সুইডেন ও রাশিয়ার উভয় দেশই উহাতে লাভবান্ হইবে।

—

আল্লামা ও খাকসারগণ

কয়েকটি সর্ত্ত পরিপূরণ সম্পর্কে খাকসার নেতৃবৃন্দের নিকট হইতে সন্তোষজনক প্রতিশ্রুতি পাইয়া পাঞ্জাব-সরকার 'আল্লামা ই খাকসারান'এর উপর হইতে নিষেধাজ্ঞা প্রত্যাহার করিয়াছেন। সম্প্রতি আল্লামা মাশরিকি কর্তৃক আদেশজ্ঞাপনকারী পত্রের মারফৎ প্রকাশিত এক বিবৃতি সম্পর্কে সরকার পাঞ্জাবের বিভাগীয় ডিরেক্টর এক ইস্তাহারে এই বিষয় জানাইয়াছেন। ঐ ইস্তাহারে বলা হইয়াছে যে, আল্লামা মাশরিকি কর্তৃক ঘোষণা প্রদানকারী পত্রের মারফৎ প্রকাশিত বিবৃতির একটি অংশের প্রতি পাঞ্জাব-সরকারের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। বিবৃতিতে বলা হইয়াছে—"বর্ত্তমানে উত্থাপিত সর্ত্তাবলী আমার নিকট গ্রহণের অযোগ্য নহে। প্রকৃতপক্ষে একটি প্রস্তাবে পাঞ্জাব-সরকার যুদ্ধ পরিচালনে সাহায্য করার জন্য খাকসারগণের নিকট অনুরোধ জানাইয়াছেন। আর একটি প্রস্তাবের মর্ম্ম এই যে, ১৯শে মার্চ্চ লাহোরের গোলযোগের জন্য আমি কোনরূপ নির্দ্দেশ প্রদান করি নাই। খাকসারগণ আমার কথায় একত্রিত হয় নাই। কিভাবে সংঘর্ষ বাধিয়াছিল তাহা আমি এখনও জানি না।" একথা বলা যাইতে পারে যে, পাঞ্জাব-সরকার বা প্রধান মন্ত্রী এরূপ কোন সর্ত্ত উত্থাপন করেন নাই। নিষেধাজ্ঞা প্রত্যাহারের পূর্ব্বে সরকার যে সকল সর্ত্ত পরিপূরণের দাবী করিয়াছিলেন, তাহা বর্ত্তমান সালের ১৬ই এপ্রেল তারিখে একখানি প্রেস নোটে এবং তাহার পরে আরও কয়েকবার প্রধান মন্ত্রী কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। সর্ত্তগুলি নিম্নলিখিতরূপ:—(১) খাকসারগণ শান্তি শৃঙ্খলা অথবা জনসাধারণের পথে ব্যাঘাত জন্মাইবে না এবং শোভাযাত্রাদিতে অস্ত্র বা অস্ত্রের ন্যায় ব্যবহারযোগ্য কোনরূপ দ্রব্য বা সামরিক বা আধা-সামরিক ধরণের ড্রিলের উপর প্রবর্ত্তিত নিষেধাজ্ঞা লঙ্ঘন করিবার চেষ্টা করিবে না। (২) খাকসারগণ সন্তোষজনকভাবে এই প্রতিশ্রুতি দান করিবে যে, তাহারা আইনসঙ্গত এবং সমাজ-সংস্কারমূলক কার্য্য করিবে। (৩) খাকসার-আন্দোলন আইনের মর্য্যাদা-রক্ষাকারী ও দায়িত্বশীল ব্যক্তিগণের নিয়ন্ত্রণাধীনে পরিচালিত হইবে।

—

ফরাসী-ভারতের সিদ্ধান্ত

ফরাসী-ভারতের গভর্ণর মঃ বুই বর্ণফিন্ জানাইয়াছেন যে, ফরাসী-ভারতীয় ঔপনিবেশিক গভর্ণমেণ্ট জেনারেল দ্য গলের স্বাধীন ফরাসী জাতির গভর্ণমেণ্টকে সমর্থন করিবে এবং মার্শাল পেতাঁর গভর্ণমেণ্টকে স্বীকার করিবে না। ফরাসী ভারতীয় বাণিজ্য সম্পর্কে তিনি বলেন,—পণ্ডিচেরী সমুদ্রে ডাক-জাহাজ স্থাপনের বিষয় বিবেচনা করা হইতেছে।

—

ভক্তির অন্যান্য পত্র

১।THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ২৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয় -মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—উড়িয়াভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। কটক শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহোদয় সম্পাদিত তৈলঙ্গ পাক্ষিক। কভুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—শ্রীনরহরি বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও দিব্য পুঁথী সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরম্পরা, গৌড়ীয়গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অনির্ব্বচনীয় চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তি-তিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থাবলীসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে গুম্ফিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামীপ্রভু-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

(ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

১। "ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট", পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২। শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

সুপারিন্টেন্ডেন্ট রায় এম-এ, বি-এল্,

পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র — ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— — ৩৮৲
দশম স্কন্ধ— — ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা)
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা)
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৸০; ৪র্থ খণ্ড —৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব — ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা — ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম — ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার — ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) — ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) — ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) — ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) — ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে [illegible] — ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব — ৸০
১৭। চৈতন্যোপনিষদ — ৷০
১৮। [illegible] — ৷০
১৯। [illegible] — ৷০
২০। গৌড়ীয়-গৌরব — ৷৵০
২১। গৌড়ীয়গীতিকা — ৷৵০
২২। ভজন রহস্য — ৷০
২৩। শ্রীচৈতন্যমহাপ্রভু ও শ্রীনবদ্বীপধাম (বাঁধা) — ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) — ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) — ২৲
অবাঁধা) — ১৲
২৬। গীতার কেবল মূল-ভাষা — ৷০
২৭। প্রাকৃতরসশতদূষণী (সারস্বত) — ১৲
২৮। বেদান্তসার (সারস্বত) — ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) — ৸০
৩০। দীন-দিক-দর্শন — ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) — ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) — ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা — ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) — ৵০
৩৫। গীতমালা — ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য — ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড — ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ — ৷০
৩৯। শ্রীগোদ্রুম[illegible] — ৷০
৪০। শরণাগতি — ৴০
৪১। গীতাবলী — ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা — ৸০
৪৩। [illegible] — ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা — ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। [illegible]
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) — ৵১০
৪৯। অর্চ্চনক্রম — ৵৩
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) — ৬
৫১। ব্রহ্মসংহিতা — ৸০
৫২। মণিমঞ্জরী (সারস্বত) — ৩
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ — ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় — ৷০
৫৫। উপদেশাবলী বা বাবাজী মহারাজের বাণী — ৩
৫৬। আশ্রম ও ভক্তিপথ — ৵০
৫৭। ঈশোপনিষদ (ভাষ্যাদিসহ) — ৷০
৫৮। শ্রীকৃষ্ণদেবের — ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ — ৵০
৬০। নামাবলী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ — ৷০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিচিত্রম্ — ৷০
৬৩। নবীন-[illegible] — ৷০
৬৪। ষট্‌সন্দর্ভ — ৷০
৬৫। সারস্বত শিক্ষাষ্টকম্ — ৵০
৬৬। গৌড়ীয়মঠপঞ্জিকাঃ — ৴০
৬৭। সারাংশসংগ্রহ — ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ — ৷০
৬৯। এ ভিউ অব [illegible] — ৷০
৭০। [illegible] — ৴০
৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টলজি
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস — ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু — ৷০
৭৪। বেদান্তীজম
৭৫। [illegible] গৌড়ীয়মঠ ইন ব্রিফ
৭৬। দি [illegible]
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা — ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) — ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি — ৷০
৮১। সাধন-পথ — ৷০
৮২। কল্যাণ-কল্পতরু — ৵০
৮৩। গীতাবলী — ৴০
৮৪। শরণাগতি — ৴০

আসামীয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি — ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত — ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ বর্ষ | ১ পদ্মনাভ ৪৫৪ গৌরাব্দ ১লা আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৭, ১৭ই সেপ্টেম্বর খৃঃ ১৯৪০, মঙ্গলবার | ১৬৬ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

পদ্মনাভ মাস্ প্রচার গৌরাব্দ ৪৫৪

মুক্তি কি শ্লাঘ্য ?

সেবা বা ভক্তিই জীবের নিত্যধর্ম। মুক্তি নিত্যধর্ম নহে। ভক্তগণ ধর্মার্থ-কাম ত' দূরের কথা, মোক্ষও প্রার্থনা করেন না। সংসারদুঃখাভাবই মোক্ষ বলিয়া কথিত। বস্তুতঃ মোক্ষে কোন সুখ নাই। অনভিজ্ঞগণেরই তাহাতে রুচি দেখা যায়। মোক্ষ অজ্ঞান-সংজ্ঞ। সুতরাং বস্তুতঃ তাহার সত্তা নাই। অজ্ঞানরূপ বন্ধনের যখন কোন সত্তাই নাই, তখন মোক্ষেরও সত্তার অভাব। যথা—

অজ্ঞানসংজ্ঞৌ ভববন্ধমোক্ষৌ
দ্বৌ নাম নান্যৌ স্ত ঋতজ্ঞভাবাৎ।
(ভাঃ ১০।১৪।২৬)

অর্থাৎ লোকে অজ্ঞানতাপ্রযুক্তই 'সংসারবন্ধন', 'সংসারমোচন' প্রভৃতি শব্দ প্রয়োগ করিয়া থাকে। কিন্তু তাহা প্রকৃত জ্ঞানগর্ভ হইতে পারে না। নিত্যমুক্ত জীবাত্মার 'বন্ধন' বা 'মুক্তি'রূপে কোন কথা হইতে পারে না। জীবাত্মার নিত্য বৃত্তি অর্থাৎ ভগবদ্দাস্য-স্বভাবকে জাগ্রত করাই আমাদের প্রয়োজন।

একমাত্র পরিহাস বা অবহেলা অর্থাৎ অপরাধ-নির্মুক্ত হইয়া সম্বন্ধজ্ঞানবিহীন ভগবন্নাম অর্থাৎ নামাভাস উচ্চারণ কারণে অনায়াসেই মোক্ষ লাভ হইতে পারে। মোক্ষ যে চরম ফল নহে, তাহা অজামিলের দৃষ্টান্তেই দেখা যায়। অজামিল নামাভাসে মোক্ষলাভ করিয়াও পরে ভগবদ্ভজন করিয়াছিলেন এবং তৎফলে নারায়ণের সেবা প্রাপ্ত হইয়াছিলেন।

ভক্তিসুখের নিকট মোক্ষসুখ অতি তুচ্ছ। ভক্তগণের মুক্তি করতলগতা। যেখানে মুক্তির পর ভক্তিযাজনের কথা নাই, সেখানে উহা আত্মহত্যা বা ভগবদ্-বিমুখের দণ্ডস্বরূপ। কেবল মুক্তিকামীর যে মুক্তির আশা, তাহা আকাশকুসুমের ন্যায় নিরর্থক। মুক্তিই ভক্তির কিঙ্করী। এ মুক্তি স্বরূপাবস্থিতিরূপা মুক্তি নহে। স্বরূপাবস্থিতিরূপা মুক্তিই ভক্তি। সেখানে ভক্তি ও মুক্তিতে ভেদ নাই। গীতায় ভগবান্ শ্রীকৃষ্ণ "ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা" শ্লোকে মুক্তির পর পরা ভক্তি যাজনের কথা বলিয়াছেন। ভক্তের উপাস্য ভগবান্, আর মোক্ষকামীর উপাস্য—ব্রহ্ম। ভগবান্ সুখস্বরূপ ও সুখাধার। আর ব্রহ্ম কেবল সেই সুখমাত্র, কিন্তু সুখাধার নন। ভক্তিসুখ পরমানন্দ হইয়াও প্রতি মুহূর্তে নিত্য নবনবায়মানভাবে অনুভূত হয়। কিন্তু সীমাবিশিষ্ট ব্রহ্মসুখে তাদৃশ অনুভব হয় না। গো-ব্রাহ্মণঘাতী যে সাযুজ্য-মোক্ষ লাভ করে, সেই দুষ্টগণপ্রাপ্য বস্তু কি প্রকারে শ্লাঘ্য হইতে পারে? মুক্তি হইতে যে ভক্তি শ্রেষ্ঠ, এ বিষয়ে অনেক পুরাবৃত্তও ব্যক্ত হয়। দ্বারকায় কোন এক ভগবদ্ভক্ত ব্রাহ্মণ বাস করিতেন। তাঁহার একে একে আটটী পুত্র ভূমিষ্ঠ হইবামাত্র মৃত্যুমুখে পতিত হয়। ব্রাহ্মণ ঐ সকল মৃতপুত্রকে রাজদ্বারে নিক্ষেপ করিয়া রাজার নিন্দা করিতে থাকেন। কৃষ্ণসখা অর্জ্জুন সখা শ্রীকৃষ্ণের নিন্দাশ্রবণে দুঃখিত হইয়া এবং ঐ ব্রাহ্মণকে ভগবদ্ভক্ত জানিয়া ব্রাহ্মণের নবম পুত্রকে নিশ্চয়ই তিনি মৃত্যুমুখ হইতে রক্ষা করিবেন, নতুবা অগ্নিতে প্রবেশ করিয়া প্রাণত্যাগ করিবেন, এইরূপ প্রতিজ্ঞাপূর্ণ আশ্বাসবাণী প্রদান করেন। ব্রাহ্মণের নবম পুত্র ভূমিষ্ঠ হইবামাত্র ক্রন্দন করিতে করিতে অদৃশ্য হইলে অর্জ্জুন অনেক অনুসন্ধানেও ঐ বালককে কোথায়ও না পাইয়া অবশেষে স্বীয় প্রতিজ্ঞা রক্ষার নিমিত্ত অগ্নিতে প্রবেশ করিতে উদ্যত হন। এদিকে ঐ ব্রাহ্মণও অর্জ্জুনের বহু নিন্দাবাদ করিতে থাকেন। ব্রাহ্মণের এইরূপ ভগবান্ ও ভগবদ্ভক্ত অর্জ্জুনের নিন্দাবাদ করিবার একটী গূঢ় উদ্দেশ্য ছিল। তাঁহার পুত্র মুক্তিপদ লাভ করিয়া ভূমাপুরুষের জ্যোতির্ম্ময়ে লীন হইয়াছিলেন। ভগবদ্ভক্ত ব্রাহ্মণ পুত্রকে মুক্তিপদ হইতে রক্ষা করিবার জন্যই ভগবান্ ও অর্জ্জুনের ঐরূপ নিন্দাবাদ করিয়াছিলেন। এদিকে আবার ভগবান্ অর্জ্জুনের নিন্দা শ্রবণ করিতে না পারিয়া ও অর্জ্জুনকে অগ্নিপ্রবেশ হইতে রক্ষা করিবার জন্য অর্জ্জুনকে লইয়া ভূমা-পুরুষের নিকট উপস্থিত হন। শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিবার জন্য ভূমাপুরুষ উক্ত ভগবদ্ভক্ত ব্রাহ্মণের পুত্রকে তথায় আনয়ন করেন। দর্শনকারের অভিলাষ পূর্ণ হইলে অর্থাৎ শ্রীকৃষ্ণের রূপ দর্শন হইলে তিনি উক্ত ব্রাহ্মণের পুত্রকে প্রত্যর্পণ করেন। ভগবান্ ব্রাহ্মণের পুত্রগণকে ভক্তপদরূপ দ্বারকাপুরীতে প্রত্যানয়ন করিয়াছিলেন। ইহাতে ভগবদ্ভক্ত ব্রাহ্মণের মনস্তুষ্টি হইয়াছিল। এই ইতিহাস হইতে জানা যায় যে, মুক্তিপদবী হইতে ভক্তিপদবী কত শ্লাঘ্য ও সজ্জনের বরণীয়।

শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীরাধাষ্টমী-উৎসব

গত ২৪শে ভাদ্র সোমবার শ্রীরাধাষ্টমী-দিবস প্রাতে পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু 'শ্রীচৈতন্যচরিতামৃত' হইতে শ্রীরাধাতত্ত্ব বিষয়ে অনেক কথা আলোচনা করেন। অতঃপর পরমারাধ্যতম শ্রীল আচার্য্য-দেবের 'ভজনকুটিরের বারান্দায় বসিয়া সকলের নিকট পূজ্যপাদ শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ 'রাধাদাস্যই যে ভক্তপ্রাপ্য এবং শ্রীগুরুদেবের একান্ত আনুগত্য ব্যতীত যে জীবের আর গতি নাই, এ সমস্ত কথা কীর্ত্তন করেন। উৎসবোচিত স্থানে শ্রীপাদ নবীনকৃষ্ণ প্রভু হরিকথা কীর্ত্তন করেন। রাত্রে সন্ধ্যারাত্রিকান্তে সভাতে বহু লোক সমক্ষে সাধারণ সভাগণমধ্যে ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিবৈভব সাগর মহারাজ 'শ্রীরাধাষ্টমী' সম্বন্ধে একটী হৃদয়গ্রাহী বক্তৃতা দান করেন। অতঃপর সমাগত বহু ব্যক্তিকে মহাপ্রসাদ প্রদান করা হয়।

কৃষ্ণ আমায় পালে রক্ষে জান সর্ব্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল॥

শ্রীশ্রীল আচার্য্যদেবের

হরিকথার মর্ম্ম

[শ্রীচৈতন্যমঠ, ২০শে মার্চ্চ, ১৯৩০]

নিজেকে বলি দিতে হইবে। যে যত নিজেকে বলি দিতে পারিবে, সে তত শীঘ্র শ্রীগৌরসুন্দরের কৃপা পাইবে। শ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর অনুগত হইতে হইবে। শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী চাউল গণিয়া সংখ্যা রাখিয়া হরিনাম করিতেন, সংখ্যা পূর্ণ হইলে তাহার যে এক ছটাক বা দেড় ছটাক চাউল বাহির হইত, তাহাই রন্ধন করিয়া মহাপ্রভুকে ভোগ দিতেন এবং একবেলা সেই প্রসাদ পাইতেন। তিনি প্রেমভক্তি-স্বরূপিণী, গৌরনারায়ণের লক্ষ্মী। তাঁহার আশ্রয় লাভ হইলেই মহাপ্রভুকে পাওয়া যায়। ভাল খাওয়া ছাড়িতে হ'বে। ভাল খাওয়া, ভাল পরার প্রতি টান থাকিলে গৌরসুন্দরের কৃপা হইবে না। প্রত্যাহারটা সাধকের পক্ষে খুব বেশী দরকার। যে প্রত্যাহারে যতটা দৃঢ় হইতে পারিবে, সে ততটা মহাপ্রভুর কৃপা পাইবে। কাঙ্গাল—দীন হইতে হইবে। মহাপ্রভু দীনের ঠাকুর। বেশী নিদ্রা ত্যাগ করিতে হইবে। অসৎসঙ্গ একেবারেই ছাড়িতে হইবে। প্রজল্প ভজনের বিশেষ বাধা। অন্যচিন্তা দূর করিতে হইবে। সর্ব্বক্ষণ গুরুগৌরাঙ্গের চিন্তা করিতে হইবে। গুরুবর্গের ও সকল বৈষ্ণবের পাদপদ্মে নিরন্তর প্রার্থনা জানাইতে হইবে। নিজের দীনতার কথা স্মরণ করিয়া শত শত ধিক্কার দিতে হইবে। গুরুবর্গের চিন্তা জোর করিয়াও করিতে হইবে। জোর করিয়া অন্যচিন্তাকে দূর করিয়া গুরুবর্গের কৃপা প্রার্থনা ও তদাদি স্মরণ ক'রবে। যিনি যতটা এ বিষয়ে যত্নবান্ হইবেন, তিনি তত শীঘ্র অগ্রসর হইতে পারিবেন

শাস্ত্রের বাক্যে যাহার বিশ্বাস বা শ্রদ্ধা আছে, তাহাকেই হরিকথা বলিতে হইবে। দুর্ভাগ্য—সে অপরেরই হউক আর নিজেরই হউক, চর্চ্চা করিতে হইবে না। কতকগুলি বহির্ম্মুখ লোকের 'বাহবা' কুড়াইয়া বা তাহাদের ঘাড়ে চড়িয়া কোন মঙ্গল হইবে না—নিত্যানন্দের কৃপা পাইবে না। যতটা নিজেকে বলি দেওয়া যাইবে—মহাপ্রভুকে পাইবার আশায় নিজের ভোগ, সুখ, বিদ্যা বুদ্ধি, পাণ্ডিত্য দিন যতটা বিসর্জ্জন করিতে পারিবেন, তিনি ততটা শীঘ্র অগ্রসর হইতে পারিবেন—নিত্যানন্দপ্রভু আত্মসাৎ করিবেন। নিত্যানন্দপ্রভু আত্মসাৎ করিলেই মহাপ্রভু কৃপা করিতে বাধ্য হইবেন।

একাদশীতে নির্জ্জল উপবাস করা দরকার। শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী, শ্রীশচীমাতা, শ্রীনন্দ-যশোদা সকলেই একাদশী ব্রত করিয়া কৃষ্ণকে লাভ করিয়াছেন

[২২শে মার্চ্চ, ১৯৩০ ইং]

আগে নিজেকে জানিতে হইবে। 'কে আমি', প্রথমে জানা দরকার। নিত্যানন্দ-প্রভুর সহিত মহাপ্রভুর সম্বন্ধ এবং আমি শ্রীনিত্যানন্দপ্রভুর - শ্রীবাসের—শ্রীঅদ্বৈতের শ্রীগদাধরের পদধূলি, এই সকল পরিচয় জানা দরকার। নিজের এই পরিচয় জানাই শ্রীনিত্যানন্দের কৃপার প্রথম পরিচয়। শ্রীগুরুবৈষ্ণবের বাণী হইতেই ইহা জানা যায়। শ্রীগুরুবৈষ্ণবের বাণীতে বিশ্বাসই শ্রদ্ধা। এই শ্রদ্ধাও নিত্যানন্দের কৃপার প্রথম পরিচয়। শ্রদ্ধা হইলেই সাধুসঙ্গে হরিকথা শ্রবণ হয়। সাধুসঙ্গে শ্রবণ-কীর্ত্তনই ভজন। ভজনক্রমে সমস্ত অনর্থ দূরীভূত হইলে নিষ্ঠা বা নৈরন্তর্য্য উপস্থিত হয়, তারপর রুচি, তারপরে আসক্তি। এই পর্য্যন্ত সাধনভক্তি. ইহার পর সাধ্য-ভক্ত ভাবের উদয় হয়। ভাব ক্রমে স্থায়িভাব রতিরূপে প্রকাশিত হয়। রতি হইতে শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর—এই পাঁচটি রসের মধ্যে যেটী যে আত্মার নিত্যস্বভাব তাহা প্রকাশিত হয়। এইটী ক্রমপন্থা—ইহাও নিত্যানন্দেরই কৃপার পথ।

শ্রীনিত্যানন্দের কৃপার দ্বিতীয় পরিচয় প্রকাশিত হয়—যখন আমাদের নিত্যনাম, নিত্যরূপ বা স্বরূপ ও কৃষ্ণের নিত্যরূপের পরিচয় পাই। সেই নাম, রূপ, গুণ, লীলার ইতি বা অন্ত নাই। তাহা অধিক হইয়া যায় না। নিত্যানন্দের কৃপার প্রথম পরিচয়ে শ্রদ্ধা উদিত হইলে ক্রমে ক্রমে তাঁহার পূর্ণ-কৃপা-ক্রমে স্বরূপের নাম-রূপ-গুণাদি জানা যায়

শ্রদ্ধা বলিতে শাস্ত্রে বিশ্বাস। সাধু হইতেছেন শাস্ত্রের মূর্ত্তবিগ্রহ, তাঁহার লক্ষণ—তিনি চব্বিশ ঘণ্টার মধ্যে চব্বিশ ঘণ্টাই সেবা করেন। সেই সাধুতে আস্থা হওয়া দরকার—তাঁহার উদ্ধার নিকট নিজেকে বলি দেওয়া সম্পূর্ণ শরণাগত হওয়া দরকার। তাঁহার হইয়া তাঁহার অনুসরণ করিতে হইবে। আমার যা' কিছু ভজনের বাধাবিঘ্ন আছে, সে সকল তিনিই দূর করিয়া দিবেন। আবার নিজেরও প্রবল যত্ন ও চেষ্টা থাকিবে যে, কোথায় আমার কোন্ গলদ্ আছে। সাধুর কৃপায় সেই সকল গলদ্ দূর করিবার জন্য আমি প্রাণপণে চেষ্টা করিব, তাহাতে আমার দৈহিক, মানসিক, সামাজিক, পারিবারিক যাহা কিছু ক্লেশ বরণ করিতে হয়, হউক। এইরূপে নিত্যানন্দের কৃপা ও নিজের যত্নাগ্রহ-ক্রমে অনর্থ দূরীভূত হইলে নিষ্ঠা হইবে। 'নিষ্ঠা' মানে নিরন্তর ভজন হইবে। অনর্থ দূরীভূত হইবার পূর্ব্বে ভজনক্রিয়া সান্তর বা বাধাযুক্ত থাকে। অনর্থ দূর হইলে শ্রবণ-কীর্ত্তনাদি নিরন্তর হয়। নিরন্তর ভজনফলে শ্রীনামে ও ভজনে একটা রুচি হয়। রুচি অর্থাৎ ভাল লাগে পরে আসক্তি বা আঁঠা উপস্থিত হয়। এই আঁঠাটাই বিশেষ দরকার। এই আঁঠা না হইলে জড়ের আঁঠা ছাড়ানো যায় না। জড়ে রুচি দূর না হইলে জড়ের আঁঠাও যায় না। হরিভজনে রুচি হইলে—জড়ের রুচি আর থাকে না। রুচি বা 'আঁঠা' এখন যে বিষয়ে আছে, তাহা অপেক্ষা বড় বস্তুতে হইলে তবে এই রুচি বা আসক্তি যাইতে পারে। আসক্তি দৃঢ় হইলে সাধ্যভক্তি ভাব উদিত হয়। পরে রতি ও রসের উদয় হয়।

রসোদয়ক্রমে নিজের স্বরূপ—অর্থাৎ মধুররসে বার্ষভানবীর আনুগত্যে নিজের সেবার পরিচয় ও সেবক-স্বরূপের পরিচয়, অথবা নন্দ-যশোদার আনুগত্যে, অথবা সুবল-শ্রীদামাদির আনুগত্যে, অথবা রক্তক-পত্রকাদির আনুগত্যে, অথবা বেত্র-বেণু বিষাণাদির আনুগত্যে সেবার পরিচয় ও নিজ সেবাস্বরূপের পরিচয় জানা দরকার। নিত্যরূপের প্রকাশ হওয়া—নিত্যরূপ জানা দরকার। নিত্যরূপের সঙ্গেই কৃষ্ণের বিলাস হয়— শ্রীবাস-অঙ্গনে শ্রীগৌরসুন্দরের সংকীর্ত্তনবিলাস হয়। নিত্যরূপের জিহ্বায়, কর্ণে বা সমস্ত ইন্দ্রিয়ে শ্রীনাম বিলাস করেন। সেই বিলাসই চিদ্বিলাস বা ভক্তিবিলাস।

দেহ-দ্বারা—ইন্দ্রিয়-দ্বারা যে সকল ভক্তির নিরন্তর অনুষ্ঠান হয়, তাহাই সাধন। স্বরূপের ইন্দ্রিয়-দ্বারা অনুষ্ঠিত ভজনক্রিয়াই সাধ্যভক্তি। দেহ ও ইন্দ্রিয়-দ্বারা ভজনে অগ্রসর হওয়াই সাধন। ভজনপথে অগ্রগতি থাকিলে ভজনানুষ্ঠান সাধনভক্তি নামে পরিচিত হইয়া থাকে। সর্ব্বক্ষণ শ্রীনিত্যানন্দের কৃপা প্রার্থনা করিলেই মহাপ্রভু আমাদিগকে কৃপা করিয়া আত্মসাৎ করিবেন কি না তাহার ব্যবস্থা হইতে পারে। সর্ব্বক্ষণ হরিনাম জপ ও কীর্ত্তন করা দরকার। উচ্চসঙ্কীর্ত্তন-দ্বারেই কীর্ত্তন হয়। উচ্চসঙ্কীর্ত্তন-বিহীন-ভাবে নামগ্রহণের দ্বারা জপ হয়। উচ্চৈঃস্বরে স্পষ্টভাবে মহামন্ত্র কীর্ত্তন করা দরকার। স্ত্রীমূর্ত্তিধারিণীগণ উচ্চৈঃস্বরে করিতে না পারিলেও মধুস্বরে পরিষ্কারভাবে করিবেন।

নামের মধ্যেই রূপ, গুণ, লীলা, পরিকর সব আছে। তা'তে ইতি নাই। নিত্য নবনবায়মানভাবে—মধুর হইতে মধুরতররূপে তাহা বাড়িতে থাকে। তখন জড়ের প্রতি আসক্তি, আঁঠা ক্রমেই কমিয়া আসে—তাহা আর ভাল লাগে না। আত্মীয়-বান্ধবদিগের—জড় পরিজনের সেবা ভাল লাগে না। গৌরপার্ষদের সেবা করিবার জন্য একটা প্রবল স্পৃহা উপস্থিত হয়।

হরিনামের পথ অত্যন্ত সহজ। কলি-জীবের নামকীর্ত্তন ব্যতীত আর পথ নাই। এতে কর্ম্মের ক্লেশ, জ্ঞানের আয়াস বা যোগের কষ্টসাধন নাই। এই সংকীর্ত্তনের পথই শ্রীগৌরসুন্দর আদেশ করিয়াছেন।

ধ্যান এখন হয় না। কলির জীবের মন অত্যন্ত বিক্ষিপ্ত, এই মনে ধ্যান হওয়া সম্ভব নয়। যজ্ঞাদি অত্যন্ত কষ্টসাধ্য—অর্থ ব্যয় ও সময়-সাপেক্ষ। অর্চ্চনেও বহু উপকরণ, প্রচুর অর্থাদির, সর্ব্বোপরি চিত্তের স্থৈর্য্যের প্রয়োজন হয়। তাহাও কলি-জীবের পক্ষে সম্ভব নয়। অপরাধশূন্যরূপে হরিনামগ্রহণে সর্ব্বসিদ্ধি হইয়া থাকে।

সাধুসঙ্গ ব্যতীত হরিনাম হয় না। হরিনাম সাধু ব্যতীত থাকেন না। সাধুও ২৪ ঘণ্টাই সেবা করেন ও সেবা দান করেন, নিজেও গৌরসুন্দর ও হরিনাম ছাড়া জানেন না বা কাহাকেও আর কিছু জানান না।

মালিক সব কিছু গৌরসুন্দরের। নিজের উপরে নিজের কিছু মালিক থাকিতে হ'বে না। আমার যাবতীয় যা' কিছু বিচার-ব্যবস্থা, সবই গৌরসুন্দর করিবেন। সকলে নিত্যানন্দের চেলা হন। তখন তাঁহার জিনিষের ভাবনা তিনি ভাবিবেন। কৃপা করা—রক্ষা করা—উহার করা তাঁহার কাজ; আমাদের কাজ নিজেকে দিয়ে দেওয়া, বলি দেওয়া—শরণাগত হওয়া। ঝি, চাকরের কি কাজ? তাহাদের কাজ সেবা-প্রার্থী হওয়া, নিজেকে দেওয়া; মনিবের কাজ তা'র সকল ব্যবস্থা করা। বিষ্ণুপ্রিয়ার ঝি, চাকর হইয়া যান, তখন তাঁহার কাজ তিনি করিবেন। আমাদের বিক্রীত হইতে হইবে। বিক্রীত হইলে—বিষ্ণুপ্রিয়ার দাস-দাসী হইতে পারিলে, তিনি কি ব্যবস্থা করিতে পারিবেন না?

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম॥

ভগবৎকথা-প্রসঙ্গে আমি এই জগতের ভোক্তা অথবা আমি ভোগ্য বা ভোগা—এইজ্ঞান থাকে না। পিতা-মাতা, স্বামী অথবা স্ত্রী, পুত্র-কন্যা আত্মীয়স্বজন বা জড় জগতের সকল বস্তু আমাকে ভোগের বস্তু মনে করে—ভোক্তা সাজে অথবা নিজেকে অপরের ভোগ্য মনে করে। ভগবৎকথা-প্রসঙ্গে এই বুদ্ধি দূর হয়।

বিষ্ণুপ্রিয়াদেবী যদি আমাদের করেন, তবে আমাদিগকে শ্রীগৌরসুন্দরের পাদপদ্মে সমর্পণ করিতে পারেন। শচীদেবীর আশ্রয় গ্রহণ করিলে শচীনন্দনের কৃপা লাভ হয়। শ্রীবাসের শরণাগত হইলে শ্রীবাস-অঙ্গনে গৌরসুন্দরের সংকীর্ত্তন-রাসে প্রবেশাধিকার লাভ হয়। অদ্বৈতপ্রভুর অনুগত হইলে হৃদয়ে আমাদের প্রাণনাথ বিশ্বম্ভরের উদয় হয়। গদাধরের পাদপদ্মধূলি হইতে পারিলে গদাধর-প্রাণনাথ আমাদেরও প্রাণনাথ হইয়া যান। নামাচার্য্য হরিদাস ঠাকুরের কৃপায় নামাশ্রয় লাভ হয়। কত পতিত পামর তাঁহার কৃপায় হরিনামাশ্রয়ে উদ্ধার লাভ করিয়াছে। ইঁহারাই কৃষ্ণ দিবার মালিক। কৃষ্ণ ইঁহাদের হাতের পুতুল। ইঁহারা ইচ্ছা করিলে কৃষ্ণকে কিনতে, বেচ্‌তে পারেন। পূর্ণভাবে আত্মনিবেদন করিতে পারিলে—ষোল আনা বলি দিতে পারিলে পূর্ণ ষোল আনা পাইবেন। যে-টুকু কম দিবেন—সেই টুকুই ছলনা বা আত্মবঞ্চনা। পূর্ণভাবে দরজা খুলিলে পূর্ণ আলো পাইবেন। যতটা কম খুলিবেন ততটা অন্ধকার পাইবেন। পূর্ণভাবে দরজা খোলাই সাধন।

ষোল আনা বলি দেওয়া অর্থাৎ "আমি ত' তোমার, তুমি ত' আমার" এই জ্ঞান হৃদয়ে ধারণ করা। 'আমি ত' তোমার', এটা না হ'তে পারিলে অন্ততঃ যেন হ'তে পারি—সর্ব্বক্ষণ এইরূপ অকপট প্রার্থনা। নিজের চিন্তাধারা যাহা কিছু করা সবই মনের খেয়াল—মনোধর্ম।

বিশেষ দ্রষ্টব্য

গতকল্য ৩১শে ভাদ্র বিশ্বকর্মা পূজা-উপলক্ষে প্রেস বন্ধ থাকায় নদীয়াপ্রকাশ প্রকাশিত হয় নাই।

শ্রবণে উৎসাহ দরকার

(প্রাপ্ত)

সাধনরাজ্যে হতাশা বলিয়া কোন কথা নাই। সেখানে কেবল আশার আলোক। সেবক যতই উন্নতির পথে অগ্রসর হন, ততই সেই আলোকে সেবক উজ্জ্বলতর আকৃষ্ট হইতে থাকেন। এই সাধনরাজ্যে অগ্রসর হইবার একমাত্র উপায়—শ্রবণ—সঙ্গ। যেখানে সুষ্ঠুভাবে শ্রবণ হয়, সেখানে কীর্ত্তন আছেই। কারণ, সুষ্ঠু শ্রবণ হইলে সেবক কীর্ত্তন না করিয়া থাকিতে পারেন না। শ্রবণের ফলই কীর্ত্তন আবার কীর্ত্তনের ফল স্মরণ। শ্রবণ আত্মনিবেদনকে প্রকট করায়। শ্রবণ জিনিষটা আচরণ। যেখানে আত্মনিবেদন, সেখানে শরণাগতি নিশ্চয়ই আছে। পুত্র যেমন তাহার পিতা কে, ইহা ভালভাবেই জানে, সেই প্রকার সেবকও নিঃসংশয়চিত্তে তাঁহার প্রভুকে জানেন। সেখানে সংশয়ের কোন কথা নাই। সুতরাং সেই নিত্যপ্রভুর শ্রীচরণে আত্মনিবেদন-কার্য্যে—তাঁহার শ্রীমুখকীর্ত্তিত বৈকুণ্ঠবাণীশ্রবণে সেবকের নিরুৎসাহ বা জাড্য থাকিতে পারে না। অন্তরে নিরুৎসাহ বা জাড্য আসিবার মূল কারণ গুরুবৈষ্ণবভগবানের শ্রীপাদপদ্মে সংশয় বা বিশ্বাসের অভাব। যাহার অন্তরে বিন্দুমাত্রও সংশয় আসিয়াছে, তাহার মঙ্গল সুদূরপরাহত। দৃঢ় শ্রদ্ধাবান্ সাধুর নিকট হরিকথা-শ্রবণ ব্যতীত সেই সংশয়চিত্ত দুর্ভাগার আর অন্য কোন উপায় নাই।

শ্রীল রূপগোস্বামিপ্রভুকৃত উপদেশামৃতের "উৎসাহান্নিশ্চয়াদ্ধৈর্য্যাৎ" শ্লোকের মধ্যে আমরা উৎসাহ, নিশ্চয় ও ধৈর্য্য প্রভৃতি ছয়টী ভক্তাঙ্গের গ্রহণের কথা পাই। উৎসাহ, নিশ্চয় ও ধৈর্য্য—এই তিনটী কথার মধ্যে 'নিশ্চয়' কথাটী পাই। "কৃষ্ণ আমাদের অদ্য বা শত বৎসর পরে বা জন্ম-জন্মান্তরে অবশ্যই কৃপা করিবেন, আমি তাঁহার পাদপদ্ম কিছুতেই ছাড়িব না" —এইরূপ দৃঢ়বিশ্বাসের নামই 'নিশ্চয়তা'। এই নিশ্চয়াত্মক বিশ্বাস যাঁহার আছে তাঁহার উৎসাহ ও ধৈর্য্য আছেই। উৎসাহ ও ধৈর্য্যের মূলে নিশ্চয়াত্মক বিশ্বাস। সেইজন্য এই শ্লোকে 'নিশ্চয়' কথাটী উৎসাহ ও ধৈর্য্যের মাঝখানে আছে। উৎসাহই ভজনের প্রাণ। ভক্তিযাজনের প্রথম হইতেই শ্রোতা বা সেবাকামীর শ্রদ্ধা উৎসাহময়ী হওয়া প্রয়োজন। উৎসাহ প্রমাদ বা অনবধানরূপ অনর্থ দূর করিয়া ভজনে দৈর্ঘ্যতা আনয়ন করে। আবার উৎসাহ থাকা যেমন প্রয়োজন, ধৈর্য্য থাকাও সেইরূপ বিশেষ প্রয়োজন। কারণ, ধৈর্য্য না থাকিলে সেবালাভের আশা ক্রমশঃ ক্ষীণ হইয়া পড়ে।

গুরুকৃষ্ণের পাদপদ্ম ব্যতীত আর প্রার্থনীয় বস্তু কিছু নাই, তাঁহাদের কৃপা ব্যতীত এক মুহূর্ত্তও আমার স্থায় অসম্ভব, দুর্দ্দিন, অনর্থগ্রস্ত জীবের মায়ার নানাবিধ প্রলোভনের আকর্ষণ হইতে বাঁচিবার অন্য কোন উপায় নাই। তাঁহাদের শ্রীপাদপদ্মের কৃপা ও আশা-ভরসার কথা ছাড়িয়া দিলে আমি অনন্ত দুঃখের বিভীষিকা দেখিতে পাই। সুতরাং যখন গুরুকৃষ্ণের শ্রীপাদপদ্ম ব্যতীত আর উপায় নাই—এই দৃঢ়বিশ্বাস হৃদয়ে বদ্ধমূল হয়, তখনই আমাদের হৃদয় অমিত উৎসাহে ভরপূর হইয়া উঠে। সাধুর প্রতি যেখানে শ্রদ্ধা, সেখানে শরণাগতি থাকিবেই। শরণাগতির সঙ্গে সঙ্গে তাঁহাদের সেবালাভের আকাঙ্ক্ষাও বর্দ্ধিত হইতে থাকে। শরণাগতিই শ্রদ্ধার লক্ষণ। যে সেবক একান্তশরণ, তাঁহার কখনও অশ্রদ্ধা আসে না—উৎসাহ বা ধৈর্য্য নষ্ট হয় না। এ প্রকারের অবস্থা তাঁহার পক্ষে মৃত্যু-জনক। কারণ, তিনি অন্যাপেক্ষী নহেন। তাঁহার আশা, আকাঙ্ক্ষা কেবলমাত্র তাঁহার একমাত্র প্রাণের আরাধ্যদেবতাকে লইয়া। শ্রীগুরুবৈষ্ণবপাদপদ্মই তাঁহার একমাত্র আশ্রয়, তাই তিনি নিশ্চিন্ত। প্রভু ও মহাপ্রভুকে তিনি রক্ষক বলিয়া বরণ করিয়াছেন বলিয়া সুখ-দুঃখ, আপদ্‌-বিপদ, বাধা বিপত্তি কোন কিছুতেই তিনি বিচলিত হন না।

শ্রীগুরুপাদপদ্মের-বাণী ও তিনি একই বস্তু। শ্রীগুরুদেব বাণী-আকারে—উপদেশাকারে আমাদের নিকট নিজেকে ও কৃষ্ণকে বিতরণ করেন। সেই বৈকুণ্ঠবাণী কর্ণদ্বারে সেবোন্মুখ চিত্তবৃত্তি লইয়া একাগ্রমনে শ্রবণ করিলে তাঁহাদের সঙ্গলাভ করা যায়। কর্ণদ্বারাই তাঁহাদের দর্শন ও সঙ্গ লাভ হয়। এতদ্ব্যতীত অন্য উপায়ে দর্শন বা সঙ্গ করিতে গেলেই বঞ্চিত হইবার সম্ভাবনা। গুরুসঙ্গ না হইলে লঘুর সঙ্গ হইবেই। কারণ, চেতন গতিশীল, সুতরাং যিনি বাস্তব চেতনের দিকে গতিবিশিষ্ট—যিনি সত্য সত্য সেবাকামী, তাঁহার কখনও গুরুদেবের বৈকুণ্ঠবাণীশ্রবণে আলস্য ও নিদ্রা আসে না। শ্রবণ করিয়াও তাঁহার শ্রবণের একটা অতৃপ্ত বাসনা দিন দিন বৃদ্ধিপ্রাপ্ত হইতে থাকে। তাঁহার নিদ্রা আসিবার অবসর কোথায়? গুরুবাণীশ্রবণের অভাবে তাঁহার জীবনের এক মুহূর্ত্তকাল বৃথায় চলিয়া গেল, গুরুকৃষ্ণের সন্ধান পাইয়াও এ জন্মে আর হরিভজন হইল না বলিয়া গুরুকৃষ্ণের বাণী-শ্রবণের জন্য—তাঁহাদের সঙ্গ পাইবার জন্য প্রকৃত গুরুসেবকের হৃদয়ে একটা তীব্র জ্বালাবোধ হয়। এরূপ অবস্থা হইলে কি কাহারও নিদ্রা আসিতে পারে?

হরিকথায় বা হরিনামে রুচি না থাকিলে—প্রীতি না থাকিলে নিদ্রা আসে। হরিকথা বা হরিনাম সাক্ষাৎ ভগবান্—এ কথায় নিশ্চিত—দৃঢ় বিশ্বাস নাই। সুতরাং হরিকথা-শ্রবণ-কীর্ত্তনে আমাদের আশানুরূপ ফল লাভ না করিবার একমাত্র কারণ—হরিকথায় শ্রদ্ধার অভাব। শ্রদ্ধা না থাকায় যখন শ্রবণে উৎসাহ আসে না, তখনই হরিকথা-শ্রবণে নিদ্রা আসে। ইহা চরম দুর্ভাগ্যের লক্ষণ। নিদ্রিত অশ্রদ্ধাবান ব্যক্তির নিকট হরিকথা বলিলে হরিকথার মর্য্যাদা নষ্ট করা হয়, শ্রীহরির চরণে অপরাধ হয়। শুদ্ধবৈষ্ণবের নিকট হরিকথা-শ্রবণ ভাগ্যসাপেক্ষ। আবার শুধু ভাগ্যের উপর নির্ভর করিলে হইবে না, নিজের দিক হইতে নিদ্রা, আলস্য বা জাড্য পরিহারের জন্য এ জন্মেই যদি আপ্রাণ যত্ন না হয়—শ্রবণ-কীর্ত্তনের দিকে স্বাভাবিক রুচি না হয়, তবে আমাদের অবস্থা অতিশয় শোচনীয়। তাই মহাজন বলিয়াছেন—

কোটি জন্ম করে যদি শ্রবণ-কীর্ত্তন।
তথাপি না পায় কৃষ্ণপদে প্রেমধন॥

যদি শ্রবণে উৎসাহ না থাকে, তবে এরূপ দুর্দ্দৈব উপস্থিত হইবেই। আমরা যাহা চাহিব তাহা ভাগ্যে লাভ হইবে। শ্রবণে উৎসাহ না থাকিলে, সম্বন্ধজ্ঞানের অভাব হইলে আমাদের সমস্ত কার্য্যই কর্ম্ম হইয়া যাইবে, ইহাতে কোন সন্দেহ নাই। কারণ, কর্ণদ্বারে শ্রবণই আমাদের সমস্ত ইন্দ্রিয়কে নিয়ন্ত্রিত করে। সেইজন্য হরিভজনে হরিকথা শ্রবণ ব্যতীত অন্য উপায় নাই—নাই—নাই। শ্রীগুরুদেবই এই শ্রবণের একমাত্র অধিকারদাতা। শ্রীগুরুদেব আবার উদ্দণ্ড সর্বচিত্তবৃত্তিবিশিষ্ট সেবকের দ্বারা—বৈষ্ণবের দ্বারা সরল নিষ্কপট শিষ্যকে শ্রবণাধিকার প্রদান করেন। শুদ্ধ বৈষ্ণবের নিকট হরিগুরুবৈষ্ণবের মাহাত্ম্য শ্রবণ করিলে তবে শ্রবণে উৎসাহ আসে। সেইজন্য শাস্ত্র মূল সাধুসঙ্গ। শ্রবণই সিদ্ধসাধনের উপায়।

শুদ্ধভক্ত-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅনন্ত ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬এ কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন বড়বাজার ৪১১৪
সেবক—শ্রীঅনন্তদেব দাসাধিকারী

৩। যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীপুণ্ডরীকাক্ষ ব্রহ্মচারী

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনরোত্তম ব্রহ্মচারী

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীপরমানন্দ ব্রহ্মচারী

(৮) অপ্রকট-শ্রীজগন্নাথের পাট
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীপ্রমথ দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণ দাসাধিকারী

(১১) মোদদ্রুম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ মামগাছি (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ মামগাছি (বর্দ্ধমান)
সেবক—শ্রীকৃষ্ণদাস দাসাধিকারী

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীরামদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

১৭। কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅনুভবানন্দ সেবাবিলাস

(১৮) ভাগবত-আশ্রম
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দ ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদবাড়ি, (নদীয়া)
সেবক—শ্রীজ্যোতির্ময়ানন্দ ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
চাকদহ, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীকিশোর ব্রহ্মচারী

(২১) বালিঘাট-গৌড়ীয়মঠাশ্রম
সেবক—শ্রীচৈতন্য ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চটকপর্ব্বত
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রীনরহরি দাসাধিকারী

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(২৫) বালিয়াটি-গৌড়ীয় মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
নুতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীমাধব দাসাধিকারী

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া। আসাম।
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ। আসাম।
সেবক—শ্রীনবদ্বীপচৈতন্য দাস

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩এ: পাগলা ঝোরা, দার্জ্জিলিং
সেবক—শ্রীমহাপুরুষ দাসাধিকারী

(৩০) সারঙ্গ-গৌড়ীয়মঠ
পোঃ ছাপরা, জেঃ নারায়ণপুর, ইউ. পি
সেবক—শ্রীরাধেশ্যাম ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মহাপুর পাটনা।
সেবক—শ্রীসুন্দরানন্দ দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

(৩৩) [illegible] গৌড়ীয় মঠ
৮।১৭ বড় পটুয়াটুলি, বেনারস সিটি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী

(৩৫) [illegible] মঠ
পোঃ [illegible], ইউ পি।
শ্রীমদনমোহন ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীবনগোপাল ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলকণ্ঠ ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ
রাধারমণ, বৃন্দাবন
সেবক—শ্রীসত্যব্রত দাসাধিকারী

(৩৯) [illegible]
পোঃ [illegible]। মথুরা)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪০) কৃষ্ণবিহারী মঠ—শ্রীবৃন্দাবন
সেবক—শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন
সেবক—শ্রীনিমাইচরণ ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪৩) নন্দকিশোর বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

(৪৪) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম
পোঃ নন্দগ্রাম, মথুরা
সেবক—ঐ

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গোকুলবিহারী মঠ—[illegible],
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রীকিশোরদাস ব্রহ্মচারী

(৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, জেলা [illegible], পাঞ্জাব
সেবক—শ্রীগুরুগোবিন্দ দাসাধিকারী

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীসদ্ভাবন পাণ্ডা

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible] রোড।
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা মাদ্রাজ
সেবক—শ্রীবেঙ্কটরমণ ব্রহ্মচারী

(৫১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ কভূর, [illegible] গোদাবরী মাদ্রাজ
—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

৫২। [illegible] গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], পুরী
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

৫৩। [illegible] মঠ
[illegible] পোঃ পুরী উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫৪) ভক্তিকুটী [illegible] পুরী
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৫৫) আলালনাথ
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক—শ্রীকেশব ব্রহ্মচারী

(৫৭) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible]। উড়িষ্যা।
সেবক—শ্রীশৈলেন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(৫৯) শ্রীব্রহ্মগৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], আসাম
সেবক—শ্রীবিধুভূষণ দাস ব্রহ্মচারী

(৬০) [illegible] মঠ
চিরুলিয়া, পোঃ রাজমহেন্দ্রী, গোদাবরী
সেবক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী

(৬১) কভুর গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী
সেবক—শ্রীশ্যামচরণ ব্রহ্মচারী

(৬২) [illegible] প্রপন্নাশ্রম মঠ
পোঃ [illegible]। [illegible]।
সেবক—শ্রীসনাতন ব্রহ্মচারী

(৬৩) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], (মাদ্রাজ)
সেবক—শ্রীঅবতার ব্রহ্মচারী

(৬৪) [illegible] গৌড়ীয়মঠ
১০১ নং [illegible] ষ্ট্রীট [illegible]।
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ
[illegible] নং ১
৫১, [illegible]
[illegible], লণ্ডন, ই ৫
সেবক—শ্রীমৎ বিনোদবাণী দাসী

(৬৬) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৭) গৌড়ীয়মঠ আশ্রম
[illegible]। ইউ-পি
সেবক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী

(৬৯) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
[illegible]পুর (পাঞ্জাব)
সেবক—শ্রীঅচিন্ত্যগোবিন্দ ব্রহ্মচারী

(৭০) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৭১) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ. পি)
সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

(৭২) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭৩) প্রপন্নাশ্রম
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭৪) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৫) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্. কটক
সেবক—শ্রীঅখিলেশ্বর ব্রহ্মচারী

(৭৬) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীতারাচন্দ্র ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস হইতে শ্রীসনাতনগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদক
শ্রীনন্দকিশোর ভাগবতী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৩৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৩৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক "	৩৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

-:০:-

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট—

-:০:-

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত্র, ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জীসমূহ সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সম্বন্ধে সহজ প্রণালীটি ইহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই সংযমশিক্ষা ও পরম উপকৃত হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সরল ও মধুর। গ্রন্থটি পাইকা টাইপে অতিসুন্দর কাগজে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—মধুরা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ইহাতে ১০০টী উপাখ্যান, প্রবাদ ও প্রায় ৫০টী চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১।০ আনা। প্রাপ্তিস্থান—মধুরা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র আট আনা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৫৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব আকারে সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ সংশোধনের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, আভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা অংশের বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ তদনন্তর শ্রীল শ্রী বলদেব বিদ্যাভূষণ প্রভুর সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শাংশী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্যন্ত প্রকাশ্যভাবে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাধ্যক্ষের [illegible] সু-লেখক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে; গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গ্রন্থাবলীর [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার প্রচারবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শ কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক [illegible] মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর [illegible] বৈষ্ণব-সিদ্ধান্ত এবং ঐতিহাসিক গবেষণা এবং [illegible] অবলম্বন করিয়া একাধারে [illegible] এবং তত্ত্ব ও তথ্যের [illegible] হইল। এই গ্রন্থে, অভিধেয় ও প্রয়োজনের [illegible] সহিত [illegible] শ্রীমন্মহাপ্রভুর [illegible] আলোচনা। প্রথম খণ্ডেই [illegible] ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের লিখিত, মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে [illegible] সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫. পনর টাকা। প্রাপ্তিস্থান—[illegible] গৌড়ীয়মঠ, [illegible]; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর (জেলা—নদীয়া)।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট

যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ইস্টার্ণ টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৬-৫১	৬-১১	৭ ১০	১০-১৩	১৩-৫৩	১৭-৫০	২২-৫১
দমদম „	৪-৫৮	৬-৫৫	৭-৫০	১০-৩৭		১৮-১৭	২২-৫২
রাণাঘাট পৌঃ	৬-১৮	৮ ০ ৭	৯-১৩	১৫-৩	১৮-৩০	১৯-৪২	০-২৫
(বদল) ছাঃ	৬-৩০	৮-৫	৯-৩১	১৫-১৭	১৮-৪২	১৯-৫৭	০-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-৩৪	৮-৩৮	১০ ৮	১৫-৫১	১৯-১৭	২০-২২	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০ ৩১	১৫-০	১৭-১৯	২০-৩০	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫২		১১-১৮	১৫-৫০	১৮-১১	২১-১০	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-২
দমদম „ ১০-২০
রাণাঘাট পৌঃ ১-৫৫
ছাঃ ১৩-০
শান্তিপুর পৌঃ ১৩-২৮
(বদল) ছাঃ ১৩ ৩৩ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-১৪
ছাঃ ১৫-০
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৪০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮	৯-১০	১৪-১৬	১৬ ০	১৮ ৫১		
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৬	৯ ৫৮	১৪ ৫৫	১৬-৩৮	১৯-১১		
ছাঃ	৭-৯	৮-৫০	১১ ৪১	১৬-৫০	১৯-২	২০-৫৭	০-৩৬
রাণাঘাট পৌঃ	৭-৪৪	৯-২৩	১২-২৬	১৭-৫১	২০ ১০	২১-২৯	৪-১৫
(বদল) ছাঃ	৭-৫২	৯-২৮	১২-৩৬	১৭-৪৩	২০-১৮	২১-৩৪	৪-২৩
দমদম „		১১-৩		১৯-০		২৩-৯	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪-২১	১৯-২৭	২১-৫৫	২৩-২৩	৩-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ ১২ ১৬
কৃষ্ণনগর পৌঃ ১৩-৫৫
ছাঃ ১৪-১৩
শান্তিপুর পৌঃ ১৫-৫১
(বদল) ছাঃ ১৬ ৫০
রাণাঘাট পৌঃ ১৭-৩৫
(বদল) ছাঃ ১৭-৪০
কলিকাতা পৌঃ ১৯-২৬

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনবদ্বীপপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা "গৌড়ীয়" এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। একমাত্র পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থও এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং [illegible] চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে 'ভাগবতপত্রাদি' প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় দুর্বল, [illegible] উপায় [illegible] অত্যন্ত অধিক। [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ বায় সার্থক হয় কিনা। [illegible] ৮/০ [illegible] "মাটির তাঁবা।" [illegible]

—১৬নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
এবং
পোঃ বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ খণ্ড। শ্রীমায়াপুর--- ২রা আশ্বিন ১৩৪৭, ১৮ই সেপ্টেম্বর, ১৯৪০ বুধবার ১৬৭৩ম সংখ্যা

নানা-সংবাদ

——:০:(০):০:——

বার্লিনে বিমানযোগে বোমাবর্ষণ

জার্মাণ বেতারে ঘোষণা করা হইয়াছে যে, বৃটিশ-বিমানসমূহ গত ১২ই সেপ্টেম্বর রাত্রে বার্লিন আক্রমণ করে। টিয়ারগার্টেনে ও সহরের উত্তরাংশে বোমা বর্ষিত হয়। জার্মাণ সরকারী সংবাদ সরবরাহ করিবার এজেন্সি জানাইতেছেন যে, উত্তর-পশ্চিম জার্মাণীর দুইটি সহরেও বোমা বর্ষিত হয়।

রাজকীয় বিমান-বাহিনীর বোমারু বিমানসমূহ গত ১১ই সেপ্টেম্বর রাত্রিতে বার্লিনের উপর ব্যাপক আক্রমণ চালাইয়া আসিয়াছে। সাংঘাতিক রকমের 'বক্সো[illegible]' এবং আগুনে বোমাসমূহ [illegible] এবং পোটসডাম এবং আ-হাল্টার রেল ষ্টেশনের উপর পড়িতে দেখা গিয়াছে। টেম্পলহফ বিমান ঘাঁটি এবং টিয়ার গার্টেনে বিমান-বিধ্বংসী কামানের উপরও বোমাবর্ষণ হইয়াছে। ষ্টকহলম হইতে প্রেরিত সংবাদে জানা যায় যে, সেই রাত্রিতে বার্লিনের উপর রাজকীয়-বিমানের আক্রমণ সম্পর্কে "আফটন ব্লাডেট" নামক পত্রিকার সংবাদদাতা জানাইয়াছেন যে, সতর্কতাসূচক ধ্বনি হইবার সঙ্গে সঙ্গেই বার্লিনের সকল অঞ্চলে অস্বাভাবিক প্রচণ্ডতা সহকারে কামান গর্জন হইতে থাকে। বিমানপোতসমূহের ইঞ্জিনের যে শব্দ শুনা গিয়াছে তাহা হইতে মনে হয় যে, বহু বিমানপোত এ আক্রমণে অংশ গ্রহণ করিয়াছিল। পরিষ্কার বোমা-বিস্ফোরণের শব্দ শুনা যায় এবং উত্তর-পশ্চিম এবং মধ্য-বার্লিনের অনেকাংশে ও একটি কারখানায় আগুন জ্বলিয়া উঠে। জার্মানদের কয়েক ঘণ্টা কঠোর পরিশ্রমের ফলে আগুন নিভাইয়া দেওয়া হইয়াছে বলিয়া দাবী করা হইতেছে। বিপদমুক্ত-সূচক সঙ্কেত করিবার পর টিয়ারগার্টেনের সন্নিকটে কয়েকটি বোমা পাওয়া যায়। সে সকল বোমা তখনও বিস্ফোরিত হয় নাই। হামবুর্গ এবং ব্রেমেনের উপর আক্রমণ আরও অনেক সাংঘাতিক রকমের হইয়াছিল। বহু স্থানে বড় রকমের আগুন জ্বলিয়া উঠিয়াছিল এবং অসংখ্য লোক হতাহত হইয়াছিল। ষ্টকহলমের 'টিডিনজেন' নামক সংবাদ পত্রের বার্লিনস্থ সংবাদদাতা জানাইয়াছেন যে, কয়েকজন জার্মাণ মন্ত্রীর উদ্যানে রাজকীয় বিমান বোমাবর্ষণ করিয়াছে।

ব্যবস্থাপক সভার অধিবেশন

বঙ্গীয় ব্যবস্থাপক সভার একটি গত অধিবেশনে বঙ্গীয় মাধ্যমিক শিক্ষা বিলের (১৯৪০) কতকগুলি ধারা সম্পর্কিত সংশোধন প্রস্তাবের আলোচনা সমাপ্ত হয়। কিছু সংশোধনের পর উক্ত ধারাগুলি গৃহীত হয়। বিলটিকে কার্য্যকরী করিবার উদ্দেশ্যে নিয়মাবলী প্রণয়নের জন্য যে ধারায় গভর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া হইয়াছে, সেই ধারা সম্পর্কে কংগ্রেসীদল একটি সংশোধনী প্রস্তাব উত্থাপন করেন। এতৎসম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা হয়। বিরোধী দলের নেতা শ্রীযুক্ত কামিনীকুমার দত্ত সংশোধনী প্রস্তাবটি উপস্থাপিত করিয়া বলেন যে, গভর্ণমেণ্ট যে নিয়মাবলী প্রণয়ন করিবেন, তাহা আইন সভা কর্ত্তৃক অনুমোদিত হওয়া প্রয়োজন। নবাবপুরের রাজা বাহাদুর এবং শ্রীযুক্ত অনিল চন্দ্র দাস এ বিষয়ে শ্রীযুক্ত দত্তকে সমর্থন করেন। মিঃ [illegible] এই সংশোধন প্রস্তাবের বিরোধিতা করেন। ২৯ : ১১ ভোটে সংশোধনী প্রস্তাব অগ্রাহ্য হয়।

——

বেলুচিস্থানে প্রবেশে বাধা

শ্রীচৈতন্যভাগবতের রচয়িতা 'বেদব্যাসাবতার' শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের [illegible] উপলক্ষে শ্রীধাম [illegible] শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীমন্মহাপ্রভুর কথা আলোচিত হইতেছে। গত ১২ই সেপ্টেম্বর বুধবার শ্রীচৈতন্যমঠ হইতে ভক্তবৃন্দ নৌকাযোগে সকালে পূর্ণ শ্রীযোগপীঠে গমনপূর্ব্বক মঙ্গলারাত্রিক কীর্ত্তন করেন। অতঃপর শুদ্ধ বৈষ্ণববন্দনা, গুরুতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন হইলে পর শ্রীচৈতন্যভাগবত পাঠ [illegible] শ্রীপাদ অপ্রমেয় ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু [illegible] শ্রীচৈতন্যভাগবত হইতে [illegible] শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভুর উপদেশ উল্লেখ করিয়া প্রায় এক ঘণ্টা কাল শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের অপার মহিমা ও অপার দয়ার কথা আলোচনা করেন। [illegible] কীর্ত্তন করিয়া সেবকগণের চিত্তকে শ্রীল ঠাকুরের শ্রীপাদপদ্মসেবায় আকৃষ্ট করেন। তাঁহার ভাবপূর্ণ সুললিত কীর্ত্তন শ্রবণ করিয়া সকলেই পরমানন্দিত ও পরিতৃপ্ত হন। তৎপরে শ্রীশ্রীল আচার্য্যদেব ও শ্রীশ্রীল গুরুপাদের কৃপার কথা কীর্ত্তন করিয়া [illegible] সকলের আনন্দবর্দ্ধন করেন। পাঠের পর "কৃপা কর বৈষ্ণব ঠাকুর" এই মহাজন পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

———

মেটেকুড়ে প্রচার

গত ২রা সেপ্টেম্বর শ্রীগৌড়ীয়মঠের অন্তরঙ্গ প্রচারক শ্রীপাদ [illegible] মেটেকুড়ে [illegible] প্রচারার্থ গমন করেন। তিনি তথায় [illegible] নিকট 'শ্রীনাম' সম্বন্ধে অনেক কথা কীর্ত্তন করেন। গত ৩রা সেপ্টেম্বর হইতে ১৩ই সেপ্টেম্বর পর্য্যন্ত এখানে শ্রীচৈতন্যভাগবত পাঠ হয়।

গত ১৩ই সেপ্টেম্বর সন্ধ্যায় [illegible]

কৃষ্ণ আমায় পালে রক্ষে জান সর্ব্বকাল। আত্ম নিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল॥

প্রত্যেক মুহূর্ত্ত যেন বৃথা বাহিত না ক'রে আশ্রয়বিগ্রহ ও আশ্রয়-বিগ্রহের নিষ্কপট সেবকগণের সঙ্গে তাঁ'দের সেবায় যাপিত হয়, তজ্জন্য সর্ব্বদা সতর্ক থাকা উচিত। তাঁ'দের কৃপা হ'লে তাঁ'দের প্রাণাপেক্ষা প্রিয় বিগ্রহগণের সেবালাভ করবার সৌভাগ্য হ'বে।

—শ্রীল আচার্য্যদেব

—

শ্রীগৌড়ীয় মঠ প্রকাশিত

—

দৈনিক নদীয়া-প্রকাশ

● গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ●

যৎকিঞ্চিৎ

ভগবান্ ভক্তের প্রেমবাধ্য। ভক্ত প্রেমের দ্বারা ভগবান্‌কে এরূপ বাধ্য করিতে সমর্থ যে, তিনি ভগবানের খাত পরিবর্ত্তন করিতেও পারেন। ভক্তই ভগবান্‌কে দেখায়। ভক্ত এত বড় জিনিষ! যাহারা বৈষ্ণবকে মানে না—গুরুকে মানে, আবার গুরুকে মানে না—বৈষ্ণবকে মানে, যাহারা গুরুবৈষ্ণবকে মানে না—কৃষ্ণকে মানে, আবার কৃষ্ণকে মানে না—গুরুবৈষ্ণবকে মানে, তাহারা ভক্তির চরণে অপরাধী। ভক্ত না থাকলে গুরুবৈষ্ণবভগবানের দর্শন পাইলেও তাহারা দর্শনের ফল বা দর্শনসুখ লাভ করিতে পারে না। ভক্ত দুর্লভ বস্তু। দুর্য্যোধন ভগবানের বিরাট্‌রূপ দর্শন করিয়াও, শিশুপালাদি নরেশগণ শ্রীকৃষ্ণের সাক্ষাৎ পাইয়াও, হিরণ্যাক্ষ ও হিরণ্যকশিপু রাবণের ও কুম্ভকর্ণের অদ্ভুত ঐশ্বর্য্য-প্রকাশ দেখিয়াও ভক্তশূন্যতা হেতু তাঁহাদের দর্শনলাভ করিতে পারে নাই। পরন্তু কুব্জা, যজ্ঞপত্নী পুরনারী, মালাকার প্রভৃতি ভক্তবলে ভগবানের সেবা লাভ করিয়া ধন্য হইয়াছিলেন। শ্রীচৈতন্যভাগবতে আছে—

অনেকেই দেখিল, মারিল আর ঠাঁ'রে।
তথাপি বঞ্চিত হৈল, যা'তে প্রেম নাহি॥
আজো দেখিবারে যেই ভক্ত জন হৈল।
হেন কোটি দেহ সেই রঙ্গে ছাড়িল॥

পাইলেক মহাভাগ্যে মোর দরশন।
না পাইল সুখ ভক্তিশূন্যের কারণ॥

● ● ● ●

ধনে, কুলে, পাণ্ডিত্যে চৈতন্য নাহি পাই।
কেবল ভক্তির বশ চৈতন্যগোসাঞি॥

অধিক ধনসম্পদশালী থাকিলেই কৃষ্ণভক্তি হয় না। আভিজাত্য, সংক্রিয়া ও প্রচুর অর্থাদির দ্বারা কৃষ্ণসেবা লাভ করা যায় না। একমাত্র কৃষ্ণে প্রগাঢ় প্রীতির দ্বারাই কৃষ্ণ লভ্য হন। কৃষ্ণসেবায় প্রীতিযুক্ত ব্যক্তি যে কোন বংশে জন্ম-গ্রহণ করুন না কেন, তাঁহাতে কিছু হানির ত্রুটি হয় না। ভক্তগণ শ্রীচৈতন্যভাগবত পদের উচ্ছিষ্ট-ভোজী হইবার ইচ্ছা করেন। তাঁহারা মুক্তি চাহেন না। জন্মে জন্মে যেন বৈষ্ণবের সেবক হইতে পারি, বৈষ্ণবের উচ্ছিষ্ট ভোজন যেন আমার সর্ব্বতোভাবে করণীয় বিষয়ের মধ্যে মুখ্যতা লাভ করে, ইহাই ভক্তের প্রার্থনা। বৈষ্ণবের উচ্ছিষ্ট বৈকুণ্ঠদায়ী। বৈষ্ণবের উচ্ছিষ্টভোজীগণই ব্রহ্মাদিরও পরমারাধ্য ব্যাপার। বৈষ্ণব এত বড় জিনিষ! শ্রীচৈতন্যভাগবতে—

তোমার চরণ সঙ্গে যে সকল দাস।
তার অবশেষ যেন হয় মোর গ্রাস॥

● ● ●

ভক্ত বই কৃষ্ণ আর কিছুই না জানে!
ভক্তের সমান নাহি অনন্ত ভুবনে॥
হেন ভক্তজনাদে না পায় সন্তোষ।
সেই সব পাপীরে লাগিল দৈবদোষ॥

— —

আমরা নববিধা ভক্তির কথা শুনিতে পাই। এই নববিধা ভক্তির মধ্যে কীর্ত্তনাখ্যা ভক্তি বা ভক্তিসিদ্ধান্তবাণীই পরমপ্রবলা। অষ্টবিধা ভক্তি অবলা, কীর্ত্তনাখ্যা ভক্তি সবলা। সবলার আশ্রিত হইলে ভক্তি অল্পায়াসে জীবগণকে চরম মঙ্গল প্রদান করে। এই কীর্ত্তনাখ্যা ভক্তিতে বা শ্রীনামে যাহাদের যৎকিঞ্চিৎ অবিশ্বাস আছে, যাহারা মনে করেন, কীর্ত্তন দ্বারা আমাদের মঙ্গলোদয় হইতে পারে না, তাঁহারা তৎটুকু পরিমাণে নাস্তিক। কীর্ত্তনাখ্যা ভক্তিপ্রচারে যিনি যতটুকু সাহায্য করিবেন, তিনি তত পরিমাণে আস্তিক, আর যিনি যত পরিমাণ বাধা প্রদান করিবেন, তিনি তত পরিমাণে নাস্তিক। হরিকীর্ত্তন ব্যতীত অপর চেষ্টা সংসারের হেতু। আর সকল হরিকীর্ত্তন-বিরোধ বন্ধ হইতে মুখ ফিরাইয়া পূর্ব্বমুখী হওয়া বা গাঙ্গার দিকে চলা। বর্ত্তমানে আমরা মায়াতে

—অবিদ্যাগ্রস্ত। এই অবিদ্যার মূল উৎপাটন করিবার একমাত্র উপায়—পূর্ব্ব দিকে চলা—অশোক-অভয়-অমৃতের পাদপদ্মে আত্মসমর্পণ করা। এ জগৎটা বিদেশ, ইহা স্বদেশ নহে। এই বিদেশে আমরা যতদিন থাকিব, এই বিদেশকে যতদিন স্বদেশ মনে করিব, ততদিন শোক, মোহ ও ভয় যাইবে না। এ জগৎ মর্ত্ত্যধাম, ইহা অমৃতধাম নহে। মর্ত্ত্যজগদ্বাসী প্রত্যেককেই মৃত্যুমুখে পতিত হইতে হইবে। এ জগৎ হইতে মৃত্যু উঠিয়া যাইতে পারে না। সুতরাং জীবন থাকিতে থাকিতে ভগবৎ-পাদপদ্মে শরণাগত হওয়াই মঙ্গলের উপায়। নতুবা অবশেষে কাঁদিতে হইবে।

সকলকে একজনের মতে চলিতে হইবে—সকলকেই অপ্রাকৃত ভগবানের অনুগত হইতে হইবে—অপ্রাকৃতের সেবকের আনুগত্য করিতে হইবে—ইহাই গুরুবৈষ্ণবসিদ্ধান্ত। গুরুবৈষ্ণবের আনুগত্যে জীবনযাপন করা ব্যতীত অপ্রাকৃত অনুভূতি লাভ করিবার সামর্থ্য জীবের নাই। গুরুকে কৃষ্ণসেবা দ্বারা সন্তুষ্ট করিয়াই বস্তুজ্ঞান লাভ করিতে হইবে। এই আনুগত্য ব্যাপারটী বড় সোজা মনে করি, তত সোজা নয়। অনুগত ব্যক্তির সঙ্গ না হইলে এই আনুগত্যের স্বরূপ উপলব্ধি হয় না, প্রগাঢ় শ্রদ্ধার ফলে শ্রীগুরুবৈষ্ণবে যদি শ্রদ্ধা এবং ভাগবত থাকিই শ্রীগুরু-বৈষ্ণবের সেবা করিতে পারেন। কৃষ্ণ যাঁ'কে ভক্ত বলে বরণ করেন, সেই বৈষ্ণব আমি, এইরূপ দুষ্টতা যেন আমার হৃদয় অধিকার না করে। নিজেকে বৈষ্ণবের কিঙ্কর জানিলেই বৈষ্ণবের কৃপাপাত্র হয়। বৈষ্ণবকে অভিন্নবিষ্ণুজ্ঞানে সেবা করিতে হবে, ইহাই সাধু-শাস্ত্রোপদেশ। সেবা ছাড়া ভজন আর কিছুই নহে। শ্রীনাম-গ্রহণাদি কার্য্যও সেবাবুদ্ধিতেই অনুষ্ঠান করিতে হইবে, নতুবা তাহাও জীবের আত্মবঞ্চনা হইয়া পড়িবে। প্রকৃত আনুগত্যের অভাবে কীর্ত্তনাদি ভক্ত্যঙ্গের অনুষ্ঠান বা অভিনয় আমাদের ভোগেরই প্রকারভেদ মাত্র, ইহা মনে রাখিতে হইবে। যিনি যতটুকু আনুগত্য করিবেন, তিনি ততটুকু বৈষ্ণবতা লাভ করিবেন।

শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথার মর্ম্ম

(২)

Scientists are discovering apparatus and instruments for preserving their own land and destroying the other lands. ইহারা আছে হবঃ ও অদঃ লইয়া। ইহারা চেতন বলিয়া কিছু মানে না। ইহারা মনে করে, জড় হইতেই সমস্ত বস্তুর উৎপত্তি হইয়াছে। Chemistদেরই আদর সর্ব্বাপেক্ষা অধিক। মনে হয়, সমস্ত জগৎ ইহাদেরই হাতে। ইহারা বলে,—acid ও alkali মিশাইলে যেরূপ effervesce করে, একটা শক্তি দেখা যায়, সেই প্রকার জড়ের সংমিশ্রণে এই জগৎ হইয়াছে, ইহার মূলে চেতন নাই। জড়-দার্শনিকগণ মিশ্রসত্ত্ব লইয়া কার্য্যকারণ-নির্ণয়ে ব্যস্ত। তাহারাও মূলে পরম-চেতনকে বাদ দিয়া প্রকৃতিকেই মূল কারণ বলে। বৌদ্ধ, জৈন, সাংখ্য—বলিতে গেলে সমস্ত দর্শনশাস্ত্রেরই এই মত। কেহ কেহ জড়াধারে চেতনের উদ্দেশ না পাইয়া বলিয়াছে,—'ঈশ্বরাসিদ্ধেঃ প্রমাণাভাবাৎ'। জগৎ সুখে শান্তির কথা বলিলেও কেহ সুখ ভোগ করিতে থাকিবে কি? ইহাদের দ্বারা কিছু বল বীর্য্য সঞ্চিত হইয়াছে, সেগুলি ব্যয় করা চাই ত'। সমস্ত জগতে ক্ষাত্রনীতিটাই প্রবল হইয়াছে। ব্রাহ্মণ-নীতির প্রধান না হইলে ক্ষাত্রনীতি ধ্বংস পায়, শান্তি বা রক্ষা পাইতে পারে না, নিজেকে preserve করিতে পারে না। ক্ষাত্রনীতি প্রবল হইলে ব্রাহ্মণনীতির নিকট তাহা ধ্বংস পায়। পরশুরাম একুশবার ক্ষত্রিয় ধ্বংস করিয়াছিলেন। তখন একটীও ক্ষত্রিয় ছিল না, দুই একজন মাত্র গর্ভে রক্ষা পাইয়াছিল।

ব্রাহ্মণ বলিতেছে,—"মামকী তনু"। তাঁহারা চেতন—পোষণধর্ম্ম লইয়া থাকে; কারণ, তাঁহারা সর্ব্বাপেক্ষা বড় ও সমস্ত জগৎকে পোষণ করেন যিনি, সেই একবস্তুর উপাসক। 'বৃংহণ' শব্দের অর্থ পালন, পোষণ। তাহারা as He is বিশ্বাস করে। ক্ষাত্রনীতি বলিতেছে,—'অচিৎ হইতেই সমস্ত হইয়াছে, অচিৎই পূজনীয়, ব্রাহ্মণ পূজনীয় নয়!' ব্রহ্মণ্যনীতি প্রবল হইলে বৈষ্ণবের নিকট অপরাধ করে। দুর্ব্বাসা রুদ্রের অংশ, ধ্বংস বা তমের মূর্ত্তি। তাঁহার জীবন ক্রোধ অর্থাৎ তিনি ক্রোধ বা রুদ্রের প্রতিমূর্ত্তি। অম্বরীষ একাদশী অর্থাৎ মাধবতিথি হরিবাসর ব্রত করিয়াছিলেন।

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান, ভক্তের হৃদয়ে, কৃষ্ণের সতত বিশ্রাম॥

পারণও সেই হরিশ্চন্দ্র। তিনি অম্বরীষ মহারাজের অদ্ভুতি লক্ষ্যই পারণ করিয়াছিলেন; তথাপি দুর্বাসা অভিশাপ দিতে গেলেন। ফলে দেখিলেন,—সুদর্শন আসিতেছে। তখন নিজের পিতা ব্রহ্মার নিকট গেলেন, তিনি বলিলেন,—'তোমাকে রক্ষা করা তোমার পিতার কর্ম নহে।' তারপর গেলেন—নিজের অংশী রুদ্রের নিকট; তিনি বলিলেন,—'যদি বাঁচিতে চাও, তাহা হইলে ক্ষীরোদশায়ীর নিকট যাও।' ক্ষীরোদশায়ীর নিকট গেলে তিনি বলিলেন,—'আমার নিকট আসলে কি হইবে? ভক্ত যে আমার হৃদয়। ভক্তকে বাদ দিয়া আমার আলাদা কোন সত্তাই নাই। যেখান দিয়া কাঁটা ফুটে, সেই মুখ দিয়াই বাহির হয়। তুমি অম্বরীষের নিকট যাও।'

ভক্তকে বাদ দিয়া 'ভগবান্' কথাটিই হয় না। 'ভগ' শব্দের অর্থ—

ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ।
জ্ঞানবৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাং ভগ ইতীঙ্গনা॥

ভক্তকে বাদ দিলে কিসের সৌন্দর্য্য? কাহার জন্য সৌন্দর্য্য? কে আস্বাদন করিবে? কাহার জন্য বীর্য্য? ঐশ্বর্য্যই বা কে পান করিবে? বাস্তবপক্ষে সেবক না থাকিলে কথাই বলা যায় না।

সুদর্শনের কাজ—চিদ্বিলাসী করিয়া দেওয়া। অপরোক্ষনীতি চিদ্বিলাস মানিতে রাজী নহে। সে বলে—'ভগবানের লীলা মানিবই না'; আর সুদর্শন বলেন,—'তোমাকে মানিতেই হইবে।' সুদর্শনের কাজ—ভক্তের পায়ের ধূলি করিয়া দেওয়া। সুদর্শন দুর্বাসাকে ধ্বংস করিতে যান নাই, কারণ, ধ্বংস করা তমোগুণের ক্রিয়া, উহা তাঁহার কাজ নহে। তমোগুণ বা ত্রিগুণ ধ্বংস করে, কিন্তু রক্ষা করিতে পারে না।

বুদ্ধিগ্রহ ও শান্তির যত কিছু প্রচেষ্টা, সমস্ত গিয়া লয় পাইবে মহাকালীর উদরের অভ্যন্তরে। রজোগুণ ও মহাকালীর এই নৃত্য থামিবে কখন? যখন এই রজঃ ও তমোগুণ নির্গুণ হইবে, তখন। নির্গুণ বলিতে ব্রহ্মজ্ঞান বুঝায়। ব্রহ্মজ্ঞান দু' প্রকার; একপ্রকার—শৈবজ্ঞান। শৈবজ্ঞানে—সমস্তই বিপর্য্যয়বুদ্ধি অর্থাৎ প্রকৃতিকে একবার বলে—'মা', একবার বলে—'বাবা', একবার বলে প্রকৃতি হইতে জাত, আবার বলে,—সেই-ই জন্মদাতা। অর্থাৎ একবার যাহাকে বলে,—'প্রকৃতির পুত্র', আবার তাহাকেই বলে পতি। এই সমস্ত বুদ্ধি দেখে প্রকৃতি লজ্জায় জিভ কাটছায়। চেতনের অচেতনাবস্থা দেখিয়া প্রকৃতি তাহার বুকের উপর উঠিয়া দাঁড়াইতেছে।

আর এক প্রকার জ্ঞান—বৈকুণ্ঠজ্ঞান। সেইটিই পরমোৎ। সেইখানেই শ্রীমন্ত্রের স্থান, তাহা চিদ্ভূমি। গুরুবর্গের কৌপীনের একটা ছিন্নসূতা অনেক মীমাংসা করিতে পারে। অনন্ত কোটি ব্রহ্মাণ্ডের ঐশ্বর্য্য, বল, বীর্য্য, বুদ্ধিমত্তা বা পাণ্ডিত্য গুরুবর্গের ছিন্নকৌপীনের একগাছি সূতার মূল্য দিতে পারে না। গৌড়ীয়মঠের কুক্কুরের উচ্ছিষ্ট যে ভোজন করে, সে এই কথা সমস্ত বিশ্ববাসীর নিকট উচ্চকণ্ঠে বলিবে, ইহাই তাহার শুদ্ধ অহঙ্কার। জগতের লোক তাহাকে অহঙ্কারী, দাম্ভিক বলিবে। কিন্তু, জগতের লোক কতটুকু দাম্ভিকতার ও দীনতার সংবাদ জানে? জগতের অহঙ্কারের যেখানে শেষ, সেইখানেই বৈষ্ণব-সেবকের দীনতা আরম্ভ। জগতে সর্ব্বাপেক্ষা বড় - ব্রহ্ম সেই 'অহং ব্রহ্মাস্মি'ও তৃণাদপি সুনীচতা। সেই 'অহং ব্রহ্মাস্মি' কি?—'গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ।'

কপটতা

(প্রাপ্ত)

সাধকজীবনে মঙ্গলের পথে অগ্রসর হইবার সর্ব্বপ্রধান অন্তরায় কপটতা। কপটতা থাকিলে মঙ্গলের পথে আসিয়াও মঙ্গলময়কে পাইয়াও মঙ্গলবরণ করিতে পারা যায় না। কপটতা থাকার জন্যই শ্রীগুরু বৈষ্ণবের সাক্ষাৎ পাইয়াও তদনুসরণে ও তাঁহাদের সুষ্ঠু সঙ্গ হইতে বঞ্চিত হইতে হয়। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের উপদেশে পাই—

কপটতা হইলে দূর প্রবেশে প্রেমের পূর,
জীবের হৃদয় শুদ্ধ করে।
অতএব যত্ন করে, আনিবারে প্রেমধনে,
কাপট্য রাখিহ অতি দূরে
শুন মন! নিগূঢ় বচন।
প্রতিষ্ঠাশা দুরাশয়, চণ্ডালিনী ক্ষুদে মম,
যতকাল করিবে নর্ত্তন।
কাপট্য তদ্রূপপতি, না ছাড়িবে মম বতি,
স্বপচিনী যাবে হয় দূর।
তদর্থে যতন করি', প্রভুশ্রেষ্ঠপদ ধরি',
সেবা তুমি করহ প্রচুর।
তেঁহ প্রভু সেনাপতি, বিক্রম করিয়া অতি
স্বপচিনী সঙ্গ ছাড়াইবে।
রাধাকৃষ্ণ-প্রেমধনে, দিবে করে অকিঞ্চনে
বলে ভক্তিবিনোদ কাঁদিয়া॥

কপটতাই সমস্ত অমঙ্গলের মূল আকর। আবার এই কপটতার মূল অনুসন্ধান করিলে পাওয়া যায় প্রতিষ্ঠাশা। প্রতিষ্ঠাকাঙ্ক্ষা থাকিলে তদনুরূপ কপটতা থাকিবেই। জড় প্রতিষ্ঠালাভের আশা থাকিলেই কপটতার আশ্রয় লইতে হইবে। কপটতার আশ্রয় ছাড়া প্রতিষ্ঠা লাভ হয় না। আমার মধ্যে অনেক অনর্থ আছে, দোষ আছে, অসুবিধা আছে, অপরাধ আছে, তাহা অন্য লোকে জানিলে আমার প্রতিষ্ঠার লাঘব হইবে, সেজন্য আমার সেই সকল অসুবিধা গোপন করিয়া রাখি - আমার অসুবিধা আছে বলিয়া লোককে জানিতে দিই না, আমার সেই অসুবিধাগুলিকে ঢাকিবার জন্য সতোর আবরণ দিতে হয়। 'আমি ঠিক আছি, আমার দোষ ত্রুটী অপরাধাদি নাই; দোষ অপরের—গুরুর'—প্রতিষ্ঠাকামী কপট ইহাই মনে করে।

বড় হইবার বাসনাই প্রতিষ্ঠাকাঙ্ক্ষা। ইহা ভক্তির অন্তরায়। বড় হইবার অভিলাষ থাকিলে গুরুবৈষ্ণবের সেবা করা যায় না—সদ্গতি হয় না—সদ্গতির অভিনয় করিয়াও বঞ্চিতই হইতে হয়। অকিঞ্চনই গুরুবৈষ্ণবের সঙ্গ ও সেবা পান। যাঁহার অন্যাভিলাষ -কনক-কামিনী প্রতিষ্ঠাকাঙ্ক্ষা নাই, তিনিই গুরুবৈষ্ণবের সেবাধিকারী অকিঞ্চন। শ্রীগুরুপাদপদ্মের অনুগামিত্ব ব্যতীত কিছুর হইবার ইচ্ছা ব্যতীত অন্য যা কিছু বাসনা, তাহা সমস্তই অন্যাভিলাষ। অন্যাভিলাষী ব্যক্তি একনিষ্ঠ হইতে পারে না। একনিষ্ঠ না হইলে সেবালাভ করা যায় না। এক ব্যক্তি যুগপৎ বহুর সেবা করিতে পারে না। একের সেবাসুখেই বহুর সুখসাধন করিতে পারেন, যদি অন্যান্য সকলেই সেই অদ্বিতীয় একের অনুগত হয়। শ্রীগুরুপাদপদ্ম হইতে বৈষ্ণবগণের সত্তা পৃথক্ করিয়া ব্যক্তিগতভাবে তাঁহাদের সেবা করিয়া তাঁহাদের সুখবিধান করা যাইতে পারে না। বস্তুতঃ শ্রীগুরুপাদপদ্ম হইতে বৈষ্ণবগণ পৃথক্ নহেন। বৈষ্ণবের বৈষ্ণবতার পরিপূর্ণ সমষ্টিই শ্রীগুরুপাদপদ্ম। বৈষ্ণবগণের সমস্ত বৈষ্ণবতা শ্রীগুরুপাদপদ্মেই নিহিত আছে, সেজন্য সপুত্রায় শ্রীগুরুপাদপদ্ম আশ্রয়েরই কথা বলিয়াছেন। বৈষ্ণবগণ শ্রীগুরুপাদপদ্মের বৈভব। গুরুপাদপদ্ম যেরূপ transparent medium হইয়া সেবকের সেবাসমূহ ভগবানের নিকট পৌঁছাইয়া দেন, বৈষ্ণবগণও তদ্রূপ আমাদিগকে আশ্রয়বিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের নিকট পৌঁছাইয়া দেন। ইহাই বৈষ্ণবের বৈষ্ণবতা। বৈষ্ণবের হাব-ভাব, চালচলন, আচার বিচার প্রত্যেকটীই আমাদিগকে গুরুপাদপদ্মের সন্ধান দেয়। গুরুসেবা করিতে হইলে ঐরূপ বৈষ্ণবের সঙ্গ প্রয়োজন।

বৈষ্ণব নির্গুণ, তাঁহার কোন দোষ নাই। বৈষ্ণব সর্ব্বদা পবিত্র জীবন যাপন করেন। বৈষ্ণব নির্দোষ। নিজে নির্দোষ না হইলে পরমনির্মল, পরমপবিত্র, সর্ব্বগুণাকর গুরুবৈষ্ণবের সঙ্গ হয় না। বড় হইবার অভিলাষ থাকিলে গুরুবৈষ্ণবের সেবা হয় না। কপট ব্যক্তি 'বড় আমি' হইবার জন্য অভিলাষী আর সরল ব্যক্তি 'দাস আমি' অর্থাৎ গুরুবৈষ্ণবের কিঙ্কর হইবার জন্য সর্ব্বতোভাবে চেষ্টাবিশিষ্ট। কপট প্রতিষ্ঠার কাঙ্গাল, আর সরল সর্ব্বদা সেবোন্মুখ।

কপটের হৃদয়ে দৈন্য নাই। কিন্তু কপট তাহার প্রতিষ্ঠালাভের জন্য সরলতার বা দীনতার মুখোস্ পরিয়া থাকে। কপট ব্যক্তি দৈন্যের অভিনয়ে নিজেকে অত্যন্ত অপরাধী, পাপী, পাষণ্ডী, নারকী, বিষ্ঠার কৃমিকীট ইত্যাদি অনেক কথাই বলিয়া থাকে, কিন্তু কোন শুভাকাঙ্ক্ষী বৈষ্ণব যদি ঐ কপট ব্যক্তিকে তাহার মঙ্গলের জন্য তাহাকে ঐ সকল কথা স্পষ্টভাবে বা কোন কৌশলে বলিয়া দেন, তখন সেই কপট ব্যক্তি তাহার স্বরূপ প্রকাশিত করিয়া ফেলে। তখন সেই কপট ব্যক্তি শুভানুধ্যায়ী বৈষ্ণবকে আক্রমণ করিতে উদ্যত হয়।

কপটতা বহুরূপে জীবহৃদয়ে বাস করে। কপট গুরুবৈষ্ণবের প্রতি অন্তরে মর্ত্ত্যবুদ্ধি পোষণ করিয়া বাহিরে লোকদেখান শ্রদ্ধাভক্তি প্রদর্শন করে। কপট গুরুবৈষ্ণবে সন্দেহযুক্ত। সংশয়াত্মার বিনাশ অবশ্যম্ভাবী। কপট লোকের নিকট হইতে সম্মান লাভ করিবার জন্য সর্ব্বদাই ব্যস্ত থাকে।

আমাদের শত শত দোষ বা অনর্থ থাকিলেও কোন না কোন দিন মঙ্গললাভ হইতে পারে যদি নিষ্কপট হই। কপটতা থাকিলে হৃদয়ে অনুতাপ বা আর্ত্তির উদয় হয় না, হরিভজনের জন্য তীব্র আশা বা আকাঙ্ক্ষা থাকে না। কপটতা দূরীভূত হইয়া গুরুবৈষ্ণবের কৃপায় হৃদয়ে দীনতার আবির্ভাব হইলেই মঙ্গল।

অনুগত মঠ-মন্দিরসমূহ

১) শ্রীচৈতন্যমঠ [illegible]
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয় মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। [illegible]
সেবক—[illegible]

৩) [illegible]পুর-মঠ [illegible]
পোঃ [illegible]পুর, নদীয়া
সেবক—[illegible]

(৪) শ্রী[illegible] আশ্রম
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ [illegible]পুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৭) কাজি সমাধি পাট
[illegible] শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) আনন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১০) গৌঃ [illegible]-মঠ
[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১১) [illegible] গৌড়ীয় মঠ
[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১২) [illegible] গৌড়ীয় মঠ
[illegible], পোঃ [illegible] বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) [illegible]-গৌড়ীয় মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]

(১৪) [illegible]-গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৫) [illegible]-গৌড়ীয়মঠ
[illegible], নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
[illegible] (শ্রী[illegible] 'ভক্তিভবন')
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] বাবাজী

১৭) [illegible]
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible]

(১৮) [illegible]-আশ্রম
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৯) [illegible]মঠ
গোবিন্দপুর, পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২০) [illegible]-পণ্ডিতের পাট
[illegible], পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রী[illegible]

(২১) [illegible] গৌড়ীয়মঠালয়
সেবক—[illegible]

(২২) [illegible] গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৩) [illegible]গৌড়ীয়মঠ
[illegible] ঢাকা
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৪) [illegible]
[illegible] পোঃ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২৫) [illegible] গৌড়ীয় মঠ
পোঃ [illegible] (ঢাকা)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৬) [illegible] গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৭) [illegible] আশ্রমালয়
পোঃ [illegible] (আসাম)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৮) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible] (আসাম)
সেবক—শ্রী[illegible] দাস

(২৯) [illegible] গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

৩০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible]

(৩১) [illegible]
[illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৩২) [illegible] গৌড়ীয়মঠ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৩৩ [illegible] মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রী[illegible]
সেবক—শ্রী[illegible]

৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible] (ইউ পি)
শ্রী[illegible]

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
[illegible] পোঃ মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৩৭) শ্রী[illegible]
[illegible] মথুরা
সেবক—শ্রী[illegible]

(৩৮) শ্রী[illegible]
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৩৯) [illegible]
পোঃ [illegible] মথুরা)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ শ্রী[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪১) রাধাকুণ্ড [illegible]
সেবক—শ্রী[illegible]

(৪২) শ্রী[illegible]মঠালয়
[illegible], মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৩) [illegible] মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৪) [illegible] গৌড়ীয়মঠালয়
পোঃ [illegible], মথুরা
সেবক—ঐ

(৪৫) [illegible] গৌড়ীয়মঠালয়
পোঃ [illegible], মথুরা

(৪৬) গৌড়বিহারী মঠ—[illegible],
পোঃ [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৪৭) [illegible]গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] নিউ দিল্লী
সেবক—শ্রী[illegible]

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫০) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible] মাদ্রাজ
—শ্রী[illegible] ব্রহ্মচারী

৫২) [illegible]গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

৫৩) [illegible] মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৫৪) [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৫৫ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible]
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৭) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] দাস ব্রহ্মচারী

(৬০) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible], [illegible]
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] মঠ
পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৩) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৪) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] ষ্ট্রীট [illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৬৫) [illegible] গৌড়ীয়মঠ
[illegible]
[illegible]
[illegible]
সেবক—[illegible] দাসী

৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬নং, কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) গৌড়ীয়মঠ আশ্রম
[illegible], [illegible] ইউ-পি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৬৮) শ্রী[illegible] গৌড়ীয়মঠালয়
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৯) শ্রীগৌড়ীয় মঠ অফিস,
[illegible]পুর ([illegible])
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রী[illegible]

(৭১) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
[illegible] (ইউ. পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭২ ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭৩) [illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭৪) নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্ক
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৫) পরবিদ্যা প্রিন্টিং ওয়ার্কস্, কট
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৬) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে শ্রী[illegible]গোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদক
শ্রী[illegible] কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-প্রকাশ-

বিজ্ঞাপনের হার

সংবাদের পৃষ্ঠায়			বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় বার	পরবর্তী দিবস হার	১ম ও দ্বিতীয় বার	পরবর্তী দিবস
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৪৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৫০৲	৪০

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)

ষাণ্মাসিক	"	৫৲
৩ মাসিক	"	২৷০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা /০, [illegible] ভিঃ পিঃ অগ্রাহ্য।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর জীবনী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর জীবনীসমূহ সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে নিজের পথে অগ্রসর হইতে পারেন, সেই সকল সরল প্রণালী তাহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই সংসারনিবৃত্ত ও পরম [illegible] হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সরস ও সরল। প্রায় পাইকা টাইপে অতি উত্তম কাগজে মুদ্রিত। ইহার মূল্য মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—লক্ষ্মী প্রেসঃ ওয়ারী, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক আখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের দ্বারা যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের হৃদয়ঙ্গম করিবার জন্য প্রদান করিয়াছেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু [illegible] প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ইহাতে ১০টি উপাখ্যান, প্রায় ৩ শত চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ।০ আনা। প্রাপ্তিস্থান—লক্ষ্মী প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্মপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তি সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত ত্রিদণ্ডী শ্রীল [illegible] বিরচিত "[illegible]" নামক কাব্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের [illegible] অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। গ্রন্থের ভিক্ষা মাত্র আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ খোলা। শিক্ষকগণ সাধক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাদে প্রায় মাসে মাত্র ৮৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উৎকৃষ্ট ফল প্রদর্শন করিতেছে। বর্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউশন, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত: এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব মৌলিক গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ গোস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৫৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডীস্বামী শ্রীমদ্ মহামহোপদেশক অধ্যাপক শ্রীল [illegible] ভক্তিশাস্ত্রী, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব স্বতন্ত্র সর্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ ও [illegible] পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্বে অধ্যায়ের ব্যাখ্যায়, প্রত্যেক অধ্যায়ের মৌলিক তত্ত্বের শ্লোক অবলম্বনে শ্রীচক্রবর্তী [illegible] সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ প্রভৃতি [illegible] শ্রীল শ্রী বলদেব কৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল ব্যাখ্যায়, [illegible] প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিলে সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে [illegible] আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীমদ্ [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

[illegible] ঠাকুরের [illegible] ভক্তিবিনোদ [illegible] বিস্তারিত [illegible] প্রকাশিত হইয়াছে [illegible] হইয়াছে। [illegible] ১২০ পৃষ্ঠা [illegible] মূল্য [illegible] আনা, [illegible] মাশুল স্বতন্ত্র।

[illegible]
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৯-৪১	৬-১৯	৭ ১০	১৩-১৬	১৬-৫৬	১৭ ৫৬	২২ ৪১
দমদম "	৪-০৮	৬-২৫	৭ ৩০	১৩ ৩৭		১৮-১৭	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৬-১৮	৮ ০ ৭	৯ ১৭	১৫-১	১৮-৩৭	১৯ ১২	০-২৫
(বদল) ছাঃ	৬-৩০	৮-৫	৯-১১	১৫-১৭	১৮ ৪১	১৯-৪৭	০-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-৩৪	৮-৩৮	১০ ৮	১৫-৫১	১৯-১৭	২০-১২	১-১২

(বদল) ছাঃ ৭ ১২	১০ ১১	১৫-০	১৭ ১১ ২০ ১০
নবদ্বীপঘাট পৌঃ ৭-৫১	১১-১০	১৫ ১০	১৮-১১ ২১ ১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-২
দমদম " ১১-২০
রাণাঘাট পৌঃ ১-৫৫
ছাঃ ১৩-০
শান্তিপুর পৌঃ ১৩ ২৮
(বদল) ছাঃ ১৩ ৩৩ (ন্যারো গেজে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-১৪
ছাঃ ১৫-০
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৭০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮	৯-১০	১৪-১৬	১০০	১৮ ৩১
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৩	৯ ৪৮	১৪ ৫৫	১৬ ৩০	১৯ ১১

ছাঃ	৭-৯	৮-৫০	১১ ৪১	১৬-৫৬	১৯-২	২০-৫৭	৩ ১৬
রাণাঘাট পৌঃ	৭-৪৪	৯-৩৩	১২-২৬	১৭-৫১	২০-১০	২১ ২৯	৪ ১৫
(বদল) ছাঃ	৭-৫২	৯-১৮	১২-৩৩	১৭-৪৩	২০-১৮	২১-৩৪	৪ ২৩
দমদম "		১১-৩		১৯-০		২৩ ৯	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪-৩১	১৯-২৬	২১ ৫৫	২৩ ২৬	৬-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ ১৪ ১৬
কৃষ্ণনগর পৌঃ ১৯-৫৫
ছাঃ ১৫-১০
শান্তিপুর পৌঃ ১৫-৫১
(বদল) ছাঃ ১৬ ৪০
রাণাঘাট পৌঃ ১৭-৩৫
(বদল) ছাঃ ১৭ ৪৩
কলিকাতা পৌঃ ১৯-২৬

"শ্রী[illegible]"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

[illegible] প্রাচীন ও নবীন [illegible] মহাপ্রভুর [illegible] (Foreword) [illegible] (Preface) বিষয় তালিকা (Contents) [illegible] (Index Glossary) [illegible] মূল্য [illegible] টাকা। [illegible] শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীভাগবত প্রিন্টিং ওয়ার্কস

[illegible] পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়াপ্রকাশ" [illegible] প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস

[illegible] পারমার্থিক সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া [illegible] পারমার্থিক [illegible] পত্রিকা "হার্মনিষ্ট" [illegible] এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর [illegible] অবস্থিত। এখান হইতে [illegible] প্রকাশিত হইয়া থাকে।

৪। [illegible] প্রিন্টিং ওয়ার্কস

[illegible] অবস্থিত। এখান হইতে [illegible] প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

[illegible] জীর্ণ [illegible] পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] এবং [illegible] আপনার অর্থ [illegible]। ছোট বোতল ।৵০ [illegible] আনা, বড় বোতল ১৵০ [illegible] আনা। পাইকারী [illegible]

—[illegible] রোড, কলিকাতা।
অথবা
[illegible] বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ খণ্ড । শ্রীমায়াপুর — ৪ঠা আশ্বিন ১৩৪৭, ২০শে সেপ্টেম্বর, ১৯৪০ শুক্রবার ; ১৬৯তম সংখ্যা

নানা-সংবাদ

—:•:(•):•:—

ইঙ্গ-মার্কিণ নৌ চুক্তি

প্রেসিডেন্ট রুজভেল্ট কংগ্রেসকে মার্কিণ যুক্তরাষ্ট্র ও গ্রেটবৃটেনের মধ্যে এক চুক্তির কথা জ্ঞাপন করেন। এই চুক্তি অনুসারে মার্কিণযুক্তরাষ্ট্র ও দক্ষিণ আটলান্টিকে বৃটিশ-অধিকারভুক্ত নৌ ও বিমানঘাঁটিগুলি ইজারা লইবে এবং বৃটেনকে ৫০ খানা পুরাতন ডেষ্ট্রয়ার প্রদান করিবে। মার্কিণ যুক্তরাষ্ট্র নিউফাউণ্ডল্যাণ্ড এবং বারমুডা, বাহামা, জ্যামাইকা, সেণ্টলুসিয়া, ত্রিনিদাদ, এণ্টিগুয়া ও বৃটিশ গায়নার নৌঘাঁটিসমূহ অধিকার করিবে।

প্রেসিডেন্ট রুজভেল্ট বলেন, নিউফাউণ্ডল্যাণ্ড ও বারমুডার ঘাঁটিসমূহ দান হিসাবে উহাকে সরকারে প্রদত্ত এবং আনন্দের সহিত গৃহীত হইয়াছে। অন্যান্য ঘাঁটিগুলি ৫০ খানা পুরাতন ডেষ্ট্রয়ারের পরিবর্তে অধিকার করা হইয়াছে।

লণ্ডনে সরকারীভাবে ঘোষণা করা হইয়াছে যে, ওয়াশিংটনে এক ইঙ্গ-মার্কিণ চুক্তি স্বাক্ষরিত হইয়াছে। এই চুক্তি অনুসারে বৃটেন অবিলম্বে মার্কিণ যুক্তরাষ্ট্র হইতে ৫০ খানা ডেষ্ট্রয়ার পাইবে এবং বৃটেন মার্কিণ যুক্তরাষ্ট্রকে কতকগুলি ঘাঁটি ৯৯ বৎসরের জন্য ইজারা দিবে। মার্কিণ যুক্তরাষ্ট্রকে বিমান ঘাঁটিসংক্রান্ত সুবিধাও প্রদান করা হইবে।

চুক্তির মধ্যে যে বক্তব্য প্রকাশ করা হইয়াছে, তাহা হইতে সুস্পষ্টরূপে বুঝা যায় যে, আলোচনার সময় কমনওয়েলথ ও মার্কিণ যুক্তরাষ্ট্র পরস্পরের দেশরক্ষা ব্যবস্থায় [illegible] সহায়তা করিবার [illegible] নির্ভর করিয়াছে।

ঘাঁটিগুলি ৯৯ বৎসরের জন্য বিনা খাজনায় ইজারা দেওয়া হইবে।

মার্কিণ যুক্তরাষ্ট্রকে সকল ঘাঁটি দিবে এবং ঐ সকল ঘাঁটির সামুদ্রিক সীমানায় অধিকার ও কর্তৃত্ব অর্পণ করিবে। উভয়পক্ষের মীমাংসা দ্বারা এই সমস্ত ঘাঁটির সীমা নির্ধারিত হইবে।

——

ফরাসী উপকূলে গোলাবর্ষণ

গত ৩রা সেপ্টেম্বর দুই ঘণ্টাকাল পর্যন্ত ফরাসী উপকূলভাগে ভীষণভাবে গোলাবর্ষণ করা হয়। ভীষণ বিস্ফোরণ চ্যানেলের অপর পার পর্যন্ত প্রকম্পিত করিয়া তোলে। বোমা, শেল ও আগুনের শিখা ক্যালে হইতে বোলন পর্যন্ত স্থানকে আলোকিত করিয়া তোলে।

গত ৬ঠা তারিখে লণ্ডনে বিমান আক্রমণ সতর্কতাজ্ঞাপন করা হয় এবং ১৫ মিনিট পরেই জানান হয় যে, বিপদ অপসারিত হইয়াছে।

বিমান দপ্তরের এক সংবাদে প্রকাশ, জার্মাণ বিমান-বাহিনী দুইবার দক্ষিণ পূর্ব ইংলণ্ড অতিক্রম করিতে চেষ্টা করিয়াও কৃতকার্য্য হইতে পারে নাই—প্রত্যেকবারেই বৃটিশ জঙ্গী বিমান শত্রুকে পলায়ন করিতে বাধ্য করিয়াছে।

জার্মাণী ও ইতালীতে বৃটিশ বিমানের হানা

বিমান-সচিবের দপ্তর হইতে প্রকাশিত একটি ইস্তাহারে বলা হইয়াছে যে, গত ২রা সেপ্টেম্বর রাত্রে বৃটিশ-বিমান বাহিনী জার্মাণী ও ইতালীর উপর আক্রমণ চালায়। [illegible] সংযোগস্থলে [illegible] স্থানে বোমাবর্ষণ করা হয়। জেনোয়ায় ইলেকট্রিক পাওয়ার ষ্টেশনে, ফ্রাঙ্কফোর্ট এবং [illegible] একটি কারখানায়, [illegible] বিস্ফোরক পদার্থের কারখানায়, এমন কি [illegible] এবং [illegible] যেখানে কামান বসান হইয়াছে সেই সকল স্থান ও বিমান-বাহিনী কর্তৃক আক্রান্ত হয়। দুইটি বৃটিশ বিমান নষ্ট হইয়াছে। [illegible] উপকূলের [illegible] বৃটিশ উপকূলরক্ষী বিমান বাহিনী শত্রুদের জাহাজের উপর গোলাবর্ষণ করে। [illegible] একটি [illegible] একটি সরবরাহ জাহাজের উপর বোমাবর্ষণ করা হয়। উপকূলরক্ষী বিমানবাহিনী [illegible] একটি বিমানকে সমুদ্রে ফেলিয়া দেয়। [illegible] ট্যাঙ্ক এবং [illegible] গোলাবারুদ আক্রমণ করা হয়। একটি বিমানও ফিরিয়া আসে নাই।

জেনারেল দ্য গলেকে সমর্থন

[illegible] ফরাসী অধিকৃত [illegible] কোন পক্ষ অবলম্বন করিবে, তাহা নির্ধারণের জন্য যে [illegible] করা হয়, তাহাতে [illegible] জেনারেল দ্য গলেকে সমর্থনের প্রস্তাব গৃহীত হইয়াছে।

ফরাসী [illegible] সমর্থনে [illegible] করা হইয়াছে এবং জেনারেল দ্য গল [illegible]

[illegible]

একটি [illegible] শাসন-ভার গৃহীত হইয়াছে। [illegible]

[illegible] যে, [illegible] উক্ত সংবাদ প্রাপ্ত হইয়াছেন।

বৃটেনকে আমেরিকার বিমান

[illegible] সংবাদদাতা জানাইয়াছেন যে, যুক্তরাষ্ট্রীয় দেশরক্ষা কমিশন ও যুক্তরাষ্ট্র সমর ও নৌ-বিভাগের [illegible] কারখানার মালিকগণের সহিত [illegible] করিয়াছেন যে, তাঁহারা বৃটিশ সরকারকে আগামী ২০ মাস বিমানপোত সরবরাহ করিবেন।

[illegible] ১৯৪১ [illegible] বৃটিশ সরকার ইচ্ছা করিলে [illegible] ১৪ হাজার বিমানপোত [illegible] পারিবেন।

"[illegible]" পত্রিকার [illegible] সম্পাদক এক প্রবন্ধে লিখিয়াছেন যে, ১১টি [illegible] সম্মেলন [illegible] করে। উহা কে অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা। [illegible]

——

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রদীপ পুরী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৬।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—শ্রীনন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র শোভিত ও [illegible] "পরমগুরু শ্রীগৌরকিশোর" গ্রন্থরাজ প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গোস্বামিপ্রবর অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নবদ্বীপধামবাসী পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের আলেখ্য চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———:::(০):::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচনাসমুদ্র হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজনাকারে সংগৃহীত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রদীপ পুরী গোস্বামীপাদ-লিখিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত প্রসঙ্গ

ভিক্ষা—৷৶০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা ।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

১। 'শ্রীভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

২। শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

শ্রীযুক্ত কুঞ্জবিহারী [illegible] এম-এ, বি-এল,

পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। আদর্শ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত
৪। নবদ্বীপ-ভাবতরঙ্গ (অবাঁধা)
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যভাগবত (বাঁধা)
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আদ্যবর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয়গীতিকা ৷৶০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) [illegible]
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষ্য ।০
২৭। মুক্তাফলটীকা পদ্যোঃ সাহুবাদ ২৲
২৮। বেদান্তদর্শন (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। শীল-ঘির -তত্ত্ব [illegible]
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ।০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু
৪০। শরণাগতি
৪১। গীতাবলী
৪২। শ্রীগৌরমণ্ডল পরিক্রমা
৪৩। সাধনকণ ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। অন্যাপদ্ধতি (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনদর্পণ ৶০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য়) ৩
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বসূত্রাবলী বা সারার্থদর্শিনী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (সানুবাদ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতমঃ ।০
৬৩। সটীক [illegible] ।০
৬৪। তত্ত্বসূত্রম ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম ৶০
৬৬। গৌড়ীয়মঠভজনপত্রিকা ৴০
৬৭। সারাঙ্গসংগ্রহ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ
৬৯। এ কিউ গ্লান্স এট দি বেদান্ত
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী এ্যাণ্ড অন্টলজি ।০
৭২। [illegible] ৷৶০
৭৩। শাইকো ওয়াজ প্রেজেণ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বেদান্তীজম
৭৫। শ্রীমদ গৌড়ীয়মঠ টক্ টু ইউ
৭৬। দ্য ভাগবত
৭৭। রেলোটিভ ওয়ার্লড্‌ এ্যাণ্ড অ্যাবসোলিউট রিয়েলিটি
৭৮। ব্রহ্মসংহিতা ১।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১২৲

উড়িয়া ভাষায় প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ বর্ষ | ৪ পদ্মনাভ ৪৫৪ গৌরাব্দ ৪ঠা আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৭, ২০শে সেপ্টেম্বর ইং ১৯৪০, শুক্রবার | ১৬৯ তম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——::(०)::——

বহরমপুর শ্রীগৌড়ীয়মঠ অফিসে শ্রীশ্রীগুরুপূজা-মহোৎসব

গত ২১শে ভাদ্র ৬ই সেপ্টেম্বর শ্রীগৌর-পঞ্চমীতিথিতে বহরমপুর শ্রীগৌড়ীয়মঠ-অফিসে গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যবর্য্য ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের শুভাবির্ভাব-তিথি-উপলক্ষে শ্রীশ্রীগুরুপূজা মহামহোৎসব শ্রীহরিকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে।

ঐ দিবস প্রাতে মঠের সেবকগণ শ্রীশ্রীগুরুবৈষ্ণব-বন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীচৈতন্য ভাগবত হইতে শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর ব্যাসপূজা প্রসঙ্গ পাঠ করেন।

তৎপরে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীআলেখ্য একটী উচ্চবেদোপরি নানাপ্রকার পত্র-পুষ্পাদি দ্বারা সুশোভিত করিয়া বেলা ১০ ঘটিকার সময় মঠবাসী ও গৃহস্থ ভক্তবৃন্দ তাঁহার শ্রীপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করেন। পুষ্পাঞ্জলি প্রদানের পর শ্রীযুক্ত মধুসূদন দাসাধিকারী মহোদয় শ্রীগুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন করেন।

অপরাহ্নে শ্রীগুরুপূজা সংখ্যা গৌড়ীয় পাঠ ও ব্যাখ্যা হয়। সন্ধ্যায় একটী সাধারণ সভায় শ্রীযুক্ত মধুসূদন দাসাধিকারী মহোদয় "শ্রীশ্রীগুরুপূজা" সম্বন্ধে উৎকল ভাষায় একটী নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। শ্রীযুত বৈদ্যনাথ শর্ম্মা ও শ্রীযুত কাশীনাথ পৃষ্টী মহাশয় উৎকল ভাষায় প্রকাশিত শ্রদ্ধাঞ্জলিসমূহ পাঠ করেন। শ্রীযুত দুর্য্যোধন দাস মহাশয় শ্রীগুরুপূজা-সংখ্যা গৌড়ীয় হইতে শ্রদ্ধাঞ্জলি পাঠ করেন। তৎপরে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হইলে উপস্থিত ভক্তবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীভক্তিবিনোদ বিরহতিথিপূজা

গত ২১শে ভাদ্র শনিবার দিবস দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে জগদ্‌গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে গৃহান্ধকূপ-সোপানে পুনঃপ্রবাহের সূত্রধর ও বিষ্ণুপাদ সচ্চিদানন্দ শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের বাৎসরিক তিরোভাবপূজা একটি মহোৎসব সমারোহের সহিত সম্পন্ন হইয়াছে। ঐ দিবস মঠে একটী উচ্চবেদীর উপর শ্রীশ্রীল ঠাকুরের আলেখ্য আর বিচিত্র বর্ণের বস্ত্র ও পুষ্পমাল্যাদি দ্বারা সুসজ্জিত করা হইয়াছিল।

সন্ধ্যারাত্রিকান্তে শ্রীশ্রীগুরুবৈষ্ণব-বন্দনান্তে গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন হয়। তৎপরে শ্রীভক্তিবিনোদ-আবির্ভাব-সংখ্যা দৈনিক নদীয়াপ্রকাশ এবং ১২শ বর্ষ গৌড়ীয় হইতে শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অলৌকিক চরিত্র ও দান সম্বন্ধে আলোচনা করা হয়। অতঃপর পুনরায় মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনের পর সমাগত সজ্জনবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

এলাহাবাদে প্রচার

জগদ্‌গুরু ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ গোবিন্দদাস ব্রহ্মচারী ভক্তিবান্ধব, ভক্তশাস্ত্রী মহোদয় কয়েকজন ব্রহ্মচারী সহ এলাহাবাদের বিভিন্ন স্থানে শ্রীমন্মহাপ্রভুর বাণী প্রচার করিয়াছেন।

ব্রহ্মচারীজী গত ১লা সেপ্টেম্বর তারিখে এলাহাবাদ এডুকেশন বোর্ডের সেক্রেটারী রায় বাহাদুর ডি, এন, মুখার্জ্জি মহোদয়ের বাসভবনে শ্রীমদ্ভাগবত হইতে শ্রীধ্রুব মহারাজের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ৭ই সেপ্টেম্বর এলাহাবাদ হাইকোর্টের মাননীয় জাষ্টিস্ মঃ দামোদর মহোদয়ের বাসভবনে গমন করত তাঁহার সহিত বহুক্ষণ যাবৎ শ্রীগৌড়ীয়মঠের প্রচার বিষয় সম্বন্ধে বহু কথা আলোচনা করেন। উক্ত আলোচনা শ্রবণে জাষ্টিস্ মহোদয় বিশেষ প্রীত হন। তাঁহার সৌজন্য ও হরিকথা শ্রবণের আগ্রহ বিশেষ প্রশংসনীয়।

গত ৮ই সেপ্টেম্বর ব্রহ্মচারীজী এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের Vice Chancellor বাবু অমরনাথ ঝা মহোদয়ের সহিত সাক্ষাৎ করিয়া মহাপ্রভুর প্রচারিত প্রেমধর্ম্ম সম্বন্ধে বহুক্ষণ যাবৎ কিছুক্ষণ আলোচনা করেন। তচ্ছ্রবণে তিনি অতীব প্রীত হন এবং শ্রীগৌড়ীয়মঠের প্রচার সম্বন্ধে তিনি পূর্ব্বে শুনিবার সুযোগ পাইয়াছেন বলিয়া আনন্দ প্রকাশ করেন। তাঁহার সৌজন্য ও শ্রীগৌড়ীয়মঠের বাস্তব সত্যবাণী প্রচারের উপর তাঁহার বিশেষ শ্রদ্ধা আছে।

গত ৯ই সেপ্টেম্বর অপরাহ্নে ব্রহ্মচারীজী এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের ইংরাজী সাহিত্যের অধ্যাপক মিঃ সেথ্ রাজেন্দ্র মহোদয়ের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহার সহিত বহুক্ষণ যাবৎ বৈষ্ণবধর্ম্ম সম্বন্ধে ইংরাজীতে আলোচনা করেন। উক্ত অধ্যাপক মহোদয় বিশেষ মনোযোগের সহিত শ্রবণ করেন। বহু দিবস হইতে গৌড়ীয়মঠের উপর তাঁহার বিশেষ শ্রদ্ধা আছে বলিয়া জ্ঞাপন করেন।

গত ১০ই সেপ্টেম্বর [illegible] অফিসের [illegible] মিঃ [illegible] [illegible] মহোদয়ের বাসভবনে [illegible] শ্রীমদ্ভাগবত [illegible] ব্যাখ্যা করেন। [illegible] ও [illegible] মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ১০ই [illegible] ব্রহ্মচারীজী [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] শ্রীমদ্ভাগবত [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] মহাজন-[illegible] [illegible] [illegible] হয়।

প্রত্যেক মুহূর্ত্ত যেন বৃথা বাহিত না হ'য়ে আশ্রয়বিগ্রহ ও আশ্রয়-বিগ্রহের নিষ্কপট সেবকগণের সঙ্গে তাঁ'দের সেবায় যাপিত হয়, তজ্জন্য সর্ব্বদা সতর্ক থাকা উচিত। তাঁ'দের কৃপা হ'লে তাঁ'দের প্রাণাপেক্ষা দয়িত বিষয়বিগ্রহের সেবালাভ করবার সৌভাগ্য হ'বে।

—শ্রীল আচার্য্যদেব

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৪ পদ্মনাভ নিধি পৌর্ণমাসী গৌরাব্দ ৪৪৪

ভগবৎসেবা

——:*:——

শরণাগত বা সেবাপ্রার্থী হ'লেই সেবা বস্তুর সন্ধান পাওয়া যায়। কৃপা না হইলে কিছুই জানা যায় না। শ্রীগুরুবৈষ্ণবভগবান্ কৃপাপূর্ব্বক নিজেকে প্রকাশ ক'রলে—সেবা করিবার সুযোগ দিলেই তাঁহাদিগকে জানা যায় বা সেবা করিতে পারা যায়। তাঁহাদের কৃপাই মূল। তাঁহাদের কৃপা না হইলে আমরা শরণাগত বা সেবোন্মুখ হইতে পারি না। অন্যথা বস্তুর শরণাগত বা সেবাপ্রার্থী হওয়া যায় না। নাস্তিক ভগবানের সেবালাভ করিতে পারে না। আস্তিকগণই ভগবানের সন্ধান রাখেন এবং সেবালাভ করেন। প্রভু তিনের একজন—তিনি কৃষ্ণ। এই বিশ্বাস থাকার নামই আস্তিক্য। তাঁহারাই সর্ব্বশ্রেষ্ঠ আস্তিক। আর যাহারা ভগবানের সর্ব্বকর্তৃত্ব স্বীকার না করিয়া হৃদয়ে নাস্তিকতা পোষণ করিয়া আমিও কিছু করিতে পারি, আমারও কিছু যোগ্যতা আছে, এই কথা মুখে অথবা এরূপ মনে মনে চিন্তা করে, তাহারা কি কখনও আস্তিক হইতে পারে? আস্তিকের বিচারে কর্ত্তা একজন, তিনি কৃষ্ণ। তিনিই মালিক বা প্রভু। প্রভুত্বাভিমান বা কর্ত্তাভিমান তাঁহারই একচেটিয়া। কৃষ্ণ ভোক্তা ভোগপুরুষ। 'একলা ঈশ্বর কৃষ্ণ আর সব ভৃত্য'। কৃষ্ণই একমাত্র ভোক্তা বা পুরুষ, আর সকলেই কৃষ্ণভোগ্যা বা কৃষ্ণযোষিৎ। জীবের ভোক্তৃত্ব-পিপাসা থাকলে কৃষ্ণসেবা লাভ হয় না।

শরণাগতি না থাকিলে ভগবানের সেবা পাওয়া যায় না। ভগবানের সহিত পরিচয় হইলে অর্থাৎ তাঁহার সর্ব্বস্বত্ব-সংরক্ষিত সত্ত্ব জানিয়া দাবী করিলে তাঁহার সঙ্গ বা সেবালাভের পর্য্যন্ত তাঁহার সহিত সম্বন্ধই হইবে।

'ভগবান্ স্বয়ং প্রকাশিত হইয়া সেবা প্রদান না করিলে সেবা পাওয়া যায় না। তবে কে ভগবানের সাক্ষাৎকার ও সেবালাভ করিবেন? শাস্ত্র বলেন "সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ"। সেবোন্মুখ বা শরণাগত হইলেই জীবের সেই সৌভাগ্য লাভ হয়। শরণাগত হইলে ভগবান তাঁহার সবটা পরিচালনা করিবেন। গুরুবৈষ্ণব-ভগবানের পাদপদ্মে শরণাগত ও আনুগত্য থাকিলে নিরাপদ। সেইজন্য সমস্ত কার্য্যের প্রারম্ভে গুর্ব্বাদির বন্দনার বিধি শুদ্ধভক্তিসম্প্রদায়ে আছে। শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন,—'সমস্ত সেবা-কার্য্যের পূর্ব্বে গুরুদেবের বন্দনা, তা'পর শ্রীচৈতন্যস্মরণ করতে হয়, তা'হ'লে শ্রীনামস্ফূর্ত্তি হয়।" শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরও বলিয়াছেন—

"[illegible] হইনু যবে, ডাকিনু কাতর রবে,
কেহ মোরে করহ উদ্ধার।
সেইকালে আইলে তুমি,
তোমা জানি' কৃপাভূমি,
আশা বীজ হইল আমার॥"

অহঙ্কার পরিত্যাগ করিয়া শরণাগত হইতে হইবে। প্রাকৃত অহঙ্কার পরিত্যাগ করিয়া শরণাগত হইলেই শ্রীনাম অবতীর্ণ হন। ছয় প্রকারে ভগবানের নিকট শরণাগত হইতে হয়। এই ষড়বিধ শরণাগতিও আবার ত্রিবিধ—কায়িক শরণাগতি, মানসিক শরণাগতি ও বাচিক শরণাগতি। এই ত্রিবিধ শরণাগতি লাভ হইলে আর জীবের সংসারে পুনরাগমনের যোগ্যতা থাকে না। তাঁহার সংসার-বাসনার বীজ ধ্বংস হওয়া যায়। এইরূপ শরণাগতি থাকিলে শরণাগতের অভিমান হয় না নচেৎ, ভগবানে কেবল আত্মসমর্পণের ছলনা হয় মাত্র। অপ্রাকৃত শব্দ থাকিতে শরণাগত হওয়া নিজের পথে চলাই দীক্ষিত হওয়া। এই দীক্ষালাভের মূলে শরণাগত বা অপ্রাকৃত শব্দ-ব্যক্তিত্বে সুদৃঢ় বিশ্বাস। এই দীক্ষালাভ না হইয়া যদি তাহা কেবল বাহ্য অনুষ্ঠানেই পর্য্যবসিত হয়, তাহা হইলে তাহা ভক্তি নহে, কপটতা। তাহার ফল কৃষ্ণসেবাপ্রাপ্তি না হইয়া উত্তরোত্তর দুঃখ লাভ হইয়া থাকে।

শরণাগতির পথের একমাত্র বাধা হইতেছে—দেহ, দুর্ব্বিণ, জনতা, লোভ ও পাষণ্ডতা। দেহ—দেহাত্মবুদ্ধি। দেহাত্মবোধ থাকাকালে গুরুবৈষ্ণবে আপনবোধ হয় না। গুরুবৈষ্ণবে আপনবোধ না হইলে শুদ্ধ হরিনাম না, নামাপরাধই হয়। দুর্ব্বিণ—ধর্ম্মার্থ-কাম-মোক্ষপিপাসা। এই সকল অন্যাভিলাষ। অন্যাভিলাষী শরণাগত নহে। সে বহু সজ্জনের প্রয়াসী, সুতরাং সে এক অদ্বয়জ্ঞান ভগবানের শরণাগত হইতে পারে না। জনতা—বহু বহির্ম্মুখ ব্যক্তির মতে মত দেওয়া—তাহাদের সঙ্গ করা। শাস্ত্রবাণী অবজ্ঞা করিয়া বহু লোকের মতকে সমর্থন করা অন্যায়। বহির্ম্মুখ লোকের কথা ভক্তগণ গ্রাহ্য করেন না। তাঁহারা শাস্ত্রবাক্যে সুদৃঢ় বিশ্বাসবান্। শাস্ত্রবিরুদ্ধ যে সকল কথা, তাহাতে কৃষ্ণসেবার কোন কথা নাই, তাহা কেবল ইন্দ্রিয়তর্পণময়। বহির্ম্মুখ জনসঙ্গ ত্যাগ, কিন্তু সজ্জনসঙ্গ উপাদেয়। অসজ্জনসঙ্গে হরিভক্তির ক্ষতি ও সজ্জনসঙ্গে বৃদ্ধি হয়। যেখানে বহু লোক মিলিয়া হরিকথা শ্রবণ কীর্ত্তনের পরিবর্ত্তে ইন্দ্রিয়তর্পণের কথা লইয়া বৃথা সময় কাটায়, তাহাকে জনতা বলে। এই জনতা সর্ব্বতোভাবে পরিত্যাজ্য। লোভ—অন্য বস্তুতে রুচি। অন্য বস্তুতে রুচি থাকিলে ভগবৎসেবা-লাভের জন্য টান হয় না। কিন্তু কৃষ্ণের প্রতি লোভই ভক্তের একমাত্র কাম্য। সেবালাভের জন্য স্বাভাবিক লোভ হইলেই মঙ্গল। পাষণ্ডতা বিপরীত জ্ঞান অর্থাৎ বস্তুকে ঈশ্বর-জ্ঞান ও ঈশ্বরকে বস্তু-জ্ঞান। চেতনকে অচেতন ও অচেতনকে চেতন-জ্ঞান করাই পাষণ্ডতা। এইগুলি শরণাগতি-পথের অন্তরায়। সাধকের এই সকল বিষয়ে সাবধান হইয়া—এই সকল বস্তুর সঙ্গ পরিত্যাগ করিয়া ভগবানের একান্ত শরণাগত হওয়াই মঙ্গল।

শরণাগতিই মঙ্গল বা কৃপালাভের একমাত্র উপায়। কৃপা ছাড়া গতি নাই। যিনি সেবক হইতে চান তিনি কৃপার জন্য—সেবালাভের জন্য সর্ব্বদা আর্ত্ত—উন্মত্ত। তাঁহার দেহস্মৃতি নাই। সেবাপ্রার্থনাই তাঁহার ধ্যান, শয়ন ও সমাধি হইয়াছে। সেবা ছাড়া তিনি কিছু জানেন না বা বুঝেন না। সেবালাভের জন্য সতত আর্ত্তি তাঁহাকে সেবক করিয়া তোলে। তিনি যতই সেবা করিতে থাকেন, কৃপার জন্য তাঁহার আর্ত্তি ততই বাড়িতে থাকে। ইহার ইতি বা শেষ নাই।

শ্রীল তীর্থ মহারাজের হরিকথার মর্ম্ম

(বোম্বে গৌড়ীয়মঠ, ১৫।৮।৩০ অপরাহ্ন)

শ্রীল আচার্য্যদেব আমাদের জড় অচেতনের সঙ্গ করেন না। প্রাণহীন কাষ্ঠ যাহা সেবাকার্য্যের কোন মূল্য নাই। তাহাতে চেতনের উন্মেষ হয় না। সম্বন্ধজ্ঞান-বিশিষ্ট হইয়া সাধুসঙ্গে সেবা করিলে মঙ্গল হয়। দেহে আত্মবুদ্ধি রেখে কোন সেবাকার্য্য বা অর্চ্চনপাঠবক্তৃতাদি কিছুই হয় না। মহাপ্রভু ব'লেছেন, আমাদের স্বরূপ—"গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ"। সতীনারী এক স্বামী ব্যতীত পরপুরুষের সঙ্গ করে না। চক্ষু, কর্ণ ও নাসিকা প্রভৃতি যদি জাগতিক বিষয় গ্রহণ করে, তবে সে অবস্থায় জিহ্বার উচ্চারিত নামও বিষের মত হয়, তাহা বৈকুণ্ঠনাম নয়। কীর্ত্তনসংযোগে সকল সেবাকার্য্য করিতে হইবে। "যদ্যপ্যন্যা ভক্তিঃ কলৌ কর্ত্তব্যা তদা কীর্ত্তনাখ্যভক্তিসংযোগেনৈব কর্ত্তব্যা"। প্রতিষ্ঠালাভের জন্য ব্যস্ত না হইয়া শরণাগত হইয়া কীর্ত্তন করা দরকার। যাহাকে তাহাকে কীর্ত্তন করিতে দেওয়া উচিত নয়। বৈষ্ণবের আদেশে কীর্ত্তন করিতে হইবে। নিজে আচরণ করিয়া অপরকে আচরণে প্রতিষ্ঠিত করা দরকার। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর আনুগত্যে শ্রীশ্রীগুরুবৈষ্ণবের সেবা করিতে হইবে। তিনি নিজে আচরণ করিয়া সকলকে শিক্ষা দিয়াছেন। প্রথম দল ছিল গুরুবিদ্বেষী, আর দ্বিতীয় দল—আচার্য্য-বিদ্বেষী। তাঁ'রা গুরুকে মর্ত্ত্যবুদ্ধি ক'রে নরকে গেছে। প্রভুপাদ অত্যন্ত করুণাময়। তিনি আমাদের আলো ও অন্ধকার দুইই দেখাইয়াছেন। যাহারা হরিভজন করিবে, তাহাদিগকে তিনি যাহারা হরিভজন করিবে না সেই হরিভজনের অভিনয়কারী বঞ্চিত ব্যক্তিদিগের স্বরূপ দেখাইয়া দিয়াছেন। তিনি ভবসাগর উত্তীর্ণ হইবার ভেলাস্বরূপ তাঁহার দ্বিতীয়স্বরূপ শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্মকে তাঁহার অকপট আশ্রিতগণের জন্য রাখিয়া গিয়াছেন।

শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন,—Common enemy গুলি সকলের মধ্য হইতে দূর করিতে হইবে, নচেৎ তৃতীয় ব্যক্তিতে পড়িয়া যাইবে। প্রভুপাদ বঞ্চনা করিয়াছেন, আমি বঞ্চনা করিব না।

'আমি, গুরুদাস'—এই সম্বন্ধজ্ঞান ঠিক রেখে সেবাকার্য্যাদি করিতে হইবে

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম।

স্থান নাই, সিদ্ধান্ত-বিরুদ্ধ হইয়া যাইবে। লোকের নিকট অনুমতিসহকারে বাদ নিজ নিজ যোগ্যতা অনুযায়ী কীর্ত্তন করিয়া মাধুকরী ভিক্ষা করিতে হইবে। অপরের কথা অনুকীর্ত্তন না করিয়া কোন ভিক্ষাদি লওয়া হইবে না।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ও শ্রীল প্রভুপাদ শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করিয়া ও তাঁহার সেবায় আমাদের নিযুক্ত করিয়া এবং শ্রীহরিনাম প্রদান করিয়া আমাদিগকে কৃতার্থ দান করিয়াছেন। আমরা দেহাত্ম-বুদ্ধিবশতঃ তাঁহাদের প্রতি মর্ত্ত্যবুদ্ধি করিয়া শ্রীনামকে শব্দসামান্যবুদ্ধি ও শ্রীবিগ্রহকে জড়বস্তু মনে করিয়া কৃষ্ণনামে বঞ্চিত হইতেছি।

(১৩।৮।৩০, প্রাতঃকাল)

শ্রীগুরুবর্গ বা আচার্য্যবর্গ সকলেই চিচ্ছক্তিপ্রকটিততত্ত্ব কৃষ্ণশক্তি।

কলিকালের ধর্ম্ম—কৃষ্ণনাম-সংকীর্ত্তন।
কৃষ্ণশক্তি বিনা নহে তার প্রবর্ত্তন॥
(চৈঃ চঃ ৭।১১)

বন্দে নন্দব্রজস্ত্রীণাং পাদরেণুমভীক্ষ্ণশঃ।
যাসাং হরিকথোদ্গীতং পুনাতি ভুবনত্রয়ম্॥

উদ্ধব বলিলেন,—আমি নন্দব্রজগোপাঙ্গনাগণের পাদরেণু সর্ব্বদা বন্দনা করি, যাঁহাদের কৃষ্ণকথা-কীর্ত্তনপ্রভাবে ত্রিভুবন পবিত্র হয়। অতএব কৃষ্ণশক্তি গোপী ও তদনুগত গোপীর কিঙ্করীগণই কেবল কৃষ্ণকীর্ত্তন করিতে পারেন, অপরে পারেন না। সুতরাং যতদিন আমাদের চিচ্ছক্তিপ্রকটিত তত্ত্ব কৃষ্ণশক্তি গুরুবর্গের বা আচার্য্যবর্গের কৈঙ্কর্য্য বা সম্পূর্ণ আনুগত্য লাভ না হয়, ততদিন আমাদের পুরুষাভিমান থাকাকালে বা ভোক্তাভিমানে বা দেহাত্মাভিমানবশতঃ স্ত্রীপুরুষদর্শন বা কুৎসিত দর্শন বা কুদর্শন থাকিবেই থাকিবে। এইরূপ অবস্থায় শুদ্ধ বৈকুণ্ঠনাম উচ্চারিত হয় না। এইজন্যই শ্রীল প্রভুপাদ বলিলেন—

'প্রতিষ্ঠাশাতে যদি', ছাড় ভোগ-অহি,
প্রতিষ্ঠাশা নহে কীর্ত্তনগৌরব।
মায়াবিস্তারক, তাহা ছাড়ি' মন,
কেন বা নির্জ্জনভজন-কৈতব॥
ব্রজবাসিগণ, প্রচারক ধন,
প্রতিষ্ঠা-ভিক্ষুক তারা নহে শব।
প্রাণ আছে তার, সে হেতু প্রচার,
প্রতিষ্ঠাশাহীন কৃষ্ণগাথা সব॥
শ্রীদয়িতদাস, কীর্ত্তনেতে আশ,
কর উচ্চৈঃস্বরে হরিনাম রব।

কীর্ত্তনপ্রভাবে, স্মরণ হইবে,
সেকালে ভজন নির্জ্জনে সম্ভব॥"

শ্রীগুরুবর্গ বা আচার্য্যবর্গ যখন চিচ্ছক্তিপ্রকটিততত্ত্ব কৃষ্ণশক্তি, তখন তাঁহারা ব্রহ্মাণ্ডে যাহা প্রকটিত করেন তাহাও চিচ্ছক্তি-প্রকটিত অপ্রাকৃত বস্তু যথা শ্রীচৈতন্যমঠ এবং তদীয় শাখামঠসমূহ, অবিদ্যাহরণ-নাট্যমন্দির, ভাগবত প্রবণমন্দির ইত্যাদি। প্রত্যেক মঠের অধিষ্ঠাতৃদেবতা শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারী শ্রীবিগ্রহগণ, শ্রীহরিনাম, শ্রীমহাপ্রসাদ এবং শ্রীনাম-সংকীর্ত্তনমুখে মহামহোৎসবাদি ও শ্রীধাম-পরিক্রমাদি ব্যাপারসমূহ সমস্তই চিচ্ছক্তি-প্রকটিত ব্যাপার।

এইজন্যই শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর তাঁহার শরণাগতিতে বলিয়াছেন—"ছোড়ত পুরুষ-অভিমান। (গোপী) কিঙ্করী হইলুঁ আজি কান॥" এবং শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন—"নাহং বিপ্রো ন চ নরপতিঃ" অর্থাৎ আমি বর্ণাশ্রমধর্ম্মী কোন ব্যক্তি নহি, ব্রহ্মাণ্ডের অন্তর্গত কোন বস্তু নহি, বিরজা বা ব্রহ্মলোকেও আমার অধিষ্ঠান নাই কিম্বা বৈকুণ্ঠে শ্রীলক্ষ্মীনারায়ণের সেবকও নহি; আমি স্বরূপতঃ গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ" অর্থাৎ গোপীভর্ত্তা যে কৃষ্ণ, তাঁহার পাদপদ্মের দাস ব্রজবাসী যে গুরুবর্গ বা আচার্য্যবর্গ তাঁহাদের পাদপদ্মের দাসানুদাস। এইজন্য শ্রীরূপ গোস্বামী প্রভু তাঁহার উপদেশামৃতে ৮ম শ্লোকে বলিলেন—

তন্নামরূপচরিতাদি-সুকীর্ত্তনানুস্মৃত্যোঃ
ক্রমেণ রসনামনসী নিয়োজ্য।
তিষ্ঠন্ ব্রজে তদনুরাগিজনানুগামী
কালং নয়েদখিলমিত্যুপদেশসারম্॥

ভগবান্ শ্রীকৃষ্ণই একমাত্র ভোক্তা, কর্তা ও প্রভু। কিন্তু কৃষ্ণবিমুখ বদ্ধজীব আমরা ভগবৎসেবাবৈমুখ্যবশতঃ ভোগরাগের বিচারকে আবাহন করায় অবিদ্যা বন্ধন আবরণ বা বিক্ষেপ আমাদের আত্মবৃত্তিকে আবৃত করিয়াছে। কৃষ্ণসেবাই আমার স্বার্থ। কিন্তু দুর্ভাগ্যবশতঃ সে আজ সেই স্বার্থবঞ্চিত। এই ভগবৎসেবা ব্যতীত আর সব মনোধর্ম। শুধু নাম কাহাকে এই মনোধর্মের হাত হইতে নিস্তার পাওয়া যাইতে পারে। ভগবানের পরমপ্রিয় মহাশক্তিশালী শ্রীগুরুদেবই আমাদিগকে এই নাম দান করেন। নাম অর্থ কানে কি দেওয়া নয়। দিব্যজ্ঞানের নামই শ্রীনাম। এই দিব্যজ্ঞান আমাদের জন্ম-জন্মান্তরের যাবতীয় অজ্ঞানতাকে চূর্ণবিচূর্ণ করিয়া দেয় এবং আমাদের সমস্ত দুর্বাসনা দূর করিয়া হৃদয়ে ভগবানের সিংহাসন রচনা করে। ভগবদ্বিস্মৃতি বা হরিবিমুখতাই আমাদের অপরাধ। সুতরাং ভগবৎপ্রীতি বা ভগবৎসেবোন্মুখতাই আমাদের মঙ্গলের উপায়। এই কৃষ্ণ-সেবোন্মুখতা জাগিলে জীব মায়ার হাত হইতে নিস্তার পায়।

ভগবৎসেবার অনাদর প্রদর্শন করিয়া আমরা শান্তির জন্য যে যতই চেষ্টা করি না কেন, তাহা কেবল ভস্মে ঘৃতাহুতি মাত্র। ভগবৎসেবাবিমুখ হইয়া জড় নশ্বর বস্তুকে আমাদের যথাসর্বস্ব জানিয়া তাহার জন্য প্রাণ পর্যন্ত পণ করিতেও আমরা পশ্চাৎপদ হই না। কিন্তু সেই বস্তু যে আমাদিগকে কিরূপ দুঃখ দিয়া যায়, তাহা আমরা দেখিয়াও দেখি না, বুঝিয়াও বুঝি না, শুনিয়াও শুনি না। দুর্দৈববশতঃ প্রভু সাজিতে গিয়া অবশেষে প্রকৃতির কবলিত হইয়া পড়িতেছি—গোলামের গোলাম হইয়া যাইতেছি। কিন্তু দৈবী মায়ার প্রভাববশতঃ তাহা আমাদের উপলব্ধির বিষয় হইতেছে না। মায়া নানাভাবে প্রলোভন দেখাইয়া ভগবদ্ভজনের বিচার হইতে আমাদিগকে যে কত সহস্র যোজন দূরে নিক্ষেপ করিতেছে, তাহার ইয়ত্তা নাই। অথচ আমরা মায়ার এই বঞ্চনা বুঝিয়া উঠিতে পারিতেছি না। তাই আমাদের দুর্গতি দেখিয়া ভগবান্ স্বয়ং এবং তদ্ভক্তগণ এ জগতে অবতীর্ণ হইয়া আমাদিগকে নানাভাবে কৃপা করিতেছেন, ভগবৎসেবার কথা নিজ জীবনে আচরণ করিয়া শিক্ষা দিতেছেন। তাঁহাদের সেই আদর্শ জীবনের প্রতি আমাদের যত শীঘ্র শ্রদ্ধার উদয় হইবে, আমাদের মঙ্গলের পথও তত সহজ ও সুগম হইবে।

শুদ্ধবৈষ্ণবভগবানের পাদপদ্মে শরণা-গতি ব্যতীত আর উপায় নাই। শ্রীল আচার্যদেব বলিয়াছেন, "নিজের স্বতন্ত্রতাকে বলি দিয়া ভগবদিচ্ছার সহিত খাপে খাপে মিলিয়া যাওয়ার প্রবৃত্তিই শরণাগতি। দেহ, গেহ, জগৎ বা বিশ্ব যদি আমাদের আসক্তির বস্তু হয়, তবে কৃষ্ণবিরোধ অবশ্যম্ভাবী। কৃষ্ণের স্বার্থ ও আমার স্বার্থ পৃথক্ হইলেই কৃষ্ণবিরোধ হইবে, কৃষ্ণের প্রতি একটা প্রতিযোগী ভাব আসিবে।" শ্রীকৃষ্ণ-পাদপদ্মে সর্বতোভাবে শরণাগতিই আমাদের একমাত্র মঙ্গলোপায় এবং উহাই জীবাত্মার প্রকৃত ধর্ম। কিন্তু আমরা অবহেলা করিয়া নিজে কর্তা ও ভোক্তা সাজিতে যাই বলিয়া আমাদের দুর্গতির শেষ থাকে না। তাই এই ভোক্তা-ভিমানরূপ মনোধর্মের দ্বারা চালিত না হইয়া সদ্গুরুপাদপদ্ম হইতে সেবকাভিমান বা শরণাগতিমূলা সদ্বুদ্ধির জন্য প্রার্থনা করাই আমাদের একমাত্র কৃত্য।

কৃষ্ণের ভোক্তৃত্বপদের অধিকারী কোন ব্যক্তিরই কৃষ্ণভোক্তৃত্বাধিকার নাই। আমরা এ জগতের কাহারও ভোক্তৃত্বর্পণ করিব না এবং অন্য কাহাকেও আমাদের ভোক্তৃত্বর্পণ করিতে দিব না। একমাত্র হরি, গুরু ও বৈষ্ণব—এই তিন জনেরই সুখবিধান করিব। এই তিন জন ব্যতীত অন্য চতুর্থ ব্যক্তির প্রতি যদি হৃদয়ে লেশমাত্র প্রীতি থাকে, তাহা হইলেই বুঝিতে হইবে আমাদের কপাল অতি মন্দ এবং অনন্ত সংসার-প্রবাহ পাইয়াও মঙ্গল হইতে বিচ্যুত হইতেছি। যখনই অন্য জনের আমার ভাল লাগিতেছে বা অন্য কেহ আমাকে আকর্ষণ করিতেছে, তখন নিশ্চয়ই সৎ অর্থাৎ হরি, গুরু ও বৈষ্ণব—এই তিন জন আমাকে ত্যাগ করিয়াছেন। কারণ, সৎ ও অসতে একই সময়ে প্রীতি হইতে পারে না বা সতের প্রতি ও অসতের প্রতি যুগপৎ প্রীতি থাকিতে পারে না। আমরা যদি সৎ হই এবং কেবলই সতের সঙ্গ করি, তবে নিশ্চয়ই সৎ হইয়া যাইব। কিন্তু যদি তৎপরিবর্তে অসৎসঙ্গ বা অসজ্জনসঙ্গ করি, তবে সৎ আমার নিকট হইতে তফাৎ হইয়া যাইবেন। সৎপ্রভাবে আমাদের দর্শন পরিবর্তিত হয়। নিরন্তর সাধুসঙ্গ করিলে সর্ববস্তুতে আমাদের সেবাদর্শন হয়, তখন আর ভোগদর্শন ভোগাদর্শন বা জড়দর্শন থাকে না। ভোক্তাভিমান, ভোগাদর্শন বা জড়দর্শন কেবল কৃষ্ণেরই থাকিবে। ইহা তাঁহার একচেটিয়া সম্পত্তি। একমাত্র কৃষ্ণ ও তাঁহার সেবক বৈষ্ণবগণই আমাদের উপর সর্ববিধ আধিপত্য বিস্তার করিবেন। কেবল হরি, গুরু ও বৈষ্ণব—এই তিনজনই সর্বতোভাবে, সর্বাদি, নিরন্তর, স্বেচ্ছায় হইয়া আমাদের হৃদয়ক্ষেত্রে যথেচ্ছ বিহার করিবেন। হৃদয়ে তাঁহাদের জন্য স্থিরতা সিংহাসন রচনা করিতে হইবে। সেই আসনে আর কাহাকেও বসিতে দিতে হইবে না। তাঁহাদের সুখবিধানই আমাদের স্বার্থ। কারণ, তাঁহারাই আমাদের আপন জন সেইজন্য তাঁহাদের স্বার্থ ও আমাদের স্বার্থ এক। তাঁহাদের সুখ ব্যতীত [illegible] কিছু কাম্য নাই অপরার্থ [illegible] সুখস্বার্থ [illegible] অন্যথা [illegible] ব্যর্থ হইবে ।

কৃষ্ণ আমায় পালে রক্ষে জীব সর্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচায় জঞ্জাল॥

শ্রীল তীর্থ মহারাজের হরিকথার মর্ম্ম

(বোম্বে ২০।৮।৪০ প্রাতঃকাল)

আমরা শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ সকলেই গোষ্ঠানন্দী শ্রীপ্রভুপাদের শ্রীচরণ-পাদপদ্মের অনুগত সেবক। সুতরাং—

"আচার প্রচার—নামের করহ দুই কার্য্য।
তুমি সর্ব্বগুরু, তুমি জগতের আর্য্য॥"

এই নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের আনুগত্যে সম্বন্ধজ্ঞানবিশিষ্ট হইয়া আচার ও প্রচারমুখে সকলের দ্বারে দ্বারে গিয়া বলিতে হইবে,—

"প্রভুর আজ্ঞায় ভাই মাগি এই ভিক্ষা।
বল কৃষ্ণ, ভজ কৃষ্ণ, কর কৃষ্ণশিক্ষা॥
কৃষ্ণের সংসার কর, ছাড়ি' অনাচার।
জীবে দয়া, কৃষ্ণনাম, সর্ব্বধর্ম্মসার॥
কৃষ্ণ মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণ ধনপ্রাণ।
চরণে ধরিয়া বলি' কৃষ্ণে দেহ মন॥
যাবৎ আছয়ে প্রাণ, দেহে আছে শক্তি।
তাবৎ করহ শুদ্ধকৃষ্ণপদে ভক্তি॥"

যেমন আলো না থাকিলে অন্ধকার এবং আলোর আবির্ভাবে মুহূর্ত্ত মধ্যে অন্ধকারনাশ হয়, সেইরূপ সম্বন্ধজ্ঞানের উদয়ে অজ্ঞানান্ধকার বিদূরিত হইয়া দিব্যচক্ষু উন্মীলিত হয়। সেই দিব্যচক্ষে শ্রীগৌরসুন্দরের শ্রীরূপ, শ্রীস্বরূপের শ্রীরূপ, শ্রীল ভক্তিবিনোদের শ্রীরূপ, শ্রীল প্রভুপাদের শ্রীরূপ ও শ্রীশ্রীল আচার্য্যপাদগণের শ্রীরূপ এবং সঙ্গে সঙ্গে শ্রীগৌরসুন্দরের নামরূপ, শ্রীগৌরসুন্দরের গুণরূপ, শ্রীগৌরসুন্দরের লীলারূপ প্রভৃতি চিদ্বিলাস নিজের শুদ্ধসত্ত্বে আবির্ভূত হয়। এই দিব্যদর্শন (সম্বন্ধজ্ঞানের সহিত দর্শন) অনুসারে পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদ প্রত্যেকটী মঠে শ্রীশ্রীরাধা-কৃষ্ণের চিদ্বিলাসবিগ্রহ প্রতিষ্ঠিত করিয়া প্রত্যেক মঠবাসীকে নিজের স্বরূপে অবস্থিত হওয়া সেবাময় জীবনযাপন করিবার সুযোগ প্রদান করিয়াছেন।

বিরূপ যদি নতঃ জীবনতো যথাথা
পশ্যিবি ন কবয়ঃ কাঞ্চিনতা যথাভি।
বিপরতু পতকোটিনির্ভরং বা নবাস্ত-

তদপি কিল পরোঃ কুরুতে চাতকেন।
আবোচারণমুখে নামের সঙ্গ হয়।
শ্রীল প্রভুপাদের বাণী আলোচনা দ্বারা শ্রীল প্রভুপাদের সঙ্গ, শ্রীল আচার্য্যদেবের বাণী-শ্রবণ-কীর্ত্তন দ্বারা শ্রীল আচার্য্যদেবের সঙ্গ, শ্রীল নরোত্তম ঠাকুরের বাণীকীর্ত্তনের দ্বারা শ্রীল নরোত্তম ঠাকুরের সঙ্গ ও শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর বাণীশ্রবণের দ্বারা শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর সঙ্গ হইয়া থাকে।

দৃষ্টং দৃষ্টং পুনরপি পুনশ্চন্দনচারুগন্ধং
ছিন্নং ছিন্নং পুনরপি পুনঃ স্বাদু চৈবেক্ষুখণ্ডম্।
দগ্ধং দগ্ধং পুনরপি পুনঃ কাঞ্চনং কান্তবর্ণং
ন প্রাণান্তে প্রকৃতিবিকৃতির্জায়তে
সজ্জনানাম্।

যাহারা বৈকুণ্ঠে অর্থাৎ শ্রীগুরুপাদপদ্মরূপ মঠে অবস্থানের অভিনয় করিয়া বৈকুণ্ঠের প্রাকৃতিক ভক্তগণের যাজন না করিয়া ভক্তির নামে ব্রহ্মাণ্ডের অন্তর্গত দেবগণের ক্রিয়া-কলাপাদি করে, তাহারা wolfs in the garb of lamb's skin are more dangerous than the naked wolfs, অর্থাৎ অনাবৃত নেকড়ে বাঘ অপেক্ষা মেষের চর্ম্মে আবৃত নেকড়ে বাঘ যেরূপ অধিক ভয়ঙ্কর, তদ্রূপ যাহারা শ্রীভক্তিসিদ্ধান্ত সরস্বতী প্রভুর আনুগত্যের অভিনয় করিয়া মঠে বাস করত ভক্তগণের অনুষ্ঠানের অভিনয় করিয়া শ্রীল আচার্য্যদেবের আবির্ভাবের পূর্ব্ব পর্য্যন্ত মঠবাসের অভিনয় করিয়াছিল, তাহারা হিরণ্যকশিপু, জরাসন্ধ, রাবণ, কংস, দুর্য্যোধন প্রভৃতি অসুরগণ অপেক্ষাও অত্যন্ত ভয়ঙ্কর অসুর। কারণ, হিরণ্যকশিপু, রাবণ প্রভৃতি ভক্তকে সম্মুখে রাখিয়া বিষ্ণুবৈষ্ণববিদ্বেষ করে নাই। অতএব প্রত্যেক মঠবাসী আমাদের জানা উচিত যে, আমি যে ভক্তের সাজ লইয়া মঠে বাস করিতেছি, যদি সেই ভক্তের আচরণ না করি, তবে আমিও সেই মেষের চর্ম্মে আবৃত অর্থাৎ ছদ্মবেশী নেকড়ে বাঘের ন্যায় সর্ব্বাপেক্ষা অতি ভয়ঙ্কর হইবই হইব এবং মঠে কলির অত্যাচার আনয়ন করিব। সুতরাং এইজন্যই শ্রীমদ্ভাগবতে ১ম স্কন্ধে ৭ম শ্লোকে শ্রীব্যাসদেব বলিয়াছেন যে, এই ভাগবতে বা অধোক্ষজতত্ত্বে বা গুরুনামতত্ত্বে "মুহ্যন্তি যৎ সূরয়ঃ" অর্থাৎ সার্ব্বভৌম ভট্টাচার্য্যের ন্যায় মহামহোপাধ্যায় সুবিদগণও শ্রীকৃষ্ণচৈতন্য-নামতত্ত্বে মোহপ্রাপ্ত হইয়াছিলেন। এই বাক্য অনুসারে শ্রীল প্রভুপাদ আমাদিগের চক্ষুকর্ণে অঙ্গুলি দিয়া শিক্ষা দিলেন যে, অনেক বোম্বাই-ওয়ালা, যাহারা লক্ষ লক্ষ টাকা ভিক্ষা করিয়াছে ও বক্তৃতার দাপটে প্রবর্ত্তক কাটাইয়া দিয়াছে পাণ্ডিত্যের চোটে সকলকে মুগ্ধ করিয়া দিয়াছে, তাহারা সম্যক্ শ্রীল প্রভুপাদের চরণাশ্রয় করা দূরে থাকুক, কখনও তাঁহাকে দেখেই নাই। সুতরাং যাহারা মঠে বাস করিয়া তাঁহার (শ্রীল প্রভুপাদের) অনুগতজনের (শ্রীশ্রীল আচার্য্যপাদগণের) সম্পূর্ণ অনুগত না হইবে, তাহারা শ্রীগৌড়ীয়মঠের কেহ নয়।

দেখিয়া না দেখে যত পাষণ্ডীর গণ।
উলূকে না দেখে যৈছে সূর্য্যের কিরণ॥
অভক্ত উষ্ট্রের ইথে (ভক্তিতে) না হয়
প্রবেশ।
তবে ত' আনন্দ মোর বাড়য়ে বিশেষ॥
অদ্যাপি সেই লীলা করে গৌররায়।
কোন কোন ভাগ্যবানে দেখিবারে পায়॥
এখানে কোন কোন ভাগ্যবান অর্থাৎ যাহারা শ্রীশ্রীল আচার্য্যদেবের অনুগত।

(বোম্বে ২১।৮।৪০, প্রাতঃকাল)

শ্রীমন্মহাপ্রভু বর্ণাশ্রমধর্ম্মকে "এহো বাহ্য" বলিয়া গীতার চরম শ্লোককে ভক্তিপথের প্রথম সোপান বলিলেন। সুতরাং গীতা ভাগবতের প্রবেশিকার শিশুপাঠ। গীতার ১ম ছয় অধ্যায়ে কর্ম্মযোগ, শেষের ছয় অধ্যায়ে জ্ঞানযোগ ও মধ্যের ছয় অধ্যায়ে ভক্তিযোগ—যেমন একখানা গ্রন্থের উপরে মলাট, নীচে মলাট এবং মধ্যে গ্রন্থসার। ভক্তি যাঁহার হৃদয়ে, তাঁহার অধিষ্ঠান বৈকুণ্ঠে। বৈকুণ্ঠ ও ব্রহ্মাণ্ডের মধ্যবর্ত্তী যে সমস্ত স্থান, সেখানে ভক্তিলতার আশ্রয় নাই। সুতরাং কৃষ্ণকীর্ত্তন বৈকুণ্ঠবাসী বা মঠবাসীর পক্ষেই সম্ভব। যাহারা বৈকুণ্ঠবাসী বা মঠবাসী নহে, তাহাদের কীর্ত্তন প্রাকৃত কীর্ত্তন বা চোর কীর্ত্তন। এইজন্য শ্রীমন্মহাপ্রভু "গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ" শ্লোকে জীবের স্বরূপ কি বলিয়া দিলেন এবং এই বৈকুণ্ঠের নিজ স্বরূপ উপলব্ধি করিয়া দৈববর্ণাশ্রমধর্ম্মে অবস্থিত থাকিয়া পরমহংস শ্রীগুরুদেবের আনুগত্যে যখন কৃষ্ণভজন করে, তখন তাহার "এত সব ছাড়ি' আর বর্ণাশ্রমধর্ম্ম। অকিঞ্চন হঞা লয় কৃষ্ণৈকশরণ॥"—এই অকিঞ্চনতা ধর্ম্ম আসিয়া যায়। "চারি বর্ণাশ্রমী যদি কৃষ্ণ নাহি ভজে। স্বকর্ম্ম করিতে সে রৌরবে পড়ি মজে॥ তা'তে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন। মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥" আমাদের এই স্বরূপোপলব্ধি বা অকিঞ্চনতা বা বৈকুণ্ঠধর্ম্ম কাহারও বুদ্ধি আয়ত্ত হয় না বলিয়া শুকদেব শ্রীমদ্ভাগবতের ৭ম স্কন্ধের "যথা পঞ্চস্বরূপ..." শ্লোকে ও ১০ম স্কন্ধের "মুখবাহূরু-পাদেভ্যঃ..." শ্লোকানুসারে বর্ণাশ্রমধর্ম্ম নির্ণয় করিয়া দিয়াছেন এবং তা'তে যদি কেহ শুদ্ধ বৈষ্ণবের সেবা ছাড়িয়া দেয়, তবে স্ব-স্ব স্থান হইতে ভ্রষ্ট হইয়া যায়। উদাহরণ—অকিঞ্চনতা আর অযোগ্যতা—দেহারামতা, মঠারামতা ও সেবারামতা। শ্রীমদ্ভাগবতের "অকিঞ্চনা-ভক্তিঃ"...শ্লোকে কুন্তীদেবীর বচনে অকিঞ্চনই কৃষ্ণকীর্ত্তনের অধিকারী। বর্ণাশ্রম-ধর্ম্মী হওয়া কৃষ্ণনাম কীর্ত্তন হয় না। সতী নারী ও বেশ্যার মধ্যে আপোষ নাই। আলো ও অন্ধকারের মধ্যে কোন মাঝামাঝি নাই। সুতরাং যাহারা মঠে থাকিয়া খায় দায় আর বাঁশী বাজায় তাহারা পতিত হইয়াই আছে। "কৃপা করি সঙ্গে লহ এই অকিঞ্চনে", "সর্ব্বস্ব তোমার চরণে সঁপিয়া" ও "মানস দেহ গেহ" প্রভৃতি গীতিতে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর অকিঞ্চনতার স্বরূপ বলিয়া দিয়াছেন। "রাধাভজনে যদি" গীতিতে রাধাকুণ্ডতীরে শ্রীগুরুরূপা সখীর আনুগত্যে যুগলসেবা। যেহেতু "রূপানুগ বিনা নহে তার প্রবর্তন।" সুতরাং রূপানুগের আনুগত্য ব্যতীত কোন রূপানুগ বিলাসভজন করিতে পারে না। পুরুষ একমাত্র কৃষ্ণ। সুতরাং সম্ভোগের একচেটিয়া মালিক তিনি। যা' কিছু সমস্তই কৃষ্ণভোগের জিনিষ। যে মুহূর্ত্তে সম্ভোগ-বুদ্ধি হৃদয় অধিকার করে, সেই মুহূর্তে আমরা বঞ্চিত হই। শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন—"হায় হায়! আমি শ্রীকৃষ্ণভজন করিতে পারিলাম না। এই চিন্তাস্রোতঃ আমাকে নিরন্তর পীড়ন করিতেছে, দুর্ব্বহ জীবনভার নিঃশঙ্কভাবে বহাইতেছে—এই দুঃখ ও লজ্জা রাখিবার আর স্থান নাই।" এই শ্রীভক্তিবিনোদধারাসেবাময় শ্রীচৈতন্যবাণী আমাদিগকে স্বরূপে উদ্বুদ্ধ করিয়া বিপ্রলম্ভভাবে শ্রীগৌরভজন করিতে অনুপ্রাণিত করিতেছে। অন্যথা দেহাত্মবুদ্ধি, স্বপুরুষ দর্শন, কৃষ্ণেতর দর্শন আদি সম্ভোগের নেশায় থাকিলে গৌরভজন হইবে না, কৃষ্ণভজন ত' দূরের কথা। সুতরাং "প্রেমোন্মত্তপুরিত ভক্তি-বিনোদেন সত্ত্ব..." মন্ত্রে দীক্ষিত না হইয়া যিনি মঠবাস করেন, তাঁহার হরিভজন হইবে না। সুতরাং "চতুষ্পাদ দিলা যেই, জন্মে জন্মে প্রভু সেই" এই মহাজনবাক্য—বপু ও বাণীতে ভেদবুদ্ধি না করিয়া যিনি হরিগুরুবৈষ্ণবসেবা করেন, তাঁ'রই মঠজীবন সার্থক, হরিভজন সম্ভব। নতুবা দু-পন্থীগণের ন্যায় হরিগুরুবৈষ্ণববিদ্বেষ-ফলে নিরয়গমন অবশ্যম্ভাবী।

যাহাতে সকলেরে বৈসে কৃষ্ণশক্তি।
তাঁর সনে প্রীতি করে তারে কহে ভক্তি॥

যে পিতার কোলে পুত্র থাকে মহাসুখে।
বাঘ দেখে সেই পুত্র অমি দেয় মুখে॥

অতএব প্রত্যেক মানব বা মানবেতর দেহেতে কৃষ্ণশক্তি সর্বদা বর্তমান। সেই কৃষ্ণশক্তি যখন চিচ্ছক্তি শ্রীগুরুদেবের আশ্রয় ছাড়িয়া দেয়, তখন সে অসতী নারী—মঠদর্শনই করে নাই, শ্রীগুরুপাদপদ্ম দর্শনই করে নাই; শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীচৈতন্যভাগবত প্রভৃতি গ্রন্থ পড়া দূরে থাকুক, দর্শনই করে নাই। সুতরাং ব্রহ্মাণ্ডের অন্তর্গত যত শক্তি ভোগ ও ত্যাগবুদ্ধিমূলে মায়ার সেবায়, তাহারা অসতী নারী বলিয়া কৃষ্ণভজনে অযোগ্য। এইজন্যই শ্রীল প্রভুপাদ বলিলেন—

পৃথিবীতে যত কথা ধর্ম নামে চলে।
ভাগবত কহে তাহা পরিপূর্ণ ছলে॥

ইহার প্রমাণ শ্রীমদ্ভাগবত ১ম স্কন্ধের "ধর্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো নির্মৎসরাণাং সতাং..." শ্লোকে বর্ণিত আছে। সুতরাং "কৃতিভিঃ শুশ্রূষুভিঃ" পদ অনুসারে যে ভাগ্যবান্ গুরুসেবক শ্রীগুরুবৈষ্ণবের পাদপদ্মে অবস্থান পূর্বক সেবোন্মুখ ইন্দ্রিয়ে "নামাশ্রয় করি' যতনে তুমি থাকহ আপন কাজে"—এই গুরুবাক্য পালনপূর্বক শ্রবণ-কীর্তন করেন, তাঁহারই মঠবাস সার্থক, নচেৎ সে গুরুবৈষ্ণববিদ্বেষী। "সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস। ইহা হইতে কৃষ্ণে লাগে সুদৃঢ় মানস॥"

(বোম্বে ২২।৮।৩০ প্রাতঃকাল)

অচল টাকা চলে না। যাঁহারা সচল অর্থাৎ চেতনে উন্মুক্ত, তাঁহারাই সেবা করেন, তাঁহারাই শ্রীচৈতন্যমঠে শ্রীগুরুদেবের আনুগত্যে সেবা করেন, আর যাহারা শ্রীগুরুপাদপদ্মরূপ মঠে বা বৈকুণ্ঠে দেহাত্মাভিমানী—অচল হইয়া থাকে, তাহারা সেবা করিতে পারে না। যেমন একটা পাই পয়সা অচল হইলে বাজারে চলে না, তেমন মঠে বিন্দুমাত্র অচলতা, অজ্ঞানতা, দেহারামতা, মঠারামতা থাকিলে চলে না। সচল টাকা বাজে, অচল টাকা বাজে না। সুতরাং চেতন কীর্তন করে, অচেতন নামাপরাধ করে, নিজের সর্বনাশ ও জগতের সর্বনাশ করে। চেতনে যিনি প্রতিষ্ঠিত, তিনি তাহা ধরিয়া ফেলিতে পারেন—কীর্তনের শব্দ শুনিয়া। সুতরাং মঠবাসী অচল টাকা বা মেকী টাকা কিম্বা অচেতন পাই পয়সা হইলে অর্থাৎ বিন্দুমাত্র দেহারামতা, মঠারামতা থাকিলে শ্রীভক্তিবিনোদ ঠাকুরের নামহট্টের বাজারে চলিবে না। শ্রীল রূপগোস্বামী প্রভুর উপদেশামৃতে যেমন ছয়টী পরিবর্জন ও ছয়টী গ্রহণ করিবার কথা আছে, তদ্রূপ শ্রীল দাসগোস্বামী প্রভুও কয়েকটি বস্তু ত্যাগ করিতে বলিয়াছেন, যথা—(১) অসদ্বার্তারূপ বেশ্যা, (২) অসচ্চেষ্টারূপ ব্রজের পথের দস্যু, (৩) কপটতা—গাধার মূত্রে স্নান, যেখানে গাধার মূত্র সেখানে সব জ্বলিয়া যায়। সুতরাং যার হৃদয়ে কপটতা আছে, তার হৃদয় ত্রিতাপজ্বালায় জ্বলিয়া যাইতেছে, সে অপরকেও জ্বালাইয়া দিতে চায় (৪) প্রতিষ্ঠাশা—ইহাকে বেশ্যা চণ্ডালিনীর সহিত তুলনা করা হইয়াছে। সুতরাং যাহার হৃদয়ে প্রতিষ্ঠাশা আছে, সে কুকুর ও শূকরের 'ন্যায় বিষ্ঠাভোজী হইয়া চঞ্চলচিত্তে ইতস্ততঃ ধাবমান হয়। শ্রীগৌড়ীয়ের ঈশ্বর—শ্রীল স্বরূপদামোদর, এবং গৌড়ীয়—বৈষ্ণব। যিনি শ্রীস্বরূপ-রূপের অনুগত, তাঁহার কৃত্য "কীর্তনীয়ঃ সদা হরিঃ" এবং মাধুকরী ভিক্ষা—তিন মুদ্রা অর্থাৎ কায়, মন ও বাক্য। সুতরাং তিনি গৌড়ীয়ের অনুগত 'ত্রিদণ্ডী। যিনি নিজের কায়, মন ও বাক্যকে শ্রীগুরুপাদপদ্মে অর্পণ করিয়াছেন, তিনিই অপরের কায়, মন ও বাক্যকে শ্রীগুরুপাদপদ্মে সমর্পণ করাইতে পারেন। সুতরাং 'সর্বস্ব তোমার চরণে সঁপিয়া' এই মন্ত্রে যিনি দীক্ষিত, তিনিই জীবের সর্বস্ব ভিক্ষা করিয়া শ্রীগুরুপাদপদ্মে অর্পণ করিতে পারেন। Tug of war এ গোড়ার যাঁর খুঁটিটা সব সময় ঠিক আছে, তিনি যেমন সকলকে টানিয়া লইয়া আসিতে পারেন, তদ্রূপ চিন্ময় রাজ্যে অর্থাৎ মঠে যাঁ'র গোড়াটা ঠিক আছে অর্থাৎ "আমি শ্রীগুরুপাদপদ্মের রেণু (গোপীভর্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ)"—এই সম্বন্ধজ্ঞান যাঁ'র প্রবল আছে, তিনি ব্রহ্মাণ্ডকে ছলে বলে কলে কৌশলে শ্রীগুরুপাদপদ্মে লইয়া আসিতে পারেন। শ্রীগুরুপাদপদ্মের কৃপা ছাড়া গতি নাই। তাঁহাতে আপনজ্ঞান বা টান না হইলে হরিভজনের আশা কোথায়? ঐকান্তিক গুরু-সেবকের সঙ্গ যাহারাই গুরুপাদপদ্মে নিষ্ঠা লাভ হয়। সম্বন্ধজ্ঞান না থাকিলে সেবা শুরু হয় না।

শ্রীল ভক্তিসুধাকরপ্রভুর উপদেশ

পাঠ মন দিয়া শুনিতে হইবে। পাঠে অন্যমনস্ক হইলে শ্রবণ-ফল লাভ হয় না। সেইজন্য শাস্ত্রে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবামুখে সদ্গুরুর হরিকথা-শ্রবণের উপদেশ আছে। সাধুর কথায় অন্যমনস্ক হইলে নিদ্রা-আলস্য প্রভৃতি আসিয়া আমাদের শ্রবণে বাধা প্রদান করে। তাহাতে মঙ্গল হয় না। সেইজন্য শ্রোতার একাগ্রতা আবশ্যক। এই শ্রবণ সাধুমুখে হওয়া চাই। শ্রবণ না হইলে কীর্তন হয় না, আবার কীর্তন না হইলে স্মরণ হয় না। সুতরাং শ্রবণ-কীর্তনের দিকে বিশেষ লক্ষ্য রাখা দরকার। নচেৎ মঙ্গলের আশা নাই।

সেবাই প্রকৃত নীতি। সেবাহীন নীতির কোন মূল্য নাই। নীতিকে ভোগের অনুকূল করিতে গেলে অশান্তি হয়। নীতি প্রত্যেকেরই পালনীয়। অনৈতিক হওয়া উচিত নয়। উহা মহাপাপ। ধার্মিক হওয়া ভাল। তবে এই ধর্ম বা নীতিই চরমসীমা নয়। হরিভজনই জীবের চরম উদ্দেশ্য হওয়া উচিত। নচেৎ সবই বৃথা হ'য়ে যা'বে। যাহা কৃষ্ণসেবার অনুকূল, তাহাই সুনীতি। এতদ্ব্যতীত সবই অবিশুদ্ধ দোষদুষ্ট। ঈশ্বরচিন্তা বাদ দিয়া জাগতিক নীতিপালন বা নীতির কোন সার্থকতা নাই। ভগবদ্ভক্ত পরম নৈতিক। তাঁহারা পাপপুণ্যের অতীত রাজ্যে অবস্থিত। তাঁহারা পাপ ত' করেনই না, এমন কি নিজসুখপ্রদ পুণ্যের প্রতিও তাঁহাদের লক্ষ্য নাই। ভগবানের জন্য যাহা করা যায়, তাহাই প্রকৃত সত্য, অন্যান্য ব্যাপার অবাস্তব মিথ্যা-বিজড়িত। আধ্যক্ষিকের চক্ষে প্রতিভাত ভগবানের জন্য কৃত পাপ ও মহাধর্ম বলিয়া পরিচিত। আর ভগবান্‌কে বাদ দিয়া ধর্মও পাপে পর্যবসিত। শ্রীভগবান্ বলিয়াছেন,—

মন্নিমিত্তং কৃতং পাপমপি ধর্মায় কল্পতে।
মামনাদৃত্য ধর্মোঽপি পাপং স্যাৎ
মৎপ্রভাবতঃ।

ব্যক্তিগত স্বতন্ত্রতার পূর্ণব্যবহার দ্বারা ভগবানের—শ্রীগুরুপাদপদ্মের সর্বক্ষণ সেবা করা আবশ্যক। সর্বাগ্রাহ্য আদিম-পথ না হইলে নানা বাধাবিপত্তি উপস্থিত হয়

সাময়িক-প্রসঙ্গ

গয়া গৌড়ীয়মঠে শ্রীভক্তিবিনোদ-আবির্ভাব-তিথিপূজা

গত ২৯শে ভাদ্র শনিবার শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের আবির্ভাব-তিথিপূজা গয়া শ্রীগৌড়ীয়মঠে পরমারাধ্যতম শ্রীল আচার্যদেবের পূর্বানুগত্যে হরিকীর্তন-মুখে সুসম্পন্ন হইয়াছে।

উক্ত দিবস ঊষঃকালে মঙ্গলারাত্রিকান্তে গুরুবৈষ্ণববন্দনা, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব ও ভক্তিবিনোদ-গীতি সমূহ কীর্তনের পর সন্ধ্যা পর্যন্ত পর্যায়ক্রমে 'শ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ', 'ঠাকুর ভক্তিবিনোদ' ও 'ভক্তিবিনোদ-বাণী বৈভব গ্রন্থ পারায়ণ হয়। শ্রবণ সময়ে শ্রীল ঠাকুরের আলেখ্যার্চা বিচিত্রবর্ণের পুষ্প, পত্র ও বস্ত্রাদি দ্বারা সুসজ্জিত করা হয়। সন্ধ্যারাত্রিকান্তে গুরু-বৈষ্ণববন্দনা, গুর্বষ্টক ও মহাজনপদাবলী কীর্তনের পর গত বর্ষের অষ্টাদশ খণ্ড গৌড়ীয়ের শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-সংখ্যা হইতে "এ যুগে যদি শ্রীল ভক্তিবিনোদ না আসিতেন" শীর্ষক প্রবন্ধ পাঠ এবং ঠাকুরের অমর্ত্য দান ও অমূল্য শিক্ষার কথা পাঠ ও হিন্দিভাষায় ব্যাখ্যা করা হয়। পরে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্তনের পর সমবেত শ্রোতৃমণ্ডলীকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

রেঙ্গুন গৌড়ীয়মঠে উৎসব

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা রেঙ্গুন শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদের কৃপাশীর্বাদে যথাক্রমে শ্রীকৃষ্ণজন্মাষ্টমী, শ্রীশ্রীগুরুপূজা-মহামহোৎসব, শ্রীরাধাষ্টমী ব্রত, শ্রীবামন-দ্বাদশীব্রত ও ও নিত্যলীলা শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের আবির্ভাব-মহোৎসব নিরন্তর পাঠ, কীর্তন ও বক্তৃতা প্রদানাদিমুখে সুচারুরূপে সম্পন্ন করিয়াছেন। প্রত্যেক উৎসবেই সহরের বহু সম্ভ্রান্ত সজ্জন ব্যক্তি ও মহিলা যোগদান করিয়াছেন।

এতদ্ব্যতীত মঠে প্রত্যহ শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীচৈতন্যভাগবত পাঠ হইয়া থাকে। [illegible] সেবকগণ [illegible] 'অন্যের [illegible]' [illegible] প্রদান [illegible] প্রভুর [illegible]।

ক্লৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে

অন্তর্ভুক্ত-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ [illegible]
প্রাচীন নবদ্বীপ, ভাগবত শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১০৬
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৩) যোগপীঠ মায়াপুর শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] দাস [illegible]

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭) জাহ্নু-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, [illegible] (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) [illegible]
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১০) মোদ-দ্রুমদ্বীপ-মঠ
[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১১) [illegible]-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১২) [illegible]-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) [illegible]দ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৪) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৫) [illegible]-গৌড়ীয়মঠ
[illegible], নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
[illegible] — (শ্রী[illegible] নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] বাবাজী

(১৭) [illegible]
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাধিকারী

(১৮) [illegible]
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৯) [illegible]মঠ
গোবিন্দপুর, পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২০) [illegible]-পণ্ডিতের পাট
[illegible], পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২১) [illegible]-গৌড়ীয়মঠাশ্রম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৩) [illegible]গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible], ঢাকা।
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৪) গোপালজীউমঠ
[illegible] পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২৫) [illegible]-গৌড়ীয় মঠ
পোঃ [illegible], (ঢাকা)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৭) গোয়ালপাড়া [illegible]
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৮) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible] (আসাম)
সেবক—শ্রী[illegible] দাস

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible], ২৪ পরগণা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩১) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] [illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৩২) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] রোড, [illegible]
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৩৩) [illegible] গৌড়ীয় মঠ
[illegible] নং [illegible], [illegible] সিটি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রী[illegible]-গৌড়ীয়মঠ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible], [illegible] (ইউ পি)
শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
[illegible], পোঃ মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৩৯) [illegible]-[illegible]
পোঃ [illegible] (মথুরা)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪০) [illegible] মঠ—শ্রী[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪১) [illegible] গোবর্দ্ধন
সেবক—শ্রী[illegible] ভক্তিলোচন

(৪২) শ্রী[illegible]মঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৪৪) [illegible] গৌড়ীয়মঠাশ্রম
পোঃ [illegible], মথুরা
সেবক—ঐ

(৪৫) [illegible] গৌড়ীয়মঠাশ্রম
পোঃ [illegible], মথুরা

(৪৬) [illegible] মঠ—[illegible],
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৭) [illegible]গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible], [illegible], (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]গোবিন্দ অধিকারী

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড, [illegible]
সেবক—শ্রী[illegible] পাণ্ডা

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
[illegible] রোড, [illegible]
[illegible] বোম্বে।
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible] মাদ্রাজ
—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

(৫২) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (বঙ্গ)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

(৫৩) [illegible] মঠ
[illegible] পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৪) [illegible]—[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৫৫ [illegible]
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৭) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible] (বাঁকুড়া)
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৫৮) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] দাস ব্রহ্মচারী

(৬০) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible], [illegible]
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] মঠ
পোঃ [illegible] (মাদ্রাজ)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৩) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], ([illegible])
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৪) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] নং [illegible] ষ্ট্রীট, [illegible]
সেবক—শ্রী[illegible]বিহারী অধিকারী

(৬৫) [illegible] গৌড়ীয়মঠ
প্লট নং [illegible]
[illegible], [illegible]
[illegible], [illegible]
সেবক—[illegible]বিনোদবাণী দাসী

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
[illegible], [illegible] (ইউ-পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৯) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
[illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রী[illegible]গোবিন্দ [illegible]

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
[illegible] (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭১) শ্রী[illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৭৩) [illegible] প্রিন্টিং ওয়ার্কস্, [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীমদ্‌[illegible]গোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রী[illegible]কিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের
বিজ্ঞাপনে প্রতি লাইনে	।০		।৶০	।০
" ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

বিজ্ঞাপনে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

দৈনিক (ডাকমাশুলসহ)	৯৲
মাসিক "	৩৲
মাসিক "	২৸০

[illegible] সংখ্যা এক পয়সা। বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে: বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ে ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উৎকৃষ্ট ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে [illegible]শিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জীসমূহ সাধকগণের বিশেষ [illegible]কারী। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সকল সরল প্রণালীটি [illegible] দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই পরমানন্দিত ও [illegible] হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের [illegible] অতি সহজ ও সরল। গ্রন্থটি পাইকা টাইপে অতিসুন্দর কাগজে মুদ্রিত। ইহার [illegible] মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—সত্যা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ আরামবাগ, বারিদ্দা, ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক [illegible], গল্প, প্রবাদ ও ভাবের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের [illegible] বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু [illegible] প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোহর। ইহাতে [illegible] উপাখ্যান, প্রবাদ ও প্রায় ৫০টি চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১।০ [illegible]। প্রাপ্তিস্থান—সত্যা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ আরামবাগ, বারিদ্দা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত [illegible] শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক স্তবের সহিত প্রকাশিত [illegible]। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র আট আনা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ 'এম্‌' উপাধিধারী শ্রীমদ্ [illegible] প্রণীত [illegible] লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ [illegible] এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ [illegible] পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে শ্লোক অনুসারে গীতার মূল [illegible] সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ তাহার সহিত [illegible] শ্রীল [illegible] শ্রী বলদেবকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, [illegible] প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিলে [illegible] প্রভুর সাক্ষাৎ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে [illegible] আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান- শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সপ্তম গোস্বামী শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অপূর্ব্ব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অন্যতম পারমার্থিক শিষ্য সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি এ, কর্তৃক সম্পাদিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা, ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান- ম্যানেজার গৌড়ীয়
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত মহামহোপদেশক পাঠক আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভক্তিসুধাকর সম্প্রদায়-বৈষ্ণবাচার্য এম্-এ মহোদয়ের গবেষণা এবং পরিণত লেখনীর অদ্ভুত কৃতি আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে বহু হইন। এই ১ম খণ্ড, অধিকন্তু ও আলোকচিত্র ও মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডটি ৩০টি অধ্যায়ে প্রায় ৮০০ পৃষ্ঠা ব্যাপী; শ্রীবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের লিখিত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত শব্দসূচী (Index Glossary) সহ সুবৃহৎ গ্রন্থ প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৪১	৬-১৯	৭ ১০	১৩-১৬	১৬-৫৬	১৭-৫০	২২-৪১
দমদম "	৫-৫৮	৬-৩৪	৭-৩০	১৩ ৩৭		১৮-১১	২২ ৫২
রাণাঘাট পৌঃ	৬-১৮	৮ ০ ৫	৯-১৩	১৫-৩	১৮-৩১	১৯-৪২	০-২৫
(বদল) ছাঃ	৬-৩০	৮-৫	৯-৩৩	১৫-১৭	১৮-৭২	১৯-৪৭	০-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-০৪	৮-৫৮	১০-৮	১৫-৫১	১৯-১৭	২০-২২	১-১২
(বদল) ছাঃ	৭-১৭		১০-৫১	১৫-০	১৭-২২	২০-৩০	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০	১৫-৪০	১৮-১১	২১-১০	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-২
দমদম " ১১-২০
রাণাঘাট পৌঃ ১-০৫
ছাঃ ১৩-০
শান্তিপুর পৌঃ ১৩ ২৮
(বদল) ছাঃ ১৩ ৩৩ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-১৪
ছাঃ ১৫-০
নবদ্বীপঘাট পৌঃ ১৫-৪০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮	৯-১০	১৪-১৬	১৬-০	১৮ ৩১
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৩	৯ ৪৮	১৪-৫৫	১৬-৩৬	১৯-১১

ছাঃ	৭-৯	৮-৫০	১১-৪১	১৬-৫৬	১৯-২	২০-৫৭	০-৫৬
রাণাঘাট পৌঃ	৭-৪৪	৯-২৩	১২-২৬	১৭-৩১	২০-১০	২১-১১	৪-১৫
(বদল) ছাঃ	৭-৫২	৯-২৮	১২-৩৬	১৭-৪৩	২০-১৮	২১-১৪	৪-২৩
দমদম "		১১-৩		১৯-০		২৩-৯	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪-২১	১৯-২৬	২১-৫৫	২৩ ২৬	৬-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ ১১ ১৫
কৃষ্ণনগর পৌঃ ১১-৫৫
ছাঃ ১২-১০
শান্তিপুর পৌঃ ১২-৭১

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। ভারতীয় পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর ... অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় রুগ্ন, পালাজ্বরে প্রাণসংহার একমাত্র উপায় ... অভাব অধিক। পিলার প্লীহা সংযুক্ত ... এবং পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৮৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী ...

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

... ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম মায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ খণ্ড। শ্রীমায়াপুর ১০ই আশ্বিন ১৩৪৭, ২৬শে সেপ্টেম্বর, ১৯৪০ বৃহস্পতিবার ১৭৪তম সংখ্যা

নানা-সংবাদ

——:০:(০):০:——

বড়লাটকে অধিকতর ক্ষমতা দান

ভারত সরকারের গেজেটে সম্রাট কর্তৃক স্বাক্ষরিত ও অনুমোদিত এবং বড়লাট কর্তৃক স্বাক্ষরিত কতকগুলি নির্দেশ প্রকাশ করা হইয়াছে। উহা দ্বারা ১৯৩৭ সালের ৮ই মার্চ তারিখের কতকগুলি নির্দেশ সংশোধিত হইয়াছে। এই নির্দেশে বলা হইয়াছে "আমাদের ইচ্ছা এই যে, আমাদের বড়লাট উল্লিখিত নির্দেশাবলীর ১৩ প্যারাগ্রাফে বর্ণিত আদেশ দ্বারা আবদ্ধ থাকিবেন না। যদি কোন ক্ষেত্রে উল্লিখিত প্যারাগ্রাফ অনুযায়ী কোন বিল আমাদের সম্মতির জন্য রাখিবার প্রয়োজন উপস্থিত হয় এবং যদি তিনি মনে করেন যে, বর্তমান যুদ্ধের দরুণ ঐ প্যারাগ্রাফ অনুযায়ী কার্য্য অসম্ভব হইয়া দাঁড়াইয়াছে, তবেই এরূপ হইবে।"

———

মরক্কোর ফরাসী-সৈন্যদলে বিদ্রোহ

মরক্কোর ফরাসী-সৈন্যদের মধ্যে বিদ্রোহ দেখা দিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। লণ্ডনে তৎসম্পর্কে সংযতভাবে আলোচনা চলিতেছে। প্রকাশ, স্পেন-সরকার রোম-বার্লিন চক্রকে সমর্থন করিয়া মরক্কো সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করেন, তাহাতেই সম্ভবতঃ হইতে এই অবস্থা ঘটিয়া থাকিতে পারে। কিন্তু স্বাধীন ফরাসীদের আন্দোলনের প্রতি মরক্কোবাসীগণ যে খুবই সহানুভূতি-সম্পন্ন, তৎসম্পর্কে কোন সন্দেহ নাই। তাহাদের যুদ্ধ-বিরতির সম্ভাবনীর জন্য আন্দোলন সৃষ্টি হওয়ার এই আন্দোলন প্রসার লাভ করিবে—এরূপ সম্ভাবনা যথেষ্ট রহিয়াছে। সংবাদে আরও বলা হইয়াছে যে, বৃটিশ-সরকার এমন কোন ব্যবস্থা অবলম্বন করেন নাই, যেজন্য স্পেনে উদ্বেগের সৃষ্টি হইতে পারে।

———

সিরিয়া সম্পর্কে বিবৃতি

"এজেন্স ও ওরিয়েন্ট" নামক আরব সংবাদ সরবরাহ প্রতিষ্ঠান সিরিয়ার কোন নির্ভরযোগ্য সূত্র হইতে জানিতে পারিয়াছে যে, ইরাক গভর্ণমেণ্ট সিরিয়ার ব্যাপারে বিশেষভাবে বাধা দিয়াছেন এবং সিরিয়া ও লেবাননবাসীদিগের স্বার্থ রক্ষার জন্য তিনি গভর্ণমেণ্টকে অনুরোধ করিয়াছেন। উক্ত সংবাদ সরবরাহ প্রতিষ্ঠান আরও বলিতেছেন যে, ইরাক গভর্ণমেণ্ট সিরিয়া ও লেবানন্ শাসনতন্ত্র পুনঃ প্রবর্তন এবং আরও কয়েকটী দাবী জানাইয়া তিনি গভর্ণমেণ্টের নিকট এক নোট প্রেরণ করিয়াছেন।

লেবাননের কঠোরতার মধ্য দিয়াও যে সকল অস্পষ্ট সংবাদ আসিতেছে, তাহাতে জানা যায় কায়রোতে সিরিয়ার ব্যাপারের প্রতি বিশেষ মনোযোগ দেওয়া হইতেছে। ইতালীয় যুদ্ধবিরতি কমিশনের জন্য সিরিয়াবাসী-দের সঙ্কট তীব্রতর হইতেছে।

———

ইটালিয়ানদিগের দৌরাত্ম্য

আবিসিনিয়া ইটালিয়ানদিগের প্রবেশের বাধা-বিঘ্ন অধিবাসীবৃন্দ এবং যে সকল হাবসিনিয়ান সৈন্য ঐ প্রদেশ দখল করিয়া আছে তাহাদের বিরুদ্ধে ইটালিয়ানদের প্রতি ব্যবহার সম্পর্কে গুরুতর অভিযোগ করা হইয়াছে। আবিসিনিয়ানগণ নাক আক্রান্ত হইয়াছে এবং বাধা দিতে গিয়া তাহারা সমস্ত ইটালিয়ানগণকর্তৃক নিহত হইয়াছে। আর একটী অভিযোগ এই যে, একটি গ্রামে আগুন লাগাইয়া দেওয়া হইয়াছে, অধিবাসিদের উপর গুলী বর্ষণ করা হইয়াছে এবং জনৈক পুরোহিতকে হত্যা করা হইয়াছে।

———

হামবার্গে বৃটিশ-বিমানের হানা

বিমানসচিবের অফিস হইতে ঘোষিত হইয়াছে যে, রাজকীয় বহু বোমারু বিমান গত ৮ই সেপ্টেম্বর তারিখে রাত্রে হামবুর্গের উপর ৩ ঘণ্টার অধিক সময়ব্যাপী তীব্র আক্রমণ চালায়। উহারা বহুসংখ্যক বড় বড় বোমা ও শত শত অগ্নিবর্ষী বোমা নিক্ষেপ করে।

বিমানসচিবের দপ্তর হইতে প্রকাশিত ইস্তাহারে বলা হইয়াছে যে, রাজকীয় বিমান-বহরের কয়েকখানি বোমারু বিমান সাধারণভাবে পর্য্যবেক্ষণ করিবার সময় ডানকার্ক ও বেলোনের জাহাজ নির্মাণের কারখানা এবং উত্তর সাগরের মধ্যে কয়েকখানি শত্রু জাহাজের উপর আক্রমণ চালায়। পাঁচখানি বৃটিশবিমান নিখোঁজ হইয়াছে।

উক্ত ইস্তাহারে আরও বলা হইয়াছে যে, উপকূলভাগের আবহাওয়া দুর্যোগপূর্ণ থাকা সত্ত্বেও, বহু সংখ্যক বোমারু বিমান সমুদ্রপথের এবং অধিকৃত বন্দরসমূহ, জলবহন কেন্দ্রসমূহ এবং হামবুর্গ ব্রেমেন, এমডেন, অষ্টেণ্ড, কালে এবং বেলোনের জাহাজঘাটার উপর গোলাবর্ষণ করে। ঐ সকল স্থানের বহু অঞ্চলের প্রচুর ক্ষতি হইয়াছে এবং অনেক স্থানে আগুন লাগিয়াছে। আটখানি বিমান ফিরিয়া আসে নাই।

———

বৃটিশ কামানের অব্যর্থ সন্ধান

বার্লিনের একটি সংবাদে বলা হইয়াছে যে, জার্মাণ বৈমানিকগণ বৃটিশ বিমানধ্বংসী কামানের সন্ধান সাংঘাতিকরূপে অব্যর্থ বলিয়া উপলব্ধি করিতে পারিয়াছে। লণ্ডন এলাকায় ধ্বংসপ্রাপ্ত ৯০টি জার্মাণ বিমানের মধ্যে বিমানধ্বংসী কামানের গোলায় ২১টি চূর্ণবিচূর্ণ হইয়াছে। জার্মাণদের অনুমান ২৫০ জন বৈমানিক নিহত হইয়াছে। এক্ষণে এরূপ সংবাদ পাওয়া গিয়াছে যে, পূর্ব ও পশ্চিম অঞ্চলে বিলম্বে বিস্ফোরক বোমা বিদীর্ণ হওয়ার আওয়াজ শুরু হয়। "নিউইয়র্ক টাইমস্" এর সংবাদদাতা জানাইয়াছেন যে, জার্মাণগণ বেপরোয়াভাবে অগ্নিপ্রজ্বালক বোমা বর্ষণ করিতেছে। এই সব বিমান আক্রমণের ফলে লণ্ডনবাসীদের দৃঢ়তা পূর্বাপেক্ষা অধিকতর বৃদ্ধি পাইয়াছে।

বর্তমান বেলজিয়ান গভর্ণমেণ্ট

জার্মাণগণ ঘোষণা করিয়াছে যে, ভিসিতে বেলজিয়ান গভর্ণমেণ্ট সরকারী-ভাবে ভাঙ্গিয়া দেওয়া হইয়াছে। এই সংবাদের আলোচনা করিয়া লণ্ডনস্থ বেলজিয়ান মহল বলিয়াছেন যে, ইতিপূর্বেই সচিব ও অর্থ-সচিব লণ্ডনেই আছেন। ইহাতেই প্রতিপন্ন হয় যে, বেলজিয়ান গভর্ণমেণ্ট পূর্ণ ক্ষমতা লইয়া বিদ্যমান আছেন।

———

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রদীপ পুরী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—শ্রীনন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের ভূমিকা-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও নিমন্ত্রণপত্রী সমন্বিত "পরমগুরু শ্রীগৌরকিশোর" প্রবন্ধ প্রকাশিত হইয়াছেন। এই প্রবন্ধে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরম্পরা, গৌড়ীয়গৌরবসম্বন্ধে অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপূর্ব্ব চরিতকথা বর্ণিত আছে।

শ্রীশ্রীভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তিতিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থসাগর হইতে আহৃত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয় প্রয়োজনাকারে সংস্কৃত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রদীপ পুরী গোস্বামীপাদ-বিরচিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—।৵০ ছয় আনা মাত্র।

৪। ঠাকুর ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—৷০ আট আনা মাত্র।

প্রাপ্তিস্থান :—

১। 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

২। শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

অধ্যাপক শ্রীনিশিকান্ত নাথ এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—প্রথম ৪০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮৲

দশম স্কন্ধ— ৯৲

২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲

৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০

৯। বৈষ্ণবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষৎ ।০

১৮। [illegible] ।০

১৯। তত্ত্ববিবেক ।০

২০। গৌড়ীয় গৌরব ।৵০

২১। গৌড়ীয়গীতিকা ।৵০

২২। ভজন রহস্য ।০

২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপধাম (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲ অবাঁধা ১৲

২৬। গীতার কেবল বাংলা ভাষা ।০

২৭। [illegible] (সানুবাদ) ১৲

২৮। [illegible] (সানুবাদ) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (গৌড়ীয়-সংস্করণ) (বাঁধা) ৸০

৩০। দীন-হিন্দু-[illegible] ৵০

৩১। [illegible] (গৌড়ীয়-সংস্করণ) ।৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷০

৩৪। [illegible] (নবদ্বীপ-পরিক্রমা) ৵০

৩৫। গীতমালা ৴১০

৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০

৩৮। শ্রীনবদ্বীপধামস্তব

৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ।০

৪০। শরণাগতি

৪১। গীতাবলী

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷০

৪৩। সাধনতত্ত্ব ৴০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴

৪৫। নবদ্বীপশতক

৪৬। অর্চনপদ্ধতি

৪৭। সদাচারস্মৃতিঃ

৪৮। কল্যাণকল্পতরু (পকেট সংস্করণ) ৴১০

৪৯। অর্চনকণ ৴১

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০

৫৫। [illegible] ০

৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০

৫৭। ঈশোপনিষৎ (আনুবাদিক) ।০

৫৮। শ্রীকৃষ্ণবেদ ৵০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০

৬০। সাধনসার ৴১

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ।০

৬২। সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ।০

৬৩। নবীন [illegible] ।০

৬৪। [illegible] ।০

৬৫। [illegible] ৵০

৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০

৬৭। [illegible] ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ

৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত

৭০। [illegible]

৭১। বেদান্ত—ইটস মরফলজি অ্যাণ্ড অন্টোলজি

৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ।৵০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০

৭৪। [illegible] ।০

৭৫। [illegible] ৴০

৭৬। [illegible] ।০

৭৭। [illegible] আনন্দকেন্দ্র [illegible]

৭৮। [illegible] ২৷০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অন্য প্রকাশ) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীচৈতন্যশিক্ষামৃত ।০

৮১। সাধন-পথ ।০

৮২। কল্যাণ-কল্পতরু ৵০

৮৩। গীতাবলী ৴০

৮৪। শরণাগতি

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ বর্ষ | ১০ পদ্মনাভ ৪৮৪ গৌরাব্দ ১০ই আশ্বিন বঙ্গাব্দ ১৩৭৭, ২৬শে সেপ্টেম্বর খৃঃ ১৯৭০, বৃহস্পতিবার | ১৭৫ তম সংখ্যা

নব-প্রকাশিত শুদ্ধভক্তি-গ্রন্থরাজি

——:•:(×):•:——

শ্রীগৌরাঙ্গের নিজজন, শ্রীল প্রভুপাদের অভিন্নবিগ্রহ শ্রীগৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের কৃপানির্দ্দেশ ও শক্তিসঞ্চার এবং শ্রীশ্রীল আচার্য্যদেবের পরমপ্রিয়, শ্রীগৌরবাণীর বপুরূপ, শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের প্রচুর কৃপাশীর্ব্বাদপ্রাপ্ত গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক-পণ্ডিতপ্রবর শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়ের ঐকান্তিক যত্ন, চেষ্টা, আগ্রহ ও অদম্য উৎসাহে প র মা র্থ রা জ্যে র পরমাশ্চর্য্য ভাণ্ডারের নিত্য নূতন শুদ্ধভক্তিগ্রন্থাবলী প্রকাশিত হইয়া সজ্জনগণের আনন্দবর্দ্ধন করিতেছে। আমরা সেই সব গ্রন্থাবলীতে শ্রৌতসিদ্ধান্তসমূহ শ্রবণ করিবার সৌভাগ্য পাইয়া পরমানন্দিত ও পরমোপকৃত হইয়াছি ও হইতেছি। তাঁহার কৃপাতেই আজ শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাভিখারীগণ অপ্রাকৃত বাণী আলোচনার সুযোগ পাইয়াছেন ও পাইতেছেন। যাঁহার কৃপায় নিত্যমঙ্গললাভের এত বড় সুবর্ণসুযোগ জীবের করায়ত্ত হইয়াছে, তাঁহার নিকট যে সকলেই ঋণী, তাহা বলাই বাহুল্য।

শ্রীশ্রীমদ্-আচার্য্য সংলাপ

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আবির্ভাব-তিথিতে আমাদের পরমপূজনীয় শ্রীপাদ সুন্দরানন্দ প্রভুর কৃপায় যে শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ গ্রন্থ প্রকাশিত হইয়াছেন, তাহাতে বাস্তবিকই জীবের পরমমঙ্গল সাধিত হইয়াছে ও হইবে, ইহা সর্ব্ববাদি-সম্মত। এই গ্রন্থে বিভিন্ন দেশের বিভিন্ন পণ্ডিতগণের সহিত প্রশ্নোত্তরমুখে শ্রীশ্রীল আচার্য্যদেব যে সকল কথা আলোচনা করিয়াছেন, তাহাই লিখিত আছে। এই গ্রন্থের মাত্র প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। আমরা ক্রমশঃ শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের অন্যান্য সংলাপ ও আলোচনার আশা হৃদয়ে পোষণ করিতেছি। এই গ্রন্থ প্রকাশ করিয়া গৌড়ীয়-সম্পাদক মহোদয় প্রত্যেক সত্যানুসন্ধিৎসু ব্যক্তির শ্রদ্ধা ও ধন্যবাদের পাত্র হইয়াছেন। এই গ্রন্থে যে সকল সদুপদেশ আছে, তাহা আলোচনা করিলে নিষ্কপট ব্যক্তির মঙ্গল অনিবার্য্য। সুতরাং এই গ্রন্থ যে প্রত্যেক আত্মমঙ্গলকামীর নিত্য সেবনীয়; তাহা বলাই বাহুল্য।

সটীকা শরণাগতি

গৌরজন শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-রচিত শরণাগতি গ্রন্থের কথা সকলেই অবগত আছেন। ইংরেজী, বাঙ্গলা, উৎকল ও তামিল প্রভৃতি বিভিন্ন ভাষায় বিভিন্ন দেশে এই শরণাগতির গীতি বিপুলভাবে প্রচারিত হইয়াছে। এক বঙ্গ-ভাষাতেই ইতঃপূর্ব্বে এই শরণাগতির ষোলটী সংস্করণ প্রকাশিত হইয়াছে। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ এই সদুপদেশপূর্ণ অমূল্য গ্রন্থটী ১২৯৯-১৩০০ সালে রচনা করেন। শ্রীশ্রীল প্রভুপাদ জীবমঙ্গলের জন্য এই মহাগ্রন্থ বিশেষ সর্ব্বত্র বিপুলভাবে প্রচার করিবার জন্য অত্যেচ্ছা প্রকাশ করিয়াছিলেন। তাই তাঁহার অভীপ্সানুসারে বর্ত্তমান গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যকুলচূড়ামণি গৌড়ীয়সম্প্রদায়ৈক-সংরক্ষক ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুর বঙ্গ-ভাষায় এই গ্রন্থের একটী সটীক সংস্করণ প্রকাশ করিবার জন্য গৌড়ীয় সম্পাদক মহোদয়কে উপদেশ প্রদান করিলে মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু বঙ্গভাষায় এই গ্রন্থের 'কণিকা' নাম্নী একটী সারগর্ভ সংক্ষিপ্ত টীকা রচনা করিয়াছেন। শরণাগতির সহিত টীকা সংযুক্ত হওয়ায় সকলেরই শরণাগতির মর্ম্ম বুঝিবার সুযোগ হইয়াছে। সরল ভাষায় লিখিত টীকা, ভূমিকা, শ্রীল ঠাকুরের শ্রীহস্তলিখিত শরণাগতির পাণ্ডুলিপির আদর্শ ও শ্রীল ঠাকুরের চিত্রের আলেখ্য প্রভৃতি সংযুক্ত হওয়ায় গ্রন্থটী সর্ব্বাঙ্গসুন্দর হইয়াছে। গ্রন্থের কাগজ, প্রচ্ছদপট ও মুদ্রণ-সৌষ্ঠব খুব সুন্দর। এই গ্রন্থ সশ্রদ্ধ শ্রদ্ধা ও আর্ত্তির সহিত নিত্য পঠিত হইলে গৌরজনের কৃপা উপলব্ধি করিয়া নিত্যমঙ্গল-লাভের রাজকীয় সরণি উন্মুক্ত হইবে, সন্দেহ নাই।

শ্রীশ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুর-রচিত বিরাট শ্রীভক্তিরত্নাকর গ্রন্থ সম্প্রতি গৌড়ীয়-মিশন হইতে প্রকাশিত হইয়াছেন। এই গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর ভক্তগণের বিবরণ, শ্রীল শ্রীনিবাস আচার্য্যপ্রভু, শ্রীল [illegible] ঠাকুর ও শ্রীল প্রেমানন্দ প্রভু প্রমুখ আচার্য্য-গণের কথা, শ্রীনবদ্বীপধাম ও শ্রীব্রজমণ্ডলের বিস্তৃত বিবরণ, [illegible] শ্রীনবদ্বীপ পরিক্রমার বিস্তৃত [illegible] প্রভৃতি রহিয়াছে। [illegible] শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের কৃপায় এই বিরাট গ্রন্থ প্রকাশিত হইল। একরূপ সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ [illegible] আর প্রকাশিত হয় নাই। ইহাতে প্রত্যেক [illegible] [illegible]

[illegible]

[illegible] সম্পাদক-রচিত [illegible] ও [illegible] একটী সুন্দর গ্রন্থ প্রকাশিত হইয়াছে। [illegible] আর্ত্তিপূর্ণ। [illegible]

কৃষ্ণ আমার পালে রক্ষে জান সর্ব্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল

উপাখ্যানে উপদেশ

কিছুদিন পূর্ব্বে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের নির্দ্দেশ ও উপদেশানুসারে 'উপাখ্যানে উপদেশ' নামক গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। আশ্বিন মাস হইতে না হইতেই ঐ গ্রন্থ 'নদীয়াপ্রকাশ' [illegible] পুনরায় শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার আবির্ভাব-বাসরে 'উপাখ্যানে উপদেশ' গ্রন্থের ২য় খণ্ড প্রকাশিত হইয়াছে। উপাখ্যানে উপদেশের ১ম খণ্ডে লৌকিক উপাখ্যান ও লৌকিক ভাষার মধ্য দিয়া শ্রীশ্রীল প্রভুপাদের উপদেশ সমূহ [illegible] হইয়াছে। দ্বিতীয় খণ্ডে শাস্ত্রীয় উপাখ্যান অর্থাৎ শ্রুতি-উপনিষদ, শ্রীমদ্ভাগবত, শ্রীমহাভারত, শ্রীবিষ্ণুপুরাণ ও অন্যান্য সাত্বত পুরাণ, শ্রীচৈতন্যভাগবত প্রভৃতি গ্রন্থের উপাখ্যানসমূহ দ্বারা শ্রীল প্রভুপাদ অনেক সময় কীর্ত্তনমুখে উপদেশ করিতেন, তাহাই সংগৃহীত হইয়াছে। এই গ্রন্থে প্রতি শাস্ত্রীয় উপাখ্যান ও তন্মূলক শিক্ষা ও উপদেশ আছে। আত্মমঙ্গলকামী পাঠকমাত্রেই এই গ্রন্থে নৈতিক ও পারমার্থিক জীবনগঠনের উপদেশ প্রাপ্ত হইবেন। সজ্জনগণের গৌড়ীয়সিদ্ধান্ত শিক্ষার ইহা এক সুবর্ণসুযোগ। এই গ্রন্থ শ্রীযোগপীঠ শ্রীমন্দির পোঃ শ্রীমায়াপুর, নদীয়া; শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা অথবা মধুরা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা—এই ঠিকানায় পাওয়া যাইবে।

শ্রীল সুন্দরানন্দ প্রভুর বক্তৃতা

[শ্রীমাধ্বগৌড়ীয়মঠ, ৬মাঘ, সন্ধ্যাকাল]

পরমপূজ্যপাদ বৈষ্ণবমণ্ডল ও সমবেত শ্রদ্ধেয় সজ্জনমণ্ডলি! আজ শ্রীগৌর-কৃপা ঠাকুর শ্রীশ্রীমদদ্বৈতাচার্য্য প্রভুর শক্তি, শ্রীঅচ্যুতানন্দের জননী শ্রীশ্রীসীতাদেবীর আবির্ভাব-তিথি—শ্রীগৌরপঞ্চমী। সেই পরম-পাবনী তিথির অনুসরণ ক'রেছেন—শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজ-সভার পাত্ররাজ-প্রবর আমার শিক্ষাগুরুদেব পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য ও বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজের অপ্রকট-তিথি। মহাপুরুষ, জগৎপাবন বা নিত্যসূরিগণের যে আবির্ভাবতিথি, তাহা পতিতপাবনী ও ভুবনমঙ্গল-বিধায়িনী। বৈষ্ণবগুরুদের—গুরুবর্গের—আচার্য্যবৃন্দের—জগৎপাবনবৃন্দের জগতে যে আবির্ভাব, তাহা সম্পূর্ণ ভগবদিচ্ছা-প্রসূত। আমাদের ন্যায় কর্ম্মফলবাধ্য হ'য়ে তাঁ'দের জন্ম হয় না। আমরা যে প্রকার পাপপুণ্য-ফল ভোগ করবার জন্য জন্মগ্রহণ ক'রি, তাঁ'দের আবির্ভাব সে-প্রকার নয়। বদ্ধজীবের জন্ম এবং ভগবৎপার্ষদগণের আবির্ভাব বাহ্যতঃ দেখতে এক প্রকার হ'লেও তা সম্পূর্ণ পৃথক। শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু ক্রম-সন্দর্ভে সাধারণ জীবের জন্মগ্রহণ ও সম্পূর্ণ মুক্ত ভগবৎপার্ষদগণের যে জন্ম-গ্রহণ, তা'র মধ্যে কিরূপ পার্থক্য, তা' একটি দৃষ্টান্ত দ্বারা বুঝিয়ে দিয়েছেন। দেখা যায়—দুইটী ব্যক্তি কারাগারে ক্লেশ পাচ্ছেন। এঁদের মধ্যে একজন চৌর্য্যাপরাধকারী বা অত্যাচারকারী আর একজন সম্পূর্ণ মুক্ত, স্বতন্ত্র-ইচ্ছাযুক্ত সম্রাট। অপরাধী চোর বা লম্পট ব্যক্তি বাধ্য হ'য়ে বন্দী হ'য়ে রাজকর্ম্মচারীকর্ত্তৃক আক্রান্ত ও কারাগারে যেয়ে উৎপীড়িত হ'চ্ছে। সেটা তা'র অনিচ্ছাসত্ত্বে। আর সম্পূর্ণ মুক্ত ও স্বাধীন, [illegible] দয়ার আধার সেই সম্রাট যে তাঁ'র অধীনস্থ বা পালকের দ্বারা শরীর-বন্ধনাদি করাচ্ছেন, তা' অন্যান্য ব্যক্তিগণের ন্যায় বাহ্যতঃ দেখতে একপ্রকার হ'লেও সেটা অপরাধের ক্লেশভোগ বা ইচ্ছা-পূর্ব্বক ক্লেশভোগ নয়—সেটা নিজসুখ বা বিলাসেরই রূপান্তর—নিজের সম্পূর্ণ ইচ্ছার অধীনে।

উক্ত দুই প্রকার ব্যক্তির পক্ষে কিল-ঘুঁষি খাওয়া বা শরীরবন্ধনাদি করান দেখতে একরূপ হ'লেও যেমন তারতম্য বা পার্থক্য র'য়েছে, তদ্রূপ বদ্ধজীব নানাবিধ কর্ম্মবিপাক ফলে অনিচ্ছাসত্ত্বেও মাথায় লাথি ঝাঁটা বা কিল ঘুঁষি খাচ্ছে, আর মুক্তজীব ভগবানের স্ব-স্বতন্ত্র সম্রাটের ন্যায় স্বেচ্ছায় ক্লেশপ্রতিম জন্মগ্রহণাদি লীলা করছেন। সুতরাং মহাপুরুষগণের যে এ জগতে আবির্ভাব, তা' সম্পূর্ণ ভগবদিচ্ছাকৃত এবং তাঁ'দের যে অল্প জীবনে আপাত ক্লেশস্বীকার, তা'ও সম্পূর্ণ কৃষ্ণপ্রীতির জন্য। তাঁ'দের যে আবির্ভাব, তা' জগজ্জীবের পরম মঙ্গল বিধানের জন্য বা ভুবন মঙ্গল-বিধানের জন্য।

'ভুবন-মঙ্গল' শব্দে আমরা [illegible] দেহমনের ভোগ-সুখ ইত্যাদি বু'ঝে থাকি। জড়বদ্ধ ব্যক্তিগণ দেহমনের সুখ অর্থাৎ ধর্ম্ম অর্থ কাম মোক্ষ পর্য্যন্ত প্রার্থনা করে। আর অনন্ত জীবের মধ্যে কোন কোন সৌভাগ্যবান্ জীব নিত্য মঙ্গল বা আত্মার ভাগবতরূপ পরমমঙ্গল অন্বেষণ করেন। এ জগতে মঙ্গলের নামে আমাদের অমঙ্গল প্রদানকারী কর্ম্মী, জ্ঞানী ইত্যাদির অভাব নাই। কিন্তু প্রকৃত মঙ্গলদাতা পতিতপাবন কৃষ্ণভক্ত জগতে অতীব বিরল। কোটি কোটি মুক্তের মধ্যে একজন কৃষ্ণভক্ত দুর্লভ।

মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ।
সুদুর্লভঃ প্রশান্তাত্মা কোটিষ্বপি মহামুনে॥
(ভাঃ ৬।১৪।৪)

আজ শ্রীগুরুপূজা, আচার্য্যপূজা বা বৈষ্ণববরের পূজার দিন। আজ বিশ্বজীবের পরমমঙ্গলের দিন। আজ বিশ্বাসী—অনন্ত ব্রহ্মাণ্ডবাসী নিখিল চেতনের মঙ্গল-বরণের দিন। আমরা শ্রীগুরুপাদপদ্মে শরণাগত হ'য়ে সে-মঙ্গল বরণের জন্য প্রয়াস পাচ্ছি। আপনারা বলতে পারেন,—জগতে শ্রেষ্ঠ ব্যক্তির পূজা সর্ব্বত্রই হ'য়ে থাকে। যে ব্যক্তি, যে সমাজ বা যে দেশ যে শ্রেষ্ঠ ব্যক্তির নিকট হ'তে তাঁ'দের প্রার্থনানুসারী মঙ্গল বা স্বার্থ লাভ করে, তাঁ'কে স্বার্থ বা কর্ত্তব্য-বিচারে সকলেই পূজা ক'রে থাকে। এই জগতে বীর বা নায়ক পুরুষগণ, তাঁ'রা যে কোন ক্ষেত্রেই থাকুন, তাঁ'রা নশ্বর। তাঁ'দের পূজকাভিমানিগণ নশ্বর-স্বার্থান্বেষী, ফলভোগী কর্ম্মী। কিন্তু শ্রীগুরুদেব, বৈষ্ণব বা আচার্য্য—তাঁ'রা নশ্বর বস্তু নহেন বা তাঁ'রা কোন নশ্বর মঙ্গল প্রদান করতে আসেন না। তাঁ'রা জগতে যে সম্পত্তি দিতে আসেন, সেটা নিত্য, অব্যয় ও পরম-মঙ্গলপ্রদ। বীর-পূজা বা নায়ক-পূজা হ'তে কোটি কোটি গুণে শ্রেষ্ঠ—ভক্তের পূজা বা জগদ্‌গুরু আচার্য্যের পূজা। সনাতন ধর্ম্মক্ষেত্র ভারত-ভূমিতে নাস্তিকতা ও পাশ্চাত্য শিক্ষা-দীক্ষার ফলে শ্রুতি-স্মৃতি-কথিত সদ্ধর্ম্ম যে প্রকার ক্রমশঃ লুপ্ত হ'চ্ছে, তা'তে গুরুপূজা আচার্য্যপূজার কথা বললে লোক মানুষ-পূজা বা নায়ক পূজাকেই বু'ঝে থাকে। আবার কেউ বা শাস্ত্রের ঐ প্রকার গুরুপূজার বিধির অনুসরণকে একটা অভিনব বা গোঁড়ামির ব্যাপার মনে করেন। কিন্তু শ্রীগুরু-পূজা সম্বন্ধে শ্রুতি-স্মৃতিতে অসংখ্য বিধান র'য়েছে।

"আচার্য্যাদ্ধ্যেব বিদ্যা বিদিতা সাধিষ্ঠং
প্রাপয়তীতি।"
(ছাঃ ৪।৯।৩)

তস্মাদ্ গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয়
উত্তমম্।
শাব্দে পরে চ নিষ্ণাতং ব্রহ্মণ্যুপশমাশ্রয়ম্॥
(ভাঃ ১১।৩।২০)

পরীক্ষ্য লোকান্ কর্ম্মচিতান্ ব্রাহ্মণো
নির্ব্বেদমায়ান্নাস্ত্যকৃতঃ কৃতেন।
তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ
সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্॥
(মুঃ ১।২।১২)

যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥
(শ্বেতাঃ ৬।২৩)

ভগবানে যে প্রকার ঐকান্তিকী ভক্তি থাকবে, সেই প্রকার অব্যভিচারিণী ভক্তি শ্রীগুরুদেবে থাকলেই সাধনে সিদ্ধিলাভ হয়। ঈশ্বরের পূজা হ'তেও ঈশ্বরের ভক্ত, গুরু বা আচার্য্যের পূজা—বড়। ভগবান্ নিজে ব'লেছেন—

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥
(ভাঃ ১১।১৭।২২)

অর্থাৎ হে উদ্ধব! গুরুদেবকে মৎস্বরূপ জা'নবে। গুরুকে সামান্য নরবুদ্ধিতে অসূয়া বা অনাদর ক'রবে না। গুরু—সর্ব্বদেবময়।

উক্ত শ্লোকে 'নাবমন্যেত' কথার বিশেষ তাৎপর্য্য আছে। এস্থলে 'বিধিলিঙ্' বিভক্তির প্রয়োগের দ্বারা আচার্য্য দেব বা গুর্ব্ববজ্ঞা সম্পূর্ণভাবে নিষিদ্ধ, ইহা জানাচ্ছেন। মনুষ্য বা মর্ত্ত্য বুদ্ধিতে আচার্য্য বা গুরুদেবকে অসম্মাননা বা হিংসা ক'রবার প্রবৃত্তি লোকের স্বাভাবিকী। তজ্জন্যই ভগবান্ ব'লেছেন,—মেটে'বুদ্ধি নিয়ে শ্রীগুরু বিদ্বেষ ক'রো না। গুরুদেবকে দেখতে মানুষের মতই মনে হয়; কিন্তু, তিনি—'সর্ব্বদেবময়'। গুরুপূজাটী—নায়ক-পূজা নয়, তা' Hero-worship নয়। শ্রীগুরুদেব অপ্রাকৃত রাজ্যের সন্ধান দেন, অপ্রাকৃত ভক্তিধন দান করেন এবং স্ব'স্ব আচার-প্রচার দ্বারা আমাদের উদ্ধার করেন। আর নায়ক বা জগতের প্রতিষ্ঠাশালী ব্যক্তি আমাদিগকে জগতের বস্তুর সন্ধান দেন—তাঁরা ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষের সন্ধান দেয়। চতুর্ব্বর্গ-প্রদাতা নশ্বর-জীব ও দেবগণের পূজাই 'নায়কপূজা' বা 'বীরপূজা'। মুক্তি-সুখকেও কুণ্ঠিতকারী যে বস্তু, তাঁ'কে যিনি দান করেন—তিনি শ্রীগুরুদেব। শ্রীগুরুদেব অপ্রাকৃতের সন্ধান প্রদান করেন; আর প্রাকৃতনায়ক প্রাকৃত বিষয় বা বস্তুর সন্ধান প্রদান করতে পারেন।

গুরুপূজা বা আচার্য্যপূজা—বীরপূজা নয়। কএক বৎসর পূর্ব্বের কথা, তখন পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদের আবির্ভাব-

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম॥

তিথিতে শ্রীব্যাসপূজার আয়োজন ক'রেছে ব্যাসপূজার দিন মঠে একটী বিরাট বৈষ্ণব-সজ্জনগণের সভায় শ্রীল প্রভুপাদকে অনেক অভিনন্দন প্রদান করা হয়। শ্রীল প্রভুপাদকে শিষ্যগণের পক্ষ হ'তে অনেক স্তব স্তুতি, বন্দনা, পূজাদি গ্রহণ ক'রতে হ'ল। সেই ব্যাসপূজা-বাসরে [illegible] বিশ্ববিদ্যালয়ের [illegible] কর্ণধার [illegible] মহাশয়ও উপস্থিত ছিলেন। প্রভুপাদকে একজন লৌকিক শ্রেষ্ঠ-ব্যক্তিজ্ঞানে উক্ত ব্যক্তি তাঁ'র (শ্রীল প্রভুপাদের স্তব-স্তুতি-পূজাদি গ্রহণ-কার্য্য দেখে ব'ল্লেন—"আপনি কি ক'রে ব'সে ব'সে এতগুলি লোকের স্তব স্তুতি শুনলেন?" পরমারাধ্য শ্রীল প্রভুপাদ তা'র উত্তরে ব'লেছিলেন,—

"শ্রীগুরুদেব যখন শিষ্যদের থেকে পূজা গ্রহণ করেন, তখন তিনি মনে করেন না যে, তিনি—গুরু। তিনি নিজেকে একজন নগণ্য ভৃত্যজ্ঞানে গুরুপূজার সকল উপকরণ শ্রীগুরুপাদপদ্মে পৌঁছিয়ে দেন। লোককে গুরুপূজা শিক্ষা-দিবার জন্য গুরুদেব নিজে পূজা গ্রহণ করেন। শ্রীকৃষ্ণ যখন গীতা অমায়িকভাবে ব'ল্লেন,—

"সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি
মা শুচঃ॥"

তখন জগতের বহির্ম্মুখ লোক মনে ক'র্‌ল—কৃষ্ণ কি স্বার্থপর, কি দাম্ভিক, নিজের পূজা নিজেই চাচ্ছে! আবার শ্রীকৃষ্ণ ব'ল্লেন,—'আচার্য্যং মাং বিজানীয়াৎ' এতেও নিজেরই পূজা—অপরের মধ্য দিয়ে। স্বার্থপতি শ্রীহরির অভিন্নবিগ্রহ শ্রীগুরুদেবের পূজাই যে সর্ব্বজীবের নিত্যমঙ্গলের হেতু ও জীবের পরম স্বার্থ, তা' অজ্ঞান জীব বোঝে না, বুঝ্‌তে পারে না।

মহাপ্রভু ব'লে দিয়েছেন,—
'আমার আজ্ঞায় 'গুরু' হঞা
তার' এই দেশ
'ভারতভূমিতে হৈল মনুষ্য-জন্ম যা'র।
জন্ম সার্থক করি' কর পর উপকার॥'

শ্রীল তীর্থ মহারাজের হরিকথার মর্ম্ম

(বোম্বে ২৩৮।৪০, প্রাতঃকাল)

ব্রহ্মাণ্ড বা দেবীধামে ভোগ ও ত্যাগ [illegible] আত্মা বৈকুণ্ঠে [illegible] [illegible] সুখ, দুঃখ, শীত ও উষ্ণ প্রভৃতি দ্বন্দ্ব ভোগ, নতুবা ত্যাগ ব্যতীত অন্য আর কিছু করে না। অপ্রাকৃত বস্তু যে শ্রীভক্তি সিদ্ধান্তবাণী, তাহা প্রাকৃত ইন্দ্রিয়গ্রাহ্য নহে দেবীধামে যাহারা বাস করে বা যত সম্প্রদায় আছে, তাহারা সকলেই পঞ্চরাত্র ভোগ ও ত্যাগে ব্যস্ত। ভোগীরা বা ভোগী আর ত্যাগীরা প্রচ্ছন্ন ভোগী ইহারা সব নির্ব্বিশেষবাদী। কৃষ্ণ সত্য কৃষ্ণ সেবা সত্য ও কৃষ্ণসেবক সত্য সুতরাং সেবা সত্য, সেবক সত্য ও সেব্য সত্য; জ্ঞেয় সত্য, জ্ঞাতা সত্য ও জ্ঞান সত্য; আস্বাদক, আস্বাদ্য ও আস্বাদন সত্য; দ্রষ্টা, দৃশ্য ও দর্শন নিত্যসত্য [illegible] প্রভৃতির [illegible] স্তবক।

[illegible] তোমার [illegible]
তোমার চরণ [illegible]
আমার নহি ত' আমি।
বিনোদ-সেবক কাঁদিয়া শর
ল'য়েছে তোমার পায়।
ক্ষমি' অপরাধ নামে রুচি দি'
পালন করহে তায়॥

সুতরাং মঠবাসিগণের প্রত্যেকে ২৪ ঘণ্টা স্মরণ রাখা উচিত যে, শ্রীগুরুপাদপদ্মরূপ মঠে শ্রীশ্রীগুরুবৈষ্ণব ও শ্রীপাদপদ্মের একটী চেতনমূলকণার ন্যায় তাঁহাদের মনোহভীষ্ট-সেবায় কায়মনোবাক্যে নিযুক্ত থাকাই আমার একমাত্র কর্ত্তব্য। অন্য কোন অভিলাষ আমার নাই। সকল অনুষ্ঠানের (মঠের) একমাত্র স্বার্থপতি—বৃন্দাবনে শ্রীশ্রীরাধাকৃষ্ণসেবা। যদি তাহাই না হয়, তাহা হইলে বৃন্দাবনের পরিবর্ত্তে ব্রহ্মাণ্ডের এবং শ্রীশ্রীরাধাগোবিন্দের পরিবর্ত্তে নিজের ভোগই হইয়া পড়ে। [illegible] মিথুনের সেবায় যদি ২৪ ঘণ্টা লক্ষ্য না থাকে তাহা হইলে মায়ার ব্রহ্মাণ্ডে অধিষ্ঠান। মিথুন অর্থাৎ স্ত্রীপুরুষের ভোগ হয় [illegible] Vaishnavism [illegible] Saktaism; হয় চিন্ময়মিথুনের সেবা, নয় নিজের সেবা। সকল জীবের অন্তরের অন্তর্য্যামী ক্ষীরোদকশায়ী বা হৃষীকেশ বা অনিরুদ্ধ বিষ্ণু। সকল সমষ্টি জীবের বা ব্রহ্মাণ্ডের অন্তর্য্যামী—গর্ভোদকশায়ী বিষ্ণু। তাঁহা হইতে রাম-নৃসিংহাদি অবতার। প্রকৃতির অন্তর্য্যামী—কারণার্ণবশায়ী বিষ্ণু। [illegible] লক্ষ্মী আছে। বিষ্ণু-[illegible] লক্ষ্মী আছে। অতএব আমাদের প্রত্যেক মঠবাসীরই কর্ত্তব্য মঠবাসী সকল সেবকগণের সহিত মিলিয়া শ্রীনামপ্রভুর সঙ্কীর্ত্তনে মঠটীকে মুখরিত রাখা এবং মাধুকরী ভিক্ষা দ্বারা শিষ্টে (শ্রীধাম বৃন্দাবনে) অবস্থিত শ্রীগুরুবৈষ্ণবের সেবাতে নিযুক্ত থাকা। ইহা লঙ্ঘন করিয়া মঠবাস হয় না। "ছাড়িয়া বৈষ্ণব সেবা, নিস্তার পেয়েছে কেবা।" বিষ্ণুর জীবন শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তন। সুতরাং শ্রীকৃষ্ণ সংকীর্ত্তনরূপ জীবন বাদ দিয়া মাধুকরী ভিক্ষাটা মরা মানুষকে অলঙ্কার দিয়া সাজানোর ন্যায় বৃথা। "যথা তরোর্মূলনিষেচনেন তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখাঃ" এই ভাগবত বাণীতে সর্ব্বকারণকারণ শ্রীনামপ্রভুর উপাসনার কথা বলা হইয়াছে।

'বৈকুণ্ঠ'পর' শব্দটীর দুইটী অর্থ। (১) বৈকুণ্ঠের প্রিয় যাঁহারা আর (২) কৃষ্ণ [illegible] যাঁহাদের, "সাধবো হৃদয়ং মহ্যং" শ্লোকানুসারে হরি, গুরু ও বৈষ্ণব পর [illegible] নহেন, একই বস্তু সেব্যসেবকরূপে আছে। [illegible] এবং গুরুবৈষ্ণবসেবা বাদ দিয়া শ্রীশ্রীনামপ্রভুর সেবা হয় না। তাহা মায়াবাদ।

(২৪।৮।৪০, প্রাতঃকাল)

মোক্ষপ্রার্থী বা ভোগপ্রার্থী, কড়্‌চা বা কুর্থিত দর্শন বা কুদর্শন ও আধাদি জ্ঞান সমস্তই মায়াপিশাচী। এই মায়াপিশাচীর হস্ত হইতে পরিত্রাণের [illegible] শ্রীগুরুরূপী আমাদিগকে এক মহে [illegible] [illegible] মহা ঔষধী—শ্রীগুরুবাক্য শ্রবণ মহাপথ্যটি—শ্রীগুরুদেবের উচ্ছিষ্ট ভোজন। 'বিষস্' অর্থে গুরুর উচ্ছিষ্ট এবং 'অশ' অর্থে খাওয়া। 'বিষসাশী' অর্থে গুরুর উচ্ছিষ্ট ভোজী। [illegible] ও রসাস্বাদন। জিহ্বা সর্ব্বাপেক্ষা [illegible] "তার মধ্যে জিহ্বা অতি লোভময় সুদুর্ম্মতি, তা'কে জেতা কঠিন সংসারে" "জিতং সর্ব্বং জিতে রসে।" [illegible] বাক্যের কীর্ত্তন ও গুরুর উচ্ছিষ্ট-সেবা দ্বারা জিহ্বা জয় হইয়া থাকে, অন্য প্র[illegible] তাহাকে জয় করা যায় না। শ্রীগুরুদেব বলেন—

"কনক কামিনী, [illegible]
ছাড়িয়াছে যারে সেই ত' বৈষ্ণব।"
"গ্রাম্যকথা না শুনিবে, [illegible] ভোগ-কথা,
[illegible] নাম-কীর্ত্তন-গৌরব।"
"নাম বিনা আর নাহিক কিছু,
চৌদ্দ ভুবন মাঝে।"
"আপ্ত বাক্য [illegible] আর কিছু নাহি কাজে,
আর সব মনে অকারণ।"
ছাড়িয়া বৈষ্ণবসেবা নিস্তার পেয়েছে কেবা"
"[illegible] সেবা [illegible]"

শ্রীগুরুদেব বলেন—
"[illegible] করিলেন যথা,"
"[illegible]"
"আর [illegible] !
সংসার বাসনা মোর [illegible]।"

নামের দ্বারা শ্রীগুরুনামীর সাক্ষাৎ, অভিধেয়ের সাক্ষাৎ ও শ্রীনামপ্রভুর সাক্ষাৎকার হইয়া থাকে। নাম ভজনকারীর দ্বারায় সেবা হয়, কিন্তু নামাপরাধীর প্রধান ভোগ (?) হয়। [illegible] অপ্রাকৃত [illegible] ছায়া। [illegible] জীব [illegible] চিন্ময় [illegible] পারে না। [illegible] হইয়া পুরুষাভিমানে [illegible] বানপ্রস্থ ও সন্ন্যাসী [illegible] হরিনাম, ভজন, সেবাকার্য্য ও প্রসাদ ভোগ (?) ক'রতে ক'রতে নরকে [illegible] যাইতে হইবে।

শ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয় সম্প্রদায়ে শ্রীশ্রীল ভক্তিবিনোদ প্রকটোৎসব

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যগণ ও [illegible] পরমহংস [illegible] শ্রীশ্রীমদ্ভক্তি[illegible] পুরী গোস্বামী ঠাকুরের [illegible] শ্রীশ্রীমদ্ভক্তি-বিনোদ ঠাকুরের [illegible] [illegible]।

[illegible] পরাবলী [illegible] শ্রীশ্রীম [illegible] কীর্ত্তন [illegible] গৌরসুন্দরের [illegible]।

শুদ্ধভক্ত-মঠসমূহ

১) শ্রীচৈতন্যমঠ [illegible]

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার [illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

৩) যোগপীঠ-মায়াপুর শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭) কাজি সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণ দাসাধিকারী

(১১) মোদদ্রুম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) [illegible]-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ [illegible]পুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গোড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাউভারা—(শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) কুলিয়া [illegible]
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) [illegible]-আশ্রম
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৯) [illegible]মঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদঘাটি, (নদীয়া)
সেবক—শ্রীজ্যোতির্ম্ময়[illegible] ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
[illegible], পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

(২১) [illegible]-গৌড়ীয়মঠাশ্রম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চটিগ্রাম পরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) মাধবগৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible], ঢাকা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৪) গোপালজীউমঠ
[illegible]পুর পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ
পোঃ [illegible], (ঢাকা)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible] দাস

(২৯) দার্জিলিং গৌড়ীয়মঠ
[illegible], দার্জিলিং
সেবক—শ্রীমহাপুরুষ দাসাধিকারী

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible], চট্ট. পি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৩৩) [illegible] গৌড়ীয় মঠ
৮।১৭ [illegible], বেনারস সিটি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible], [illegible] ইউ পি)
শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
[illegible] পোঃ মথুরা
সেবক—শ্রী[illegible]গোপাল ব্রজবাসী

৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৯) [illegible]-কুঞ্জ
পোঃ [illegible] (মথুরা)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রী[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন[illegible]
সেবক—শ্রী[illegible] ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৪৪) [illegible] গৌড়ীয়মঠাশ্রম
পোঃ [illegible], মথুরা
সেবক—ঐ

(৪৫) [illegible] গৌড়ীয়মঠাশ্রম
পোঃ [illegible], মথুরা

(৪৬) গৌড়বিহারী মঠ—[illegible].
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৪৭) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]গোবিন্দ দাসাধিকারী

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড, নিউ দিল্লী;
সেবক—শ্রী[illegible] পাণ্ডা

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
.গোয়ালিয়র ট্যাঙ্ক রোড, [illegible]
হিল ডিঃ বোম্বে ৭
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible]: মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫১) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ কভূর, ওয়েষ্ট গোদাবরী মাদ্রাজ
—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

(৫২) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

(৫৩) [illegible] মঠ
[illegible] পোঃ [illegible] উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গ[illegible] ব্রহ্মচারী

(৫৪) [illegible] – [illegible] মঠ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৫৫ [illegible]
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], পুরী
সেবক - শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৭) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৫৮) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], গঞ্জাম
সেবক—শ্রী[illegible] দাস ব্রহ্মচারী

(৬০) [illegible] মঠ
চিকন্দি, পোঃ [illegible], গোদাবরী
সেবক শ্রী[illegible]দাস ব্রজবাসী

(৬১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], গোদাবরী
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] মঠ
পোঃ [illegible] (মাদ্রাজ)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৩) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], (আসাম)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৪) [illegible] গৌড়ীয়মঠ
৭০১ নং [illegible] ষ্ট্রীট, [illegible]
সেবক—শ্রী[illegible]বিহারী দাসাধিকারী

(৬৫) [illegible] গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ১
৫১, [illegible]রোড
[illegible], [illegible]
সেবক—কুমারীবিনোদবাণী দাসী

(৬৬) গৌড়ীয় প্রিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট.
কলিকাতা
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৭) গৌড়ীয়মঠ আফিস
[illegible], [illegible] (ইউ-পি
সেবক—শ্রী[illegible]বানন্দ ব্রহ্মচারী

(৬৮) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৯) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
[illegible]পুর (পঞ্জাব)
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৭০) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৭১) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]কিশোরদাস অধিকারী

(৭১) শ্রী[illegible]
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্যামসুন্দর ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর [illegible] কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০

চাঁদার হার

দৈনিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক	৫৲
ত্রৈমাসিক	২৸০
মাসিক	১৲

প্রতি সংখ্যা ৵৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা [illegible]।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর জীবনী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর উপদেশামৃত সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে সাধন পথে অগ্রসর হইতে পারেন, সেই সকল সরল প্রণালীটি ইহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই [illegible] হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল। গ্রন্থটী পাইকা টাইপে অতিসুন্দর কাগজে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—[illegible] প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক আখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজবোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় [illegible] প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ইহাতে ১০টী উপাখ্যান, প্রবাদ ও প্রায় ৫০টী চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১।০ মাত্র। প্রাপ্তিস্থান—[illegible] প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত [illegible] শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক গ্রন্থের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। গ্রন্থের ভিক্ষা মাত্র আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা আছে। আহার ও বোর্ডিংখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত। এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর [illegible] কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীমদ্ভগবদ্গীতা

[illegible] মহামহোপদেশক অধ্যাপক শ্রীল [illegible] ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, [illegible] এই অপূর্ব্ব [illegible] সংস্করণে প্রকাশিত করিয়া [illegible] প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত [illegible] যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে [illegible] অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের [illegible] সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে [illegible] শ্রী বলদেবকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল [illegible] পদ্ধতি এত বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। [illegible] প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। [illegible] আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible] শ্রীমায়াপুর, নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি-প্রচারের মূল মহাজন সংস্কারক শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অলৌকিক জীবনচরিত এতাবৎকাল পরিচয় প্রণালীতে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অন্যতম পরিব্রাজকাচার্য্য সুলেখক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা, ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলা প্রবিষ্ট মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্ন্যাল ভক্তিসুধাকর ভাক্তশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের স্বৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই প্রায়, অতিনব — অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৬৩৭ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীমুখ ভূমিকা (Foreword), প্রকাশক ও গ্রন্থকার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত হইল। ভিক্ষা ১৫ পনের টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রোয়াপেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫ ৪১	৬-১৯	৭ ১০	১৩-১৬	১৬-৫৬	১৭-৫৩	২২ ৪১
দমদম ,,	৫-৫৮	৬-৩৫	৭-৩০	১৩ ৩৭		১৮-১২	২২ ৫২
রাণাঘাট পৌঃ	৬-১৮	৮ ০ ৫	৯-১৬	১৫-৩	১৮-৩৪	১৯-৪২	০-২৫
(বদল) ছাঃ	৬-৩০	৮-৫	৯-৩৩	১৫-১৯	১৮-৪২	১৯-৫৭	০-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-৩৪	৮-৩৮	১০-৮	১৫-৫১	১৯-১৭	২০-২২	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১	১৫-০	১৭-৫১	২০-৩০	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০	১৫-৫০	১৮-১১	২১ ১০	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-২
দমদম ,,	১১-২০
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (ন্যারো গেজলাইনে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪
ছাঃ	১৫-০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৪০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮	৯-১০	১৪-১৬	১৬-০	১৮ ৩১
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৬	৯-৪৮	১৪ ৫৫	১৬-৩৬	১৯-১১

ছাঃ	৭-৯	৮-৫০	১১-৪১	১৬-৫৩	১৯-২	২০-৫৬	৩-৩৬
রাণাঘাট পৌঃ	৭-৪৪	৯-২৩	১২-২৬	১৭-৩১	২০-১০	২১-২৯	৪-১৫
(বদল) ছাঃ	৭-৫২	৯-২৮	১২-৩৬	১৭-৪৩	২০-১৮	২১-৭৪	৪-২৩
দমদম ,,		১১-৩		১৯-০		২৩ ৯	
কলিকাতা পৌঃ	৯-২১	১১২০	১৪-২১	১৯-২৩	২১-৫৫	২৩-২৭	৬-২৩

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ	১৪ ১৩
কৃষ্ণনগর পৌঃ	১৪-৫৫
ছাঃ	১৫-১৩
শান্তিপুর পৌঃ	১৫-৫১
(বদল) ছাঃ	১৬-৫৩
রাণাঘাট পৌঃ	১৭-৩৪
(বদল) ছাঃ	১৭-৪৩
কলিকাতা পৌঃ	১৯-২৩

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। অদ্বিতীয় পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় জীবনের রক্ষাকবচ অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৷৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—৯১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
শান্তিপুর, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বাংলার সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ খণ্ড শ্রীমায়াপুর ১১ই আশ্বিন ১৩৪৭, ২৭শে সেপ্টেম্বর, ১৯৪০ শুক্রবার ; ১৭৪তম সংখ্যা

নানা-সংবাদ

——:০:(*):০:——

দোকান-কর্মচারী বিল

দুই দিন আলোচনার পরে গত বৃহস্পতিবার বঙ্গীয়ব্যবস্থা-পরিষদে দোকান কর্মচারী বিলটি বঙ্গীয়ব্যবস্থাপক সভা কাউন্সিলে যেরূপভাবে গৃহীত হইয়াছিল ঠিক সেইরূপভাবেই বিনা পরিবর্তনে এবং পরিষদের সকল দলের সমর্থনে গৃহীত হইয়াছে। এখন গভর্ণরের সম্মতি লাভ করিলেই ইহা আইন-রূপে প্রবর্তিত হইবে। বিলটি কলিকাতায় ও হাওড়ায় কার্য্যকরী করিবার জন্যই পরিকল্পিত, তবে আশা আছে যে, ইহাতে সুফল পাওয়া গেলে অদূর ভবিষ্যতে বাংলার অন্যান্য ব্যবসা-বাণিজ্য-কেন্দ্রেও ইহা প্রবর্তনে অসুবিধা হইবে না। এই বিল অনুযায়ী দোকান-কর্মচারিগণ সপ্তাহে দেড় দিন এবং বৎসরে ৩ দিন বিশেষ আবশ্যকমূলক ও ১০ দিন আকস্মিক আবশ্যকীয় ছুটি পাইবেন। দোকানের মালিকগণও রাত্রি আটটার মধ্যে দোকান বন্ধ রাখিতে বাধ্য হইবেন। কোন কর্মচারীকে অতিরিক্ত সময় খাটানো হইলে তাহাকে অতিরিক্ত বেতন দিতে হইবে এবং প্রতি মাসের দশ তারিখের মধ্যে কর্মচারীদের বেতন দিতে হইবে। বিলে দৈনিক দশ ঘণ্টা কাজের সময় সীমাবদ্ধ করিয়া দেওয়া হইয়াছে। ডাঃ নলিনাক্ষ সান্যাল বিলের ৭নং ধারা সম্পর্কে একটি সংশোধক প্রস্তাব উত্থাপন করিয়া সওদাগরী আফিসের কর্মচারীদিগকেও এই বিলের আওতায় আনিতে চাহিয়াছিলেন এবং তাহাদের সওদাগরী আফিসের কর্মচারীদের অবস্থা যে দোকান কর্মচারীদের অপেক্ষা কোন অংশেই কম নহে বরং কোন কোন স্থলে অনেক বেশী তাহাও উল্লেখ করিয়াছিলেন, কিন্তু ডাঃ সান্যালের সংশোধক প্রস্তাব গৃহীত হয় নাই। তবে শ্রমমন্ত্রী মিঃ সুরাবর্দী আশ্বাস দিয়াছেন যে, সওদাগরী আফিসসমূহের কার্য্যব্যবস্থাদি সম্পর্কে ভালভাবে তদন্ত করিয়া আগামী মার্চ মাস পর্যন্ত আর একটি বিল আনয়ন করিবেন। শ্রীযুক্তা নেলীসেন গুপ্তা এই আইনকে ঢাকা ও চট্টগ্রামে এখনই বলবৎ করিতে চাহিলে শ্রমিক মন্ত্রী বলেন বর্তমানে কলিকাতা ও হাওড়ার ফল দেখিয়া পরে তাহার বিবেচনা হইবে।

এরিত্রিয়া ও ইটালীয় সোমালিল্যাণ্ডে বোমাবর্ষণ

কায়রোর সংবাদে প্রকাশ, গত ৮ই সেপ্টেম্বর রাজকীয় বিমানবাহিনীর একদল বোমারু বিমান এরিত্রিয়ার অন্তর্গত মাসোয়ার উপর বোমাবর্ষণ করে। বোমাবর্ষণের ফলে দুইটি অগ্নিকাণ্ড সংঘটিত হয় এবং কয়েকটি দালান ক্ষতিগ্রস্ত হয়।

গত ৭ই সেপ্টেম্বর দক্ষিণ আফ্রিকার বিমানবাহিনী ইটালীয় সোমালিল্যাণ্ডের অন্তর্গত মেগালডোর উপর হানা দিয়া মোটর-যানের একটি ঘাঁটির উপর বোমাবর্ষণ করে। বোমাবর্ষণের ফলে একটি অগ্নিকাণ্ড সংঘটিত হয়। ভূমিতে অবস্থিত একখানি ক্যাপ্রোনী বিমান ধ্বংস হয় এবং আরও ৪ খানি ক্ষতিগ্রস্ত হয়। গত ২৮শে আগষ্ট যে মোটরযান-ঘাঁটির উপর আক্রমণ করা হইয়াছিল, সেই ঘাঁটিটি সম্পূর্ণ ভস্মীভূত অবস্থায় দেখিতে পাওয়া যায়। শত্রুপক্ষের জঙ্গী বিমানের উপর আক্রমণ চালাইয়া একখানি বিমান ভূপাতিত করা হয়। গত ৭ই সেপ্টেম্বর শত্রুপক্ষীয় বিমানসমূহ মাল্টার উপর আক্রমণ চালাইলে শত্রুপক্ষের একখানি বিমান গুলী করিয়া ভূপাতিত করা হয় এবং আরও একখানি বিমান গুরুতররূপে ক্ষতিগ্রস্ত হয়।

পুলিশ-বাহিনীর লোকবৃদ্ধি

সাব্-ইন্সপেক্টর পদের স্থায়ী শূন্য-পদ পূর্ণ করিবার নিমিত্ত প্রতি বৎসর সাব্-ইন্সপেক্টর নিয়োগের সংখ্যা বৃদ্ধি করিবার নিমিত্ত গভর্ণমেণ্ট সম্প্রতি একটী পরিকল্পনা মঞ্জুর করিয়াছেন। যখন এই পরিকল্পনা কার্য্যে পরিণত করা হইবে, তখন বার্ষিক নিয়োগের সংখ্যা ৬৬ হইতে ৮৪ পর্য্যন্ত বৃদ্ধি করা হইবে। এতদ্ব্যতীত আর একটি প্রস্তাব করা হইয়াছে যে, ঘাট্‌তি পূরণ করার নিমিত্ত ১২ বৎসরের জন্য প্রতি বৎসর আরও ২৪ জন অতিরিক্ত সাব্-ইন্সপেক্টর গ্রহণ করা হইবে। এই পদে গত ১০ বৎসরের মধ্যে স্থায়ী শূন্য-পদের সংখ্যা ১০০ হইতে ৪০০ পর্য্যন্ত উঠিয়াছে।

আলোচ্য বৎসরে একশত শিক্ষানবীশ সাব্-ইন্সপেক্টর নিযুক্ত হইয়াছে। তন্মধ্যে অর্দ্ধেক সংখ্যার নিয়োগ করা হইয়াছে এবং বাকী অর্দ্ধেক সহকারী সাব্-ইন্সপেক্টরদের মধ্য হইতে প্রমোশন পাইয়াছে। সম্প্রতি যে সকল সাব্-ইন্সপেক্টর নিয়োগ করা হইয়াছে, তন্মধ্যে ৫০ জন অমুসলমান এবং ৫০ জন মুসলমান। এতদ্ব্যতীত তাঁহাদের মধ্যে ৪৭ জন গ্র্যাজুয়েট, দুই জন এম-এ এবং একজন বি এল্ ছিল।

বার্লিনে বৃটিশ-বিমানের হানা

এসোসিয়েটেড প্রেসের (আমেরিকা) বার্লিনস্থ সংবাদদাতা জানাইয়াছেন যে, গত ১০ই সেপ্টেম্বর সকালে বার্লিনে বিমান আক্রমণের সতর্কতাসূচক ধ্বনি করা হয়। এই ধ্বনি ৪০ মিনিট স্থায়ী হইয়াছিল। বার্লিনের উত্তর সীমান্তে কতকগুলি বোমা নিক্ষিপ্ত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। জার্ম্মাণ-বেতারে ঘোষণা করা হইয়াছে যে, বৃটিশ-বিমানসমূহ উত্তর জার্ম্মাণীর বিভিন্ন অংশের উপর দিয়া উড়িয়া গিয়াছে। এই ঘোষণায় বিশেষ করিয়া বলা হইয়াছে যে, বার্লিনের উত্তর উপকণ্ঠে বোমাবর্ষণ করা হইয়াছে।

বৃটিশ-কামানের অব্যর্থ সন্ধান

বার্লিনের একটি সংবাদে বলা হইয়াছে যে, জার্ম্মাণ বৈমানিকগণ বৃটিশ বিমানধ্বংসী কামানের সন্ধান সাংঘাতিকরূপে অব্যর্থ বলিয়া উপলব্ধি করিতে পারিয়াছে। লণ্ডন এলাকায় ধ্বংসপ্রাপ্ত ৯৬টি জার্ম্মাণ বিমানের মধ্যে বিমানধ্বংসী কামানের গোলায় ২১টি ভূপাতিত হইয়াছে। জার্ম্মাণদের অনুমান ২৫০ জন বৈমানিক নিহত হইয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৬।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয় শ্রীনন্দলাল বিদ্যাসাগর ভাগবতভূষণ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১২০ মাত্র।

পরমগুরু শ্রীগৌরকিশোর

গৌড়ীয়-সম্পাদক-লিখিত, শ্রীগৌড়ীয়মঠ-চালের উপদেশ-সম্বলিত, বহুচিত্র-শোভিত ও বিবর্তক পুস্তিকা "পরমগুরু শ্রীগৌরকিশোর" প্রবন্ধাকারে প্রকাশিত হইয়াছেন। এই প্রবন্ধে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবগণের পরমারাধ্য, গৌড়ীয়গৌরবশিরোমণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্তবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী প্রভুবরের অপ্রাকৃত চরিত্র বর্ণিত আছে।

শ্রীভক্তিবিনোদ-আবির্ভাব-শতবর্ষপূর্তি-তিথিপূজার উপায়ন-গ্রন্থমালা

———::(০)::———

১। গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র গীতিসাহিত্যের সমালোচনা-গ্রন্থ)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

২। শ্রীভক্তিবিনোদবাণীবৈভব

(শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থসমূহ হইতে সংগৃহীত ১০৮টি অধ্যায়ে সম্বন্ধ-অভিধেয় প্রয়োজনাকারে গ্রথিত অমূল্য উপদেশপূর্ণ গ্রন্থ)

ভিক্ষা—৩৲ তিন টাকা মাত্র।

৩। শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ও ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভু-লিখিত এবং গৌড়ীয়ে প্রকাশিত শ্রীশ্রীভক্তিবিনোদ-চরিত-প্রসঙ্গ

ভিক্ষা—৷৵০ ছয় আনা মাত্র।

৪। ছাত্রদের ভক্তিবিনোদ

(ছাত্রদের উপযোগী ভাষায় লিখিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্র ও শিক্ষা)

ভিক্ষা—৸০ বার আনা মাত্র।

ছাত্রদের পক্ষে ভিক্ষা—।০ আট আনা মাত্র)

প্রাপ্তিস্থান :—

১। 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট', পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

২। শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

অধ্যাপক সুন্দরানন্দ দাস এম্‌-এ, বি-এল্‌,

পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

আকারাদিক্রমে প্রকাশিত

১।	শ্রীমদ্ভাগবত,—দশম	৪০৲
	প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত—	২৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২।	অনুভাষ্য সহিত শ্রীচৈতন্যভাগবত (অবাধা)	৯৲
৩।	অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত	৮
৪।	গৌরার্চনা পদ্ধতি (অবাধা)	৪৲
৫।	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০	
৭।	শ্রীচৈতন্যদেব	১৲
৮।	সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা	১।০
৯।	বৈষ্ণবধর্ম	৭৲
১০।	গৌড়ীয়-কণ্ঠহার	৫৲
১১।	শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)	২৲
১২।	শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩।	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪।	সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	।০
১৫।	বৈষ্ণবসাহিত্যে বিবর্ত-তত্ত্ব	।০
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭।	চৈতন্যোপনিষৎ	।০
১৮।	বাহ্য আশ্রয়	।০
১৯।	তত্ত্ববিবেক	।০
২০।	গৌড়ীয় গৌরব	৷৵০
২১।	গৌড়ীয়গাথা	৷৵০
২২	ভজন রহস্য	।০
২৩।	শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপধাম (বাঁধা)	১৲
২৪।	গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)	২৲
২৫।	গীতা (চক্রবর্তি টীকাসহ। অবাধা)	২৲ / ১৲
২৬।	শ্রীচৈতন্যের কোমল শ্রদ্ধা কথা	
২৭।	পুরুষার্থপ্রতীকা বৎসরের ৫: সাপ্তাহিক	
২৮।	গোপাল চম্পু (সাপ্তাহিক)	।০
২৯।	প্রেমবিবর্ত তৃতীয়-সংস্করণ। (বাঁধা)	৸০
৩০।	শ্রীল বিশ্বনাথ	৵০
৩১।	সাধনপথ (তৃতীয় সংস্করণ)	৷৵০
৩২।	গোস্বামী রঘুনাথ দাস বাঁধা	।০
৩৩।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৵০
	অন্তর্ভুক্ত (নবদ্বীপ-পরিক্রমা)	৵০
৩৫।	গীতমালা	৷১০
৩৬।	নবদ্বীপধাম মাহাত্ম্য	৵০
৩৭	ঐ প্রমাণ-খণ্ড	৵০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	
৩৯।	শ্রীগোদ্রুমকল্পতরু	
৪০।	কল্যাণকল্পতরু	
৪১।	গীতাবলী	
৪২।	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	
৪৩।	সাধনকণা	
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	
৪৫।	নবদ্বীপশতক	
৪৬।	অর্চনকণ	
৪৭।	সদাচারস্মৃতিঃ	
৪৮।	কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)	৵১
৪৯।	শরণাগতি	
৫০।	বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড)	
৫১।	প্রেমভক্তিচন্দ্রিকা	।
৫২।	মণিমঞ্জরী (সাপ্তাহিক)	
৫৩।	গৌরস্মরণমঙ্গল	
৫৪।	পুরুষার্থ-বিনির্ণয়	।
৫৫।	উপদেশামৃত বা রাগানুগাবলী	
৫৬	আচারবৎ ও ভক্তিপথ	৵
৫৭।	ঈশোপনিষৎ (ভাষ্যানুবাদ)	।
৫৮।	শ্রীকৃষ্ণদেব	৵
৫৯।	শিক্ষাষ্টক	৵
৬০।	মাধ্যাবাণী	৴

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১।	শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	।
৬২	সিদ্ধান্ত সরস্বতী বিভিন্নঃ	।
৬৩।	নবীন-শিক্ষানামামৃতম্‌	।
৬৪।	তত্ত্বসূত্র	।৷
৬৫।	মায়াবাদ নিরাকরণম্	৵৷
৬৬।	গৌড়ীয়ব্রতসমাচারঃ	৴৷
৬৭।	মায়াসন্দর্ভম্	৵

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮।	রায় রামানন্দ	।৷
৬৯।	এ কিউ বার্ড স আই ভিউ	।৷
৭০।	ভাগবত	৴৷
৭১।	বেদান্ত—ইট্‌স মরফলজি অ্যাণ্ড অন্টলজি	।৷
৭২।	রিলেটিভ ওয়ার্ল্ড স	৷৵৷
৭৩।	লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু	।৷
৭৪।	ব্রহ্মসংহিতা	
৭৫।	শ্রীমাউণ্ট গৌড়ীয়মঠ টু বুকঃ	
৭৬	ঐ আবার	
৭৭।	ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনআলয়েড ডিভোশন	
৭৮।	ব্রহ্মসংহিতা	৪।৷
৭৯।	শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড)	১

হিন্দী ভাষায় প্রকাশিত

৮০।	শ্রীহরিনামচিন্তামণি	।৷
৮১।	সাধন-পথ	।৷
৮২।	কল্যাণ-কল্পতরু	৵০
৮৩।	গীতাবলী	৴০
৮৪।	শরণাগতি	৴০

আসামীয় ভাষায় প্রকাশিত

৮৫।	শরণাগতি	৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ বর্ষ | ১১ পদ্মনাভ ৪৫৪ গৌরাব্দ ১১ই আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৭, ২৭শে সেপ্টেম্বর খৃঃ ১৯৪০, শুক্রবার | ১৭৫ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ পদ্মনাভ তিথি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৫৪

যৎকিঞ্চিৎ

দিনের পর দিন, রজনীর পর রজনী, সপ্তাহের পর সপ্তাহ, মাসের পর মাস, বৎসরের পর বৎসর কালের স্রোতে ভাসিয়া চলিয়াছে। যে কাল চলিয়া যায়, তাহা আর আসে না, কেবল ভোগের অতৃপ্ত আকাঙ্ক্ষার স্মৃতিটুকু রাখিয়া যায়। সে স্মৃতি বৃথা, যাহা ভক্তাকাঙ্ক্ষী—সে নিঃশ্বাস বৃথা, যাহা কৃষ্ণসেবা-সন্ধান-রহিত। দিনের পর দিন চলিয়া যাইতেছে, কিন্তু আমরা চলিতেছি কোথায়? প্রতিমুহূর্ত অগ্রসরের সঙ্গে সঙ্গে আমাদের নির্দ্দিষ্ট পরমায়ুর প্রতিমুহূর্ত কমিতেছে। আমরা যে জগৎ ভোগ করিবার জন্য ছুটিতেছি, যে জগতে প্রবল আসক্তি থাকায় তথায় আরও বেশীদিন বাস করিবার ইচ্ছা জাগিতেছে, প্রতিমুহূর্তে আমাদের সেই জগৎ হইতে বিদায় লইবার দিন ঘনাইয়া আসিতেছে।

এমন এক গোলোকের দূত—এমন এক নিত্যপ্রভু—এমন এক কৃপাবতার জগদ্গুরুর চেতনবাণী শ্রবণ করিবার সৌভাগ্য পাইলাম, যিনি আমাকে এই মুহূর্তে, মুহূর্ত্ত বা বলি কেন, সদ্য সদ্য দেবদুর্ল্লভ ধনানিধি দান করিতে প্রস্তুত, যিনি আমাকে কৃষ্ণপাদপদ্ম-পরমধনের নিত্য অধিকারী করিতে ব্যস্ত, যোগ্যাযোগ্য-বিচার না করিয়া যিনি আমাকে অযাচিত কৃপা করিয়া এত বড় সম্পত্তি দান করিতে মুক্তহস্ত, যাঁহার জন্য বাহ্যতঃ সংসার ত্যাগ করিলাম, কায়মনোবাক্যে যাঁহার সেবা করিবার জন্য মঠে আসিলাম, তাঁহার শ্রীপাদপদ্মে ত' আমার রতিমতি হইল না! তাঁহার চেতনবাণী—মোহ নিদ্রা-বিনাশিনী বাণী কর্ণে ধারণ করিতেছি কোথায়? সেই বাণীশ্রবণে আমাদের চেতন ত' সাড়া দেয় না? সুতরাং আমরা যে নিদ্রাতে অত্যন্ত জড়াসক্ত হইয়া পড়িয়াছি তাহাতে সন্দেহ কি? এ জড়তা আর কবে দূরীভূত হইবে? জড়তা দূরীকরণের জন্য শ্রীগুরুপাদপদ্মে কাতর প্রার্থনা জানাইবার জন্য কই একটু ইচ্ছাও তো জাগে না? দিন ত' কথা বলিতে বলিতে, আকাশকুসুম চিন্তা করিতে করিতে ফুরাইয়া আসিল। বহুভাগ্যে বহু সুকৃতিফলে শ্রীগুরুপাদপদ্মের সন্ধান পাওয়া হরিভজনের সুযোগ লাভ হয়। কিন্তু সেই সুযোগের অপব্যবহার হইলে সে সুযোগ ত' আর বেশীদিন থাকে না। গুরুসেবায় যাঁহাদের চিৎসামর্থ্য বিগত হইয়াছে, গুরুপাদপদ্মে যাঁহাদের প্রতিমুহূর্তে বাড়াবাড়ি বা অভিনিবেশ উৎসাহ বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে, তাঁহারাই নিত্যজীবনের অধিকারী হইতেছেন, তাঁহাদের মৃত্যু বলিয়া কোন কথা নাই ও তাঁহাদের দিনেরও ক্ষয় নাই। তাঁহারা সময়কে পরমার্থ বলিয়া জানেন। জানিনা কবে তাঁহাদের পদাঙ্কানুসরণের সৌভাগ্য হইবে?

জগতের ইন্দ্রিয়তর্পণ অনর্থময়; তাহা আপাতমনোরম ও আপাতসুখকর হইলেও পরিণামে অনেক দুঃখাবহ ও চেতনতা-অপহারক। কিন্তু হরিগুরুবৈষ্ণবের সুখবিধান—অক্ষয়, অব্যয় ও অমৃত। প্রতিমুহূর্তে প্রতি কার্য্যে আমাদের সম্বন্ধজ্ঞান দরকার। আর তাহার উৎসই সদ্গুরু বিচার। যিনি আমাদের ভবসাগর পার করিতে আসিয়াছেন, যিনি আমাদের একমাত্র অকৃত্রিম হিতাকাঙ্ক্ষী, সেই নিত্য প্রভুর সঙ্গে থাকিতে হইলে দীন, অকিঞ্চন ও কাঙ্গাল হইতে হইবে। কই সে দীনতা লাভ ত' আমার হইল না? তাঁহার শ্রীপাদপদ্মকেই একমাত্র গতি না জানিলে বা অন্যাভিলাষশূন্য হইয়া দীন না হইলে তিনি কিছুতেই আমাদিগকে সঙ্গে লইবেন না।

অনন্তকালের তুলনায় আমাদের জীবনের সময় আর কতটুকু? আমাদের কোন্ সময়ে মৃত্যু ঘটিবে, তাহারও নিশ্চয়তা নাই। সুতরাং এই মুহূর্তে আমাদের শ্রীগুরুপাদপদ্মে ঐকান্তিকী রতি বা প্রীতি হওয়া দরকার। নতুবা এ জগতের কোন একটী বস্তুতে প্রীতি থাকিবাই থাকিবে। তাঁহার কৃপা হইলে সংসার-বাসনা মুহূর্ত-মধ্যে ধ্বংসপ্রাপ্ত হয়। তাঁহার কৃপা না পাওয়া পর্য্যন্ত এ জগতের প্রত্যেক বস্তু আমাকে তাঁহার স্বরূপ না দেখাইয়া বহিরাবরণ দেখাইয়া বঞ্চিত করিবে।

হরিকীর্ত্তনকারী গুরুগণ কালের বিক্রমকে খর্ব্ব করিয়া নিখিল কালকে হরিসেবায় নিযুক্ত করেন। যে কালের বিক্রম আব্রহ্মস্তম্ব সর্ব্বত্র বিরাজমান, সেই কালের বিক্রম শ্রীভগবানের রাজ্যে ও গুরুগণের নিকটে নাই। সেইজন্য তাঁহাদের অনুসরণে আমাদেরও প্রতিমুহূর্তে হরিভজন করিয়া জগৎ হইতে বিদায় লইবার জন্য প্রস্তুত হওয়া দরকার।

আমাদের চিত্ত এত ভোগপ্রবণ, এতই আসক্ত যে হরিসেবার কালকে ভোগের কাল বলিয়া মনে করি। আমাদের দুর্ল্লভ মানবজীবন ত' গগনের রবি নহে যে, আজ অস্ত গেল, কাল আবার দেখা দিবে। যে জীবন বা যে সময় চলিয়া গেল, তাহা আর ফিরিয়া পাওয়া যাইবে না—যে অমূল্যনিধি হারাইলাম, তাহা আর শত ক্রন্দন করিয়াও ত' পাইব না। অসংযমের দরুণ আত্মবিস্মৃতিই হরিভজন না করিবার কারণ নয় কি? আত্মস্মৃতি প্রবল হইলে আমরা দেহ ও দেহের স্মৃতি ভুলিয়া যাইতাম। যাহা আমাদের নয়, তাহাকে আমাদের মনে করায় আমাদের যত অসুবিধা। এই কারণেই [illegible] একটী জগৎ সৃষ্ট হইয়াছে। [illegible] বস্তুর সংযোগ ও বিয়োগ [illegible] অথবা দুঃখের ভাগী হই। ইহাই অজ্ঞানের বিজ্ঞের অবস্থা। কিন্তু আমরা যদি নিজেকে নিত্যকৃষ্ণদাস বলিয়া জানিতে পারি, তাহা হইলে আর কোন দুঃখই থাকে না। সেইজন্য শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বলিয়াছেন—

জীব কৃষ্ণদাস — এ বিশ্বাস করলে ত' আর দুঃখ নাই।

মন চঞ্চল। চঞ্চলতাই চেতনের ধর্ম। জিহ্বাদি মন আত্মা যে অনুক্ষণ পরমাত্মার সেবানন্দের জন্য চিরব্যাকুল তাহাই সতত প্রকাশ করিতেছে। কিন্তু আত্মা এখন নিদ্রিত থাকায় ইন্দ্রিয়গণ কৃষ্ণবিমুখতার দিকে ধাবমান। শ্রীকৃষ্ণই হৃষীকেশ—ইন্দ্রিয়াধিপতি। তাঁহার সেবা করাই ইন্দ্রিয়ের কাজ।

শ্রীগুরুবৈষ্ণবমুখে বীর্য্যবতী হরিকথা শ্রবণকালেই আমাদের আত্মার সুপ্তা বৃত্তি জাগ্রত হয়। নিদ্রিত ব্যক্তিকে জাগ্রত করিতে হইলে শব্দ ব্যতীত উপায় নাই। বৈকুণ্ঠশব্দের ধ্বনি যখন কর্ণদ্বারে প্রবেশ করিয়া চেতন স্পর্শ করে, তখনই চেতনধর্ম্মে আত্মা জাগ্রত হয়। সেইজন্য হরি-সেবানন্দের একমাত্র উপায় সর্ব্বক্ষণ শ্রীগুরু বৈষ্ণবমুখে বৈকুণ্ঠবাণী শ্রবণ। শ্রবণেই সিদ্ধিলাভ হয়। কায়ের দ্বারা যেমন সর্ব্বক্ষণ সেবা করা দরকার, সেইরূপ কর্ণের দ্বারাও সর্ব্বক্ষণ হরিকথা-শ্রবণরূপ সেবা ও সাধুসঙ্গ করা দরকার। নতুবা বঞ্চিত হ'তে হইবে।

শ্রীল সুন্দরানন্দ প্রভুর বক্তৃতা

(২)

যাঁ'রা গৌরসুন্দরের কথা শুনে নাই, তা'রাই ব'লছে—'কিরূপে আত্মবাদি শুনছে।' গুরু যখন শিষ্যকে একান্তভাবে উপদেশ দিচ্ছেন, তখন কিরূপ পাষণ্ডতাই (!) না তাঁ'র করতে হ'চ্ছে। 'আচার্য্যং মাং বিজানীয়াৎ' শ্লোকের ব্যাখ্যাকালে আচার্য্য কি ক'রবেন? আচার্য্যকে কখনও অবমাননা ক'রবে না, তোমার সঙ্গে আচার্য্য সমান—একথা কখনও মনে ক'রবে না।'—কৃষ্ণের এই সকল বাণী—যা'তে জীব মঙ্গল লাভ ক'রবে, সেই সকল কথা ব্যাখ্যা ক'রবার আসন থেকে তিনি কি পালিয়ে যাবেন? তাঁ'কে যে অধিকার তাঁ'র আরাধ্যদেব দিয়েছেন—যদি তিনি তা' পালন না করেন, তা' হ'লে 'ভগবৎ-আজ্ঞাপালন-কার্য্যে তাঁ'র পতন অবশ্যম্ভাবী—কৃষ্ণ তখন আমায় দিকে ফেলো যাবো' ব'লে যান। যখন গুরু শিষ্যকে মন্ত্র প্রদান ক'রছেন, তখন কি তিনি ব'লে দিবেন না—এই মন্ত্রের অপব্যবহার ক'রো না, ব'লে দিলেন,—গুরুকে মর্ত্ত্যবুদ্ধি ক'রো না—মা ক'র্ত্তব্য দিয়ে দেবে?' 'গুরুকে কখনও অবজ্ঞা ক'রতে হ'বে না, গুরু—সর্ব্বদেবময়'—এই সকল কথা—ভাগবত পড়া'র সময়ে কি গুরুদেব শিষ্যকে ব'লে দেবেন না? 'যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ'—শ্রীকৃষ্ণে যেমন পরা ভক্তি, গুরুদেবে যাঁ'র তদ্রূপ নিষ্কপট পরা ভক্তি বিদ্যমান, তাঁ'র নিকটই গূঢ় বিষয়সমূহ প্রকাশিত হয়,—এ কথা কি গুরুদেব শিষ্যকে ব'লবেন না? আদৌ 'গুরুপূজা' সম্বন্ধে গুরুপূজা—কৃষ্ণের ন্যায় গুরুকে ভক্তি ক'রবে—এই রূপে গুরুর উপাসনা ক'রতে হয়,—এ সকল কথা কি গুরুদেব শিষ্যকে ব'লে না দিয়ে পালিয়ে যাবেন?

বৈষ্ণবগুরুর আজ্ঞা পালন ক'রতে যদি আমাকে 'নাস্তিক' হ'তে হয়, পশু হ'তে হয়—অন্ধকার নরকে যেতে হয়—আমি অনন্তকালের জন্য contract ক'রে সেরূপ নরকে যেতে চাই। আমি গুরুর আজ্ঞা ছেড়ে অন্য হিংসা-পরায়ণ লোকের কথা শুনবো না। জগতের অন্যান্য সমস্ত লোকের চিন্তাস্রোতঃ গুরুপাদপদ্মের বল মূলোৎপাটিত ক'রে বিদূরিত ক'রব—আমি অনন্ত নাস্তিক।"

এই সকল বলবার সময় পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদের শ্রীমুখমণ্ডল অপূর্ব্ব আনন্দ তেজস্বিতায় রঞ্জিত হ'য়েছিল। শ্রীহরি-গুরুবৈষ্ণবের সেবাবিরুদ্ধ যা' কোন কথা শ্রীল প্রভুপাদের কর্ণে প্রবেশ করা মাত্র তাঁহার যেরূপ সেবানুকূল ক্রোধোদ্রেক হ'ত, তা' আমরা বহু সময় লক্ষ্য ক'রেছি। শ্রীগুরুদেব বা আচার্য্যদেবের গুণাগুণের কোন লোকের কথার সঙ্গে মিশ্‌বে না। জগতের লোক বলতে পারেন যে, তাঁ'রা ত' নিজ নিজ গুরু বা গুরুদেবের সেবা ক'রে থাকেন। সহজিয়া বা স্মার্ত্তগণের মধ্যেও কি গুরুপূজার ঘটা কম র'য়েছে? তবে আপনাদের গুরুপূজার বৈশিষ্ট্য কি? কিন্তু লঘুকে গুরু মনে করা এবং গুরুকে লঘু সম্মানে দেখা—উভয়ই পাষণ্ডতা। গুরুপূজার নামে যেন আমরা লঘুপূজায় প্রমত্ত না হই। মিছা ভক্ত-সম্প্রদায় বা কর্ম্মিসম্প্রদায়ে এইরূপ একটী কথা প্রচলিত আছে,—'যা'র যা'র গুরু তা'র তা'র কাছে বড়।' তাঁ'রা বলেন—'তুমি তোমার মত, পথ বা গুরুকে বড় বল, আমিও আমার ধর্ম ও গুরুকে বড় বলি।' এ'তে ঔদার্য্য কোথায়? একজনকেই যে গুরু বা আচার্য্য ব'লে স্বীকার ক'রতে হ'বে—এর বাধ্যবাধকতা কি আছে?' আমরা বলি—এটা হ'তে পারে না। কারণ, গুরুদেব—'সাক্ষাদ্ধরি' হইয়া প্রাকৃত মনুষ্য নহেন। লোকের বাণী—ঈশ্বরের কল্যাণে গুরু বড় হ'লেন! আমরা বলি—বলিষ্ঠ'র পদদ্বয়ের ধাক্‌-কথার বস্তু বা ব্যক্তি গুরু নহে।

নিত্যলীলাপ্রবিষ্ট শ্রীশ্রীল প্রভুপাদ জগতের কাহারও অপেক্ষা করতেন না। তিনি গণমজ্জলিকার নিন্দা-বন্দনার আদর বা অনাদরের কোন অপেক্ষা রাখতেন না। আমাদের পরমপূজনীয় শ্রীশ্রীল আচার্য্যদেবের চরিত্র ও বাক্যও ঠিক তদ্রূপ। তিনি সম্পূর্ণ নিরপেক্ষ। তিনি সত্যে সুপ্রতিষ্ঠিত এবং সত্যের 'নির্ভীক-বক্তা'। তাঁ'র অপ্রাকৃত চরিত্র বজ্রাদপি কঠোর এবং কুসুমাদপি কোমল। আমরা আত্মপ্রতিষ্ঠাকামী বলিয়া নির্ভীকভাবে পরমসত্যের কথা বলতে পারি না।

আতপাড়ী কর্ত্তাভজা ও বাবাবিসম্প্রদায়ে শ্রীগুরুদেবকে শ্রীকৃষ্ণের আসনে ব'সিয়ে পূজার ছলনা দেখা যায়। শ্রীকৃষ্ণ—'বিষয়জাতীয় ভগবান্'; আর শ্রীগুরুদেব—'আশ্রয়জাতীয় ভগবান্'। শ্রীগুরুদেব—'শক্তিতত্ত্ব'; শ্রীগুরুদেব—'শক্তিমত্তত্ত্ব' বা 'বিষয়-বিগ্রহ' নহেন। শ্রীগুরুদেবকে 'বিষয়-বিগ্রহ' করা—বাউলের মত। শ্রীগুরুদেব বা শক্তিবর্গের চরণে তুলসী প্রদান করা—ভয়ানক পাষণ্ডতা। শক্তিতত্ত্ব বা গুরুবর্গ একে অন্যকে প্রণাম করতে পারেন, কিন্তু, শিষ্য হ'য়ে আমরা জোর ক'রে একজনকে অন্যের চরণে প্রণত করা'তে পারি না। 'গুরুর্ব্রহ্মা, গুরুর্বিষ্ণুঃ, গুরুর্দেবো মহেশ্বরঃ'—ইহা নির্ব্বিশেষবাদীর মত। ভক্তগণ শ্রীগুরুদেবকে শ্রীকৃষ্ণের শক্তি বা প্রকাশ বিগ্রহরূপেই পূজা করেন।

সাধারণ লোক ব'লতে পারেন,—আমাদের অত বিচারের মধ্যে যে'য়ে কাজ নেই। আমাদের কোনও একটাতে নিষ্ঠা থা'কলেই হ'ল। কিন্তু শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু আমাদিগকে সাবধান ক'রে দিয়েছেন,—

"সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস।
ইহা হৈতে কৃষ্ণে লাগে সুদৃঢ় মানস॥"

সৎসিদ্ধান্ত-গ্রহণে অলস ক'রলে হ'বে না। নিজের স্বার্থ—নিজের ভাল-মন্দের বেলায় আমাদের বেশ টনটনে জ্ঞান আছে; কিন্তু তত্ত্বাতত্ত্ব বিচারের বেলায় আমাদের যত আলস্য, নিদ্রালস ও ভয়-ভাবনা।

আজকার দিনে আমরা যাঁ'র পূজা ক'রবার জন্য সমবেত হ'য়েছি, সেই মহাপুরুষকে বাহ্যতঃ দে'খতে গেলে আমরা অতি কঠোরপ্রকৃতির লোক মনে ক'রব। তাঁ'র আচারনিষ্ঠা ও চরিত্রের বৈশিষ্ট্য পরমহংস শ্রীল গৌরকিশোরদাস বাবাজী মহারাজের শ্রীপাদপদ্মের কথা স্মরণ করিয়ে দেয়। অবধূতচূড়ামণি সিদ্ধ শ্রীল বাবাজী মহারাজের যে প্রকার নিরপেক্ষতা, কৃষ্ণভজনময় অপ্রাকৃত বৈরাগ্য ও কৃষ্ণের জন্য তীব্র বিরহ দৃষ্ট হ'ত, এই মহাভাগবতবরের কৃষ্ণভজনময় আদর্শে তাহার স্ফূর্ত্তি অনুক্ষণ দেদীপ্যমান র'য়েছে। কোন সময় * * মহারাজ * * শ্রীল গৌরকিশোর প্রভুর সহিত দেখা করবার জন্য গিয়াছিলেন এবং তাঁ'কে বৈষ্ণব (?)-দক্ষিণাটি দিয়ে যা'বার জন্য খুবই আগ্রহ দেখিয়েছিলেন; কিন্তু শ্রীল বাবাজী মহারাজ ব'লে পাঠা'লেন যে মহারাজ যদি তাঁ'র সকল বিষয়-সম্পত্তির ভার কর্ম্ম-চারীদের উপর ছে'ড়ে দিয়ে কৌপীন গ্রহণ ক'রে শ্রীগৌরসুন্দরের ভজন করবার জন্য আসেন, তবে তিনি তাঁ'র সহিত দেখা করবেন। শ্রীল বাবাজী মহারাজ যখন অবধূতবেশে নবদ্বীপমণ্ডলে বাস ক'রছিলেন, তখন পুলিশ-বিভাগের একজন উচ্চ কর্ম্মচারী শ্রীল বাবাজী মহারাজের দর্শনার্থী হ'য়ে আসেন। তিনি অপর এক ব্যক্তিকে বাবাজী মহারাজের নিকট পাঠিয়ে দিলেন। বাবাজী মহারাজ কিছুতেই ঐ উচ্চ সম্মানিত ব্যক্তিকেও দেখা দিলেন না। ঐ দর্শনার্থী ব্যক্তি মনে ক'রেছিলেন, তিনি যখন এত উচ্চ পদস্থ ব্যক্তি, শ্রীল বাবাজী মহারাজ নিশ্চয়ই তাঁ'কে দেখা দে'বার জন্য ব্যগ্র হ'বেন। কিন্তু শ্রীল বাবাজী মহারাজের ঐরূপ নিরপেক্ষতা দর্শন ক'রে তিনি নিজের বোকামি বুঝতে পে'রেছিলেন।

বাইরের দিকের ব্যবহার দেখতে গেলে এ সকল মহাজনকে খুব অভদ্র ও রূঢ় ব'লে মনে হয়। কিন্তু তাঁ'রা অত্যন্ত পরদুঃখ-দুঃখী—তাঁ'দের হৃদয় অতি কোমল। তাঁ'রা নিষ্কপট, অন্যাভিলাষরহিত সেবককে কোলে তু'লে নেন।

শ্রীল প্রভুপাদ বলতেন,—"বৈষ্ণবকে চোখ দিয়ে দেখতে হয় না। তাঁ'কে কাণ দিয়ে দেখতে হয়। বাণীর দ্বারাই বৈষ্ণবের দর্শন পাওয়া যায়। দিব্যজ্ঞান-দ্বারাই অপ্রাকৃত গুরুবৈষ্ণবের দর্শন হয়।"

আজ পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আশীর্ব্বাদে "শ্রীশ্রীমদ্ আচার্য্য-সংলাপ" গ্রন্থের আবির্ভাব দর্শন ক'রছি। শ্রীল আচার্য্যদেবের প্রকটকালে বক্তৃতা-লীলায় থাকলেও আমরা গ্রন্থ-মধ্য দিয়ে তাঁ'র দর্শন পা'ব। আমরা নিজের বিদ্যা, বুদ্ধি

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম॥

বা আবাবিকৃতার দ্বারা মহাপুরুষকে বেঁধে বা বুঝে নেবে—এরূপ দাম্ভিকতা পোষণ না ক'রে মহাপুরুষদের সহিত সমচিত্ত-বৃত্তি-বিশিষ্ট যাঁ'রা তাঁদের কাছ থেকে মহাপুরুষের কথা বুঝে নেবার যত্ন করুন।

গুরুবর্গ বা মহাজনগণ কিরূপ নিরপেক্ষ ও লোকোত্তর আচরণশীল, তা' আমরা শ্রীল প্রভুপাদের একটী আচরণের দ্বারা কতকটা উপলব্ধি ক'রেছিলাম। কয়েক বৎসর পূর্ব্বেকার কথা, তখন ১নং উল্টাডিঙ্গি জংসন রোডে শ্রীগৌড়ীয়মঠ অবস্থিত। শ্রীল প্রভুপাদ 'গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্'এ গিয়েছিলেন। আমরাও কএকজন তথায় ছিলাম। এমন সময় শিক্ষাবিভাগের কোনও উচ্চপদস্থ কর্ম্মচারী প্রভুপাদের দর্শনলাভ ক'রতে ও তাঁ'র সহিত কথাবার্ত্তা ব'লতে এসেছিলেন। উক্ত রাজকর্ম্মচারী শ্রীল প্রভুপাদকে বল্লেন যে, তিনি বহুদিন 'ভক্তিভবনে' গিয়ে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের নিকট গীতা অধ্যয়ন ক'রেছেন। তাঁ'র মনের ভাব এই ছিল যে, তিনি যেন কতই শ্রীল ঠাকুরের অন্তরঙ্গ, যেন তাঁ'র হৃদগতভাব কতই অবগত আছেন। শ্রীল প্রভুপাদ তাঁ'র কথার তীব্রভাবায় প্রতিবাদ ক'রে ব'লেছিলেন,—"আপনি কখনও ঠাকুর ভক্তিবিনোদকে দেখেন নাই—তাঁ'র নিকট গীতাপাঠ ত' দূরের কথা।" শ্রীল প্রভুপাদের এরূপ কথা শু'নে ঐ উচ্চপদস্থ ব্যক্তি অত্যন্ত ক্ষুব্ধ ও বিরক্ত হ'য়ে স্থান ত্যাগ কর্‌তে বাধ্য হ'য়েছিলেন। প্রভুপাদ ঐ ব্যক্তির প্রতি এইরূপ কঠোরভাব প্রদর্শন ক'রে ঠাকুর ভক্তিবিনোদের প্রতি প্রাকৃতবুদ্ধিকারীর প্রতি কোন শিষ্টাচার প্রদর্শন করেন নাই। শ্রীল প্রভুপাদকে অন্য সময় আমরা জিজ্ঞাসা ক'রেছিলাম—'এমন একটি সম্মানিত ব্যক্তি ও ভদ্রের চেহারাওয়ালা ব্যক্তির প্রতি হঠাৎ এরূপ বিরক্তি ভাব কেন দেখা গেল?' শ্রীল প্রভুপাদ বল্লেন,—'ভগবানের ভজন কর্‌বার ছলনায় ঐ ব্যক্তির হৃদয় অন্যাভিলাষে ভরপূর হ'য়েছে। তিনি মায়ার সহিত ভক্তির সমন্বয়কারী।' বাহিরের হাবভাবে তাঁ'র বৈষ্ণবতার কোন অভাব ছিল না। জগতের লোক হয় ত' তাঁ'কে বৈষ্ণবরূপেও সম্মান করবে। কিন্তু ঐ ব্যক্তির স্বরূপ মহাপুরুষ ব্যতীত কে ধ'রে দেবে? আমাদের তা'র কোথায় গলদ র'য়েছে, গুরুদেব বা আচার্য্যদেব চক্ষে অঙ্গুলি দিয়ে তা' দেখান।

শ্রীল তীর্থ মহারাজের হরিকথার মর্ম্ম

(বোম্বে ৩০।৮।৫০ প্রাতঃকাল)

একটী শ্রৌতপন্থা ও আর একটী তর্কপন্থা। এ জগতের জ্ঞানের উপর নির্ভর করিয়া যে প্রাকৃত অতীত বস্তুলাভের চেষ্টা, তাহা অশ্রৌত বা তর্কপন্থা। উহা শ্রৌতপন্থার বিরোধী। সুতরাং শাস্ত্র তাহা নিষেধ করিয়াছেন। আমরা শ্রবণ করিবার জন্যই মঠে আসিয়াছি। এখন প্রশ্ন উঠবে—তুমি কি শুনিয়াছ? প্রত্যেক মঠবাসীর সর্ব্বাগ্রে কর্ত্তব্য শ্রীগুরুদেবের নিকট শ্রৌতবাণী শ্রবণ ও কীর্ত্তন—ইহাই একমাত্র ভজন। ইহার ফলে আপনা হইতেই স্মরণ হইবে, নচেৎ কৃত্রিমভাবে ধ্যান বা স্মরণ করা অতীব অন্যায়, তৎফলে পতন অবশ্যম্ভাবী। প্রথমতঃ শ্রবণ, পরে কীর্ত্তন ও তৎপরে স্মরণ।

শ্রবণ—সম্বন্ধ, কীর্ত্তন—অভিধেয় ও স্মরণ—প্রয়োজন। ভক্তিসিদ্ধান্তই শ্রীমূর্ত্তি ধারণ করিয়া আসিয়াছেন আমার গুরুরূপে। সেই ভক্তিসিদ্ধান্ত আমি কতটুকু গ্রহণ করিলাম? খাইতে বসিয়া যেমন নিজের পেট কতটা ভরিল লক্ষ্য করা দরকার, সেইরূপ শয়নে, স্বপনে, গমনে, ভোজনে শ্রীভক্তিসিদ্ধান্তবাণী বা শ্রৌতবাণী বা শ্রীগুরুবাণী কতটা গ্রহণ করিলাম, তাহা দেখা প্রয়োজন। উহার সঙ্গে সঙ্গে ভক্তি, পরেশানুভূতি ও অন্যত্র বিরক্তি হইতে থাকিবে ইহাই ভক্তিরাজ্যের মাপকাঠি। যেমন খাওয়ার মাপকাঠি—তুষ্টি, পুষ্টি ও ক্ষুন্নিবৃত্তি। সুতরাং বিরক্তিরূপ অর্থাৎ যুক্তবৈরাগ্যে আত্মার তুষ্টি, পরেশানুভূতিতে আত্মার পুষ্টি এবং ভক্তির বাস্তবে আত্মার ক্ষুন্নিবৃত্তি। পরেশানুভূতি দ্বারা নাম, ধাম, কাম, রস, জীব, মায়া, কৃষ্ণ, সাধন ও সাধ্য প্রভৃতি তত্ত্ব স্ফূর্ত্তিলাভ করে।

বদন্তি তৎ তত্ত্ববিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়ম্।
ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে॥
(ভাঃ ১।২।১১)

শ্রীচৈতন্যচরিতামৃতের ১ম শ্লোকে শ্রীগুরুতত্ত্ব, ২য় শ্লোকে শ্রীগৌর-নিত্যানন্দতত্ত্ব এবং ৩য় শ্লোকে ব্রহ্ম, পরমাত্মা ও ভগবত্তত্ত্বের কথা বলা হইয়াছে। ব্রহ্মতত্ত্ব যিনি জানেন তিনি ব্রাহ্মণ, পরমাত্মতত্ত্ব যিনি জানেন তিনি যোগী এবং ভগবত্তত্ত্বে যিনি অভিজ্ঞ, তিনি ভক্ত। যেমন ভগবানের মধ্যে ব্রহ্মতত্ত্ব ও পরমাত্মতত্ত্ব অন্তর্ভুক্ত আছে, সেইরূপ ভক্ত বা বৈষ্ণবের মধ্যে ব্রাহ্মণত্ব ও যোগিত্ব অন্তর্ভুক্ত। কারণোদকশায়ী, গর্ভোদশায়ী ও ক্ষীরোদশায়ী—এই পুরুষাবতারত্রয়কে যিনি অবগত আছেন, তিনি যুক্ত; তাঁহার মুখে শ্রীনাম স্ফূর্ত্তিলাভ করে। অতএব পরেশানুভূতিতে আত্মার পুষ্টি। নাম বিনা কোন পথ নাই। "নাম বিনা কিছু নাহিক আর চৌদ্দ ভুবনমাঝে।" নামই কৃষ্ণ এবং কৃষ্ণ—স্বরূপ, তদ্রূপবৈভব, জীব ও মায়া এই চারিভাগে বিভক্ত। যেমন সূর্য্য, তাঁহার মণ্ডল, রশ্মি ও ছায়া। অতএব যে মুহূর্ত্তে ভক্তিসিদ্ধান্ত ভুল হইবে অর্থাৎ ভক্তিসিদ্ধান্তবিচার না করিব, তন্মুহূর্ত্তেই মায়া আমাদিগকে আক্রমণ করিবে।

অবিস্মৃতিঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ ক্ষিণোত্য-
ভদ্রাণি চ শং তনোতি।
সত্ত্বস্য শুদ্ধিং পরমাত্মভক্তিং জ্ঞানঞ্চ বিজ্ঞান
বিরাগযুক্তম্॥

সেবোন্মুখ জিহ্বায় শ্রীরাধাকৃষ্ণের লীলা স্বতঃই স্ফূর্ত্তিপ্রাপ্ত হয়। ফুলের মধ্যে মধু হইলেই ভ্রমর আপনা হইতে আসিয়া থাকে। এইজন্য শ্রীরূপগোস্বামী প্রভু প্রেমভক্তির ক্রমপন্থা নির্দ্দেশ করিয়াছেন—"আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ ভজনক্রিয়া। ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাৎ ততো নিষ্ঠা রুচিস্ততঃ॥" ইহা লঙ্ঘন করিলে কেহ প্রেমভক্তিরাজ্যে প্রবেশ করিতে পারে না। কৃত্রিমভাবে স্মরণভজন হয় না। সর্ব্বদা অকপট দৈন্য, আর্ত্তি, প্রার্থনা থাকা চাই। ভক্তিরাজ্যে প্রবেশ করিতে হইলে প্রথমতঃ সম্বন্ধজ্ঞানদাতা দীক্ষাগুরু ও ভজনশিক্ষা-দাতা শিক্ষাগুরুবর্গকে শ্রীকৃষ্ণ-চৈতন্য মহাপ্রভুর অভিন্নবিগ্রহজ্ঞানে দৈন্য, আর্ত্তি ও ক্রন্দনের সহিত ভজনরাজ্যে অগ্রসর হওয়ার জন্য প্রার্থনা করিতে হয়। যথা—

রূপ-সনাতন-পদে দন্তে তৃণ করি'।
বিনোদ-সেবক পড়ে দুই পদ ধরি'॥
কাঁদিয়া কাঁদিয়া বলে আমি ত' অধম।
শিখায়ে শরণাগতি করহে উত্তম॥
(শরণাগতি)

রূপ-রঘুনাথপদে হইবে আকূতি।
কবে হাম্ বুঝব সে যুগল-পীরিতি॥
রূপ-রঘুনাথপদে রহু মোর আশ।
প্রার্থনা করয়ে সদা নরোত্তমদাস॥

সম্বন্ধজ্ঞান না হইলে অভিধেয় যাজন হইতে পারে না। সম্বন্ধজ্ঞানবিহীন হইয়া যে ক্রিয়া, তাহা ব্যভিচার বা অভক্তি অর্থাৎ জ্ঞান-কর্ম্ম অন্যাভিলাষাদি অন্তর্ভুক্তিপুরাণাদি পঞ্চরাত্রবিধিং বিনা।
ঐকান্তিকী হরেভক্তিরুৎপাতায়ৈব কল্পতে॥

অতএব প্রত্যেক মঠবাসী ২৪ ঘণ্টার মধ্যে ২৪ ঘণ্টা সম্বন্ধজ্ঞান ঠিক রাখিয়া যদি অভিধেয় যাজন করেন, তবে তাঁহার মঠবাস সার্থক, নচেৎ নরকে চলিয়া যাইতে হইবে।

"সম্বন্ধ জানিয়া, ভজিতে ভজিতে,
অভিমান হবে দূর।"

এরূপ জানা গিয়াছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বাঙ্গালা দেশের ইতিহাস রচনার কার্য্য দ্রুতগতিতে চলিতেছে। শ্রীযুক্ত রমেশ চন্দ্র মজুমদারের সম্পাদনায় উক্ত ইতিহাসের প্রথম খণ্ড বাঙ্গালার হিন্দু আমলের ইতিহাস এবং দ্বিতীয় খণ্ড স্যর যদুনাথ সরকারের সম্পাদনায় মুসলিম রাজত্ব। প্রথমভাগ মুদ্রণের জন্য প্রস্তুত হইয়াছে। তৃতীয় খণ্ড যাহা পলাশীর যুদ্ধ পর্য্যন্ত থাকিবে, শ্রীযুক্ত সরকার সম্পাদনের ভার দিয়াছেন। স্যার পি সি রায় ও বাঙ্গালা গভর্ণমেণ্ট উক্ত কার্য্যের জন্য যথাক্রমে ২০০০্ দান করিয়াছেন।

বার্লিনে বৃটিশ-বিমানের হানা

বিমান-বিভাগের খবরে প্রকাশ, বৃটিশ বিমানবহর গত ২৮শে সেপ্টেম্বর রাত্রিকালে প্রায় সাড়ে চার ঘণ্টা কাল ধরিয়া বার্লিনের উপর আক্রমণ চালাইয়াছে। [illegible] [illegible] হইয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৬৷০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—উৎকলীয় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—শ্রীপ্রাণনাথ বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সংকলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় গৌরবিহিত অপ্রাকৃত বৈষ্ণবগোষ্ঠীর মুকুটমণি পরমারাধ্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বহু দেশ তথা বঙ্গের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সজ্জনবৃন্দ যে সমস্ত প্রশ্ন করিয়াছিলেন, তাঁহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীস্বরূপ-রূপানুগবর্গসিদ্ধান্তগণে ও তদনুকূল সদাচারগণে অপ্রাকৃত গৌরকৃষ্ণ'স্বরূপ আচার্য্যবর্গের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই উপাদেয়নীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের অভিনব বিরাট সংস্করণ অধ্যায়, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ, প্রতিপাদ্য বিষয়নির্দ্দেশ, অধ্যায়বিবরণ, স্থানসূচী প্রভৃতি সহ সম্প্রতি গৌড়ীয়মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছে।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা, বিষয়ের আলেখ্য, ভূমিকা ও সূচীসহ অপূর্ব্ব সজ্জায় নব সংস্করণে গৌড়ীয়-মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৴০ আনা মাত্র

প্রাপ্তিস্থান:—

শ্রীনন্দকিশোর অধিকারী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুশান্তিরঞ্জন দাস এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালা অক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্, —প্রথম ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত- ৪৮৲
দশম স্কন্ধ—
২। অনুভাষ্য বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৵০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ১৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরুদ্ধ মত ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৬।
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। [illegible] ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵
২১। গৌড়ীয়গীতিকা ।৵০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ১
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ১
অবাঁধা) ১
২৬। গীতার কেবল বাঙ্গলা ভাষা ।
২৭। প্রাকৃতরসশতদূষণী (সানুবাদ) ১৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীন-হীন-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ॥০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ৫ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ০
৩৯। শ্রীগোদ্রুম কল্পতরু ।০
৪০। শরণাগতি
৪১। গীতাবলী
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ॥০
৪৩। সাধনকণ্ঠ ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। [illegible] ৶
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয়
৫৫। [illegible] বা [illegible] ০
৫৬ [illegible] ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২ সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ।০
৬৩। সটীক-[illegible] ।০
৬৪। [illegible] ।০
৬৫। সাত্বত সিদ্ধান্ত ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। মায়াবাদখণ্ডন ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টোলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্লডস ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। [illegible] ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনআলয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ৩।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক

৫ম বর্ষ | ১৫ পদ্মনাভ ৪৮৪ গৌরাব্দ ১৫ই আশ্বিন বঙ্গাব্দ ১৩৭৭, ১লা অক্টোবর ইং ১৯৭০, মঙ্গলবার } ১৭৮ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৫ পদ্মনাভ ভানু প্রহর গৌরাব্দ ৪৮৪

অভয়ই ভক্তির ফল

শ্রীনিত্যানন্দ শ্রীগৌরসুন্দরের প্রকাশ-বিগ্রহ। শ্রীনিত্যানন্দেরই শ্রীগৌরাঙ্গ। শ্রীগুরুনিত্যানন্দের আরাধ্য যে গৌরসুন্দর, তাহাই শিষ্য-জীবের নিত্যসেবা। শিষ্য সর্বদা শ্রীগুরুপাদপদ্মকে শ্রীনিত্যানন্দস্বরূপে দর্শন করেন। শ্রীগুরুদেব প্রভু বস্তু। শিষ্য নিজেকে শ্রীগুরুপাদপদ্মের নগণ্য পদধূলি বলিয়া জানেন। শিষ্য গুরুসঙ্গ ব্যতীত কখনও লঘুর সঙ্গ করেন না। যেখানে গুরুসঙ্গ সেখানে নাই, সেখানে পদার্থের পূর্ণতা ও শুদ্ধতা নাই। গুরুসঙ্গী কখনও জনসঙ্গী নহেন। শিষ্য—গুরুজন। 'জন' অর্থে দাস। গুরুজন—গুরুর দাস। আদর বা প্রীতির সহিত সঙ্গ গমন অর্থাৎ কৃষ্ণানুসন্ধানই সঙ্গ। যে 'ভজিবী' অন্তরে প্রবেশ। কৃষ্ণবহির্ম্মুখ ব্যক্তিই জন, তাহা স্ত্রী ও পুরুষ যে আকারেই হউক। সাধুসঙ্গী শিষ্য কখনও জনসঙ্গ করেন না। যেখানে ভোগদর্শন, সেখানেই জনসঙ্গ। সেবকাভিমানে সেবাদর্শন যেখানে, সেখানে জনসঙ্গ বা অসৎসঙ্গের কোন কথা নাই। সেখানে সব কৃষ্ণের—এরূপ উপলব্ধি। এই সেবাদর্শনই চেতনদর্শন। ভোগদর্শন—জড়দর্শন। সেবাদর্শন ব্যতীত ভোগদর্শন বা জড়দর্শনের হাত হইতে কৃত্রিমভাবে রক্ষা পাওয়া যায় না। মনের সঙ্গও জনসঙ্গ। যেখানে জড়দর্শন, সেইখানেই ভয়। চেতনদর্শনে ভীতির কোন কথা নাই। যেখানে ভীতি, সেইখানেই কৃষ্ণবিস্মৃতি। ভক্তের ভয় নাই—কুণ্ঠা নাই—পতন নাই। অভয়ই ভক্তির ফল। আমাকে প্রভু নিশ্চয়ই রক্ষা করিবেন, তিনিই আমার একমাত্র রক্ষাকর্ত্তা—পালনকর্ত্তা তিনিই বড় আর আমি তাঁহার অতি ক্ষুদ্র অযোগ্য কিঙ্কর, তিনি আমাকে রক্ষা করিবেনই আর অন্য রক্ষক আমার নাই—ইহাই ভক্তির বিচার। যখনই আমি অন্যের নিকট হইতে ভয় পাইতেছি, তখনই জানিতে হইবে, আমার দ্বিতীয়াভিনিবেশ আসিয়াছে। যেখানে ভক্তি, সেখানে ভয় নাই। যেখানে ভয়, সেখানে ভক্তি নাই। সেখানে আছে কেবল নিজেকে নিত্যরক্ষকের নিত্যরক্ষিত জ্ঞান, নিত্যপালকের নিত্যপাল্য জ্ঞান। যেখানে অস্মানতা, সেইখানেই ভীতি। নিজেকে ভগবানের সেবক বলিয়া জানিলে আর কোন দুঃখ, শোক বা ভয় থাকে না। যখনই নিজেকে প্রভুপাদপদ্ম-আশ্রিত বলিয়া জ্ঞান হয়, তখন ভয়, শোক আপনা হইতেই চলিয়া যায়। যেখানে প্রভুকে পালকজ্ঞান এবং নিজেকে তাঁহার পাল্যবিচার আসিয়াছে, সেখানে আর শোক নাই। কিন্তু যেখানে প্রভু নাই, সেখানে ত' আমি নিজেই প্রভু—নিজেই কর্ত্তা। যাঁহার প্রভু নাই তিনি ত' নিরাশ্রয়। সুতরাং তিনি ভক্ত কিসের? যাঁহার প্রভু আছে তিনি ত্রৈকালিক, তিনি নির্ভীক, তিনিই প্রকৃত সাহসী। সেখানে বাধার কোন কথা নাই তাহা সেবার ভূমিকা। সেইজন্যই বলিতেছি, যতদিন পতনের আশঙ্কা আছে, যতদিন ভয় আছে, ততদিন ভক্তি আরম্ভই হয় নাই।

ভক্তি হইলে জগদ্ভোগের স্পৃহা আর থাকিবে না, প্রভুত্ব বা ত্যাগের স্পৃহা মিটিয়া যাবে। তখন নিজেকে কৃষ্ণভোগ্যতার ভগবানে একমাত্র ভোক্তা শ্রীকৃষ্ণের সখা ও তাঁহার একমাত্র কর্ত্তা হইয়া পড়িবে। বিশ্বে ভয় আছে। বৈকুণ্ঠে ভয় নাই। যেকাল পর্য্যন্ত আমরা সাধুসঙ্গ না করি, জগদ্ভোগের জন্য লালায়িত থাকি, অকৃতজ্ঞ না হইয়া—নিজেকে কৃষ্ণদাস না জানিয়া সেবাজ্ঞান করি, ততকাল পর্য্যন্তই অস্থিরতা—দ্বিতীয়াভিনিবেশ বা ভয়। ভগবান্ ব্যতীত আর একটা জিনিষ আছে, এই বিচার হইতে ভীতি আসে। সম্বন্ধজ্ঞানের অভাবে আজ আমাদের এই বিপদ্ উপস্থিত হইয়াছে। এই বিপদ্ হইতে রক্ষা করিতে পারেন একমাত্র অশোক অভয় অমৃত সাধু। এই কথাটী ভুলিয়া গেলেই সর্ব্বনাশ। সেইজন্যই শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

> ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদ্
> ঈশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ।
> তন্মায়য়াতো বুধ আভজেত্তং
> ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা॥

কৃষ্ণ আমার পালে রক্ষে জান সর্ব্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল॥

শ্রীল প্রভুপাদের হরিকথা

জীবাত্মার চেতনের বৃত্তি [illegible] মুক্ত হয়, তখন তাঁহার [illegible] ইচ্ছার পাশে পাশে [illegible] যায়। [illegible] ভগবানের [illegible] হয়, ঠিক [illegible] কাৰ্য্য করিয়া থাকেন। [illegible] হইতে [illegible] ভজন হইতে থাকে। [illegible] নিত্যলীলার [illegible] [illegible] কৃষ্ণের [illegible] [illegible] সময়। [illegible] যোগ [illegible] [illegible] [illegible] [illegible] সমাবেশে—[illegible] [illegible] এবং [illegible] গোপীগণ। [illegible] [illegible] [illegible] —এ [illegible]।

[illegible]
পুনঃ [illegible]
তিন প্রকার—১) [illegible]
[illegible]—[illegible]
[illegible]—[illegible]
[illegible]
[illegible] করেন [illegible]
[illegible]

যেন। চৈত্ত্যগুরু হৃদয়ে উপস্থিত হ'য়ে, অন্তর্জ্ঞানদাতা দীক্ষা [illegible] তাঁ'র সঙ্গে সম্বন্ধাবাধই উ'হার জন্ম [illegible] আবশ্যক, অর্থাৎ [illegible] যিনি তা' বলেন, সেই [illegible] কথা [illegible] কৃপা [illegible] দীক্ষা [illegible] তাঁ'র কৃপা [illegible] দূর হয় না, [illegible] কৃপা [illegible] [illegible] করেন। [illegible] যেন স্বয়ং [illegible] 'দনাজ্ঞান' — অবস্থায় [illegible] পদান করেন, [illegible] শিক্ষা গুরুরূপে প্রেরণ ক'রে সেই ত'ক সংরক্ষণ করেন এবং নিজেই চৈত্ত্যগুরু হ'য়ে সেবোন্মুখ জীবকে [illegible] শিক্ষা গ্রহণ করবার শক্তি দেন।

নিজেকে বৈষ্ণবের [illegible] হইলে বৈষ্ণবের কৃপা [illegible] পাওয়া যাইবে। [illegible] বলেন—আমি বৈষ্ণব হইয়া [illegible], তাঁহার [illegible] হইয়াছে [illegible]। বৈষ্ণবের কৃপাভিক্ষা করিতে হইবে। বৈষ্ণবের সেবা বাদ দিয়া যদি বিষ্ণুসেবার জন্য চেষ্টা হয়, তাহা হইলে দাম্ভিকতাই প্রকাশ পায়। [illegible] দাম্ভিক হইয়া [illegible] হয়। দাম্ভিক হইলে বৈষ্ণবের পাদপদ্ম আশ্রয় আর প্রয়োজনীয় বলিয়া মনে করে না; [illegible] তাহার বক্ষণার ফাঁসি গলায় [illegible] হয়।

———

ভগবৎপ্রসঙ্গ বৈষ্ণবের নিকট শুনিতে হইবে, অবৈষ্ণবের নিকট নয়। অসৎ-লোকের নিকট হরিকথা শুনিতে গেলে অজ্ঞের প্রভাবে অসৎ হইয়া যাইতে হইবে। কীর্ত্তন বলিতে শ্রীগুরুবৈষ্ণবের নিকট যে শ্রৌতবাণী [illegible] করিয়াছি, তাহার পুনরাবৃত্তি। সদালোচনারূপে শুদ্ধবৈষ্ণবের নিকট শ্রবণ করিলে এবং শ্রবণ ও কীর্ত্তন ভগবৎসেবা বলিয়া জানিলে ভগবৎস্মৃতি হৃদয়ে দেদীপ্যমান থাকিয়া আমাদিগকে নিরন্তর সেবায় নিযুক্ত রাখিবে।

———

'আমি কে?' তাহা জানিতে পারিলে সুবিধা হয়। তাহা না জানা [illegible] মনে হইবে—আমি হাড়মাংসের খাঁচা এবং শ্রীজগন্নাথের কাঠের ঠাকুর। অপ্রাকৃতকে অপ্রাকৃত দেখা গেল না। [illegible] প্রকাশিত থাকিলেও তাহার সেবোন্মুখ জয় নাই, তাহার নিকট স্বীয় স্বরূপ গোপন করিয়া থাকেন।

নিত্যবস্তু কৃষ্ণ—সনাতন বস্তু। তিনি সকলের [illegible] পালনকর্ত্তা প্রভু। যাঁ'রা তাঁ'র সেবা করেন, তাঁ'রাও প্রভু।

সর্ব্বদা বৈষ্ণবসঙ্গ পরিবৃত হইয়া বাসই নিত্যবাস। সর্ব্বদা হরিকথা শুনিবার সুযোগ করিয়া লওয়া আবশ্যক। [illegible] নাম বাস। আশ্রমান্তর গ্রহণ করিলেই যে মঙ্গল হইবে, তাহা নহে। [illegible], সেখানে থাকিয়াই যদি হরিভজন করেন, তবেই মঙ্গল হইবে।

আমরা এই জগতে আর বেশীদিন থাকিব না। এখনি দেহ পড়িয়া যাইতে, এই মুহূর্ত্তেই এই পৃথিবী ত্যাগ করিতে হইতে পারে, সুতরাং সকলেরই নিরন্তর শ্রবণ করিয়া হরিভজন করা উচিত।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর উপদেশ

ভগবানের জন্য যাহা করা যায়, তাহা খাঁটী সত্য, কদাপি মিথ্যা নয়। কিন্তু তাই বলিয়া ভগবানের বেলাই মিথ্যা মিথ্যা কথা বলা বা মিথ্যার প্রশ্রয় দেওয়া অত্যন্ত অন্যায়। ভগবদ্ভক্তগণ কোনও অন্যায় করেন না। পাপ ও পুণ্যের কথা, তাঁহাদের হৃদয়ে স্বপ্নেও পুণ্য-কামনাও নাই। তাঁহারা সতত ভগবৎ-সেবানন্দে মগ্ন থাকেন। আমরা এই [illegible] ভগবদ্ভক্তের উচ্ছিষ্টভোজী। ভগবান ও ভক্তের সেবা করিবার জন্য মহাপ্রসাদ সেবন দ্বারা [illegible] চেষ্টা রক্ষা করিতে হবে—মহাপ্রসাদে ভোগবুদ্ধি করিতে হইবে না।

[illegible] অন্যায় ত্যাগ করিবার জন্য এখন হইতেই যত্নশীল হইতে হইবে। [illegible] উদ্ধারপাণের আশা নাই। ভগবদ্-উপাসনা [illegible] নিজের কল্পনাবশে [illegible] কিছুই নয়। সাধক জীব আমাদিগকে খুব সাবধানে থাকিতে হবে। কারণ, প্রতিমুহূর্ত্তে আমাদের পদস্খলন সম্ভাবনা। বর্ত্তমানে আমাদের সম্মুখে [illegible] ও অভক্ত [illegible] উপস্থিত। এ অবস্থায় বিশেষ সতর্ক না হইলে অমঙ্গলের সম্ভাবনা। অসৎসঙ্গের ফলেই আমাদের সর্ব্বনাশ হয়। প্রকৃত সাধুসঙ্গ না হইলে আমরা প্রাকৃতসহজিয়া হইয়া পড়িব। তখন কনক-কামিনী-প্রতিষ্ঠাই আমাদের কাম্য হইয়া পড়িবে, উদ্বেগের মাত্রা বাড়িতে থাকিবে।

আমরা ভক্তের অনুসরণে সেবাময় জীবনযাপনে ব্রতী হইব, তাহা হইলে আমাদের মঙ্গলের পথ ক্রমশঃ নিষ্কণ্টক হইবে। সাধুসঙ্গে হরিকথা শ্রবণ-কীর্ত্তনাদিই হরির অনুশীলন। ইহাই সুনীতি—শ্রেষ্ঠনীতি বা ভক্তিনীতি। এই নীতিপালনের জন্য তৎপর হইতে হইবে। এই শ্রেষ্ঠনীতি হরিভক্তি অনুশীলন করিতে যদি সাধারণ নীতির সহিত বৈষম্য ঘটে, তাহাও ভাল।

কৃষ্ণকে ভুলিতে হইবে না—ইহাই মূল নিষেধ। অন্যান্য [illegible] এই মূলনিষেধের কিঙ্কর। এই নিষেধ যিনি লঙ্ঘন করেন, তিনি না করিয়াছেন এমন কোনও অন্যায় কার্য্য নাই। জগতের সকলকে কৃষ্ণবিমুখতার হাত হইতে বাঁচাইতে হইবে। নিজে না বাঁচিলে কিন্তু কাহাকে বাঁচান যায় না, ইহাও মনে রাখা দরকার।

ভক্ত ও অভক্ত আচারেই জানা যায়। ইহা লুকাইবার জিনিষ নহে। নিষ্কপট ব্যক্তিমাত্রেই ভগবৎকৃপায় ভক্ত ও অভক্ত [illegible]

ভক্তের সুখ ও দুঃখ

প্রাক্তন কর্ম্মফলে বা ভুক্তি-আশাকে কাম্যবশে বাধ্য জীব সুখ বা দুঃখ ভোগ করে। সুখের সময় দুঃখের কথা ভুলিয়া যায়, উত্তরোত্তর সুখবৃদ্ধির কামনায় উন্মত্ত হইয়া পড়ে; আবার দুঃখের সময় সুখের আশায় পাগলের মত হইয়া অত্যন্ত উদ্বিগ্নচিত্তে কালযাপন করিতে থাকে। ভগবদ্ভক্ত কিন্তু সুখ-দুঃখের ঘাত-প্রতিঘাতে পড়িয়া ঐ প্রকারে আত্ম-শান্তি বিসর্জ্জন দেন না। তিনি তাঁহার সুখ-দুঃখের সমস্ত বিচার ভগবৎপাদপদ্মে নির্ভর করিয়া "বদ্ যদ্ করোষি তদেব ভগবন্ পুরুষোত্তমরূপম্" বিচারেই সন্তুষ্ট থাকেন। তাই ভক্ত বলেন—

এখন বুঝেছি প্রভু তোমার চরণ।
অশোক অভয়ামৃতপূর্ণ সর্ব্বক্ষণ ॥
সকল ছাড়িয়া তুয়া চরণকমলে।
আসিয়াছি আমি নাথ তব পদতলে ॥
তব পাদপদ্ম নাথ রাখিবে আমারে।
আর রক্ষাকর্ত্তা নাহি এ ভব-সংসারে ॥
আমি তব নিত্যদাস জানিনু এবার।
আমার পালনভার এখন তোমার ॥
বড় দুঃখ পাইয়াছি স্বতন্ত্রজীবনে।
সব দুঃখ দূরে গেল ও-পদবরণে ॥

কৃষ্ণে সমর্পিতাত্মা সেই ভক্তকে আত্মসাৎ করিয়া লন—তাঁহার সুখদুঃখের সমস্ত চিন্তা নিজের বলিয়া জানেন। তাই ভক্তের হৃদয় জগতের কোন অবস্থাই ক্ষুব্ধ হয় না। "কৃষ্ণ মঙ্গলময়, তিনি সর্ব্বক্ষণই আমার মঙ্গলচিন্তা করিতেছেন, মঙ্গলময়ের কোন বিচারই অবিচার নহে, তিনি স্বেচ্ছাময়, স্বরাট্ সর্ব্বস্বতন্ত্র পুরুষোত্তম, প্রীতচিত্তে তাঁহার ইচ্ছার অনুবর্ত্তনই আমার কৃত্য"—এই বিচারে ভক্তহৃদয় সর্ব্বদাই পরানন্দময় থাকে, জগতের কোন ভোগী বা ত্যাগীর বিচার আসিয়া তাঁহার চিত্তকে চঞ্চল করিয়া তুলিতে পারে না—বিতাপ তাঁহার উপর কোন প্রভাব বিস্তার করিতে পারে না। ভক্ত তাঁহার চিদানন্দময় কলেবরে সর্ব্বদা সেবানন্দে মগ্ন থাকেন। জগতের ভাবনাবর্ত্ত—সুখ-দুঃখরূপ দ্বন্দ্ব অতিক্রমপূর্ব্বক যিনি সর্ব্বদা ভগবৎসেবানন্দে বিভোর, কৃষ্ণেন্দ্রিয়তর্পণবাঞ্ছার পরিবর্ত্তে আত্মেন্দ্রিয়-তর্পণবাঞ্ছার লেশমাত্র যাঁহার নাই, জীবনে-মরণে, শয়নে-স্বপনে—সর্ব্বাবস্থায়ই তাঁহার শ্রীপাদপদ্মই আমাদের একমাত্র শরণ্য ও বরণীয় হউক, তাহা হইলেই আমাদের জীবন ধন্য হইবে, আমরা শ্রীভগবৎসেবায় আত্ম-নিয়োগ করিবার সুযোগ পাইয়া ভুক্তি, মুক্তি ও সিদ্ধি কামনার জন্য আর অন্যাভিলাষ [illegible] বলিয়া বরণ করিব না।

সুখ-দুঃখের বিচারভার নিজে লইতে গেলেই বিপদ্ অবশ্যম্ভাবী এবং তাহার ফলে ভগবৎকৃপালাভ হইতে চিরতরে বঞ্চিত হইতে হইবে।

আমরা যাহাকে দুঃখ বলিয়া প্রত্যাখ্যান করিতে চাই, ভক্ত তাহাকেই ভগবৎকৃপা বলিয়া পরমাদরে বরণ করেন; তাই তিনি অনন্ত দুঃখের মধ্যেও সুখে বিভোর আর আমরা আমাদের পরিকল্পিত সুখের মধ্যে ডুবিয়া থাকিয়াও অত্যন্ত উদ্বিগ্নচিত্তে কাল-যাপন করিতে থাকি।

শ্রীকুন্তীদেবী শ্রীকৃষ্ণের নিকট প্রার্থনা করিয়াছিলেন—

বিপদঃ সন্তু তাঃ শশ্বত্তত্র তত্র জগদ্গুরো।
ভবতো দর্শনং যৎ স্যাদপুনর্ভবদর্শনম্ ॥

[হে জগদ্গুরো কৃষ্ণ, যে সকল বিপদ্ উপস্থিত হইলে আমাদের ভাগ্যে সংসারাসক্তি-নিবারক তোমার দুর্লভ দর্শন লাভ ঘটে, আমাদের সেই সমস্ত-বিপদ্ পূর্ব্বোক্ত বিভিন্ন

কৃষ্ণস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম

অপ্রাকৃতদিগের মধ্যে চিরদিনই যেন উপস্থিত হয়।]

অর্থাৎ শ্রীকুন্তীদেবী যাহাতে ভগবদ্দর্শন নাই, তাহাকেই বিপদ্ বলিতেছেন, আর যাহাতে ভগবদ্দর্শন বর্ত্তমান, তাহা শত সহস্র বিঘ্নসঙ্কুল হইলেও পরম সম্পদ্ বলিয়া বরণের আদর্শ প্রদর্শন করিয়াছেন। প্রাকৃত ভোগপরায়ণ ব্যক্তিগণ ইন্দ্রিয়তর্পণে বাধাপ্রাপ্ত হইলেই আপনাদিগকে বিপদ্গ্রস্ত মনে করেন; কিন্তু ভক্তের বিচার—

"তোমার সেবায়, দুঃখ হয় যত
সেও ত' পরমসুখ।
সেবা-সুখ-দুঃখ, পরম সম্পদ্
নাশয়ে অবিদ্যা দুঃখ॥"

রায় রামানন্দমুখে শ্রীমন্মহাপ্রভু কৃষ্ণভক্তসঙ্গাভাবকেই প্রকৃত দুঃখ বলিয়া নির্ণয় করিয়াছেন। আবার যে সুখ কৃষ্ণসেবাসুখকে বাধা প্রদান করে, সে সুখের প্রতিও ভক্তের মহাক্রোধ উপস্থিত হইয়া থাকে। ভক্ত তাহাকে কখন সুখ বলেন না।

"নিজ সেবানন্দে যদি কৃষ্ণ-সেবানন্দ বাধে।
সে আনন্দের প্রতি ভক্তের
হয় মহাক্রোধে॥"
(চৈঃ চঃ)

আত্মেন্দ্রিয়প্রীতিবাঞ্ছামূলক সুখকে ভক্তগণ দুঃখ বলিয়া জ্ঞান করেন, পরন্তু কৃষ্ণেন্দ্রিয় প্রীতিবাঞ্ছামূলক সুখই তাঁহাদের একমাত্র বরণীয় সুখ। যেখানে কৃষ্ণসেবারূপ স্বার্থগতি হইতে বিচ্যুত হইয়া দেহাত্মবোধমূলে আমরা সুখ বা দুঃখের বিচারক হইতে যাই, সেখানেই নানাপ্রকার অনর্থ আসিয়া আমাদিগকে গ্রাস করে। কৃষ্ণ সর্ব্বতোভাবে আমাদের মঙ্গলবিধাতা। "তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকম্" বিচারমূলক কৃষ্ণানুগ্রহ উপলব্ধির সৌভাগ্য যাঁহার হইয়াছে তিনি সম্পদে বিপদে— জীবনে-মরণে সর্ব্বাবস্থায়ই কৃষ্ণপাদপদ্মে শরণাপন্ন হইয়া সর্ব্বদা সর্ব্বত্র এক পালকেই তাঁহার জীবনের সর্ব্বস্ব জ্ঞান করিয়া থাকেন—

মানস-দেহ-গেহ যো কিছু মোর।
অর্পিলুঁ তুয়া পদে নন্দকিশোর॥
সম্পদে-বিপদে জীবনে-মরণে।
দায় মম গেলা তুয়া ও-পদবরণে॥
মারবি রাখবি যো ইচ্ছা তোহারা।
নিত্যদাস প্রতি তুয়া অধিকারা॥

গুরুদাস্যে বা কৃষ্ণদাস্যে প্রতিষ্ঠিত হইতে পারিলে শোক, ভয় বা দুঃখ বলিয়া কোন কথা থাকে না। বাহ্যতঃ সেবকের দুঃখ দেখা গেলেও তাহা প্রকৃতপক্ষে দুঃখ নয়। কারণ, কৃষ্ণদাস-অভিমান যেখানে, সেখানে

অপ্রাকৃত গোলোকধাম

——:০:(×):০:——

স্বয়ং ভগবান্ কৃষ্ণের 'নিত্যানন্দলীলাপুর পরমধাম—গোলোক। এই স্বধাম গোলোকে তিনি স্বয়ংরূপে স্বয়ংপ্রকাশ ও পরিকরগণ সহ সতত বিবিধ লীলাবিলাসে মগ্ন হইয়া পরমানন্দে বিরাজ করিতেছেন।

গোলোকে ও গোকুলে কোন ভেদ নাই। শ্রীকৃষ্ণের অচিন্ত্যশক্তিতে গোলোক যখন প্রপঞ্চে প্রকটিত হন, তখন তাহাই 'ভৌম-গোকুল' আখ্যা প্রাপ্ত হন। প্রপঞ্চে প্রকাশিত হইলেও গোকুল চিন্ময়ধামরূপেই বর্ত্তমান থাকেন। কোনপ্রকার জড়দেশ-

কেবল আনন্দাম্বুধি। সে আনন্দাম্বুধির নিকট কোটি ব্রহ্মানন্দ ধিক্কৃত হয়। তাই শাস্ত্র বলিয়াছেন,—

প্রেমরাগ-অন্তরালে যে আনন্দসিন্ধু।
কোটী ব্রহ্মানন্দ নহে তার একবিন্দু॥

সেইজন্য প্রকৃত কৃষ্ণদাস বৈষ্ণবের রোগ-শোক-মোহ ভয় বা দুঃখাদি কিছুই নাই। কিন্তু তথাপি তাঁহারা নানা সুখ-দুঃখের মধ্যে কি প্রকারে গুরুসেবা করিতে হয়, তাহা সাধারণ সাধক জীবকে শিক্ষা দিবার জন্য অনুকরণলীলাভিনয় করেন। কিন্তু দুর্ভাগ্য স্বার্থাবিষ্ট তাহা দেখিয়া শ্রীগুরুপাদপদ্মকে বা শুদ্ধভক্ত বৈষ্ণবকে সাধারণ জীব মনে করিয়া বঞ্চিত ও অপরাধী হইয়া পড়ে। শ্রীচৈতন্যলীলায় ব্যাস বলিয়াছেন,—

"যত দেখ বৈষ্ণবের ব্যবহার দুঃখ।
নিশ্চয় জানিহ সেই পরানন্দ-সুখ॥
বিষয়মদান্ধ সব কিছুই না জানে।
বিদ্যা কুল-ধন-মদে বৈষ্ণব না চিনে॥"

প্রকৃত ভগবদ্ভক্তের স্বাভাবিক বা দেহগত কোন প্রকার দোষ প্রাকৃতদৃষ্টিতে দর্শন করিয়া যদি অবজ্ঞা বা অশ্রদ্ধা করা যায়, তবে আর শুদ্ধবৈষ্ণবের সেবালাভ হইবে না। তাহা হইলে আমাদের মহা সর্ব্বনাশ হইয়া যাইবে।

আমাদের দেহ ও মনের প্রতি অত্যধিক আসক্তি থাকায় আমরা দেহ-মনের দ্বারা আবৃত বিদ্যাবুদ্ধি লইয়া বৈষ্ণবের ক্রিয়াকলাপ বুঝিতে যাই বা মাপিতে যাই। সেইজন্য আমাদের ভক্তিপথে বিচারভ্রান্তি আসিয়া উপস্থিত হয়। যিনি কৃষ্ণ বিনা অন্য প্রীতি-রহিত হওয়ায় নিষ্কাম, যিনি ভজনবিজ্ঞ, যিনি দেহরূপ জগতে আসক্ত না হইয়া অনুক্ষণ কৃষ্ণকীর্ত্তনমুখে কৃষ্ণসেবাপরায়ণ, সেইরূপ গুরুসেবক বৈষ্ণবকে সর্ব্বাশ্রয়গণের মধ্যে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ জানিয়া তাঁহার সঙ্গ ও সেবা করিলে ভক্তিপথের বিচারগুলি ঠিকভাবে বুঝিতে পারা যায়।

কালাদিক্রমে কুণ্ঠাতীত বহু জীব বিকুণ্ঠ অবস্থা হইতে কখনও বিচ্যুত হন না। কিন্তু মায়িক জীব জড়েন্দ্রিয়ে তাঁহার সেই নিকুণ্ঠস্বরূপ দর্শন করিতে না পারিয়া তাঁহাকেও সাধারণ প্রপঞ্চের মত দেখে; তাই তাহারা গোকুলবাসী বালকেও সাধারণ মানবের ন্যায় মনে করে। শ্রীল রূপগোস্বামী বলিয়াছেন, "যৎ গোলোকনাম স্যাৎ তচ্চ গোকুল-বৈভবম্।" অর্থাৎ গোলোক গোকুলেরই বৈভব। কিন্তু তাহা হইলেও আমাদের পক্ষে ভৌম গোকুলের উপযোগিতাই অধিক। তাঁহারই দেখার সাক্ষাৎ সম্বন্ধে আমাদের মত জীবের উপর অধিক কার্য্যকরী ভূলোকাবতীর্ণ গোকুল বৃন্দাবনই আমাদের পরম আশ্রয়।

কৃষ্ণধাম বৃন্দাবন অপেক্ষা গৌরধাম নবদ্বীপ অধিক উদার। গৌরধামে মুক্ত ও বদ্ধ উভয়েরই উপাস্য, কিন্তু বৃন্দাবন ধাম কেবল মুক্তকুলেরই উপাস্য। বদ্ধজীবের তাহাতে কোন অধিকার নাই। যেমন কৃষ্ণচন্দ্র ও গৌরচন্দ্র অভিন্ন, তদ্রূপ ব্রজধাম ও নবদ্বীপ ধামের মধ্যে কোন ভেদ নাই, একই বস্তু দুইরূপে প্রকাশিত।

চিচ্ছক্তিপ্রাপ্ত কৃষ্ণলোক বিবিধ আনন্দময় বৈচিত্র্যবিকাশে নিত্য বৃক্ষ লতা, পত্র-পুষ্প, কানন, সরোবর, নদী, পর্ব্বত, পশু, পক্ষী ও পদার্থ ভোগ্যসম্পদে সদা সুসজ্জিত হইয়া কৃষ্ণসুখ পোষণ করিতেছেন। কিন্তু আমাদের এই অজ্ঞানভোগ্য মায়িক জগতের অনিত্য ভোগ্যভোগ্যবোধের মত সে সকল চিদ্বৈচিত্র্য নশ্বর নহে। সেখানকার সমস্ত বস্তুই নিত্য ও চিন্ময়াবৃত। তাঁহারা সকলেই সর্ব্বতোভাবে সর্ব্বেশ্বর শ্রীকৃষ্ণের সেবায় রত। কৃষ্ণের একান্ত স্বয়ংপ্রকাশ শ্রীবলদেবই নিত্যধামে সেই সকল কৃষ্ণসুখসাধক ভোগসম্পদসমূহ শ্রীধামস্বরূপে সম্যক্ বিলাসাদিতে রূপায়িত হইয়া অনুরূপভাবে কৃষ্ণের সেবা করিতেছেন। সেখানকার কোন বস্তুর উপর কালের বিক্রম বা অধিকার নাই। কাল তথায় চিরপরাজিত। তথায় কুসুম আছে, কিন্তু সেই কুসুমে কীট নাই। তথায় চন্দ্র-সূর্য্য জ্যোতিঃ দ্বারা আলোক বিতরণ করেন না। কারণ, সেই চিদানন্দময় স্বভাব স্বপ্রকাশ অর্থাৎ স্বকীয় চিদানন্দ জ্যোতিতেই সেই ধাম সদা উদ্ভাসিত। তথায় কৃষ্ণসেবিকাগণই কান্তরূপা, পুরুষোত্তম শ্রীকৃষ্ণ সকলের প্রাণকান্ত; তরুরাজির নিত্য—বাঞ্ছা-কল্পক, ভূমি চিন্তামণিময় জল-অমৃত, কথা—সুললিতময় সঙ্গীত, আলোক চিদানন্দজ্যোতিঃ, তাহাতে কখনও ছায়াপাত হয় না, কোটী কোটী

কামধেনু অতি মধুর অফুরন্ত ক্ষীরধারায় সতত সুধাময় ক্ষীরসমুদ্র প্রবাহিত করেন। তথায় ক্ষণও অনন্তময় সর্ব্বই সদভাবে বর্ত্তমান। কোন অশুভ বা পরিবর্ত্তন ঐ ক্ষণও কালকে আচ্ছিন্ন করিতে পারে না। সেই বৈচিত্র্য অপ্রাকৃত আনন্দময়ধাম প্রাকৃত জ্ঞানবুদ্ধির একান্ত অগোচর; প্রাকৃত ভাষায়ও তাহার সম্যক্ বর্ণনা কেহ কখন করিতে পারে না।

এই গোলোকধাম শ্রীধামের বহির্ভাগে আবরণরূপে প্রায় একটী চতুষ্কোণ স্থান আছে। তাহা যেন চতুর্দ্দিক্ হইতে রক্ষকরূপে প্রাকারের মত দৃঢ় বেষ্টন করিয়া রক্ষা করিতেছে। সেই চতুষ্কোণ আবরণভূমি চতুর্দ্দিক্‌স্থ চতুষ্কোণে বিভক্ত। তাহার চারি অংশে অবস্থিত শ্রীকৃষ্ণের গোবর্দ্ধনাদি চতুর্ব্যূহ বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ বাস করিতেছেন। চারিধারে তাঁহাদের চারিটি পৃথক্ ধাম আছে। সেই ধামচতুষ্টয়ে চিন্ময়বিগ্রহে চারিপুরুষার্থ ও চারি বেদ কৃষ্ণসেবার সাধক হইয়া বিরাজ করিতেছেন। তাহার দশদিকে দশটী শূল এবং অষ্টদিকে মহাপদ্মাদি অষ্টরত্ন শোভা পাইতেছেন। অণিমাদি অষ্টসিদ্ধি ও অষ্টদিকে বিরাজমান। উহা তথায় দিগ্‌রক্ষকরূপে দিক্পালগণের সেবা-সৌভাগ্য লাভ করিয়া কৃতার্থ হইয়াছে। এই আবরণভূমির দশদিকে দশদিক্‌পালও আছেন। আর শ্যামবর্ণ, গৌরবর্ণ, রক্তবর্ণ ও শুক্লবর্ণ পার্ষদ সকল এবং বিচিত্ররূপ-গুণ-যুক্ত শাস্ত্রকারগণ সর্ব্বদা বিরাজ করিয়া পরমেশ্বরের পুরী রক্ষা করিতেছেন। [illegible] কৃষ্ণবহির্ম্মুখগণ [illegible] তাহাদের [illegible] আনন্দধামে প্রবেশ করিতে পারেন না। [illegible] কাহারও সেখানে প্রবেশাধিকার নাই।

এই জন্য সেই অপ্রাকৃত গোলোকধামের [illegible] পাইবে। সুতরাং এখানকার প্রত্যেক বস্তু [illegible] [illegible] [illegible]

[illegible]

[illegible] Keeper, [illegible]

অন্তর্ভুক্ত-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৫২০৫
সেবক—শ্রী[illegible]

(৩) যোগপীঠ মায়াপুর শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭) কাজি সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রী[illegible]

(৮) [illegible]
[illegible] মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) আনন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(১১) মোদদ্রুম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) [illegible]-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৪) [illegible]-গৌড়ীয়মঠাশ্রম
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
[illegible]—(শ্রীনৃসিংহদেবের পল্লীর '[illegible]')
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাধিকারী

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৯) [illegible]মঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
[illegible], পোঃ চাকদা (নদীয়া)
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

(২১) বালিঘাট গৌড়ীয়মঠাশ্রম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ [illegible] ঢাকা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২৫) নিতাই গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ [illegible], কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible] দাস

(২৯) [illegible] গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], জেঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩১) [illegible] গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৩৩) [illegible] গৌড়ীয় মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible] (ইউ পি)
শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
[illegible], পোঃ মথুরা
সেবক—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ
[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ পীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৯) [illegible]-কুঞ্জ
পোঃ [illegible] (মথুরা)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪০) [illegible] মঠ—[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪১) [illegible]
সেবক—শ্রী[illegible] ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৪৪) [illegible] গৌড়ীয়মঠাশ্রম
পোঃ [illegible], মথুরা
সেবক—ঐ

(৪৫) [illegible] গৌড়ীয়মঠাশ্রম
পোঃ [illegible], মথুরা

(৪৬) গৌরবিহারী মঠ—[illegible],
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৭) [illegible]গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible], [illegible], (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]গোবিন্দ দাসাধিকারী

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড, নয়া দিল্লী।
সেবক—শ্রী[illegible] দাস

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
[illegible] রোড, [illegible]
[illegible] বোম্বে ৭
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫১) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible] মাদ্রাজ
—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

(৫২) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible]
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

(৫৩) [illegible] মঠ
[illegible] পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৪) [illegible]
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

(৫৫) [illegible]
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৬) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible]
সেবক - শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৭) [illegible] মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৫৮) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৯) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] দাস ব্রহ্মচারী

(৬০) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible], মেদিনীপুর
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬১) [illegible] গৌড়ীয়মঠ,
পোঃ [illegible], মেদিনীপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] প্রপন্নাশ্রম মঠ
পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৩) [illegible] গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (মালদহ)
সেবক - শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৪) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] ষ্ট্রীট [illegible]।
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

(৬৫) [illegible] গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং [illegible]
[illegible], [illegible]
[illegible]
সেবক—[illegible] দাসী

(৬৬) গৌড়ীয় প্রেস ওয়ার্কস্
১৩।৩, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
[illegible], [illegible] (ইউ-পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৮) শ্রীবিদ্যানাথ গৌড়ীয়মঠাশ্রম
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
[illegible] (পাঞ্জাব)
সেবক—[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রী[illegible]গোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) শ্রী[illegible]
সেবক—শ্রী[illegible]বিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভাণ্ডারী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-প্রকাশ-

বিজ্ঞাপনের হার

সংবাদের পৃষ্ঠায়			বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
১ম ৩ দিনের জন্ত	পরবর্ত্তী দিনের জন্ত		১ম ৩ দিনের জন্ত	পরবর্ত্তী দিনের
অন্যূন প্রতি লাইনে	।০		।৶০	।০
" " ইঞ্চি ২৲			১।০	১৲
সিকিকলম ৫৲	৪৲			৩৲
অর্দ্ধকলম ৮৲	৬৲		৬৲	৫৲
" এক কলম ১২৲	১০৲		১০৲	

এক বৎসরের জন্ত চুক্তি হইলে দর

প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—(:o:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

[illegible]

ধাম অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচ্ছন্ন খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্ত বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খাদ্য ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতি বৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় ভাল ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত। এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এইরূপ অপূর্ব্ব মৌলিক গ্রন্থ, ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর জীবনী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে [illegible] হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর [illegible] সাধকগণের [illegible]। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সকল সরল প্রণালীটি [illegible] দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই সংবাদর্শিত ও [illegible] হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা সরল ও মধুর। [illegible] পাইকা টাইপে [illegible] কাগজে মুদ্রিত। ইহার মূল্য আট আনা। প্রাপ্তিস্থান—[illegible], পোঃ [illegible], [illegible], ঢাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] জীর্ণ [illegible] ইহার ভিক্ষা মাত্র ৭৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক [illegible], গল্প, প্রবাদ ও ন্যায়ের কথা দ্বারা যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের বোধগম্য করিবার জন্ত প্রদান করিতেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু [illegible] প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ইহাতে উপাখ্যান, প্রবাদ ও ন্যায় [illegible] চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১।০। প্রাপ্তিস্থান—[illegible], পোঃ [illegible], [illegible], ঢাকা।

শ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যালীলাপারিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল [illegible] ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রাকৃত পুস্তক শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব [illegible] সংস্করণ প্রকাশিত করিয়া [illegible] পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অদ্বিতীয়। [illegible] অধ্যায়ের অবতারণা, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক [illegible] সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে অন্বয় অর্থ ও বঙ্গভাষায় [illegible] শ্রীল [illegible] সুবোধিনী টীকা, ঐ টীকার সঙ্গে [illegible] প্রভৃতি এক [illegible] এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। [illegible] প্রচুর লাভবান হইতে পারিবেন, সন্দেহ নাই। [illegible] আকারে প্রায় [illegible] পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible], শ্রীযোগপীঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

[illegible] গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত [illegible] শ্রীল [illegible] বিরচিত "গৌরব" নামক [illegible] সহিত প্রকাশিত [illegible]। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ভিক্ষা মাত্র আট আনা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

— ::*:: —

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি প্রচারের মূল মহাজন সংস্থাপক শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অপূর্ব জীবনচরিত এতাবৎকাল যথাযথ প্রণালীতে প্রকাশিত না থাকায় সকলেই বলেন অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্যদেবের অন্তেবাসী পারমার্থিক গ্রন্থ-লেখক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্পাদিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবন লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র দশ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান- ম্যানেজার গ্রন্থাগার
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত [illegible] মহামহোপদেশক পণ্ডিত আচার্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী [illegible]-বৈষ্ণবাচার্য এম এ মহোদয়ের গ্রেষণাপূর্ণ এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত অবদান করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে দক্ষ হইবে। এই গ্রন্থে অধিকন্তু ও অপূর্ব্ব বহু মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভু প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে ৬০০ অধ্যায়ে প্রায় ৮০০ পৃষ্ঠা ব্যাপী। শ্রী বিষ্ণুপাদ [illegible] গোস্বামী [illegible] সুদীর্ঘ মুখবন্ধ (Foreword) প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ অল্পদিন প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা- নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেনের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৪১	৬-১১	৭ ১০	১০-১৬	১৩-৫৩	১৭-৫৩	২০ ৫১
দমদম „	৪-৫৮	৬-২৫	৭-৩০	১০ ৩৭		১৮-১০	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৬ ১৮	৮ ০ ৭	৯ ১৬	১২-৩	১৬-৩৪	১৯-৮২	০-২৫
রাণাঘাট ছাঃ	৬-৩০	৮-৫	৯-৩১	১৫-১১	১৬ ৪১	১২-৪৭	০-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-৩৪	৮-৩৮	১০-৮	১৫ ৫১	১৯-১৭	২০ ১১	১-১২

(ঐ) ছাঃ ৭-১২	১০-১১	১৫-৩	১৭ ২২ ২০ ৩০
নবদ্বীপঘাট পৌঃ ৭ ৫১	১১-১০	১৫-৫০	১৮-১১ ২১ ১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-২
দমদম „	১১-২০
রাণাঘাট পৌঃ	১-৪৪
ছাঃ	১৩-৩
শান্তিপুর পৌঃ	১৩ ২৮
(ঐ) ছাঃ	১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪
ছাঃ	১৫ ০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮	৯-১০	১৪-১৬	১৬-০	১৮ ৩১
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৬	৯-৪৮	১৪ ৫৫	১৬-৩০	১৯-১১

ছাঃ	৭-৯	৮-৫০	১১ ৪১	১৬-৫৬	১৯-২	২০-৫৬	০-৩৬
রাণাঘাট পৌঃ	৭-৪৪	৯-২৩	১২-২৬	১৭-২১	২০-১০	২১ ২১	৪-১৫
(ঐ) ছাঃ	৭-৫২	৯-২৮	১২-৩৬	১৭-৪৩	২০-১৮	২১-৭৪	৫-২৩
দমদম „		১১-৪		১৯-০		২৩-৯	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪-২১	১৯-২৬	২১-৫৫	২৩ ২৬	৬-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ	১৪ ১৬
কৃষ্ণনগর পৌঃ	১৪-৫৫
ছাঃ	১৫-১০
শান্তিপুর পৌঃ	১৫-৫১
(ঐ) ছাঃ	১৬ ৫৫
রাণাঘাট পৌঃ	১৭-৩৫
(ঐ) ছাঃ	১৭-৪৩
[illegible] পৌঃ	[illegible]

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনবদ্বীপপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশেষ একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তথা ইংরেজী পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থও এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



আমাদের বহুদিনের জীর্ণ শীর্ণকায়-যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] অভাব আর নাই। নিতান্ত রোগী সত্বর আরোগ্য এবং নূতন [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৮৴০ দশ আনা, বড় বোতল ১৷৴০ আঠার আনা। পাইকারী [illegible]

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
[illegible] খোয়ালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

১৫শ বর্ষ | ১৭ পদ্মনাভ ৪৫৪ গৌরাব্দ ১৭ই আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৭, ৩রা অক্টোবর ইং ১৯৪০ বৃহস্পতিবার | ১৭৯-৮০ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৭ পদ্মনাভ আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৪

প্রতিবন্ধক

(শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী ঠাকুর)

জীবমাত্রেরই প্রাপ্য বস্তু প্রীতি। সেই প্রীতি অনিত্য হইলে তাহাকে শুদ্ধ, অখণ্ড-প্রীতি বলা যায় না। প্রীতির অনুসন্ধান-চেষ্টা সকল সময়ে সকল জীবেরই লক্ষিত হয়। পুত্রশোককাতরা মাতা প্রীতিলাভের আশায় শোক করিয়া থাকেন, প্রীতিলাভের আশায় বিলাসপর জীবগণ নৃত্যগীত-বাদ্যাদির চেষ্টা করেন, ইন্দ্রিয়তর্পণ-মানসে প্রীতির উদ্দেশ্যে কত অঘটনীয় তুচ্ছাতুচ্ছকর্মের প্রবৃত্তি হয়। আজও মানবজাতে প্রীতিলাভ উদ্দেশ্য ব্যতীত চেতনের অন্য ধর্ম লক্ষিত হয় নাই। চেতনের চেষ্টামাত্রই প্রীতিকে লক্ষ্য করিয়া ধাবিত হইয়াছে। এমন একটী বস্তু কি প্রকারে পাওয়া যায়, তাহার অনুসন্ধানে সমগ্র চেতন জগৎ সর্ব্বদাই ব্যস্ত। জীব সর্ব্বদা প্রীতি অনুসন্ধান করেন, সুতরাং নিত্য প্রীতিই জীবের প্রার্থনীয়। যেখানে প্রীতির অনুসন্ধানকারী নিজের ভাতৃবর্গকে অনিত্য অভিমান করেন, সেখানে তাহার লক্ষ্য বস্তুও অনিত্য হইয়া যায়। নিত্য প্রীতির অভাবে নিত্য প্রীতিলাভ-চেষ্টা জীবে দেখা যায়, কিন্তু সেই প্রীতি কাল দ্বারা এবং সীমা দ্বারা খণ্ডিত হওয়ায় নিত্যত্বের ও স্বভাবের ব্যতিক্রম দেখা যায়। জীবের প্রীতি যে কাল পর্য্যন্ত কাল ও সীমার অধীন থাকে, তৎকালাবধি নিত্য প্রীতিচেষ্টা থাকিলেও তাহা বাধাপ্রাপ্ত হইতে থাকে। জগতে যাবতীয় বস্তু কাল ও সীমার অধীন; কেবলমাত্র ভগবত্তা কাল ও সীমার অধীন নহে; কারণ, কাল ও সীমা ভগবান্ হইতে অবগাত করিয়া প্রাকৃত জগতে ভগবদ্বিমুখকে আবরণ করি। রাখিয়াছে। ভগবানের কথা পড়িলেও হরিবিমুখ জনগণ ভগবান্‌কে দেশকালের মধ্যে আনিয়া ফেলেন। জীবের হরিবিমুখতা বিগত হইলে তিনিও মায়িক নিজকোপা দেশকালের শৃঙ্খল হইতে মুক্ত হন। হরিবিমুখ জীব তাহার অনিত্য ও সসীম উপলব্ধি ছাড়িয়া দিলে কাল ও সীমার মায়াতীত জনক ভগবানের স্বরূপ বুঝিতে পারেন। নিত্য ও অসীম প্রীতির অনুসন্ধান জীবমাত্রেরই বৃত্তি। তাহা তিনি সকল সময় লক্ষ্য করিতে পারুন আর নাই পারুন, তাহার ঐ ধর্ম কোন সময় তাহার সঙ্গ ছাড়িয়া যায় না।

যাঁহারা প্রীতি অনুসন্ধান করেন, তাঁহারা দুইভাগে বিভক্ত। এক ভাগ অনিত্য প্রীতির অনুসন্ধানকারী, অপর জন নিত্য প্রীতির অনুসন্ধানকারী অর্থাৎ একশ্রেণীর লোক প্রাকৃত ও অপর শ্রেণীর লোক অপ্রাকৃত। অনিত্যতা ও সীমাবিশেষ ধর্ম প্রাকৃত, নিত্যতা ও বৈকুণ্ঠধর্ম অপ্রাকৃত। প্রাকৃত হরিবিমুখজন অনিত্য সুখলালসায় প্রমত্ত; অপ্রাকৃত সেবোন্মুখগণ কৃষ্ণসুখ-লালসায় তাৎপর্য্যবান্। হরিবিমুখতাক্রমে তাঁহারা অনিত্য ও বাধক বস্তুর আদর করিতে শিখিয়াছেন, এমন কি অপ্রাকৃত জনগণের সেবা কৃষ্ণচন্দ্রকে, কৃষ্ণভক্তিকে ও কৃষ্ণভক্তকে তাঁহারা নিজের ভোগ্যবস্তু মনে করেন। মুখে অপ্রাকৃত শব্দ বলিয়া নিজ অনিত্য প্রীতির বিপণি প্রসারণ করেন, ইহার ফলে তাঁহাদের নিত্যপ্রীতিময় বিগ্রহ কৃষ্ণচন্দ্রের সহিত সাক্ষাৎকার হয় না। অনিত্য প্রাকৃত সিদ্ধবিশেষজ্ঞানে কৃষ্ণকে, কৃষ্ণভক্তিকে বা কৃষ্ণভক্তকে নিজ অনিত্য ভোগ্যবস্তু বলিয়া ধারণা করেন। অপ্রাকৃত ভক্তের তাদৃশ প্রাকৃত ধারণা নাই। যে কালে প্রাকৃত ব্যক্তি অপ্রাকৃত ধারণাকে কলুষিত করিবার অভিপ্রায়ে অনিত্য প্রীতির আবাহন করেন, তৎকালে ভক্ত তাহাকে সম্পূর্ণরূপে ত্যাগ করেন এবং বিশুদ্ধ দুঃসঙ্গ বলিয়া জানেন। প্রাকৃত হরিবিমুখজনের সহিত ভক্তের পার্থক্য এই যে, ভক্ত প্রাকৃত প্রতিবন্ধক বা দুঃসঙ্গ ত্যাগ করেন, আর অভক্ত দুঃসঙ্গকে অনিত্য প্রীতির আশায় ছাড়িতে পারেন না। মাদকদ্রব্যসেবী কোনক্রমে তাহার মাদকদ্রব্য ত্যাগ করিতে পারেন না, যেরূপ কখনও তাঁহার সেবা বোধিতের সঙ্গ ছাড়িতে পারেন না, প্রাকৃত-জ্ঞানান্ধের পক্ষে তাহার বংশ পরিত্যাগ করিতে পারে না, দুঃসঙ্গ ছাড়িতে অসমর্থ হওয়াতে তাহাদের এইরূপ অনিত্য অভিনিবেশ। প্রাকৃত বস্তুসঙ্গে বদ্ধ থাকিলে কৃষ্ণকে বা কৃষ্ণভক্তকে একমাত্র বস্তু বলিয়া বোধ হয় না। প্রমত্তের মাদকদ্রব্যের বস্তু হইতে, বৈদ্যের ঔষধ হইতে পরিত্রাণ পাওয়া বড়ই দুরূহ। 'বদ্ধ' দুঃসঙ্গ না ছাড়িতে পারিলে কখনও কোন মঙ্গল হয় না। প্রাকৃত ভক্তগণ অনেক সময়েই স্ব-স্ব অভিনিবেশ পরিত্যাগ করা দূরে থাকুক, আত্মপ্রতারণার উদ্দেশ্যে কৌশল বিস্তার করিয়া কপটতঃ আগ্রহপূর্ব্বক অপ্রাকৃত সমাজকে বঞ্চনা করেন। প্রাকৃত অভক্ত ভক্তের সাজে নিরীহ লোকদিগকে সহজিয়াদি মাদকদ্রব্য খাইতে শিক্ষা দেন, বিলাসিতা, ইন্দ্রিয়-পরায়ণতা প্রভৃতি দুর্নিবার অপ্রাকৃত ভক্তের অভাবের বলিয়া প্রচার করেন। নিজ প্রতিষ্ঠাবৃদ্ধি করেন। অপ্রাকৃত সমাজ এই শ্রেণীর সিদ্ধভক্তদিগকে কপট অভিনয়কারী জানিয়া তাহাদিগকে উপেক্ষা করেন। অপ্রাকৃত বস্তুর যে সকল উপায় অপ্রাকৃত শাস্ত্র ও অপ্রাকৃত ভক্তের মুখে পাঠ বা শ্রবণ করেন, তাহাও প্রাকৃত পাঠক বা শ্রোতা প্রাকৃত দুঃসঙ্গময় বুদ্ধিতে বিপর্য্যয় করেন। প্রাকৃত অভক্তগণ এক নিজ দল স্থাপন করিয়া নিজেকে আত্মাভিমানপূর্ব্বক হরিবিমুখতা [illegible]

নিত্যপ্রীতি নিত্যবৈকুণ্ঠময় কৃষ্ণ-আশ্রিত। নিত্য কৃষ্ণভক্ত নিত্য হইয়া, এই নিত্যাশ্রয় [illegible] কৃষ্ণের সেবা করিয়া [illegible] উদাসীন [illegible]

নিত্যভক্তগণ [illegible] দুঃসঙ্গ পরিত্যাগ না করিয়া [illegible] কৃষ্ণপ্রীতি সংজ্ঞা

কৃষ্ণ আমায় পালে রক্ষে জান সর্ব্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল॥

বিনা নিত্যপ্রীতি লাভ করিবেন, এরূপ আশাও দুরাশার চরমা। অনিত্যপ্রীতির অনুসন্ধানে প্রাকৃত জগৎ আসিয়া উপস্থিত হইলে তাহাকে কখনই অপ্রাকৃত সেবা বলা যাইতে পারে না। কাষ্ঠের [illegible] যেরূপ হিংসা করিতে অসমর্থ, [illegible] যোগে যেরূপ [illegible] অর্থের দ্বারা প্রকৃত [illegible] হয় না। [illegible] কৃষ্ণকে [illegible] ভক্তিবিরহিত [illegible] কখনই [illegible] না [illegible] দ্বারা [illegible] হয়, [illegible] উৎপন্ন [illegible] অন্য প্রকারে [illegible] হয়। [illegible] কামনা দ্বারা কখনই কৃষ্ণপ্রেম পাওয়া যায় না। [illegible] বাঁধা [illegible] তৎ দ্বারা প্রাপ্ত হয় [illegible] হইলে কুমার [illegible] প্রতিবন্ধকতা ব্যতীত তাঁহাকে সেবা করিবার সম্ভাবনা নাই। [illegible] প্রতিবন্ধক থাকিলে কখনই জীব কৃষ্ণোন্মুখ হইতে পারে না। এইপ্রসঙ্গে শ্রীমদ্ভাগবতের [illegible] প্রতিবন্ধক-বিচারে সর্বোত্তম [illegible]।

ধর্মার্থকামমোক্ষেষু [illegible]
যথাঃ কদাচিৎ [illegible]।
[illegible] মানসে ন [illegible]
[illegible] এব গোবিন্দঃ॥

গর্দভ দ্রব্য বহন করে, তাহা স্বর্ণ পরিবেশন করে, কিন্তু তাহারা উহার আস্বাদন পায় না। যেরূপ কাষ্ঠ [illegible] মাকাল ফল অর্জন করিতে পারে না, সেরূপ প্রাকৃত-সহজিয়া নিত্যপ্রীতি লাভ করে না অর্থাৎ কৃষ্ণপ্রেম লাভ করিতে পারে না। প্রাকৃত-সহজিয়া [illegible] পিতৃ-মাতৃ প্রাকৃত শরীরকে অপ্রাকৃত আত্মা মনে করেন, নিজ প্রাকৃত দেহ ও স্ত্রী-পুত্রাদিকে অপ্রাকৃত [illegible] বিশ্বাস করেন, [illegible]কে প্রাকৃত জ্ঞান করেন এবং সংসারের [illegible] চিৎ হইয়া যায় মনে করেন। প্রাকৃত ব্যবধান থাকিলে কখনই অপ্রাকৃতের উপলব্ধি হয় না। দেহ, দ্রবিণ, আত্মজা, গৃহ, লোক, স্বাধীন ও মাহাত্ম্য [illegible] প্রভৃতি প্রাকৃত প্রতিবন্ধকসমূহ সহজ প্রাকৃতিকদের প্রেমলাভ করিতে বাধা দেয়।

ভাই জীব! শ্রীপাদ প্রবোধানন্দ সরস্বতী গোস্বামী তোমাকেই একদিন বলিয়াছেন,—

দন্তে নিধায় তৃণকং পদয়োর্নিপত্য
কৃত্বা চ কাকুশতমেতদহং ব্রবীমি।
হে সাধবঃ! সকলমেব বিহায় দূরাৎ
চৈতন্যচন্দ্রচরণে কুরুতানুরাগম্॥

আমরা তোমাকে বলি, প্রাকৃত ব্যবধান [illegible] প্রাকৃত দুঃখ ছাড়িয়া, [illegible] সকলকে প্রাকৃত [illegible] যাও, [illegible] প্রাকৃত সম্বন্ধ ছাড়িয়া দাও, তাহা হইলেই তুমি নিত্য অপ্রাকৃত কৃষ্ণনাম গ্রহণ করিতে পারিবে। এবপ্রকার নামাপরাধ নামক প্রতিবন্ধককে আবাহন করিও না, তাহা হইলেই তুমি কপটতাশূন্য শুদ্ধ স্বরূপজ্ঞানবিশিষ্ট ভগবদ্দাস্য চারণ [illegible] নামাভাস করিতে পারিবে। তাহা হইলেই তুমি প্রাকৃত প্রতিবন্ধকের হাত হইতে মুক্ত হইয়া কৃষ্ণনাম সেবা করিতে করিতে নিত্য কৃষ্ণপ্রীতি লাভ করিবে। ব্যবধান বা প্রতিবন্ধকহীন কীর্তন হইলেই নিত্যপ্রীতি লভ্য হয়। তখন কাল ও মায়া বৈকুণ্ঠের নামকে তোমার প্রতি নিত্যপ্রীতি প্রদান করিবার বাধা দিতে পারিবে না।

ভাই জীব! বৃথা কালক্ষেপ করিও না, কূপ-মণ্ডূকের ন্যায় অপ্রাকৃত রাজ্যকে প্রাকৃতবুদ্ধি করিও না; ধ্যান কর, তুমিই চিন্ময়। অপ্রাকৃতের কোনরূপ মর্য্যাদা হানি করিতে পারিবে না।

মুক্তি ও ভক্তি

কর্তৃত্ব অভিমান পরিত্যাগ করিয়া স্বরূপে অবস্থানই মুক্তি। আর ঈশ্বরের পরিচর্য্যা [illegible]—'ভক্তি'। উপাধিনির্মুক্ত হইয়া ভগবানে ঐকান্তিক শরণ গ্রহণপূর্ব্বক সর্বেন্দ্রিয়ে সর্বক্ষণ ভগবৎপ্রীতিবিধান [illegible] সেবার [illegible] আনুকূল্য থাকিলে [illegible] প্রকার [illegible] উপাধিমুক্ত [illegible] মুক্তির সহিত তুলনা দেওয়া যাইতে পারে। আর উপাধিমুক্ত হইয়া আবার স্বাভাবিকভাবে আত্মার, দাস্য, বন্ধুবান্ধবদের সহিত আলাপ-ব্যবহার ও [illegible] [illegible] ভক্তির সহিত তুলনা দেওয়া যাইতে পারে। শাস্ত্র বলেন, ভক্তি ব্যতীত মুক্তি হইতে পারে না। মুক্তি ভক্তির মুখাপেক্ষিণী। কিন্তু ভক্তি নিরপেক্ষ

"ভক্তি বিনা কেবল জ্ঞানে মুক্তি নাহি হয়।"
"কেবল জ্ঞান মুক্তি দিতে নারে
ভক্তি বিনে।"

মুক্ত ব্যক্তির কৃত্য ভক্তিযাজন। ভক্তিযাজনের পরিবর্ত্তে যদি কেবল মুক্তির জন্যই 'মুক্তি' হয়, তবে উহা আত্মহত্যা বা ভগবদ্বিমুখের ছলবরূপ। কেবল মুক্তিকামীর মুক্তির আশা আকাশকুসুমের ন্যায় নিরর্থক। কিন্তু ভক্তিলাভেচ্ছুর মুক্তি করতলগত। মুক্তি ভক্তির কিঙ্করী। মুক্তি ভক্তের সেবা করিবার জন্য সর্ব্বদা করযোড়ে প্রতীক্ষা করিয়া থাকে।

"ভক্তিস্ত্বয়ি স্থিরতরা ভগবন্ যদি স্যাৎ
দৈবেন নঃ ফলতি দিব্যকিশোরমূর্তিঃ।
মুক্তিঃ স্বয়ং মুকুলিতাঞ্জলি সেবতেঽস্মান্
ধর্মার্থকামগতয়ঃ সময়প্রতীক্ষাঃ"

অর্থাৎ হে ভগবন্! তোমাতে যদি জীবের স্থিরতরা ভক্তি থাকে, তাহা হইলে তোমার অপ্রাকৃত কিশোরমূর্তি স্বভাবতঃই নির্মল আত্মায় প্রকাশিত হন, ধর্ম ও মুক্তির জন্য প্রয়াস করিতে হয় না। ভক্তি থাকিলে 'মুক্তি' স্বভাবতঃই মুকুলিতাঞ্জলি হইয়া স্বয়ং ভক্তের মনোমত কলস্বরূপ আবর্জনাশোধনরূপ সেবা করিয়া থাকে। [illegible] চেষ্টার প্রয়োজন হয় না। ভগবদ্ভক্তকে সালোক্যাদি মুক্তি অযাচিতভাবে দান করিলেও তাহার দিকে তাঁহারা ফিরিয়াও তাকান না। যিনি কায়মনোবাক্যে ভগবানের শরণাগত হইয়া জীবনধারণ করেন, মুক্তি তাঁহার অনায়াসলভ্য হয়। অতএব ভক্তের আনুষঙ্গিক ও অবান্তর ফলই মুক্তি।

যদি প্রশ্ন হয় যে, শাস্ত্রে কোথাও কোথাও মোক্ষসুখের প্রশংসা হইবার কারণ কি? উত্তর এই যে, ভক্তিসুখের সর্বোত্তমতা প্রতিপাদন করিবার জন্যই মোক্ষসুখের ঐরূপ প্রশংসা করা হইয়াছে। মোক্ষসুখ কেন, এমন কি স্বর্গসুখেরও প্রশংসা দেখিতে পাওয়া যায়। ইহার কারণ এই যে, তুলনামূলে ক্রমশঃ শ্রেষ্ঠ হইতে শ্রেষ্ঠতর, তাহা হইতে শ্রেষ্ঠতম বস্তুর উপাদেয়ত্ব প্রতিপাদন করিবার জন্য এরূপ করা হইয়াছে। আবার শাস্ত্রে স্বর্গসুখ মোক্ষসুখকে নরকাপেক্ষা হেয়তর বলিয়া বর্ণন করা হইয়াছে, কিন্তু ভক্তির স্বাদবত্তা কোন শাস্ত্রে উপেক্ষিত হয় নাই। সর্বত্র ভক্তির উপাদেয়ত্ব ও সর্বোত্তমত্ব প্রতিপাদিত হইয়াছে। ভক্তি যে জীবের একমাত্র পুরুষার্থ, ইহা বলা বাহুল্যমাত্র।

জীব স্বীয় নিত্যস্বরূপে ভগবানের নিত্যকিঙ্কর। সেই স্বরূপের বন্ধনের কোন কথাই নাই। যেখানে বন্ধন নাই, সেখানে আবার মুক্তির কি কথা আছে? জীব অবিদ্যাগ্রস্ত অর্থাৎ কৃষ্ণসম্বন্ধবিস্মৃত হইয়া নিজেকে বদ্ধ বলিয়া মনে করিয়া কষ্ট পাইতেছে মাত্র। জীবের স্বরূপে বন্ধন নাই।

ভক্ত স্বপ্নেও মুক্তি প্রার্থনা করেন না। কারণ 'মুক্তি' মুক্তসুখ দিয়াই নিরস্ত হয়। কিন্তু ভক্ত সর্বদা অতৃপ্ত। তিনি সর্বক্ষণ সর্বেন্দ্রিয়ে ভগবৎসেবা করিয়াও অধিকতর সেবা করিবার জন্য সর্বদা লালায়িত। ভক্তি নিত্য নবনবায়মানভাবে ভক্তকে সেবাসুখ প্রদান করিয়া ভক্তের সেবাকাঙ্ক্ষাকে উত্তরোত্তর বৃদ্ধি করাইয়া থাকে। ভক্তিসুখ পরম মহৎ হইয়াও প্রতিমুহূর্তে নূতন হইতে নূতন, মধুর হইতেও সুমধুর, অধিক হইতে অধিকরূপে অনুভূত হয়। কিন্তু ব্রহ্মসুখের তাদৃশ অনুভব হয় না। কারণ, উহা সামাবিশিষ্ট। মুক্তি হইতে ভক্তির উৎকর্ষের কথা বহু বহু পুরাণেও শ্রুত হয়। শ্রীভগবান্ মহারাজ পৃথুকে পরমোৎকৃষ্ট বর যাচ্ঞা করিতে বলিলে পৃথু মহারাজ বলিলেন—"পিতা যেমন পুত্রকে অনুকম্প হইয়া শ্রেষ্ঠ বস্তু প্রদান করেন, তদ্রূপ আপনিও আমাকে সেইরূপ বর প্রদান করুন।" ভগবান্ তাহাতে "মদ্ভক্তিরস্তু" অর্থাৎ আমাতে ভক্তি হউক, এইরূপ বর প্রদান করিয়াছিলেন। ইহা হইতেই বুঝা যায় যে ভক্তিই সর্বশ্রেষ্ঠ বস্তু। ভগবান্ মুক্তি দিলেও অত্যন্ত প্রিয় ব্যতীত অপরকে ভক্তি দান করেন না। কৃষ্ণপ্রেমই ভক্তের একমাত্র প্রয়োজন। মুক্তি সেই প্রেমার বিরোধী। সেইজন্য ভক্তগণ মুক্তিকে দূর হইতে পরিত্যাগ করেন।

ভক্তিই মুক্তিলাভের উপায়। ভক্তিবিগ্রহ—শ্রীগুরুপাদপদ্ম। তিনিই ভক্তি দান করিতে পারেন। মুক্তি ভক্তের দাসী। সদ্গুরুর শ্রীচরণাশ্রয় ব্যতীত আমাদের ভক্তিলাভের সম্ভাবনা নাই। যেদিন আমরা ভক্তবৎসল শ্রীগুরুপাদপদ্মকে শ্রীচৈতন্যদেবের সহিত অভেদ উপলব্ধি করিতে পারিব তাঁহার শ্রীপাদপদ্ম আমাদের ইহকালের ও পরকালের আশ্রয় জানিয়া দৃঢ় করিয়া ধরিতে পারিব, সেইদিনই আমাদের তাঁহার অহৈতুকী ভক্তি লাভ হইবে। ভক্তিলাভ হইলে মুক্তিলাভ সহজ হইয়া পড়ে। স্বভাবে প্রতিষ্ঠিত হওয়া বা স্বরূপে প্রতিষ্ঠিত হওয়ার নামই মুক্তি।

আত্মমঙ্গল

জীবের নিত্যমঙ্গলাকাঙ্ক্ষী সাধুসমাজ ও মহাজনগণ ভগবদ্ভক্ত-সঙ্গরাহিত্যকেই মানবজীবনের সর্ব্ব অমঙ্গলের হেতু বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। গুরুসঙ্গহীনাবস্থায় আমাদের মন নানা কুবিষয়ে ধাবিত হইয়া থাকে। শ্রীমদ্ভাগবত ভগবদ্ভক্তের সেবাকে সংসার-মুক্তি এবং যোষিৎসঙ্গীর সঙ্গকে ঘোর দ্বার বলিয়াছেন। গীতাতেও শ্রীভগবান্ স্বয়ং কাম, ক্রোধ ও লোভ—এই তিনটিকে আত্মবিনাশী নরকের দ্বার-স্বরূপ বলিয়াছেন। অসৎসঙ্গপ্রভাবে ঐ তিনটিই প্রবল হইয়া উঠে এবং তৎফলে জীবকে নিরয়গামী করায়। উক্ত তিনপ্রকার ঘোর দ্বার হইতে মুক্ত হইয়া মনুষ্য যদি আত্মার নিত্যমঙ্গল সাধন করে, তাহা হইলেই পরা গতি লাভ করিতে পারে।

যাহা হইতে অধোক্ষজ ভগবানে শ্রবণাদি-লক্ষণা, ফলাভিসন্ধানরহিতা, ঐকান্তিকী ও স্বাভাবিকী নিরপেক্ষা ভক্তি উদিত হয়, তাহাই মানবগণের সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম ও নিত্যমঙ্গলপ্রদ। সেই ভক্তিবলে অনর্থ দূরীভূত হয় ও তখন আত্মা প্রসন্নতা লাভ করে। অধোক্ষজ ভগবানে ভক্তিই জীবমাত্রের ঐকান্তিক শ্রেয়ঃ।

ভক্তিই নিত্যচেতন আত্মার নিত্যধর্ম, আমাদের মন বা ইন্দ্রিয়জাত কোন অনিত্য বাসনা দ্বারা ভগবান্‌কে মাপিয়া লওয়া যায় না বা ভক্তিও লাভ করা যায় না। সদ্গুরু-পাদপদ্মে সমর্পিতাত্মা হইয়া নিত্যানিত্য বিবেকোদয় না হইলে অনিত্য দেহমনোধর্ম্মোত্থ ভুক্তি বা মুক্তিবিচারই বহুমানিত হইয়া জীবের সর্ব্বনাশ সাধন করে। মনোধর্ম্মী আমরা মনের কথা বা মনের আদেশ পালন করি বলিয়া নিত্যমঙ্গল লাভ করিতে পারি না। মনের আবেগে চলার দরুণ শোক-মোহ-ভয়-তাপ-ক্লেশ ক্রমশ অপ্রতিহত হইয়া উঠে। ভগবদ্ভজন ছাড়িয়া অর্থাৎ আত্মমঙ্গলের কথা ছাড়িয়া যে পথে আমাদের গতি ও অশান্তির মধ্যে জীবন বৃথায় কাটিয়া যায়। এই প্রকারে জীবনের পর জীবন—কত জীবন আমরা এই সংসার-সমুদ্রে ভাসিয়া বেড়াইতেছি। আমাদের এই দুঃখ দেখিয়াই পরদুঃখদুঃখী কৃপাম্বুধি ভগবদ্ভক্ত কৃপা করিয়া আমাদিগকে বলিতেছেন,—

এ ঘোর সংসারে পড়িয়া মানব
না পায় দুঃখের শেষ।
সাধুসঙ্গ করি' হরি ভজে যদি
তবে অন্ত হয় ক্লেশ।

অধোক্ষজ হরিভক্তি জীবমাত্রের নিত্য পরমধর্ম্ম বা ঐকান্তিক ধর্ম। উহা কোন প্রকারে আমেন্দ্রিয়নীতিশাস্ত্রমূলে বাধিত হইলে উহার ঐকান্তিকতা থাকে না। এইজন্য ভক্তি [illegible] অহৈতুকী ও অপ্রতিহতা। আত্মা চিৎ—নিরপেক্ষা শুদ্ধা স্বাভাবিকী ভক্তি; তাহাতেই তাহার সম্যক্ প্রসন্নতা। কিন্তু দেহ ও মন জড়বস্তুতে আসক্ত হইয়া পড়ে। সেইজন্য বর্ত্তমানে দেহ ও মন এখন আত্মমঙ্গলের মূল বাধা। ভক্তি শ্রবণকীর্ত্তনাদি-লক্ষণান্বিতা। ভক্তিলাভের প্রথম অবস্থায় সাধন। ভক্তিই আত্মমঙ্গললাভের উপায়। ভক্তের কৃপা ব্যতীত ভগবৎকৃপা বা ভক্তিলাভ করা যায় না। এজন্য শাস্ত্রসমূহ ভক্ত-সঙ্গের একান্ত আবশ্যকতার কথা বলিয়াছেন। বহু জন্মের সুকৃতিফলে জীবের ভাগ্যে সেই শুভসঙ্গ লাভ করা যায়।

"ভক্তিস্তু ভগবদ্ভক্তসঙ্গেন পরিজায়তে।
সৎসঙ্গঃ প্রাপ্যতে পুংভিঃ সুকৃতৈঃ
পূর্ব্বসঞ্চিতৈঃ॥"

শ্রীগুরুপাদপদ্মের কৃপার কথা ভাবিয়া দেখিবার সৌভাগ্য—গুরুপদাশ্রয় গ্রহণ করিলে জীবের সমস্ত অনর্থ দূরীভূত হইয়া যায়, জীব ভগবানের কৃপা পাইবার যোগ্যতা লাভ করে। মহাবদান্যবতার গৌরসুন্দর ব্যতীত জীবের আশ্রয় নাই—তাঁহার কৃপা ব্যতীত আত্মমঙ্গল লাভ করিবার আর উপায় নাই।

কৃষ্ণসেবাভিলাষ থাকিলেই হৃদয় শান্ত ও স্থির থাকে, আর অন্যাভিলাষযুক্ত থাকিলে চিত্ত অশান্ত ও চঞ্চল হইয়া পড়ে। সেবোন্মুখতার সহিত সাধুসঙ্গ করিলেই হৃদয় হইতে অনর্থরাজি দূরীভূত হইয়া হৃদয়ে আত্মমঙ্গললাভের জন্য একটা তীব্র পিপাসা জাগে। তখন শ্রীগুরুপাদাশ্রয় হয়। হরিগুরুবৈষ্ণবের সেবায় আত্মমঙ্গললাভ হয়। সেবা ত্রিবিধা সর্ব্বদাই প্রগতিশীলা। হরি-সেবকের জীবন একঘেয়ে নয়। যেখানে হরিসেবায় অরুচিদের একঘেয়ে ভাব আসিয়াছে, সেখানে জানিতে হইবে সেই আত্মমঙ্গলাকাঙ্ক্ষী সাধক তাঁহার সাধনপথে অগ্রসর হইতেছেন না। আর অগ্রসর না হইলেই পিছন দিকে পতনের নিশ্চিতপথে পতিত হইতেছেন। সেইজন্য সাধককে প্রতিমুহূর্ত্তে হরিসেবার জন্য অনুক্ষণ নব নব উৎসাহবিশিষ্ট হইতে হইবে। আত্ম-নিবেদন না হইলে জীবের ভজনসাধন সব বৃথা। নিবেদিতাত্মা ব্যক্তিরই সাধনভজনের পূর্ণতা সম্পাদিত হইয়া থাকে এবং তাহা উপাস্যের তুষ্টি আকর্ষণ করে। শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ করিয়া তাঁহার বাণী শ্রবণ করিয়া সেই শ্রুত বাক্যের কীর্ত্তন করিতে হইবে। আত্মনিবেদন হইলেই সেই কীর্ত্তন সম্ভব হয় এবং তাহা দ্বারাই সত্য সত্য আত্মমঙ্গল লাভ হয়।

দীক্ষা

নিখিলশাস্ত্র শ্রেয়ঃকামী জীবমাত্রকেই সদ্গুরুপাদপদ্মাশ্রয়ে দিব্যজ্ঞানলাভের উপদেশ করিয়াছেন। সদ্গুরুপাদপদ্ম—শ্রীভগবানের প্রকাশবিগ্রহ। স্বয়ং সেব্য ভগবান্ নিজের ভজনের নিগূঢ় রহস্য নিষ্কপট সেবোন্মুখকে জানাইবার জন্য সেবক ভগবান্ শ্রীগুরুপাদপদ্মরূপে জগতে অবতীর্ণ হইয়া থাকেন। সেই সেবক ভগবানের শ্রীচরণাশ্রয় ব্যতীত জীব অন্য কোন উপায়ে ভগবদ্ভজনের নিগূঢ় রহস্য অবগত হইতে পারে না। শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণমূলা শরণাগতি লাভ হইলেই কৃষ্ণ সেই শরণাগত ব্যক্তিকে আত্মসম করিয়া তাঁহার উপর প্রাকৃতস্বরূপ অপসারিত করিয়া তাহাকে শুদ্ধ অপ্রাকৃত চিদানন্দময় দেহ প্রদান করেন—ইহারই নাম দিব্যজ্ঞান বা দীক্ষা। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃতে বলিয়াছেন,—

"দীক্ষাকালে ভক্ত করে আত্মসমর্পণ।
সেইকালে কৃষ্ণ তা'রে করে আত্মসম॥
সেই দেহ করে তা'র চিদানন্দময়।
অপ্রাকৃত দেহে তাঁ'র চরণ ভজয়॥"

স্পর্শমণির সংস্পর্শে যেমন লৌহ স্বর্ণত্ব-প্রাপ্ত হয়, সেইরূপ শ্রীগুরুপাদপদ্মে সমর্পিতাত্মা ব্যক্তির গুরুদত্ত দিব্যজ্ঞান-সংস্পর্শে প্রাকৃত অভিমান দূরীভূত হইয়া অপ্রাকৃত কৃষ্ণদাস্যাভিমান উদিত হয়। শ্রীল প্রহ্লাদ মহারাজ বলিয়াছেন,—

"গুরুশুশ্রূষয়া ভক্ত্যা সর্ব্বলব্ধার্পণেন চ।
সঙ্গেন সাধুভক্তানামীশ্বরারাধনেন চ॥"

অর্থাৎ সমস্ত লব্ধবস্তু ভক্তিসহকারে গুরুপাদপদ্মে অর্পণপূর্ব্বক গুরুদেবের শুশ্রূষা, সাধুভক্তসঙ্গে বা ঈশ্বরোপাসনা [illegible] শ্রীভগবদ্গুণাদি ভগবন্নামাদির অনুশীলন-ফলে শ্রীগুরুপাদাশ্রয়ে ভগবৎকৃপা লাভ হইয়া থাকে। যিনি সেইভাবে দীক্ষিত হইয়াছেন, গুরুসেবাকে নিজের সত্তা বলিয়া বিচার করিয়াছেন অর্থাৎ নিজেকে গুরুসেবার সহিত identify করিতে পারিয়াছেন, তিনিই দীক্ষিত—তিনিই শিষ্য।

যে দিন শিষ্য সর্ব্বাত্মসমর্পণ করিয়া গুরুপাদপদ্ম হইতে মন্ত্রগ্রহণ করেন, সেই মন্ত্রগ্রহণের পর দীক্ষা শেষ হইয়া যায় না, সেই দিন হইতে তাঁহার দীক্ষা আরম্ভ হয় মাত্র। সিদ্ধিলাভ পর্য্যন্ত দীক্ষা চলিতে থাকে। সিদ্ধিলাভে দীক্ষা সম্পূর্ণ হয়। যখন সম্পূর্ণ শক্তি 'কৃষ্ণ আমার' এতাদৃশ হৃদয়ে বর্ত্তমান ও সংযোগ ভাবা গুরুবাক্যপালনের জন্য অভ্যস্ত হয়, তখনই [illegible] হয়। তৎপূর্ব্বে যাহা কিছু করা যায়, সবই কেবল দীক্ষাপ্রাপ্তের জন্য যত্ন বা চেষ্টামাত্র। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব বলিয়াছেন, 'দীক্ষা সাধনকাল পর্য্যন্ত, সাধ্যের পূর্ণাঙ্গত সিদ্ধি। অণু চেতন, স্বল্প আনন্দ, অণু নিত্য প্রত্যেক জীবাত্মার দেহ। অপ্রাকৃত দেহের আত্মা। প্রত্যেক পর্য্যন্ত দীক্ষা। অপ্রাকৃতের জন্য ভজনের যে নিয়ম বা whole process তাহাই দীক্ষা। দৃঢ়তার সহিত সেই নিয়ম পালন-পূর্ব্বক নিজ স্বরূপকে প্রকট করা যায় [illegible] যত্ন করিতে হবে। শ্রবণকীর্ত্তন ও [illegible] ভজন নিয়ম। পর কৃষ্ণ অনুকূল [illegible] পালনই সর্ব্বাদৌ। অনুকূল গ্রহণ ও প্রাতিকূল্য বর্জ্জন পূর্ব্বক চলিতে থাকিবে। এইরূপ করিলেই দীক্ষা চলিতে থাকে। দীক্ষা হ'লে সেই শুভক্ষণ হইতে [illegible] তখন ২০ প্রকার বাধা আসিবে। কৃষ্ণ সেগুলিকে নাশ করিবেন। প্রাকৃতাভিমানই গুরু ও বৈষ্ণবের কৃপায় বা নিজের চেষ্টার দ্বারা দূরীভূত হবে। দীক্ষার পরেও যদি ভোগোন্মুখ থাকে, তবে সেই চিদানন্দময় দেহ হয় না। যার মায়ার দিকে [illegible] থাকে হবে দীক্ষা বা বৈষ্ণবত্ব হ'ল না।"

দীক্ষা সাধারণতঃ দ্বিবিধ—বৈদিকী ও বৈষ্ণবী। বৈষ্ণব দীক্ষা আবার দ্বিবিধ—পৌরাণিকী ও পাঞ্চরাত্রিকী। বেদমন্ত্রে সংস্কৃত হলে 'বৈদিকী' দীক্ষা, অযোগ্য জনে অধিকারানুসারে 'পৌরাণিকী' দীক্ষা [illegible]

মনুষ্যজন্ম সুদুর্লভ

আমরা মনুষ্যদেহধারী জীব—পশু নহি। মনুষ্যদেহেই ভগবানের সন্ধান করিতে পারা যায়, কিন্তু পশুদেহে তাহা পাওয়া যায় না। এখানেই মনুষ্য ও পশুদেহের মধ্যে পার্থক্য। পশুর স্বভাব আহার, নিদ্রা, ভয় ও মৈথুন লইয়া ইন্দ্রিয়তর্পণ করা মাত্র। কিন্তু আমরা মনুষ্যজীবন লাভ করিয়া যদি কেবল ইহাই লইয়া থাকি, তাহা হইলে এমন দুর্লভ জন্ম পাইয়া আমাদের কি লাভ হইল? আমরা ত' পশুর প্রকৃতি, ভগবদুপাসনা ছাড়া আমাদের অন্য কোন কর্তব্য নাই। এই হরিসেবা ত' আমাদের পুরুষার্থ। একথাটা ত' সমস্ত বর্ণ ত' চতুরাশ্রমধর্মের সমান। একমাত্র হরিভজনের মূল। কারণ, এই জন্মেই হরিকীর্তন করা যায়। মানুষেরই ভক্তি সম্ভব। কারণ, মানুষ জানে, আর অপরে অজ্ঞানের ঘোরে। সুতরাং বুদ্ধিমান্ ব্যক্তির মানুষ জন্মে হরিভজন করা উচিত। ইহা ছাড়া আর কি কর্তব্য আছে?

আমাদের লোক ভগবদ্বিমুখ। এই বিমুখতাই পতন। বিমুখ আমরা সতত নিজেন্দ্রিয়তর্পণের জন্য ব্যস্ত। এই ইন্দ্রিয়প্রীতি দুই প্রকার—একটি নিজের জন্য, অপরটি যাঁহাদের সঙ্গে আমার সম্বন্ধ আছে তাঁহাদের সুখের জন্য। স্ব-সুখবাসনা প্রবল হওয়ায় আমাদের এই দুরবস্থা। তাই ভগবৎসেবার দিকে আমাদের লক্ষ্য নাই, লক্ষ্য পড়িয়াছে—দেশের বা দশের উপকারের দিকে—তাঁহাদের ইন্দ্রিয়তর্পণের দিকে—অন্যথা প্রীতি হবে। ভগবানের সন্তোষ পশ্চাতেই রহিল। বিচার। প্রকৃত মানুষ বিচার কিন্তু জগতের বিচার হইতে সম্পূর্ণ বিপরীত।

সাধুগণ বলেন, জীব শ্রীকৃষ্ণের নিত্য দাস। ভগবানের নিত্যসেবা ছাড়া তাঁহার আর কোন কার্য নাই—থাকিতে পারে না ও কোনদিন হইতে পারে না। যাহা কিছু আপাতকর্তব্য বলিয়া বোধ হয়, তাহা বহির্মুখ অবস্থায় মায়ার বিস্তার মাত্র। দৈবী মায়ায় বিমোহিত হইলেই জীবের নিত্য কর্তব্য ব্যতীত অন্য কর্তব্য আছে মনে হয়। যে উপাসনায় জীবের একমাত্র নিত্য কর্তব্য ভগবানের ইন্দ্রিয়তৃপ্তি নাই, তাহা ভগবদুপাসনা নহে, তাহা কপটতা বা মায়া। অধিক কি কথা, জগতের নিকট যাঁহারা শ্রেষ্ঠ বলিয়া পরিচিত সেই বৈদিকগণ'ও দৈবী মায়ায় বিমোহিত হওয়ায় ভগবৎসেবার কথা বুঝিতে পারেন নাই।

ভাগ্য খুব ভাল না হইলে শুদ্ধ ভগবদ্ভক্তির সন্ধান পাওয়া যায় না। অনন্ত জীবের মধ্যে কদাচিৎ কেহ সদ্গুরু পায়, তাহার ভিতর লক্ষ মধ্যে কেহ মহৎসঙ্গের জন্য উন্মুখ হয়, আবার তাহার ভিতর মহাপুরুষের ভিতর কেহ ঠিক ভগবান্‌কে জানিতে পারেন অর্থাৎ তাঁহার শুদ্ধ সেবানন্দের সৌভাগ্য পান। ভগবানের মায়া অলৌকিকী ও দুরতিক্রমণীয়া। ভগবানের শরণাগত ব্যতীত মায়ার হাত হইতে সহজে কেহ পার পাইতে পারে না। কেবলমাত্র যাঁহারা ভগবানেরই শ্রীচরণে শরণাগত হন, সেই অনন্যশরণ ভক্তগণই মায়ার হাত হইতে নিষ্কৃতি পান।

এ জগতে আমরা সকলেই অভাবগ্রস্ত, কিন্তু এই অভাবের মূলে যে কি আছে, তাহা কেহ চিন্তা করি না। স্বভাবে প্রতিষ্ঠিত হইলে আর অভাব থাকে না। সেই অভাব আর কিছুই নহে, তাহা ভগবদ্বিমুখতা। সুতরাং ভগবদ্বহির্মুখতাই যে অভাবের মূল তাহাতে আর সন্দেহ কি? এই বহির্মুখতা থাকাকালে আমাদের অভাব যাইবে না। কৃষ্ণভক্তির যে অভাব, সেই অভাবই প্রকৃত অভাব। অন্য সব অভাব সমস্তই কাল্পনিক এবং অভাব। তজ্জন্য বাস্তব বিমুখতা যাইবার অন্য উপায় নাই। আমরা যদি কায়মনোবাক্যে সাধুসঙ্গ করি, তবে আমরা আমাদের স্বরূপে প্রতিষ্ঠিত হইতে পারিব, ভগবানের নিত্যদাস্য আমাদের লাভ হইবে। বহুজন্মের সুকৃতিফলে কোন ভাগ্যবান্ জীব সাধুসঙ্গের সন্ধান পায়। তাঁহার পাদপদ্ম আশ্রয় করিলে জীব ভগবদ্ভজন করিতে পারে, তাহার কেবল এই মনুষ্যদেহে সম্ভব। চৌরাশী লক্ষ যোনির মধ্যে মনুষ্যজন্ম অতি দুর্লভ, তবু দুর্লভ নহে, তাহা সুদুর্লভ। সেই অতি বহুভাগ্যে একবার হরিভজনের সুযোগ লাভ করা যায়। সেই সুযোগ হারাইলে আর পাওয়া যায় না।

এ জগতে মানুষ প্রভু পদবাচ্য হইতে পারে না। প্রভু হইতে গিয়া দাস হইয়া পড়ে। আমরা স্ত্রীর প্রভু, পুত্রের প্রভু, অর্থের প্রভু, সমাজের প্রভু এবং আরও কত কিছুর প্রভু হইতে চেষ্টা করি। কিন্তু প্রকৃতপক্ষে হইয়া পড়ি তাহাদের দাস, তাহাদের পশ্চাৎ পশ্চাৎ ঘুরিয়া এই অবস্তুর সেবায় রত। এইরূপই কি এত দুর্লভ মনুষ্যজন্ম পাইবার? ইহাই কি আমাদের জীবনের উদ্দেশ্য? মৃত্যু যে অতি নিকট, তাহা চিন্তার বিষয়। হইলে ভগবদ্ভজন ব্যতীত আমাদের অন্য কাহারো আশ্রয় হইবার সময় কোথায়? যেদিন আমাদের বিষয়াসক্তবুদ্ধি একেবারে নিরাসক্ত ভগবানের সেবায় নিযুক্ত হইবে, সেইদিনই আমরা স্বভাবসিদ্ধ হইয়া স্ব-স্বভাব ফিরিয়া পাইব। তখনই বুঝিতে পারিব যে, ভগবানের সেবা বিশ্বব্রহ্মাণ্ডের যাবতীয় জীবের একমাত্র ধর্ম এবং ইহাই জীবের চরম ও পরমোৎকর্ষ, অন্যত্র প্রকৃত লাভ হইল। শরণাগতিতে হরিভজনেই মনুষ্যজীবনের সার্থকতা। এতদ্ভিন্ন সমস্তই নরকগমনের পথ। মানুষেরই চৈতন্য হয়। শ্রীগুরুপাদপদ্মের কৃপায় মানুষ যাহা এ জগতে দুর্লভ বস্তু লাভ করিয়া থাকে। তাই কোন মহাজন গাহিয়াছেন—

দুর্লভ মানব- জনম সৎসঙ্গে
তরহ এ ভবসিন্ধু রে।

যৎকিঞ্চিৎ

(প্রাপ্ত)

এই হরিবিমুখ জগতে আমাদের আপন বলিতে একমাত্র গুরুবৈষ্ণব আছেন। তাঁহারা ছাড়া আমাদের নিজের লোক বা বান্ধব আর কেহ নাই। আমাদের প্রকৃত স্বজন গুরুবৈষ্ণবকে বাদ দিয়া অন্য কাহাকেও নিজের লোক মনে করিলেই ঠকাইবে। বিশ্বজনের নাথ—একমাত্র গুরু-বৈষ্ণব-ভগবান্ ও শাস্ত্র। গুরু, বৈষ্ণব ও ভগবান্ এই তিনজনই আমাদের প্রভু, আমরা তাঁহাদের নিত্য অযোগ্য কিঙ্কর। ইঁহারাই আমাদের প্রভু, আমাদের রক্ষক, নিয়ামক, আমাদের পালক। দুর্বল জীবের রক্ষাকর্তা না থাকিলে পদে পদে মায়া আসিয়া তাহাকে বিড়ম্বিত করে। জীবনদাতা—গুরুবৈষ্ণব। গুরুবৈষ্ণবের আশ্রিত জনই জীবিত, এতদ্ব্যতীত আর সবই জীবন্মৃত। ভগবদ্বিমুখই জীবন্মৃত। জীবের জীবন—ভগবান্। ভগবৎস্মৃতি যাঁহার নাই, ভগবানের পরিবর্তে অন্য উদ্দেশ্য যাঁহার মনোধর্ম অবলম্বন। সর্বতোভাবে অধিকার করিয়া রাখিয়াছে, তাঁহার জীবন বৃথা। মনুষ্যজীবন লাভ করিয়া ভগবদ্বিমুখ হইয়া জীবনযাপনের কোন প্রয়োজন নাই। ভগবানের ইন্দ্রিয়তর্পণ প্রবৃত্তি সেবকতা আছে বলিয়াই মানবই সর্বশ্রেষ্ঠ জীব। সেবাপরতার সম্যক্ প্রকাশ, হইতে, যাহাতে মনুষ্যজীবনে, জীবের চেতনতার উদ্বোধনের চেষ্টা করেন যাঁহারা, পূর্ণচেতন ভগবচ্চরণে শরণাগত হইবার জন্য সর্বক্ষণ প্রেরণা দেন যাঁহারা, তাঁহারাই গুরুবৈষ্ণব। ইঁহারাই আমাদিগকে সর্বক্ষণ চেতনের কথা শুনাইয়া—চেতনতায় উদ্বুদ্ধ করিয়া আমাদিগকে রক্ষা করেন। হরিই সর্বজীবের প্রাণ। গুরুবৈষ্ণবগণ সর্বক্ষণ হরিকথা কীর্তন করিয়া আমাদের হৃদয়ে প্রাণ প্রতিষ্ঠা করেন—অচেতনের কোলে সুপ্ত আমাদিগকে পরম-চেতন ভগবচ্চরণে আকর্ষণ করেন। সুতরাং এই বিশ্বে পরমদয়াল, পরমকরুণাময় বিশ্বাসবাসিত শ্রীগুরুপাদপদ্ম ও ভক্তিমান্ বৈষ্ণবগণ ব্যতীত আমাদের বান্ধব বা রক্ষাকর্তা আর কে আছেন? শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন—

অপ্ত আপনা নাহি যায়, তার প্রাণপণ তার
ছাড়িবার যোগ্য নাহি হয়।
যত পাপপুরে নাথ করে সেই দিনপাত
তব পদে তাহার আশ্রয়॥

শ্রীগুরুপাদপদ্মের আশ্রিতের ভয় নাই, তিনি নির্ভীক। শ্রীগুরুপাদপদ্মে আশ্রিত হইতে পারিলে যে কোন স্থানে অবস্থান করিতে পারা যায়, তাহাতে ভজনের কোন বিঘ্ন হয় না। সাধকের বহু বাধা বিঘ্নকে ভক্তকে আশ্রিত ও পালন করিবার জন্য। গুরুপাদপদ্মে আশ্রয় লাভ হইলে আর বাধা বিঘ্ন কিছু ক্ষতি করিতে পারে না, বরং সেবার সহায়তাই করে।

শ্রীধামে কীর্তন

বিশ্ববিজয় শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিদেব সাগর মহারাজ কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে শ্রীধামে শুভবিজয় করিয়া শ্রীধামবাসী ভক্তগণের নিকট সর্বক্ষণ হরিকথা কীর্তন করেন। স্বামীজী গত ২৫শে সেপ্টেম্বর বুধবার সন্ধ্যারাত্রিকের পর শ্রীচৈতন্যমঠে শ্রীমদ্ভাগবত ১১শ স্কন্ধ হইতে বহু অমূল্য উপদেশ প্রদান করেন। গত ২৬শে ও ২৭শে সেপ্টেম্বর সন্ধ্যার পর স্বামীজী যথাক্রমে শ্রীযোগপীঠ-শ্রীমন্দির ও শ্রীশ্রীবাস-অঙ্গনে হরিকথা কীর্তন করেন। তাঁহার নিকট সুসিদ্ধান্তপূর্ণ বীর্যবতী হরিকথা শ্রবণ করিয়া শ্রীধামবাসী সকলেই উপকৃত হন।

জীবে সাক্ষাৎ নাহি তাতে গুরু চৈত্ত্যরূপে। শিক্ষাগুরু হন কৃষ্ণ মহান্তস্বরূপে॥

অন্তর্ভুক্ত-মঠসমূহ

১) শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া,
সেবক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার;
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১০
সেবক—শ্রীঅনন্তবাসুদেব দাসাধিকারী

৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তবিলাস ভক্তিশাস্ত্রী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমদন্দনন্দ ব্রহ্মচারী

(৮) অপকৃষ্ণকাজুলীমঠ্যাপার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীসুমঙ্গল দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণ দাসাধিকারী

(১১) সারঙ্গধাম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) ব্যেঙ্কটরমন-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীরঞ্জন দাস অধিকারী

(১৩) কুলদীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর,নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) অমৃতদেব-গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীবাসদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাউগাছা, (শ্রীনৃসিংহদেবের প্রাচীন বিগ্রহস্থলী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগৌরচন্দ্রদাস বাবাজী

১৭। ঋতুদ্বীপ
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীঅচ্যুতানন্দ সেবাবিলাস

(১৮) অপরাজিত-অঙ্গন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনীলমাধব ব্রহ্মচারী

(১৯) একচক্রামঠ
শ্রেষ্ঠকুটী, পোঃ বীরচন্দ্রপুর, (বীরভূম)
সেবক—শ্রীজ্যোতিশ্চন্দ্রারণ ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
চাঁদপাড়া, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রহ্মচারী

(২১) নারায়ণ-গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীবাসুদেব ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চটক পর্বত
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) মাধগৌড়ীয়মঠ
বারিধারা পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রীনিত্যানন্দপ্রভু দাসাধিকারী

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রীবামনদাস ব্রহ্মচারী

(২৫) পশুতীর্থ-গৌড়ীয় মঠ
পোঃ পাথরঘাটা, (ঢাকা)
সেবক—শ্রীনীলমাধবদাস অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীপদ্মাকর দাসাধিকারী

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রীমদনমোহন দাস অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীগৌরসুন্দরশ্রীচৈতন্য দাস

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাহাড়িয়া রোড, দার্জ্জিলিং
সেবক—শ্রীমহাপুরুষ দাসাধিকারী;

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠ
পোঃ নবীনগর, ভাঃ শাখাপাড়া, চট্ট. গ্রাম
সেবক—শ্রীভাগবত ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মছুয়াটোলি পাটনা।
সেবক—শ্রীসর্ব্বানন্দপ্রভু দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
গয়া রোড গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

(৩৩ নূতন দিল্লী গৌড়ীয় মঠ
৮৭৩১ বড় গভী রোড, নেপালী সিট
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপানন্দ ব্রহ্মচারী

(৩৫) সনাতন মঠ,
পোঃ মির্জাপুর, সীতাপুর ইউ পি।
শ্রীজগমোহন ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণগড়, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলাম্বর ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীনন্দদুলাল দাসাধিকারী

(৩৯) একাদশাঙ্গন-সুখকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রীবিদ্যাধর ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন
সেবক—শ্রীনিত্যানন্দ ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন মঠ
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪৩) মহেন্দ্র বিহারী মঠ
মথুরা, মথুরা।
সেবক—শ্রীবনবিনোদ ব্রহ্মচারী

(৪৪) কাম্যবন গৌড়ীয়মঠালয়
পোঃ কাম্যবন, মথুরা
সেবক—ঐ

(৪৫) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৬) গৌড়বিহারী মঠ—দেবগাড়ী,
পোঃ দেরাদুন, জেলা গুজরাট (পাঞ্জাব)
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

৪৭। ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
সেবক—শ্রীপরমেশ বিষ্ণু দাসাধিকারী

(৪৮) দিল্লী গৌড়ীয় মঠ
৫৫নং কোটলা রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীপদ্মনাভ পান্ডা

(৪৯) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কম্বালাহিল
বোম্বে
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৫০) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
সেবক—শ্রীরেবতীরমণ ব্রহ্মচারী

(৫১) মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গুন্টুর গোদাবরী মাদ্রাজ
—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫২) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

৫৩। পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

৫৪। ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

৫৫ সীতাকুটী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৬) ভিজ্জি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক – শ্রীকেশব ব্রহ্মচারী

(৫৭) শ্রীসচ্চিদানন্দ মঠ
সত্যপ্রাগিপি, পোঃ কটক। উড়িষ্যা।
সেবক—শ্রীপ্রেমপ্রয়োজন ব্রহ্মচারী

(৫৮) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

৫৯) শ্রীজগন্নাথ গৌড়ীয়-প্রপন্ন-আশ্রম
পোঃ কলকৃষ্ণা, গঞ্জাম
সেবক—শ্রীত্রিভুবনমোহন দাস ব্রহ্মচারী

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিরঞ্জীবি, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক শ্রীভগবানদাস ব্রহ্মচারী

(৬১) আসাম গৌড়ীয়মঠ
পোঃ আসাম, গৌহাটী
সেবক—শ্রীকৃষ্ণশরণ ব্রহ্মচারী

(৬২) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ আমলাজোড়া (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবদ্বীপ ব্রহ্মচারী

(৬৩) চেতলা গৌড়ীয়মঠ
ভূতরকুটা, পোঃ চিৎকুটা, (মানভূম)
সেবক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী

(৬৪) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৭০১ নং ক্যানিং ষ্ট্রীট, রেঙ্গুন ( )
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

(৬৫) লণ্ডন গৌড়ীয়মঠ
গ্লাষ্ট নং ২
৫১, আর্লস কোর্ট
স্কোয়ার, লণ্ডন, এস ডব্লিউ ৫
সেবক—স্বামী শ্রীবিনোদবাণী দাস

(৬৬) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
২৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৭) গৌড়ীয়মঠ অফিস
লক্ষ্ণৌ, (ইউ-পি
সেবক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৬৮) শ্রীবিশ্ববিধি গৌড়ীয়মঠালয়
চণ্ডীগড়, চট্টগ্রাম
সেবক—শ্রীকৃষ্ণাদিকৃষ্ণ ব্রহ্মচারী

(৬৯) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
এবরসপুর (পাঞ্জাব)
সেবক—শ্রীঅচিন্ত্যগোবিন্দ ব্রহ্মচারী

(৭০) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৭১) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
সিমলার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

(৭২) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনরকিশোরদাস অধিকারী

(৭৩) শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীভক্তিবিনোদদাস অধিকারী

(৭৪) নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু দেব শর্ম্মা

(৭৫) পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্, কটক
সেবক শ্রী... ব্রহ্মচারী

(৭৬) শ্রীচৈতন্যমঠ মাতৃভবন
চিত্রকোষাগার
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্যামসুন্দর ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	৮০		।৵০	।০
" " ইঞ্চি	২৲		৸০	১৲
সিকিকলম	৫৲	৩৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩	৩।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৩৫	৩০

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৫৲
ষাণ্মাসিক	"	২৸০
ত্রৈমাসিক	"	১৲
মাসিক	"	[illegible]

প্রতি সংখ্যা ৴৫ ; [illegible] সংখ্যা৷৹ ভিক্ষা জানিবে।

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর ছাত্রাবাসের ব্যবস্থা হইয়াছে আহার ও সেবকবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিতেছে। বর্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত ; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জী সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সকল সরল প্রণালীটি ইহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই পরমানন্দিত ও পরম উপকৃত হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল। প্রচ্ছদপট ত্রিবর্ণে অতিসুন্দর কাগজে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—নতুন প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ নবাবী, বারিসাল, ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও কাজের কথা দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু স্থানে সংগ্রহ প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোহর। ইহাতে ১০০টী উপাখ্যান, প্রবাদ ও প্রায় ৫০টী চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ।৷০ আনা। প্রাপ্তিস্থান—নতুন প্রিন্টিং ওয়ার্কস, পোঃ নবাবী, বারিসাল, ঢাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল সারদাচরণ ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অতুলনীয় সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ সাধন জীবনের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের দুরূহাংশ অংশের বোধ্য অন্বয়ে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অর্থ ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ অনুসারে শ্রীল শ্রী বলদেবকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শাংশী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান- শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩॥০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

৩। ভাগবত—বিহারের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—শ্রীনবনীলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে দেশ তথা বঙ্গের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও সন্ন্যাসী সম্ভ্রান্ত ভদ্রগণ সময় সময় প্রশ্ন করিয়াছিলেন, তাহার তত্ত্বসিদ্ধান্তপূর্ণ উত্তরসমূহ এই গ্রন্থে গ্রথিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবরসিদ্ধান্তসংরক্ষণে ও তদনুকূল সদাচারস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী শ্রীকৃষ্ণপ্রেষ্ঠবর আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সুহৃদ্বর্গ ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়

ভিক্ষা—৸০ আনা মাত্র

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের অভিনব বিরাট সংস্করণ প্রকাশিত, [illegible], পরিশিষ্ট নির্ঘণ্ট, অধ্যায়বিবরণ, স্থানসূচী প্রভৃতি সহ শ্রীগৌড়ীয়মঠ কর্তৃক প্রকাশিত হইয়াছেন।

সটীক শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'ভক্তি'-টীকা, সর্ব্বের আলোচ্য ভূমিকা ও সূচীসহ অক্ষরপূর্ণ পরিশিষ্টসহ নব সংস্করণে গৌড়ীয়মঠ কর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—/০ আনা মাত্র

প্রাপ্তিস্থান:—

শ্রীনবকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
শ্রীযুক্ত সুশীলরঞ্জন রায় এম-এ, বি-এল,
পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৩৮
দশম স্কন্ধ— ৯
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৯
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৫৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা সংস্কার দীপিকা ১৷০
৯। বৈবর্ত্ত ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। [illegible] ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ৷৵০
২১। [illegible] ৷৵০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপধাম (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ১৲
অবাঁধা) ১৲
২৬ গীতার কেবল মাত্র-ভাষা ।০
২৭। [illegible] সানুবাদ ১৲
২৮। বেদান্তসূত্র (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)
(বাঁধা ৸০
৩০। [illegible]
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ১৲
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা)
৩৫। গীতমালা
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমার
৪০। শরণাগতি
৪১। গীতাবলী
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা
৪৩। সাধনতত্ত্ব
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চনতত্ত্ব
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পকেট সাইজ)
৪৯। [illegible]
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৩
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। [illegible] বা সাধ্যসাধনপদ্ধতি
৫৬ ভারতবর্ষ ও [illegible] ৶০
৫৭। ঈশোপনিষৎ (অন্বয়াদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবেদ
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০ সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২ সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ।০
৬৩। সটীক [illegible] ।০
৬৪। [illegible]
৬৫। সাধনার বিশ্লেষণ ৵০
৬৬। গৌড়ীয়বস্তুদর্শিকা ৴০
৬৭। প্রার্থনাবলী ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন [illegible] ।০
৭০। নামভজন ৴০
৭১। [illegible] ।০
৭২। বৈদিক [illegible] ৷৵০
৭৩। [illegible] শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। [illegible]
৭৫। [illegible]
৭৬। ঐ [illegible]
৭৭। [illegible]
৭৮। [illegible] ৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য, [illegible] ১৫৲

হিন্দী ভাষায় প্রকাশিত

৮০। [illegible]
৮১। [illegible]
৮২। [illegible]
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। [illegible] ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সর্ব্বজনবিদিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অলৌকিক জীবনচরিত এতদিনকাল লিপিবদ্ধ আকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যগণের অন্যতম [illegible] ও 'গৌড়ীয়' সম্পাদক মহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সঙ্কলিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থে লেখকের ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। গ্রন্থখানি ১২৫ পৃষ্ঠায় সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান- ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক [illegible] মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল [illegible] সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এম এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত [illegible] আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই গ্রন্থটি, অভিনব ও অদ্বিতীয় এবং মানচিত্র ও বিশেষ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক মতের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই [illegible] অধ্যায়ে প্রায় [illegible] পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের শুভাশীঃ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত শব্দসূচী ও শব্দার্থ-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৪১	৬-১৯	৭ ১০	১৩-১৬	১৩-৫৩	১৭-৫৩	২২-৫১
দমদম ,,	৫-৫৮	৬-৩৫	৭ ৩০	১৩ ৩৭		১৮-১১	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৬-১৮	৮ ০ ৭	৯-১৬	১৫-৩	১৮-৩৮	১৯-৪২	০-২৫
(বদল) ছাঃ	৬-৩০	৮-৫	৯-৩৭	১৫-১৭	১৮-৪২	১৯-৪৭	০-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-৩২	৮-৫৮	১০-৮	১৫-৫১	১৯-১৭	২০-১২	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০-৩১	১৫-০	১৭-৫২	২০-৩০	
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫১		১১-১০	১৫ ৫০	১৮-১১	২১ ১০	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৯
দমদম ,,	১১-২০
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩ ২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (গাড়ী বদলাইবে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪
ছাঃ	১৪-০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৪০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮	৯-১০	১৪-৫	১৬-০	১৮ ৩১		
কৃষ্ণনগর পৌঃ	৬-৪৬	৯-৪৮	১৪ ৫৫	১৬ ৩০	১৯-১১		
ছাঃ	৭-৯	৮-৫০	১১-৪১	১৭ ৫৬	১৯-২	২০-৫৭	৩-৩৬
রাণাঘাট পৌঃ	৭-৪৪	৯-৩৩	১২-২৬	১৭-৫১	২০-১০	২১ ৩২	৪-১৫
(বদল) ছাঃ	৭-৫২	৯-২৬	১২-৩৬	১৭-৪৩	২০-১৮	২১-৩৪	৪-২৩
দমদম ,,		১১-৩		১৯-০		২৩ ৯	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪-২১	১৯ ২৬	২১-১৫	২৩-২৭	৬-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ	১৪ ১৬
কৃষ্ণনগর পৌঃ	১৪-৫৫
ছাঃ	১৫-১০
শান্তিপুর পৌঃ	১৫-৫১
(বদল) ছাঃ	১৬ ৫০
রাণাঘাট পৌঃ	১৭-৩৫
(বদল) ছাঃ	১৭-৪৩
কলিকাতা পৌঃ	১৯-২৬

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ২৪নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর গোয়াড়ীতে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় দুর্ব্বল, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। [illegible] ইহার কাট্তি অত্যন্ত অধিক। [illegible] প্লীহা সংযুক্ত জ্বরাদির এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৮/০ দশ আনা, বড় বোতল ১৮/০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—৯১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।
অথবা
পোঃ বেহালা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৩শ বর্ষ ১২ পদ্মনাভ ৪৮৪ গৌরাব্দ ১৯শে আশ্বিন বঙ্গাব্দ ১৩৭৭, ৫ই অক্টোবর ইং ১৯৭০, শনিবার ১৮১-৮২ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৯ পদ্মনাভ অবধি ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৮৪

শ্রীল প্রভুপাদের হরিকথা

—:(॰):—

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর আমাকে একদিন একটি বড়ই মূল্যবান্ কথা ব'লেছিলেন—'সেদিক্ থেকে—মুক্ত-ভূমিকা থেকে - কৃষ্ণের দিক্ থেকে দেখ, সব ঠিক আছে; কৃষ্ণসম্বন্ধ ও ভজনযুক্ত অবস্থা থেকে দেখ্‌লে কোন অসুবিধা নাই—সব ঠিক আছে। আর এ দিক্ থেকে—বদ্ধ-ভূমিকা থেকে—মেপে নেওয়া অবস্থা হ'তে দেখ্‌লে দেখ্‌বে সব উল্টোপাল্টা।'

———

জগৎ আমার ভোগ্য, আমি ভোক্তা ইহাই জগদ্দর্শন। আমরা বিশ্বের উপর প্রভুত্ব বিস্তার কর্‌ব, এইভাবে অনুপ্রাণিত হ'য়ে যে বিশ্বদর্শন, তাহাই আমাদের বন্ধনের কারণ। বিশ্ব আমাদের ইন্দ্রিয়ের তুষ্টিবিধান করুক, এই বিচার হইতেই সংসারের উৎপত্তি। মানবের বিবর্ত্ত হ'চ্ছে এই বিশ্ব দেখে। যদি আমাদের স্বরূপাবস্থা লাভ হয়, বন তখন আমার ইন্দ্রিয়তর্পণের বন নহে—অধোক্ষজ শ্রীকৃষ্ণের ইন্দ্রিয়-তর্পণের বন। স্বরূপের অভিজ্ঞান হইলে সর্ব্বক্ষণ ভগবদ্‌ভজনের চেষ্টা হইবে, তখন অন্য কার্য্যের সময় থাকিবে না। তখন ক্ষোভের কারণ উপস্থিত হইলেও চিত্ত ক্ষোভিত হইবে না। হরিসেবা ব্যতীত ক্ষণকালও অন্য কার্য্য করিতে প্রাণ কাঁদিয়া যাইবে—হরিসেবা ব্যতীত বিন্দুমাত্র কালেরও ক্ষেপণ হইবে না, কৃষ্ণের বিষয়ে স্বাভাবিকী বিরক্তির উদয় হইবে। নিত্য উৎকর্ষ থাকা সত্ত্বেও মানশূন্য অবস্থা হইবে, হৃদয়ে স্বভাবতঃই ভগবৎপ্রাপ্তি-বিষয়ে দৃঢ় আশা পোষণ করিবে, অভীষ্টলাভের জন্য সমুৎকণ্ঠা হইবে, শ্রীনামসংকীর্ত্তনে সর্ব্বদা রুচি থাকিবে, ভগবদ্‌গুণবর্ণনে আসক্ত ও ভগবদ্‌বসতি-স্থানে প্রীতি হইবে। অনর্থ-নিবৃত্তি হইলে এই সব লক্ষণই প্রকাশিত হইবে।

———

জগদ্দর্শন কর্‌তে গিয়েই কর্ম্মকাণ্ড, জ্ঞানকাণ্ড ও অন্যাভিলাষ। এ জগতের লোক কেবল মাপ্‌ছে। নিজেরা মেপে নেব—এই বিচারটি হ'চ্ছে বিশ্বদর্শনের বিচার। এতে সংসার লাভ হ'বে, ব্রজে যাওয়া যা'বে না। বৈষ্ণব হওয়া বা করা যায় না। বিশ্বের সকলেই স্বরূপতঃ বৈষ্ণব, সেই স্বরূপ উপলব্ধি কর্‌তে হ'বে। যখন গুরুপাদপদ্মকে যথার্থ পণ্ডিত ব'লে জ্ঞান হ'বে, তখনই ব্রজে যা'বার রাস্তা হ'ল। আর যখন মনে হ'বে তিনি তা নন, তখনই মুস্কিল।

হরিসেবার জন্য কথা বল্‌তে বল্‌তে হরিনাম কর্‌তে কিছু আপত্তি নাই, কারণ হরিনাম ও হরিসেবার কথা একই বস্তু। কিন্তু হরিকথার ছলনায় বিষয়কথা হ'লে অসুবিধা হ'বে। যদি আমরা মনে করি—তৃণাদপি সুনীচ ও তরুর ন্যায় সহিষ্ণু হ'য়ে সত্যকথা বল্‌লে কেহ ভিক্ষা দেবে না, সেরূপ পাপীগণের নিকট হ'তে যেন আমরা ভিক্ষা না চাই। যাহারা কিছুতেই সত্য কথা নিবে না, সেইরূপ পাপীগণের কি সাধ্য আছে যে, তাহারা কৃষ্ণকে নৈবেদ্য প্রদান কর্‌তে পারে? আর আমরাই বা কৃষ্ণের প্রকৃত উচ্ছিষ্ট না হ'লে তা' গ্রহণ কর্‌তে যা'ব কেন?

যিনি ভগবদনুশীলন করেন, তিনি জগতের কোন বস্তুর ধার ধারেন না। তিনি বিষয়ী, ধনী, নামজাদা লোক—কাহারও তোষামোদ করেন না, তিনি কেবল সত্য কথা বলেন।

অমনায়ক একজন যোদ্ধা, ঐশ্বর্য্য নায়ক আর একজন যোদ্ধা, পাণ্ডিত্য নামক তৃতীয় প্রকার যোদ্ধা ও সৌন্দর্য্য নামক চতুর্থ প্রকার যোদ্ধা আছে। এই সকল যোদ্ধাকে গোপীজনবল্লভের সেবায় নিযুক্ত না করিলে এ'দের কবলে প'ড়ে যে'তে হ'বে। কৃষ্ণ যদি জীবকে দয়া করেন, তবেই হরিসেবা করা যায়। নতুবা মানুষের চৌদ্দপুরুষের সাধ্য নাই যে, এত হাঙ্গামা কাটিয়ে হরিসেবা করতে পারে। হরিসেবা তামাসার কথা নয়।

———

শ্রীনামভজনে দিব্য ভজন ও বিপ্রলম্ভ ভজন উভয়ই আছে। শ্রীনাম সংকীর্ত্তন বস্তু। তাঁহার ভজন কখনও লঘু ব্যাপার হইতে পারে না। যাঁহারা নামাপরাধে আচ্ছন্ন—নামের কৃপা পান নাই, তাঁহাদের নিকটেই নামভজন লঘু বলিয়া বিচারিত হইয়া থাকে।

———

শ্রীগুরুকৃপা ও শ্রীকৃষ্ণকৃপা পৃথক্ নহে। কৃষ্ণ তাঁহার প্রেষ্ঠজনের সেবা ব্যতীত আর কাহারও সেবা অঙ্গীকার করেন না। সকলের সকল সেবা গুরুদেব কর্ত্তৃকই কৃষ্ণের চরণে নিবেদিত হয়। কৃষ্ণের প্রসাদ তাঁহার দ্বারাই আমাদের নিকট উপস্থিত হয়। যাঁহাকে নিত্যসেবা ক'রতে হইবে, তিনি ব্রহ্মাণ্ডবাসী নহেন।

———

ভগবান্ অসুবিধার মধ্যে ফে'লয়া আমাদিগকে পরীক্ষা করেন। তিনি প্রকৃত ভগবৎ-সেবক, তিনি কোন অবস্থাতেই বিচলিত না হইয়া সর্ব্বাবস্থাতেই কায়মনো-বাক্যে ভগবানের সেবা করেন; প্রাকৃত ক্ষোভ অথবা জাগতিক চিন্তাস্রোতঃ তাঁহাকে স্পর্শ করিতে পারে না, তিনি মুক্ত-ভূমিকায় অবস্থিত।

———

যেন আমি বুঝ্‌বো—যখন আমি দেখ্‌বো যেমন গাছটা ভজন কর্‌ছে—নিজের পাতা ভজন কর্‌ছে পুষ্পটী ভজন কর্‌ছে [illegible] ভজন কর্‌ছে—[illegible] কেবল [illegible] [illegible] আমি [illegible] [illegible]

কৃষ্ণ আমায় পালে রক্ষে জান সর্ব্বকাল। আত্ম-নিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল॥

হরিকথা-প্রসঙ্গ

ঐশ্বর্য্যোপাসনা ও স্বরূপোপাসনায় [illegible] বৈশিষ্ট্য আছে। নারায়ণের উপাসনায় ঐশ্বর্য্য, সম্ভ্রম বা গৌরবের প্রকটই প্রবল, পরব্যোমে বৈকুণ্ঠে [illegible] পূজা [illegible] স্থান। ঐশ্বর্য্য [illegible] নারায়ণ [illegible] [illegible] [illegible] উপাসনা বৈকুণ্ঠ [illegible] মধ্যে [illegible] নারায়ণ [illegible] পূর্ণরূপে প্রকাশ করে নাই। [illegible] স্বয়ং ভগবান স্বরূপ, দ্বারকায়, মথুরায় ও বৃন্দাবনাদি [illegible] প্রকাশ করিয়াছে। শ্রীগৌরাঙ্গদেবের শ্রীবাসাঙ্গনের উপাসনায় লক্ষ্মীনারায়ণ উপাসনা অপেক্ষা কিঞ্চিৎ স্বরূপ-শক্তির পরিচয় পাওয়া [illegible] সেই সীতারামের উপাসনা ঐশ্বর্য্য-যুক্ত [illegible] সীতারামোপাসনায় [illegible] কথাই নাই, [illegible] বিবাহিত রুক্মিণী ও রুক্মিণ্যাদি [illegible] [illegible] মাধুর্য্যের সৌন্দর্য্য প্রস্ফুটিত হয় নাই।

- - - -

ভগবান্ শ্রীহরি—পূর্ণ, পূর্ণতর ও পূর্ণতম এই তিনভাবে প্রকাশিত। প্রাকৃতের অতীত কেবল চিন্ময়ালোক অপ্রকটের প্রকাশক হরি—পূর্ণ, সর্ব্বাংশের বর্ম প্রকাশক হরি—পূর্ণতর, আর যাঁহাতে অখিল গুণ প্রকাশিত, সেই হরিই পূর্ণতম। গোকুলে হরির পূর্ণতমতা, মথুরায় পূর্ণতরতা আর দ্বারকায় পূর্ণতা প্রকাশিত হইয়াছে। ঐশ্বর্য্য-প্রধান মাধুর্য্যাংশমধ্যে দ্বারকের কৃষ্ণ—পূর্ণ, মাধুর্য্যপ্রধান ঐশ্বর্য্যমিশ্র মথুরার কৃষ্ণ—পূর্ণতর, আর কেবল মাধুর্য্যময় বৃন্দাবনের গোকুলের কৃষ্ণ—পূর্ণতম।

- ——

কৃষ্ণের অহৈতুকী অপ্রতিহত শাশ্বত ভক্তি। অন্যাভিলাষিতাশূন্য কৃষ্ণবিমুখতা পরিহারপূর্ব্বক কৃষ্ণোন্মুখ হইয়া কৃষ্ণসুখের জন্য যে অনুশীলন, তাহাই শুদ্ধা ভক্তি। ভক্তিতে কৃষ্ণপক্ষ লোকের কথা আছে। ভক্তি জিনিষটী কৃষ্ণকে সুখী করা। ভক্তের হইয়া কৃষ্ণের যে অনুকূল সেবা, তাহাই কৃষ্ণসেবা। দাস কখনও তাহাতে নিজ সুখ অন্বেষণ করে না। যে সেবা প্রভুর সুখ-বর্দ্ধন করে না, তাহা সেবা নহে। কৃষ্ণকে সুখী করিতে গিয়া যদি ভক্তকে বর্ণাশ্রমধর্ম্মে সদাচার পরিত্যাগ করিতেও হয়, তথাপি ভক্ত তাহাতে পশ্চাৎপদ হন না। এমন কি, প্রভুকে সুখী করিবার জন্য ভক্তকে যদি নিজের প্রাণ পর্য্যন্ত বিসর্জ্জন করিতে হয়, ভক্ত তাহাও আনন্দে বরণ করিয়া থাকেন। ভক্ত স্বর্গও কামনা করেন না, নরকেও ভয় করেন না। তাঁহার উভয় কামনা না থাকায় তিনি নিষ্কাম, তাঁহার কোন ভয় না থাকায় তিনি অভয়, তাঁহার শোক না থাকায় তিনি অশোক, তাঁহার মৃত্যু না থাকায় তিনি অমৃত। অশোক অভয়, অমৃতের দেশকে শোক নাই, ভয় নাই, মৃত্যু নাই। কোনও রকমের কুণ্ঠা নাই বলিয়া তিনি বিকুণ্ঠ এবং বৈকুণ্ঠই তাঁহার বাসস্থান। কৃষ্ণের জন্য তিনি সব করিতে পারেন, সুতরাং তাঁহার ন্যায় জ্ঞানবান, তাঁহার ন্যায় ধার্ম্মিক, তাঁহার ন্যায় সদাচারী, তাঁহার ন্যায় নিষ্পাপ, তাঁহার ন্যায় নির্গুণ ও সুন্দর আর কেহ নাই। কৃষ্ণসেবা যদি হয়, তাহা হইলে লোকের চক্ষে প্রতীয়মান নরকেও তাঁহার বাস্তব বৈকুণ্ঠদর্শন হয়। তাঁহাকে দর্শন করিলে অপবিত্র বস্তুও পবিত্র হয়। এমন পরমপবিত্র বস্তু তিনি! তাই মহাজন গাহিয়াছেন,—

"গঙ্গার পরশ হৈলে পশ্চাতে পাবন।
দর্শনে পবিত্র কর এই তোমার গুণ॥"

প্রত্যেক যুগে ভগবান্ তারকব্রহ্মনামেই উপাসিত হইয়া থাকেন। সত্যযুগে ঐশ্বর্য্যগত শাস্ত্রের প্রধান নামাংশে মৎস্য নারায়ণ, কূর্ম্ম নারায়ণ প্রভৃতি 'নারায়ণপরা বেদা…'এই তারকব্রহ্মনামে উপাসিত হইয়া থাকেন। ত্রেতাযুগে বৈকুণ্ঠ-বামন-নারায়ণ ও বৈকুণ্ঠ রাম-নারায়ণের উপাসনাও "রাম নারায়ণানন্ত …" এই তারকব্রহ্মনামে হইয়া থাকে। দ্বাপরে ঐশ্বর্য্যগত দাস্য রস ও কিছু পরিমাণে সখ্যরসের আভাস পাওয়া যায়। আর দ্বাপরযুগে "হরে মুরারে এই তারকব্রহ্মনামে শান্ত, দাস্য, সখ্য ও বাৎসল্য-রসে কৃষ্ণ উপাসনার কথা শুনা যায়। কিন্তু কলিকালে কৃষ্ণের কেবল মাধুর্য্যময় স্বরূপ প্রকাশিত। কলির জীবগণ "হরেকৃষ্ণ" মহামন্ত্র-কীর্ত্তনমুখে শ্রীকৃষ্ণের সেবা করিয়া থাকেন। এই মহামন্ত্রে কোনপ্রকার ঐশ্বর্য্য পাওয়া নাই। ইহাতে ব্রজবাসীর পারকীয় মধুর রসের অধিকারই দেখা যায়। এই 'হরেকৃষ্ণ' মহামন্ত্র অন্যান্য যুগের ন্যায় কেবল তারকব্রহ্ম নাম মাত্র নহে, পরন্তু ইহা পালকব্রহ্ম নাম। তারকব্রহ্ম ও ইহাতে অন্তর্ভুক্ত ভাবেই আছে। কলিকালে মাধুর্য্যময় শ্রীকৃষ্ণের ঔদার্য্যময় শ্রীগৌরসুন্দর কৃপাপূর্ব্বক স্বপার্ষদে এই জগতে অবতীর্ণ হইয়া শ্রীকৃষ্ণের মাধুর্য্য-স্বরূপাত্মক পালকব্রহ্ম নাম বিতরণ করিয়াছেন—অর্থাৎ করুণাবশতঃ নামরূপে নিজেকে নিজে দান করিয়াছেন

দুর্গা

——:•:(×):•:——

দুর্গাদেবী এই দেবীধামে দণ্ডকর্ত্রীরূপ দশভুজা, সিংহবাহিনী ও পাপদমনরূপ মহিষাসুরমর্দ্দিনী। তিনি শোভা ও সিদ্ধিরূপ কার্ত্তিক ও গণেশ নামক পুত্রযুগল এবং জড়ৈশ্বর্য্য ও জড়বিদ্যা সঙ্গিনীরূপ লক্ষ্মী ও সরস্বতী সহ বিরাজিত। পাপ-নিবারণে বিংশতি ধর্ম্মাস্ত্ররূপ বিংশতি অস্ত্রধারিণী।

সৃষ্টিস্থিতিপ্রলয়সাধিকা ভুবনরক্ষয়িত্রী দুর্গা কৃষ্ণের স্বরূপশক্তি বা পরা শক্তি যোগমায়ার ছায়াশক্তি। তটস্থশক্তিসম্ভূত অণুচিৎ নিত্যদাস জীবগণ কৃষ্ণবিস্মৃতি ও স্বতন্ত্রতার অপব্যবহারফলে শাসন ও শোধনের জন্য এই দেশরূপ কারাগারে নিক্ষিপ্ত হয়। সেই পতিত অপরাধী জীবকে দুর্গাদেবী কয়েদীর পোষাকের ন্যায় দুইটী আবরণে আবৃত করেন। একটী মন-বুদ্ধি-অহঙ্কারাত্মক বাসনাময় সূক্ষ্মশরীর ও অপরটী ঐ বাসনাময় দেহের সহায়ক স্থূলশরীর। এই শরীরের দ্বারা কৃত কর্ম্মচক্রই হয়। সেই কর্ম্মফলে জীব কখন সুখ, কখন দুঃখ ভোগ করে। বহির্ম্মুখ জীবগণের এইরূপ-ভাবে শোধনকার্য্যটী কৃষ্ণের ইচ্ছায় হইয়া থাকে। ইহাই মহামায়া নিয়ত সম্পাদন করিতেছেন।

স্বরূপশক্তির ছায়াস্বরূপা দুর্গার কার্য্যই বিমুখমোহন। জীবকে শোধন করাই তাঁহার একমাত্র কার্য্য। জীব যখন দেহে আত্ম-বুদ্ধিবিশিষ্ট হইয়া ভগবানের সেবা ভুলিয়া গিয়া এই মায়িক জগৎকে ভোগ করিতে ব্যস্ত হয়, এমন কি ভগবানের আসন গ্রহণ করিবার ধৃষ্টতা করে, মায়াদেবী তাহাদিগকে জগতের রূপে মোহিত করিয়া কর্ম্মচক্রে নিক্ষিপ্ত করেন এবং আত্মবিনাশরূপ জগদ্বৈ-মুখ্যের দণ্ড প্রদান করিয়া থাকেন। কিন্তু যাঁহারা সুকৃতিবান, তাঁহারা ভুক্তিমুক্তি-স্পৃহাকে মহামায়ার কপট কৃপা জানিয়া সাধুগণের আশ্রয় গ্রহণ করেন এবং স্বরূপশক্তির কৃপায় নিত্য ভাগবতী তনু লাভ করিয়া ভগবানের সেবা করেন।

দুর্গাদেবী দুঃখ দিয়া, শাস্তি দিয়া ব্যতিরেকভাবে জীবকে ভগবানের কথা স্মরণ করাইয়া দেন।

ভগবানের এই মায়া দুরতিক্রমণীয়া। এই দৈবী মায়াকে বদ্ধজীব জয় করিতে পারে না। যাঁহারা নিষ্কপটে মায়াধীশ ভগবানের শরণ গ্রহণ করেন তাঁহারাই এই মহামায়ার হস্ত হইতে উদ্ধার পান, মায়ার প্রকৃত স্বরূপ জানিতে পারেন। মহামায়া কৃষ্ণাধীনা, তাঁহার ইচ্ছা ব্যতীত মায়া কাহাকেও ছাড়েন না। কারণ, একমাত্র রাজাই তাঁহার অধীনস্থ ব্যক্তি বা বস্তুকে সরাইয়া লইতে পারেন। রাজাজ্ঞা ব্যতীত তদধীনস্থ ব্যক্তি বা বস্তুর তথা হইতে গমন করিবার স্বাধীনতা বা স্বতন্ত্র সামর্থ্য নাই। যোগমায়ার আবির্ভাব হইলে মহামায়া যোগমায়াশ্রিতের নিকট হইতে তিরোহিত হন। তাই দেবধাত্রী ভক্তগণের দেবীপূজা বা মহামায়ার বিসর্জ্জনের দিবস—শ্রীমন্মধ্বাচার্য্যের আবির্ভাব-দিবস। যেদিন শ্রীগুরুপাদপদ্ম হৃদয়ে উদিত হন, সেইদিন মায়া দুর্ব্বল হইয়া আমাদিগকে ছাড়িয়া দেয়। তৎপূর্ব্বে মায়া কিছুতেই ছাড়িতে চায় না।

আমরা যদি মঙ্গল চাই, তাহা হইলে ভগবানের শরণাপন্ন হইতেই হইবে। অন্যাভিলাষী হইয়া দেবীপূজায় ব্যস্ত থাকিলে চলিবে না। পূজার নামে ভোগে বৃথা সময় নষ্ট করা বুদ্ধিমানের কার্য্য নহে। এই দেবীপূজা অপেক্ষা মহামায়া যাঁহার দাসী, যাঁহার পূজা করিলে মহামায়ার হস্ত হইতে নিষ্কৃতি পাওয়া যায়, সেই পরমপুরুষোত্তম ভগবানের পূজাই শ্রেষ্ঠ। তাঁহার পূজা করিলে সমস্ত দেব-দেবীর পূজা হইয়া থাকে। কারণ, তিনি সকলের প্রভু।

আমরা বর্ত্তমানে দ্রষ্টাভিমানী হইয়া ভোক্তাভিমানে জগদ্দর্শনে ব্যস্ত। তাই আমরা ভগবানের সন্ধান পাইতেছি না। এ জগতের বস্তু ভোগ করিতে গেলেই মায়া আমাদিগকে সেই বস্তুর চাকর করাইয়া অনন্ত নরকের পথে টানিয়া লয়। কিন্তু চিদ্‌গত মায়াশক্তি যদি আমাদিগকে কৃপা করেন, তাহা হইলে আমরা ভগবৎস্বরূপ জানিতে পারি। শ্রীগুরুদেবের কৃপা ছাড়া ভগবান্‌কে জানা যায় না। তাঁহার কৃপায় যখন দুর্গাদেবী আমাদিগকে ছাড়িয়া দিবেন তখন আমরা জানিতে পারিব, আমরা দ্রষ্টা নহি, দৃশ্য; ভগবানই একমাত্র দ্রষ্টা ও ভোক্তা। মায়াধীশ ভগবানের আদেশ ব্যতীত মায়া আমাদিগকে কিছুতেই ছাড়িবে না, পর-

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম।

জগতে থাকিয়া প্রতিমুহূর্ত্তে পরীক্ষা করিবেন। সাধুসঙ্গে হরিকথা শ্রবণ বা শ্রীনাম-সঙ্কীর্ত্তনই মায়ার পরীক্ষা হইতে বাঁচিবার উপায়। সে আদর্শ শ্রীল ঠাকুর হরিদাস আমাদিগকে প্রদর্শন করিয়াছেন।

ছায়াশক্তিকে যাঁহারা পূজা করিবেন, তাঁহাদের পূজা ছায়ার ন্যায় অবাস্তব। ছায়ার যেরূপ নিত্যত্ব নাই, তাঁহাদের পূজারও তেমনি কোনও নিত্যত্ব নাই। এ পূজায় পূজারীর আছে ভয় ও পতন। কিন্তু ভগবৎপূজায় আবাহন ও বিসর্জ্জন নাই তাহা নিত্য ও নিখিল চেতনের একমাত্র কৃত্য।

সাধুগুরুর কৃপাই মায়াজয়ের একমাত্র সম্বল। তাই মহাজন গাহিয়াছেন—

মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়।
সাধু-গুরু-কৃপা বিনা নাহিক উপায়॥

তাই যাঁহারা বুদ্ধিমান্, তাঁহারা অনিত্য বস্তুতে—আমদের ক্ষণিক মোহে প্রমত্ত হইয়া ভগবানের অহৈতুকী করুণামিশ্রিত কৃপার প্রতি উদাসীন হন না।

জীবকে মায়ার হস্ত হইতে মুক্তি প্রদান করিয়া যিনি ভগবৎপাদপদ্মে পৌঁছাইয়া দিবার জন্য প্রস্তুত, সেই শ্রীগুরুপাদপদ্মের আশ্রয় গ্রহণ করিয়া ভগবানের সেবা করাই মানবের কর্ত্তব্য। তিনি নিত্যকালই অযোগ্য, অধম, নরাধম আমাদিগকে আমাদের নিত্যপ্রভুর সেবা করিবার জন্য ডাকিতেছেন। তিনি অপার করুণাময়। আমরা যদি মায়া জয় করিতে চাই, তবে তাঁহার শ্রীচরণাশ্রয়-লাভের জন্য অন্তরে অন্তরে কাতর প্রার্থনা করিলে তিনি নিশ্চয়ই তুষ্ট হইয়া কৃপাপূর্ব্বক তাঁহার সেবা এবং তাঁহার প্রাণের আরাধ্যধনের সেবা প্রদান করিবেন এবং তাহা হইলে আমাদের জীবন সার্থক হইয়া যাইবে।

দুর্ব্বল জীব নিজ চেষ্টায় মায়াকে জয় করিতে পারে না। ভগবানের শরণাগত হইলেই মায়া জীবকে ছাড়িয়া দেয়। ভগবান্ও বলিয়াছেন—

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং
তরন্তি তে॥

দৈবী গুণময়ী ভগবানের মায়া দুরতিক্রমণীয়া। যাঁহারা ভগবানের শ্রীচরণে শরণ গ্রহণ করেন, তাঁহারাই মায়াকে জয় করিতে পারেন।

সেবা ও কৃপা

সাধনকালে শরীরের দ্বারা বা মনের দ্বারা যেমন সর্ব্বক্ষণ ভগবৎসেবানুকূল্যের জন্য যত্ন করা দরকার, তেমনি সর্ব্বক্ষণ অন্তরে অন্তরে গুরুবৈষ্ণবের কৃপা-প্রার্থনা করাও দরকার। সেবালাভের জন্য যত্ন ও কৃপা-প্রার্থনা যুগপৎ আবশ্যক। সাধুগুরুর কৃপা ব্যতীত হরিগুরুবৈষ্ণবের সেবালাভ হয় না।

মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়।
কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥
সংসার ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরুকৃষ্ণপ্রসাদে পায় ভক্তিলতা বীজ॥
সাধুগুরু কৃপায় যদি কৃষ্ণোন্মুখ হয়।
সেই জীব নিস্তরে, মায়া তাহারে ছাড়য়॥

কেবল কৃপার উপর নির্ভর করিয়া থাকিলে চলিবে না, আবার কেবল নিজের চেষ্টার উপর নির্ভর করিলেও চলিবে না। যখন গুরুকৃপা ব্যতীত কৃষ্ণসেবালাভ হয় না তবে কি আমরা নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকিব? এরূপ অনেকে প্রশ্ন করেন, কিন্তু কেবল কৃপার দোহাই দিয়া অলস হইলে বা নিজের দিক্ হইতে যত্নের অভাব হইলে কখনই গুরুবৈষ্ণবের কৃপালাভ হয় না। কৃপাই মুখ্য, তাহা লাভ করিবার জন্য যখন আপ্রাণ ও আন্তরিক যত্ন হয়, তখনই গুরু-বৈষ্ণবগণ কৃপা করেন। ভগবান্ ও ভক্তের কৃপা অবিরত শতধারে বর্ষিত হইতেছে, কৃপা করিবার জন্যই অপ্রপঞ্চ হইতে এই প্রপঞ্চে তাঁহাদের আগমন। কিন্তু আমরা তাহা গ্রহণ করিবার জন্য যত্ন করিতেছি কই? অপ্রাকৃত সাধুবৈদ্য ঘোর কাতর ভবব্যাধি-গ্রস্ত আমাদিগকে ঔষধ পথ্যাদি সেবন করাইয়া দিবার জন্য ঔষধহস্তে প্রস্তুত আছেন, কিন্তু আমরা প্রতিজ্ঞা করিয়াছি, তাহা সেবন করিবার কষ্টস্বীকার করিব না, আবার প্রকৃত আরোগ্যলাভ করিতে চাই। এইরূপ অনাচার-বিচারের মূলে গুরুবৈষ্ণবের প্রতি দোষবুদ্ধি বা অশ্রদ্ধা। সেবোন্মুখতাই ভগবৎকৃপা। গুরুবৈষ্ণবগণ আমাদিগকে যে সেবায় নিযুক্ত করেন, সেটাই তাঁহাদের অযাচিত কৃপা। যিনি নিষ্কপট কৃপাভিখারী, তিনিই কৃপার মূর্ত্তবিগ্রহ শ্রীগুরুপাদপদ্মকে ও অন্যান্য বৈষ্ণবগণকে কৃপা বিতরণ করিতে সর্ব্বদাই দেখিতে পান। তিনি ভালভাবেই জানেন যে, গুরুবৈষ্ণবগণ কখনই তাঁহাকে বঞ্চনা করিবেন না, তবে বঞ্চিত হইতে চাহিলে তাঁহারা বঞ্চনা করিবেন। সেইজন্য তিনি তাঁহাদের প্রদত্ত সেবা করিবার কালে তাঁহাদের কৃপার কথা বিস্মৃত হন না।

সেবাই কৃপা, কৃপাই সেবা। কৃপার উত্তর ফল সেবা, আর সেবার উত্তর ফল কৃপা। সেবাস্থলে আবাহনা ভগবান্ ও ভক্তের কৃপালাভ বা সেবোন্মুখী প্রকৃতি লক্ষিত হয়; আর সেবা বহির্মুখ কর্ম্মের দ্বারা সেবাবিমুখী প্রকৃতি অর্জ্জিত হয়। সুতরাং যিনি সেবাবিমুখ কর্ম্মে নিযুক্ত থাকিয়া কপটতাপূর্ব্বক ভাবী কৃপার স্বপ্ন দেখেন তিনি অনন্তকাল বঞ্চিত হন—তাঁহার ভাগ্যে গুরুবৈষ্ণবের কৃপালাভ হয় না।

লৌকিক, বৈদিক বা যে কোনও ক্রিয়াই হউক না কেন, তাহা হরিসেবানুকূল হইলেই কৃষ্ণকৃপা লাভ করা যায়। কৃপা ও সাধন বা সেবা পরস্পর অবিচ্ছেদ্যসম্বন্ধে গ্রথিত একটী ব্যতীত অপরটী সম্ভব হয় না। যাঁহাতে সাধন বা সেবোন্মুখী বৃত্তি লক্ষিত হইয়াছে—তিনি কৃষ্ণকৃপা পাইয়াছেন, জানিতে হইবে।

শ্রীভগবান্ সর্ব্বদাই আমাদিগকে কৃপা-কর্ষণ করিতেছেন। বৃহৎ চুম্বক যেমন ক্ষুদ্র লৌহখণ্ডকে সর্ব্বদাই আকর্ষণ করিতেছে সূর্য্যদেব যে প্রকার গ্রহ-উপগ্রহকে অনুক্ষণ আকর্ষণ করিতেছেন, তদ্রূপ কৃষ্ণ সর্ব্বক্ষণ বিভিন্নাংশ জীবসমূহকে নিয়ত আকর্ষণ করিতেছেন। ভগবানের কৃপাকর্ষণ নাই—এ কথা অসম্ভব ও অশাস্ত্রীয় কথা। তবে জীব স্বতন্ত্রতার অপব্যবহারক্রমে ভগবানের কৃপা হইতে দূরে পড়িয়া রহিয়াছে। কিন্তু কৃষ্ণ-সান্নিধ্যলাভের জন্য যেখানে যত্ন বা চেষ্টা, সেখানে কৃপাকর্ষণ নিশ্চয়ই আছে। যদি কৃপাকর্ষণ না থাকে, তবে সে চেষ্টা অন্য ক্রিয়াকাণ্ডাদির জন্য হইতেছে, বুঝিতে হইবে। সাধুর সেবা দ্বারাই কৃষ্ণ-সান্নিধ্য লাভ করা যায়।

স্বতন্ত্রতা চেতনের ধর্ম্ম। জীবকে যদি সেই স্বতন্ত্রতা হইতে বিচ্যুত করা হয়, তবে সে চেতন না হইয়া জড় পদার্থ হইয়া পড়ে। এই স্বতন্ত্রতার সদ্ব্যবহার হয় একমাত্র ভগবৎসেবা দ্বারা বা ভগবৎকৃপা প্রার্থনা দ্বারা। ভগবান্ জীবকে অনবরত সাক্ষাৎ কৃপা করিতে প্রস্তুত, কিন্তু স্বতন্ত্র জীব ভগবানের সেই অযাচিত কৃপাসম্বন্ধে উদাসীন হইলে ভগবান্ আর কি করিবেন? সেইজন্য কৃপালাভের জন্য যখন সবার দৃঢ় হয়, তখনই তাঁহার কৃপালাভ ভাগ্যে ঘটে। অতএব আঁখি দিয়া গুরুবৈষ্ণবভগবানের কৃপা পাওয়া যায় না। সেইজন্য জীবের দিক্ হইতে শরণাগতি ও সেবাচেষ্টা এবং ভগবানের দিক্ হইতে সেবাপ্রদান দুইয়েরই দরকার। শরণাগতিই সেবা বা কৃপা প্রাপ্তির উপায়। যেখানে জীবের শরণাগতি বা সেবোন্মুখী বৃত্তি নাই, সেখানে ভগবৎকৃপার উপলব্ধি, [illegible] ও কৃপা দুইয়ের মিলিত ফলেই ভগবানের নিত্যসেবা লাভ করা যায়, ইহা শাস্ত্রসিদ্ধান্ত। শ্রীশুকদেব বলেন—

তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো
ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকম্।
হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্নমস্তে
জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্॥

অর্থাৎ হে ভগবন্! যিনি তোমার কৃপা-[illegible] সর্ব্বক্ষণ [illegible] করিতে করিতে কায়মনোবাক্যে তোমাতে আত্ম-সমর্পণ করিয়া জীবনযাপন করেন, তিনিই তোমার নিত্য সেবা ও আনুষঙ্গিকভাবে অপবর্গমুক্তির অধিকার লাভ করিয়া থাকেন। সুতরাং সেবোন্মুখতাই ভগবৎকৃপার মূল, আবার ভগবৎকৃপাই সেবোন্মুখী বৃত্তি বিকশিত ও বর্দ্ধিত করিবার কারণ। অতএব সেবা ও কৃপার মধ্যে একটীকে বাদ দিয়া অপরটী সিদ্ধ হইতে পারে না।

ভক্তিপথের প্রবল কণ্টক

(শ্রীনন্দকিশোর ব্রহ্মচারী)

সংশয়ই ভক্তিপথের প্রবল কণ্টক। যিনি আমাদের একমাত্র মঙ্গলাকাঙ্ক্ষী ও নিত্য বান্ধব, সেই সাধুর মধুর বাণী [illegible] নিজের যে [illegible] অবস্থা, তাহার নামই সংশয়। পুনঃ পুনঃ [illegible] এই [illegible] জীবনে [illegible] সাধুর প্রতি [illegible] হইতে সংশয়ের উৎপত্তি হয় [illegible]। তাই শ্রীভগবান্ বলিয়াছেন—"সংশয়াত্মা বিনশ্যতি।"

গুরুবৈষ্ণবগণ মায়াতীত বস্তু। সুতরাং [illegible] আমাদের মনের মত না হইলে তাঁহাদের সম্বন্ধে সংশয় উপস্থিত হয়। সেইজন্য [illegible] ভক্তিপথে [illegible] ক্রিয়া বন্ধ করিতে বলিয়াছেন। কেবল [illegible] বিশ্বাস স্থাপন [illegible] দর্শন করিবার জন্য প্রস্তুত হইতে হইবে। [illegible] উপদেশক, [illegible] আত্মাভিমান [illegible] দুর্ব্বিবেচনা [illegible] [illegible]

এবং পিতাকে 'পিতা' বলিতে সংশয়যুক্ত। অসমর্থ জীবকে সংসার হইতে উদ্ধার করিবার জন্য ভগবান্ [illegible] প্রেরণ করেন। তাঁহাদিগকে যাহারা [illegible] করেন, তাঁহাদের [illegible] তাঁহারা নিরন্তর [illegible] তাঁহাদের [illegible] [illegible] পারে?

[illegible] না থাকিলে [illegible] পারে না, [illegible] [illegible] পারে না [illegible] [illegible] জীবগণের নিজজন ও নিত্য নিঃস্বার্থ [illegible] বর্ত্তমান আছেন। তাঁহাকে জানার সঙ্গই নিত্য। [illegible] অন্যতম [illegible] কাহার [illegible]।

সুতরাং নহেত কোন ভাগ্যবান জীব।
গুরুকৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥

[illegible] যাঁহার [illegible] থাকিলে [illegible] শ্রীগুরু-পাদপদ্মে আশ্রয় গ্রহণ [illegible] নিজের [illegible] অবশ্য হন। সেই প্রতিপালকরূপ শ্রীগুরুদেব জীবকে আশ্রয়ে স্থাপিত করিবার জন্য এ জগতে অবতীর্ণ হন। বহু ভাগ্যের পর তাঁহার সঙ্গ লাভ হয় বা তাঁহাকে না চেনা যায়, তবে ইহা অপেক্ষা দুর্ভাগ্য আর কি?

সংশয় যাঁহার নাই, এমন সুদৃঢ় বলবান্ সাধুর সঙ্গ ব্যতীত সংশয়ের সংশয় দূরীভূত হইবার আর কোন উপায় নাই। নিঃসংশয় হইবার জন্য যত্ন করিলে ও প্রকাশ্যে শ্রীগুরুপাদপদ্মের মাধ্যমে তাঁহার নিকট গ্রহণ করিলে তবেই সংশয় দূরীভূত হইতে পারে। যেরূপ সঙ্গ করিব সেইরূপ ফল পাইব। সাধু পাদপদ্মে যাঁহার অচল অটল বিশ্বাস আছে, তাঁহার সঙ্গই আমাদের দরকার। দুর্ব্বাসনা বিনাশ-সক্ষম বাক্য সংশয়হীন। তাঁহার নিকট কপটতার কোন কথা নাই। [illegible] তাঁহার নিকট অকপট [illegible] বাক্যকণ শ্রবণের আছে। [illegible] তিনি বাস্তব বিচার ও অচলবিশ্বাস, কপটতা ও সরলতা বুঝিতে পারেন। সুতরাং সংশয়কূপ ভক্তিপথের প্রবল কণ্টক বা বাধাকে অপসারিত করিবার জন্য সেই সাধুর নিকট [illegible] করা দরকার। যাহাতে শ্রীগুরুপাদপদ্মে নিষ্কপট অবস্থান করা যায়, তজ্জন্য এই দুর্লভ জীবনে আগ্রহ বহু করাই আমাদের একমাত্র চেষ্টা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

নিমন্ত্রণ-পত্র

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভা
শ্রী[illegible]গৌড়ীয়মঠ
[illegible] আশ্বিন, ১৩৩৭

বিপুল-সজ্জন-সুধীসমীপে নিবেদন—

আগামী ২৯শে আশ্বিন ১৬ই অক্টোবর বৃহস্পতিবার হইতে ২৯শে [illegible] দিন, [illegible] [illegible] শ্রীগৌড়ীয় [illegible] [illegible] [illegible] শ্রী[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] পারমার্থিক [illegible] শ্রীগৌড়ীয়-[illegible] [illegible] [illegible] শ্রীমাধবগৌড়ীয়মঠে [illegible] [illegible] [illegible] উৎসব ([illegible]) [illegible] শ্রী বিগ্রহ-প্রকোষ্ঠের কীর্ত্তি সুখে সম্পন্ন হইবে। [illegible] প্রত্যহ প্রাতঃ উষঃকীর্ত্তন, শ্রীচৈতন্যভাগবত, শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীমদ্ভাগবত পাঠ [illegible], শ্রীনাম [illegible] বক্তৃতা, শ্রীহরি-সঙ্কীর্ত্তন, ইষ্ট-গোষ্ঠী [illegible] [illegible] হইবে।

[illegible], [illegible] [illegible] মহোৎসবে যোগদান করিলে [illegible] [illegible] [illegible] হইবে। নিবেদন ইতি—

বোমারু বৃটিশ বিমানসমূহ সোমবার রাত্রে বার্লিন ও উহার উপকণ্ঠের স্থানগুলির উপর উড়িয়া উড়িয়া আক্রমণ চালাইয়াছে। বার্লিনের আকাশে যদিও ব্যূহ ভেদ করিয়া তাহারা ভিতরে যাইতে সমর্থ হইয়াছিল, উজ্জ্বল চন্দ্রালোক তাহাদিগকে আক্রমণ চালাইতে সাহায্য করিয়াছে। ইংলণ্ড হইতে হাজার মাইল উড়িয়া আসিয়া বৃটিশ বিমানসমূহ ডানজিগের ট্রুপশিপ ও 'শিপিং ডক'এ অবস্থিত গ্যাসকারখানা ও মালবাহক কেন্দ্রের উপর বোমাবর্ষণ করে। আক্রান্ত স্থানের বিভিন্ন অংশে বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডের সৃষ্টি হয়।

সৈন্যদলে যোগ দিতে উৎসাহ

নিউইয়র্কের সংবাদে প্রকাশ, যুদ্ধে যোগদানের জন্য প্রথম শান্তিকালীন সৈন্যদল নির্ব্বাচনের সময় [illegible] মার্কিনগণ নিজেদের নাম তালিকাভুক্ত করিয়াছেন। [illegible] লোক তালিকাভুক্ত হইয়াছে। পার্ক এভিনিউর লক্ষপতি হইতে পর্ণকুটীরবাসী দরিদ্র পর্য্যন্ত ২১ হইতে ৩৫ পর্য্যন্ত বয়স্ক সমস্ত লোক সৈন্যসংগ্রহ আইন পালন করিবার জন্য সাড়ে [illegible] আহ্বান হইয়াছে। প্রেসিডেন্ট রুজভেল্টের জ্যেষ্ঠপুত্র মিঃ জন রুজভেল্ট ও মিঃ ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট (জুনিয়ার) ও সৈন্যদলে ভর্ত্তি হইয়াছেন।

—

কলিকাতায় পূর্ণ নিষ্প্রদীপ মহড়া

আগামী ৬ই নভেম্বর কলিকাতায় সম্পূর্ণ নিষ্প্রদীপের মহড়া হইবে। জানিতে পারা গিয়াছে, ঐ দিন বাঙ্গালা গভর্ণমেণ্ট বিমান-আক্রমণের সংকেত ধ্বনির ব্যবস্থা, আলোক নিয়ন্ত্রণ এবং বিমান-আক্রমণ সতর্কতামূলক প্রতিষ্ঠানসমূহ পরীক্ষা করিয়া দেখিবেন। মহড়া রাত্রি সাড়ে দশটা হইতে সাড়ে এগারটা পর্য্যন্ত একঘণ্টা স্থায়ী হইবে। সমগ্র কলিকাতা, হাওড়া, হুগলী ও ২৪পরগণার শিল্পপ্রধান অঞ্চলসমূহে এই মহড়া হইবে। ১৯৩৮ খৃষ্টাব্দে ফেব্রুয়ারী মাসে কলিকাতায় একরূপ নিষ্প্রদীপের মহড়া হইয়াছিল।

—

অষ্ট্রেলিয়ান দূতের সহিত আলোচনা

সুদূর প্রাচ্যের পরিস্থিতি সম্পর্কে অষ্ট্রেলিয়ার যে প্রতিক্রিয়া সৃষ্টি হইয়াছে, তাহা লইয়া প্রেসিডেন্ট রুজভেল্ট ও মিঃ কর্ডেল হালের সহিত ওয়াশিংটনস্থ অষ্ট্রেলিয়ান দূত মিঃ কেসির আলোচনা চলিতেছে। মিঃ কেসি [illegible] নিকট [illegible] সম্পর্কে সকল [illegible] আলোচিত [illegible] প্রেসিডেন্টের [illegible] হয়।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৬।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষান্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয়—শ্রীনন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয় সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় [illegible] অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম [illegible] শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত [illegible] প্রশ্নোত্তরের [illegible] সংলাপ [illegible] করিয়াছিলেন, [illegible] এই গ্রন্থ প্রকাশিত হইল। [illegible] অপ্রতিহত গৌড়ীয় [illegible] সিদ্ধান্তপূর্ণ অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সজ্জন [illegible] পাঠনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুর [illegible] বিরাট [illegible] গ্রন্থ [illegible] গৌড়ীয় মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছে।

সটীকা শরণাগতি

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতির [illegible] টীকা, [illegible] গৌড়ীয় মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুশীলরঞ্জন রায় এম-এ, বি-এল্,
পুরাণাপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৩
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার
১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরক্ত স্তব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বাদল-আদর্শ ।০
১৯। স্তবাবলী ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়সংহিতা ।৵০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপ [illegible] (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ১৲
অবাঁধা) ১৲
২৬ [illegible] ৷০
২৭ [illegible] (সাপ্তাহিক) ১৲
২৮। বেদান্তদর্শন (সাপ্তাহিক) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৷০
৩৪। ভক্তিরত্নাকর 'নবদ্বীপ-পরিক্রমা') ৵০
৩৫। গীতমালা ৴০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭ [illegible]
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগোদ্রুমকল্পাটবী ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ৸০
৪৩। সাধনতত্ত্ব
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। আর্ত্তিনাথ ৵
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও খণ্ড) ৩
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-নির্ণয় ।০
৫৫। নবদ্বীপশতক বা মায়াবাদশতদূষণী ৷
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষৎ (ভাষাবিবৃত) ।০
৫৮। শ্রীকৃষ্ণলেখ ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৴০
৬০। সাংখ্যবাণী [illegible]

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২ সিদ্ধান্ত-সরস্বতী বিজিতঃ ।০
৬৩। সটীক শিক্ষাষ্টকম্ ।০
৬৪। স্তবত্রয়ম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। মায়াবাদশতদূষণী ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৵
৬৯। [illegible] ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস মরফলজী এণ্ড অন্টলজি ।০
৭২। [illegible] ।৵০
৭৩। লাইফ এণ্ড প্রেসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪ [illegible] ।০
৭৫। [illegible] গৌড়ীয় মঠ [illegible] ৴০
৭৬। [illegible] ।০
৭৭। [illegible] এণ্ড [illegible]
৭৮। ব্রহ্মসংহিতা ২॥০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১২

হিন্দী অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীভাগবতাচার্য্য ।
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি ৴০

আসাম ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ বর্ষ | ৫ দামোদর ৪৫৪ গৌরাব্দ ৪ঠা কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৭, ২১শে অক্টোবর ইং ১৯৪০, সোমবার | ১৮৭ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৫ দামোদর সর্ব্বশিব সর্ব্বপ গৌরাব্দ ৪৫৪

শ্রীচৈতন্যমঠে হরিকথা

——::(০)::——

গত ১৬ই অক্টোবর বুধবার হইতে শ্রীধাম-মায়াপুরস্থ আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠে পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে সংকীর্ত্তনমুখে ঊর্জ্জব্রত আরম্ভ হইয়াছে। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাদেশানুসারে প্রত্যহ ব্রহ্মমুহূর্ত্তে মঙ্গলারাত্রিকের পর গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব, শ্রীদামোদরাষ্টক ও কৃপা প্রার্থনা-সূচক বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হইলে শ্রীচৈতন্যমঠের অন্যতম সেবক শ্রীপাদ অধয়ন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। পাঠান্তে সংকীর্ত্তনমুখে শ্রীমন্দিরপরিক্রমা হইলে পর শ্রীচৈতন্যমঠের শ্রীপাদ নন্দকিশোরদাস ভক্তিশাস্ত্রী মহোদয় অবিদ্যাহরণ-নাট্যমন্দিরে শ্রীমদ্ভাগবত পারায়ণ করিতেছেন। অপরাহ্ণে শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের অমূল্য উপদেশাবলী আলোচিত হইতেছে। সান্ধ্যারাত্রিক-কীর্ত্তনান্তে শ্রীমন্দিরপরিক্রমার পর তুলসীক, পঞ্চতত্ত্ব, শ্রীদামোদরাষ্টক ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হইতেছে। তৎপরে শ্রীগুরুবিলাসদাস ভক্তিশাস্ত্রী শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতন-শিক্ষা পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। পাঠের পর মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইতেছে। এতদ্ব্যতীত ভক্তগণ প্রায় সর্ব্বক্ষণই হরিকথা আলোচনা করিতেছেন।

গত ১৭ই অক্টোবর মধ্যাহ্নে শ্রীচৈতন্যমঠে এই সকল কথা আলোচিত হয়। ভগবদ্ভজনই পূর্ণসন্ন্যাসের অবস্থা। কৃষ্ণভক্তের সন্ন্যাস—ভুক্তি ও মুক্তির সহিত। ভগবদ্ভক্তগণ ভুক্তি ও মুক্তিকামনার সহিত সন্ন্যাস করিয়া শ্রীভক্তিদেবীর চরণাশ্রয় করেন। তাঁহারা মায়াবাদিগণের ন্যায় ভগবৎসেবার সহিত সন্ন্যাস করেন না। তাঁহাদের সন্ন্যাস নিজ সুখের প্রতি। ভোগের মধ্যে থাকিলে হরিভজন হইবে না। ত্যাগের মধ্যেও হরিভজনের কোন কথা নাই। সমস্ত বিশ্বই ভগবানের সেবার উপকরণ। সমস্তই অদ্বিতীয় ভোক্তা ভগবানের ভোগের স্থান। এই বিশ্ব ভোগ বা ত্যাগের স্থান নয়। আমাদের স্বতন্ত্রতা বাসনা একটী মহামূল্য রত্ন আছে বটে, কিন্তু তাহা ভগবৎপরতন্ত্র। যে মুহূর্ত্তে আমরা এই বিচারের বিরুদ্ধাচরণ করিয়া স্বতন্ত্রতার অপব্যবহার করিতে যাইব, সেই মুহূর্ত্তেই আমাদের সর্ব্বনাশ ঘটিবে। মায়া একটি ফাঁদ (বন্ধন) ব্যতীত আর কিছুই নহে যদি আমরা সেই বন্ধন হইতে নিস্তার চাই, তাহা হইলে আমাদিগের সম্পূর্ণভাবে ভগবচ্চরণে আত্মসমর্পণ ব্যতীত অন্য কোন উপায় নাই। সুতরাং প্রপত্তিই সর্ব্বপ্রধান কথা। সম্পূর্ণভাবে আত্মনিবেদনের নামই প্রপত্তি।

নারায়ণের কারণ—বলদেব, বলদেবের কারণ—শ্রীকৃষ্ণ। এই কৃষ্ণই গৌরসুন্দর। দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর এই চারিরসে কিরূপে শ্রীকৃষ্ণের সেবা করিতে হয়, তাহা গৌরসুন্দর তদনুগত ভক্তগণকে জানাইয়াছেন। শ্রীনিত্যানন্দপ্রভু বাৎসল্য, দাস্য ও সখ্য—এই তিনভাবে শ্রীকৃষ্ণচৈতন্যের সহায় হইয়া নিজ অনুগত ভক্তবৃন্দের নিত্যসিদ্ধভাবের ঔজ্জ্বল্য বিধান করিয়াছেন। শ্রীঅদ্বৈতপ্রভু দাস্য ও সখ্য এই দুইভাবে নিজ অনুগবৃন্দকে কৃষ্ণসেবা শিক্ষা দিয়াছেন। শ্রীবাসাদি শুদ্ধভক্ত ও শ্রীগদাধর পণ্ডিতাদি অন্তরঙ্গ ভক্তগণ নিজ নিজ বিশিষ্ট এক একটী রসে কৃষ্ণসেবা করিয়াছেন। শ্রীচৈতন্যদেব, শ্রীনিত্যানন্দ ও শ্রীঅদ্বৈতপ্রভু পরমেশ্বর বা বিষয়তত্ত্ব বলিয়া তাঁহাদের মধ্যে একাধিক ভাবের আদর্শ আছে। কিন্তু শক্তিতত্ত্ব বা আশ্রয়তত্ত্বের মধ্যে একাধিক ভাবের যুগপৎ অবস্থান সম্ভব নহে। পঞ্চতত্ত্বের মধ্যে তিনটী বিষয়তত্ত্ব, আর দু'টী আশ্রয়তত্ত্ব। শ্রীবাস ও গদাধর ইঁহারা আশ্রয়তত্ত্ব। মহাপ্রভু, নিত্যানন্দপ্রভু ও অদ্বৈতপ্রভু—এই তিনজন ভগবৎস্বরূপ হইয়াও ভক্তভাব অঙ্গীকার করিয়াছেন। শ্রীগদাধর ও শ্রীরূপসনাতনাদি মধুররসে কৃষ্ণসেবা করেন। তাঁহাদের প্রত্যেকের এক একটী রস, মহাপ্রভু বা প্রভুত্রয়ের ন্যায় একাধিক রস নাই। শ্রীবাসাদি শুদ্ধভক্ত একমাত্র দাস্যরস। তাঁহাদের একাধিক রস নাই। মহাপ্রভু—সাক্ষাৎব্রজেন্দ্র এবং গদাধর হ্লাদিনী। গৌরসুন্দর ও গদাধর ব্যতীত আর সবই নিত্যানন্দ। শ্রীনিত্যানন্দপ্রভু সন্ধিনীশক্তিমদ্বিগ্রহ। মহাপ্রভু ও গদাধর ব্যতীত আর তিনজনই সন্ধিনী। তাঁহারা নিত্যানন্দ হইতে অভিন্ন। শ্রীনিত্যানন্দ প্রভুই শ্রীরামরূপে প্রকাশিত। শ্রীনিত্যানন্দকে লইয়াই মহাপ্রভুর বিলাসাদি যা' কিছু সব। শ্রীনিত্যানন্দ প্রভুকে ধরিলে তাঁহার কৃপায় শ্রীমন্মহাপ্রভুকে ও শ্রীনামপ্রভুকে পাওয়া যায়, শ্রীগদাধরের ও শ্রীরূপসনাতনের কৃপা পাওয়া যায়। একমাত্র মধুররস ব্যতীত অন্য সকল রসের আশ্রয়গণ নিত্যানন্দ হইতে প্রকটিত। Official যে সমস্ত কার্য্য, তাহা নিত্যানন্দপ্রভুর দ্বারাই হইয়া থাকে। শ্রীনিত্যানন্দের দয়ার তুলনা নাই। তিনি গৌরকরুণাশক্তি। তিনি দয়ার অবতার। সেই নিত্যানন্দের কৃপা পাইতে হইলে কাঙ্গাল হইতে হইবে। কাঙ্গালের প্রতিই তাঁহার দয়া হয়। রূপবান্ হইতে হইবে। কুরূপ থাকিয়া শ্রীরূপের সেবা পাওয়া যায় না। শরণাগত বা আকিঞ্চনই রূপবান্। আমাদের কার্য্য অকপটে শরণ লওয়া। যদি শরণাগত হইতে পারি, কৃপা নিশ্চয়ই পাইব।

শ্রীসনাতন গোস্বামী প্রভু সম্বন্ধজ্ঞান-দাতা দীক্ষাগুরু। শ্রীসনাতনপ্রভু মদনমোহন-পাদপদ্মদাতা। আর শিক্ষাগুরু শ্রীরূপপ্রভু গোবিন্দ ও তৎসেবাধিকারদাতা। আশ্রয়বিগ্রহ শিক্ষাগুরু—অভিধেয়বিগ্রহ। আশ্রয়বিগ্রহ 'শিক্ষা'গুরুদেব অভিধেয়বিগ্রহ সম্বন্ধজ্ঞানদাতা দীক্ষাগুরুদেব হইতে পৃথক্ নহেন। উভয়েই শ্রীগুরুদেব।

কৃষ্ণ আমায় পালে রক্ষে জান সর্ব্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল॥

তাঁহাদের প্রতি উদাসীনভাবপ্রদর্শন বা উপলব্ধি অপরাধজনক। সম্বন্ধজ্ঞান না হইলে ভজন হয় না। সেইজন্য করুণাময় শ্রীশ্রীল আচার্য্যদেব উপদেশকালে প্রত্যেক মঠে সম্বন্ধজ্ঞান আলোচনা করিতে উপদেশ দিয়াছেন।

শুদ্ধভক্ত ও মধ্যমভক্ত বলিতে ইহা মনে করিতে হইবে না যে, শ্রীবাসাদি হরিজন কনিষ্ঠ। মধু রসের ভক্তগণকে অনুকরণ করা নয়। আর শ্রীবাসাদির শুদ্ধাবস্থা বলিলে তাঁহারা শুদ্ধভক্তের আদর্শরূপে পরিগণিত হন। শ্রীগদাধর রাগমার্গের আদর্শ আর শ্রীবাস মধ্যম-মার্গের সীমা। শ্রীগুরুদেব রাগমার্গে গদাধর এবং মধ্যমমার্গে নিত্যানন্দ বা শ্রীবাস। শ্রীগদাধর পণ্ডিত মধুরসের আশ্রয়বিগ্রহ গোষ্ঠানন্দিশ্রেষ্ঠ, আর শ্রীবাস—ঐশ্বর্য্যভাবের আশ্রয়বিগ্রহ ভজনশ্রেষ্ঠ।

নিজকে যত অপ্রাকৃত কৃষ্ণযোষিৎ বলিয়া উপলব্ধি হবে, দাসাভিমান হৃদয়ে যত প্রবল হবে, পুরুষাভিমান বা ভোক্তাভিমান প্রকৃত ততই আনুপাতিকভাবে দূর হইবে। শ্রীমদনমোহনই ভোক্তা শ্রীনাথ। মদনমোহনের শ্রেষ্ঠসেবক শ্রীসনাতন। মদনমোহনের শরণগ্রহণ ব্যতীত মদন বা কামের কবল হইতে নিষ্কৃতি পাইবার উপায় নাই। কামগন্ধ একমাত্র তাঁহারই সেবায় দূর হওয়া সম্ভব। সেবাফলে সেবক অভিমান না হইলে সেব্য বা ভোক্তাভিমান বা ভোগপ্রদর্শন কি করিয়া যাইবে? কামনা চেতনের নিত্যা বৃত্তি। তাহাকে ধ্বংস করা যায় না। একদিক্ হইতে উহা প্রবল হইয়া উঠিবেই উঠিবে। সুতরাং সেবাকামী না হইলে কর্তৃতা বা পুরুষাভিমানের আক্রমণ হইতে নিস্তার নাই।

আত্মনিবেদন ও শরণাগতি একটাই জিনিষ। শরণাগত মহাত্যাগী। তিনি দুর্ব্বল নহেন। অশরণাগতই দুর্ব্বল। অকিঞ্চন না হইলে আত্মসমর্পণ হয় না—জগদ্ভোগের পিপাসা থাকিলে শরণাগত হওয়া যায় না। যিনি কৃষ্ণছাড়া আর কিছু চান না, তিনিই কৃষ্ণপ্রেমের চরণে শরণাগত হইতে পারেন। কৃষ্ণ কৃষ্ণপ্রেমদাস্যসাধিকাবাণীরই শরণাগত হন। যেখানে সম্বন্ধযুক্ত জ্ঞান বা আকাঙ্ক্ষারও উপলব্ধি, সেখানে ভয় নাই। অকিঞ্চন না হইলে বৈষ্ণবের সঙ্গে থাকা যায় না, তাঁহারা সঙ্গও দেন না। আমরা আশ্রয়বিগ্রহের পাদপদ্মমধুকর, ইহাই আমাদের পরিচয়। এই পরিচয়ে পরিচিত না হইলে সেবা কি করিয়া হইবে? শরণাগত হইলে সবই আপনা থেকে স্ফূর্ত্তিপ্রাপ্ত হবে। যেখানে শরণাগতি, সেখানে শ্রদ্ধা আছেই। শ্রদ্ধার অভাবেই জীব শরণাগত হইতে পারে না। শরণাগতি না থাকিলে সেখানে শ্রদ্ধা হয় নাই জানিতে হইবে। অকিঞ্চনই শুদ্ধ, অকিঞ্চনই সেবোন্মুখ। অকিঞ্চনতাই ভক্তি। গুরুবৈষ্ণবকে পূর্ণভাবে দিতে হবে। পূর্ণ দিলে পূর্ণ পাওয়া যাবে, আংশিক দিলে আংশিক পাওয়া যাইবে এবং ফোঁপা দিলে ফোঁপাই মিলিবে।

ভজনান্তরায়

——::(•)::——

অশ্রদ্ধা

ভক্তিলতার বীজই শ্রদ্ধা অর্থাৎ ভজনের প্রথম বিকাশই শ্রদ্ধা। শ্রীল রূপপাদ বলিয়াছেন—"আদৌ শ্রদ্ধা, ততো সাধুসঙ্গঃ" ইত্যাদি। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীল রূপগোস্বামী প্রভুর এই বাক্যের অনুবাদে বলিতেছেন,—

কোন ভাগ্যে কোন জীবের শ্রদ্ধা যদি হয়।
তবে সেই জীব 'সাধুসঙ্গ' করয়॥
সাধুসঙ্গ হৈতে হয় 'শ্রবণ-কীর্ত্তন'।
সাধনভক্ত্যে হয় 'সর্ব্বানর্থনিবর্ত্তন'॥
অনর্থনিবৃত্তি হৈলে ভক্তি 'নিষ্ঠা' হয়।
নিষ্ঠা হৈতে শ্রবণাদ্যে 'রুচি' উপজয়॥
রুচি ভক্তি হৈতে হয় 'আসক্তি' প্রচুর।
আসক্তি হৈতে চিত্তে জন্মে কৃষ্ণে
'প্রীত্যঙ্কুর'॥
সেই 'রতি' গাঢ় হৈলে ধরে প্রেম নাম।
সেই প্রেমা প্রয়োজন সর্ব্বানন্দধাম॥

সাধুসঙ্গের পর ভজনক্রিয়া এবং এই ভজনক্রিয়ার ফলেই অনর্থ বিদূরিত হয়। পরমারাধ্যতম শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন, 'সাধুসঙ্গের পূর্ব্বে যে শ্রদ্ধা, সেই শ্রদ্ধা গৌণী, আর সাধুসঙ্গের পর যে শ্রদ্ধা হয়, সেই শ্রদ্ধাই মুখ্যা। এই শ্রদ্ধাই আমাদিগকে অভিধেয়সাধনে প্রবৃত্ত করায়।" শ্রদ্ধার ভিত্তির উপরেই ভজনসৌধ অবস্থিত। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু যে কীর্ত্তন করিয়াছেন "বহুজন্ম করে যদি শ্রবণ-কীর্ত্তন। তথাপি না পায় কৃষ্ণপদে প্রেমধন॥" উহার কারণ শ্রদ্ধাহীনতা।

শ্রীল জীব গোস্বামী প্রভু অশ্রদ্ধার পরিচয় দিতে গিয়া বলিতেছেন, "ভগবানের মহিমাদি দর্শন ও শ্রবণ করিয়াও অনুরূপ ধারণাবশতঃ তাহাতে বিশ্বাস না করাকেই অশ্রদ্ধা বলা হয়।" শ্রীল জীব গোস্বামী প্রভু সাধুসঙ্গের পূর্ব্বে বা পরে যে অপরাধ হইয়া থাকে, তদুভয়ের অভাবকেই অশ্রদ্ধা বলিয়াছেন; কারণ, সাধুসঙ্গ ব্যতীত ভগবানের মহিমা শ্রবণ সম্ভব নয়। আবার লীলা-পুরুষোত্তম ভগবানের অহৈতুকী কৃপাফলে তাঁহার কোন মহিমা সাধুসঙ্গে অবস্থিত না হইলেও কোন প্রাকৃত ব্যক্তির দৃষ্টিগোচর হইতে পারে। শ্রীগুরুপাদপদ্মের সুমধুর স্নেহপূর্ণ শিক্ষা ও অনুশাসনের মধ্যে থাকিয়া হরিভজনের পথে—বৈকুণ্ঠের পথে কেবল আছাড় খাইয়া যাইতেছি কেন? ইহার মূল অনুসন্ধান করিলে দেখা যাবে, অশ্রদ্ধা বা শ্রীগুরুদেব-কীর্ত্তিত বা প্রদর্শিত ভগবন্মহিমার বিশ্বাসের অভাব।

শ্রীগুরুদেব সর্ব্বদা কীর্ত্তন করিতেছেন, তুমি সম্পূর্ণ ষোল আনা শরণাগত হও, তোমার সমগ্র জীবনীশক্তি ভগবৎ-সেবায় নিযুক্ত কর। কৃষ্ণই পালয়িতা, তিনি তোমায় পালন করিবেন। সমগ্র জীবনীশক্তি বৈকুণ্ঠ বা বৈকুণ্ঠপ্রিয়ের সেবায় নিয়োগ কর, তাহা হইলে মৃত্যুর হস্ত হইতে রক্ষা পাইবে। যদি ভগবান্ ও ভগবৎ-প্রেষ্ঠের সেবায় তোমার সমগ্র জীবনীশক্তি নিযুক্ত না কর, তাহা হইলে অনিত্য স্ত্রীপুত্রপরিজন অথবা দেহের সেবায় তাহা নিয়োজিত হইবেই, দেহের অবশ্য পরিণাম যে সমূলে মৃত্যু, তাহার হস্ত হইতে কেহ রক্ষা করিতে পারে না। 'ছাড়িয়া বৈষ্ণব-সেবা নিস্তার পেয়েছে কেবা' ইহাই গুরুবর্গের গীতি। উত্তমশ্লোকের বার্ত্তায় যাঁহার জীবন অতিবাহিত হয়, তাঁহাকে বাদ দিয়া ভজন হয় না। সূর্য্য উদিত হইবার পর অস্তাচলে গমনের সহিত বদ্ধ জীবকুলের আয়ুঃক্ষয় করিয়া লইয়া যায়। উত্তমশ্লোক ভগবানের মহিমাকীর্ত্তনে অথবা উত্তমশ্লোকবার্ত্তা যাঁহাদের আত্ম-জীবনের উপায়স্বরূপ, তাঁহাদের সঙ্গে যাঁহার জীবন অতিবাহিত হয়, তিনিই মৃত্যুর হস্ত হইতে রক্ষা পাইয়া থাকেন। হরিভজনে একটা বাস্তব অগ্রগতি লাভ অর্থাৎ আশ্রয়বিগ্রহ-সমাশ্রিত বিষয়বিগ্রহের সেবাপালারূপ গুরুবর্গের কৃপালাভের জন্যই জীবনে বাঁচিয়া থাকা এবং জীবনপাতও একজন্যই। অর্থাৎ কৃপালাভ বা কৃপার অনুভূতি আমাকে পাইতেই হইবে, যদি আর বাঁচি বা নাই হউক্ না কেন। শ্রীগুরুবর্গ সমগ্র জীবনীশক্তি হরিভজনে নিযুক্ত করিবার এই চিত্তবৃত্তি স্বীয় আদর্শ আচরণের দ্বারা আমাদিগকে শিক্ষা দিয়েছেন এবং অনুরূপ উপদেশ করিতেছেন। তবুও তাহাতে শ্রদ্ধা হয় না। গুরুবর্গ ভগবন্মহিমা আমাদের নিকট প্রকাশিত করিতে ত্রুটী করিয়াছেন কি? শ্রীল প্রভুপাদের লীলায় এবং বিশেষতঃ তাঁহার অপ্রকটের পর হইতে ভগবানের শরণাগতপালকত্ব এবং অমোঘভক্তগণেরও উপাস্য সপরিকর গৌরকৃষ্ণের সেবায় জীবনীশক্তি নিয়োগ যাহারা করে নাই, তাহাদের সর্ব্বস্বাপহৃতা অর্থাৎ চরম অকল্যাণ কি শতশতভাবে প্রখর সূর্য্যালোকে অনাবৃত করিয়া প্রদর্শন করেন নাই? তবুও প্রাণ জাগে না কেন? আমাদের লক্ষ্য দেহ-সুখ। বাঁচিতে হয় ইহার জন্য, আর যদি মরিতে হয় তাহাও ইহারই জন্য। দেহের সুখই লাভ হউক, তাহাতে হরিভজন থাকিল আর গেল। দেহের এবং দেহের বিবৃতিস্বরূপ স্ত্রীপুত্রপরিজনের সুখের আশায় গুরুবৈষ্ণবসেবা ছাড়িয়াই নিস্তার আছে কি? "পলাইতে পথ নাই যম আছে পিছে।"

আমাদের মনে হইতে পারে, শ্রদ্ধা আত্মার সহজবৃত্তি, কৃত্রিম উপায়ে শ্রদ্ধা উৎপন্ন করা যায় না, কাজেই যদি শ্রীগুরুবর্গের বাণীতে আমাদের শ্রদ্ধার উদয় নাই-ই হয়, তবে আর কি করি? ইহার উত্তরে গুরুবর্গ বলেন—শ্রদ্ধা যখন আত্মবৃত্তি, তখন তাহার উদয় সর্ব্বক্ষণই আছে, তোমার মায়াবদ্ধদের দুরভিসন্ধিই তাহার প্রকাশে বাধা দিতেছে। ভগবান্ সর্ব্বদাই জীবকে প্রসাদ দান করিবার জন্য সচেষ্ট, জীব ভক্তীয়ের চরণে অপরাধ করিয়া সেই প্রসাদকে হৃদয়ে ধারণ করিতে পারে না। যাঁহারা শ্রীভগবানের কৃপাফলে এই গৌণী শ্রদ্ধা লাভ করিয়া সাধুসঙ্গ লাভ করিয়াছেন, তাঁহাদের নিকট কৃপালোক ত' পৌঁছিয়াই গিয়াছে, এখন দ্বার খুলিলেই হয়—মায়াবদ্ধদের দুরভিসন্ধি অর্থাৎ সমগ্র জীবনীশক্তি হরিভজনে নিয়োগে কার্পণ্য ছাড়িলেই হয়। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-কীর্ত্তিত চারি প্রকার অনর্থের অন্যতম বা প্রথম অনর্থ স্বরূপভ্রমই অশ্রদ্ধার মূল। ভগবদ্দাস্যদাসস্বরূপ স্বরূপ-পরিচয় ভুলিয়া যাই বলিয়াই সমগ্র জীবনীশক্তি হরিতোষণে নিযুক্ত করিতে পারি না। "দদাতি প্রতিগৃহ্ণাতি" রূপ ছয় প্রকার সৎ প্রীতির সহিত অনিত্য বস্তুতে না করিয়া যদি গুরুবৈষ্ণবে করিয়া উৎসাহ, নিশ্চয় ও ধৈর্য্যের সহিত অসৎসঙ্গ ত্যাগ করিয়া বৈষ্ণবসেবার সহিত সাধু-কীর্ত্তিত হরিনাম গ্রহণ করি, তাহা হইলে নিশ্চয়ই দৃঢ়শ্রদ্ধা লাভ হইবে। ভজন থাকার দরুণই বহুজীবাভিমানে আমরা বহু রোগের দাসত্ব করি এবং অশ্রদ্ধা হইতেই অত্যাহার, প্রয়াস ও প্রজল্পের অত্যাগ্রহ

হইয়া থাকে। কৃষ্ণকে গোপ্তৃত্বে বরণ না করিতে পারার জন্যই অতিরিক্ত বিষয়-সংগ্রহের ইচ্ছা, বৃথা চেষ্টা ও বৃথা বাক্যব্যয়ে প্রবৃত্তি আসে। ঐসবের দ্বারা নিশ্চিন্ত হইতে ও আনন্দ পাইতে পারিব, এইরূপ বিচার হয়। এই অশ্রদ্ধা এবং তাহার মূল অহঙ্কারকে দূর করিবার জন্য শ্রীল আচার্য্যদেব উপদেশ করিয়াছেন যে, "উপলব্ধি না হইলেও নিজেকে গুরুবর্গের দাস বলিয়া মনে মনে জপ করাও সৌভাগ্যের পরাকাষ্ঠা।' যদি নিষ্কপটে একান্তভাবে জপ করি, তাহা হইলে গুরুবৈষ্ণবসেবায় আত্মনিয়োগ নিশ্চয়ই হইবে। কারণ, যখনই আত্মনিয়োগে দেহ, মন বা পরিজনের নিকট হইতে বাধা আসিবে, তখনই তিনি জপ করিবেন 'আমি গুরুবর্গের দাস', সুতরাং আমাকে যে কোনপ্রকারে ইহা করিতেই হইবে। তাঁহার দৃঢ়তা আসিতে বিলম্ব হয় না। অশ্রদ্ধা—প্রত্যেকের বাধা দূর করিবার পক্ষে শ্রীল আচার্য্যদেবের বাণীই একমাত্র অমোঘ ঔষধ।

কৃষ্ণেতর বস্তুর প্রতি অভিনিবেশ

শ্রবণ-কীর্ত্তনাদি ভজনাঙ্গসমূহ পালন করিতে যাইয়া তাহাতে একনিষ্ঠ হইতে পারি না। ইহার কারণ কৃষ্ণেতর বস্তুর প্রতি অভিনিবেশ। ভজনাঙ্গসমূহ পালন করিয়াও ইতরবিষয়ে অভিনিবেশ যায় না কেন? শ্রীমদ্ভাগবত বলেন, ভক্তির সহিত পরেশানুভব ও ইতরবিষয়ে বিরক্তি একসঙ্গেই উদিত হয়, কিন্তু আমাদের তাহা হয় না কেন? ভজনাঙ্গসমূহ পালন করি, কিন্তু অনুভবযুক্ত হয় না—শ্রীগুরুবর্গের কৃপানুভূতি বা response পাই না—ইতর বিষয়ে আসক্তিও দূর হয় না। ইহার একটা কারণ দেখিতে পাই যে, যে response পাইবার জন্যই আমাদের ভজনাঙ্গসমূহ পালনের চেষ্টা, সেই response না পাইয়াই দিনের পর দিন কাটিয়া চলিতেছে, আর শ্রবণ-কীর্ত্তনাদি বা বৈষ্ণব-সেবার একটা কাঠামোও দিনের পর দিন খাড়া করিয়াই চলিয়াছি, কিন্তু অভিলষিত বস্তু না পাওয়ার জন্য একটা সাড়া কই প্রাণে জাগে না ত'? জাগতিক যে বিষয়ে আমাদের অভিলাষ থাকে, তাহা না পাইলে এরূপ নিশ্চিন্তভাব কখনই আসে না, বিশেষ করিয়া যখন সে বিষয়ের সাধনা আমাদের চলিতে থাকে। পাশ করিবার দৃঢ় ইচ্ছা যাহার আছে, সে ত বরং কতটা সচেতন। আহার-নিদ্রা ভুলিয়া যত্ন করে, শিক্ষকের কাছে জিজ্ঞাসা করে সে পাশের উপযুক্ত হইতে পারিল কি না। কিন্তু আমরা একটি বিষয়ে সিদ্ধির সঙ্কল্প করিয়া এতটা নিশ্চিন্ত থাকি কেমন করিয়া? এতটা জড়তা আসে কেন? অনেকে বলেন—সুকৃতি নাই, ইতরাভিনিবেশ ছাড়িতে পারি না, কি করিব? ইহারও উত্তর আমরা গুরুবর্গের বাণীতেই পাই। শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু বলিয়াছেন, "কোন প্রকার কর্ম্মের দ্বারা ভজনাঙ্গসমূহ নিষ্ফল হইতে পারে না। যদি কোথায়ও নিষ্ফলতা দেখা যায়, তবে বুঝিতে হইবে সেখানে পূর্ব্বজন্মের অপরাধ আছে। অপরাধ বলিতে মুখ্যভাবে বৈষ্ণবাপরাধই বুঝায়।" যে ভক্তিপথে চক্ষু নিমীলিত করিয়া চলিলেও পতন হয় না, সেখানে যে বাধা আসে তাহার কারণরূপে সর্ব্বতোভাবে দুর্জ্জয় বৈষ্ণবাপরাধকেই অনুমান করা যায়।

এই অপরাধ হইতে নিস্তার পাইবার উপায় কি? অহৈতুক কৃপাময় বৈষ্ণবগণ জীবের অপরাধ ক্ষমা করেন। যাঁহার নিকট অপরাধ করিয়াছি, তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করিয়া বিনীতভাবে এরূপ সেবা-ব্যবহার কর যাহাতে তিনি প্রসন্ন ও কৃপোন্মুখ হন। কিন্তু প্রশ্ন হইতে পারে যে, কাহার নিকট অপরাধ করিয়াছি, তাহা ত' জানি না, কি করিয়া অপরাধমুক্ত হইব? ইহার উত্তরও তাঁহার বাণীতেই পাই—"যদি সেই বৈষ্ণবের সন্ধান না জানি অথবা তাঁহাকে যত্ন করিয়াও প্রসন্ন করিতে না পারি, তবে আর্ত্তির সহিত শ্রীনামগ্রহণ করিতে হইবে। সর্ব্বক্ষণ শ্রীনামের নিকট প্রার্থনা জানাইতে হইবে যে, আমি যেন বৈষ্ণবকুলের কৃপাভাজন হইতে পারি। ইহাতে শ্রীনামও সন্তুষ্ট হইবেন। আবার বৈষ্ণবের প্রাণধন শ্রীনাম সন্তুষ্ট হইলে তাঁহারাও প্রসন্ন হইবেন। বৈষ্ণব-তত্ত্বটি এক, বিভিন্নরূপে তাঁহাদের বিলাস-মাত্র। সুতরাং বৈষ্ণব না চিনিলেও শ্রীগুরুদেবের অনুগতজনের আনুগত্য করিতে হইবে এবং বৈষ্ণবাপরাধমুক্ত হইবার জন্য দৃঢ় ইচ্ছা পোষণ করিতে হইবে। তাহা হইলে গুরুদেবের কৃপায় তাঁহার বৈষ্ণব-স্বরূপ বৈষ্ণবের পরিচয় আমরা পাইব।

নিষ্ঠা বা নৈরন্তর্য্য না আসিলে ইতরাভিনিবেশ দূর হয় না। নিরন্তর যদি শ্রীনামে অভিনিবিষ্ট থাকিতে পারি, তাহা হইলে অন্যদিকে মন দিবার আর অবসর থাকে না। অবশ্য শ্রীনামে নৈরন্তর্য্য বলিতে আমরা যেন কেবল 'নামাক্ষর' উচ্চারণ বা 'গুটি টানা' না বুঝি। সর্ব্বক্ষণ মনে রাখিতে হইবে, "ছাড়িয়া বৈষ্ণবসেবা, নিস্তার পেয়েছে কেবা।" বৈষ্ণবসেবা, বৈষ্ণবাপরাধ হইতে মুক্তি ও বৈষ্ণবগণের প্রসন্নতালাভের জন্য শ্রীনামের নিকট প্রার্থনা নিরন্তর করিতে হইবে। গুরুবৈষ্ণবের প্রসন্নতাবিধান ব্যতীত অন্য কৃত্য ভক্তিপথে সাধকের পক্ষে আর কিছুই নাই। শ্রীনামের কৃপাতে গুরুবৈষ্ণবের প্রসন্নতা, আবার গুরুবৈষ্ণবের প্রসন্নতায় শ্রীনামের কৃপালাভ হইবে।

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর অসত্তৃষ্ণাকে ইতরাভিনিবেশের কারণ বলিয়াছেন। এই অসত্তৃষ্ণা বা অসদ্বিষয়ের সঙ্গ করিবার ইচ্ছাও চারিপ্রকার। ঐহিক, পারত্রিক, বিভূতি ও মোক্ষবিষয়ে বাসনাই চারিপ্রকার অসৎ বাসনা বা অসত্তৃষ্ণা। ষড়্‌বেগই ইতরাভিনিবেশের ফল। নিয়মাগ্রহ, অসজ্জনসঙ্গ এবং লৌল্য অর্থাৎ নিষ্ঠাহীনতা বা অস্থিরচিত্ততাই ইহার লক্ষণ। নিষ্ঠার অভাবে আমাদের সেবার নিয়ম আমরা রাখিতে পারি না অথবা একটা প্রাণহীন অনুষ্ঠানকে আঁকড়াইয়া ধরি। সাধুসঙ্গে তৃপ্তিলাভ করিতে পারি না, ভক্তি ব্যতীত অন্য প্রসঙ্গও ভাল লাগে, ইহা নিষ্ঠার অভাবেরই পরিচয়। নিষ্ঠা ব্যতীত রুচিলাভ হয় না। কাজেই উহার বাধাস্বরূপ ইতরাভিনিবেশ গেল কিনা, সেবিষয়ে তীব্র লক্ষ্য রাখিয়া নিরন্তর আর্ত্ত-ক্রন্দন জানাইতে হইবে।

উৎসব-পঞ্জী

গত ১০ই অক্টোবর রবিবার ঢাকা শ্রীমাধবগৌড়ীয়মঠে উষঃকালে শ্রীবিনোদবাণীগৌড়ীয়র মঙ্গলারাত্রিকের পর শ্রীশ্রীগুরুগৌরাঙ্গবন্দনা ও কীর্ত্তনের পর শ্রীপাদ গোবিন্দচরণ দাস প্রভু শ্রীচৈতন্য-ভাগবত হইতে শ্রীবাস পণ্ডিতের গৃহে শ্রীমন্মহাপ্রভুর সঙ্কীর্ত্তন-বিলাস ও তদ্দর্শনে পাষণ্ডিগণের ঈর্ষা বিষয় পাঠ ও ব্যাখ্যা করেন। তৎপর শ্রীমাধবগৌড়ীয়মঠ হইতে একটী সঙ্কীর্ত্তন-শোভা-যাত্রা বাহির হইয়া টিকাটুলী, বামীবাস রোড্‌ ও নারিন্দা হইয়া মঠে প্রত্যাবর্ত্তন করেন।

অপরাহ্ণে ২ ঘটিকায় ইষ্টগোষ্ঠী সভায় পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু ১৮শ বর্ষ গৌড়ীয় হইতে 'শুদ্ধভক্ত-সম্প্রদায়ের বাস্তব আদর্শ" শীর্ষ প্রবন্ধ পাঠ ও মঠবাসিগণের দৈনন্দিন জীবনের কর্ত্তব্য সম্বন্ধে আলোচনা করেন। তৎপর পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ভক্তিশাস্ত্রী প্রভু নদীয়া-প্রকাশ হইতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তি-প্রদীপ তীর্থ গোস্বামী মহারাজের 'বোম্বাই সহরে হরিকথা' প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন।

সন্ধ্যায় শ্রীবিগ্রহের সন্ধ্যারাত্রিকের পর শ্রীশ্রীগুরুগৌরাঙ্গবন্দনা কীর্ত্তন হইলে শ্রীপাদ রাধাগোবিন্দ প্রভু কর্দ্দম ঋষির হরিভজন ও চরিতকথা পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ১৪ই অক্টোবর সোমবার প্রাতে শ্রীপাদ হরিজনানন্দ ব্রহ্মচারীজী শ্রীচৈতন্য-ভাগবত হইতে গৌরপার্ষদ শ্রীল শ্রীবাস পণ্ডিত গোস্বামী প্রভুর গৃহে শ্রীমন্মহাপ্রভুর সঙ্কীর্ত্তন-বিলাস ও তাহাতে পাষণ্ডিগণের ঈর্ষাপ্রদর্শন বিষয় পাঠ ও ব্যাখ্যা করেন।

অতঃপর শ্রীমাধবগৌড়ীয়মঠ হইতে একটী নগর-সংকীর্ত্তন-শোভাযাত্রা বহির্গত হইয়া নারিন্দা রোড্‌, সাহজিয়ালনগর, লক্ষ্মী-বাজার, লক্ষ্মীবাজার গলি, শঙ্করটোলা, প্যারীদাস রোড্‌, হৃষীকেশ দাস রোড্‌, সেনেনগর, নারিন্দা হইয়া শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করেন।

ঐ দিবস অপরাহ্ণে ইষ্টগোষ্ঠী-সভায় পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু গুরুতত্ত্ব সম্বন্ধে অনেক কথা আলোচনা করেন। শ্রীশ্রীবিনোদবাণীগৌড়ীয় সন্ধ্যারাত্রিকের পর শ্রীশ্রীগুরুগৌরাঙ্গবন্দনা কীর্ত্তনান্তে পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্যপুরাণ-রাগতীর্থ মহোদয় শ্রীমদ্ভাগবত হইতে মহর্ষি কর্দ্দমের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন।

সোনারগাঁ থানায় প্রচার

গত ২রা অক্টোবর বুধবার সোনারগাঁ থানার হাইস্কুলের প্রধান শিক্ষক শ্রীযুক্ত হীরেন্দ্রলাল দাস এম্‌-এ মহোদয়ের উদ্যোগে উক্ত স্কুলগৃহে বেলা ৩।০ ঘটিকার সময় একটী বিদ্বজ্জনমণ্ডিত সভায় শ্রীগুরুবন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন হইলে পর শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু "মনুষ্যজীবনের কর্ত্তব্য" সম্বন্ধে প্রায় ২ ঘণ্টাকাল একটী জ্ঞানগর্ভ বক্তৃতা প্রদান করেন। বক্তৃতাকালে কলি নরজীবন ও পশুজীবনের পার্থক্য, চেতনের ক্রমবিকাশ, মানবের মধ্যে নীতিহীন, নিরীশ্বর নৈতিক, সেশ্বর নৈতিক, সাধক ভক্তগণের ও ভাবভক্তগণের [illegible] শ্রেষ্ঠত্ব এবং মানবজীবনের [illegible] করিয়া, কৃষ্ণসেবাই যে সকল জীবের [illegible] করিয়া, তাহা [illegible] হয়। অতঃপর মহাজনপদাবলী ও [illegible] কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন মায়াপুর, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅপ্রমেয় ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৫
সেবক—[illegible] দাসাধিকারী

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণকেশব ভক্তিশাস্ত্রী

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৭) কাজি সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমদনানন্দ ব্রহ্মচারী

(৮) অদ্ভুতলক্ষ্মী [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীজনার্দন ব্রহ্মচারী

(৯) আনন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীপ্রেমময় দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণ দাসাধিকারী

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীকৃষ্ণধন দাস অধিকারী

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীরামদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গোদ্রুম, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
ছাউতারা—শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্তী
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) কুলিয়াকুঞ্জ
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীমধুমঙ্গল সেবাবিলাস

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীদীননাথ ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ কালশাখি. (নদীয়া)
সেবক—শ্রীজ্যোতিঃপ্রকাশ ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঠালপাড়ি, পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রীরাধাকিশোর ব্রজবাসী

(২১) বালুঘাট-গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
বালিয়াটী পোঃ নবাব, ঢাকা।
সেবক—শ্রীবিশ্ববন্ধু দাসাধিকারী

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রীমহানন্দ ব্রজবাসী

(২৫) গৌরাঙ্গ গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি. (ঢাকা)
সেবক—শ্রীনরেন্দ্রনাথ অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীমাধব দাসাধিকারী

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীগৌরচন্দ্রাশ্রিত দাস

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাঝোরা, দার্জ্জিলিং
সেবক—শ্রীমহাপুরুষ দাসাধিকারী;

(৩০) মায়াপুর-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জেঃ সাহারণপুর, ইউ. পি
সেবক—শ্রীমহেন্দ্রনাথ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মহেন্দ্রপুর পাটনা।
সেবক—শ্রীনন্দগোপাল দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
গয়া রোড গয়া
সেবক—শ্রীনন্দগোবিন্দ ব্রহ্মচারী

(৩৩) শ্রীসনাতনগৌড়ীয় মঠ
৮।১৭ বড় গণেশ, বেনারস সিটি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ. এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী

(৩৫) সন্মাত্ররক্ষ মঠ.
পোঃ নিমসার, সীতাপুর ইউ পি)
শ্রীমদনমোহন ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা
সেবক—শ্রীননীগোপাল ব্রজবাসী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
রাধাকুণ্ড, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীসত্যব্রত দাসাধিকারী

(৩৯) ব্রজানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ - শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিত্যানন্দচরণ ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীহরিদাস ব্রজবাসী

(৪৩) অক্ষয় বিহারী মঠ
মথুরা, মথুরা।
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

(৪৪) গৌড়বিহারী মঠ—পেশোয়ারী,
পোঃ কোকোন, জেলা গুর্জ্জর (পাঞ্জাব)
সেবক—শ্রীভিক্ষরাম ব্রহ্মচারী

৪৫। ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীরাধাগোবিন্দ দাসাধিকারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং [illegible] রোড, নিউ দিল্লী:
সেবক—শ্রীপদ্মচরণ পাণ্ডা

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible]
বিদ বিং বোম্বে
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীবেদতীর্থ ব্রহ্মচারী

( ) মধ্বানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গুণ্টুর গোদাবরী মাদ্রাজ
—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫০) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

৫১। পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গচন্দ্র ব্রহ্মচারী

৫২। ভক্তিকুটী—[illegible]
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৫৩) সীতাকুটী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৪) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীমহেশ্বর ব্রহ্মচারী

(৫৫) সচ্চিদানন্দ মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)
সেবক—শ্রীশৈলেন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৫৬) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

৫৭। শ্রীজগন্নাথগৌড়ীয়-প্রপন্ন-মঠ
পোঃ [illegible], গয়া
সেবক—শ্রীত্রিভুবনমোহন দাস ব্রহ্মচারী

(৫৮) ভাগবতজনানন্দ মঠ
চিরণিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক শ্রীভগবানদাস ব্রজবাসী

(৫৯) আমাদি গৌড়ীয়মঠ
পোঃ আমাদি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচন্দ্র ব্রহ্মচারী

(৬০) [illegible] প্রপন্নাশ্রম
পোঃ [illegible] (মাদ্রাজ)
সেবক—শ্রীঅদ্বৈত ব্রহ্মচারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (আসাম)
সেবক—শ্রীকৃষ্ণতারণ ব্রহ্মচারী

(৬২) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

(৬৩) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, ই ৫
সেবক—কুমারীবিনোদবাণী দাসী

(৬৪) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট.
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ আফিস
[illegible], [illegible] (ইউ-পি
সেবক—শ্রীরাধানন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ আফিস,
[illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রীঅচিন্ত্যগোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) শ্রীভক্তিভবন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভাবরঞ্জন ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-প্রতীয়া-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪।		৩৲
অর্দ্ধকলম	৮৲	৭৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬।	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		
ষান্মাসিক	"	৫।
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—[illegible]—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

ধাম অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে . বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবিধি খোলা। শিক্ষকগণ সাত্ত্বিক ও সচ্চরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ে ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৪ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে
সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জীসমূহ সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে নিজের পথে অগ্রসর হইতে পারেন, সেই সংক্ষ সরল প্রণালীটি ইহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই [illegible] উপকৃত হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল। গ্রন্থটী [illegible] কাগজে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—মধুপা প্রেস, ওয়ারী, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর [illegible] ও শিক্ষা [illegible] ইহার ভিক্ষা মাত্র [illegible] প্রাপ্তিস্থান [illegible] শ্রীযোগপীঠ, শ্রীমায়াপুর, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও বাঁধাই অতি মনোরম। ইহাতে ১০০টী উপাখ্যান, লেখক ও প্রায় ৪০টী চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১।০ আনা। প্রাপ্তিস্থান—মধুপা প্রেস, ওয়ারী, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত, এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের [illegible] ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব [illegible] ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "[illegible]" নামক গ্রন্থের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র আট আনা।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

[illegible] শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের সারার্থবর্ষিণী টীকা, ঐ টীকার [illegible] সংস্করণে [illegible] পারিবেন সন্দেহ নাই। [illegible] আকারে প্রায় [illegible] পৃষ্ঠায় এই গ্রন্থ [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible] শ্রীমায়াপুর, নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে সর্ব্ব প্রকার শাস্ত্রের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অলৌকিক জীবনচরিত এতাবৎকাল পুস্তকাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্য্যের অন্তরঙ্গ শিষ্য ও লেখক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি, এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৪ পৃষ্ঠা গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৹ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেনের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৪১	৬-১১	৭ ১০	১৩-১৮	১৬-৫৬	১৭-৫৬	২২-৫১
দমদম "	৫-৫৮	৬-২৫	৭ ৩০	১৩ ৩৭		১৮-১২	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৯-১৮	৮ ০ ৭	৯ ১৬	১৫-৩	১৮-৩৪	১৯-৪২	০-২৫
(বদল) ছাঃ	৬-৩০	৮-৫	৯-৪১	১৫-১৩	১৮ ৪২	১৯-৪৭	০-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-৩৪	৮-৩৮	১০-৮	১৫-৪১	১৯ ১৭	২০-২২	১-১২
(বদল) ছাঃ	৭-১২		১০ ৫১	১৪-০	১৭-৫২	২০-৫০	
নবদ্বীপঘাট পৌঃ	৭ ৫১		১১-১০	১৪-৪০	১৮-১১	২১ ১০	

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-২
দমদম ,,	১০-২০
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১১ ২৮
(বদল) ছাঃ	.৩ ৫১ (গাড়ী বদলাইবে)
কৃষ্ণনগর পৌঃ	:৪-১৪
ছাঃ	১৫-০
নবদ্বীপঘাট পৌঃ	১৫-৪০

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮		৯-১০	১৪-১৬	১৬-০	১৮ ৫১	
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৬		৯ ৪৮	১৪ ৫৫	১৬ ৩৬	১৯-১৭	
ছাঃ	৭-৯	৮-৪০	১১-৪১	১৬-৫৬	১৯-২	২০-৫৬	৩-৩৬
রাণাঘাট পৌঃ	৭-৫৫	৯-২৩	১২-২৬	১৭-৪১	২০-১০	২১-২৯	৪-১৫
(বদল) ছাঃ	৭-৫২	৯-২৮	১২-৪৬	১৭-৪৩	২০-১৮	২১-৩৪	৪ ২৩
দমদম ,,			১১-৩	১৯-০		২৩-১	
কলিকাতা পৌঃ	৯-২১	১০-২০	১৪-১১	১৯-২৬	২১-৫৫	২৩ ২৬	৬-২৬

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ	১৪ ১৬
কৃষ্ণনগর পৌঃ	১৪-৫৫
ছাঃ	১৫-১০
শান্তিপুর পৌঃ	১৫-৫১
(বদল) ছাঃ	১৬ ৪০
রাণাঘাট পৌঃ	১৭-৩৪
[illegible] ছাঃ	১৭-৫৩
	১৯-২৬

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের গৌরবরেখা এবং পরিণত লেখনীর অপূর্ব্ব দান আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই 'বক্সাইটি, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমন্বয় আলোচনা। প্রথম খণ্ড ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের লিখিত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত শব্দ ও সূচীপত্র (Index Glossary) সহ সবেমাত্র প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে।

১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় ... একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৵৹ দশ আনা, বড় বোতল ১৷৵৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—৬১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

... বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ খণ্ড ৷ শ্রীমায়াপুর ৫ই কার্ত্তিক ১৩৪৭, ২২শে অক্টোবর, ১৯৪০ মঙ্গলবার ১৮৮তম সংখ্যা

নানা-সংবাদ

——:(•):——

সর্ব্বাপেক্ষা দ্রুতগামী ক্ষুদ্র যুদ্ধ-জাহাজ

বৃটিশের কোন নৌ-ঘাঁটি হইতে রয়টারের সংবাদদাতা জানাইতেছেন, "পৃথিবীর মধ্যে এখন একমাত্র বৃটেনেরই সর্ব্বাপেক্ষা দ্রুতগামী ক্ষুদ্র ক্ষুদ্র যুদ্ধ-জাহাজ রহিয়াছে। ছোট হইলেও ঐ সকল যুদ্ধ-জাহাজে অত্যন্ত বৃহৎ জাহাজের মতই দূর পাল্লার কামান ব্যবহৃত হইতে পারে। তরঙ্গ-সঙ্কুল সমুদ্রের মধ্য দিয়া ঐগুলি তীব্র গর্জ্জন সহকারে ঘণ্টায় ৫০ মাইল বেগে ধাবিত হইতে পারে। আবার গভীর রাত্রির অন্ধকারে নিঃশব্দে একই প্রকার গতিতে পরিচালিত হইয়া শত্রুপক্ষের নূতন নূতন ভীষণ ত্রাসের কারণ হইয়া উঠিতে পারে। ক্ষুদ্রাকৃতির জন্য, বিশেষ করিয়া চলন্ত অবস্থায় তাহাদিগকে লক্ষ্য করিয়া গুলীচালনা করা প্রায় এক প্রকার অসম্ভব ব্যাপার।" উপরোক্ত সংবাদদাতার এই প্রকার জাহাজে চড়িবার সুযোগ ঘটিয়াছিল। তিনি লিখিতেছেন "ইহা প্রকৃতই একটী রোমহর্ষণকারী অভিজ্ঞতা। মোটরগাড়ীতে চড়া অপেক্ষা ইহা অনেক শান্তি ও আরামপ্রদ। আধুনিক বিমান যেমন নীল-নির্ম্মল আকাশে বিচরণ করে, ঠিক তেমনিভাবে ইহা সমুদ্রের জল কাটিয়া, দ্রুতগতিতে চলিতে থাকে। ইহার ইঞ্জিনগুলি যখন চলিতে আরম্ভ করে, তখন মনে হয়, যেন কয়েকটী এক্সপ্রেস ট্রেণ এক সঙ্গে বিমান-আক্রমণ চলিতে আরম্ভ করিয়াছে। যে জাহাজটিতে আমি চড়িয়াছিলাম, তাহা হইতে কল্পিত-বিমান লক্ষ্য করিয়া কোন একটি কল্পিত বিমানকে লক্ষ্য করিয়া কয়েকবার গুলি নিক্ষেপ করা হইয়াছিল।"

——

জার্ম্মাণরক্ষী জাহাজ ধ্বংস

একটী ইতালীয় ঘাঁটি, বেঙ্গাসীর উপর আক্রমণ বৃটিশবিমানবহর করিয়াছে এবং ডেরনিয়ার রেসটেশনে ও তৎসন্নিহিত স্থানসমূহের উপর সরাসরি বোমাবর্ষণ চলিতেছে। তিনখানি বাণিজ্য জাহাজ ও দুইখানি সঙ্গাদী জাহাজের রক্ষাকার্য্যে নিযুক্ত একখানি জার্ম্মাণরক্ষী-জাহাজ ধ্বংস হয়। নৌ-বিভাগীয় ইস্তাহারে প্রকাশিত এক ইস্তাহারে প্রকাশিত এই সংবাদে ঘটনাস্থলের বিবরণ উল্লেখ করা হয় নাই। সরকারীভাবে বলা হইয়াছে—একখানি বাণিজ্যজাহাজ ছিল ৭০০০ টনের। অন্য একখানিতে ডুবিবার পূর্ব্বে বিস্ফোরণ হয়। ইস্তাহারে আরও বলা হইয়াছে, ৭০০০ টনের আর একখানি জার্ম্মাণ জাহাজের উপর সাফল্যের সহিত আক্রমণ চালান হয়। তিনটি টর্পেডোর দ্বারা উহাকে আঘাত করা হয়।

——

অষ্ট্রেলিয়ান দূতের সহিত আলোচনা

সুদূর প্রাচ্যের পরিস্থিতিতে অষ্ট্রেলিয়ার যে প্রতিক্রিয়া সৃষ্টি হইয়াছে, তাহা লইয়া প্রেসিডেণ্ট রুজভেল্ট ও মিঃ কর্ডেল হালের সহিত গত বুধবার ওয়াশিংটনস্থ অষ্ট্রেলিয়ান দূত মিঃ কাসির আলোচনা হইয়া গিয়াছে। মিঃ ক্যাসি পরে সাংবাদিকগণের নিকট বলেন, অষ্ট্রেলিয়ার স্বার্থ-সম্পর্কিত সকল বিষয়েরই আলোচনাই তিনি প্রেসিডেণ্টের সহিত করিয়াছেন।

——

বৃটিশবিমানের সাফল্য

বার্লিন, কাসেল ও স্যাক্সের ব্যারাক ও সামরিক ঘাঁটিসমূহের উপর সাফল্যের বোমাবর্ষণ হয়, হার্জ ও মস্কোর উপরও আক্রমণ চালান হয়। যুদ্ধে বৃটিশ বিমান-বহরের কোন ক্ষতি হয় নাই। ইতালীয় পূর্ব্ব আফ্রিকায় ডিরেডাবার অট্টালিকা ও রেলষ্টেশনের উপর বোমাবর্ষণ করা হয়। লোহিতসাগরে টহলদারী বৃটিশ বিমান ও ইতালীয় বিমানের সংঘর্ষে ২খানি ইতালীয় বিমান ক্ষতিগ্রস্ত হয়। মাসাবা ও আরেকনার উপকূলের নৌ-বিমান-বহরের ব্যারাকের উপরও বৃটিশ বিমান বোমাবর্ষণ করে।

একটী টর্পেডোবোট বন্দরের জেটীর উপর সরাসরি বোমাবর্ষিত হয়। জার্ম্মাণগণ জাহাজ-ঘাটার পশ্চিম কোণে বহু ভারী বোমাবিস্ফোরণ হয়। তৈলপূর্ণ ট্যাঙ্কে বোমা পতিত হওয়ায় বিপুল অগ্নিকাণ্ডের উৎপত্তি হয়। একটি গ্যাসের কারখানা ও রেলপথের উপর বোমা বর্ষিত হয়। জেনহেলডার, ফ্লুসিং, ওস্টেণ্ড, কালে, বোলন ও লেহার্ভের উপর বোমাবর্ষিত হয়।

বৃটিশ ক্রুইজার ক্ষতিগ্রস্ত

টর্পেডোবাহী একখানি শত্রুবিমানের আক্রমণে বৃটিশ ক্রুইজার 'লিভারপুল' ভূমধ্যসাগরে ক্ষতিগ্রস্ত হইয়াছে। ভূমধ্যসাগরে যুদ্ধের পর প্রত্যাবর্ত্তনের সময় 'লিভারপুল' আক্রান্ত হয়, উহা এখন নিরাপদ বন্দরে পৌঁছিয়াছে। বেশী হতাহত হয় নাই।

——

আফ্রিকায় ও জার্ম্মাণীতে বৃটিশ-বিমানের আক্রমণ

টুব্রুকের নিকটে একটী সরবরাহকারী ট্রেণের উপর সরাসরি আক্রমণ চালান হইয়াছিল। জার্ম্মাণীতে ২০টিরও অধিক সংখ্যক রেলপথের কেন্দ্রে বোমা বর্ষিত হয়। জার্ম্মাণী ও হল্যাণ্ডের বিমানঘাঁটিসমূহের উপর বোমাবর্ষণ করা হয় এবং হল্যাণ্ড, বেলজিয়াম ও ফ্রান্সের ডকসমূহ ও জাহাজ প্রতিষ্ঠানগুলির উপর প্রচণ্ডভাবে বোমাবর্ষিত হয়। বৃটিশ নৌ-বাহিনী ডানকার্কের উপর প্রচণ্ড বোমাবর্ষণ করিবার সময় প্রজ্বলিত অগ্নি দেখা গিয়াছিল এবং বেশ ক্ষতি সাধিত হইয়াছে বলিয়া মনে করা যাইতেছে—বৃটিশ নৌ-বিভাগের এক ইস্তাহারে উক্তরূপ সংবাদ প্রকাশ করা হইয়াছে।

আইন-সভার সভ্যদিগের বাধা নিষেধ

রাজকীয় বিভিন্ন পল্টনে যোগদান সম্পর্কে আইন-সভার সভ্যদের যে সকল বাধা আছে—বর্ত্তমান যুদ্ধসম্পর্কে তাহা প্রত্যাহার করিয়া বাঙ্গলা সরকার শীঘ্রই একটী অডিন্যান্স জারী করিবেন বলিয়া জানা গিয়াছে। ঐ সকল [illegible] যোগদানকারী সভ্যগণ যাহাতে [illegible] পুনরায় আইনসভায় সভ্য [illegible] হইতে পারেন, তাহারও ব্যবস্থা করা হইবে।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩।০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—উড়িষ্যার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—শ্রীনন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় সর্ব্বতোভাবে অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বহুদেশ তথা বঙ্গের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সজ্জনবৃন্দ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তপূর্ণ উত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীস্বরূপ রূপানুগবর্গ সজ্জনগণের ও তদনুকূল সজ্জনগণের অপ্রতিহত গৌরকৃষ্ণ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেব্য।

ভিক্ষা— ৷৷০ আনা মাত্র

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের গ্রন্থের অভিনব বিরাট সংস্করণ যন্ত্রস্থ, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ, প্রতিপাদ্য নির্দ্দেশ, অধ্যায়বিবরণ, গ্রন্থসূচী প্রভৃতি সহ গৌড়ীয়মিশন কর্তৃক প্রকাশিত হই[illegible]

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, বিবৃতি ও তাৎপর্য্যসহ গৌড়ীয়মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীব্রজকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
শ্রীসুধীরঞ্জন দাস এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৩৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৶০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৷৷০
৪র্থ খণ্ড—৷৷০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৷০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৷৷০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ৩৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। ব্রাহ্মণ-আন্দর ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয়গীতিকা ৷৶০
২২ ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ৩৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ৩৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেমন মানব-ভাষা ৷০
২৭। প্রকৃতিতত্ত্ব (মায়াবাদ) ১৲
২৮। বেদান্তসূত্র (মায়াবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷৷০
৩০। দীপ-নির্দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৶১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা
৪০। শরণাগতি
৪১। গীতাবলী
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা
৪৩। সাধনতত্ত্ব ৴৶
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকণ্ঠ
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৶১০
৪৯। অর্চ্চনকণ্ঠ ৷৶
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (মায়াবাদ) ৷
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। [illegible] ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০ সাংখ্যবাণী ৷৶০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২ সিদ্ধান্ত-সরস্বতী বিজিতম্ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। স্বস্তয়নম্ ৷০
৬৫। মায়াবাদ শিক্ষাদীক্ষা ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারার্থবর্ষিণী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷৶
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷৶
৭০। নারদপঞ্চ ৴০
৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷৶
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৶০
৭৩। [illegible] অ্যাণ্ড ব্লিমেন্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবিজম ৷০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ দুইং ৴০
৭৬। দি ভাগবত ৷৶
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনএলয়েড ডিভোশন ৷৶
৭৮ ব্রহ্মসংহিতা ২৷০
৭৯ শ্রীকৃষ্ণচৈতন্য / প্রথম খণ্ড ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীনামচিন্তামণি ৷৶
৮১। সাধন-পথ ৷৶
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴৶
৮৪। শরণাগতি ৴৶

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৶

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৭শ বর্ষ | ৬ দামোদর ৪৫৪ গৌরাব্দ ৭ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৭, ২২শে অক্টোবর ইং ১৯৪০, মঙ্গলবার | ১৮৮তম সংখ্যা

"যেখানে হরিকথা নাই, সেস্থল যতই আত্মীয়-স্বজন-বেষ্টিত হউক না কেন, যতই বাসের সুবিধাজনক হউক না কেন, সেই সকল স্থান বা তাদৃশ জনসঙ্গ নিতান্ত অপ্রয়োজনীয়।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৬ দামোদর বাপু পঞ্চম গৌরাব্দ ৪৫৪

যৎকিঞ্চিৎ

এ জগতে সেব্যও অনেক, সেবকও অনেক। এখানে সেব্য ও সেবকের নিত্য স্থিতি নাই। আজ যিনি সেব্য, কাল তিনি সেবক হইতে পারেন, কাল যিনি সেবক ছিলেন আজ তিনি সেব্য হইতে পারেন। এখানে সেব্য ও সেবকের স্বার্থ এক নহে। কিন্তু চিজ্জগতে এরূপ কোন ব্যাপার নাই। সেখানে সেব্য একজন এবং সেবক বহু, সেখানে সেব্যের স্বার্থই সেবকের স্বার্থ। এতদ্ব্যতীত সেবকের পৃথক করিয়া নিজস্বার্থ কিছু নাই। সেখানে সমস্ত সেবকই একেবারে সেব্যের ইন্দ্রিয়তোষণ করিয়া পরিতৃপ্ত হন। এখানে যেমন গোষ্ঠী বা সংসার আছে, সেখানেও তাহা আছে। বৈকুণ্ঠে শ্রীনারায়ণ সগোষ্ঠী সহ অবস্থান পূর্ব্বক নিত্যকাল তাঁহার সেবকগণের নিকট সেবা গ্রহণ করিতেছেন। সেবক-সম্প্রদায় সেখানে গোষ্ঠী আর সেব্য নারায়ণ গোষ্ঠীপতি। এ জগতে যেরূপ মায়ার সংসার, সেখানে সেইরূপ কৃষ্ণের সংসার। সেখানে গোষ্ঠী গোষ্ঠীপতি হইতে অভিন্ন। ভগবান্ অঙ্গী, ভক্তগণ তাঁহার অঙ্গ। অঙ্গকে বাদ দিয়া অঙ্গীর অঙ্গীত্ব এবং অঙ্গীকে বাদ দিয়া অঙ্গের অঙ্গত্ব থাকে না। ভক্ত ও ভগবান্ পরস্পর অবিচ্ছেদ্য সম্বন্ধবিশিষ্ট। ভগবানের সংসারে ভক্তের সহিত ভগবানের যে প্রীতির বন্ধন, তাহা নিত্য, সুতরাং তাহাই সত্য। এই কৃষ্ণের সংসারের লোক যাঁহারা, সেই সাধুগণের পদধূলি হইতে পারিলে কৃষ্ণের সংসারে প্রবেশাধিকার লাভ হয়। শ্রীনারায়ণের সেবকগণ সকলেই শ্রীনারায়ণের সহিত সমজাতীয় ও সমরূপবিশিষ্ট।

বিষয়ী লোক চোখ দিয়া দেখিয়া মনে বিচার করিয়া কর্তব্যাকর্তব্য নির্ণয় করে। কিন্তু প্রত্যেক মঠবাসীর কর্তব্য—শুশ্রূষু কর্ণের দ্বারা শ্রৌতবাণী শ্রবণ করিয়া আত্মার (যে আত্মার বিচারে ভ্রম, প্রমাদাদি দোষচতুষ্টয় নাই অর্থাৎ যাহাতে মনোধর্ম নাই—দ্বৈতে ভদ্রাভদ্রজ্ঞান নাই, "দ্বৈতে ভদ্রাভদ্রজ্ঞান সব মনোধর্ম। এই ভাল এই মন্দ এই সব ভ্রম॥" যে আত্মাতে এই সকল দোষ নাই তাহার) দ্বারা কোনটি

জীবে সাক্ষাৎ নাহি তাতে গুরু চৈত্ত্যরূপে শিক্ষাগুরু হন কৃষ্ণ মহান্তস্বরূপে॥

সেবা, কোনটী সেবা নয়—ইহা নির্ণয় করিয়া কায়মনোবাক্যে সকল সময়ে, সকল অবস্থায় হরিগুরুবৈষ্ণবের সেবা করিতে হইবে। আমাদিগকে ঐকান্তিক হইতে হইবে। সতী নারীর বিচার লক্ষ্য করুন। সে এক সেব্যের জন্য অন্য পুরুষের চিন্তা করে না। কেহ যদি তাহাকে অপর পুরুষের কথা বলে তৎক্ষণাৎ তাহার প্রতি ক্রুদ্ধ হইয়া তাহার সঙ্গত্যাগ করে। আমরা যদি গুরুবৈষ্ণবদাসানুদাস বলিয়া সত্য সত্য নিজকে জানি, তবে তাঁহাদের সেবায় অনুরাগ হয় না কেন? তাঁহাদের নিন্দা শুনিলে গায়ে লাগে না কেন?

গুরুবৈষ্ণবের বাণীলঙ্ঘনকারীর কখনও হরিভজন হয় না। শ্রীগুরুদেব অপ্রাকৃত-ভাবে অপ্রাকৃত নামপ্রভুর বিলাস—গৌরধাম, গৌরনাম ও গৌরকামের সেবা-বিস্তারের জন্য ভক্তগণকে শ্রীধামের বৈভব ৭৫টি মঠ প্রকট করিয়াছেন। মঠসকল ধাম, তাহা চেতনভূমিতে অবস্থিত।

আমি জড়ভাবাপন্ন, কাজেই চেতনবস্তুকে দেখি আমার মত জড়। আমি দেহাত্ম-বুদ্ধিবিশিষ্ট কাজেই বৈষ্ণবকেও মনে করি দেহাত্মবুদ্ধিবিশিষ্ট মর্ত্ত্য জীব। আমি স্বামী, স্ত্রী, পুত্র, পিতা-মাতা, আত্মীয়-বর্গ, গ্রাম, সহর প্রভৃতি প্রপঞ্চ জগৎ যে জড় চক্ষে দেখি, যদি শ্রীবিগ্রহকেও সেই চক্ষু দিয়া দেখি, তাহা হইলে শ্রীবিগ্রহকে অচেতন পুতুল কাঠ পাথর-জাতীয় বস্তুই দেখি, চেতন মঠকে পাথর, ইটপাটকেল মাত্র দেখি। কিন্তু "প্রতিমা নহ তুমি সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন।" শ্রীগৌরসুন্দরের এই শ্রীমুখবাক্যানুসারে শ্রীবিগ্রহ সাক্ষাৎ ভগবান্। 'সাক্ষাদ্ধরিত্বেন সমস্তশাস্ত্রৈরুক্তস্তথা ভাব্যত এব সদ্ভিঃ' শ্রীগুরুদেবের প্রণামের এই সূত্রানুসারে শ্রীগুরুদেব মুকুন্দপ্রেষ্ঠ—আশ্রয়বিগ্রহ ভগবান্। "বৈষ্ণব-ঠাকুর অপ্রাকৃত সদা, নির্দ্দোষ আনন্দময়। কৃষ্ণনামে প্রীত, জড়ে উদাসীন, জীবেতে দয়ার্দ্র হয়।"—এই মহাজন-বাক্যানুসারে বিষ্ণুকলেবরের ন্যায় গুরুবৈষ্ণবের কলেবরও সর্ব্বদা অপ্রাকৃত। তাঁহারা চিচ্ছক্তি-প্রকটিততনু। সুতরাং তটস্থ জীবশক্তি-সম্ভূত আমি যদি চিচ্ছক্তির আনুগত্য না করি, তৎক্ষণাৎ আমার পতন হইবে। জীব যদি চিচ্ছক্তির আনুগত্যে চিন্ময় নাম, ধাম ও কামের সেবায় আত্মনিয়োগ না করে, তাহা হইলে তৎক্ষণাৎ সে নিরয়গামী হইবে।

(ক্রমশঃ)

গুরু ও গুরুব্রুব

——::o::——

মহাভাগবতাগ্রগণ্য সদ্গুরু ও বৈষ্ণবাভিমানী গুরুব্রুবের আচরণ লক্ষ্য করিলে আমরা দেখিতে পাই যে, প্রথমোক্ত মহাপুরুষ পরদুঃখদুঃখী দয়ার্দ্র-হৃদয় এবং শেষোক্ত ব্যক্তি পরহিংসক ও পরপীড়াদায়ক। সদ্গুরু তাঁহার মহাভাগবতলীলায় শিষ্যের সেবকাভিমানী ও তাঁহার মধ্যমাধিকারলীলায় ভগবৎ-সেবকগণের সহিত মিত্রতা, বালিশ অর্থাৎ অজ্ঞ ব্যক্তির প্রতি হরিকথাকীর্ত্তনাদির দ্বারা কৃপা এবং ভক্ত ও ভগবদ্বিদ্বেষীর প্রতি উপেক্ষা প্রদর্শন করিয়া থাকেন।

গুরুব্রুবগণের আচরণ অন্য প্রকার। তাঁহারা শিষ্যের সন্তাপহারক না হইয়া বিত্তাপহারক। তাঁহারা অধিকাংশ স্থলেই কামক্রোধাসক্ত সংসার-শৃঙ্খলে আবদ্ধ গৃহব্রত জীববিশেষ। কোন কোন স্থলে যাঁহারা উহাদিগের মধ্যে লৌকিকতা রক্ষা করিবার জন্য অর্চ্চনমার্গীয় প্রাকৃত কনিষ্ঠাধিকারে নিষ্ঠাযুক্ত তাঁহারাই তাঁহাদিগের ন্যায় সমশীল শিষ্যগণের নিকট শ্রেষ্ঠ গুরু বলিয়া পরিচিত। এই সকল অসদ্গুরুব্রুব শিষ্যহিংসক জীববিশেষ ঐ সকল গুরুব্রুব নিজেরা চিরকাল প্রাকৃত তত্ত্বকেই বহুমানন করিয়া থাকেন। সুতরাং তাঁহাদের অনুগতবর্গকেও চিরকাল প্রাকৃতত্ব হইতে আর উন্নত করিতে পারেন না। কাজে কাজেই তাঁহাদের শিষ্যবর্গ কোন জন্মেই গুরুপদে উন্নীত হন না। এইরূপভাবে তাঁহারা শিষ্যের আত্মার চির অকল্যাণ বিধান করিয়া তাঁহাদের আত্মহিংসক হন। দ্বিতীয়তঃ তাঁহারা শিষ্যের অর্থাদিতে লোভ করিয়া উহাদের দেহ ও মনের হিংসা করিয়া থাকেন। কিন্তু সদ্গুরুর আচরণ তদ্বিপরীত। তিনি মহাভাগবতলীলায় শিষ্যের সেবকাভিমানী, মধ্যমাধিকারলীলায়ও শিষ্যকে বহুবিধভাবে কৃপা করিয়া গুরুরূপে শিষ্যের হরিসেবন প্রবৃত্তির সেবক। তিনি কখনও নিজেকে শিষ্যের ভোক্তা এবং শিষ্যগণকে নিজের ভোগ্য জ্ঞান করেন না। গুরুব্রুবগণ উক্তরূপ ও অধস্তন বংশ-পরম্পরায় শিষ্যের ভোক্তা বলিয়া অভিমান করে।

সদ্গুরু মহাভাগবতলীলায় কিরূপে শিষ্যের সেবকাভিমান করিয়া থাকেন, তদ্বিষয় ভজননিপুণ নিষ্কিঞ্চন মহাভাগবত-পদাশ্রয়ী ব্যক্তিমাত্রেই অবগত আছেন। অভিন্নমার্গে শ্রীগুরুদেব বিষয়তত্ত্ব শ্রীভগবানের প্রিয়তম আশ্রয়বিগ্রহ এবং মর্য্যাদামার্গে শ্রীগৌরসুন্দরের অভিন্নবিগ্রহ শ্রীনিত্যানন্দ-স্বরূপ। উভয় স্থলেই দেখিতে পাওয়া যায় যে, তিনি জীবকে কৃষ্ণের সহিত মিলন করাইবার জন্য ব্যস্ত। শ্রীবার্ষভানবীর কারুণ্যামৃতধারা অনন্তধারে প্রবাহিত—উহা আর কিছুই নহে। তিনি চান, তাঁহার সকল আশ্রিতবর্গ কৃষ্ণের সেবায় নিযুক্ত হউক। আবার আশ্রিতবর্গও চান, শ্রীবার্ষভানবীকে কৃষ্ণের সহিত মিলন করাইয়া কৃষ্ণমোহিনীর, কৃষ্ণ নেত্রোৎসবকারিণীর অপ্রাকৃত ইন্দ্রিয়তোষণ করিতে। যদি শ্রীবার্ষভানবী ও তাঁহার আশ্রিতবর্গের সহিত এইরূপ নিত্য সম্বন্ধ না থাকিত, তাহা হইলে উহা অসংপ্রলো-পাসনা হইত। তাই মহাভাগবতাগ্রগণ্য শ্রীগুরুদেবের কারুণ্যামৃতধারা তাঁহার আশ্রিতগণের উপর প্রবাহিত এবং তিনি শিষ্যের সেবকাভিমান করিয়াও শিষ্যের প্রতি এইরূপ দয়াশীল। এ দয়া সে সে দয়া নয়, দু'চার পাঁচ দিনের বা দু'লক্ষ দশলক্ষ বৎসরের কিংবা ব্রহ্মার পরমায়ুঃকাল পর্য্যন্ত অথবা স্বর্গসুখ, ব্রহ্মলোক প্রদানরূপ দয়া নয়। উহা নির্ব্বিশেষবাদীর জ্যোতিঃদর্শন, যোগীর ঈশ্বর সাযুজ্যলাভরূপ ফল নয়, এই দয়া সর্ব্বশ্রেষ্ঠ দয়া, ইহারই অপর নাম—মহাবদান্যতা। শ্রীগুরুদেব জীবকে সাক্ষাৎ কৃষ্ণ প্রদান করিতে প্রস্তুত।

শ্রীগুরুদেব নিত্যানন্দস্বরূপ। শ্রীগৌরসুন্দরকে প্রকাশ করাই তাঁহার ধর্ম—শ্রীচৈতন্যকে প্রদান করিয়া অজ্ঞ জীবের চৈতন্য উৎপাদনই তাঁহার লীলা। তাই তিনি—

"যারে দেখে তা'রে বলে দন্তে তৃণ ধরি।
আমারে কিনিয়া লহ, ভজ গৌরহরি॥
ভজ গৌরাঙ্গ, কহ গৌরাঙ্গ, লহ গৌরাঙ্গ-
নাম রে।
যে জন গৌরাঙ্গ ভজে সেই মোর প্রাণ রে॥"

যিনি গৌরাঙ্গ ভজনা করিবেন তাঁহার নিকট তিনি আত্মবিক্রয় করিতে প্রস্তুত। এত বড় দয়া! গুরুব্রুবগণ দয়া করা দূরে থাকুক, শিষ্যের প্রতি এমন রাক্ষসী হিংসা করিয়া থাকেন যে, ঐ রাক্ষসীর করাল গ্রাস হইতে ছুটিয়া আসিতে খুব কম লোকই পারেন। তাঁহারা শিষ্যের চক্ষুরুন্মীলন করা দূরে থাকুক, শিষ্যের ভগবৎপ্রদত্ত নির্ম্মল ও সহজ চক্ষুটীকে পর্য্যন্ত এতদূর অন্ধ করিয়া দেয় যে, উহারা জীবনে আর কখনও সত্য সূর্য্যের আলোক দর্শন করিতে পারে না। এই সকল বঞ্চক ও বঞ্চিত ব্যক্তিগণের প্রতি দয়া করিবার জন্য ভগবজ্জনগণ যুগে যুগে অবতীর্ণ হইয়া বাহ্যদৃষ্টিতে কতই না লাঞ্ছিত উপেক্ষিত হইয়াও চৈতন্যবিমুখ জীবের নিকট শ্রীচৈতন্য বিতরণ করিবার প্রবল চেষ্টা প্রদর্শন করেন।

গুরুব্রুবগণ যতই বৈষ্ণবাভিমান ও 'তৃণাদপি সুনীচতা'র ভাণ প্রদর্শন করিয়া বোকা লোককে ফাঁকি দিন না, তাঁহারা মহানাস্তিক ও মহাহিংসক। আর সদ্গুরুই যথার্থ 'তৃণাদপি সুনীচ' ও 'মহাবদান্য'। সদ্গুরু ব্যতীত গুরুব্রুবগণ কখনও—"কাহেরে গুরু" করিতে পারে না। তাহারা নিজে ত কখনও অকপটে শিষ্যের সেবকাভিমান করিতে পারে না। কারণ, তাহাদের সে অবস্থা উদয় নাই। তাহারা উদরপূরণার্থ শিষ্যের মুখাপেক্ষী ও তাহাতে কখনও নিরপেক্ষভাবে শিষ্যকে কোন মঙ্গলের উপদেশ প্রদান করিতে সাহসী হয় না। কিন্তু মহাভাগবতাগ্রগণ্য সদ্গুরু সর্ব্বদা নিরপেক্ষ। শিষ্যাপেক্ষা তাঁহার নাই। পরন্তু তিনি হরিভজনকারী শিষ্যের সেবকাভিমানী।

গুরুব্রুবগণ শিষ্যকে গুরুপদে উন্নীত করিতে পারে না, কিন্তু সদ্গুরু তাহা পারেন। যেমন, কলেজের প্রিন্সিপাল পঞ্চম বার্ষিক শ্রেণীর ছাত্রগণকে পড়াইয়া উহাদিগকে পাশ করাইয়া উহাদিগকে কলেজের প্রফেসর করিয়া দিতে পারেন। প্রিন্সিপাল যেমন সিনিয়র প্রফেসরের কার্য্য করেন, তদ্রূপ সদ্গুরু মধ্যমাধিকারীর লীলা প্রদর্শন করিয়া শিষ্যগণের নিকট হরিকথা কীর্ত্তনাদির দ্বারা কৃপা করিয়া থাকেন এবং উহাদিগকে শ্রীমহাপ্রভুর ন্যায় বলেন—

"যারে দেখ তারে কহ কৃষ্ণ উপদেশ।
আমার আজ্ঞায় গুরু হঞা তার' এই দেশ॥"

গুরুব্রুবগণ সর্ব্বদাই নিজেদেরকে 'গুরু' বলিয়া জাহির করিবার জন্য ব্যস্ত। সুতরাং তাহারা আর অপরকে কি করিয়া গুরুপদে উন্নীত করিবে। অধ্যাপক (প্রফেসর) অভিমানী ছাত্রপ্রতীম ব্যক্তি কি কখনও অপর ব্যক্তিকে অধ্যাপক করিয়া দিতে পারে? গুরুব্রুবগণ শিষ্যহিংসক, আর সদ্গুরু শিষ্যের প্রতি নিরতিশয় দয়ালু। কপট কখনও সদ্গুরুর সন্ধান পায় না। তাহার ভাগ্যে কপট গুরু বা গুরুব্রুবই [illegible] হইবে [illegible]।

অন্তর্ভুক্ত-মঠসমূহ

১) শ্রীচৈতন্যমঠ [illegible]
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅপ্রমেয় ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৩নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১০
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

৩। যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস ভক্তিশাস্ত্রী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমদনানন্দ ব্রহ্মচারী

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীবলরাম ব্রহ্মচারী

(৯) শ্রীনন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণ দাসাধিকারী

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) গোদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীকৃষ্ণধন দাস অধিকারী

(১৩) কুলদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীঋতুদ্বীপ গৌড়ীয় মঠ
রাতুপুর (শ্রীবাসুদেবের পাটের নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) ভাগবত-জনানন্দ
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনীলকণ্ঠ ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া (নদীয়া)
সেবক—শ্রীজ্যোতির্ময় ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
[illegible], পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(২১) বাগবাজার গৌড়ীয়মঠ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চক্রতীর্থ পথ
সেবক—শ্রীনরেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) ঢাকা-গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible], ঢাকা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রীরাধিকাদাস ব্রজবাসী

(২৫) মদনমোহন-গৌড়ীয় মঠ
পোঃ নারায়ণগঞ্জ, (ঢাকা)
সেবক—শ্রী[illegible]দাস অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
পুরাতন বাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible] দাস

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রীমহাপুরুষ দাসাধিকারী

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, ইঃ সাহারাণপুর, ইউ, পি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া
সেবক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

(৩৩) শ্রীসনাতন গৌড়ীয় মঠ
৮।১১ [illegible], বেনারস সিটি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী

(৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible] ইউ পি)
শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠ
বিশ্রামঘাট, পোঃ মথুরা
সেবক—শ্রীনন্দগোপাল ব্রজবাসী

৩৭। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৯) [illegible]
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪০) কৃষ্ণবিহারী মঠ—শ্রী[illegible]
সেবক—শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী

(৪১) [illegible] গৌড়ীয়মঠ
সেবক—শ্রী[illegible]

(৪২) শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীহরিদাস ব্রজবাসী

(৪৩) মদনমোহন বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

(৪৪) গৌড়বিহারী মঠ—[illegible].
পোঃ [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৪৫) [illegible]গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible], (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]গোবিন্দ দাসাধিকারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড, নিউ দিল্লী
সেবক—শ্রী[illegible]

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
[illegible] রোড, [illegible]
[illegible] বোম্বে ৭
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

( ) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible] গোদাবরী মাদ্রাজ
—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫০) [illegible]গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

৫১। [illegible] মঠ
[illegible] পোঃ পুরী উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

৫২। [illegible]—[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৩) [illegible]
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৪) [illegible]-[illegible]
পোঃ [illegible], পুরী
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

৫৭) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] দাস ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible], [illegible]
সেবক শ্রী[illegible]দাস ব্রজবাসী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬০) [illegible]
পোঃ [illegible] (আসাম)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (আসাম)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৬২। [illegible] গৌড়ীয়মঠ
[illegible] ষ্ট্রীট, [illegible]
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

(৬৩) [illegible] গৌড়ীয়মঠ
প্লট নং ২
[illegible]
[illegible]
সেবক—কুমারীবিনোদবাণী দাসী

৬৪। গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৩১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ অফিস
[illegible], [illegible] ইউ-পি
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীঅচিন্ত্যগোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-ঃ০ঃ-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৩৲	২৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১৫৲		১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	৩৷০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		
ষাণ্মাসিক	"	৩৲
ত্রৈমাসিক	"	২৷০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

-ঃ০ঃ-

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

-ঃঃ০ঃ

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খাবার ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ে ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউসন শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত ; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সুসম্বদ্ধভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর বিবৃতি ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর বিবৃতিসমূহ সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সকল সরল প্রণালীটি উহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া অনেকেই সংশয়মুক্ত ও পরম উপকৃত হইয়াছেন। আত্মকল্যাণকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল। গ্রন্থটি পাইকা টাইপে অতিসুন্দর কাগজে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—সত্যা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ভাবের কথা দ্বারা যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু ব্লক সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ইহাতে ১০০টী উপাখ্যান, প্রবাদ ও প্রায় ৫০টী চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১৷০ আনা। প্রাপ্তিস্থান—সত্যা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্মপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র আট আনা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যালীলাসরিৎপতি মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এক অপূর্ব্ব আড়ম্বর সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার অদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে অন্বয় অর্থ ও বঙ্গভাষায় শ্লোকের পরিষ্কার অনুবাদ শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ পদ্ধতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ক্রাউন অক্টেভো আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি প্রচারের মূল মহাজন সপ্তমগোস্বামী শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অলৌকিক জীবনচরিত অত্যাবশ্যক হইলেও যথাযথ প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই 'এদের অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অন্তেবাসী পরিব্রাজকাচার্য্য ও লেখক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবন লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে এবং শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সংক্ষেপে ১২৫ পৃষ্ঠা গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-২৬	৬-২১	৭ ১৪	১১-৩	১৩-১৬	১৬-৫৬	১৭-৫৩	২২-২৬
দমদম „	৪-৫৬	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩ ৫০		১৮-৩	২২-৪২
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮ ১	৯ ১৮	১৩ ২৮	১৪-৫১	১৮-৩১	১৯-৩৫	০ ২৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৩	১৩-৩৩	১৪-৫	১৮-৩৯	১৯-৪০	০-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৯	১৪-১৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-৪২

(বদল) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৭৮	১০ ৪৯	১৮-১'	২১ ১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১ ৩
দমদম „	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৯ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

ডাউন

নবদ্বীপঘাট ছাঃ	৫-৫৮	৯-১০	১৪-১৬	১৬-০	১৮-৫১
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৬	৯ ৪৮	১৪ ৫৫	১৬ ৩৫	১৯-১০

ছাঃ	৭-৯	৮-৫০	১১-৪১	১৬-৫৬	১৯-২	২০-৫৭	০-৩৬
রাণাঘাট পৌঃ	৭-৬৪	৯-২৩	১২-২৬	১৭-৩১	২০-১০	২১-২১	৪-১৫
(বদল) ছাঃ	৭-৪২	৯-২৮	১২-৩৬	১৭-৪৩	২০-১৮	২১-৭৪	৪-২৩
দমদম „		১১-৩		১৯-০		২৩-৯	
কলিকাতা পৌঃ	৯-২১	১১২০	১৪-২১	১৯-২৬	২১-৫৫	২৩ ২৬	৬-২৭

(ডাউন—শান্তিপুর হইয়া)

নবদ্বীপ ঘাট ছাঃ	১৪ ১৬
কৃষ্ণনগর পৌঃ	১৪-৫৫
ছাঃ	১৫-১০
শান্তিপুর পৌঃ	১৫-৫১
(বদল) ছাঃ	১৭ ৫০
রাণাঘাট পৌঃ	১৭-৩৫
(বদল) ছাঃ	১৭ ৪৩
কলিকাতা পৌঃ	১৯-২৩

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রীর ভাক্তশাস্ত্রী সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এম এ মহোদয়ের গ্রেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে বড়ই তৃপ্তি। এই গ্রন্থটি, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০টি অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের ফুলীর্ষ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে শব্দের পরিচয় ও সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রয়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে।

১৩নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় ... হইতে অত্যন্ত অধিক। শিশুর প্লীহা সংযুক্ত কাশিজ্বর এবং নূতন ... একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ... ছোট বোতল ৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—৬১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
... শোভাবাজার, ২৪ পরগণা

ফোন—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ খণ্ড, শ্রীমায়াপুর ৭ই কার্ত্তিক ১৩৪৭, ২৪শে অক্টোবর, ১৯৪০ বৃহস্পতিবার ১৯০তম সংখ্যা

নানা-সংবাদ

——ঃ(•)ঃ——

বৃটেনের উপর হানায় জার্ম্মাণবিমান-বাহিনীর প্রকৃত ক্ষতি

'মিউজ ক্রণিক্যাল' পত্রিকার বিমান-সংবাদদাতা লিখিয়াছেন—ইতিপূর্ব্বে বৃটেনের দক্ষিণ এবং পূর্ব্ব বিমানবাহিনী উপকূলে বৃটিশ সমুদ্রপোত রক্ষীদলের উপর জার্ম্মাণ বিমানবাহিনী প্রতিদিনই আক্রমণ চালাইয়াছে, এক্ষণে ইহা স্পষ্ট বুঝা যাইতেছে যে, বিমানাক্রমণ দ্বারা বৃটেনকে সমুদ্র বক্ষ হইতে বিতাড়িত এবং স্বদেশে অবরুদ্ধ রাখিবার প্রচেষ্টা ব্যর্থ হইয়াছে। জাহাজগুলির অতি সামান্য পরিমাণ ক্ষতি হইয়াছে, কিন্তু এই সামান্য ক্ষতিসাধনের জন্য জার্ম্মাণ-বিমানবাহিনীকে প্রচুর পরিমাণ ক্ষতিগ্রস্ত হইতে হইয়াছে।

হতাহত ফরাসী সৈনিকদিগকে সাহায্যদানে

সেনাপতি দ গলের কেন্দ্রীয় কার্য্যালয় হইতে প্রচারিত একখানি ইস্তাহারে প্রকাশ, রণক্ষেত্রে হতাহত সৈন্যদিগকে সাহায্যদানের উদ্দেশ্যে গঠিত আমেরিকার প্রতিষ্ঠান "স্বাধীন ফরাসী সেনাদলে" এম্বুলেন্স গাড়ী ও স্বেচ্ছাসেবক চালক সরবরাহ করার প্রস্তাব করিয়া একখানি পত্র প্রেরণ করিয়াছেন। পত্রে লিখিত হইয়াছে যে, ঐ সকল স্বেচ্ছাসেবকগণ ফ্রান্সের যুদ্ধে ফরাসী সৈনিকদিগের সেবা-শুশ্রূষা করিয়াছিল। এক্ষণে তাহারা সেনাপতি দ গলের পরিচালনাধীন সৈনিকদিগকে সাহায্য করিতে ইচ্ছুক।

সেনাপতি দ গলে জানাইয়াছেন যে, তিনি ধন্যবাদের সহিত ঐ সাহায্য গ্রহণ করিবেন।

———

টাটা এয়ার-ওয়েজের ভাড়া হ্রাস

টাটা এয়ার-ওয়েজকর্ত্তৃক বোম্বাই-দিল্লী পথে যাত্রীদের ভাড়া শতকরা ২৫ ভাগ হ্রাস করার সিদ্ধান্ত গ্রহণের ফলে ভারতে বিমান-পথের যাত্রিগণ সর্ব্বাপেক্ষা নিম্নতম ভাড়ায় হাওয়ায় ভ্রমণের সুযোগ পাইবেন বলিয়া মনে হয়। আগামী ৫ই নভেম্বর এই পথে পুনরায় বিমান চালনা আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে উপরোক্তরূপে ভাড়ার হার হ্রাস পাইবে। জনসাধারণ যাহাতে বিমান-পথে ভ্রমণের জন্য আগ্রহশীল হয়, তাহার উদ্দেশ্যে এই সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। যে সকল যাত্রী বিমানপথে প্রত্যাবর্ত্তন করিবে, তাহাদের ভাড়ার হার আরও ১০ ভাগ হ্রাস করা হইবে। এইরূপ জানা গিয়াছে যে, গত আট বৎসর যাবৎ টাটা এয়ার-ওয়েজের কাজ চলিবার সময় ইহাদের বিমান ১৫ লক্ষ মাইল পথ অতিক্রম করিয়াছে এবং একজন আরোহীও আহত হয় নাই।

যুদ্ধে বিপর্য্যস্ত ইউরোপ

ইউরোপের বিভিন্ন রাষ্ট্র হইতে বিতাড়িত আশ্রয়প্রার্থিগণ উত্তর ও দক্ষিণ আমেরিকা যাত্রার উদ্দেশ্যে এত বেশী ভিড় জমাইয়াছে যে,—ডিসেম্বর মাস পর্য্যন্ত আমেরিকাগামী সকল জাহাজে ও বিমানে যাত্রীর টিকেট বিক্রয় শেষ হইয়া গিয়াছে। বর্ত্তমান পর্য্যন্ত কোন জাহাজে বা বিমানে আর স্থান পাওয়া যাইবে না।

লিসবনের হোটেল ও বোর্ডিংগুলি ফরাসী, বুলগেরিয়া, হল্যাণ্ড, পোল, চেক, জাপান ও জার্ম্মাণ নরনারীর ভিড়ে সরগরম হইয়াছে। তাহারা এই বৎসর কিম্বা আগামী বৎসরের প্রথমভাগে আমেরিকা যাত্রায় সুযোগ পাইবে বলিয়া আশা করিতেছে। মার্কিন ছাড়পত্রের জন্য প্রতিদিনই দূতাবাসগুলিতে ভিড় হইতেছে। প্রত্যেক আবেদনকারীর পরিচয়-পত্র সতর্কভাবে পরীক্ষা করিয়া সাময়িক ছাড়পত্র দেওয়া হইতেছে। এইরূপ অতিরিক্ত কাজ চালাইবার জন্য মার্কিন দূতাবাসে অতিরিক্ত কর্ম্মচারী নিযুক্ত করিতে হইয়াছে।

স্থানান্তরে গমনের উদ্দেশ্যে স্পেনে প্রবেশ নিষিদ্ধ

'বাসলার নাচরিচটেন' পত্রিকায় প্রকাশ, উক্ত জার্ম্মান সংবাদদাতা, বিশেষতঃ কার্য্যক্ষম ১৮ হইতে ৪০ বৎসর বয়স্ক বৃটিশ প্রজাদিগের স্পেনে প্রবেশ নিষিদ্ধ করিয়া স্পেন সরকার যে আদেশ দিয়াছেন, তাহার কারণ অনুসন্ধান করিতে মাদ্রিদস্থ বৃটিশ-দূতাবাসকে উপদেশ দেওয়া হইয়াছে। উক্ত পত্রিকা আরও লিখিয়াছেন যে, যুদ্ধ-প্রত্যাসন্ন সম্পর্কে ঐ আদেশ প্রয়োগ করা হইয়াছে। তৎপূর্ব্বে হইতেই বৃটিশ প্রজা এবং জার্ম্মাণ অধিকৃত সকল রাজ্যে সেনাদলে যোগ দিবার উপযুক্ত বয়স্ক প্রজাবৃন্দ সম্পর্কে ঐরূপ আদেশ বলবৎ ছিল।

গ্রীসের রাজার রাজ্যত্যাগের কথা

যুবরাজ পলের উপর রাজ্যভার অর্পণ করিয়া রাজা জর্জ্জ সিংহাসন ত্যাগ করিবেন—এই মর্ম্মের একটি সংবাদ জনৈক মার্কিন ভ্রমণকারীর মারফৎ প্রাপ্ত হইয়া কোন কোন স্পেনিশ ও ফরাসী সংবাদপত্র প্রকাশ করিয়াছিল। আথেন্স সরকারী নিউজ এজেন্সি সংবাদের সত্যতা অস্বীকার করিয়া জানাইয়াছেন, গ্রীসের পরিস্থিতি বর্ত্তমান যেরূপ শান্ত রহিয়াছে, পূর্ব্বে সেরূপ কখনও দেখা যায় নাই।

মার্কিণে ঋণসংগ্রহের চেষ্টা

ঘোষণা করা হইয়াছে যে, চীনকে আরও অর্থসাহায্য প্রদানের উদ্দেশ্যে মার্কিণে সরকারী ঋণ-পরিচালনা-বিভাগের কর্ত্তৃপক্ষের সহিত চীনা-ব্যাঙ্কের চেয়ারম্যানের আলোচনা চলিতেছে। এযাবৎ মার্কিণ হইতে চীনকে ৮ কোটী ৫০ লক্ষ ডলার ঋণ দেওয়া হইয়াছে। ঋণপত্র ঘোষণায় নির্দ্দিষ্ট মেয়াদের পূর্ব্বেই চীন ঐ ঋণ পরিশোধ করিতে পারিবে।

[illegible]

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST — প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৬।০ টাকা মাত্র।

২। গৌড়ীয় — মহামহোপদেশক শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত — বিহারের একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৪। পরমার্থী — শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয় শ্রীনন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় গৌরবিগ্রহ অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্ত প্রতীক পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীমুখ হইতে বহু দেশ বিদেশের জনসমূহের বিদ্বান্ পণ্ডিত ও মনীষী সজ্জনমণ্ডলের সহিত যে সকল আলাপ করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তপূর্ণ সংলাপসমূহ এই গ্রন্থে গ্রথিত হইয়াছে। শ্রীগ্রন্থরূপ জগদ্গুরুর শ্রীমুখনিঃসৃত বচনে ও অনুকূল সদালাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌড়ীয় জগদ্গুরু আচার্য্যবরের 'সদালাপপুষ্টি' অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের অভিনব বিরাট্ সংস্করণ কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ, পরিশিষ্ট বিবরণ-নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান-সূচী প্রভৃতি সহ গৌড়ীয়মঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কবিত' টীকা, অর্থের আলোচনা, ভূমিকা ও সূচীপত্র সমন্বিত প্রকাশিত নব সংস্করণে গৌড়ীয়-মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীনন্দকিশোর ব্রজবাসী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;

শ্রীযুক্ত সুশীলরঞ্জন রায় এম-এ, বি-এল,

পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা;

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত, —প্রথম ৪০,
প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত— ৩৬,
দশম খণ্ড— ৯,
২। অভিনব বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অনুভাষ্য) ৭,
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী-জয়শ্রী (অনুভাষ্য) ৪,
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১,; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১,; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১,
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবদর্শন ২,
১০। গৌড়ীয় কণ্ঠহার ২,
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২,
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১,
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব
১৭। চৈতন্যোপনিষদ
১৮। বাদন-আদন
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়গীতিকা ।৶০
২২। ভজন রহস্য
২৩। শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১,
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ) ২,
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২,
অনুভাষ্য) ২,
২৬। গীতার কেমন মানে কথা ০
২৭। দুঃসঙ্গ সঙ্কলন তত্ত্ব (সানুবাদ) ১,
২৮। প্রেমবিবর্ত্ত (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)
(বাঁধা) ৸০
৩০। বৈষ্ণব-সিদ্ধান্ত ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী প্রভুপাদের বাণী (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম প্রমাণ, ৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ০
৩৯। শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷০
৪৩। সাধনকণ্ঠ ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ৫৯
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৩
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ (ভাষাভিনয়) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২ সিদ্ধান্ত-সরস্বতী বিভূতয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্র ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠসম্বন্ধিতঃ ৴০
৬৭। সারার্থদর্শিনী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ক্রিটিক্যাল স্টাডি অব বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যান্ড অন্টলজি ।০
৭২। ভিলেজ অ্যাভিয়েশন ।৶০
৭৩। লাইফ অ্যান্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। ব্রহ্মসংহিতা ৷০
৭৫। কোয়াইট গৌড়ীয়মঠ টু ইংল্যান্ড ৴০
৭৬। ঐ আগমন ।
৭৭। ইংরাজিক শ্রীভিষণা অ্যান্ড আনন্দমঠের চিত্রোত্তর ।
৭৮। ব্রহ্মসংহিতা ।০
৭৯। শ্রীচৈতন্যদেব (অমৃত বাণী) ১৫,

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীচৈতন্যমাহাত্ম্য ।
৮১। সাধন-পথ ।
৮২। কল্যাণ-কল্পতরু ৶
৮৩। গীতাবলী ৴
৮৪। শরণাগতি ৴

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৪

প্রাপ্তিস্থান— শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ | ৮ দামোদর ৪৪৪ গৌরাব্দ ৭ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৭, ২৪শে অক্টোবর ইং ১৯৪০, বৃহস্পতিবার | ১৯০ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৮ দামোদর আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৪৪

চিজ্জগৎ

স্বয়ংরূপ শ্রীকৃষ্ণের বিলাসরূপ নারায়ণ। বৈকুণ্ঠে তিনিই চতুর্ভুজে শঙ্খচক্রাদি ধারণ করিয়া পারিষদগণে পরিবৃত হইয়া মহালক্ষ্মী সহ সতত বিরাজ করিতেছেন। বিলাস কাহাকে বলে, তৎসম্বন্ধে শ্রীসংক্ষেপ-ভাগবতামৃতে শ্রীল রূপগোস্বামী প্রভু বলিতেছেন—

"স্বরূপমন্যাকারং যৎ তস্য ভাতি বিলাসতঃ।
প্রায়েণাত্মসমং শক্ত্যা স বিলাসো
নিগদ্যতে॥"

অর্থাৎ স্বয়ং প্রভুর যে অন্যপ্রকার স্বরূপ লীলাবিশেষহেতু প্রকটিত হন এবং যাহা শক্তিপ্রকাশে প্রায়ই তাঁহার তুল্য, তাহাকে বিলাস বলে। 'প্রায়ই তুল্য' বলিবার তাৎপর্য্য এই যে, কয়েকটি অসাধারণ গুণ কেবল স্বয়ংরূপ শ্রীকৃষ্ণেই সদা বর্ত্তমান; তাহা নারায়ণাদি রূপে নাই।

লীলা-প্রেম্ণা প্রিয়াধিক্যং মাধুর্য্যে বেণুরূপয়োঃ।
ইত্যসাধারণং প্রোক্তং গোবিন্দস্য
চতুষ্টয়ম্॥
(ভঃ রঃ সিঃ ২।১।১৮)

চিজ্জগৎ বা বৈকুণ্ঠে এই বিলাসবিগ্রহ নারায়ণের চারিপার্শ্বেও প্রথম কায়ব্যূহের বিলাসরূপ দ্বিতীয় কায়ব্যূহ—শ্রীবাসুদেবাদি চারিজন বিরাজ করেন। সকলেই কিরীটকুণ্ডল-শোভিত শঙ্খচক্রাদি-ধর চতুর্ভুজমূর্ত্তি। দ্বিতীয় চতুর্ব্যূহ হইতে তদ্বিলাসরূপে আবার অপর চতুর্ব্যূহ প্রকাশিত হইয়া উঁহার আবরণ-স্বরূপে স্ব-স্ব স্থানে অবস্থান করেন। এই তৃতীয় চতুর্ব্যূহ বাসুদেবাদি প্রত্যেকেই পুনশ্চ তিন তিন মূর্ত্তি হইয়া দ্বাদশজন প্রকটিত হন সকলেই নারায়ণ-রূপ, কেবল নাম পৃথক্। নানারূপ-পর্য্যায়ে চতুর্ভুজে চক্রাদি ধারণভেদে এই পৃথক্ পৃথক্ নাম নির্দ্দেশ হয়। এই দ্বাদশ জন দ্বাদশ মাসের দেবতা। বৈষ্ণবগণ এই দ্বাদশ নামেই দ্বাদশ তিলক ধারণ করেন। দ্বাদশ নাম যথা—কেশব, নারায়ণ, মাধব, গোবিন্দ, বিষ্ণু, মধুসূদন, ত্রিবিক্রম, বামন, শ্রীধর, হৃষীকেশ, পদ্মনাভ ও দামোদর। ঐ তৃতীয়ব্যূহ বাসুদেবাদি চারিজনের আরও অষ্টবিলাসমূর্ত্তি উদিত হন। তাঁহাদের নাম যথা—পুরুষোত্তম, অচ্যুত, নৃসিংহ, জনার্দ্দন, হরি, কৃষ্ণ, অধোক্ষজ ও উপেন্দ্র।

ইঁহারা পরব্যোমে পৃথক্ পৃথক্ ধামে পূর্ব্বাদি অষ্টদিকে তিন তিন ক্রমে বৈকুণ্ঠনাথ নারায়ণের আবরণরূপে অবস্থিত আছেন। তথায় তাঁহাদের নিত্যধাম, নিত্য অবস্থান হইলেও ব্রহ্মাণ্ডের ভিতরও নানাভাবে আবির্ভাব হয়।

এই পরব্যোম বা বৈকুণ্ঠ নানা জনপদ-সমাকীর্ণ এবং বিচিত্র প্রাকার, বিমান, চতুষ্পথ, পুরদ্বার, পুর ও রত্নময় সৌধমালায় পরিবৃত। ইহার মধ্যে শ্রীরামচন্দ্রাদি অবতারগণের বিভিন্ন পুরী আছে। ঐ সকল পুরীতে তাঁহারা স্ব-স্ব শক্তি ও স্বজন সহ নিত্য বিহার করিতেছেন। ইহার পূর্ব্বদ্বারে চণ্ডপ্রচণ্ড, দক্ষিণদ্বারে ভদ্র-সুভদ্র, পশ্চিম দ্বারে জয়-বিজয় এবং উত্তর দ্বারে ধাতা ও বিধাতা নামক দ্বারপালগণ আছেন। অষ্টদিকে কুমুদ-কুমুদাক্ষাদি অষ্ট দিক্‌পাল বিদ্যমান। এই অতুল ঐশ্বর্য্যময়ী মহাপুরী কোটি বৈশ্বানর-সদৃশ গৃহ-পরম্পরায় আবৃত এবং আরূঢ়-যৌবন অতি সুন্দর পুরুষ ও রমণীগণে পূর্ণ। তাহার মধ্যে শ্রীহরির পদ্মরাগ-পাদপীঠ [illegible] পরমৈশ্বর্য্য-চমৎকার অন্তঃপুর সদানন্দ-কোলাহলে পূর্ণ হইয়া বিরাজমান। বহির্ভাগে অপ্রাকৃত মহারাজ-বিরাজিত রাজোচিত সভামণ্ডপ নিত্য মুক্তজনসমূহে সমাকীর্ণ এবং মহর্ষিগণ-পঠিত সুমধুর স্তব-স্তুতি-সম্বলিত গুণ-গীত ও সামগানে মুখরিত। এই মণ্ডপ মধ্যে সর্ব্বদেবময় ধর্ম্মের নির্ম্মল সিংহাসন শোভা পাইতেছে। তদুপরি মহালক্ষ্মী সহ শ্রীহরি সদা সুখে অবস্থিত আছেন। তিনি ইন্দীবর-দলশ্যাম, তাঁহার অঙ্গকান্তি কোটী সূর্য্যসম; কিন্তু অতি স্নিগ্ধ; অবয়ব অতি কোমল; তাঁহার শিরীষকুসুমসম করপদ্ম ও চরণকমল বিকশিত রক্তপদ্মসদৃশ; তাঁহার সর্ব্বাঙ্গ সর্ব্বসৌন্দর্য্যের আধারস্বরূপ, অঙ্গে পীত বসন ও পীত উত্তরীয়, মস্তকে মহাপ্রভা-বিশিষ্ট মুকুট, কর্ণে মণিময় কুণ্ডল, কণ্ঠে মুক্তাহার ও পুষ্পমালা; অন্যান্য অঙ্গও নানা অলঙ্কারে ভূষিত, চতুর্ভুজে শঙ্খ চক্র, গদা ও পদ্ম বিরাজিত, তিনি নিত্য যৌবনশালী ও লীলাপর। তাঁহার বামাঙ্কে অনপায়িনী পরমরূপলাবণ্যবতী মহালক্ষ্মী করে লীলা-কমল ধারণ করিয়া বিরাজ করিতেছেন। উভয়পার্শ্বে ভূ ও লীলা শক্তিদ্বয় নিত্যসুখে উভয়ের বিবিধ সেবাসুখ সম্পাদন করিতেছেন। আর কিঞ্চিৎ দূরে পূর্ব্বাদি অষ্ট দিকে বিমলা, উৎকর্ষিণী, জ্ঞানা, ক্রিয়া, যোগা, প্রহ্বী, সত্যা ও ঈশানা—এই অষ্টশক্তিগণ চামর ও ছত্রাদি লইয়া যথাপ্রয়োজন সেবাসাধনে রত হইয়া সতত তাঁহার আনন্দবর্দ্ধন করিতেছেন। এই স্থানে চিদ্বিলাসভূত নন্দ সুনন্দাদি পার্ষদগণ, সাধ্যগণ, মরুদ্গণ, বিশ্বদেবগণ, ব্রহ্মাদি দেবতাগণ এবং বাক্, সরস্বতী, শান্তি, দুর্গা আদি দেবী ও বিভূতি সকলে সকলে স্ব-স্ব স্থানে যথানির্দ্দিষ্ট ভাবে সেবায় সদানন্দে কালযাপন করিতেছেন। তিনি সদাশিব নামে খ্যাত নারায়ণের বিলাসবিগ্রহ শম্ভু, তিনিও তথায় যথাযোগ্য বেশভূষায় সজ্জিত হইয়া স্বপার্ষদগণের সহ স্থানে বিরাজ করিতেছেন।

পাঠকগণ স্মরণ [illegible] রাখিবেন যে [illegible] স্বরূপশক্তি নারায়ণের চরণসেবা [illegible] করিয়া এই স্থানে সালোক্য, সামীপ্য, সারূপ্য ও সার্ষ্টি এই চারি প্রকার মুক্তি প্রাপ্ত হন। কিন্তু [illegible] একমাত্র [illegible] প্রেমসেবা [illegible] এখানে নাই।

শ্রীল তীর্থ মহারাজের হরিকথা

(২)

অর্চ্চ্যে বিষ্ণৌ শিলাধীর্গুরুষু নরমতি-
বৈষ্ণবে জাতিবুদ্ধি-
র্বিষ্ণো র্বা বৈষ্ণবানাং কলিমলমথনে
পাদতীর্থেঽম্বুবুদ্ধিঃ।
শ্রীবিষ্ণোর্নাম্নি মন্ত্রে সকলকলুষহে শব্দ-
সামান্যবুদ্ধি-
র্বিষ্ণৌ সর্ব্বেশ্বরেশে তদিতরসমধী-
র্যস্য বা নারকী সঃ॥

অপ্রাকৃত বস্তুকে প্রাকৃত বুদ্ধি করিলেই নারকী হতে হইবে। কতকগুলি চিজ্জড়-সমন্বয়বাদী মনে করিয়াছিল, অপ্রাকৃত বস্তু শ্রীল প্রভুপাদ ইং ১৯৩৭ সালের ১লা জানুয়ারীতে স্বধামে গমন করিয়াছেন, তিনি আর ইহজগতে নাই, অতএব আমরা যথেচ্ছ ভাবে লোক চালাইতে পারি। শ্রীগুরু বৈষ্ণবচরণে অপরাধী ঐ জাতীয় কতকগুলি লোক দীর্ঘকাল মঠবাসের ছলনা করিয়া লোকবঞ্চনামুখে আত্মবঞ্চনা করিয়াছে। ঐ পারত্রিকী পুরুষার্থধন (সেবাসম্পদ) কুসঙ্গ দর্শন বা কুদর্শনের অধীন হইয়া কনক-কামিনী-প্রতিষ্ঠা-লালসায় নিমজ্জিত হইয়াছে। এইজন্যই ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল আচার্য্যদেব বলিয়াছেন—প্রত্যেক মঠবাসী শ্রীগুরুবৈষ্ণবের আনুগত্যে সেবোন্মুখ-কীর্ত্তনমুখে মাধুকরী 'ভিক্ষা' দ্বারা অর্থাৎ নিজে সংগ্রহ শ্রীগুরুপাদপদ্মের চরণে সমর্পণ করিয়া ও স্বপরের সর্ব্বস্ব অর্থাৎ কায়মনোবাক্য তিন বস্তু শ্রীগুরুপাদপদ্মে সমর্পণ করাইয়া শ্রীহরিগুরুবৈষ্ণবসেবা করিবেন। মঠবাসী বা বিষ্ণুর অপর নাম 'বিষয়ত্যাগী' অর্থাৎ যিনি শ্রীগুরুদেবের ইঙ্গিতে ভোজন করেন। যে মঠবাসীর এই জাতীয় ভাব নাই, তিনি মঠস্থ পরগাছা নহেন, মঠবাস দূরের কথা। শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় বলিয়াছেন "সে (নিতাই) সম্বন্ধ নাহি যা'র, বৃথা জন্ম গেল তা'র, সেই পশু বড় দুরাচার। নিতাই না বলিল মুখে, মজিল সংসার সুখে, বিদ্যাকুলে কি করিবে তা'র॥" 'মজিল সংসার-সুখে' অর্থাৎ দেহারাম, গেহারাম ও মঠারামে মত্ত হইল। 'বিদ্যাকুলে' অর্থাৎ পাণ্ডিত্য, কুল, লক্ষ লক্ষ টাকা ভিক্ষা করিতে পারিলেও তা'র উদ্ধার নাহি হইবে। শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর বলিয়াছেন,—

"ধনে, কুলে, পাণ্ডিত্যে চৈতন্য নাহি পাই।
কেবল ভক্তির বশ চৈতন্য গোসাঞি॥"

শ্রীল রূপগোস্বামী প্রভুর বাক্য 'সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ' অর্থাৎ সেবোন্মুখ জনের জিহ্বাদি ইন্দ্রিয়ে কৃষ্ণ সর্ব্বদা স্ফূর্ত্তিপ্রাপ্ত হন। শ্রীকৃষ্ণচৈতন্যনাম ও শ্রীকৃষ্ণনাম একই বস্তু। ভেদবুদ্ধিকারী জীবই নারকী। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর আমাদিগের জন্য কীর্ত্তন করিয়াছেন—"কৃপাবিন্দু দিয়া, কর এই দাসে তৃণাপেক্ষা অতি হীন। সকল সহনে, বল দিয়া কর, নিজ মানে স্পৃহাহীন॥" তিনি আরও লেখাইয়াছেন—'সর্ব্বস্ব তোমার, চরণে সঁপিয়া পড়েছি তোমার ঘরে। তুমি ত' ঠাকুর, তোমার কুকুর, বলিয়া জানহ মোরে॥' শ্রীল ঠাকুরের এই গীত কীর্ত্তন ও শ্রীল রূপগোস্বামী প্রভুর যে উপদেশ তাহা একই কথা। 'জিহ্বাদৌ' অর্থাৎ রসনা, কাণ নাক, হৃদয় প্রভৃতি সর্ব্বেন্দ্রিয়ে। সর্ব্বেন্দ্রিয় দ্বারা অর্থাৎ সমস্ত 'হৃষীক' দ্বারা হৃষীকেশ শ্রীহরির সেবার কাজ।

"সর্ব্বোপাধি-বিনির্ম্মুক্তং তৎপরত্বেন
নির্ম্মলম্।
হৃষীকেণ হৃষীকেশসেবনং ভক্তিরুচ্যতে॥"

এই হৃষীকেশসেবাই মঠসেবা। সুবিজ্ঞ চিকিৎসক যে প্রকার রোগের নিদান নির্ণয় করিয়া ঔষধ ও পথ্যের ব্যবস্থা দেন, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর, শ্রীল প্রভুপাদ ও শ্রীল আচার্য্যদেব আমাদিগকে সেই প্রকার সম্বন্ধজ্ঞানযুক্ত হইয়া হরিভজন করিতে বলিয়াছেন। শ্রীগুরুবৈষ্ণবের উচ্ছিষ্ট অপ্রাকৃত বস্তুজ্ঞানে গ্রহণ করিতে বলিয়াছেন। শ্রীল ভক্তিবিনোদ আমাদিগকে শিক্ষা দিয়াছেন—'প্রসাদ সেবা করিতে হয়, সকল প্রপঞ্চ জয়।' 'প্রসাদ সেবা' হইলে প্রপঞ্চ জয় হইবেই। গুরুবৈষ্ণবের 'প্রসাদ' অর্থাৎ কৃপা সেবোন্মুখ হৃদয়ে আবির্ভূত হন। তখন তিনি সেই প্রসাদ বা অপারকরুণার মাহাত্ম্যকীর্ত্তনমুখে সম্মান করেন। বাজারের চাল, ডাল, তরি-তরকারী প্রভৃতি বস্তুসমূহ ভিক্ষা করিয়া আনিয়া সেইগুলিকে রান্না করিয়া ঠাকুরের কাছে লইয়া গিয়া কতকগুলি মন্ত্র উচ্চারণ করিয়া ভোগ দিলেই প্রসাদ হয় না। জড়বস্তু কখনও চেতন হয় না। আর চেতন বস্তুও কখনও জড় হয় না। সমস্ত চেতন বস্তুর ভোগের একচেটিয়া মালিক ও সম্ভোক্তা ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ। আর বাকী সকলেই তাঁহার সেবক। চিন্ময় সেবক চিন্ময় বস্তু দ্বারা চিদানন্দ চিদানন্দবিগ্রহের সেবা চিৎ ও শ্রীগুরুদেবের আনুগত্যে করিয়া থাকেন। চেতনই চেতনের সেবা করেন। অচেতন কখনও চেতনের সেবা করিতে পারে না। তাই শ্রীচৈতন্যচরিতামৃত বলেন,—

"অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত-গোচর।
বেদ-পুরাণে এই কহে নিরন্তর॥"

অতএব প্রাকৃত বিচার লইয়া কখনও অপ্রাকৃত বস্তুর দর্শন বা সেবন হয় না। শাস্ত্র বলেন,—

"মহাপ্রসাদে গোবিন্দে নামব্রহ্মণি
বৈষ্ণবে
স্বল্পপুণ্যবতাং রাজন্ বিশ্বাসো নৈব
জায়তে॥"

চিজ্জড়সমন্বয়বাদীই স্বল্পপুণ্যবান্ অর্থাৎ পাপী। তাহারা চেতনকে জড় ও জড়কে চেতন মনে করে। প্রাকৃত অহঙ্কার বা দেহাত্মবোধ হইতেই অসত্যে সত্য এবং সত্যে অসত্য জ্ঞান হয়। শ্রীল ঠাকুর নরোত্তম বলিয়াছেন,—

"অহঙ্কারে মত্ত হৈয়া, নিতাই-পদ পাসরিয়া
অসত্যেরে সত্য করি' মানি।"

'অসত্যেরে সত্য করি' মানি' অর্থাৎ জড়কে চেতন মনে করি এবং চেতনকে অচেতন মনে করি, বৈষ্ণবকে অবৈষ্ণব ও অবৈষ্ণবকে বৈষ্ণব মনে করি।

"প্রাকৃত করিয়া মানে বিষ্ণুকলেবর।
বিষ্ণুনিন্দা নাহি আর ইহার উপর॥"

বিষ্ণু কলেবরকে প্রাকৃত মনে করিতে নাই অর্থাৎ বিষ্ণুবৈষ্ণব—কাঁহারও দেহ প্রাকৃত নহে, উভয়েই অপ্রাকৃত।

"জড়বুদ্ধি পরিহরি', প্রসাদ সেবন করি',
হরি হরি বল সবে ভাই।"

হরিকথাই প্রসাদ। প্রসাদের প্রতি যাঁহার রুচি থাকিবে, হরিকথায়ও তাঁহার রুচি থাকিবে। হরিকথায় রুচি না থাকিয়া যদি প্রসাদে রুচি থাকে, তাহা হইলে প্রসাদ-সেবা হয় না। যাহাদের জড়বুদ্ধিতে প্রসাদসম্মানে খুব রুচি অর্থাৎ হরিকথা-শ্রবণে আগ্রহ নাই, তাহারা অপরাধী। মঠবাসিগণের (?) অপরাধের লক্ষণ—যখন কৃষ্ণকথা হয়, তখন তাহাদের নিদ্রা, আলস্য, তন্দ্রা, বিক্ষেপ প্রভৃতি অপরাধ আসে অর্থাৎ মায়া বহুরূপিণী হইয়া তাহাদিগকে আক্রমণ করে। কিন্তু যখন তাহারা প্রসাদ সম্মান করিতে বসে, তখন তাহাদের নিদ্রা, আলস্য ও অন্যমনস্কতা প্রভৃতি কিছুই থাকে না।

শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন—"যাহার হরিকথা-শ্রবণ হয় না, তাহার প্রসাদসম্মানও হয় না।"

'সেবোন্মুখ' অর্থাৎ সম্বন্ধজ্ঞানবিশিষ্ট হইয়া নিরবচ্ছিন্ন শ্রীনামসংকীর্ত্তন করিলে শ্রীনামপ্রভু শ্রীকৃষ্ণের সাক্ষাৎকার, শ্রীগুরুবর্গের সাক্ষাৎকার, শ্রীধামের সাক্ষাৎকার, শ্রীমহাপ্রসাদের সাক্ষাৎকার, মঠের সাক্ষাৎকার, শ্রীমদ্ভাগবতের সাক্ষাৎকার—সমস্ত বৈকুণ্ঠবস্তুর সাক্ষাৎকার লাভ হয়। শ্রীমদ্ভাগবত বলেন,—

'তত্রাপি দুর্লভং মন্যে বৈকুণ্ঠপ্রিয়দর্শনম্।'

অর্থাৎ যাহারা দুর্লভ মনুষ্যজীবন পাইয়া বৈকুণ্ঠপ্রিয়ের দর্শন পায় নাই, তাহাদের জন্ম বৃথা। 'বৈকুণ্ঠপ্রিয়' শব্দ—'বৈকুণ্ঠ' বা কৃষ্ণ যাঁহাদের প্রিয় বা যাঁহারা কৃষ্ণের জন এরূপ বৈষ্ণবের দর্শন বা সাক্ষাৎকার। আমরা বৈকুণ্ঠপ্রিয়গণের দর্শন বা সঙ্গ পাইয়াও যদি জড়েই আসক্ত থাকিলাম, তাহা হইলে আমাদের জীবনে ধিক্। শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীমহাপ্রভুর উক্তি—"পাইয়া অমৃতধুনী, পিয়ে বিষগর্ত্ত-পানি, জন্মিয়া সে কেনে নাহি মৈল॥" এই জন্মেই শ্রীরাধাগোবিন্দের পাদপদ্মের সাক্ষাৎকার লাভ করা যায়। যথা শ্রীমদ্ভাগবতে ১ম স্ক, ১ অ, ২য় শ্লোকে ("ঈশ্বরঃ) সদ্যো হৃদ্যবরুধ্যতেঽত্র কৃতিভিঃ শুশ্রূষুভিস্তৎক্ষণাৎ।" 'কৃতিভিঃ' অর্থাৎ যাঁহারা ভাগ্যবান্ তাঁহারা সেবোন্মুখকর্ণে গুরুবৈষ্ণবের মুখে হরিকথা শ্রবণ করিলে শ্রীকৃষ্ণ 'সদ্যঃ' অর্থাৎ এই জন্মেই 'তৎক্ষণাৎ' অর্থাৎ শ্রবণ করিতে করিতে শ্রবণকারীর হৃদয়ে অবরুদ্ধ হন।

"আশ্রয় লইয়া ভজে,
তারে কৃষ্ণ নাহি ত্যজে
আর সব মরে অকারণ॥"

"ছাড়িয়া বৈষ্ণব-সেবা,
নিস্তার পেয়েছে কেবা,
নিরন্তর যেন উঠে মনে॥"

অতএব আশ্রয়বিগ্রহের বা গুরুবৈষ্ণবের আনুগত্য ব্যতীত কখনও হরিভজন হইবে না। আমাদের যেন শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বাণী স্মরণ থাকে—

"অমানি-মানদ, হইলে কীর্ত্তনে,
অধিকার দিবে তুমি।
তোমার চরণে, নিষ্কপটে সদা
কাঁদিয়া লুটিব ভূমি॥"

কোন কোন ব্যক্তি জড়দেহাভিমান ও প্রাকৃত বিচার সংরক্ষণ করিয়াই মথুরাতে শ্রীল আচার্য্যদেবের নিকটে থাকিয়া উর্দ্ধরত্বলাভের কামনা ও আবেদন জানাইলে তিনি যে সকল উপদেশ দিয়াছিলেন, তাহা এই—"শ্রীমায়াপুরই শ্রীবৃন্দাবন। শ্রীমায়াপুরই শ্রীবৃন্দাবনরূপে আত্মপ্রকাশ করিলে সাধকজীবের সাক্ষাৎভাবে নাহি তাতে গুরু চৈত্ত্যরূপে শিক্ষাগুরু হন কৃষ্ণ মহান্তস্বরূপে।

শ্রীবৃন্দাবনবাস সম্ভব হয়। শ্রীগৌরমণ্ডলের কৃপা হইলে শ্রীব্রজমণ্ডলের স্বরূপ স্ফূর্ত্তি হয়। শ্রীগৌরধন অনর্থযুক্ত সাধকজীবের প্রতি অধিকতর কৃপাময়। তাহা ঔদার্য্যাবতার। মুমুক্ষু বা সাধকগণের মধ্যে যাঁহাদের শ্রীকৃষ্ণপ্রাপ্তি প্রবল ও অনুরাগময়ী চিত্তবৃত্তি, তাঁহারাই শ্রীবৃন্দাবনের যোগ্য। তৎপূর্ব্বে শ্রীমায়াপুরে থাকিয়া তাঁহার সেবা করাই কর্ত্তব্য। শ্রীমায়াপুরের সেবা করিতে করিতে শ্রীবৃন্দাবন স্বরূপ হৃদয়ে প্রকাশিত হইবে, ইহাই বাস্তব সত্য।"

গৌরধামের কৃপা না হইলে ব্রজধামে বাস হয় না। গৌরপার্ষদগণকে নিত্যসিদ্ধ জ্ঞান না হইলে ব্রজ-জনগণের সহিত সম্বন্ধ হয় না। শ্রীল ঠাকুর নরোত্তম বলিয়াছেন,—

"শ্রীগৌড়মণ্ডলভূমি, যেবা জানে চিন্তামণি
তাঁ'র হয় ব্রজভূমে বাস।
শ্রীগৌরাঙ্গের সঙ্গিগণে, নিত্যসিদ্ধ করি' মানে
সে যায় ব্রজেন্দ্রসুত-পাশ।"

ভক্তি-বীজ

(প্রাপ্ত)

আমরা শাস্ত্রপাঠে জানিতে পারি, শ্রদ্ধাই ভক্তির বীজ। একমাত্র শ্রদ্ধাবান্ ব্যক্তিই ভক্তিলাভের অধিকারী। শ্রদ্ধাই প্রেমভক্তির প্রথম কথা। তাই শ্রীসনাতন-শিক্ষায় শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন—'শ্রদ্ধাবান্ জন হয় ভক্তি-অধিকারী।'

কোন বিশেষ ভক্ত্যুন্মুখী সুকৃতির ফলে জীবের হৃদয়ে শ্রদ্ধাদেবীর উদয় হয়। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

কোন ভাগ্যে কোন জীবের শ্রদ্ধা
যদি হয়।
তবে সেই জীব সাধুসঙ্গ করয়।

এখানে তিনি 'ভাগ্য'শব্দের পূর্ব্বে একবার 'কোন' ও 'জীবের' শব্দের পূর্ব্বে আর একবার 'কোন' শব্দ প্রয়োগ করিয়াছেন। ইহা দ্বারা জানা যায় যে, শ্রদ্ধা জিনিষটি বহু ভাগ্য ও সুকৃতিসাপেক্ষ। ঐরূপ কোন ভাগ্যবলে অতি অল্পসংখ্যক জীবের শ্রদ্ধার উদয় হয় এবং শ্রদ্ধার উদয় হইলেই কৃষ্ণভক্তির জন্মমূল সাধুসঙ্গের প্রতি জীবের রুচি হয়। কিন্তু যদি শ্রদ্ধার অভাব থাকে, তবে অকৃত্রিম সাধুসঙ্গকে সম্মুখে পাইয়াও—প্রকৃত সাধুকে লাভ করিয়াও আমাদের সাধুসঙ্গ হয় না। যতক্ষণ ভক্তির বীজ শ্রদ্ধা না হইয়াছে, ততক্ষণ জীবের অন্যাভিলাষ, কর্ম্ম, জ্ঞান, যোগ, আধ্যক্ষিকতা বা বহুধবাসনাদিরূপ অভক্তি-বীজ রহিয়াছে।

অপ্রাকৃত বস্তুর প্রতি শ্রদ্ধার অভাবে বস্তুদর্শন হয় না। শ্রদ্ধা না থাকিলে সাধুসঙ্গ হয় না, শ্রদ্ধা না থাকিলে একমাত্র নিত্যবান্ধব ও পরমহিতৈষী সাধুর পরমমঙ্গলকর উপদেশামৃতকেও বিষ মনে হয়। যাঁহার প্রতি আমাদের শ্রদ্ধা না থাকে, তিনি পরম কুশলমঙ্গলময় কার্য্য করিলেও তাঁহার ঐ কার্য্যকে পরম অহিতকর কার্য্য বলিয়া মনে হয়। এক কথায় শ্রদ্ধা বা আপনজ্ঞানের অভাবে পরমবান্ধব সাধুকে পরম শত্রু বলিয়া মনে হয়।

শ্রদ্ধার আবির্ভাবের সঙ্গে সঙ্গে শরণাপত্তি বা প্রপত্তির উদয় হইবে। কারণ, শ্রদ্ধা শরণাপত্তিলক্ষণা। যাঁহারা শ্রদ্ধাবানের অভিনয়কারী অর্থাৎ শ্রদ্ধাম্পদ ব্যক্তিতে শরণাগত নহেন, তাঁহাদের শ্রদ্ধার অভিনয় ছলনামাত্র।

যাহারা অশ্রদ্ধাবান ও সংশয়াত্মা তাহাদের কখনও মহাপ্রসাদ, গোবিন্দ, নামব্রহ্ম ও বৈষ্ণব—এই অপ্রাকৃত চারিটী বস্তু দর্শন হয় না। তাহারা এই অপ্রাকৃত বস্তুচতুষ্টয়ে কিছুতেই অন্তরের সহিত বিশ্বাস স্থাপন করিতে পারে না। তাহারা আধ্যক্ষিকতা দ্বারা প্রতারিত হইয়া এরূপ শ্রদ্ধাহীন ও সংশয়াত্মা হইয়া পড়ে যে, সাধুর সকল কার্য্যই তাহাদের নিকট সন্দেহ ও সমালোচনার বস্তু হইয়া পড়ে। এইরূপ করিতে করিতে ক্রমশঃ তাহারা নরকের দিকে প্রধাবিত হয়। সরলতা ও শ্রদ্ধা থাকিলে অল্পবিশ্বাসীরও কোনদিন মঙ্গল হইতে পারে, কিন্তু কপট শ্রদ্ধাহীন সংশয়াত্মার বিনাশ অবশ্যম্ভাবী—ইহা স্বয়ং ভগবানের বাণী। এই বাণী মিথ্যা হইবার নহে।

"অজ্ঞশ্চাশ্রদ্দধানশ্চ সংশয়াত্মা বিনশ্যতি"

তাই সকল মহাজন, সকল শাস্ত্র তারস্বরে বলিয়াছেন—"শ্রদ্ধাযুক্ত হও। অশ্রদ্দধানের গতি নাই।" শ্রীল ঠাকুর ভক্তিবিনোদও পুনঃ পুনঃ বলিয়াছেন—

সকল ছাড়িয়া ভাই শ্রদ্ধাদেবীর গুণ গাই,
যাঁ'র কৃপা ভক্তি দিতে পারে।

এই কথাটী যেন আমরা কখনও না ভুলি। ভক্তিলাভের পথে ইহাই যেন আমাদের কণ্ঠহার হয়। শ্রদ্ধা হইলে তবে সাধুসঙ্গ হয়। যদি ভক্তিবীজ শ্রদ্ধাই লাভ না হইল তবে ভক্তিলাভের আশা করা বৃথা।

শাস্ত্রে শ্রদ্ধার তারতম্যানুসারে ভক্তের তারতম্য নির্ণীত হইয়াছে। যিনি শাস্ত্রযুক্তিতে সুনিপুণ ও দৃঢ়শ্রদ্ধাবান্, তিনি ভক্তপথে উত্তমাধিকারী; যিনি দৃঢ় শাস্ত্রযুক্তি জানেন না, অথচ শ্রদ্ধাবান্, তিনি মধ্যমাধিকারী। আর যিনি কোমলশ্রদ্ধা লাভ করিয়াছেন, তিনি কনিষ্ঠাধিকারী। কোমলশ্রদ্ধ ব্যক্তি দৃঢ়শ্রদ্ধ ব্যক্তির সঙ্গ করিলে উত্তমাধিকার লাভ করিতে পারেন। অতএব প্রৌঢ়, মধ্যম ও কনিষ্ঠভেদে শ্রদ্ধা যেরূপ তিন প্রকার, ভক্তও সেইরূপ তিনপ্রকার।

সাধুকে সাধু বলিয়া জানার নামই বিশ্বাস। "শ্রীগুরুপাদপদ্ম আমাকে নিশ্চয় কৃষ্ণ দিতে পারেন। কৃষ্ণ একমাত্র তাঁহারই করতলগত"—এইরূপ সুদৃঢ়-নিশ্চয়াত্মক বিশ্বাসের নামই শ্রদ্ধা। সেইজন্য মহাজন গাহিয়াছেন—

'কৃষ্ণ সে তোমার কৃষ্ণ দিতে পার
তোমার শকতি আছে।
আমি ত' কাঙ্গাল কৃষ্ণ কৃষ্ণ বলি'
ধাই তব পাছে পাছে।"

সামগ্রিক-প্রসঙ্গ

——::(০):: ——

,, পাবনা জেলায় প্রচার

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্তর্গত প্রচারক শ্রীপাদ প্রণবকরূপ ভক্তিশাস্ত্রী কতিপয় ব্রহ্মচারী সহ গত ২৩।৯।৪০ তারিখে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে রওনা হইয়া পরদিবস বেড়াবন্দর নামক স্থানে উপস্থিত হন। তথায় ৯ই আশ্বিন বুধবার হইতে ১৩ই আশ্বিন সোমবার পর্য্যন্ত যথাক্রমে স্থানীয় ব্যবসায়ী শ্রীযুক্ত রামচরণ শশিভূষণ পোদ্দার, শ্রীযুক্ত হেরম্বলাল, হারাণচন্দ্র, তারাপদ কুণ্ডু, মহাবন্ধ গণেশলাল মালপানী, হরিশচন্দ্র কেদারনাথ সাহা, শেঠ রাধাকিষণ বালকিষণ মাড়োয়ারীর বাটীতে ও কবিরাজ শ্রীযুক্ত গিরিজাভূষণ চক্রবর্ত্তী মহাশয়ের বাসাবাড়ীতে শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। প্রত্যহই স্থানীয় ও পার্শ্ববর্ত্তী গ্রামসমূহ হইতে বহু শিক্ষিত শ্রদ্ধালু ব্যক্তির সমাগম হয়। তাঁহারা ভক্তিশাস্ত্রীর নিকট সহজ ও সরল ভাষায় ভগবত্তত্ত্ব, গুরুতত্ত্ব, জীবতত্ত্ব ও মায়াতত্ত্বের কথা এবং পরস্পরের সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজনতত্ত্বের কথা শ্রবণ করিয়া পরমপ্রীতি লাভ করেন। তথা হইতে ভক্তিশাস্ত্রীজী পার্শ্ববর্ত্তী জগন্নাথপুর গ্রামে প্রচারকার্য্য শেষ করিয়া বর্ত্তমান সাহাজাদপুরে প্রচারকার্য্য করিতেছেন। বিভিন্ন স্থানের প্রচারকার্য্যে শ্রীযুক্ত অনাথবন্ধু সামন্তদিকারী মহোদয়ের সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

ভক্তিশাস্ত্রীজী পাবনা জেলার বেড়াবন্দর প্রভৃতি স্থানের প্রচারকার্য্য শেষ করিয়া গত ৪। ০।৪০ তারিখে সাহাজাদপুর নামক গ্রামে উপস্থিত হন। তথায় যথাক্রমে ৪।১০।৪০ তারিখ হইতে ১১।১০।৪০ তারিখ পর্য্যন্ত শ্রীযুক্ত কালিচরণ বসাক, নদীয়াবিনোদ বসাক, দেওয়ান যোগেন্দ্রচন্দ্র সাহা, ডাঃ বিধুভূষণ ঘোষ এবং শ্রীযুক্ত কালীচরণ বসাক মহাশয়ের পুনর্ব্বার আহ্বানে তাঁহার বাড়ীতে শ্রী চৈতন্যচরিতামৃত ও শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীচৈতন্যমহাপ্রভুর এ জগতে অবতরণের মুখ্য ও গৌণ কারণ, জীবে দয়া, নামে রুচি ও বৈষ্ণবসেবা এবং নামাপরাধ প্রভৃতি বিষয় পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠে প্রত্যহই স্থানীয় ও নিকটবর্ত্তী গ্রামসমূহ হইতে বহু শিক্ষিত ও শ্রদ্ধালু শ্রোতার সমাগম হয়। প্রত্যহ পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তিত হন।

আমলাজোড়া শ্রীপ্রপন্নাশ্রমমঠে বিরহ-মহোৎসব

গত ১৯শে অক্টোবর শনিবার আমলাজোড়া শ্রীপ্রপন্নাশ্রমমঠে শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের নিজজন নিত্যলীলা-প্রবিষ্ট শ্রীশ্রীমদ্ভক্তিশ্রীরূপ পুরী মহারাজের বিরহ-মহোৎসব হরিসংকীর্ত্তনমুখে অনুষ্ঠিত হইয়াছে।

ঐ দিবস মঙ্গলারাত্রিকান্তে গুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব, নামসংকীর্ত্তন ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হইলে পর ভক্তগণ শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। মধ্যাহ্নে ভোগারাত্রিকের পর গুরুবন্দনা, পঞ্চতত্ত্ব ও বিরহসূচক মহাজনপদাবলী কীর্ত্তনান্তে সেবকগণ শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীল ঠাকুর হরিদাসের নির্য্যাণ প্রসঙ্গ পাঠ করেন এবং সমাগত শ্রোতৃবৃন্দের নিকট শ্রীল পুরী মহারাজের শ্রীগুরুপাদপদ্মে ঐকান্তিক শরণাগতি, সহজ দৈন্য, শ্রীগুরুচরণাশ্রিতগণের প্রতি স্নেহ ও আদর্শ গুরুসেবা অপ্রাকৃত গুণবৈশিষ্ট্য কীর্ত্তন মহামন্ত্র কীর্ত্তনান্তে সন্ধ্যা ৬ ঘ.৩ প্রসাদ বিতরণ করা হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

১) শ্রীচৈতন্যমঠ[illegible]
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬বি কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার,
কলিকাতা। [illegible]
সেবক—[illegible]

৩) যোগমায়াপুর পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ভক্তিশ্রী

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৭) কাজি সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমদনানন্দ ব্রহ্মচারী

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) আনন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণ দাসাধিকারী

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীকৃষ্ণধন দাস অধিকারী

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
[illegible], নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
[illegible] (শ্রীনৃসিংহদেবের মন্দির নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

১৭) কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাধিকারী

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ [illegible], (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের গ্রন্থের অভিনব বিরাট সংস্করণ অনুবাদ, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ, পরিশিষ্ট নির্দেশিকা, অধ্যায়বিবরণ, স্থানসূচী প্রভৃতি সহ গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কবিত্ব' টীকা, তিনপর্ব্বের ব্যাখ্যা ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সংস্করণ নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৴০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীব্রজকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;
অধ্যাপক সুধাংশুরঞ্জন দাস এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আম্নায় ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়গীতিকা ।৵০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) (অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষ্য ।০
২৭। প্রাকৃতরসশতদূষণী (সানুবাদ) ১৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-নিব্বাণ-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-প্রচারণী ৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু
৪০। শরণাগতি
৪১। গীতাবলী
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। ভক্তিরত্ন ৫৲
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। স্তবমালা বা স্তবাবলীমঞ্জরী ০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (অনুবাদিত) ।০
৫৮। শ্রীকৃষ্ণসেবা ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২ সিদ্ধান্ত সরস্বতী বিবিক্তঃ ।০
৬৩। নাটক-নিকারমঞ্জুষম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সাত্বত সিদ্ধান্তম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠমণ্ডলমঃ ৴০
৬৭। সাত্বতসর্ব্বস্বম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিজিট টু দি হোলি বেদাস্ ।০
৭০। সাধন-পথ ৴০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।
৭৪। বেদান্তসার ।
৭৫। বোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুয়িং ৴
৭৬। দি ভাগবত ।
৭৭। ইরোটিক প্রিন্সিপ্‌ল্ অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।
৭৮। ব্রহ্মসংহিতা ২৲
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অম্বুজ প্রেস) ১৫

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু ৵
৮৩। গীতাবলী ।
৮৪। শরণাগতি ৴

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ।

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত — জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ | ১২ দামোদর ৪৫৪ গৌরাব্দ ১১ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৭, ২৮শে অক্টোবর ইং ১৯৪০, সোমবার | ১৯৩ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১২ দামোদর সর্ব্বশিব সর্ব্বধন গৌরাব্দ ৪৫৪

শ্রীশ্রীআচার্য্যবাণী

হরিভজনের রাস্তা ক্ষুরের ধারের ন্যায় দুর্গম। একটু এদিক্ ওদিক্ হইলেও সর্ব্বনাশ। হয় ভোগ, না হয় ত্যাগ,-রে কোন গর্ত্তে পড়িয়া পঙ্গু হইয়া থাকিতে হইবে। কিন্তু শরণাগতের নিকট তাহা সহজ, সরল বা স্বাভাবিক; প্রপন্নের কোন কষ্ট নাই। তাঁহাকে নিত্যানন্দ চালিত করেন। 'তিনি চক্ষু বুজিয়া চলিলেও পতিত হন না।

চিদ্বৈভব এবং অচিদ্বৈভবের মালিক বলদেব প্রভু। শ্রীনিত্যানন্দ-বলদেব প্রভুর নিকট আত্মনিবেদন করিলে, সম্পূর্ণ নিতাই-চাঁদের হইয়া থাকতে পারিলে আর চিন্তা নাই; তখন আর কিছুরেই ভোগবুদ্ধি আসিবে না। নিতাইচাঁদের সংসারে প্রবেশ লাভ হইলে কৃষ্ণপ্রসাদবুদ্ধিতে সকল বস্তু আস্বাদনের বা গ্রহণের অধিকার তৎক্ষণাৎই আসিয়া যাইবে।

শুদ্ধবৈষ্ণবের সেবা করিলেই নিরপরাধে হরিনাম-গ্রহণে রুচি হইবে। সঙ্গে সঙ্গে শুদ্ধবিচার বা সিদ্ধান্তগ্রহণে শ্রদ্ধা ও রুচি উত্তরোত্তর বৃদ্ধি পাইবে। ভজনের অনুকূল ভক্তসঙ্গস্থলে পরস্পর পৃথগ্বুদ্ধি করিতে হইবে না।

ভক্তির পথ কঠিন নহে, অতি সহজ। আত্মবৃত্তির উন্মেষ হইলে আর কাঠিন্য থাকে না। ভক্তি—acquired knowledge নহে, উহা আত্মার স্বাভাবিক বৃত্তি। শ্রীচৈতন্যমনোঽভীষ্ট যিনি স্থাপন করিতে আসিয়াছেন, তাঁহার ইচ্ছার সহিত dovetailed হওয়াই আসল কথা।

আত্মনিবেদনের মূলে অথবার কৃপা পাওয়ার আকাঙ্ক্ষা। শরণাগতি ও কৃপা যুগপৎ হয়। অকপটভাবে নির্ব্বাণীক হ'য়ে কৃপা চাওয়া, ফাঁকি না দিয়ে অন্তরের অন্তরতম প্রদেশ থেকে কৃপা চাওয়া জীবের স্বরূপগত নির্ম্মল অহঙ্কার বা অভিমান। কৃষ্ণকার্ষ্ণের কৃপা বাঞ্ছাই সেই জিনিষ।

ভক্তিরাজ্যের প্রথমেই নবদ্বীপধামের আশ্রয়। গৌর ও গৌরধামের প্রথম বাসনা—স্বত্ব পরিত্যাগ ক'রে, পৃথক্ স্বতন্ত্রতা ত্যাগ ক'রে অনন্যজ্ঞান গৌরসুন্দরের ইচ্ছার সঙ্গে নিত্যানন্দ ও নিত্যানন্দ-বৈষ্ণব গৌড়ীয়-গণের ইচ্ছার সঙ্গে নিজের ইচ্ছা মিশান। ইহার নাম আত্মনিবেদন—শরণাগতি।

শ্রদ্ধাই ভক্তিবীজ। এই শ্রদ্ধা ও অনন্যত্ব যুগপৎ লাভ হয়। শ্রীগুরু পাদপদ্মের প্রতি যে বিশ্বাস, যাঁ'রা কৃপা ক'রেছে যে শুদ্ধবৈষ্ণবরূপে তাঁ'দের প্রতি যে বিশ্বাস তা'র নাম—শ্রদ্ধা। অহৈতুক সেবাবৃত্তি। তাঁ'র প্রতি শ্রদ্ধা ও তাঁতে আত্মনিবেদন যুগপৎ হওয়া চাই।

অভিধেয়ই সম্বন্ধ ও প্রয়োজন দেয়। কৃষ্ণভক্তিই অভিধেয়। অভিধেয় কি করে? কৃষ্ণকে দেয়। কৃষ্ণই—সম্বন্ধ, কৃষ্ণপ্রেমই প্রয়োজন। কৃষ্ণ, কৃষ্ণভক্তি ও কৃষ্ণপ্রেম তিনটি তত্ত্ব। অদ্বয়ের অবস্থান।

আবার বৈষ্ণবসেবা হইল না বলিয়া বৈষ্ণবসেবকগণেরও দৈন্য থাকা দরকার। সেই নিষ্কপট দৈন্য যাঁহার যত বেশী, তিনি তত অধিক কৃষ্ণের প্রিয়—কৃষ্ণ তাঁহার নিকট তত আছেন। বৈষ্ণবসেবার চিহ্ন বই প্রকৃত আকাঙ্ক্ষার এবং তাদৃশী ভক্তিই শ্রীকৃষ্ণাকর্ষিণী। সকলেরই ইহা দৃঢ় ও নিশ্চিতরূপে জানা দরকার যে, শ্রীগুরু-বৈষ্ণবের বিশ্রম্ভসেবাই কৃষ্ণের সহিত সাক্ষাৎকারের যোগ্যতা লাভ করায়।

কৃষ্ণের বিলাসের উপকরণই বৈষ্ণব। বৈষ্ণব ও কৃষ্ণের—পরস্পরের মধ্যে বিলাস নিত্যকাল চলিতেছে। সেই বৈষ্ণবের সেবা বাদ দিয়া যে কৃষ্ণদর্শনের চেষ্টা বা ইচ্ছা, তাহা নির্ব্বিশেষ ব্রহ্মানুসন্ধানমাত্র।

দর্শনভেদ

ভক্তের দর্শন ও বদ্ধজীবের দর্শন এক নহে। ভক্ত সেবকাভিমানে সমস্ত বস্তুকে কৃষ্ণভোগ্য দর্শন করেন এবং বদ্ধজীব ভোক্তাভিমানে নিজভোগ্য দর্শন করে। সকলের ও বস্তুর নিকট অধিকার অনুসারে একই বস্তুর দর্শনভেদ উপস্থিত হয়। যাঁহার যেরূপ চিত্তবৃত্তি, তিনি প্রত্যেক বস্তুকে সেইরূপ ভাবে দর্শন করেন।

সকলেই জানেন যে, লঙ্কার রাজা রাবণ রামচন্দ্রের পত্নী সীতাদেবীকে হরণ (?) করিয়া লইয়া গিয়াছিল। রামচন্দ্র সেতুবন্ধন করিয়া লঙ্কায় আসেন ও রাবণকে বধ করিয়া সীতাকে উদ্ধার করেন। রামচন্দ্র সীতাকে অগ্নিপরীক্ষার দ্বারা তাঁহার চরিত্রের বিশুদ্ধতা সকলের সমক্ষে প্রমাণ করিতে বলেন। অগ্নিপরীক্ষায় সীতাদেবী উত্তীর্ণা হইলে রামচন্দ্র তাঁহাকে গ্রহণ করেন।

রামচন্দ্র সাক্ষাৎ ভগবান্ বিষ্ণু। সীতাদেবী রামচন্দ্রের নিত্যসঙ্গিনী—স্বয়ং লক্ষ্মী। রামচন্দ্র সীতা ছাড়া আর কোন পত্নী গ্রহণ করেন নাই। কারণ তিনি এক-পত্নীব্রতধর। সীতাদেবীও রাম ছাড়া আর কিছুই জানেন না। রামচন্দ্র ও সীতাদেবী ইঁহারা সাধারণ রাজা ও রাণীর ন্যায় মানব-মানবী বা জীব নহেন [illegible] কেবল অসুর। অসুরের [illegible] সে লক্ষ্মীদেবীকে হরণ [illegible], [illegible] করিতে [illegible] [illegible] [illegible] অপ্রাকৃত

কৃষ্ণ আমার পালে রক্ষে জান সর্ব্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল।

বদ্ধ সীতাদেবীকে দর্শন করিতে পারে? বেদ-পুরাণাদি শাস্ত্র বলেন—"অপ্রাকৃত বস্তুকে মায়াধীন জীব দর্শন করিতে পারে না। যেমন আমরা বদ্ধ জীব, এই মাংসচক্ষুতে ভগবানকে দর্শন করিতে পারি না।"

শ্রীমন্মহাপ্রভু যখন দক্ষিণদেশে ভ্রমণ করিতেছিলেন, তখন একস্থানে একজন রামভক্ত ব্রাহ্মণের গৃহে তিনি ভিক্ষা গ্রহণ করেন। ঐ ব্রাহ্মণ শ্রীমন্মহাপ্রভুকে নিমন্ত্রণ করিয়াছিলেন, কিন্তু যখন শ্রীমন্মহাপ্রভু মধ্যাহ্নকালে ঐ ব্রাহ্মণের ঘরে গিয়া উপস্থিত হইলেন, তখন দেখিলেন, ঐ ব্রাহ্মণ রন্ধনের আয়োজন করেন নাই। মহাপ্রভু ইহার কারণ জিজ্ঞাসা করিলে ব্রাহ্মণ বলিলেন, "জঙ্গলে বন্য ফল-মূল আনিয়া দিলে তবে রামচন্দ্রের জন্য সীতাদেবী পাকের আয়োজন করিবেন।" মহাপ্রভু তৃতীয় প্রহরে ব্রাহ্মণের গৃহে ভিক্ষা করিলেন। কিন্তু ব্রাহ্মণ কিছুই আহার করিলেন না, সম্পূর্ণ উপবাসী থাকিলেন। ব্রাহ্মণকে দুঃখিত মনে 'হা হতাশ' করিতেছিলেন, তাহা দেখিয়া মহাপ্রভু ঐরূপ দুঃখের কারণ জিজ্ঞাসা করিলেন। ব্রাহ্মণ বলিলেন, "আমি আর প্রাণধারণ করিব না, অগ্নিতে বা জলে প্রবেশ করিয়া দেহ পরিত্যাগ করিব। জগতের মাতা মহালক্ষ্মী সীতাঠাকুরাণীকে রাক্ষসে স্পর্শ করিয়াছে, ইহাও কানে শুনিতে হইতেছে। ইহা শুনিয়া আর বাঁচিয়া থাকিতে ইচ্ছা নাই। এই দুঃখেই আমার হৃদয় জ্বলিতেছে।" মহাপ্রভু তখন ব্রাহ্মণকে বলিলেন, "সীতাদেবী সাক্ষাৎ লক্ষ্মী—চিদানন্দমূর্তি। প্রাকৃত ইন্দ্রিয়ে তাঁহাকে স্পর্শ করা দূরে থাকুক, দেখিতে পারে নাই। রাবণ মায়াসীতাকে হরণ করিয়াছে। রাবণ আসিতেই সীতাদেবী অন্তর্হিতা হইয়াছিলেন ও রাবণের সম্মুখে মায়াসীতাকে পাঠাইয়াছিলেন।"

শ্রীমন্মহাপ্রভু যখন সেতুবন্ধ রামেশ্বরে আসিয়াছিলেন, তখন তথায় দেখিলেন, ব্রাহ্মণগণের সভায় কূর্মপুরাণ পাঠ হইতেছে। তাহাতে তিনি সীতাদেবীর কথাপ্রসঙ্গে শুনিতে পাইলেন যে, যখন পতিব্রতা শিরোমণি সীতাদেবী রাবণকে দেখিলেন, তখন তিনি অগ্নির শরণ গ্রহণ করিয়াছিলেন। অগ্নিদেব ছায়াসীতা প্রস্তুত করিলেন ও মূল সীতা আবৃত রাখিলেন। রাবণ সেই ছায়াসীতাকে দেখিয়া উহাকেই প্রকৃত সীতা মনে করিয়া 'ছায়া'কেই হরণ করিল। অগ্নি সীতাদেবীকে পার্বতীর নিকট রাখিয়াছিলেন ও মায়াসীতা দিয়া রাবণকে বঞ্চনা করিয়াছিলেন। যখন রামচন্দ্র সীতাদেবীকে পরীক্ষা করেন, তখন ছায়াসীতা অগ্নির মধ্যে প্রবেশ করিলেন। অগ্নি সীতাদেবীকে আনিয়া রামচন্দ্রের নিকট উপস্থিত করিলেন।

শ্রীমন্মহাপ্রভু কূর্মপুরাণের এই প্রসঙ্গের একটি প্রাচীন পুঁথির যে পত্রে লেখা ছিল, পত্রটী ঐ ব্রাহ্মণের নিকট হইতে ভিক্ষা করিয়া লইয়া গিয়া সেই রামভক্ত বিপ্রকে দেখাইয়াছিলেন এবং দর্শনসম্বন্ধে শুদ্ধভক্তি-সিদ্ধান্তকথা কীর্তন করিয়াছিলেন।

সীতাদেবী রামভোগ্যা স্বপ্রবিগ্রহ। তিনি রামভোগ্য এবং তাঁহার আত্মা—এ প্রকার সে দর্শন রাবণের ছিল না। তাই সে তাঁহাকে নিজভোগ্য দর্শন করিয়াছিল। উহাই তাহার স্বরূপ-নন। কিন্তু বজ্রাঙ্গজীর দর্শন তাহার বিপরীত কারণ, তিনি নিজেকে রামের সেবক বলিয়া জানেন, অতএব তাঁহাকে তাঁহার সেব্যরূপে দর্শন করিয়াছেন। বজ্রাঙ্গজী সীতাদেবীকে ছায়াসীতা দর্শন করেন নাই। একই সীতাদেবী রাবণ ও বজ্রাঙ্গজীর চিত্তবৃত্তি-অনুসারে দুইরূপে প্রতীত হইয়াছিলেন। যেখানে ভোগদর্শন সেখানে প্রাকৃত-দর্শন, আর যেখানে সেবাদর্শন সেখানে স্বরূপদর্শন।

সেবকাভিমান বা সেবাদর্শন লাভ করার নামই বস্তুর প্রত্যক্ষ। বজ্রাঙ্গজী যখন দ্বীপান্তরে লঙ্কায় গিয়াছিলেন, তখন তিনি রামনাম উচ্চারণপূর্বক রামচন্দ্রের কৃপায় এক লম্ফে সাগর লঙ্ঘন করিয়াছিলেন। সেই প্রকার আমরা নিজচেষ্টায় এই সংসার-সমুদ্র পার হইতে পারি না। ইহা গুরুকৃপাসাপেক্ষ। গুরুকৃপা হইলে মুহূর্তমধ্যে উহা সম্ভব হয়। গুরুকৃপায় বিবর্তের মায়া কাটিয়া গেলে আমাদের সর্বত্র সেব্য দর্শন হয় এবং তখন নিরন্তর কৃষ্ণকীর্তন মুখে এই মায়াসমুদ্র পার হইতে পারি।

প্রত্যেক বস্তুরই স্বরূপদর্শন করিতে পারিলে আর মায়া আমাদিগকে বিমোহিত করিয়া বঞ্চনা করিতে পারে না। যেখানে আকারদর্শন, সেখানেই বঞ্চিত হবার সম্ভাবনা অর্থাৎ ভোগদর্শন বা ত্যাগদর্শন। প্রত্যেক বস্তুর স্বরূপদর্শনের মধ্যে কৃষ্ণকার্য্যের সন্ধান পাওয়া যায়। সেখানে মায়া আসিতেই পারে না। যে বস্তু যাহা তাহাকে সেইভাবে দর্শন করার নামই স্বরূপদর্শন। ভক্তের সেবকাভিমান থাকায় তিনি প্রত্যেক বস্তুর স্বরূপদর্শন করেন। অভক্ত ভোগদর্শন বা ত্যাগদর্শন করে। একই বস্তুর মধ্যে দুইপ্রকারের আকর্ষণ চলে। একজনকে কৃষ্ণের দিকে ও আর একজনকে মায়ার দিকে আকর্ষণ করে। ভক্ত কৃষ্ণের দিকে আকৃষ্ট হন, আর অভক্ত মায়ার দিকে আকৃষ্ট হয়। যে যাহা চায়, সে তাহাই পায়।

যে নিজে জড়বৎ হইয়া পড়িয়াছে সে অপ্রাকৃত পূর্ণচেতনবস্তুকে প্রাকৃত নিশ্চল জড় (stagnant) বস্তু মনে করে। তাই আধ্যক্ষিক প্রত্যক্ষবাদী শ্রীবিগ্রহ, শাস্ত্রমূর্তি সাধু, শ্রীধাম, সচ্ছাস্ত্র, কৃষ্ণনাম ও তুলসীদেবীকে প্রাকৃতবুদ্ধি করিয়া থাকে। যে এই সমস্ত অপ্রাকৃত বস্তুকে প্রাকৃত দর্শন করে, বুঝিতে হইবে তাহার চেতনতার ধর্ম বিলুপ্ত হইয়া পড়িয়াছে। ইহা চরম দুর্ভাগ্যের লক্ষণ। শ্রীবিগ্রহ সাক্ষাৎ ভগবান্। "প্রতিমা নহ তুমি সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন"—ইহাই ভক্তের দর্শন। কৃষ্ণনামও সাক্ষাৎ কৃষ্ণই। "কলিকালে নামরূপে কৃষ্ণ-অবতার। নাম হৈতে হয় সর্ব জগৎনিস্তার।"—ইহাই শাস্ত্রপ্রমাণ। কৃষ্ণই শাস্ত্রমূর্তি মহাভাগবতরূপে আসেন। সচ্ছাস্ত্র শব্দ-ব্রহ্ম শব্দাকারে অক্ষরাকৃতি রূপে প্রকাশিত। শ্রীধাম ধামী হইতে পৃথক্ বস্তু নন। জগদ্গুরু আশ্রয়বিগ্রহ তুলসীদেবী বার্ক্ষাকারে এ জগতে অবতীর্ণ হইয়াছেন। তিনি বৃন্দাবনের Gate-Keeper। তাঁহারই কৃপায় বৃন্দাবনে প্রবেশাধিকার লাভ হয়।

কৃষ্ণবিমুখ বদ্ধজীব আমাদের স্বরূপদর্শনে প্রতিষ্ঠিত হওয়া দরকার। তবেই আমরা আমাদের নিত্যস্বদেশে ফিরিয়া যাইতে পারিব। আমরা এখন বিদেশে পড়িয়া বিরূপের দর্শনে মত্ত। এ দর্শনের হাত হইতে নিষ্কৃতি পাইবার জন্য শুদ্ধভক্তগণের নিকট কৃপাভিক্ষা করাই একমাত্র কৃত্য।

অপরাধী আমি

পাপ হইতে অপরাধ স্বতন্ত্র বস্তু; অপরাধ জিনিষটী আত্মধর্মাবলম্বনে চেতনের একমাত্র সর্বনাশকর অনর্থ বা বাধা, কাজেই সাধনাবস্থায় যাঁহারা অপরাধকে ভয় না করেন, তাঁহাদের কিছুতেই মঙ্গললাভ হইতে পারে না। অপরাধীর স্বরূপ এই যে, সে অপরাধ করিয়াও আপনাকে অপরাধী ধারণা করিতে পারে না। ইহাই সাধকজীবের মূল ব্যাধি। অপরাধফলেই ভক্তিবীজ একেবারে নষ্ট হইয়া যায়।

আমার নিত্য অর্থ বা প্রয়োজন যে কৃষ্ণসেবা, তাহার পথে যে সকল অর্গল বা প্রতিবন্ধক, তাহা আমি চেতনজীব-স্বরূপে স্বতন্ত্রতার অপব্যবহার করিয়া নিজেই আনয়ন করিয়াছি, তাহাও আমার অপরাধ। অপরাধী আমি ভোগী বা ত্যাগী সাজিয়া বহু অপরাধ করিয়াছি। অকপট সেবক হইতে পারিলে আর সেই অপরাধ বা প্রতিবন্ধক থাকিবে না।

কর্মমার্গের লোক নিত্য পঞ্চসূনা পাপ করিয়া থাকে, কিন্তু আমি ভক্তিমার্গপ্রবেশের ছলনা করিয়া পাঁচপ্রকার অপরাধ করিতেছি—গুর্বপরাধ, বৈষ্ণবাপরাধ, ধামাপরাধ, নামাপরাধ ও সেবাপরাধ।

এই ভবসমুদ্রে পতিত জীবের উদ্ধারের জন্য গুরুই একমাত্র কর্ণধার। তিনি কৃষ্ণ-প্রেষ্ঠ মহাজন, শুধু কৃষ্ণপ্রেষ্ঠ মহাজনই বা বলি কেন, কৃষ্ণই গুরুরূপে আসেন। বহু জন্মজন্মান্তরের পুঞ্জীভূত সুকৃতিফলে এই মহাগুরুর শ্রীপাদপদ্ম আশ্রয় করিবার অভিনয় করিয়াও তিনি কৃষ্ণ দিতে পারেন কিনা, তিনি নিত্যসিদ্ধ কৃষ্ণপ্রেষ্ঠ মহাজন কিনা, প্রভৃতি বিষয়ে সন্দেহ করিয়া তাঁহাকে জীববুদ্ধি করাটা আমাদের সর্বাপেক্ষা ভয়ানক গুর্বপরাধ। তিনি আমার একমাত্র মঙ্গলদাতা—ভক্তিদানের অধিকারী, সেই প্রভুকে যদি মর্ত্যবুদ্ধি করি, তবে ভক্তিলাভের আশাই বা করি কেন? এ অপরাধের হাত হইতে নিস্তার পাওয়া বড় কঠিন, এমন কি, ভগবান্ পর্যন্ত এ অপরাধ ক্ষমা করিতে পারেন না। গুরু-পাদপদ্মে দৃঢ় বিশ্বাস যাঁহার আছে, এমন নিষ্কিঞ্চন গুরুচরণাশ্রিত অনন্য বৈষ্ণবের নিরন্তর সঙ্গ করিয়া সর্বক্ষণ শ্রীগুরুপাদপদ্মের নিকট কাঁদিয়া কাঁদিয়া ক্ষমাপ্রার্থনা করাই এ অপরাধক্ষালনের উপায়। তাঁহার ন্যায় ক্ষমাশীল আর কেহই নাই। কারণ তিনি অদোষদর্শী প্রভু। যিনি মন্ত্রদীক্ষা দেন, তিনি দীক্ষাগুরু, আর যিনি ভজনপ্রণালী শিক্ষা দেন, তিনি শিক্ষাগুরু। দীক্ষাগুরু একজন মাত্র, শিক্ষাগুরু অনেক হইতে পারেন। দীক্ষাগুরু এবং শিক্ষাগুরুর মধ্যে কোনও প্রকারে কাহারও চরণে অশ্রদ্ধা বা অপরাধ না হয় তজ্জন্য সতর্ক থাকাটাই সাধক আমার একান্ত কর্তব্য। নতুবা মঙ্গললাভ করিতে আসিয়া মঙ্গলের দ্বার চিরবদ্ধ হইয়া যাইবে।

পঞ্চবিধ অপরাধের মধ্যে বৈষ্ণবাপরাধও ভীষণ অপরাধ। গুরুসেবকগণ সকলেই বৈষ্ণব। তবে তাঁহাদের মধ্যে অধিকারভেদ আছে। বৈষ্ণব দুই প্রকার—আশ্রয়বিগ্রহ

জীবে সাক্ষাৎ নাহি তাতে গুরু চৈত্ত্যরূপে। শিক্ষাগুরু হন কৃষ্ণ মহান্তস্বরূপে

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

নিমন্ত্রণ-পত্র

——::(০)::——

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভা
শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা
৩১শে আশ্বিন, ১৩৩৭

বিপুল সম্মান পুরঃসর নিবেদন—

আগামী ১৪ই কার্ত্তিক, ৩১শে অক্টোবর বৃহস্পতিবার দিবস গৌড়ীয় মিশনের গভর্ণিংবডির সেবোদ্যোগে গৌড়ীয়-সম্প্রদায়ৈক-সংরক্ষক আচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজের পারমার্থিক আনুগত্যে বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে শ্রীগোবর্দ্ধন পূজা-উপলক্ষে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর শ্রীশ্রীঅন্নকূট-মহোৎসব অনুষ্ঠিত হইবেন। এতদুপলক্ষে শ্রীমঠে পূজা, আরতি, ভোগরাগ, শ্রীমূর্ত্তির অপূর্ব্ব শৃঙ্গার, পাঠ ও ব্যাখ্যা, শ্রীহরি-সংকীর্ত্তন এবং শ্রীঅন্নকূট-দর্শনাদি হইবে।

মহাশয়, কৃপাপূর্ব্বক সবান্ধবে উক্ত উৎসবে যোগদান করিলে গভর্ণিং বডির সদস্যবর্গ পরমানন্দিত হইবেন। নিবেদন ইতি—

শ্রীশ্রীহরিজনকিঙ্কর—
শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ
সেক্রেটারী, 'গভর্ণিংবডি'

সিদ্ধভক্ত, যেমন শ্রীল আচার্য্যদেব, শ্রীল প্রভুপাদ, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রভৃতি, আর মুক্ত জীব। শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন, "বৈষ্ণবের মধ্যে দু'রকম—নিত্যসিদ্ধ জীব ও আত্মবিগ্রহগণ। মুক্ত জীবই বৈষ্ণব।" 'আপন সেবক হয় মাত্র আপনার'—এই বিচারে সকলকে যথাযোগ্য সম্মান না দিয়া গুরুসেবক বৈষ্ণবগণকে অশ্রদ্ধা, অপমান, নিন্দা বা লঙ্ঘন করিলে বৈষ্ণবাপরাধ হয়। গুরুসেবককে লঙ্ঘন করিয়া কখন গুরুসেবা হয় না এবং সেই বৈষ্ণবাপরাধ গুরুদেবও ক্ষমা করেন না। যে বৈষ্ণবের নিকট অপরাধ হয়, তাঁহার নিকট ক্ষমাভিক্ষা করিলে তিনি যদি ক্ষমা করেন, তবেই বৈষ্ণবাপরাধের হাত হইতে নিষ্কৃতি পাওয়া যায়; নতুবা অন্য কোন উপায় নাই। বৈষ্ণবধর্ম্ম মানধর্ম্ম। সেইজন্য সকলকে যথাযোগ্য সম্মান দিয়া গুরুসেবা করাই কর্ত্তব্য।

তৃতীয় অপরাধ—ধামাপরাধ। ধামকে প্রাকৃতবুদ্ধি করা বা ধামি হইতে পৃথক্ বুদ্ধি করা ধামের চরণে অপরাধ। নাম যেরূপ নামী হইতে অভিন্ন, ধামও তদ্রূপ ধামি হইতে অভিন্ন। ধামে থাকা অর্থ শ্রীগুরুপাদপদ্মে থাকা। সেখানে সর্ব্বক্ষণ কৃপাপ্রার্থনামুখে থাকা দরকার, নতুবা প্রাকৃতবুদ্ধি করিয়া মাপিবার বুদ্ধিই প্রবল হয়। গৌরধাম ও ব্রজধামের মধ্যে কোন ভেদ নাই। বরং গৌরধাম ব্রজধাম অপেক্ষা পরম উদার। ইহাতে ভেদবুদ্ধি করিলে ধামাপরাধ হয়। ধাম গোলোক হইতে এই ভূলোকে স্বেচ্ছায় অবতীর্ণ হন। তাহা না থাকিলে ধামবাস করা যায় না। সেইজন্য সর্ব্বক্ষণ ধামবাসী হরি, গুরু ও বৈষ্ণবের নিকট কৃপা প্রার্থনা করিতে হইবে। ধামের মহিমা-শ্রবণ-কীর্ত্তনের মধ্যে ও ধামসেবার মধ্যে থাকিলে ধামাপরাধ করিবার অবসর থাকে না। ধামকে প্রপঞ্চের ন্যায় দেখা গেলেও তিনি প্রপঞ্চাতীত বস্তু। এ বুদ্ধি না থাকিলে ধামসেবার পরিবর্ত্তে ধামভোগ (?) হইয়া যায়।

প্রভুর সে ধাম নন্দ-নন্দনের ঠাঁই।
ভক্তজনযায় জানে সদ্গুরুকৃপায়॥
দেখিতে ইন্দ্রিয়গণে না পারিনু নাথ।
অপরাধ নাহি মোর সর্ব্বলোকোৎপাত॥
কোথা যাব, কি করিব, গতিহীন আমি।
নবদ্বীপে বাস দিয়া কৃপা কর স্বামি॥
জাতি, প্রাণ, ধন, জন সর্ব্বস্ব আমার।
ধন্য হউ, সকলে করুন্ তিরস্কার॥
ব্যাধিজীর্ণ দেহের পাউক দুর্গতি।
নবদ্বীপ তথাপি ত্যজিতে নহে মতি॥
—ইহাই ভক্তের বিচার।

চতুর্থ অপরাধ নামাপরাধ। কলিকালে কৃষ্ণই নামরূপে—শব্দরূপে অবতীর্ণ। শব্দই একমাত্র যোগসূত্র। কৃষ্ণকীর্ত্তন বা কৃষ্ণ-নামের দ্বারাই সাক্ষাৎ কৃষ্ণসেবা হয়। এই কৃষ্ণনাম করিবার কালে সাধক জীবের দশটী প্রতিবন্ধক আছে। তাহার নামই দশবিধ নামাপরাধ। সাধুনিন্দা, সেব্যস্বরে স্বাতন্ত্র্যজ্ঞান, গুর্ব্ববজ্ঞা, শ্রুতিশাস্ত্র নিন্দা, নামে অর্থবাদ, নামবলে পাপবুদ্ধি, শ্রদ্ধাহীনে নামোপদেশ, অন্য শুভকর্ম্মের সহিত নামকে তুল্যজ্ঞান, প্রমাদ ও অহংমমভাব প্রভৃতি দশটী অপরাধ আছে। এই দশটী অপরাধ বর্জ্জন করিয়া নামকীর্ত্তন করাই বিধি। নামাপরাধফলে সংসার লাভ হয়। একমাত্র শ্রীগুরুপাদপদ্মই নামদাতা। তিনি ব্যতীত আর কেহই কৃষ্ণনাম প্রভুকে দিতে পারেন না। নিরন্তর নামকীর্ত্তনের দ্বারা নামাপরাধ দূর হয়। নামের চরণে ও নামদাতা শ্রীগুরুপাদপদ্মের চরণে ব্যাকুল আর্ত্তি-ক্রন্দনসহকারে নাম করিলে নামাপরাধ থাকে না। নামের ফল উত্তরোত্তর নামকীর্ত্তন। নামকীর্ত্তনের দ্বারা শ্রীকৃষ্ণের সহিত direct touchএ থাকা যায়।

"নিরপরাধে নাম লৈলে পায় প্রেমধন॥"
"প্রভু কহে, কহিলাম এই মহামন্ত্র।
ইহা জপ গিয়া সবে করিয়া নির্ব্বন্ধ॥
ইহা হৈতে সর্ব্বসিদ্ধি হইবে সবার।
সর্ব্বক্ষণ বল ইথে বিধি নাহি আর॥
কি শয়নে, কি ভোজনে, কিবা জাগরণে।
অহর্নিশ চিন্ত কৃষ্ণ বলহ বদনে॥"

শ্রীমন্মহাপ্রভুর এই আদেশানুসারে যিনি সর্ব্বক্ষণ কৃষ্ণনাম না করিবেন, তাঁহার কখনই নামকীর্ত্তন হইতে পারে না। নাম-কীর্ত্তনে কালের কোন ব্যবধান নাই। যাহা কিছু করা যায় তাহা যদি সম্বন্ধজ্ঞানের সহিত নামকীর্ত্তনমুখে হয়, তবেই তাহা সেবা হইতে পারে, নতুবা তাহাকে শুদ্ধা সেবা বলা যাইবে না।

পঞ্চম অপরাধ সেবা-অপরাধ। হরি-গুরুবৈষ্ণবের সেবা করিতে করিতেও অনেক-সময় জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আমাদের অনেক সেবাপরাধ হইয়া যায়। সে বিষয়ে সতর্ক থাকা উচিত। নতুবা বিপরীত ফল লাভ হয়। শাস্ত্রে বত্রিশ প্রকার সেবাপরাধের কথা আছে। তাহা সেবকমাত্রেরই জানিয়া রাখা দরকার এবং তদ্বিষয়ে সাবধান হওয়াও একান্ত কর্ত্তব্য।

এই পঞ্চবিধ অপরাধ ব্যতীত আর একটী অপরাধ—নিজের প্রতি। "আমি এ জগতের কোন বস্তু নহি, আমি শুদ্ধ কৃষ্ণদাস"—এই অভিমান না রাখিয়া জড় দেহে 'আমি'-বুদ্ধি এবং দেহসম্পর্কীয় যাবতীয় বস্তুতে 'আমার'-বুদ্ধিটা নিজের প্রতি অপরাধ। পরমারাধ্য শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন, "অপরাধ—ভগবানের প্রতি, বৈষ্ণবের প্রতি, নিজের প্রতি ভক্ত, ভগবান্ ও নিজের প্রতি অবিচার। নামের প্রতি দশাপরাধ। সাধুনিন্দা, গুরুতে মর্ত্ত্যবুদ্ধি প্রভৃতি নামাপরাধ বৈষ্ণবে জাতিবুদ্ধি প্রভৃতি ভক্তের চরণে অপরাধ। ভোগবুদ্ধিতে নিজের প্রতি অবিচার।" এই সেবাবুদ্ধি বা নিজের প্রতি অপরাধ পরিত্যাগ-পূর্ব্বক নিজেকে শ্রীকৃষ্ণের পদধূলি জানিয়া সমস্ত বস্তুকে কৃষ্ণভোগ্য দর্শন করা দরকার।

দেহে আত্মবুদ্ধিই সর্ব্বাপেক্ষা অযোগ্যতা। যখনই দেহে আত্মবুদ্ধি করি বা পুরুষাভিমানে মত্ত হই, তখনই ভুলিয়া যাই আমার স্বরূপ, ভুলিয়া যাই আমার নিত্যধর্ম্ম, আর ভুলিয়া যাই আমার নিত্যসেবা-বস্তুর কথা। শ্রীগুরুপাদপদ্মের বীর্য্যবতী বাণী 'সেবোন্মুখে' চিত্তে ধারণ না করিলেই বলদের ন্যায় বলকে ভাবাইয়া ফেলি; তখন নানাভাবে অপরাধ করিয়া বসি—সেবকাভিমানের পরিবর্ত্তে সেব্যাভিমান আমাকে আক্রমণ করিয়া ফেলে। এ ব্যাধির একমাত্র ঔষধ প্রপন্নভক্ত সদ্বৈদ্যরাজ শ্রীগুরুপাদপদ্মে—শ্রীআচার্য্যপাদ-পদ্মে নিষ্কপট প্রার্থনা। তাই বলেন—

মত্তুল্যো নাস্তি পাপাত্মা নাপরাধী চ কশ্চন।
পরিহারেঽপি লজ্জা মে, কিং
ব্রূমে পুরুষোত্তম॥
যুগে সু নিত্যপাপানাং ভূমিরেষা বসুন্ধরা।
যদি ক্ষান্তাপরাধানাং ত্বমেব শরণং প্রভো॥

গুরুদেব!
গলায় লেগেছে ফাঁস।
কৃপা-অসি ধ'র, বন্ধন ছেদিয়া
(এ) অধমে কর দাস।
যাবৎ জনম মোর, অপরাধে হৈনু ভোর,
নিষ্কপটে না ভজিনু তোমা।
তথাপিও তুমি গতি, না ছাড়িহ প্রাণপতি
মোর সম নাহিক অধম।
তুমি ত পরমদেবা, নাহি মোরে উপেখিবা
শুন শুন প্রভুর ঈশ্বর।
যদি করো অপরাধ তবে তুমি নাথ
সেবা দিয়া কর অনুচর।

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম

অন্তর্ভুক্ত-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅধবন ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১০
সেবক—শ্রীপ্রভুদেব দাসাধিকারী

(৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীপ্রভুবিনোদ ব্রহ্মচারী

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনবীনানন্দ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনরোত্তম ব্রহ্মচারী

(৭) কাজি সমাধি-পাট
প্রাচীন মায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীসদানন্দ ব্রহ্মচারী

(৮) শ্রীকৃষ্ণচৈতন্য-শ্রীগৌরধাম
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তদাস ব্রহ্মচারী

(৯) স্বানন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীপ্রমথ দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোপকৃষ্ণ দাসাধিকারী

(১১) সার্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীকৃষ্ণমন দাস অধিকারী

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীবাসদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌরপুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) ঋতুদ্বীপ
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনীলমণি ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)
সেবক—শ্রীজ্যোতির্ময়ানন্দ ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
চাঁদপাড়া, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীকিশোর ব্রহ্মচারী

(২১) বালিঘাট গৌড়ীয়মঠ
সেবক—শ্রীচৈতন্য ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চটক পর্ব্বত
সেবক—শ্রীসত্যেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) মাধ্ব-গৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রীনিত্যানন্দপ্রভু দাসাধিকারী

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রীমদনমোহন ব্রহ্মচারী

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রীচৈতন্যচরণ অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
দুর্গাবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীগদাধর দাসাধিকারী

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীগৌরচন্দ্রদেব দাস

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাঝোরা, দার্জ্জিলিং
সেবক—শ্রীমহাপুরুষ দাসাধিকারী

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ, পি
সেবক—শ্রীরাধেশ্যাম ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
বড়াগড় পাটনা।
সেবক—শ্রীনন্দগোপালকৃষ্ণ দাসাধিকারী

(৩২) কাশী গৌড়ীয়মঠ
সোনা রোড, কাশী
সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৩৩) শ্রীসনাতনগৌড়ীয় মঠ
৮।১৭ বড় গন্ধীবাগ, বেনারস সিটি
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপানন্দ ব্রহ্মচারী

(৩৫) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ইউ পি।
শ্রীমনোমোহন ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
মহাদেবঘাট, পোঃ মথুরা
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
রাধাকুণ্ড, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
ছত্রীকাপুর, বৃন্দাবন
সেবক—শ্রীসত্যব্রত দাসাধিকারী

(৩৯) প্রেমানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪০) কৃষ্ণবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রীপরমানন্দ ব্রহ্মচারী

(৪১) রাধাকৃষ্ণ গোবর্দ্ধনপীঠ
সেবক—শ্রীনিত্যানন্দ ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন মঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীকবিদাস ব্রহ্মচারী

(৪৩) মদনমোহন বিহারী মঠ
মথুরা, মথুরা।
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

(৪৪) গৌরবিহারী মঠ—কেশবজী,
পোঃ কোটলা, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীভিনকরাম ব্রহ্মচারী

(৪৫) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্নাল, পাঞ্জাব।
সেবক—শ্রীরাধাগোবিন্দ দাসাধিকারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
১৫নং কুতুব রোড, নিউ দিল্লী,
সেবক—শ্রীনন্দকুমার পাণ্ডা

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
সোনাপুর রোড, বাবুলনাথ
হিল বিং বোম্বে।
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীরেবতীরমণ ব্রহ্মচারী

(৪৯) মধ্ব-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী মাদ্রাজ
—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫০) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

(৫১) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত পোঃ পুরী উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫২) ভক্তিকুটী স্বর্গদ্বার পুরী
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৫৩) সাক্ষীগোপাল
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৪) ভুবনেশ্বর গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীহরেরাম ব্রহ্মচারী

(৫৫) সচ্চিদানন্দ মঠ
শালারি, পোঃ কটক (উড়িষ্যা)
সেবক—শ্রীশৈলেন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৫৬) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(৫৭) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম
পোঃ রঘুনাথপুর, মানভূম
সেবক—শ্রীত্রিভুবনেশ্বর দাস ব্রহ্মচারী

(৫৮) ভাগবতজনানন্দ মঠ
চিকলিয়া, পোঃ নাড়াজোল, মেদিনীপুর
সেবক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী

(৫৯) জলেশ্বর গৌড়ীয়মঠ
পোঃ জলেশ্বর, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬০) আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ আমলাযোড়া (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবদ্বীপ ব্রহ্মচারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, (কর্ণাল)
সেবক—শ্রীঅবতারণ ব্রহ্মচারী

(৬২) রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৭০১ নং মিডিটন ষ্ট্রীট, রেঙ্গুণ।
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

(৬৩) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, কাউন্সরোড
ক্যাম্পডেন, লণ্ডন, ই. ৫
সেবক—কুমারীবিনোদবাণী দাসী

(৬৪) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ আফিস
বৃন্দাবন, মথুরা (ইউ-পি)
সেবক—শ্রীবাসবানন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
সদরঘাট, চট্টগ্রাম
সেবক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীঅচিন্ত্যগোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্ররমণ ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) শ্রীঈশ্বরভবন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজ্ঞানসুন্দর ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জীসমূহ সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সকল সরল প্রণালীটি ইহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই সন্তোষলাভ ও পরম উপকৃত হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল। গ্রন্থটি পাইকা টাইপে অতিসুন্দর কাগজে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—মডার্ণ প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের দ্বারা যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্র সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ইহাতে ১০০টী উপাখ্যান, প্রবাদ ও প্রায় ৫০টী চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১।০ আনা। প্রাপ্তিস্থান—মডার্ণ প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের লিখিত "গৌরব" নামক প্রবন্ধের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—:০:—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। বোর্ডিংএ খাওয়া ও বেতনসমেত প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় সন্তোষজনক ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৪ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ব্রহ্মচারী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যাগীতাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অতিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ গবেষণার পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে মোটা অক্ষরে গীতার মূল শ্লোক সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ তাহার প্রতিশব্দ তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের অনুবাদ পদ্ধতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিলে সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। [illegible] আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। [illegible] মূল্য মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীনন্দকিশোর ব্রহ্মচারী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

[illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের [illegible] অনুসরণ করিয়াছিলেন। [illegible] শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যদের [illegible] শ্রীমৎ [illegible] "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবন [illegible] প্রকাশিত হইয়াছে। [illegible] ছাপা [illegible] হইয়াছে। ভিক্ষা মাত্র ৬০ আনা; [illegible] স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান— ম্যানেজার প্রচারিণী

শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত [illegible] মহামহোপদেশক [illegible] আচার্য্য [illegible] চৈতন্য-দেবতাত্ত্ব [illegible] এবং [illegible] অমৃত [illegible] আস্বাদন করিয়া [illegible] জীবনচরিত্র-পাঠে [illegible]। এই [illegible] ও [illegible] চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য [illegible] শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে [illegible] পৃষ্ঠা ব্যাপী। [illegible] শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের লিখিত মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে [illegible] সংক্ষিপ্ত [illegible] (Index Glossary) সহ [illegible] প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—[illegible] গৌড়ীয়মঠ, [illegible]; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম)

আপ

কলিকাতা ছাঃ	৫-৫৬	৬-২১	৭-১৮	৯-১০	১৩-১০	১৬-৫৬	১৭-৫৬	২২-৩৮
দমদম	৪-৫৬	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩-৫০		১৮-৬	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৬-৫৯	৮ ১	৯-১৮	১৩-২৮	১৭-৫৭	১৮-৩০	১৯-৩৫	০-২৮
রাণাঘাট ছাঃ	৬-২৮	৮-৬	৯-৫৩	১১ ৩৩	১৪-৫	১৮-১৯	১৯-৪০	০-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭ ৫	৮-৪০	১০-৯	১০-১৪	১৪-৪১	১৯-১৫	২০-১৫	১-৫২

(বদল) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৫৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৮	১০ ৫৩	১৮-১৫	২১ ১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম ,,	১০-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	২-২০
শান্তিপুর পৌঃ	১৩ ২৮
(বদল) ছাঃ	৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৫

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৬	১১-৫	১৬-২২	১৬-৮	১৮ ৩৭
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮ ৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯ ১০

ছাঃ	৭-১০	৮-৫২	১১ ৪৭	১৫-১০	১৬-৫৬	১৯-২০	২০-৪৬	০-৩১
রাণাঘাট পৌঃ	৭-৫৫	৯-২৫	১২-২৮	১৫- ৫	১৭-৫০	২০-৩	২১-১৯	৪-১০
(বদল) ছাঃ	৭-৫৩	৯-৩০	১২-৩৬	৫-৫৪	১৭-৪২	২০-১১	২১-২৪	৪-১৮
দমদম		১১-৮		১ -১৬	১৯-৯	২১-২৬	২৩-৩	
কলিকাতা (শিয়ালদহ) পৌঃ	৯-২১	১১-২০	১৪-১৬	১৭-৪৬	১৯-২৬	২১ ৪০	২৩-২৫	৬-১৬

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনবদ্বীপপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্মনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। [illegible] নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর [illegible] অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" [illegible] প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

[illegible] জীর্ণ [illegible] পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] অভাব [illegible]। [illegible] এবং [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৸৹ দশ আনা, বড় বোতল ১৶৹ আঠার আনা। [illegible]

[illegible] নং [illegible] রোড, কলিকাতা

অথবা

[illegible], ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO C 1514

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র সমল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ খণ্ড ; শ্রীমায়াপুর ১২ই কার্ত্তিক ,১৩৪৭, ২৯শে অক্টোবর, ১৯৪০, মঙ্গলবার ; ১৯৪তম সংখ্যা

নানা-সংবাদ

——::(০)::——

আবগারি বিভাগের নূতন নিয়মাবলী

১৯৩৭ সনের পেট্রোলিয়াম এবং ১৯৩৭ সনের কার্বাইড্ অব্ ক্যালসিয়াম সম্পর্কীয় নিয়মাবলী-অনুসারে বিস্ফোরক দ্রব্যের প্রধান ইন্সপেক্টর (চিফ ইন্সপেক্টর অব্ এক্সপ্লোসিভ্স্) ও অন্যান্য ইন্সপেক্টরগণ কর্তৃক লাইসেন্সধারীগণের পুরাতন লাইসেন্সের বদলে নূতন লাইসেন্স দেওয়া কালীন টাকা জমা দেওয়ার নিয়ম সম্প্রতি প্রবর্তন করা হইল। বর্তমানে লাইসেন্স-ফি নগদ বা চেকযোগে জমা দেওয়া হয়। নূতন নিয়ম-অনুসারে টাকা ট্রেজারিতে জমা দিতে হইবে এবং ট্রেজারি চালান লাইসেন্সের আবেদনের সঙ্গে জুড়িয়া দিতে হইবে। কিন্তু জেলার কর্তৃপক্ষ যে সকল ক্ষেত্রে নূতন লাইসেন্স দান করিবেন বা পুরাতন লাইসেন্স বদলাইয়া দিবেন, সে সকল ক্ষেত্রে নগদ চেকযোগে ফি জমা দিবার বর্তমান প্রথাই বজায় থাকিবে।

কেনিয়ার শত্রুঘাঁটি আক্রান্ত

এক ইস্তাহারে ঘোষণা করা হইয়াছে যে, কেনিয়া-সীমান্তের নিকটে শত্রুপক্ষের এক ঘাঁটির উপর সাফল্যের সহিত আক্রমণ চালান হইয়াছিল। উহাতে প্রকাশ করা হইয়াছে যে, ব্রিটিশের একটি সামরিক টহলদার সেনাদল একদফ্ দূর হইতে মোটর গাড়ীর যোগে সীমান্তের নিকটে লুকায়িত একটি শত্রুঘাঁটি আক্রমণ করিয়াছিল। শত্রুপক্ষীয়গণ পাঁচজনকে নিহত অবস্থায় রাখিয়া এবং কতকগুলি উষ্ট্র ও আসবাব পরিত্যাগ করিয়া চলিয়া যায়। ব্রিটিশের পক্ষে একজন নিহত ও একজন আহত হইয়াছে।

শত্রুর পক্ষে ব্রিটিশ সেনাবাহিনী ভূ-নিম্নে আশ্রয়ের ব্যবস্থা করিয়াছেন। তাঁবু ও সরবরাহকারীগণের জন্য পৃথক আচ্ছাদন নির্মিত হইয়াছে। ইতালীয় বোমারু-বিমানসমূহ কোন কিছুর প্রতি আঘাত করিবার উদ্দেশ্যে মরু-অঞ্চলে পুনঃপুনঃ বোমা বর্ষণ করিয়াছিল। বেদুইন-জাতীয় লোকদিগকে দূরের অঞ্চল হইতে গো-মহিষ আনয়ন করিয়া বহন করিতে দেখা যায়। সামরিক কর্তৃপক্ষ উহাদের জন্য কোন অসুবিধা বোধ করেন না। কারণ উহারা প্রধানতঃ যাযাবর শ্রেণীর এবং প্রায় সর্বত্রই উহারা বাসোপযোগী ব্যবস্থা করিয়া লইতে সক্ষম।

বিমান-আক্রমণ সতর্কতা

পূর্বেই জানান হইয়াছে যে, আগামী ৩০শে অক্টোবর বুধবার রাত্রি সাড়ে দশ ঘটিকা হইতে সাড়ে এগার ঘটিকা পর্যন্ত কলিকাতা ও চতুঃপার্শ্বস্থ শিল্প-অঞ্চলে বিমান-আক্রমণের সতর্কতা পরীক্ষায় নিষ্প্রদীপ ব্যবস্থা অবলম্বন করা হইবে। বিমান-আক্রমণ সতর্কতা-জ্ঞাপক বংশীধ্বনি দ্বারা সরকারীভাবে আরম্ভ ও শেষ ঘোষণা করা হইবে। এই ধ্বনি পূর্বপ্রচলিত সাবধানতা-জ্ঞাপক বংশীধ্বনি হইতে সম্পূর্ণ পৃথক, সকলেই সুস্পষ্টরূপে উহা শুনিতে পাইবে। সংকেত পাইবামাত্র জনসাধারণকে নিম্নলিখিত নিয়মসমূহ মানিয়া চলিতে হইবে।

সমুদয় রাস্তা ও সাইনবোর্ডের আলো নিভাইয়া দিতে হইবে। ঘরের আলো এমনভাবে নিয়ন্ত্রিত করিতে হইবে যাহাতে বাহির হইতে কোনমতেই উহা না দেখা যায়। রাস্তার গাড়ীতে নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করিতে হইবে—কোন সার্চলাইট ব্যবহার করা চলিবে না, এই সকল বাতির বাল্‌ব্ সরাইয়া লইতে হইবে। মোটরগাড়ীর পেছনের নম্বর দেখাইবার সাদা বাল্‌ব্ এক ইঞ্চি চওড়া একটি চাকুনি দিয়া ঢাকিয়া দিতে হইবে। সম্মুখের হেড্‌লাইটের জন্য কাঁচের পরিবর্তে দুই ইঞ্চি চওড়া এবং চার ইঞ্চি লম্বা কাল কাগজ দ্রব্যের চক্র বসাইতে হইবে। আবরণহীন গাড়ীগুলিকে রাস্তার বামপার্শ্বে রাত্রি সাড়ে এগারটা পর্যন্ত অপেক্ষা করিতে হইবে। গঙ্গার সমুদয় নৌকার আলো নিভাইয়া রাখিতে হইবে। মিলের চিমনী, জেটী, ডক, জাহাজ এবং রেলওয়ে বাতিসমূহ নিষ্প্রভকারী আচ্ছাদন দ্বারা আবৃত করিয়া রাখিতে হইবে।

পরিবারের সকলেই একটি ঘরে সমবেত হইয়া যদি সাড়ে দশ ঘটিকা হইতে সাড়ে এগার ঘটিকা পর্যন্ত এক ঘণ্টা বাড়ীর সমুদয় আলো বন্ধ করিয়া দেন তাহা হইলেই যথেষ্ট হইবে। এই সময় যথাসম্ভব নীচের তলায় এবং বাড়ীর মধ্যস্থলে থাকিলেই ভাল হয়।

বিদ্যুৎ ও গ্যাসের সরবরাহ এ সময়ের জন্য বন্ধ করিয়া দেওয়া হইবে না। মোটর গাড়ীর হেড্‌লাইটের জন্য যে আচ্ছাদনের কথা বলা হইয়াছে, ৩৮ নং বেলতলা রোড, পাব্লিক ভাইকল-বিভাগে তাহার নমুনা দেখিতে পাওয়া যাইবে। কলিকাতার অধিকাংশ মোটর ইঞ্জিনিয়ারিং দোকানেই এই আচ্ছাদন পাওয়া যাইবে।

মার্শাল পেঁতের প্রতি সম্রাটের উৎসাহ-বাণী

লণ্ডনের কর্তৃপক্ষীয় মহল হইতে জানা গিয়াছে যে, মহামান্য সম্রাট্ ফরাসীগণের প্রতি সহানুভূতি জ্ঞাপন করিয়া ও তাহাদিগকে উৎসাহ প্রদান করিয়া মার্শাল পেঁতের নিকট একটি বার্তা প্রেরণ করিয়াছেন। ইহাতে তিনি মিত্র-শক্তির সাফল্যে জয়লাভ হইবে বলিয়া দৃঢ় আস্থা জ্ঞাপন করিয়াছেন এবং জানাইয়াছেন যে, ফ্রান্সও এই সাফল্যের অংশ গ্রহণ করিবে।

প্রবাসী জাপানীদের সংখ্যা-গণনা

'নিউইয়র্ক টাইমসে'র ওয়াশিংটনস্থ সংবাদদাতা জানাইয়াছেন যে, জাপ-সরকার যুক্তরাষ্ট্র এবং হাওয়াই, ক্যানেডা, আর্জেন্টিনা, ব্রেজিল, চিলি ও মেক্সিকোতে যে সকল জাপানী অধিবাসী রহিয়াছে, বিশেষভাবে তাহাদের সংখ্যা-গণনার ব্যবস্থা করিয়াছেন। নভেম্বর মাসের ২০শে তারিখের মধ্যে এই সংখ্যা-গণনা সম্পর্কিত [illegible] কর্তৃপক্ষের নিকট [illegible]।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৷৹ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—শ্রীনন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় গৌরবিহারের অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীসংলাপ বক্তৃতাবলী তথা বঙ্গের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও ধর্ম্মবাদী মহানুভবগণ যে সমস্ত আলাপ করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইল। শ্রীশ্রীস্বরূপ রূপানুগ-বর্গ সুজনে ও তদনুরূপ সভাস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণ স্বরূপ শ্রীমহারাজের 'সত্যসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ' এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই পাঠ্য।

ভিক্ষা— ৷৹ আনা মাত্র

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের অভিনব বিরাট সংস্করণ বঙ্গাক্ষর, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ, প্রতিপাদ্য নির্দ্দেশ, অধ্যায়বিবরণ, স্থানসূচী প্রভৃতি সংযুক্ত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, বিষয়ের আলোচ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুতপূর্ব্ব নবসংস্করণে গৌড়ীয়-মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীব্রজকিশোর অধিকারী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন দাস এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—প্রথম ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ—
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা)
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড ৷৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৷৹ ৪র্থ খণ্ড—৷৹
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৷৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৷৹
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷৹
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৹
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। [illegible] ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়সাহিত্য ।৶০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲ অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷৹
৩০। [illegible] ৶০
৩১। সাধন-পথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ।০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগোদ্রুমকল্পাটবী
৪০। শরণাগতি
৪১। গীতাবলী
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা
৪৩। সাধনতত্ত্ব
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৶১
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৬
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৹
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (অন্বয়ানুবাদ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেব ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টক ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵৭
৬৭। [illegible] ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।
৬৯। এ কিন্ট ওয়ার্ড অন বেদান্ত ।
৭০। নামভজন ৵
৭১। বেদান্ত—ইটস মরফলজি অ্যান্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৶০
৭৩। লাইফ অ্যান্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। [illegible]
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ [illegible]
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যান্ড আনম্যালেড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অমৃত [illegible]) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶৮
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵৭

আসামিজ ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ { ১৩ দামোদর ৪৫৪ গৌরাব্দ ১২ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৭, ২৯শে অক্টোবর ইং ১৯৪০, মঙ্গলবার } ১৯৪ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ দামোদর [illegible] গৌরাব্দ ৪৫৪

শ্রীশ্রীগোবর্দ্ধন-পূজা

শ্রীগোবর্দ্ধনপূজা ও অন্নকূট-মহোৎসব দ্বাপরযুগ হইতে জগতে প্রকাশিত হইয়াছে। এই গোবর্দ্ধনপূজা গৌর ব্রজলীলায় দ্বাপরযুগে প্রকাশিত হইলেও অপ্রকটলীলায় এই গোবর্দ্ধনপূজা ও অন্নকূট-মহোৎসব নিত্য বিরাজিত। গোবর্দ্ধনগিরিধারীর ইন্দ্রিয়-তোষণই এই গোবর্দ্ধনপূজার উদ্দেশ্য। বর্ত্তমানে দুর্গোৎসব, বিবাহোৎসব প্রভৃতির ন্যায় পর্য্যবসিত হইয়া এই তত্কাল কর্ম্মকাণ্ডের অন্তর্গত ব্যাপাররূপেই অনুষ্ঠিত হইতে দেখা যায়; কিন্তু তাহার দ্বারা প্রকৃতপক্ষে গোবর্দ্ধনপূজা হয় না। ঐরূপ আত্মেন্দ্রিয়-তৃপ্তি কর্ম্মকাণ্ডমাত্র, উহা কৃষ্ণতোষণরূপা সেবা নহে।

দ্বাপরযুগে ব্রজবাসিগণ কৃষ্ণাদেশে ইন্দ্রের পূজা পরিত্যাগপূর্ব্বক গোবর্দ্ধনপূজা করিয়াছিলেন। তাহাতে ইন্দ্র অত্যন্ত অসন্তুষ্ট হইয়া ব্রজে অত্যাচার আরম্ভ করিলে ব্রজজনবান্ধব ভক্তবৎসল শ্রীকৃষ্ণ সপ্তাহকাল কনিষ্ঠাঙ্গুলির উপরে গিরিরাজকে ছত্রের ন্যায় ধারণপূর্ব্বক ভক্তগণকে রক্ষা করত ইন্দ্রের দর্প চূর্ণ করেন। শ্রীকৃষ্ণপাদপদ্মে সম্পূর্ণ শরণাগত ব্রজবাসিগণের কোন চিন্তা নাই। তাঁহারা শ্রীকৃষ্ণপাদপদ্মে সম্পূর্ণ নির্ভরশীল। তাঁহারা কখনও নিজ পালন বা রক্ষার চিন্তা করেন না। তাঁহারা সতত কৃষ্ণচিন্তায় বিভোর থাকিয়া কৃষ্ণসুখের জন্য অনুক্ষণ ব্যস্ত। কৃষ্ণই তাঁহাদের ধ্যান, কৃষ্ণই তাঁহাদের জ্ঞান, কৃষ্ণই তাঁহাদের সর্ব্বস্ব। কৃষ্ণ ছাড়া তাঁহারা আর কিছু জানেন না। কৃষ্ণচন্দ্রের সেবা ছাড়া যাঁহারা অজ্ঞানে অবশেও অন্য কিছু করিতে পারেন না, কৃষ্ণসেবাতেই যাঁহাদের অনুক্ষণ স্বাভাবিক অনুরাগ, সেই ব্রজবাসিগণ যাহা কিছু করেন, তাহাতে তাঁহাদের নিজের সুখবাঞ্ছার লেশমাত্র নাই। তাঁহাদের শরীররক্ষা, ভয়-ভীতি যাহা কিছু, তাহা দ্বিতীয়াভিনিবেশযুক্ত দেহ ও মনে আবদ্ধ ব্যক্তির ন্যায় নহে। তাঁহাদের দেহরক্ষা কৃষ্ণেন্দ্রিয়তোষণের জন্য, তাঁহাদের ভয়-ভীতি পাছে ভগবানের সেবা-সুষ্ঠুতায় কোন বিঘ্ন উৎপন্ন হয়—এই আশঙ্কায়; তাঁহাদের মমতা, মোহ, স্নেহ প্রভৃতি এক অদ্বয়তত্ত্ব শ্রীভগবানে পাল্যজ্ঞাননিবন্ধন। সুতরাং তাঁহাদের চেষ্টা স্থূলজ্ঞানে দেখিতে গেলে প্রাকৃত ব্যক্তির প্রাকৃত চেষ্টারই ন্যায় মনে হয়। মাপিয়া লইবার অর্থাৎ ভোগ করিবার বুদ্ধি যাহাদের আছে, তাহারা মাপাতীত বা মায়াতীত ব্রজবাসিগণের আচার-ব্যবহার কি করিয়া বুঝিবে? যাঁহারা চিন্ময়সাম্রাজ্যের সন্ধান পাইয়াছেন, তাঁহারা এই জগৎকে এবং এই জগতের অধিবাসীর যাবতীয় চেষ্টাকে চিন্ময়ের প্রতিচ্ছবি নিত্য ভগবৎসেবকগণের বিকৃত প্রতিচ্ছবিরূপে দর্শন করিয়া চিৎ যে নিত্য বস্তুর নিত্যস্বরূপাবস্থিতি দর্শন করিতে পারেন। শ্রীগুরুপাদপদ্মই ব্রজবাসিগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ। শ্রীগুরুপাদপদ্মের কৃপা হইলেই কৃষ্ণকে পাওয়া যায়। একমাত্র গুরুপাদপদ্ম ব্যতীত কার্য্য করিবার—কৃষ্ণসেবার বা গোবর্দ্ধনপূজার অধিকার প্রদান করিবার ক্ষমতা আর কাহারও নাই। সেই শ্রীগুরুপাদপদ্মের পূজার দ্বারাই প্রকৃত গোবর্দ্ধনপূজা হয়। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন, "কৃষ্ণের সেবার জন্য কামবর্দ্ধনই গোবর্দ্ধনপূজা। পুরুষাভিমানরূপ অনর্থ থাকিতে কৃষ্ণসেবার জন্য কামবর্দ্ধন অর্থাৎ গোবর্দ্ধনপূজা হয় না। গোবর্দ্ধনপূজাতে পরবিদ্যা অর্থাৎ ভক্তি বর্দ্ধিত হয়। কৃষ্ণেন্দ্রিয়তৃপ্তিলালসার উত্তরোত্তর বৃদ্ধিই গোবর্দ্ধনপূজার ফল।"

গোবর্দ্ধনগিরিরাজ হরিভক্তগণের অগ্রণী। এই গোবর্দ্ধনগিরিরাজ ব্রজেন্দ্রনন্দনের বিশ্রামস্থান। এই গোবর্দ্ধন পূর্ণার-[illegible]রসের সিংহাসনস্বরূপ। বৈষ্ণবরাজ শিব বিষ্ণুপাদোদ্ভবা গঙ্গাকে শিরে ধারণ করিয়া শিবস্বরূপ এবং সকলের মান্য হইয়াছেন। কিন্তু গিরিরাজ গোবর্দ্ধন সেই মহাভাগবত শিব অপেক্ষাও অধিকতর মাননীয়। কারণ, তিনি নন্দনন্দনকে ভক্তানুগ্রহ জন্যে সর্ব্বদা কোটীগঙ্গা হইতেও শ্রেষ্ঠ শ্রীকৃষ্ণচরণজাত পাদস্থ এবং অমূল্যনিধিস্বরূপ শ্রীরাধাকুণ্ডকে বহন করিতেছেন। এই গিরিরাজ কৃষ্ণের পরমাশ্রয়। আবার গোবর্দ্ধন সাক্ষাৎ ভগবন্মূর্ত্তি, ইহা জানাইবার জন্য ভক্তভাব-অঙ্গীকারকারী স্বয়ং ভগবান্ শ্রীগৌরহরি কখনও গোবর্দ্ধনশৈলে আরোহণ করেন নাই। নিত্যসিদ্ধ ব্রজবাসী শ্রীল রূপ সনাতন প্রভৃতি যখন ব্রজে বাস করিতেন, তখন তাঁহারাও গোবর্দ্ধনপর্ব্বতকে সাক্ষাৎ ভগবন্মূর্ত্তি জানিয়া তাঁহার উপরে আরোহণ করিতেন না।

যেখানে গো অর্থাৎ বৈকুণ্ঠবাণীর বর্দ্ধন বা বিস্তার হয়, তাহাই কৃষ্ণকামকেলি-নিকেতন। গোবর্দ্ধন—কৃষ্ণকামের ক্রীড়াক্ষেত্র। যাঁহারা গৌড়ীয়মঠের নিত্য আশ্রিত, তাঁহারা শ্রীচৈতন্যবাণীর বিবর্দ্ধন বা বিস্তারে অনুক্ষণ ব্যস্ত। শ্রীচৈতন্যবাণী যেখানে শুদ্ধ 'বা শ্রীচৈতন্যবাণী হইতে যাহা বিক্ষিপ্ত, সেখানে গোবর্দ্ধনপূজা হয় না, তথায় কর্ম্মেন্দ্রিয়ের ভোগবর্দ্ধন বা ত্যাগবর্দ্ধনই প্রধান হইয়া পড়ে। ভক্তির বর্দ্ধনই গোবর্দ্ধন। ভক্তির বিনোদনই গোবর্দ্ধনপূজন। ভক্তিবিনোদধারার দাস না হইলে গোবর্দ্ধনপূজার অধিকার পাওয়া যায় না। সেই ভক্তিবিনোদধারার সংরক্ষক আমাদের নিত্যারাধ্য নিত্যসিদ্ধ ব্রজবাসী শ্রীশ্রীল আচার্য্যদেব। তাঁহার কৃপা হইলেই আমরা গোবর্দ্ধনপূজার অধিকার পাইব।

আগামী ৩১শে অক্টোবর ১৪ই কার্ত্তিক বৃহস্পতিবার শ্রীশ্রীগোবর্দ্ধনপূজার [illegible]। সেদিন পরমারাধ্যতম [illegible] [illegible] [illegible] [illegible] শ্রীচৈতন্যমঠ [illegible] [illegible] শ্রীশ্রীরাধা-[illegible] [illegible] এবং শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ [illegible] [illegible] 'ব' [illegible] মহোৎসব হরিসংকীর্ত্তন-

কৃষ্ণ আমার পালে রক্ষে জান সর্ব্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল॥

সুখে শ্রীশ্রীগোবর্দ্ধনপূজা ও অন্নকূট মহোৎসব অনুষ্ঠিত হইবেন।

হরিকথাই অন্ন, তাহা আত্মার পুষ্টি, তুষ্টি ও ক্ষুন্নিবৃত্তি করে। হরিকথারূপ চিন্ময় অন্নগ্রহণে আত্মা সেবোন্মুখ ও সঞ্জীবিত হয়। সেই অন্ন অনবচ্ছিন্ন। হরিকথাতে আমরা অন্নবৎসলার দর্শন করিতে পারি। সেই হরিকথারূপ অন্ন ব্রহ্ম। তাহা স্বয়ং ভগবান। আমাদের শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেব জগতে এই হরিকথা-অন্ন প্রদান করিয়া শ্রীশ্রীরাধা-গোবিন্দের ও ভক্তের অন্নবৎসল উদার জগতে গোবর্দ্ধন পূজা করিয়াছেন ও করিতেছেন। আমরা তাঁহাদের পদধূলি কৃপাশীর্ব্বাদে তাঁহাদের শ্রীপাদপদ্মসেবার অধিকার পাইলে আমাদের জীবন সার্থক ও ধন্য হইবে।

ন তীর্থ মহারাজের হরিকথা

[শ্রীমাধবগৌড়ীয়মঠ, ১৭।১০।৮০ ইং]

যার বুদ্ধিশক্তি নাই, তাঁ'র হরিভজনের আশা নাই। যে ভাবের ঘরে চুরি করে, সে আত্মাকে ইন্দ্রিয়দ্বারা ফাঁকি দেয়।

তাবজ্জিতেন্দ্রিয়ো ন স্যাদ্বিজিতান্যেন্দ্রিয়ঃ পুমান্।
ন জয়েদ্রসনং যাবজ্জিতং সর্ব্বং জিতে রসে॥
(ভাঃ ১১।৮।২০)

অর্থাৎ সমস্ত ইন্দ্রিয় জয় করিলেও মনুষ্য জিতেন্দ্রিয় হইতে পারে না, যে পর্য্যন্ত না সে রসনাকে জয় করিতে পারিয়াছে। রসনাকে জয় করিবার জন্য শ্রীমন্মহাপ্রভু দুইটি জিনিষ দিয়াছেন—শ্রীহরিনাম ও মহাপ্রসাদ। হরিনাম ঔষধ ও মহাপ্রসাদ পথ্য। যিনি বৈকুণ্ঠের অধিকার অর্জিত হইয়া বৈকুণ্ঠনাম করেন, তাঁহার মহাপ্রসাদ-সম্মান হয়। যাহার বৈকুণ্ঠনাম বৈকুণ্ঠনাম হয় না, তাহার মহাপ্রসাদ ভোগ হয়। 'স্বল্পপুণ্যবতাং রাজন্ বিশ্বাসো নৈব জায়তে।' 'স্বল্পপুণ্যবান্' অর্থে পাপী। তাহাকে ছিদ্রান্বেষণকারীও বলা যায়। শ্রীগৌরসুন্দর অর্থাৎ সদ্গুরুর কৃপা হইলে সেবোন্মুখের রসনায় 'হরে কৃষ্ণ' নাম স্ফূর্ত্তিপ্রাপ্ত হবে, যেহেতু সেই শ্রীনামপ্রভুই সপার্ষদ শ্রীকৃষ্ণচৈতন্য। সুতরাং সদ্-গুরুর শ্রীনাম প্রভুর কৃপা পাইলে শ্রীহরিনামে কৃষ্ণের রূপ-গুণ-লীলা ও পরিকর বৈশিষ্ট্যাদিরূপে শুদ্ধসত্ত্বে প্রকাশিত হন। নামসূর্য্যের উদয়ে অন্ধকার থাকিতে পারে না। যথায় নাম-সঙ্কীর্ত্তন তথায়ই কৃষ্ণের সংসার বা মঠ।

'কৃষ্ণ—সূর্য্যসম, মায়া হয় অন্ধকার।
যাঁহা কৃষ্ণ, তাঁহা নাহি মায়ার অধিকার॥'

মঠ ভক্তের সংসার, মায়ার সংসার নহে। এইজন্য মঠ আর গৃহেতে পার্থক্য আছে। যিনি মঠে থাকিবেন, তিনি গৃহের প্রায়া ব্যবহার করিবেন না। যদি করেন, তবে মঠ হইতে বিতাড়িত হইবেন। হরিভজনের অনুকূল গৃহে বাস কিছু গর্হণীয় নহে। ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বলিয়াছেন, 'যে দিন গৃহে, ভজন দেখি, গৃহেতে গোলোক ভায়।'

'ন মে পত্নী কন্যা-তনয়া-জননী বন্ধুনিচয়া
ভবেৎ ভক্তো ভক্তো ন যদি বাদ ... সুখবতা।
অতস্তাসামগ্রেপ্যপি যোষো বিষমিশ্রাং
কথং তেষাং সদাহরিভজনশূন্যমতিবদ্ যে॥'

যদি আমার পত্নী, কন্যা, পুত্রগণ হরিভজন না করে, তবে তাহাদের সঙ্গে আমার কোন সম্বন্ধ নাই।

শ্রীনামগ্রহণ ও হরিসেবা পৃথক্ নহে। যেখানে নাম সেখানে সেবা এবং যেখানে সেবা সেখানে নাম আছেনই।

বিষয়ী লোক অর্থাৎ যাহারা কৃষ্ণবহির্ম্মুখ তাহারা তাহাদের সর্ব্বপ্রধান ইন্দ্রিয় চক্ষুদ্বারা বিষয় দর্শন করিয়া মনের দ্বারা তাহা বিচার করে—এই বস্তুটী তাহার ইন্দ্রিয়গ্রাহ্য কিনা? ঐ সকল ইন্দ্রিয়ের অধীন বস্তুকে ভোগ করে এবং উহা নিজসুখ সাধনের যত্ন হইলে উহাকে অগ্রাহ্যজ্ঞান করে। কিন্তু মঠবাসিগণের কর্ত্তব্য—সেবোন্মুখ কর্ণের দ্বারা চেতনবাণী শ্রবণ করিয়া বিশুদ্ধ মনে অর্থাৎ আত্মার সহিত বিচার করিয়া বিষয়সমূহ কৃষ্ণ সম্বন্ধে নির্ব্বন্ধ করা এবং তাহাদিগকে সেবা-জ্ঞানে সেবা করা। এতৎপ্রসঙ্গে শ্রীল রূপগোস্বামী প্রভুর বাণী—"অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ। নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে॥" শ্রীল প্রভুপাদ বলিলেন—

"আসক্তিরহিত সম্বন্ধ সহিত,
বিষয়সমূহ সকলি মাধব॥"

যিনি জলে ঝাঁপাইয়া পড়িয়াছেন, তিনি যেমন সন্তরণশিক্ষার আগ্রহে সন্তরণ শিক্ষা করিয়া নদী উত্তীর্ণ হন, সেরূপ যিনি সদ্গুরুপাদপদ্মে আত্মসমর্পণ করিয়াছেন, তিনি ভবসমুদ্র নিশ্চয়ই উত্তীর্ণ হইবেন। কূলে থাকিয়া সন্তরণ শিক্ষা হইবে না। গুরুপাদপদ্মে ঝাঁপাইয়া পড়া অর্থাৎ শ্রীগুরুপাদপদ্মে সর্ব্বস্ব নিবেদন করা। শ্রীল ভক্তিবিনোদ প্রভু 'সর্ব্বস্ব তোমার, চরণে সঁপিয়া, পড়েছি তোমার ঘরে' এই বাণীর মূর্ত্ত আচরণরূপে শ্রীগুরুপাদপদ্মে ঝাঁপাইয়া পড়িয়াছিলেন। তিনি জন্ম, ঐশ্বর্য্য, শ্রুত ও শ্রী—চারিটী ঐশ্বর্য্য সম্পূর্ণরূপে গুরুপাদপদ্মে অর্পণ করিয়াছিলেন। তিনিই বাস্তবিক অকিঞ্চন। অকিঞ্চনেরই শ্রীনাম হয়। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতি—'বিনোদের নিবেদন বৈষ্ণবচরণে। কৃপা করি' সঙ্গে লহ এই অকিঞ্চনে॥' অকিঞ্চন ব্যতীত কাহারও মঠবাস হয় না। যা'র কিছু আছে অর্থাৎ গর্ব্ব, আশ্রম, বিদ্যা ও ধনজনের অভিমান আছে, সে অকিঞ্চন নয়। তা'র হরিনাম হয় না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ অকিঞ্চনের স্বরূপ এইরূপ জানাইয়াছেন—

কি জানি কি বলে, তোমার ধামেতে,
হইনু শরণাগত।
তুমি দয়াময়, পতিতপাবন,
পতিততারণে রত॥
ভরসা আমার, এইমাত্র নাথ,
তুমি ত' করুণাময়।
তব দয়াপাত্র, নাহি মোর সম,
অবশ্য ঘুচাবে ভয়॥
আমারে তারিতে, কাহারো শকতি,
অবনী-ভিতরে নাহি।
দয়াল ঠাকুর, ঘোষণা তোমার,
অধম পামরে ত্রাহি॥
সকল ছাড়িয়া, আসিয়াছি আমি,
তোমার চরণে নাথ।
আমি নিত্যদাস, তুমি পালয়িতা,
তুমি গোপ্তা জগন্নাথ॥
তোমার সকল, আমি মাত্র দাস,
আমারে তারিবে তুমি।
তোমার চরণ, করিনু বরণ,
আমার নহি ত' আমি॥
ভকতিবিনোদ, কাঁদিয়া শরণ,
ল'য়েছে তোমার পায়।
ক্ষমি' অপরাধ, নামে রুচি দিয়া,
পালন করহে তায়॥'

যিনি deaf তিনি dumb অর্থাৎ যিনি কালা তিনিই বোবা। সুতরাং যিনি হরিকথা শ্রবণ করেন না, তিনি হরিকথা কীর্ত্তন করিতে পারেন না। গৌড়ীয়মঠের কোন কোন বালকও গুরুকৃপাবলে জড়-জগতের বড় বড় হোমরা-চোমরার নিকট গৌরবাণী নির্ভীকচিত্তে কীর্ত্তন করেন। এই কীর্ত্তনকারীদিগের সকলেরই যে লৌকিক পাণ্ডিত্য আছে, এরূপ নয়।

দুর্য্যোধনের ন্যায় দুর্ব্বুদ্ধি লইয়া চিন্ময় গুরুবৈষ্ণবের দর্শনলাভ করা যায় না। দুঃশাসন চিন্ময় দ্রৌপদীর বস্ত্র বা অন্তই দেখিয়াছিল। সাক্ষাৎ ভগবানকেও জগতের লোক দেখিতে পারেন না।

'অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত গোচর।
বেদ, ভাগবতে এই কহে নিরন্তর॥'

শ্রীগুরুবর্গ শ্রীগৌরলীলার প্রকট করেন।

"অদ্যাপি সেই লীলা করে গৌররায়।
কোন কোন ভাগ্যবান্ দেখিবারে পায়॥"

আত্মসন্ধান

——::*::——

আমাদের দেহটী গৃহসদৃশ। তথায় জীবাত্মা বাস করেন। তিনি যতদিন এই গৃহে বাস করেন, ততদিন গৃহের জানালা-গুলি (কর্ম্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয়সমূহ) যথারীতি খুলেন বা বন্ধ করেন এবং প্রয়োজনানুসারে ঐগুলি ব্যবহার করেন। কিন্তু তিনি কাহারও সহিত চুক্তি করেন না—কতদিন এই গৃহে বাস করিবেন কিংবা গৃহত্যাগকালেও বলিয়া যান না। ইঁহার গৃহপরিত্যাগের সময়-অসময় নাই—তিথি-নক্ষত্র নাই, পথঘাট, স্থানাস্থান-বিচার নাই। যে গৃহে কত বর্ষ কত দিন বাস করিয়াছেন, যাইবার কালে সেই গৃহের কোন ব্যবস্থাই করিয়া যান না। কিংবা তিনি ছাড়িয়া গেলে এই গৃহের কি দশা হইবে, তাহার চিন্তা একবারও করেন না।

রাস্তার ধারে হোটেলে বা সরবতের দোকানে লোক কতক্ষণ থাকে? যতক্ষণ না পেট ভরিয়া খাওয়া হয় বা তৃষ্ণা নিবারণ করা হয়। তারপর কেহ আর সেখানে অবস্থান করে না—অন্যত্র চলিয়া যায়। ঐ স্থান ত্যাগকালে কেহ শোক করে কি? বা স্থান ত্যাগ করিতে কেহ কোন প্রকার ব্যথা বা আসক্তি বোধ করে কি? কিংবা অপরেই কি তজ্জন্য শোক প্রকাশ করে? যদি তাহা না হয়, তবে জীবাত্মা যখন এই দেহগৃহ ছাড়িয়া চলিয়া যায়, তখন আমরা শোক করি কেন এবং ইহা ছাড়িবার ভয়ে এত ব্যাকুল বা ভীত হই কেন? যাহা কোন না কোন দিন ছাড়িতেই হইবে, সেই অনিত্যবস্তুর প্রতি আত্যন্তিক অভিনিবেশ, আসক্তি বা মমতা রাখা লাভ কি? এই অনিত্যদেহের প্রতি প্রীতি রাখিয়া তাহার সুখান্বেষণে তৎপর হওয়া ত' বুদ্ধিমানের কার্য্য নয়।

যখন জীবাত্মা দেহ ছাড়িয়া চলিয়া যান, তখন আমরা শোক করি এই কারণে

জীবে সাক্ষাৎ নাহি তাতে গুরু চৈত্ত্যরূপে। শিক্ষাগুরু হন কৃষ্ণ মহান্তস্বরূপে॥

যে, দেহটী ঘুম হইতে আবার জাগিবে, আবার আমাদের সহিত কথা কহিবে, আবার আমাদের চিত্তবিনোদন করিবে, ইন্দ্রিয়ের তৃপ্তিবিধান করিবে। কিন্তু মৃত দেহটী আর উঠিবে না, আর আমাদের ইন্দ্রিয়তর্পণ করিবে না। কেননা, তখন তাহা চিরকালের জন্য ঘুমাইয়া পড়ে।

কেহ কি কখনও দেখিয়াছেন, এই দেহটার মধ্যে কে আছেন, যে থাকার দরুণ এত বড় দেহটী চলাফেরা করে—আমাদের সঙ্গে কথা কয়—আমাদের ভাবের বিনিময়ে ভাব প্রদান করে? কেহ কি জানেন, ঐ দেহের মধ্যে কে, যিনি আমাদিগের সকল ইন্দ্রিয়কে ফাঁকি দিয়া সকলের অজ্ঞাতসারে চলিয়া যান? আমরা তাঁহাকে একবারও দেখিবার চেষ্টাও করিয়াছি কি? কিংবা উহা জানিবার জন্য ইচ্ছাটুকুও হইয়াছে কি? আমরা অনেকেই জগতের অজ্ঞাত ব্যাপার বা বস্তু সম্বন্ধে জানিবার জন্য কতই না ব্যস্ত হই। কিন্তু এই আসল কথা—নিত্যবস্তুর কথা জানিবার জন্য ইচ্ছা বা চেষ্টা আমাদের হয় না। তাই জন্মে জন্মে আত্মহারা—নিত্যপ্রভুহারা পথিক আমাদের এত কষ্ট। 'আমি' বস্তুটী আত্মা, আর 'পরমাত্মা' বস্তুটি কৃষ্ণ। পরমাত্মার সঙ্গেই আত্মার সম্বন্ধ এবং তাঁহার সেবা করাই আত্মার ধর্ম। সেই কথা বিস্মৃত হওয়ার দরুণই মায়া নানাভাবে দুঃখ দেয়।

আহার, নিদ্রা, ইন্দ্রিয়ের সুখভোগ ও ভয়—এই চারিটী ব্যাপারে আমরা বেশ ব্যস্ত। এই চারিটী ব্যাপার কি শুধু আমাদিগকেই ব্যস্ত করে? না পশু-পক্ষীদিগকেও করে? আমরা সকল প্রাণীর মধ্যে শ্রেষ্ঠ প্রাণী বলিয়া দাবী করি। যদি সকল প্রাণীতেই এই চারিটী কাজ সমানভাবে থাকিল, তবে শ্রেষ্ঠত্ব কোন্ স্থানে? সকল পশুপক্ষীকে আমরা বুদ্ধিবলে বা গায়ের বলে ভোগ করিতে পারি বলিয়াই কি মানুষ আমরা শ্রেষ্ঠ? অথবা বিদ্যাবুদ্ধি-বিবেকের জন্য মানুষ শ্রেষ্ঠ? যদি তাহাই হয়, তবে এই বিদ্যাবুদ্ধি-বিবেকের বাহাদুরীটা কোথায়? একের উপর অপরের আধিপত্য বিস্তার—একের ভোগের জন্য অপরের প্রবল আকাঙ্ক্ষা—একের মাথায় কাঁঠাল রাখিয়া তাহা খাইলে জনন করাই কি এই বুদ্ধিবিবেকের শ্রেষ্ঠত্ব—মানুষ কি এইজন্য শ্রেষ্ঠ? ইহা কি একবারও আমাদের চিন্তার বিষয় হইবে না?

মনুষ্যদেহ অপর সকল দেহ হইতে একভাবে গঠিত, উহার ইন্দ্রিয়াদি এমনভাবে সন্নিবেশিত যে জীবাত্মা এই দেহে প্রবেশ করিয়া তাঁহার আত্মশক্তিবলে সর্বক্ষণ এবং তাঁহার সহিত এই দেহের ও অন্য-দেহের কি সম্বন্ধ, তাঁহার নিত্যনিবাস কোথায় কে তাঁহার নিত্যপ্রভু, কে তাঁহার নিত্য পিতা-মাতা, তাহা জানিতে পারেন। তাঁহার নিত্যস্বভাব, নিত্যধর্ম বা নিত্যকর্তব্য কি তাহা আত্মা এই দেহপ্রাপ্তিতে জানিতে পারিয়া পরম অর্থ বা ধন লাভ করিতে পারেন বলিয়া মনুষ্যজন্ম বা মনুষ্যদেহকে শ্রেষ্ঠ বলা হয়। এই শ্রেষ্ঠত্বের কথা একবারও কি আমরা চিন্তা করিব না?

আত্মাকে দেখা যায় কিরূপে? নিজের মুখ যেমন নিজচক্ষুর দেখা যায় না, একটী দর্পণের সাহায্য গ্রহণ করিতে হয়, তদ্রূপ আত্মদর্শন লাভ করিতে হইলে ভগবৎ-প্রেরিত সদ্গুরুপাদপদ্মের কৃপা-আলোক দরকার। সেই আলোর কৃপায় দেহস্থিত আত্মা ও ভগবদ্ভক্তীয় নিত্য আত্মীয়-স্বজনের সহিত দেখা হইবে। ভক্তিপথে গুরুপাদপদ্মই একমাত্র আশ্রয়, সম্বল ও আশাভরসা যা' কিছু সব। সেই কোটিচন্দ্রশীতল শ্রীপাদপদ্মে আসিয়াও যদি হারানিধি না পাওয়া যায় বা তাহাতে রুচি না হয়, তবে ইহা অপেক্ষা দুঃখের বিষয় আর কি থাকিতে পারে? বহুদিন মঠে থাকিয়াও যদি তাঁহার শ্রীপাদপদ্মে দৃঢ় বিশ্বাস বা শ্রদ্ধা না হয় তবে ভক্তিলাভের আশাই বা করি কেন?

জীবনের দিনগুলি আমাদের ইন্দ্রিয়তর্পণে বেশ কাটিয়া যাইতেছে। নিজসুখের জন্য প্রাণপাত পরিশ্রম করিতেছি—কনক-কামিনী প্রতিষ্ঠা পাইবার জন্য-বাহাদুরী লইবার জন্য কতই না কষ্ট করিতেছি। কিন্তু গুরুবৈষ্ণবের পাদপদ্ম আশ্রয় যে ভক্তিধন তাহা লাভ করিবার জন্য কষ্ট করিতেছি কি? এইভাবেই জীবনের অমূল্য দিনগুলি কাটিবে? একদিন ত' হঠাৎ এত ছুটাছুটি বন্ধ হইয়া যাইবে—একদিন ত' এত সাধের বস্তুগুলি অকস্মাৎ বিনা নোটিশে ছাড়িয়া যাইতে হইবে। আমাদের শ্রেষ্ঠ জন্মের শ্রেষ্ঠত্ব জানিবার অবকাশ কি পাইব না? এমনি ভাবে কি পশুপক্ষী অপেক্ষা হীনভাবে জীবন-যাপন করিয়া চলিয়া যাইব? ধিক্ আমাদের শ্রেষ্ঠত্বে, ধিক্ আমাদের বাহাদুরীতে, ধিক্ আমাদের চেষ্টাতে! আত্মানুসন্ধান-বিষয়ে অন্তর হইতে প্রকৃতরূপে ব্যস্ত হওয়া দরকার। নতুবা মঙ্গললাভ সুদূরপরাহত।

সর্বক্ষণ যিনি হরিগুরুবৈষ্ণবের পাদপদ্মের ধূলি বলিয়া নিজের স্বরূপ জানিতে পারিয়াছেন ও তাঁহাদের সেবায় কায়মনোবাক্য সমর্পণ করিয়াছেন, তাঁহার আর চিন্তা নাই। তিনি সর্বক্ষণ তীব্রবেগে কৃষ্ণকীর্তনমহাযোগে নিত্যপ্রভুর পশ্চাতে ছুটিয়া চলিতেছেন। আমাদেরও সেই অবস্থা লাভ করা দরকার—দেহে আত্মবুদ্ধি না করিয়া নিজেকে গুরুবৈষ্ণবের পদধূলি বলিয়া জানিতে হইবে—একথা সর্বক্ষণ মনে রাখিতে হইবে। নতুবা নিস্তার নাই।

শ্রীমাধবগৌড়ীয় মঠের উৎসব-পঞ্জী

গত ১০ই অক্টোবর, বুধবার, ঊষঃকালে শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিকের পর শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গবন্দনা কীর্তনের পর পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু ঊর্জব্রতকালে সকল মঠে কিভাবে নিয়মসেবা করিতে হইবে, তৎসম্বন্ধে সমবেত ভক্তবৃন্দকে বিশেষ করিয়া বুঝাইয়া দেন। সেবাই নিয়ম। সেবা বাদ দিয়া শারীরিক যে সকল বিধিপালনের কথা শাস্ত্রে আছে তাহার কোনই মূল্য নাই। 'গোবিন্দ কহে,—আমার সেবা সে নিয়ম।' নামাচার্য শ্রীল হরিদাস ঠাকুরের—

"খণ্ড খণ্ড হই দেহ যায় যদি প্রাণ।
তবু আমি বদনে না ছাড়ি হরিনাম॥"

এই যে সাধনে ঐকান্তিক নিষ্ঠা, ইহাই নিয়মসেবার মুখ্যবিধি। এতৎপ্রসঙ্গে পরমারাধ্য শ্রীল আচার্যদেব ঊর্জব্রতকালে সকল মঠে প্রাতে শ্রীচৈতন্যভাগবত ও সন্ধ্যায় শ্রীচৈতন্যচরিতামৃত পাঠের যে আদেশ দিয়াছেন তাহারও উল্লেখ করেন। সম্ভব হইলে নিয়মসেবাকালে মঠে সমগ্র শ্রীমদ্ভাগবত পারায়ণ হইতে পারে, তিনি ইহাও উপদেশ করিয়াছেন। নিয়মসেবার প্রকৃত তাৎপর্যও পণ্ডিতজী সুন্দররূপে বুঝাইয়া দেন। শ্রীগুরু-পাদপদ্মে ঐকান্তিক নিষ্ঠার সহিত যে সেবাময় জীবনযাপন, তাহাই প্রকৃত নিয়মসেবা। নিয়মে 'অগ্রহ' এবং নিয়মে 'আগ্রহ' অর্থাৎ ভক্তির প্রতিকূল বিষয় বর্জন ও ভক্তির অনুকূলবিষয় গ্রহণের নিয়মসকল দৃঢ়তার সহিত পালনই প্রকৃত নিয়মসেবা।

অপরাহ্ণ ৩ ঘটিকায় ত্রিদণ্ডিগোস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ শ্রীযুক্ত পালা মদনমোহন রায়, ব্রহ্মচারী ভুবন ও বিনোদানন্দ সহ এমঠে শুভপদার্পণ করিয়া মঠাশ্রিত ভক্তবৃন্দের সহিত পঞ্চতত্ত্বনাম কীর্তন সহ শ্রীমন্দিরপরিক্রমা করিয়া মঠের প্রাঙ্গণে ভক্তবৃন্দের নিকট প্রায় দুই ঘণ্টা কাল হরিকথা কীর্তন করেন। ভক্তগণ শ্রীল তীর্থ গোস্বামী মহারাজকে নারায়ণগঞ্জ ও ঢাকা ষ্টেশনে পুষ্পমালা ও উচ্চকীর্তনাদির দ্বারা অভ্যর্থনা করেন। শ্রীল তীর্থগোস্বামী মহারাজ মঠে পদার্পণ করিয়া বিশ্রামাদির অপেক্ষা না করিয়াই অনর্গল হরিকথা বলিতে থাকেন। তিনি কৃপাপূর্বক মঠবাসিগণকে পরমারাধ্য শ্রীল আচার্যদেবের মঙ্গলময়ী উপদেশবাণী ব্যাখ্যা করিয়া শ্রবণ করান। তিনি মঠাশ্রিত ভক্তগণকে আত্মমঙ্গলের বিবিধ উপদেশ প্রদান করেন। কিরূপভাবে আমাদের প্রকৃত মঠসেবা, গুরুসেবা, মায়াসেবা, ধামসেবা ও [illegible] কামসেবা হইবে তাহা ওজস্বিনী ভাষায় শাস্ত্রযুক্তিমূলে বুঝাইয়া দেন। তাঁহার বীর্যবতী হরিকথা নদীয়া প্রকাশে প্রকাশ করিবার আশা থাকিল।

সন্ধ্যায় শ্রীবিগ্রহের সন্ধ্যারাত্রিকের পর শ্রীগুরুগৌরাঙ্গবন্দনা ও মহাজনপদ কীর্তনের পর শ্রীমৎ তীর্থগোস্বামী মহারাজ শ্রীসনাতন-শিক্ষার ভূমিকাস্বরূপ অনেক হরিকথা কীর্তন করেন। সম্বন্ধজ্ঞানের আচার্য শ্রীল সনাতন গোস্বামী প্রভু, অভিধেয়তত্ত্বের আচার্য শ্রীল রূপগোস্বামী প্রভু এবং প্রয়োজনতত্ত্বের আচার্য শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভুর অভিন্নবিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের পদাশ্রয় ব্যতীত, সম্বন্ধজ্ঞান ব্যতীত ভক্তির লাভ হয় না এবং ভক্তির ব্যতীত প্রয়োজনও লাভ হইতে পারে না, ইহা বিশেষভাবে বুঝাইয়া দেন।

সভার আদি ও অন্তে পঞ্চতত্ত্বনাম ও মহাজনপদাবলী কীর্তন হয়।

১১ই অক্টোবর, বৃহস্পতিবার প্রাতে মঙ্গলারাত্রিকের পর শ্রীগুরুগৌরাঙ্গবন্দনা-কীর্তনের পর পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য পুরাণ-রাগতীর্থ প্রভু শ্রীমৎ তীর্থ গোস্বামী মহারাজের পূর্ব দিবসের কথিত হরিকথার পুনরালোচনা করেন। তৎপরে মঠ হইতে একটী বিরাট নগর-সংকীর্তন বহির্গত হইয়া নারিন্দা, একরামপুর, সূত্রাপুর, প্যাণ্ডারিয়া, ফরাসগঞ্জ, [illegible] প্রভৃতি স্থান পরিভ্রমণ করত মঠে প্রত্যাবর্তন করেন।

অপরাহ্ণ ৩ ঘটিকা হইতে ৫ ঘটিকা পর্যন্ত ইষ্টগোষ্ঠী সভায় শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ বহু ভক্ত ও [illegible] সজ্জনবৃন্দের সমক্ষে [illegible] ও শ্রীনামগ্রহণ, [illegible] ইত্যাদি বিভিন্ন বিষয়ে [illegible] কীর্তন করিয়া সকলের মনোরঞ্জন করেন।

সন্ধ্যারাত্রিকের পর শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতন-শিক্ষা পাঠ করেন।

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম॥

শুদ্ধভক্ত-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার [illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

৩) যোগমায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭) কাজি সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীনন্দনন্দন ব্রহ্মচারী

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

(৯) স্বানন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণ দাসাধিকারী

(১১) [illegible]-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীকৃষ্ণধন দাস অধিকারী

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) [illegible]-গৌড়ীয়মঠাশ্রম
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
[illegible], নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
[illegible] -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

১৭) কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনীলমণি ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ [illegible], (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
[illegible], পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রীরাধাকিশোর ব্রহ্মচারী

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চটক পর্ব্বত
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২৫) বালিয়াটি-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রদাস অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীগদাধর দাসাধিকারী

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible]চৈতন্য দাস

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রীমহাপুরুষ দাসাধিকারী

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], ভায়া নারায়ণপুর, ইউ. পি
সেবক—শ্রীরাধেশ্যাম ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
রমনা রোড গয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৩) শ্রীসনাতন গৌড়ীয় মঠ
৮।১৭ বড় [illegible], বেনারস সিটি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী

(৩৫) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ইউ পি।
শ্রীজগমোহন ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বঙ্গালীঘাট, পোঃ মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রীসত্যব্রত দাসাধিকারী

(৩৯) [illegible]
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী

(৪১) [illegible]
সেবক—শ্রীনিতাইচরণ ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন-মঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী

(৪৪) গৌড়বিহারী মঠ—[illegible]
পোঃ [illegible], জেলা গুজরাট (পাঞ্জাব)
সেবক—শ্রীভজনরাম ব্রহ্মচারী

৪৫) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীব্রজগোবিন্দ দাসাধিকারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড, নিউ দিল্লী
সেবক—শ্রী[illegible] পাণ্ডা

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible]
বিল্ডিং বোম্বে
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীরেবতীরমণ ব্রহ্মচারী

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ কভূর, জেলা গোদাবরী মাদ্রাজ
—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫০) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

৫১) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত পোঃ পুরী উড়িষ্যা
সেবক—শ্রীগৌরানুগ্রহ ব্রহ্মচারী

(৫২) ভক্তিকুটী—স্বর্গদ্বার পুরী
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৫৩) [illegible]
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৪) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৫) সচ্চিদানন্দ মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৫৬) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

৫৭) শ্রী[illegible]গৌড়ীয়-প্রচার-মণ্ডপ
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রীত্রিভুবনমোহন দাস ব্রহ্মচারী

(৫৮) ভাগবত-জনানন্দ মঠ
[illegible], পোঃ [illegible], মেদিনীপুর
সেবক শ্রীভগবানদাস ব্রহ্মচারী

(৫৯) আমলি গৌড়ীয়মঠ
পোঃ আমলি, মেদিনীপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬০) [illegible] প্রপন্নাশ্রম
পোঃ [illegible] ([illegible])
সেবক—শ্রীঅন্তর্দ্বীপ ব্রহ্মচারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], ([illegible])
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

(৬২) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।
সেবক—শ্রীবনবিহারী দাসাধিকারী

(৬৩) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible]
[illegible]
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

(৬৪) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ আফিস
[illegible], [illegible] (ইউ-পি)
সেবক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ আফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীঅচিন্ত্যগোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) শ্রীধরঅঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:*:-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৶০	।০
" ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অৰ্দ্ধকলম	৮৲	৬৲		৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অৰ্দ্ধকলম	২৫৲	২০৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

দৈনিক (ডাকমাশুলসহ)

বাৎসরিক	"	৫৲
৬ মাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর জীবনী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর বিনয়ামৃত সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সম্বন্ধে সরল প্রণালীটি ইহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই সংবাদিত ও পরম উপকৃত হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল। গ্রন্থটি পাইকা টাইপে অতিসুন্দর কাগজে মুদ্রিত। ইহার মূল্য মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—মধুরা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ধামরাই, নারিন্দা, ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের হৃদয়ঙ্গম করিবার জন্য প্রদান করিতেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্র সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ইহাতে ১০০টি উপাখ্যান, প্রবাদ ও প্রায় ৫০টি চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের মূল্য ১।০ আনা। প্রাপ্তিস্থান—মধুরা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ধামরাই, নারিন্দা, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি- সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্যদেবের বিরচিত "গৌরব" নামক অষ্টকের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে ইহার মূল্য মাত্র আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

——:*:——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর চতুর্দিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও সেবকখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এ বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উৎকৃষ্ট ফল প্রদর্শন করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউশন, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার মূল্য মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার মূল্য মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এবং ও মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ মনোনিষ্ঠার পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা, তৎপরে মোটা অক্ষরে গীতার মূল শ্লোক সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ ... এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা ... প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। ... আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে। ... মূল্য মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

‘ঠাকুর ভক্তিবিনোদ’

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি-সিদ্ধান্তের মহৎ সংরক্ষক শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির আদর্শময় জীবনচরিত এতাবৎকাল সর্ব্বাঙ্গসুন্দরভাবে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু সম্প্রতি সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অন্তেবাসী "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু গ্রন্থাবলীর শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। গ্রন্থখানি ১২৪ পৃষ্ঠা এবং সচিত্র হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৹ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

“শ্রীকৃষ্ণচৈতন্য”

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল এম-এ মহোদয়ের গবেষণা পূর্ণ শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও জীবনচরিত। ইংরেজী ভাষায় ডিমাই সাইজ এক-এক মহোদয়ের গোস্বামী এবং পরিপাটী লেখনীর অদ্ভুত আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে বহু চিন্তা এই খণ্ডটি, অতিরিক্ত ও আবশ্যকীয় বহু মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য দার্শনিক প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক আলোচনা। প্রথম খণ্ডটি ভক্ত অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ঐ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের স্বলিখিত মুখবন্ধ (Foreword) প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংক্ষিপ্ত জীবনী ও শব্দসূচী-(Index Glossary) প্রভৃতি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—সমস্ত গৌড়ীয়মঠ ও প্রচারকেন্দ্র বিশেষতঃ শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	১-৫৬	৬-২১	৭-১৪	১১-৩	১৩-১০	১৬-৫৬	১৭-৫৩	২২-০৬
দমদম ,,	২-৫৮	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩ ৫০		১৮-৩	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৩-১৬	৮ ১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-০১	১৯-৩৫	০-২৮
(ঐ) ছাঃ	৬-২৮	৮-৮	৯-৩৩	১৩-৫৩	১৫-৫	১৮-৫৯	১৯-৪০	০-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৯	১৪-১৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-৪২

(ঐ) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৫৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০ ৪৯	১৮-১৭	২১ ১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম ,,	১২-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(ঐ) ছাঃ	১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

ডাউন

শাখা

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৭	১১-৪	১৬-২২	১৬-৮	১৮ ৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮-৫২	১১-৪৭	১৫-১০	১৬-৫৬	১৯-৩০	২০-৪৭	৩-৩১
রাণাঘাট পৌঃ	৭-৪৫	৯-২৫	১২-২৬	১৫-৫০	১৭-৪০	২০ ৩	২১ ১১	৪-১০
(ঐ) ছাঃ	৭-৫৩	৯-৩০	১২-৪৬	১৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৪	৪ ১৮
দমদম		১১-৮		১ -৫৬	১৯-৯	২১-২৩	২৩-৩	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪-১৬	১৭-৪০	১৯-২৬	২১-৪০	২৩-২৫	৬-১৬

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা ‘গৌড়ীয়’ এখান হইতে প্রতি সপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বে শিক্ষাবিস্তার বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর গাড়ীঘাটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্রিকা প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

রেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় জীবনের রক্ষার কাছে ইহা অমূল্য অধিক। শিরার শীর্ণ সংকুচিত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৶০ দশ আনা, বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

৮৬১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
রেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্ব্বত্র সমগ্র প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ খণ্ড । শ্রীমায়াপুর ১৩ই কার্ত্তিক ১৩৪৭, ৩০শে অক্টোবর, ১৯৪০ বুধবার ১৯৫তম সংখ্যা

নানা-সংবাদ

—:(০):—

জার্ম্মাণদের আশা ভঙ্গ

জার্ম্মাণ-সীমান্ত হইতে প্রাপ্ত সংবাদে প্রকাশ, অনৈক বিশিষ্ট বুলগেরিয়ান ব্যবসায়ী কয়েকমাস বাণিজ্যাদের পর সম্প্রতি জার্ম্মাণী ত্যাগ করিয়া এই অভিমত প্রকাশ করিয়াছেন যে, গত মাসে জার্ম্মাণদের উদ্যম বিশেষভাবে হ্রাস পাইয়াছে। তিনি বলিয়াছেন যে, জুলাই মাসের প্রথমদিকে জার্ম্মাণদের মধ্যে বিশেষ আনন্দের সঞ্চার হইয়াছিল এবং নূতনভাবে পৃথিবী বণ্টনের কথা সর্ব্বত্রই আলোচিত হইতেছিল। কোন্ দেশে বসতি স্থাপন করিলে সুবিধা হইবে মোটর-ড্রাইভার প্রভৃতি সাধারণ লোকগণ সেই আলোচনায় রত ছিল। কিন্তু পরবর্ত্তী আড়াই মাসের মধ্যে কয়েকটি কারণে তাহাদের এই উল্লাস লোপ পায় এবং তাহাদের মধ্যে গভীর নৈরাশ্যের সৃষ্টি হয়। ইহার প্রথম কারণ—জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর মাসের যে তিনটি তারিখে আক্রমণ চালান হইবে বলিয়া প্রচার করা হইয়াছিল সেই তিনটি তারিখ বিফলে পার হইয়া যায়। ইংলণ্ড দখলকারীদের আশা করিয়া প্রকাণ্ড স্থানে অনেক মঞ্চ নির্ম্মাণও করা হইয়াছিল। একপক্ষকাল পরে সেগুলিকে ভাঙ্গিয়া ফেলা হয়। জার্ম্মাণদের নৈরাশ্যের অপর কারণ—বার্লিনের উপর বিমান-আক্রমণ। জার্ম্মাণীর খাদ্য-ভাণ্ডারের অবস্থা এখন পর্য্যন্ত সন্তোষজনক আছে, কিন্তু জনসাধারণ মাংস ও চর্ব্বির বিশেষ অভাববোধ করিতেছে।

উহাতে জার্ম্মাণগণ অনেকটা নিরুৎসাহ হইয়াছে। নিউ-ইয়র্ক প্রাপ্ত সংবাদ হইতে জানা যায়, তিনি জানাইয়াছেন যে, লিউনার কৃত্রিম তৈলের কারখানা গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে। জার্ম্মাণীর এখনও যথেষ্ট পেট্রোল হাতে আছে বলিয়া মনে হইতেছে, তবে যেকোন তৈল প্রস্তুতের অভাব ঘটিয়াছে। কিন্তু ইতালীয়ানদের কার্য্যকলাপ বার্লিনে বিশেষ অসন্তোষের সৃষ্টি করিয়াছে।

চীন ও ভারতের সৌহার্দ্দ্য জ্ঞাপন

ভারত ও চীনের মধ্যে সংস্কৃতিমূলক সৌহার্দ্দ্য স্থাপনের জন্য মাননীয় ডাঃ টি, তাই আগামী ৩রা নভেম্বর তাঁহার তৃইজন সেক্রেটারী সমভিব্যাহারে রেঙ্গুন হইতে কলিকাতায় পৌঁছিবেন। তিনি এখানে একসপ্তাহকাল অবস্থান করিয়া ভারতের বিভিন্ন স্থান পরিভ্রমণ করিবেন এবং কবি রবীন্দ্রনাথ ঠাকুর, মহাত্মা গান্ধী, পণ্ডিত জওহরলাল নেহেরুর সহিত সাক্ষাৎ করিবেন।

বেনগাজির উপর প্রচণ্ড বোমাবর্ষণ

বৃহস্পতিবার দিবস ইংলিয়া ও লিবিয়ার রাজকীয় বিমানবাহিনী পুনরায় অত্যন্ত কর্ম্মব্যস্ত হইয়া উঠিয়াছিল। তাহারা ইতালীয় সমরঘাঁটিগুলির উপর পুনঃ পুনঃ সাফল্যের সহিত আক্রমণ চালাইয়াছিল। কাইরো হইতে প্রকাশিত সরকারী ইস্তাহারে জানা গিয়াছে যে, এক সপ্তাহের মধ্যে তৃতীয়বার কাসালার নিকট ইতালীয়দের ছাউনীর উপর আক্রমণ চালান হইয়াছিল। গুরা ও আসমারার উপর পুনরায় বোমাবর্ষণ করা হইয়াছিল। শত্রুপক্ষের সেনাবাসের উপর খুব নীচু হইতে নামিয়া বিমান-আক্রমণ চালান হয়। ইহা ব্যতীত আকোর্ডেতে রসদস্তূপের উপর ও চেরিন ও টুরে আসেবাকার্ডায় শত্রুপক্ষের লুকায়িত বিমানপোতের উপর আক্রমণ চালাইয়াছিল। ক্রমাগত আক্রমণকালে লিবিয়ার বেনগাজির উপর বৃটিশ বিমান হইতে প্রচণ্ড বোমাবর্ষণ করা হইয়াছিল। গবর্ণমেণ্ট বিমানঘাঁটিতে বন্দর বাধিবার স্থানে বিমান-আক্রমণ চালান হইয়াছিল। কয়েকবার অগ্নি প্রজ্বলিত হইয়াছিল। জেনারেল ইতালীয়ার পাশা বিশেষ দৃঢ়তার সহিত জানাইয়াছেন যে, মিশরে বৃটেনের সুদৃঢ় সমরায়োজনের ফলে ইতালীর সেনাবাহিনী বিরাট অসুবিধার সম্মুখীন হইয়াছে। মিশরে সমবেত বৃটিশ সেনাবাহিনীর মোট সংখ্যা হইবে আড়াই লক্ষ। কিন্তু উহা সত্ত্বেও বৃটিশ-কর্ত্তৃপক্ষ উহাতেই সন্তুষ্ট থাকিতে পারেন নাই। তাঁহারা আরও সৈন্যপ্রেরণের উদ্যোগ করিতেছেন। বৃটিশপক্ষের এই বিরাট আয়োজনের ফলে মিশরে ইতালীয়দের সম্মুখে বিরাট অসুবিধার সৃষ্টি হইয়াছে। কিন্তু ইহার দরুণ নূতন আক্রমণ প্রচেষ্টা বন্ধ হইবে না এবং মার্শাল গ্রাৎসিয়ানী এই নূতন আক্রমণ সুরু করিবেন।

প্রয়োজন... ১ম পৃষ্ঠায় দ্রঃ

মার্কিন রণতরী সংস্থাদের কর্ত্তা বলেন সম্প্রতি বৃদ্ধ স্বার্থ বৃটেন ও চীনের সাহায্যের পরামর্শ দিয়া মার্কিন বিমানবহরের অধ্যক্ষ মেজর জেনারেল এচ, এস, আর্নল্ড ও টাওয়ার্স যে বক্তৃতা দিয়াছেন, মার্কিন সেনা-বিভাগীয় কর্ম্মচারীদিগের মধ্যে আর কেহই ততটা স্পষ্টভাবে যুদ্ধে সাহায্য দিতে বলেন নাই। তিনি বলেন,—"বৃটেন ও চীন মার্কিনের স্বার্থ উদ্দেশ্যসিদ্ধির জন্য যুদ্ধ করিতেছে।"

আর্নল্ডও দুর্গন্তিস বৃটেনে প্রেরণের উপদেশ দিয়া তিনি বলিয়াছেন যে, যুদ্ধে যোগদান করিলেও নিজস্ব পর্য্যন্ত মার্কিন উহা শত্রুর বিরুদ্ধে ব্যবহার করিতে পারিবে না, কিন্তু বৃটেনের হস্তে অর্পণ করিলে—যে উদ্দেশ্যে তৈয়ারী হইয়াছিল সেই উদ্দেশ্যে উহা ব্যবহৃত হইবে।

—

বৃটেনস্থ মার্কিন রাজদূত

এক সাংবাদিক সম্মেলনে প্রেসিডেণ্ট রুজভেল্ট বলেন যে, মার্কিন যুক্তরাষ্ট্রের বৃটেনস্থ রাজদূত মিঃ কেনেডি পদত্যাগ করিবার আয়োজন করিতেছেন বলিয়া যে সংবাদ রটিয়াছে, তাহা সত্য নহে।

—

বিমান-আক্রমণে জার্ম্মাণীর ক্ষতি

কিভাবে বৃটেনের অর্থনৈতিক সামর্থ্য ও বোমাবর্ষণ ক্রমশঃ বাড়িতেছে অর্থনৈতিক সংবাদদাতাগণের মধ্যে পার্লামেণ্টারী ... মিঃ ... ম্যানচেষ্টার ... কাহা প্রকাশ করিয়াছেন

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজারের শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৬।০ টাকা মাত্র।

২। গৌড়ীয় -মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, সাপ্তাহিক ১০ টাকা মাত্র।

৩। ভাগবত ' বাংলার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা

৪। পরমার্থী -শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র

৫। শ্রীগৌড়ীয় - শ্রীনন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় গৌরবনিধানাগ্রণী অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীসংলাপকে বহুদেশ তথা বহুতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মহাজ্ঞানী মহানুভবগণ যে সকল পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার ভক্তসিদ্ধান্তপূর্ণ সুশস্ত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবরতনিষ্ঠ বরণে ও তত্ত্বরূপ সত্যকথাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণ রূপপ আচার্য্যবরের 'সত্যসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ' এ গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলার্থীরই নিত্যসেব্যনীয়।

ভিক্ষা— ৷৷০ আনা মাত্র

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের গ্রন্থের অভিনব বিরাট সংস্করণ কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, পয়ারানুবাদ, প্রতিপাদ্য বিষয়নির্দ্দেশ, অধ্যায়বিবরণ, স্থানসূচী প্রভৃতি সহ শ্রীগৌড়ীয়মঠ কর্তৃক প্রকাশিত হইয়াছে।

সটীক শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা, বিষয়ের আলোচ্য ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সৌষ্ঠবময় নব সংস্করণে গৌড়ীয়-মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীঅক্ষিণাথ ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;
অধ্যাপক শ্রীনিকুঞ্জবিহারী দাস এম-এ, বি-এল,
পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—প্রথম ৪০,
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮,
দশম স্কন্ধ— ৯,
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯,
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪,
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৷০ ; ২য় খণ্ড ১, ; ৩য় খণ্ড—৷৷০
৪র্থ খণ্ড ৷৷০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৷০ ; ২য় খণ্ড—১, ; ৩য় খণ্ড—৷৷০
৭। শ্রীচৈতন্যদেব ১,
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণব ধর্ম্ম ২,
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২,
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২,
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১,
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। ব্রাহ্মণ-আলংবর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৶০
২১। গৌড়ীয়গীতিকা ।৶০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১,
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) অবাঁধা) ১,
২৬। গীতার কেমন মানে ভাষা ।০
২৭। বৃহদ্ভাগবতামৃতম্ (অনুবাদ) ২,
২৮। প্রেমবিবর্ত্ত (অনুবাদ) ।০
২৯। গোস্বামিবৃত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷৷০
৩০। গৌর-বিষ্ণু-প্রিয়া ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাখ্য ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনতত্ত্ব
৪৭। সদাচারবৃত্তিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনতত্ত্ব ৶১
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৩
৫১। বঙ্গসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (অনুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বসূত্রাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণমেবক ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিভিন্নঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্র ।০
৬৫। সপ্তবার শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারার্থবর্ষিণী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ কিউ ওয়ার্ড অব বেদান্ত ।০
৭০। সাধকতত্ত্ব ৴০
৭১। বেদান্ত—ইটস মরফলজী এণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড ।৶০
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। সেতুগীতা ।০
৭৫। দি গৌড়ীয়মঠ উইথ রিভিউ ৴০
৭৬। ভি ভাগবত ।০
৭৭। এভোলিউশন অফ ভক্তিজীবন এণ্ড গীতাজয়ন্তী ।০
৭৮। ব্রহ্মসংহিতা ৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫,

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীচৈতন্যচরিতামৃত ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

আসামিজ ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৯,

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

১৫ বর্ষ | ১৪ দামোদর ৪৫৪ গৌরাব্দ ১৩ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৭, ৩০শে অক্টোবর ইং ১৯৪০, বুধবার | ১৯৫ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৪ দামোদর যুত অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৪

শ্রীচৈতন্যমঠে হরিকথা

পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠ সর্ব্বক্ষণ হরিকীর্ত্তনে মুখরিত আছে। কখন পাঠমুখে, কখন প্রশ্নোত্তরমুখে কখনও কথোপকথনমুখে প্রায় সর্ব্বক্ষণই হরিকীর্ত্তন হইতেছে। গত ২৩শে অক্টোবর বৃহস্পতিবার অপরাহ্নে শ্রীচৈতন্যমঠে আলোচনা হয় যে, অধোক্ষজতত্ত্ব ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণপাদপদ্মসেবাই মানবজীবনের একমাত্র উদ্দেশ্য ও বিধেয়—এই বিষয়টী যতদিন না আমাদের স্পষ্টরূপে উপলব্ধির বিষয় হইতেছে, ততদিন পর্য্যন্ত সাধুসঙ্গে ভগবৎ-কথা শ্রবণ, প্রবর্ণীয় বিষয় কীর্ত্তন, সাধুনির্দ্দিষ্ট সাত্বতশাস্ত্রের পঠন-পাঠন ও সাধুসেবনাদি কোন ব্যাপারে আমাদের আন্তরিক স্পৃহা ও উৎসাহ বিদ্যমান থাকা কখন সম্ভবপর হইতে পারে না। শ্রবণ-কীর্ত্তনাদি ভক্ত্যনুষ্ঠানে আমরা বাহিরে যতই আন্তরিকতা প্রদর্শন করি না কেন, অনিত্য জগতের অনিত্য দেহ ও মনোধর্ম-সম্বন্ধীয় ব্যাপারে আগ্রহ থাকায় আমাদের সে আন্তরিকতার কপটতা স্বতঃই প্রমাণিত হইয়া পড়ে। যে ব্যক্তি পশ্চিমদিকে মুখ করিয়া দাঁড়াইয়া আছেন, তিনি কি করিয়া ঠিক সেই সময়ে পূর্ব্বদিকে মুখ করিয়া দাঁড়াইতে পারেন? একই সময়ে উভয়দিকে দৃষ্টিপাত যেমন এক ব্যক্তির পক্ষে অসম্ভব, একটি না একটি দিক্ পশ্চাতে পড়িবেই, সেইরূপ কৃষ্ণেতর বিষয়ে অভিনিবেশ থাকা অবস্থায় কৃষ্ণবিষয়ে অভিনিবেশ থাকা কখনই সম্ভবপর হয় না। কৃষ্ণবিষয়ে অভিনিবিষ্ট হইতে হইলে কৃষ্ণেতর বিষয়ে অভিনিবেশ সম্পূর্ণভাবে পরিত্যাগ করিতে হইবে। তাহা হইলেই আমরা কৃষ্ণসেবার প্রয়োজনীয়তা উপলব্ধি করতঃ কৃষ্ণবিমুখতার কবল হইতে নিষ্কৃতি পাইয়া কৃষ্ণকৃপালাভে সমর্থ হইতে পারিব। কৃষ্ণসেবাই জীবনের মুখ্য উদ্দেশ্য বলিয়া স্থির হইলে কৃষ্ণকথা-শ্রবণ-কীর্ত্তনাদি বিষয়ে জীবের ঐকান্তিক নিষ্ঠা লক্ষিত হয়। তখন জীব আর নিজ দেহ ও তৎসম্পর্কিত অন্যান্য দেহের অভাব-অসুবিধার জন্য আপত্তি দেখাইয়া কৃষ্ণসেবা হইতে বঞ্চিত হইবার ইচ্ছা করে না। যে সকল জীব ভগবান্ ও তাঁহার ভক্তকেই একমাত্র বিপদুদ্ধারণ বান্ধবজ্ঞানে তাঁহাদের পাদপদ্মে শরণাগতি স্বীকারপূর্ব্বক তাঁহাদের প্রদত্ত ব্যবস্থা অবনতমস্তকে মানিয়া চলেন, তাঁহারাই ক্লেশমুক্ত হন। কিন্তু যাঁহারা সেই অবস্থায় বিশ্বাস স্থাপন করিবার ধৈর্য্য ধারণ করিতে না পারিয়া নিজেরাই দুঃখনিবারণের ভার নেন, তাঁহারা দুঃখমুক্ত হওয়া ত' দূরের কথা, আরও গভীর দুঃখসাগরে নিমজ্জিত হন, এক দুঃখ দূর করিতে গিয়া শতসহস্র দুঃখ আসিয়া তাঁহাদিগকে বিপর্য্যস্ত করে। সমস্ত কার্য্যকে 'আমার কার্য্য'জ্ঞানে 'আমি কর্ত্তা' এই অভিমানে করিতে যাই বলিয়া আমার অসুবিধা হয়। ইহাতে যে সর্ব্বযজ্ঞের কর্ত্তা ও ভোক্তা ভগবান্কে অস্বীকার করা হয়, তাহা আশাহীন আমরা কিছুতেই বুঝিতে চাহি না।

"সর্ব্বজীবপ্রভু ভগবান্ই জীবকুলকে রক্ষা করিতে পারেন"—এই শরণাগতিমূলক বিশ্বাসের অভাবই নাস্তিকতা বা ভগবদ্বিদ্বেষ। এই বিদ্বেষ যাঁহার হৃদয়ে যত পুষ্টিলাভ করিয়াছে তিনি ততই ভগবৎ-কৃপা হইতে বঞ্চিত হইয়াছেন। ভগবৎ-কৃপার প্রতি নির্ভরতা থাকা চাই—শরণাগত হওয়া চাই। শরণাগতি না থাকিলে সেখানে শ্রদ্ধা নাই জানিতে হইবে। সম্বন্ধজ্ঞান হইতেই শরণাগতির উদয় হয়। শ্রবণ ব্যতীত সম্বন্ধের উদয় হয় না। সম্বন্ধ স্থির না হইলে অভিধেয় ও অভিধেয় স্থির না হইলে প্রয়োজনবিচার স্ফূর্ত্ত হয় না। সুতরাং সদ্গুরুমুখে শ্রীচৈতন্যবাণী অনুক্ষণ শ্রবণ করিয়া তাহা নিজজীবনে পালনপূর্ব্বক অপরের নিকট কীর্ত্তন করিতে হইবে। অহর্নিশ কৃষ্ণকীর্ত্তনই সময়ের সদ্ব্যবহার। আর সবটাই প্রচার। আচারহীন প্রচারের কোন মূল্য নাই। সম্বন্ধহীনতার ন্যায় দুর্দ্দশা আর কিছুই হইতে পারে না। সম্বন্ধহীনতার অর্থ আশ্রয়হীনতা। অবলম্বনহীন নিরাশ্রয়। আশ্রয়হীনের পতন অবশ্যম্ভাবী। আশ্রয়হীন ... [illegible] ... শরের স্থান নাই, সঙ্গ নাই, আনন্দ নাই এবং সেখানে চেতনতারও সার্থকতা নাই।

গুরুকে লইয়াই ভগবানের ভগবত্তা। ভক্তিতে গুরুত্ব সব। যেখানে গুরু, সেখানেই ভক্তি, যেখানে ভক্তি সেখানেই গুরু। ভক্তিতে লঘুর কোন কথা নাই। 'আমি লঘু নই, আমি গুরু'—ইহাই সম্বন্ধজ্ঞান। লঘুর সঙ্গ ত্যাগ করা—অসৎ-সঙ্গ ছাড়িয়া সর্ব্বক্ষণ গুরুর সঙ্গ—সাধুর সঙ্গ করিতে হইবে। তাঁহাদের সঙ্গফলে বাস্তবদেহের বা স্বরূপের সন্ধান পাওয়া যাইবে। স্বরূপের পরিচয় জানিলে—কৃষ্ণ-সেবাই আমার কর্ত্তব্য, এই জ্ঞান হইলে কপট এই আপনা হইতেই পলায়ন করিবে। কনক-কামিনী-প্রতিষ্ঠার স্পৃহা ত্যাগ করা তত কষ্টকর নয়, যত প্রতিষ্ঠাশাপের বাসনা ত্যাগ করা কষ্টকর। কনক,কামিনী ও প্রতিষ্ঠা, এই তিনটীই ত্যাগ করিতে হইবে। "কনক-কামিনী, প্রতিষ্ঠাবাঘিনী, ছাড়িয়াছে যারে সেই ত' বৈষ্ণব।" কনক-কামিনী-প্রতিষ্ঠার কবল হইতে মুক্ত না হইলে ... [illegible]

তবেই সর্ব্বনাশ। যেখানে গুরুতে আপন-জ্ঞান, সেখানে সেই সুবুদ্ধি বা শ্রদ্ধা স্থান নাই। শ্রীগুরুদেব সাক্ষাৎ ব্রজবাসী, শ্রীকৃষ্ণ সাক্ষাৎ ব্রজপুরী। শ্রীগুরু যাঁহারা অবগত আছেন, সেই গুরুদেবের বৈষ্ণবগণের কৃপায় শুদ্ধ সনাতন সাধিত হইতে পারে। যাঁহারা অনুগত হইয়া উঁহারা সর্ব্বদাই কৃপা করিয়া আমাদিগকে গুরুসেবা শিক্ষা দিবেন। কিভাবে গুরুপাদপদ্ম আশ্রয় করিতে হয়, কিভাবে গুরুপাদপদ্মের সহিত ব্যবহার করিতে হয়, যাঁহারা তাহা নিরন্তর শিক্ষা দেন, তাহা হইলে সৌভাগ্যক্রমে সদ্গুরুর সন্ধান পাইবার পথে হয়ত আমরা অগ্রসর হইতে পারিব। আবার গুরুদেব যাঁহাদিগকে নিজের করিয়া লইয়াছেন, তাঁহারা আমার উদ্ধারকর্ত্তা। যত গুরুবর্গ এবং মহাপুরুষপাদপদ্মে প্রণত মহাভাগবত বৈষ্ণবসকল সর্ব্বতোভাবে আমাদিগকে রক্ষা করেন—আমাদিগের মঙ্গল করেন। তাঁহারা সখী-গুরুদেবের কিঙ্কর। আর অর্থীর সেবক। শ্রীগুরুদেবের স্বরূপ লঘু নহেন, তাঁহারও গুরু। গুরুই গুরুর সন্ধান দিতে পারেন। যাঁ'র কৃপায় গুরুর সন্ধান পাওয়া যায়, সেই বৈষ্ণবের মত দয়াল বিশ্বে কি কেহ আছে? সেই বৈষ্ণবগণের কৃপাই আমাদের সম্বল হউক; তবেই আমাদের লঘু-দর্শন বা ভোগদর্শন ঘুচিয়া সেবাদর্শন বা গুরুদর্শন হইবে।

শ্রীগুরুদেব সর্ব্বজ্ঞ। তিনি কৃষ্ণের নিত্যসঙ্গী। যেখানে কৃষ্ণ, সেখানেই গুরু আছেন। কৃষ্ণ সর্ব্বত্র আছেন, আমার গুরুদেবও সর্ব্বত্র আছেন। তিনি বিভুবস্তু। তাঁহাকে ফাঁকি দিবার উপায় নাই। তাঁহাকে ফাঁকি দিতে গেলে নিজেই ফাঁকিতে পড়িব। অকুটিল হইয়া তাঁহার কৃপা চাহিলে তিনি কৃপা করিবেনই। তিনি অন্তর্যামিসূত্রে আমার অন্তর ও বাহিরের সকল খবরই জানেন। আমাদের যতই অসুবিধা থাকুক, আমরা যদি অকুটিল হই, তবে করুণাময়ের কৃপা নিশ্চয়ই হইবে। গুরুদেবতাত্মা বা শ্রৌতপন্থী হইতে হইবে। শ্রৌতপন্থা সিদ্ধান্ত করেন। শ্রৌত পথ—নম্রতার পথ। নমস্কার করিতে হইবে—কাণটা পাতিতে হইবে। তাহা হইলেই সাধুসঙ্গের সুযোগ হইবে। কাণ দিবারই সব করিতে হইবে। বর্ত্তমানে প্রভুর কার্য্যে ব্যস্ত থাকিতে হইবে। যে পরিমাণে চরিত্রিত হয়, সেই পরিমাণে প্রভুর শ্রী দর্শন করিবার ইচ্ছা হয়—এ কথাটা মনে রাখিতে হবে। শ্রীগুরুদেবের আনুগত্যের দ্বারা বাস্তবসত্যের সহিত সেব্যসেবক-সম্বন্ধ স্থাপিত হইতে পারা যাবে।

নিত্যধর্ম্ম কি যুগোপযোগী

(প্রাপ্ত)

একসময় একটী শিক্ষিতাভিমানী ব্যক্তি এরূপ বলিয়াছিলেন—"আমি চৈতন্যদেবকে স্বয়ং ভগবান্ বলিয়া মানি। তিনি ভগবানের অংশ বা অবতারবিশেষ নহেন, তিনি সাক্ষাৎ স্বয়ং ভগবান্ই। তৎসত্ত্বেও এ কথা সত্য যে, তিনি যে বিশেষ সময়ে জগতে আসিয়া তাঁহার ধর্ম্ম প্রচার করিয়াছিলেন, তাহা সেই সময়ের পক্ষেই উপযুক্ত হইয়াছিল; কিন্তু এখন আর সেই ধর্ম্ম লোকসমাজে চলিবে না। এখনকার লোকের চিত্তবৃত্তি-অনুযায়ী, আবহাওয়া অনুযায়ী অন্য কোনপ্রকার ধর্ম্মের প্রবর্ত্তন হওয়া প্রয়োজন এবং তাহা বর্ত্তমানে অমুক অমুক মহাপুরুষের দ্বারা সাধিত হইতেছে।"

উক্ত ব্যক্তি তাঁহার মতস্থাপনের জন্য নানাপ্রকার যুক্তিতর্কের অবতারণাও করিয়াছিলেন। তাঁহার বক্তব্যের সারাংশ এই যে, নানাপ্রকার বিপর্য্যয়ফলে সমাজের পারিবারিক জীবন, রাজনৈতিক জীবন, তথা লৌকিক ধর্ম্মকর্ম্মসমূহ বিশৃঙ্খল হইলে মানবজাতি যে অশান্তির মধ্যে পতিত হয়, সেই অশান্তি হইতে মুক্ত হইবার জন্যই ধর্ম্মের প্রয়োজন। 'শান্তি' বলিতে অবশ্য তিনি মনের তুষ্টিই বুঝেন। মন—পরিবর্ত্তনশীল। তাহার রুচি নিত্যই পরিবর্ত্তিত হইতেছে। পূর্ব্বে যে ব্যবস্থায় মন তুষ্ট হইত, এখন আর সে ব্যবস্থায় তাহার তুষ্টিবিধান হয় না। সুতরাং মনের রুচির পরিবর্ত্তন লক্ষ্য করিয়া ধর্ম্মেরও পরিবর্ত্তন হইতেছে। বিভিন্ন সময়ে বিভিন্ন মহাপুরুষগণ মানবসমাজের এই রুচি লক্ষ্য করিয়া বিভিন্ন ধর্ম্ম স্থাপন করিয়াছেন। তাঁহাদের ধর্ম্মমতে পার্থক্য থাকিতে পারে, কিন্তু উদ্দেশ্য সকলেরই সমান; অর্থাৎ বহির্ম্মুখ মানবজাতির খেয়ালী মনের তুষ্টিবিধানই ধর্ম্মের উদ্দেশ্য।

কিছুদিন পূর্ব্বে শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের শ্রীপাদপদ্মাশ্রিত কোন এক ভক্তের আত্মীয়নামধারী এক ব্যক্তি ঐ ভক্তটীকে একখানি পত্র লিখিয়াছিলেন। উক্ত ভক্তটী ঐ পত্রখানির যে প্রত্যুত্তর দিয়াছিলেন, তাহা শ্রীগৌড়ীয় ২য় বর্ষ ১২-১৩শ সংখ্যায় প্রকাশিত হইয়াছিল। ঐ পত্রখানির মধ্যেও পূর্ব্বোক্ত ব্যক্তির সমজাতীয় চিত্তবৃত্তি প্রতিফলিত হইয়াছে। উক্ত আত্মীয়নামধারী ব্যক্তিটি লিখিয়াছেন 'জগতের বিধাতা আছে কিনা জানি না, তবে মানুষ সাধ্যমত শক্তির অধিকারী হওয়ার জন্য যাহা বেশী মানি ইংরাজীতে যাহাকে বলে Time is the greatest healer—কালই সর্ব্বাপেক্ষা বড় চিকিৎসক।"

এই আত্মীয়নামধারী ব্যক্তি ও পূর্ব্বোক্ত শিক্ষিতাভিমানী ব্যক্তি উভয়ের সমশ্রেণীর; যদিও আপাতদৃষ্টিতে উভয়ের মধ্যে একটী বিষয়ে যেন বড়ই অমিল দেখা যায়। পার্থক্যটী ইহাই—মনে হয় যে, শিক্ষিতাভিমানী ব্যক্তিটি ভগবদ্বস্তুতে বিশ্বাসী, তিনি আস্তিক, আর শেষোক্ত ব্যক্তিটি পরমেশ্বরের অস্তিত্ব-বিষয়ে সংশয়যুক্ত, এক কথায়—নাস্তিক। স্থূলদর্শনে এইরূপ একটি ভেদ উভয়ের মধ্যে দেখা গেলেও যাঁহারা পরমেশ্বরের সর্ব্বতন্ত্রস্বতন্ত্রতায়, অধোক্ষজত্বে ও চিন্ময়ত্বে বাস্তব আস্থাবান্, তাঁহারা জানেন যে ঐ প্রকার আস্তিকতা নাস্তিকতারই রূপান্তর ব্যতীত আর কিছুই নহে।

প্রকৃতপক্ষে তাহাদের পরমেশ্বরকে স্বীকার করা বা না করার কোন মূল্য নাই। কিন্তু এই কথাগুলির মধ্য হইতে একটি সত্য আবিষ্কৃত হয় এই যে, জগতে এক শ্রেণীর ব্যক্তি আছে এবং তাহারাই সংখ্যায় অধিক—যাহারা কালের বিক্রমকে চরম শক্তির বিকাশ বলিয়া জানে, কালই তাহাদের নিকট সর্ব্বাপেক্ষা অধিক শক্তিমান্। পরমেশ্বর বলিয়া যদি কেহ থাকেন, তিনিও এই কালের প্রভাব হইতে মুক্ত নহেন অর্থাৎ কাল পরমেশ্বর অপেক্ষাও অধিক পরাক্রমশালী! কিছুদিন পূর্ব্বে কোনও সম্প্রদায়ের বর্ণহিন্দুগণ নীচজাতীয় ব্যক্তিগণকে দুর্গা গড়িয়া অর্চ্চনের অধিকার না-দেওয়ায় যে গোলযোগের সৃষ্টি হইয়াছিল, তৎসম্বন্ধে কোনও প্রখ্যাত সংবাদপত্রের সম্পাদক মন্তব্য প্রকাশ করিয়াছেন যে, ঐ প্রকার ব্যবহারে বর্ণহিন্দুগণের বাতুলতাই প্রকাশ পাইয়াছে। কালের গতির সহিত সমতালে না চলিলে অবশেষে আত্মহত্যাই করিতে হয়। যুগের আবহাওয়ার সহিত খাপ না খাইলে ধর্ম্মের অস্তিত্ব সংরক্ষিত হইতে পারে না, ইহাই কালোপাসকগণের মত।

কিন্তু সত্যই কি ধর্ম্ম কালের অধীন? কালের সীমার মধ্যে যে ধর্ম্মের উৎপত্তি হয়, তাহা অবশ্য কালের অধীন, সন্দেহ নাই। যে ধর্ম্মের অনুষ্ঠাতা কালাধীন, যে ধর্ম্মের ফলদাতা কাল-কবলিত, যে ধর্ম্মের অনুষ্ঠানে কালের অপেক্ষা আছে এবং যে ধর্ম্মের উদ্দেশ্য বিনাশী বা নশ্বর, সেই ধর্ম্ম কালের অধীন হইবে, যুগের আবহাওয়ার অনুকূলে রূপান্তর লাভ করিবে, ইহা স্বাভাবিক। কিন্তু যে ধর্ম্ম অনাদিকাল হইতে জীবাত্মার নিত্য স্বভাবগত ধর্ম্মরূপে প্রচলিত রহিয়াছে, কালাতীত কালের অধীশ্বর নিত্যসত্যবিগ্রহস্বরূপ শ্রীভগবান্ যে ধর্ম্মের আদি উপদেষ্টা, নিত্য অবিনশ্বর জীবের যাহা নিত্যবৃত্তি-স্বরূপ, যাহার অনুষ্ঠানে দেশকালাদির কিছুমাত্র অপেক্ষা নাই, যাহার ফল নিত্য কৃষ্ণপ্রীতি, তাহা কখনও খণ্ড ও জড় কালের অধীন বস্তু হইতে পারে না। চিত্ত যাহাদের তামসিকভাবে ন্যূনাধিক সমাচ্ছন্ন, তাহারাই কালের শক্তিতে অভিভূত হইয়া কালকেই পরমেশ্বররূপে স্থাপন করে, বিভুসত্তাময় শ্রীভগবান্ ও তাঁহার ভক্তিকেও মনোধর্ম্মের অধীন করিয়া দেখিতে চাহে।

'যুগোপযোগী' এই কথাটির দুইটি অর্থ আছে। অধুনাতন বিজ্ঞানের বিজলীপ্রভা যাহাদের চক্ষে ধাঁধাঁ লাগাইয়া দিয়াছে, তাঁহারা 'যুগোপযোগী' বলিতে বুঝেন নূতন নূতন বা সমাই বিভিন্ন যুগের মানবের বহির্ম্মুখ রুচি বা মনোধর্ম্মের খেয়াল অনুযায়ী রূপান্তর গ্রহণ করিয়া একটা নূতন কিছু হইয়া দাঁড়াইবে। ধর্ম্ম যখন কেবলমাত্র অন্যান্য পাঁচটা আমোদ-প্রমোদের মত বহির্ম্মুখ ভোগী মানবগণের খেয়াল-পরিতৃপ্তির বাহনবিশেষ, তখন কালের পরিবর্ত্তনে রুচির পরিবর্ত্তন হইয়া যখন যাহা ভাল লাগিবে, তখন তাহাই হইবে ধর্ম্ম। শ্রীচৈতন্যের ধর্ম্মের উপযোগিতা তখনকার যুগে ছিল, কিন্তু এখন নাই; কারণ এখন মানবের রুচি পরিবর্ত্তন হইয়া গিয়াছে। শ্রীচৈতন্য স্বয়ং ভগবান্ হইতে পারেন, কিন্তু কাল যে ভগবান্ হইতে আরও এক কাঠি বড়।

'যুগোপযোগী' বলিতে যাঁহারা এইরূপ বুঝেন, তাঁহারা ভোগী, নাস্তিক। আবার শ্রীচৈতন্যচরণাশ্রিতগণও 'যুগোপযোগী' কথাটি প্রয়োগ করেন, কিন্তু তাঁহারা যে অর্থে উহা ব্যবহার করেন, তাহা উক্ত অর্থ হইতে স্বতন্ত্র। তাঁহারা বলেন—শ্রীচৈতন্য কালের অধীন ভগবান্ নহেন, তিনি Time-Server নহেন, তিনি বহির্ম্মুখ ভোগী বদ্ধজীবের মনোধর্ম্মের সেবক নহেন; শ্রীচৈতন্যের ধর্ম্মও কালক্ষোভ্য নহে, শ্রীচৈতন্য যেরূপ নিত্য, সত্য ও সনাতন, তাঁহার ধর্ম্মও সেইরূপ নিত্য, সত্য সনাতন। ভগবান্ কালাধীন বস্তু নহেন বলিয়া তিনি যেমন কালের হাওয়ায় পরিবর্ত্তনশীল মানবগণের খেয়াল-অনুযায়ী কখনও প্রয়োজনীয়, কখনও অপ্রয়োজনীয় হইয়া পড়েন না, তাঁহার ধর্ম্মও তদ্রূপ কখনও 'সচল' কখনও 'অচল' হয় না।

তবে যে নিত্যধর্ম্মকে কখন কখন 'যুগোপযোগী' সংজ্ঞায় অভিহিত করা হয়,

তাহার অর্থ এই যে, বাস্তবসত্যের কোন প্রকার অবহানি না করিয়া, সত্যের মধ্যে মিথ্যার খাদ মিশাইবার চেষ্টা না করিয়া কেবলমাত্র যে প্রকারে উহাকে বিভিন্ন কালের বিভিন্ন রুচিবিশিষ্ট মানবসাধারণের নিকট উপস্থাপিত করিবার প্রয়াস হয়, তাহাকেই 'যুগোপযোগী ভাব' বলা যায়। সমাজনীতি, রাজনীতি, পারিবারিক জীবন-যাত্রানীতি, ব্যষ্টি তথা সমষ্টিগত ব্যবহার ও লোকনীতি, বিজ্ঞান, শিল্প প্রভৃতির পরিবর্ত্তন ও উন্নতি বা অবনতি কালপ্রবাহের আবর্ত্তনের সহিত যুগে যুগে সাধিত হইয়া থাকে। সেই সকল পরিবর্ত্তন, উন্নতি ও অবনতির সহিত মানবের রুচি ও গ্রহণশক্তি প্রভৃতির পরিবর্ত্তন হয়। সনাতনধর্ম্ম প্রচারকগণ এই পরিবর্ত্তন ও উন্নতি-অবনতি প্রভৃতি লক্ষ্য করিয়া যে প্রণালী অবলম্বন করিলে বিভিন্ন যুগের বিভিন্ন রুচিসম্পন্ন মানবের পক্ষে সত্যের নিগূঢ়তত্ত্বে প্রবেশলাভ করিবার সুবিধা ও সুযোগ হইবে, সেই প্রণালী গ্রহণ করিয়া থাকেন। উহাতে সনাতনধর্ম্মের মূলসত্যের ব্যাপ্য, আচরণীয় ও প্রচার্য্য বিষয়গুলির কোন পরিবর্ত্তন হয় না, কেবলমাত্র উক্ত সাধারণ লোক-সমাজে প্রচারের প্রণালীটির নানা-প্রকার বৈচিত্র্য দেখা যায়, কাজেই নিত্যধর্ম্ম যুগোপযোগী হয় না; যুগোপযোগী হয় তাহার প্রচারের প্রণালীটী।

অবশ্য এই প্রচারপ্রণালীও বহির্ম্মুখ মানবসমাজের রুচি বা খেয়াল-অনুযায়ী গৃহীত হয় না। নবযুগের মানবসম্প্রদায় যদি এরূপ আব্দার করেন যে, যেহেতু বিংশ শতাব্দীতে বহুপ্রকার মনঃকর্ষণ সাধন যানাদি, গ্রামোফোন, বেতারযন্ত্র, থিয়েটার, চলচ্চিত্র প্রভৃতি আবিষ্কৃত হইয়াছে, বাঙ্গলাভাষার বহু সৌষ্ঠব সাধিত হইয়াছে, সুতরাং এখন আমরা আর সেই পুরাতন প্রণালীতে পুরাতন 'পদাবলী-পুঁথি' শুনিব না, আমরা এইগুলি হরিকথা-শ্রবণের বাহন করিয়া লইব—তাহা হইলে ঐরূপ আব্দারে শ্রীচৈতন্যবাণী-প্রচারকগণ কখনই কর্ণপাত করিবেন না। শ্রীচৈতন্যবাণীর প্রচারপ্রণালীও একমাত্র শ্রীচৈতন্যবাণীবিগ্রহ মহাজনগণই নির্দ্দেশ করিবেন, অন্যে নহে।

শ্রীমাধবগৌড়ীয়মঠের উৎসব-পঞ্জী

——:o::——

গত ১৮ই অক্টোবর, শুক্রবার শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিক ও গুরুবন্দনা-কীর্ত্তনাদির পর পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যভাগবত মধ্যখণ্ড দ্বিতীয় অধ্যায় হইতে শ্রীমহাপ্রভুর বায়ুরোগচ্ছলে কৃষ্ণপ্রেমের বিকারপ্রকাশ, তদ্দ্বারা বহির্ম্মুখলোকবঞ্চনা এবং নিজজনগণকে আত্মপরিচয়প্রদান ইত্যাদি প্রসঙ্গ পাঠ করেন। অতঃপর শ্রীমঠ হইতে একটী বিরাট্ নগর-সঙ্কীর্ত্তন বহির্গত হইয়া তদবধি নফরচন্দ্র স্ট্রীট, টিকাটুলী, বেলঘোস রোড্, সেগুনবাগান, পুরাণাপল্টন, শান্তিনগর, নবাবপুররোড্, কাপ্তানবাজার, বনগ্রাম, ওয়ারী, মদনমোহন বসাক রোড্ প্রভৃতি স্থলে পরিভ্রমণ করেন। অপরাহ্ণে ইষ্টগোষ্ঠী-সভায় শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ সাধু ও অসাধুর চরিত্রের পার্থক্য, বদ্ধজীবের প্রতি পঞ্চ ইন্দ্রিয়ের আকর্ষণ এবং সাধুসঙ্গাশ্রয়ে অনায়াসে উহাদের জয়ের কথা-প্রসঙ্গে শ্রীমদ্ভাগবতের কয়েকটি শ্লোক ব্যাখ্যা করেন; অসুরবংশের উৎপত্তি ও পরিণতিসম্বন্ধেও অনেক কথা কীর্ত্তন করেন। শ্রীনাম-সংকীর্ত্তনকারীর ধর্ম্মার্থকামমোক্ষবাঞ্ছা থাকে না, কৃষ্ণভক্তি ব্যতীত নামসঙ্কীর্ত্তন প্রবর্ত্তন হইতে পারে না এবং শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর জীবের প্রতি কৃপা করিয়া ভাগবত-রসাস্বাদনের জন্য যে দশমূলনির্য্যাস পান করিবার উপদেশ দিয়াছেন, সেই দশমূলতত্ত্ব প্রভৃতি বিষয় ব্যাখ্যা করেন। তিনি সন্ধ্যারাত্রিকের পর শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতনশিক্ষা পাঠ ও ব্যাখ্যা করেন

গত ১৯শে অক্টোবর শনিবার শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিকের পর গুরুবন্দনা কীর্ত্তন হয়। পরে শ্রীপাদ গৌরেন্দু ব্রহ্মচারী সেবাব্রত প্রভু শ্রীচৈতন্যভাগবত মধ্যখণ্ড তৃতীয় অধ্যায় পাঠ ও ব্যাখ্যা করেন। অতঃপর মঠ হইতে নগর-সংকীর্ত্তনমণ্ডলী বহির্গত হইয়া মদনমোহন বসাক রোড্, বনগ্রাম রোড্, গোয়ালনগর, টাকারহাট্টা, মহাজনপুর, টানাখোলা, দক্ষিণ মৈশণ্ডি ইত্যাদি পরিভ্রমণ করেন। অপরাহ্ণে শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ যুক্ত ও ফল্গুবৈরাগ্য, শ্রীমদ্ভাগবতের বৈশিষ্ট্য, ভক্তভাগবত ও গ্রন্থ-ভাগবতের কৃপা, নামব্রহ্মের মহিমা বৈকুণ্ঠশ্রবণের কৃপা ব্যতীত যে সমস্ত জীবনধারণ নিরর্থক, সেবোন্মুখ যে জীবের আত্মবিনাশের কারণ, সেবোন্মুখকর্ণে হরিকথা শ্রবণ করিয়া হৃদয়ে ধারণ না করিলে যে তাহা অন্তরে বিমুখতা বা বাহ্যিকতার ইত্যাদি প্রসঙ্গের বহু কথা কীর্ত্তন করেন। সন্ধ্যারাত্রিক ও কীর্ত্তনাদির পর শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতনশিক্ষা পাঠ ও ব্যাখ্যা করেন।

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৩শ খণ্ড   শ্রীকৃষ্ণনগর ১৮ই কার্ত্তিক ১৩৪৭, ৪ঠা নভেম্বর, ১৯৪০ সোমবার ; ১৯৮তম সংখ্যা

নানা-সংবাদ

—:(০):—

রাজা কর্তৃক বড়লাটের কার্য্যকাল-বৃদ্ধি মঞ্জুর

সরকারী বিজ্ঞপ্তিতে প্রকাশিত হইয়াছে যে, ১০নং ডাউনিং ষ্ট্রীট হইতে নিম্নলিখিত ঘোষণা করা হইয়াছে—

ভারতবর্ষের বড়লাট মার্কুইস অব লিনলিথগোর কার্য্যকাল ১৯৪১ খৃষ্টাব্দের এপ্রিল মাস হইতে আরও এক বৎসর বৃদ্ধি মঞ্জুর করিয়াছেন।

দোকান ও ব্যবসায় প্রতিষ্ঠান বিল

প্রাদেশিক আইন-সভার বিগত অধিবেশনে যে দোকান ও ব্যবসায় প্রতিষ্ঠান-নিয়ন্ত্রণ বিল গৃহীত হইয়াছে বাঙ্গলার গবর্ণর তাহা অনুমোদন করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। এই আইনে প্রধানতঃ নিম্নোক্ত ব্যবস্থা করা হইয়াছে—সপ্তাহে অন্ততঃ দেড় দিন সম্পূর্ণরূপে দোকান বন্ধ রাখা, দোকান ব্যবসায় প্রতিষ্ঠান ও আমোদ-প্রমোদের প্রতিষ্ঠানের কর্মচারীদের দেড় দিনের ছুটি, প্রত্যহ রাত্রি ৮টার সময় দোকান বন্ধ করা, কর্মচারীদের দৈনিক কাজের সময় নির্দ্দিষ্ট করিয়া দশ ঘণ্টা কাজ করিতে হইবে এবং সাত ঘণ্টা কাজের পর এক ঘণ্টা বিশ্রাম ও পাঁচ ঘণ্টা কাজের পর অর্দ্ধঘণ্টা বিশ্রামের ব্যবস্থা থাকিবে, মাসের ১০ই তারিখের মধ্যে কর্মচারীদের বেতন দেওয়া এবং তাহাদের এক বৎসর কাজের পর বেতন সহ চৌদ্দদিনের অধিকারসূচক ছুটি ও অর্দ্ধ বেতন সহ দশ দিন আকস্মিক কারণঘটিত ছুটি। এই বিল প্রধানতঃ কলিকাতা ও উহার শহরতলী এবং হাওড়া মিউনিসিপ্যালিটির এলাকায় প্রয়োগ করা হইবে।

মার্কিণে বৃটেনের জন্য বিমান নির্ম্মাণ

বৃটেন মার্কিণ যুক্তরাষ্ট্রের কারখানা-ওয়ালাদিগের অতিরিক্ত ধার তাহার প্রয়োজন সরবরাহ সম্বন্ধে কথাবার্ত্তা বলিবার অনুমতি চাহিয়াছেন। মার্কিণ কারখানার কোন সমরোপকরণ নির্ম্মাণের কাজ আগে করিবার ব্যবস্থা করিবার বিষয়ে যে বোর্ড আছে, প্রেসিডেন্ট রুজভেল্ট ঐ বোর্ডকে বৃটেনের ঐ অনুরোধ সম্বন্ধে বিশেষ সহানুভূতি পূর্ব্বক বিবেচনা করিতে বলিয়াছেন।

প্রেসিডেন্ট রুজভেল্ট গত ৩১শে অক্টোবর বাল্টিমোরে বেতার-বক্তৃতায় ঐ কথা প্রকাশ করিয়াছেন।

বৃটিশ-সরকার মার্কিণ যুক্তরাষ্ট্রে ইতঃপূর্ব্বে যে সকল বিমাননির্ম্মাণের বায়না দিয়াছেন, সেগুলির সহিত এই প্রস্তাবিত বায়না সম্মিলিত হইলে মোট ২৬ হাজার সামরিক বিমানের বায়না দেওয়া হইবে।

কলিকাতায় আলোক-নিয়ন্ত্রণের মহড়া-সম্পর্কে সরকারী বিজ্ঞপ্তি

বাঙ্গলা সরকারের দপ্তর হইতে নিম্নলিখিত বিজ্ঞপ্তি প্রকাশিত হইয়াছে।

জনসাধারণের অবগতির জন্য জানান যাইতেছে যে, ১৯৪০ খৃষ্টাব্দের ৬ই নবেম্বর রাত্রি ১০-৩০ মিনিটের সময় আলোক নিয়ন্ত্রণের মহড়া আরম্ভ হইবার সময় বিমান-আক্রমণ-সংকেত-জ্ঞাপক বংশীধ্বনি করা হইবে। এক মিনিটকাল বংশীধ্বনি করা হইবে। ১১-৩০ মিনিটে মহড়া শেষ হইলে পুনরায় এক মিনিট বংশীধ্বনি করা হইবে।

আলোক-নিয়ন্ত্রণের মহড়ার সময় আকাশ হইতে যাহাতে আলোক দেখিতে না পাওয়া যায় তাহার প্রয়োজনীয়তার উপর জোর দিয়া বিজ্ঞপ্তি প্রকাশিত হইয়াছে এবং প্রচার পত্র বিলি করা হইয়াছে।

স্কাউটের শোচনীয় মৃত্যু

করাচী মডেল হাইস্কুলের ১৮০ জনেরও অধিক স্কাউট আমোদ-প্রমোদের জন্য টাটাতে বাৎসরিক ভ্রমণে বহির্গত হইলে ঐ দলের গোবিন্দ আনন্দরাম বিচন্দানি নামক ১৭ বৎসর বয়স্ক একজন ম্যাট্রিক ক্লাসের ছাত্র ডুবিয়া মারা গিয়াছে এবং স্কাউট দলের করাচীতে ফিরিয়া আসিতে হইয়াছে।

প্রকাশ যে, ছাত্রগণ একটা খালে স্নান করিবার সময়ে তাহাদের চারি জনকে ৩২ ফিট গভীর একটা খাদে ভাসাইয়া লইয়া যায়। উহাদের তিন জনকে সংজ্ঞাহীন অবস্থায় উদ্ধার করা হয় এবং গোবিন্দ মৃত্যুমুখে পতিত হয়।

Indian Posts and Telegraphs Department

NOTICE

Sealed tenders are invited for the conveyance of mails by motor vehicles daily between Majdia and Kotchandpur for up and down journeys throughout the year on a fixed monthly subsidy for a period of three years commencing from the 27th February 1941. The form of tender and a copy of the schedule showing the number, timings and other details of the service required together with particulars regarding other conditions of the contract may be obtained on application from the office of the undersigned in Krishnagar on payment of Rs 5/- in advance, which will not be refunded in any case. Tenders must reach the undersigned on or before the 30th November, 1940 by 12 00 hours.

Dated, Krishnagar,
The 29th October,
1940.

P. Chatterjee
Supdt of Post Offices,
Nadia Division

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রণেতা শ্রীল ভক্তিসিদ্ধান্ত [illegible] পুরী গোস্বামী মহারাজ [illegible] [illegible] ইংরাজীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার [illegible] হইতে প্রকাশিত [illegible] সডাক [illegible] টাকা মাত্র।

২। গৌড়ীয় [illegible] [illegible] [illegible] [illegible] কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক [illegible] [illegible] টাকা মাত্র।

৩। [illegible] [illegible] [illegible] পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১ টাকা।

৪। পরমার্থী—[illegible] [illegible] [illegible] [illegible] পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক [illegible] টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয় [illegible] [illegible] [illegible] [illegible] কার্য্যার্থ [illegible] [illegible] পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক [illegible] মাত্র।

শ্রীমদ-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয় [illegible] [illegible] [illegible] [illegible] সম্পাদিত 'শ্রীমদ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। [illegible] [illegible] [illegible] বৈষ্ণবের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত পুরী গোস্বামী প্রভুপাদের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] এই গ্রন্থে [illegible] হইয়াছে। শ্রীশ্রী[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] অমূল্য উপদেশপূর্ণ [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]।

ভিক্ষা—[illegible] আনা মাত্র

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের গ্রন্থের [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible], [illegible], [illegible], [illegible] [illegible], [illegible], [illegible] [illegible] [illegible] গৌড়ীয়মঠ কর্তৃক [illegible] [illegible] হইয়াছে।

সটীকা শরণাগতি

[illegible] শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ [illegible] [illegible] শরণাগতি [illegible] টীকা, [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] গৌড়ীয়[illegible] প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—[illegible] আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীনবদ্বীপ [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;
শ্রীযুক্ত [illegible] [illegible] এম-এ, বি-এল,
পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্, [illegible] ৬০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— [illegible]
দশম স্কন্ধ— [illegible]
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (যন্ত্রস্থ) [illegible]
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত [illegible]
৪। সরস্বতী জয়শ্রী (যন্ত্রস্থ)
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড [illegible] ২য় খণ্ড [illegible], ৩য় খণ্ড— ৪র্থ খণ্ড [illegible]
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—[illegible], ২য় খণ্ড [illegible], ৩য় খণ্ড—[illegible]
৭। শ্রীচৈতন্যমঙ্গল
৮। [illegible] [illegible] [illegible]
৯। বৈষ্ণবধর্ম
১০। গৌড়ীয় কণ্ঠহার
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (যন্ত্রস্থ)
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (যন্ত্রস্থ)
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)
১৫। বৈষ্ণবসাহিত্যে [illegible] [illegible]
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব
১৭। চৈতন্যোপনিষদ
১৮। বাক্য আদর্শ ।০
১৯। [illegible] ।০
২০। গৌড়ীয় গৌরব [illegible]
২১। গৌড়ীয়গীতা [illegible]
২২। [illegible] [illegible] [illegible]
২৩। শ্রীচৈতন্য-ভাগবত ও শ্রীনবদ্বীপধাম (যন্ত্রস্থ) ১
২৪। গীতা ([illegible] টীকা সহ) [illegible]
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) যন্ত্রস্থ। [illegible]
২৬। শ্রীনাম কেবল মাধব ভাষা [illegible]
২৭। [illegible] [illegible]: মাহাত্ম্য। [illegible]
২৮। [illegible] (সাহায্য) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (যন্ত্রস্থ) [illegible]
৩০। শ্রীল [illegible] [illegible] [illegible]
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) [illegible]
৩২। গোস্বামী রঘুনাথ দাস (যন্ত্রস্থ) [illegible]
৩৩। [illegible] [illegible] [illegible]
৩৪। ভক্তিরত্নাকর নবদ্বীপ-পরিক্রমা [illegible]
৩৫। শ্রীধামা [illegible]
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য [illegible]
৩৭। [illegible] [illegible] [illegible]
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ [illegible]
৩৯। শ্রীগোদ্রুমকল্পাটবী [illegible]
৪০। শরণাগতি [illegible]
৪১। গীতাবলী [illegible]
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা [illegible]
৪৩। সাধনকণ [illegible]
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা [illegible]
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) [illegible]
৪৯। ভক্তিতত্ত্ব [illegible]
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) [illegible]
৫১। বঙ্গসাহিত্য [illegible]
৫২। মণিমঞ্জরী (যন্ত্রস্থ)
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ [illegible]
৫৪। পুরুষার্থ নির্ণয়
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী [illegible]
৫৬। আত্মধর্ম ও ভক্তিপথ [illegible]
৫৭। ঈশোপনিষদ (যন্ত্রস্থ) ।০
৫৮। [illegible] [illegible]
৫৯। সিদ্ধান্তদর্পণ [illegible]
৬০। সাধ্যসাধন [illegible]

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ।০
৬৩। সটীক-[illegible] ।০
৬৪। [illegible] ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ [illegible]
৬৬। গৌড়ীয়বৈষ্ণব[illegible] [illegible]
৬৭। সারার্থবর্ষিণী [illegible]

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। [illegible] [illegible] [illegible] বেদান্ত ।০
৭০। নামভজন [illegible]
৭১। বেদান্ত—ইটস মরফলজী এণ্ড অন্টলজি ।০
৭২। [illegible] [illegible] [illegible]
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। [illegible]
৭৫। [illegible] [illegible] [illegible] [illegible]
৭৬। [illegible] [illegible] ।০
৭৭। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
৭৮। [illegible] [illegible]
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অন্য খণ্ড) [illegible]

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ [illegible]
৮২। কল্যাণ-কল্পতরু [illegible]
৮৩। গীতাবলী [illegible]
৮৪। শরণাগতি [illegible]

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি [illegible]

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত [illegible]

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ | ১৯ দামোদর ৪৫৪ গৌরাব্দ ১৮ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৭, ৪ঠা নভেম্বর খৃ: ১৯৪০, সোমবার | ১৯৮ তম সংখ্যা

"যেখানে হরিকথা নাই, সেস্থল যতই আত্মীয়-স্বজন-বেষ্টিত হউক না কেন, যতই বাসের সুবিধাজনক হউক না কেন, সেই সকল স্থান বা তাদৃশ জনসঙ্গ নিতান্ত অপ্রয়োজনীয়।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৯ দামোদর সর্বশিব সর্বধ্ন গৌরাব্দ ৪৫৪

হরিকথা-প্রসঙ্গ

শরীর দ্বারাই মানুষের ব্যক্তিগত চরিত্র প্রতিফলিত হয়। সেইজন্য অসংযম ত্যাগ করিয়া সংযমে জীবনযাপন করাই কর্তব্য। কৃষ্ণবিমুখ জীবের কর্তব্যজ্ঞানের অভাবে পরনিন্দা, পরচর্চা প্রভৃতি হৃদয়ে স্থান পায়। মহৎকে উল্লঙ্ঘন করিলে জীবের মঙ্গল হয় না। নিষ্কিঞ্চন মহাভাগবতের প্রতি মায়াবুদ্ধি বা তাঁহাদের অংশগণও নিজেকে বড় মনে করিয়া অনেকে অনেক প্রকার চাপল্য ও ধৃষ্টতা প্রদর্শন করেন। ঐ সকল চাপল্যের প্রশ্রয় দেওয়া বৈষ্ণব-সজ্জনগণের কর্তব্য না হইলেও নিষ্কিঞ্চন মহাভাগবতগণ বলেন যে, যদি কোন ব্যক্তি কাহারও প্রতি তাহার অসংযত প্রবৃত্তি চরিতার্থ করিয়া সুখী হইতে চান তবে তাঁহার সেই সুখে বাধা দিবার আবশ্যকতা কি? পর্বত যেরূপ প্রবলবেগবতী নদীস্রোতের আঘাত নিরন্তর সহ্য করে, কখনই উহার অববিকৃতি লক্ষিত হয় না, তদ্রূপ খলেরা মহতের প্রতি যতই বিগর্হিত বাক্য প্রয়োগ করুক, সাধুগণ তাহাতে অভিভূত হইয়া সেই সকলে বাধাপ্রদান করিতে ইচ্ছা করেন না। উহার দ্বারা পর্বতের যেমন সামর্থ্যাভাব প্রমাণিত হয় না, তদ্রূপ সাধুগণ ব্যক্তিগত আক্রমণে কোন প্রতিবাদ করেন না বলিয়া সেই নির্দোষ সাধুগণ দোষী বা অসমর্থ নহেন। কৃষ্ণশক্তি সাধুগণ যদি একটু ঐশ্বর্য্য প্রকাশ করেন, তাহা হইলে খলগণের সমস্ত কুনাট্য বিধ্বংসিত হইতে পারে, কিন্তু তাঁহারা এতই উদার যে, জগতের সুখী ব্যক্তির ক্ষণিক সুখে বাধা দিতে ইচ্ছা করেন না, পরন্তু তাঁহারা সমস্ত অকাতরে সহ্য করিয়া তাঁহাদের মঙ্গলের জন্য ভগবানের নিকট প্রার্থনা জ্ঞাপন করিয়া থাকেন। আমরা শাস্ত্রপাঠে আরও জানিতে পারি যে, ব্রাহ্মণগণ ঐহিক সম্মানকে যাবজ্জীবন বিষের ন্যায় জ্ঞান করিবেন এবং অবমাননাকে সর্বদা অমৃতবৎ আকাঙ্ক্ষা করিবেন। যেহেতু অপমান সহ্য করিতে শিখিলে লোকের অন্তরে সুখে নিদ্রা হয়, সুখে জাগরণ হয় ও সুখে বিচরণ করা যায়। পাপবশতঃ অপমানকারীর ঐহিক ও পারত্রিক উভয় সুখই বিনষ্ট হয়।

আধ্যক্ষিক বিচারে ছিদ্রান্বেষণতঃ বৈষ্ণব-বিদ্বেষরূপ গুরুতর অপরাধ করিয়াও কাহারও দোষ সাব্যস্ত করিবার পর তাহার ফলে উক্ত দোষের হিংসা ও মৎসরতা প্রণোদিত হইয়া নির্দোষ ব্যক্তিকে দোষী সাব্যস্ত করিতে প্রয়াসী হওয়া সঙ্গত নহে। বৈষ্ণব-বিদ্বেষ করিতে হইলে বৈষ্ণবাপরাধীদের আশ্রয় গ্রহণ করা সমীচীন মনে হইতে পারে; কিন্তু তাহাতে কোন সুফল উৎপন্ন হয় না। কামাদি রিপুবশবর্তিতা হইতেই হরিবৈমুখ্য বা বৈষ্ণববিদ্বেষ আসিয়া থাকে। বদ্ধজীবের পক্ষে উহা আপাতমধুর হইলেও উহা চরমে ভয়প্রদ ও আতঙ্কপ্রদ।

যেখানে শ্রীচৈতন্যদেব সেইখানেই শ্রীনিত্যানন্দ প্রভু। যেখানে ভক্তানন্দ অর্থাৎ আত্মেন্দ্রিয়তর্পণ কিংবা যেখানে জড়বাদীদের নির্বিশেষ আনন্দের কথা, সেখানে শ্রীচৈতন্য-নিত্যানন্দ নাই। শ্রীচৈতন্যের উপাসকগণ শ্রীনিত্যানন্দের আশ্রিত। যাঁহারা শ্রীচৈতন্যের দণ্ডে দীক্ষিত, তাঁহাদের বিভীষিকাদর্শন, জন্মমৃত্যু বা ভয় নাই। যেখানে কীর্ত্তন—অনুক্ষণ উচ্চকীর্ত্তনরূপ চেতনের ধর্ম প্রকাশিত। আত্মেন্দ্রিয়তর্পণ বা অনিত্যসুখের আশ্রয়গণ শ্রীচৈতন্যের উপাসক নহেন, তাঁহারা অচৈতন্যের উপাসক। শ্রীচৈতন্যের ধর্মে অচেতনধর্ম অর্থাৎ দেহ-মনোধর্ম নাই। সেখানে আছে কেবল নিত্যানন্দের সম্পূর্ণ আনুগত্য। যেখানে শ্রীনিত্যানন্দের আনুগত্যের পরিবর্তে আত্মেন্দ্রিয়-প্রীতি-বাঞ্ছারূপ আনন্দানন্দ বা কামের সংস্রব, সেখানে চেতনের ধর্ম প্রকাশিত হয় না কি, জানিতে হইবে। শ্রীনিত্যানন্দের শ্রীচরণ অন্যান্য রূপসেবানুশীলন ব্যতীত কোন ইতর বিষয়কে নিত্যানন্দ বলিয়া স্বীকার করেন না। যেখানে শ্রীচৈতন্যের ইন্দ্রিয়-তর্পণের পরিবর্তে পৃথগ্ভাবে অচৈতন্যের ইন্দ্রিয়তর্পণের চেষ্টা, সেখানে নিত্যানন্দ নাই। নিত্যানন্দের আশ্রিত হইতে না পারিলে—নিজেকে নিত্যানন্দের ভৃত্যানুভৃত্য বলিয়া না জানিলে নিত্যানন্দ কি করিয়া পাওয়া যাইবে? আমরা যদি নিত্যানন্দপাদপদ্মে আশ্রিত হইতে না পারি, তাহা হইলে আমাদিগকে অচৈতন্য ও অনিত্যানন্দের মধ্যে অভিনিবিষ্ট হইতেই হইবে।

যিনি কায়মনোবাক্যে নিখিল অবস্থায় হরির দাস্যে সতত চেষ্টাবিশিষ্ট, তিনিই জীবন্মুক্ত। জীবন্মুক্ত পুরুষগণ কৃষ্ণার্থে আত্মচেষ্ট। যতক্ষণ বিষয়িগণ কৃষ্ণেতর বিষয়ের বিষয়ী, আর ভক্তগণ একমাত্র পরম বিষয়—নিখিল আশ্রয়ের আশ্রিত বিষয় কৃষ্ণ-বস্তুর বিষয়ী অর্থাৎ কৃষ্ণাশ্রিত। ভুক্তি-মুক্তি সিদ্ধিকামী কুবিষয়িগণ অশান্ত। কৃষ্ণ-বিষয়ের বিষয়িগণ—ভক্তগণ 'নিষ্কাম, অতএব শান্ত'। কৃষ্ণে নিষ্ঠা ও কৃষ্ণের বিষয়ে তৃষ্ণা ত্যাগ শান্তের লক্ষণ। 'শম' [illegible] কৃষ্ণে নিষ্ঠা [illegible] না [illegible] কৃষ্ণেতর [illegible] কৃষ্ণের [illegible] করিবার জন্য [illegible] উৎপন্ন ও [illegible] নহে, [illegible]।

কৃষ্ণ আমায় পালে রাখে জান সর্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচায় জঞ্জাল॥

কর্ম্মী, জ্ঞানী, যোগী প্রভৃতি সকলেই অশান্ত; সুতরাং তাহারা কেহই গোস্বামী পদবাচ্য নহে। যাঁহারা ইন্দ্রিয়কে বশে আনিয়াছেন, তাঁহারাই গোস্বামী। বস্তুতঃপক্ষে কৃষ্ণভক্ত ব্যতীত আর অন্য কেহই 'গো' বশ করিতে পারে না। কৃষ্ণভক্ত ব্যতীত সকলেই অশান্ত। কৃষ্ণের ভক্ত তাঁহার বাধ্য ইন্দ্রিয়সমূহ কৃষ্ণসেবায় নিযুক্ত করিতে পারেন। কৃষ্ণভক্ত ব্যতীত অপরে লোকের নিকট নিজেকে গোস্বামী বলিয়া জাহির করিলেও তাঁহাদের সে যোগ্যতা নাই। যে ব্যক্তি নিষ্কপটে ভগবানের শরণাগত হয় নাই, সে কখনও 'গোস্বামী' বা গোস্বামী পদবাচ্য হইতে পারে না। শরণাগত ভগবদ্ভক্তগণ, সুতরাং তাঁহাদের ভগবচ্চরণাশ্রয় আলোচকদিগের পতন নাই। [illegible] ব্যক্তির পদস্খলন সম্ভাবনা, কিন্তু আশ্রিত বা প্রতিষ্ঠিত ব্যক্তির কখনও পদস্খলন হইতে পারে না। কৃষ্ণভক্ত সর্ব্বদাই কৃষ্ণসুখের জন্য [illegible] কৃষ্ণসুখের হরিনামের গোস্বামিগণ আদর্শ বর্ত্তমান। আর অভক্ত সর্ব্বদা নিজসুখের জন্য ব্যস্ত, তাহার ইন্দ্রিয়তর্পণই আত্মসুখের জন্য। অভক্তের আত্মসুখ [illegible] সিদ্ধিকামগণ আত্মোন্নতিসুখ প্রাপ্তির জন্য তাড়িত হইয়াছে। বিনা যাহার যোগায়, তিনি তাহার জন্য দাস না হইয়া থাকিতে পারেন না। কৃষ্ণের দাসগণ কৃষ্ণসুখতৎপর, আর ইন্দ্রিয়ের দাসগণ ইন্দ্রিয়সুখের জন্য লালায়িত।

'পর' শব্দে একমাত্র কৃষ্ণকেই বুঝায়। কৃষ্ণসম্বন্ধীয় বস্তুই পারকীয়। কৃষ্ণই যখন একমাত্র বিষয় এবং আর যাবতীয় সকলেই যখন আশ্রয়, তখন বিষয়বুদ্ধিক্রমে জীব স্বতন্ত্র আশ্রয় হইয়া যে নিজেকে পুরুষ বা ভোক্তা বলিয়া অভিমান করে, তাহা তাহার অজ্ঞান কৃষ্ণবিমুখতা ছাড়া আর কিছুই নহে।

ভগবানের শক্তির মধ্যে ইচ্ছাশক্তি, ক্রিয়াশক্তি ও জ্ঞানশক্তি কৃষ্ণের এই তিনটি প্রধান। ইচ্ছাশক্তিই হ্লাদিনীশক্তি, ক্রিয়াশক্তি—সন্ধিনীশক্তি এবং জ্ঞানশক্তি—সম্বিৎ। স্বয়ং কৃষ্ণ ইচ্ছা বা আনন্দশক্তির মালিক। শ্রীবাসুদেব সম্বিৎশক্তির প্রভু, আর শ্রীবলদেব সন্ধিনীশক্তির প্রভু। এক কৃষ্ণই এই ত্রিবিধ শক্তিশক্তির অধিষ্ঠাতা।

ভগবান্ সত্যযুগে শুক্লবর্ণ তপস্যায় যুক্ত হইয়া প্রকাশিত যে শুক্লবর্ণ চতুর্ভুজরূপে আবির্ভূত হইয়া জগৎকে দর্শন দিয়াছিলেন। ত্রেতায় তিনি রক্তবর্ণ চতুর্ভুজরূপে আবির্ভূত হন। দ্বাপরযুগে তিনি শ্রীকৃষ্ণমূর্ত্তিতে আবির্ভূত হইয়াছিলেন। সকল দ্বাপরেই স্বয়ং শ্রীকৃষ্ণ আবির্ভাব ঘটে না। শ্রীকৃষ্ণের পূর্ব্ববর্ত্তী অষ্টম দ্বাপরযুগে ভগবান্ শুকপক্ষবর্ণ অর্থাৎ হরিদ্বর্ণাদি গ্রহণ করিয়া জগতে অবতীর্ণ হইয়াছিলেন, এ কথা শাস্ত্রে দেখা যায়। সকল দ্বাপরে যেরূপ শ্রীকৃষ্ণ আবির্ভূত হন না, সকল কলিতে সেইরূপ শ্রীগৌরাঙ্গের অবতার হয় না। সাধারণ কলিতে ভগবান্ কৃষ্ণবর্ণ-দেহ ধারণ করিয়া আবির্ভূত হইয়া থাকেন। বৈবস্বত মন্বন্তরে অষ্টাবিংশ চতুর্যুগে দ্বাপরের শেষে যে কলিকাল, তাহাতে মহাপ্রভু পীতবর্ণ ধারণ করিয়া আবির্ভূত হন। বৈবস্বত মন্বন্তরের ৭১ যুগের মধ্যে ২৭ যুগ গত হইলে পর অষ্টাবিংশ চতুর্যুগে কৃষ্ণের প্রকটকাল। যে দ্বাপরে স্বয়ংরূপ কৃষ্ণ প্রকটিত হন, সেই কলিতেই শ্রীমহাপ্রভু অবতীর্ণ হইয়া থাকেন। সকল দ্বাপরে বা সকল কলিতে কৃষ্ণ ও গৌরসুন্দরের আবির্ভাব হয় না।

শ্রীকৃষ্ণের অন্তরাবাস, মধ্যাবাস ও বাহ্যাবাস এই তিনটী আবাসস্থানের কথা শুনা যায়। গোলোক বৃন্দাবন বা ব্রজই শ্রীকৃষ্ণের অন্তরাবাস বা অন্তঃপুর। বিষ্ণুলোক পরব্যোমই মধ্যাবাস এবং বাহ্যাবাস দেবীধাম।

কর্ম্ম ও ভক্তি

হরিগুরুবৈষ্ণবের প্রীতিবিধানকল্পে যাহা করা যায়, তাহার নাম ভক্তি। আর কর্ম্ম বলিতে যে সকল কার্য্য লোকে ইহকালে বা পরকালে অথবা স্বর্গে নিজ সুখভোগের আশায় কিংবা এই অনিত্য দেহকে 'আমি' বুদ্ধি করিয়া ইহার সম্পর্কে সম্পর্কিত আত্মীয়স্বজনের সুখের জন্য করিয়া থাকে, সেই গুলিকে বুঝায়। একই কার্য্য ক্ষেত্রবিশেষে কর্ম্ম হইতে পারে, অন্য ক্ষেত্রে ভক্তি হইতে পারে। বুদ্ধিবিচারে তাহার কর্ম্মত্ব বা ভক্তিত্ব। আমরা ভক্তিলাভের জন্য যত্ন করিতে গিয়া যে সকল কার্য্য করি, তাহাতে নিজসুখের লেশমাত্র থাকিলে তাহাকে ভক্তি বলা যাইবে না, তাহা কর্ম্ম-সংজ্ঞায় অভিহিত হইবে। আর গুরু-বৈষ্ণবের সুখের জন্য আমরা যে কোন কার্য্যই করি না কেন, তাহাই ভক্তি।

আমরা যদি কর্ম্ম করি, তবে আমরা কর্ম্মফল ভোগ করিতে বাধ্য; কারণ, আমরা কর্ম্মফলবাধ্য জীব। আর যদি ভক্তিলাভের জন্য—গুরুবৈষ্ণবের সুখের জন্য যত্ন করিয়া থাকি, তবে আমরা নিশ্চয়ই ভক্তিফল লাভ করিতে পারিব, তাহাতে কোন সন্দেহ নাই। ফল দেখিয়াই আমরা জানিতে পারি যে, আমরা সত্য সত্য ভক্তিলাভের জন্য যত্ন করিয়াছি কিনা। ভক্তির ফল ভগবদ্‌গুরু—গুরুবৈষ্ণবে উত্তরোত্তর প্রীতি বা আপনজ্ঞান। যেখানে তাহা পরিদৃষ্ট না হইয়া ভোগবাসনাই বাড়িতেছে সেখানে সমস্ত কার্য্যই কর্ম্মে পর্য্যবসিত হইতেছে বুঝিতে হইবে।

কর্ম্ম আমাদের বন্ধনযোগ্যতা বর্দ্ধন করিয়া আমাদিগকে সংসারী করায়। কর্ম্মে সুখভোগের সঙ্গে সঙ্গে দুঃখ অনুস্যূত আছে। কারণ, নিরবচ্ছিন্ন সুখ এই দেবীধামে নাই। পুণ্যফলে অর্থাৎ সুকর্ম্মফলে জীব স্বর্গাদিলোকে গমন করে বটে, কিন্তু সেই পুণ্য ক্ষয় হইয়া গেলে আবার সংসারলাভ করে।

ভক্তিই আমাদের আত্মার নিত্যবৃত্তি। ভগবান্ নিত্য চিদ্‌ঘনবিগ্রহ, জীবের স্বরূপও চিন্ময়। এস্থলে ভগবানে ও জীবে নিত্য সম্বন্ধ বর্ত্তমান। এ জগতে জীব অচিৎসংস্পর্শে স্বাতন্ত্র্যবশতঃ প্রাপ্ত হইয়া সংসারে ভ্রমণ করিতেছে। নির্ম্মল চিৎকণ জীবের একমাত্র কৃত্য ভগবৎসেবা। এই জ্ঞানের সন্ধান পাইয়া যখন আমরা শ্রদ্ধা সহকারে সদ্‌গুরুপাদপদ্ম আশ্রয় করিয়া শ্রবণ-কীর্ত্তনাদি ভক্ত্যঙ্গসমূহ যাজন করিতে থাকি, তখন তাহাতে যদি নিজসুখবাঞ্ছা না থাকে তবে ভজনক্রিয়াফলে সংসারক্ষয় হইয়া অনর্থনিবৃত্তি ঘটে। তখন নিষ্ঠা, রুচি, আসক্তিক্রমে আমরা শ্রীগুরুপাদপদ্মের অহৈতুকী কৃপায় জীবের নিত্যধর্ম্ম যে ভগবৎপ্রেম তাহা লাভ করিতে পারি। ভগবৎপ্রেমই জীবের পরমপুরুষার্থ—তাহাই ভক্তির চরম ফল। ভক্ত ধর্ম্ম, অর্থ, কাম—এই ত্রিবর্গাত্মক কর্ম্ম ও নির্ব্বিশেষ-ব্রহ্মজ্ঞানীর মোক্ষকে নরকসদৃশ মনে করেন। ভক্তিমানের নিকট চারিপুরুষার্থ অতি তুচ্ছ।

কর্ম্ম করিতে করিতে কখনও ভক্তিলাভ করা যায় না। কর্ম্মের ফলে সেবাকামনার পরিবর্ত্তে সংসারবাসনা বা নিজসুখবাসনা উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হয়। আবার ভক্তিকে কর্ম্ম মনে করা উচিত নয়। ভগবান্ আমাদের নিত্যসেব্য, সুতরাং আমাদের সকল ভোগবাঞ্ছা পরিত্যাগ করিয়া কায়মনোবাক্যে সর্ব্বতোভাবে তাঁহার প্রীতিবিধান করাই একমাত্র কর্ত্তব্য। ইহাই নিখিল চেতনের একমাত্র ধর্ম্ম।

কর্ম্মীর ভক্তাভিনয়কে মিশ্রা ভক্তিও বলা যায় না, উহা বিদ্ধা ভক্তি। যেমন বিদ্ধা একাদশী পরিত্যাজ্যা, সেইরূপ বিদ্ধা ভক্তিও ভোগ ও নিঃশ্রেয়সের উপায়রূপ আত্মপ্রবঞ্চনা বিশেষ। যেখানে ভগবদ্ভক্তির জন্য কেহ যত্নপর হইয়া ভগবানকে নিত্যসেব্যজ্ঞানে তাঁহার সেবাতেই মনোনিবেশ করিয়াছে, অথচ অনাদিবহির্ম্মুখতানিবন্ধন তাহার সংসারবাসনা সম্পূর্ণরূপে ক্ষয় হয় নাই, সেখানে যে ভক্তি তাহাই মিশ্রা ভক্তি। উহা ভক্তি, তবে কিছু কর্ম্মভাব উহার সহিত বিমিশ্রিত। সাধুসঙ্গ করিতে করিতে ঐ কর্ম্মভাবটুকু গুরুবৈষ্ণবের কৃপায় দূরীভূত হইয়া শুদ্ধা ভক্তি লাভ হয়। শ্রীধ্রুবমহারাজের জীবনী হইতে আমরা জানিতে পারি যে, যদিও তিনি রাজ্যলাভের জন্য ভগবানের আরাধনা করিয়াছিলেন, তাহা হইলেও তিনি পদ্ম-পলাশলোচন অনাথনাথ ভগবান্ আছেন ও তাঁহার প্রার্থনা তিনি নিশ্চয়ই শ্রবণ করিবেন—এই দৃঢ়বিশ্বাস বা শ্রদ্ধার বলে ও ভগবানের অহৈতুকী কৃপার আকাঙ্ক্ষা করিয়াছিলেন। কর্ম্মীদের অনুষ্ঠানরূপে অনিত্য ফলের আবাহন, অশ্রদ্ধা বা সংশয় করেন নাই। ভগবানের জন্য তাঁহার প্রাণ কাঁদিয়াছিল, তবে রাজ্যলাভরূপ বাসনা তাঁহার চিত্তে ছিল। পরে ভগবান্ কৃপা করিয়া তাঁহাকে দেবর্ষি নারদের সঙ্গসুযোগ দান করিয়া তাঁহার হৃদয়ের বস্তুপ্রাপ্তির বাসনা দূর করিয়া তাঁহাকে শুদ্ধা ভক্তি প্রদান করেন। প্রহ্লাদ মহারাজের ভক্তি আদৌ মিশ্রা ছিল না। গর্ভবাসকালেই তিনি দেবর্ষির সঙ্গ পাইয়াছিলেন বলিয়া ভগবৎ-সেবাকামনা ব্যতীত অন্য কোন কামনা তাঁহার চিত্তে স্থান পায় নাই। সাধুসঙ্গের এমনই ফল। যিনি যেরূপ সঙ্গ করেন, তাঁহার কামনাও তদ্রূপ এবং কামনা-অনুসারে ফললাভ হয়। সুতরাং অকপটে শ্রদ্ধা ও সাধুসঙ্গ ব্যতীত আমাদের শুদ্ধভক্তিলাভের অন্য কোন উপায় নাই। সেইজন্য এই দুইটী বস্তুলাভের জন্য এই জীবনে আপ্রাণ যত্ন করা আমাদের সকলেরই উচিত।

মাধ্বগৌড়ীয়মঠের উৎসব-৫

——::(০)::——

গত ২৫শে অক্টোবর, শুক্রবার শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিকের পর শ্রীগুরু-বৈষ্ণববন্দনা-কীর্ত্তনান্তে পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু শ্রীচৈতন্যভাগবত মধ্য খণ্ড তৃতীয় অধ্যায় হইতে শ্রীহাড়াই পণ্ডিত ও শ্রীপদ্মাবতী দেবীর বৈষ্ণব-সন্ন্যাসীকে পুত্র ভিক্ষা দিবার পর যে অবস্থা হইয়াছিল, তাহা ব্যাখ্যা করেন। ইহা প্রাকৃত বস্তুর অভাবের জন্য শোক নহে, পরন্তু ভগবদ্বস্তুর বিরহে শোক। সাধকের সেবকের যে বিরহচমৎকারিতা লাভ, তাহাই উক্ত প্রসঙ্গে বিষয় পাঠ করেন। অতঃপর শ্রীমঠ হইতে একটি নগর সংকীর্ত্তন বহির্গত হইয়া প্রাচী জয়কালী রোড, নবাবপুর রোড, মদনমোহন বসাক ষ্ট্রীট হইয়া শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করেন।

অপরাহ্ণে ইষ্টগোষ্ঠী-সভায় ত্রিদণ্ডিপ্রবর শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ জীবের স্বরূপ-পরিচয় সম্বন্ধে আলোচনা করেন। সন্ধ্যারাত্রিকের পর পুনরায় শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ শ্রীসনাতনশিক্ষা পাঠ ও ব্যাখ্যা করেন। ঐদিবস অধ্যাপক শ্রীযুক্ত সুরেশচন্দ্র বসু এম্, এ মহাশয় শ্রীল তীর্থ মহারাজের নিকট হরিকথা শ্রবণ করেন।

২৬শে অক্টোবর শনিবার উষঃকালে শ্রীবিনোদবাণীগৌরের মঙ্গলারাত্রিকের পর শ্রীগুরুবৈষ্ণববন্দনা কীর্ত্তন হয়। পরে শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীল নিত্যানন্দ প্রভুর বৈষ্ণব সন্ন্যাসীর সহিত তীর্থযাত্রা ব্যাখ্যা প্রসঙ্গে—

প্রভু কেন ছাড়ে যার কেন অনুরাগ?
বিষ্ণুবৈষ্ণবের এই অচিন্ত্য প্রভাব॥

এই পয়ারটি বিশেষভাবে ব্যাখ্যা ও আলোচনা করেন।

অপরাহ্ণে ইষ্টগোষ্ঠী-সভায় শ্রীগুরুবৈষ্ণব-বন্দনা কীর্ত্তনের পর পণ্ডিত শ্রীপাদ নবীন কৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু 'শ্রীদামোদরাষ্টক' ব্যাখ্যা ও আলোচনা করেন।

শ্রীবিগ্রহের সন্ধ্যারাত্রিকের পর শ্রীমঠের প্রশস্ত নাটমন্দিরে শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ বহু শিক্ষিত সজ্জনবৃন্দের সভায় সনাতনশিক্ষা পাঠ করেন। এতৎপ্রসঙ্গে জীবের সহিত ভগবানের যে নিত্যসম্বন্ধ বর্ত্তমান তাহা না জানায় জগতের অনিত্য বস্তুতে আসক্তি ও প্রীতি করাই তাহার স্বভাব হইয়া পড়িয়াছে এবং এই বিরূপের স্বভাব দূর করিতে হইলে সম্বন্ধজ্ঞানই যে একান্ত প্রয়োজন তাহা তিনি বহু দৃষ্টান্ত দ্বারা বুঝাইয়া দেন।

"কৃপা কর বৈষ্ণব ঠাকুর।
সম্বন্ধ জানিয়া, ভজিতে ভজিতে,
অভিমান হউ দূর॥"

সম্বন্ধজ্ঞান হইলেই ভজনক্রিয়া আরম্ভ হয় তখন গুরুবৈষ্ণবের চরণে হৃদয় হইতে এই প্রার্থনা স্বাভাবিকভাবে আসিয়া থাকে এবং বৈষ্ণবচরণে আত্মসমর্পণ করিয়া সতত তাঁহার কৃপা প্রার্থনা হইতে থাকে।

বিগত ২৭শে অক্টোবর, রবিবার উষঃকালে শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিকের পর শ্রীগুরু বৈষ্ণববন্দনা কীর্ত্তনান্তে পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু 'গৌড়ীয়' হইতে 'মাধুকরী ভিক্ষা' প্রবন্ধটি পাঠ ও ব্যাখ্যা করেন। অতঃপর কীর্ত্তনমুখে শ্রীমন্দিরপরিক্রমা হয়।

অপরাহ্ণে ইষ্টগোষ্ঠী-সভায় কীর্ত্তনাদির পর সমবেত ভক্তবৃন্দ 'শ্রীদামোদরাষ্টক' আবৃত্তি ও আলোচনা করেন।

শ্রীবিগ্রহের সন্ধ্যারাত্রিক এবং শ্রীগুরু-বৈষ্ণববন্দনা কীর্ত্তনাদির পর শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ শ্রীসনাতনশিক্ষা পাঠ ও ব্যাখ্যা করেন। একমাত্র সম্বন্ধজ্ঞানই স্বপ্রকাশ সূর্য্যের ন্যায় জীবকে ভজনোন্মুখ করিয়া অর্থাৎ পঞ্চতত্ত্বাত্মক শ্রীগৌরসুন্দরের সেবায় উন্মুখ করাইয়া থাকে, অন্যথা মায়ার অন্ধকারে পড়িয়া অনন্তজীবন ত্রিতাপজ্বালায় জর্জ্জরিত হইতে হয়, ইহা দীর্ঘ ভাষায় ব্যাখ্যা করেন—

"কৃষ্ণ সূর্য্যসম, মায়া হয় অন্ধকার।
যাঁহা কৃষ্ণ, তাঁহা নাহি মায়ার অধিকার॥"

বিগত ২৮শে অক্টোবর, সোমবার শ্রীবিনোদবাণীগৌরের মঙ্গলারাত্রিকের পর শ্রীগুরুবৈষ্ণববন্দনা কীর্ত্তন হয়। অতঃপর পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য-পুরাণ-রামতীর্থ মহোদয় শ্রীহাড়াই পণ্ডিত ও বৈষ্ণবসন্ন্যাসীর উপাখ্যান পাঠ করেন। অতিথিরূপী বৈষ্ণবসন্ন্যাসীকে জীবন সর্ব্বস্ব প্রাণপ্রিয়তম পুত্রকে সমর্পণ করিয়া কিরূপে অতিথিসৎকার করিতে হয়, তাহার ব্যাখ্যা ও আলোচনা করেন। অতঃপর শ্রীল তীর্থ গোস্বামী মহারাজের কৃপাদেশে শ্রীপাদ নবীনকৃষ্ণ প্রভু নব-প্রকাশিত ১২।১৩শ সংখ্যা গৌড়ীয় হইতে অতিথিসেবা-প্রসঙ্গ পাঠ করেন।

শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ কৃপাপূর্ব্বক স্বয়ং উপস্থিত থাকিয়া অতিথিসৎকার যে প্রত্যেক গৃহস্থের এবং মঠবাসীর অবশ্য কর্ত্তব্য এবং ইহা যে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব, নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ এবং ওঁ বিষ্ণুপাদ সচ্চিদানন্দ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সাক্ষাৎ কৃপাদেশ তাহা বিশেষভাবে বুঝাইয়া দেন। অতঃপর পঞ্চতত্ত্ব-কীর্ত্তনমুখে শ্রীমন্দিরপরিক্রমা হয়।

সন্ধ্যায় শ্রীবিগ্রহের আরাত্রিক ও গুরুবৈষ্ণববন্দনা কীর্ত্তনান্তে শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ শ্রীচৈতন্যচরিতামৃত হইতে সনাতন-শিক্ষা ব্যাখ্যা প্রসঙ্গে বলেন পরব্রহ্ম শ্রীকৃষ্ণবিগ্রহ নিত্য। সম্বন্ধ অভিধেয় ও প্রয়োজন এই তিন তত্ত্বের জ্ঞান না হইলে চিন্ময়বিগ্রহ শ্রীকৃষ্ণের রূপ উপলব্ধি হয় না।

স্মেরাং ভঙ্গিত্রয়পরিচিতাং সাচিবিস্তীর্ণ-দৃষ্টিং
বংশীন্যস্তাধরকিশলয়ামুজ্জ্বলাং চন্দ্রকেণ।
গোবিন্দাখ্যাং হরিতনুমিতঃ কেশী-তীর্থোপকণ্ঠে
মা প্রেক্ষিষ্ঠাস্তব যদি সখে বন্ধুসঙ্গেঽস্তি রঙ্গঃ॥

এই শ্লোকটি তিনি অতি সুন্দররূপে ব্যাখ্যা করেন। সংসার-কারাগার, অসৎসঙ্গ বা বন্ধুরূপ কুমার্গকারীর (দুষ্কার) অতি আদর, বন্ধনাধার (শ্রীকার দয়ার কপাট) যেন এবং শেষ বিষয়াসক্তিরূপ কোট-কবল তাহাদের অভিনয় দ্বারা শ্রীল সনাতন গোস্বামী প্রভু যে আমাদিগকে ভজনবিষয়ের কথা জানাইয়া গিয়াছেন এবং সনাতনবন্ধু শ্রীগুরু গৌরাঙ্গের শ্রীচরণে শরণাগতির দ্বারাই যে দুরত্যয় মায়া অতিক্রম করিয়া তাঁহাদের অশোক অভয় পাদপদ্মে পৌঁছাইতে পারা যায়, ইহাও অতি প্রাঞ্জল ভাষায় বুঝাইয়া দেন।

পাঠসমাপ্তির পর "রাধাকৃষ্ণ বল্ বল্" গীতি ও 'মহামন্ত্র' কীর্ত্তন হয়। অতঃপর গোপেশ্বর শ্রীল নরহরি সরকার ঠাকুরের তিরোভাব উৎসব উপলক্ষে উপস্থিত প্রায় তিনশতাধিক ব্রাহ্মণ ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। দামোদর মাসে শ্রীমাধ্ব-গৌড়ীয়মঠের বার্ষিক উৎসব উপলক্ষে হরিনাম ও হরিকথারূপ মহৌষধ ও মহা-প্রসাদরূপ পথ্য প্রচারে ব্যক্তিগণকে প্রচুর পরিমাণে বিতরিত হওয়ায় সুকৃতিমান ব্যক্তিগণ ধন্য হইতেছেন।

শ্রীধামে শ্রীগোবর্দ্ধন পূজা

পরমারাধ্যতম পাতকপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় শ্রীব্রজমণ্ডলান্তর্গত শ্রীনবদ্বীপমণ্ডলান্তর্গত শ্রীধামমায়াপুরস্থ আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠ, শ্রীযোগপীঠ শ্রীমন্দির ও অন্যান্য মঠসমূহে শ্রীশ্রীগোবর্দ্ধন-পূজা হরিসংকীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে মঙ্গলারাত্রিকের পর গুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজন-পদাবলী কীর্ত্তন হইলে শ্রীচৈতন্যমঠ নাট্য-মন্দিরে শ্রীপাদ অরবিন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীল মাধবেন্দ্র পুরীপাদের কৃপা ও সেবাদর্শের কথা অনেকক্ষণ যাবৎ আলোচনা করেন। তৎপরে শ্রীমঠবাসী ভক্তবৃন্দ উচ্চসংকীর্ত্তন করিতে করিতে শ্রীঅন্তর্দ্বীপপরিক্রমা করেন। পরিক্রমার পর শ্রীমন্দিরাঙ্গনে পাঠাদি হইতে থাকে। মধ্যাহ্নে শ্রীপাদ নন্দকিশোর দাস ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীল মাধবেন্দ্র পুরীপাদের কথা পাঠ করেন। অনন্তর শ্রীগোবর্দ্ধনপূজা ও ঠাকুরের বিবিধ প্রকার ভোগ হয়। অপরাহ্ণে অন্যান্য দলের ন্যায় ভক্তবর্গের উপদেশাবলী আলোচনা হয়। এতদ্ব্যতীত প্রকাশ্য শ্রীগোবর্দ্ধনপূজা সম্বন্ধে শ্রীল আচার্য্যদেবের উপদেশ আলোচনা করেন। সন্ধ্যার পর শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতনশিক্ষা-পাঠমুখে সাধুসঙ্গের মাহাত্ম্য আলোচিত হয়। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইয়াছিল।

শ্রীকৃষ্ণচৈতন্যমঠে উর্জ্জাব্রত

পরমারাধ্যতম পাতকপাবন গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তি-প্রমোদ পুরী গোস্বামী ঠাকুরের আশ্রিত শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা শ্রীধামবৃন্দাবনস্থ শ্রীকৃষ্ণচৈতন্যমঠে অহঃকীর্ত্তনমুখে উর্জ্জাব্রত আরম্ভ হইয়াছে। প্রত্যহ মঙ্গলারাত্রিকান্তে শ্রীশ্রীগুরুবৈষ্ণববন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব, শ্রীদামোদরাষ্টক ও মহাজনপদাবলী অনু-কীর্ত্তনের পর ভক্তগণ অপরাহ্ণে ও সন্ধ্যায় শ্রীচৈতন্যচরিতামৃত ও ভাগবত গ্রন্থ পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। শ্রীধামের [illegible] হইতে বহু সংখ্যক [illegible] তৈর্থ সেবকবৃন্দ [illegible] কীর্ত্তন, [illegible] ও শ্রীল [illegible] বিপুলভাবে কীর্ত্তন করিতেছেন।

অন্তর্ভুক্ত-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন ব বড়বাজার [illegible]
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী বি-এল

৩। শ্রীযোগমায়াপুর পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]চরণ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস ব্রজবাসী

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমদনানন্দ ব্রহ্মচারী

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) স্বানন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) [illegible] গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীচৈতন্য দাস অধিকারী

(১৩) [illegible]দ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৪) [illegible]-গৌড়ীয়মঠাশ্রম
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
[illegible]পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

১৭। কৃষ্ণকুটির
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) ভাগবত-আশ্রম
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) [illegible]
গোবিন্দপুর, পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট
কাটালপুলি, পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(২১) বাগবাজার গৌড়ীয়মঠাশ্রম
সেবক—শ্রী[illegible]চরণ ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible]নাথ দাসাধিকারী

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালগৌড়ীয়মঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(২৫) [illegible]-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রী[illegible]দাস অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible]বিগ্রহ বিদ্যারত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রী[illegible]মোহন দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩০) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জঃ সাহারাণপুর, ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড গয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

৩৩) শ্রীসনাতন গৌড়ীয় মঠ
[illegible], বেনারস সিটি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী বি-এ

(৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible] (ইউ পি)
শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
[illegible] পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

৩৭। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনিরঞ্জন ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য[illegible]পীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

(৩৯) [illegible]-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৪১) রাধাকুণ্ড [illegible]
সেবক—শ্রী[illegible] ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন-মঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] দাস

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রী[illegible] দাস

(৪৪) গোকুলবিহারী মঠ—[illegible]
পোঃ [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৪৫। সারস্বত গৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, জেলা কর্ণাল, পাঞ্জাব
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড, নিউ দিল্লী
সেবক—শ্রী[illegible] ভক্তশাস্ত্রী

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible]
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ [illegible] মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], গোদাবরী মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৫০। [illegible] গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (পুরী)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

৫১। [illegible] মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৫২। [illegible]
সেবক—শ্রীচিদ্‌ঘনানন্দ ব্রহ্মচারী

৫৩ [illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৪) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ
[illegible] পোঃ [illegible] (উড়িষ্যা)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

৫৭। শ্রী[illegible] গৌড়ীয়-আশ্রম-মঠ
পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible], মেদিনীপুর
সেবক—শ্রীদীনহীন দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ দাসাধিকারী

(৬০) [illegible] প্রপন্নাশ্রম
পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible]চৈতন্য দাসাধিকারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৬২। রেঙ্গুন গৌড়ীয়মঠ
৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

(৬৩) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible] রোড
[illegible], লণ্ডন, [illegible]
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

৬৪। গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ আফিস
[illegible], [illegible] (ইউ-পি)
সেবক—শ্রী[illegible]ানন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ আফিস,
[illegible]পুর (পাঞ্জাব)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) [illegible]
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীঅনন্তগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	।০
" ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৩৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৩৲		৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি করিলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	১।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮
" এক কলম ৩৬৲	৩০

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		
ষাণ্মাসিক	"	৫
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা [illegible] বিশেষ সংখ্যাটি [illegible]।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জী ও সংক্ষিপ্ত চরিত্র গ্রন্থ প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জীসমূহ সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সহজ সরল প্রণালীটি ইহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া অনেকেই [illegible] ও পরম উপকৃত হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল। গ্রন্থটী পাইকা টাইপে অ্যান্টিক কাগজে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—মধুবা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ [illegible], [illegible], ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের দ্বারা যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের [illegible] বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় [illegible] সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ভাষা ও [illegible] অতি মনোরম। ইহাতে ১০০টী উপাখ্যান, প্রবাদ ও [illegible] চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১।০ আনা। প্রাপ্তিস্থান—মধুবা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ [illegible], [illegible], ঢাকা।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদ্যাবলী শ্রীল আচার্য্যদেবের রচিত "[illegible]" নামক [illegible] সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র আট আনা।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

[illegible]

[illegible] স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ [illegible]। [illegible] বিদেশী ছাত্রগণের জন্য [illegible] সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। আহার ও [illegible] মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয় [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় [illegible] করিয়াছে। [illegible] বৎসর [illegible] জন বালকের মধ্যে [illegible] জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

[illegible] ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় [illegible]: এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব [illegible] গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ইহার ভিক্ষা মাত্র ৫৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত [illegible] ভক্তিশাস্ত্রী, [illegible], শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীমদ্ভগবদ্গীতা

[illegible] মহামহোপাধ্যায় অধ্যাপক শ্রীল [illegible] [illegible], [illegible] এবং [illegible] শ্রীল [illegible] এই অপূর্ব্ব [illegible] সংস্করণ প্রকাশিত করিয়া [illegible] প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, [illegible] আছে তাহা [illegible]। [illegible] অধ্যায়ের [illegible] অধ্যায়ের [illegible] [illegible], [illegible] শ্রীল [illegible] সুবোধিনী টীকা, এ টীকার [illegible] পাওয়া যায়। [illegible] প্রভুর [illegible] হইতে পারিবেন, সন্দেহ নাই। [illegible] আকারে প্রায় [illegible] পৃষ্ঠায় [illegible] সম্পূর্ণ হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান—[illegible], শ্রীমায়াপুর, নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে ... শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। ... ঠাকুরের জীবনচরিত ... [illegible] ... শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যদেবের অনুগত ... শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক লিখিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবন ... ঠাকুরের বহু দুষ্প্রাপ্য চিত্রাবলীর সহিত প্রকাশিত হইয়াছে। ... মূল্য মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গৌড়ীয়মঠ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

... কলেজের ... প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল ... শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ... বৈষ্ণবাচার্য্য ... গবেষণাপূর্ণ এবং ... আস্বাদন করিয়া ... ভক্ত ও ভগবানের শ্রীচরণ-পাদে ... । ... ও বিবিধ চিত্র-সম্বলিত। ... শ্রীমন্মহাপ্রভুর ... আলোচনা। ... শ্রীপাদ ... গোস্বামী ... (Foreword), ... (Preface), বিষয় তালিকা (Contents) ও ... (Index Glossary) সহ ... প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, ... মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর, জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট

যাতায়াতের ট্রেনের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৬-২৬	৬-২১	৭-১৪	১১-৩	১৩-১৬	১৬-৫৬	১৭-২৬	২২-৪৬
ব্যাণ্ডেল		৬-৫৬	৮-৩১	৭-২৮	১০-১৮	১৩-২০	১৮-৩	২২ ৪২
কালনাঘাট পৌঃ	৬-১৬	৮ ১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১০-৫৫	০-২৮
... ছাঃ	৬-২৮	৮-৮	৯-৫৩	১৩-৫৫	১৫ ৫	১৮-১৬	১৯-৪০	০-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭ ৫	৮-৪০	১০-৬	১০-১৪	১৫-৪১	১৯-১৭	২০-১৫	১-৪২

(শহর) ছাঃ ৭-১০	১০-১১	১৭-৫৮	২০-৫০
নবদ্বীপঘাট পৌঃ ৭ ৪৮	১০ ৫৯	১৮-১৭	২১ ১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১ ৬
ব্যাণ্ডেল ,,	১২-১৮
কালনাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	২-৫-০
শান্তিপুর পৌঃ	১১-২৮
(শহর) ছাঃ	১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	৪-১৪

ডাউন

শান্তিপুর

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৬	১১-৪	১৭-২২	১৩ ৮	১৮ ৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৩১	৮-৬৪	১২-১২	১৫-০	১৩ ৫৩	১৯-১০

ছাঃ	৭-১০	৮-৫২	১১-৫৭	১১-১০	১৬ ৫৬	১৯-২	২০-৪১	৩-৩১
কালনাঘাট পৌঃ	৭-৪৫	৯ ১৫	১২-১৬	১৫-৫০	১৭-৫০	২০ ৬	২১ ১৯	৪-১০
(কালনা) ছাঃ	৭-৫৬	৯-৩০	১২-৫৭	১৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৪	৪ ১৮
ব্যাণ্ডেল		১১-৮		১৭ ১৩	১৯-১৯	২১-২৬	২৩ ৫	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪-৩৬	১৭-৪০	২০-২৬	২২-৫৭	২৩-১৫	৬-১৬

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—:(০)—

১। শ্রীনবদ্বীপপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বঙ্গের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। ... পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ... কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর ... অবস্থিত। এখান হইতে উৎকৃষ্ট ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

... অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় ... অত্যন্ত অধিক। ... সংযুক্ত কালাজ্বর এবং নূতন ... একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ... ছোট বোতল ... আনা, বড় বোতল ১৮/০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—... উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

... ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—প্রকাশ শ্রীমায়াপুর

REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ খণ্ড মায়াপুর ১৯শে কার্ত্তিক ১৩৪৭, ৫ই নভেম্বর, ১৯৪০ মঙ্গলবার ১৯৯তম সংখ্যা

নানা-সংবাদ

—::(০)::—

জার্ম্মাণ-বন্দরে প্রচণ্ড বোমাবর্ষণ

একটি ইস্তাহারে প্রকাশ, বৃটিশ বোমারু বিমানবাহিনী কতকগুলি জার্ম্মাণ বন্দর ও জার্ম্মাণ-অধিকৃত বন্দরের উপর প্রচণ্ডভাবে বোমাবর্ষণ করিয়াছে। বিমানবিভাগের আর একটি ইস্তাহারে প্রকাশ, কিয়েল, উইলহেলমসহাভেন, ব্রিমেন, হামবুর্গ এমডেন ও কুক্সহাভেন প্রভৃতি বন্দরই আক্রমণের প্রধান লক্ষ্যস্থল ছিল। কতকগুলি বৃটিশ বিমান বোলোন-বন্দরে জাহাজসমূহের উপর আক্রমণ চালায়। অপর কতকগুলি বিমান হামবুর্গ ও কলোনের তৈলের কারখানার উপর বোমা ফেলিয়া সেই স্থানে আগুন ধরাইয়া দেয়। তাহা ছাড়া জার্ম্মাণী ও জার্ম্মাণ-অধিকৃত রাজ্যসমূহের ১১টি বিমানঘাঁটি, অন্যান্য বিমানবহরের যোগাযোগ ঘাঁটি এবং ফ্লাশিং, কলোন, ওস্টেণ্ড ও হ্যানোভারের রেলওয়ে কেন্দ্রসমূহের উপরও আক্রমণ চালান হয়।

গত ২৯শে অক্টোবর বিমান-বিভাগ ঘোষণা করিয়াছেন যে, রাজকীয় বিমানবাহিনী জার্ম্মাণীতে সামরিক লক্ষ্যস্থলসমূহের উপর, জার্ম্মাণ-অধিকৃত রাজ্যসমূহের বিমানঘাঁটি ও বন্দরসমূহের উপর সাফল্যের সহিত আক্রমণ চালাইয়াছে। রাজকীয় বিমান-বাহিনীর বিমানসমূহ বোলোন-এ জার্ম্মাণ ঘাঁটিসমূহের উপরও পুনরায় বোমাবর্ষণ করে। নীচে আলোর অভাবের দরুণ বোমাবর্ষণের ফলাফল দেখা কঠিন ছিল। বৃটিশ-বিমানগুলি ইটালিয়ান আকাশে বন্দরে একটি জাহাজ ও নৌ-বিভাগীয় ৫৫ কো-টীন ব্যাংকের উপর বোমা ফেলিয়া উহাদের যথেষ্ট ক্ষতিসাধন করে। কারখানার উপরও বোমা ফেলা হয় এবং ফলে অনেক স্থানে আগুন লাগে। রাজকীয় বিমানবাহিনীর ইস্তাহারে প্রকাশিত হইয়াছে যে, মা ল্টা র উ প রে ই তা লী য় ও বৃটিশ বিমানসমূহের মধ্যে এক সংঘর্ষের ফলে দো ... ই টি শত্রুপক্ষীয় বিমান ধ্বংস হয়। ইস্তাহারে আরও বলা হইয়াছে যে গত সপ্তাহের শেষে কোন বৃটিশ-বিমান নষ্ট হয় নাই।

পণ্ডিত নেহেরুর গ্রেপ্তার

জানিতে পারা গিয়াছে যে, গোরক্ষপুরে আপত্তিকর বক্তৃতা প্রদানের জন্য পণ্ডিত নেহেরুকে ভারতরক্ষা-বিধির ৩৮ (১)ক ধারা অনুযায়ী গ্রেপ্তার করা হইয়াছে। গোরক্ষপুরের জেলা ম্যাজিষ্ট্রেট ২৮শে অক্টোবর গ্রেপ্তারী পরোয়ানা জারী করেন। গোরক্ষপুরে পণ্ডিত নেহেরুর বিচার হইবে। ঠিক ১০-৪০ মিনিটের সময় এলাহাবাদের সিটী পুলিশ সুপারিন্টেণ্ডেণ্ট মিঃ এস, এন, আগা পুলিশ সুপারিন্টেণ্ডেণ্টের গৃহ হইতে পণ্ডিত নেহেরুকে লইয়া মোটরে গোরক্ষপুর যাত্রা করেন। তাঁহারা হয় মোটরেই গোরক্ষপুর গমন করিবেন অথবা পথিমধ্যে ট্রেনে আরোহণ করিয়া গোরক্ষপুর যাইতে পারেন। পণ্ডিত নেহেরু গোরক্ষপুর যাত্রার পূর্ব্বে তাঁহার দুই ভগিনী শ্রীযুক্তা বিজয়লক্ষ্মী পণ্ডিত এবং শ্রীযুক্তা কৃষ্ণা হাতি সিং ও মিঃ র'ফি আমেদ কিদোয়াইকে পুলিশ সুপারিন্টেণ্ডেণ্টের গৃহে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে দেওয়া হয়। যুক্ত প্রদেশের কংগ্রেস-সমিতির সম্পাদক শ্রীযুক্ত লালবাহাদুর শাস্ত্রী এবং শ্রীযুক্ত অচ্যুত পটবর্দ্ধনকেও সাক্ষাৎ করিতে দেওয়া হয়। গোরক্ষপুর যাত্রার পূর্ব্বে পণ্ডিত নেহেরু পুলিশ সুপারিন্টেণ্ডেণ্টের সহিত একত্রে আহার করেন, সেই সময় জিলা ম্যাজিষ্ট্রেটও উপস্থিত ছিলেন।

শত্রু-অধিকৃত অঞ্চলে বোমাবর্ষণ

বৃটিশ বোমারুবিমানগুলি গত ৩০শে অক্টোবর দিবাভাগে চেরবুর্গ পোতাশ্রয় এবং ফরাসী উপকূলের অন্যান্য স্থানে আক্রমণ করে। চেরবুর্গ ডকের পার্শ্বে গুদামগুলির উপর বোমা পড়ে। সমুদ্রে ৩ খানা ট্রলারের মধ্যে কতকগুলি বোমা নিক্ষেপ হয়। রাত্রিতে আক্রমণ নিয়ন্ত্রিত করা হইলেও এন্টওয়ার্প এবং ফ্লাশিং এর ডকে প্রচুর বোমাবর্ষণ করা হয় এবং এমডেনের নৌঘাঁটিও প্রবলভাবে আক্রান্ত হয়। ১খানা শত্রু-বিমান ধ্বংস হইয়াছে এবং ১খানি বৃটিশ বিমানের সন্ধান পাওয়া যায় নাই।

ইটালিয়ান সোমালিল্যাণ্ডে বিমান-আক্রমণ

দক্ষিণ আফ্রিকার বিমানবাহিনী অক্টোবর [illegible] (ইটালীয়ান সোমালিল্যাণ্ড) এক সামরিক ঘাঁটি আক্রমণ করে। এক ইস্তাহারে বলা হইয়াছে, লক্ষ্যস্থানে সুপরিষ্কার ভাবে বোমা পড়ে। দক্ষিণ আফ্রিকার বিমানবাহিনী অন্যত্র বিমান পর্য্যবেক্ষণ কার্য্য চালায়। সকল বিমানই নিরাপদে ফিরিয়া আসে।

জার্ম্মাণ-বন্দরের উপর আক্রমণ

বৃটিশ বিমান-বিভাগের ইস্তাহারে প্রকাশ, গত ৩০শে অক্টোবর রাত্রিতে আবহাওয়ার অবস্থা প্রতিকূল থাকিলেও কতিপয় বোমারু বৃটিশ বিমান আবার জার্ম্মাণীর বিভিন্ন অংশের উপর কর্ম্মতৎপরতা প্রদর্শন করে।

বৃটেনের জন্য বহু সংখ্যক মালবাহী জাহাজ

ট্রেজারি-বিভাগের সেক্রেটারী মিঃ মোর্গেনথাউ প্রকাশ করিয়াছেন যে, বৃটিশ-সরকার মার্কিণ যুক্তরাষ্ট্রের নিকট বহু সংখ্যক মালবাহী জাহাজের অর্ডার দিয়াছেন। তিনি বলেন, এই অর্ডারের ফলে মার্কিণ যুক্তরাষ্ট্রে কেবলমাত্র বৃটিশের ব্যবহারের জন্য একটি নূতন জাহাজ নির্ম্মাণের ইয়ার্ড নির্ম্মাণ করিতে হইবে কিনা, তাহা তিনি বলিতে পারেন না। তিনি সকল তথ্য আপাততঃ গোপন রাখেন। তিনি কেবলমাত্র ইহাই বলেন যে, বৃটিশ-সরকার বহুসংখ্যক এক প্রকার মালবাহী জাহাজের অর্ডার দিয়াছেন।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৬৸০ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, বাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত—[illegible] একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয় শ্রীনন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

শ্রীশ্রীমদ্‌-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। [illegible] শ্রীশ্রীল [illegible] পুরী গোস্বামী প্রভুপাদের [illegible] [illegible] ও [illegible] [illegible] এই গ্রন্থে প্রকাশিত হইল। শ্রীশ্রীমদ্ [illegible] [illegible] আচার্য্যবর্গের [illegible] অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ [illegible] [illegible]ই অভ্যসনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের গ্রন্থের [illegible] বিরাট [illegible] কলেবর, [illegible], [illegible], [illegible], [illegible], [illegible] শ্রীগৌড়ীয়মঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

সটীক শরণাগতি

ঠাকুর শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ [illegible] 'শরণাগতি'র 'বিবৃতি'টীকা, [illegible] [illegible] ও [illegible] [illegible] [illegible] গৌড়ীয়-মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীভক্তিকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
অধ্যাপক সুন্দরানন্দ দাস এম্‌-এ, বি-এল্‌,
পুরাণাপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত, —প্রথম ... ৮০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। আনুষঙ্গ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অধীনা) ৯৲
৩। ভাগবতসার শ্রীচৈতন্যচরিতামৃত ৩
৪। সরস্বতী কবচ (অধীনা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১॥০
৯। বৈষ্ণবদর্শন ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসিদ্ধান্ত [illegible] ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব
১৭। বৈষ্ণব-[illegible]
১৮। ব্রাহ্মণ-[illegible]
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ৷৵০
২১। গৌড়ীয়গীতিকা ৷৵০
২২। [illegible] ৷
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপধাম (বাঁধা) ১৲
২৪। গীতা [illegible] (বাঁধা) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ১
অধীনা। ১
২৬। গীতার [illegible] ভাষা
২৭। প্রেমবিবর্ত্ত গদ্যোপাধিঃ সারসংগ্রহ ১
২৮। [illegible] (সারার্থ) ৷
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸
৩০। দীপ-[illegible] ৶
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷
৩৩। [illegible]-প্রণামালা ৷
৩৪। [illegible] নবদ্বীপ-পরিক্রমা ৶
৩৫। গীতমালা ৴৹
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ৫ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু
৪০। নবদ্বীপশতক
৪১। গীতাবলী
৪২। শ্রীচৈতন্যমঙ্গল পারিজাত
৪৩। সাধনকণা
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপধাম
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। আত্মকথা ৶৹
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড) ৬
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সারার্থ) ০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ নির্ণয় ।০
৫৫। [illegible] বা [illegible] ০
৫৬। ভাগবত ও ভক্তিপথ ৶০
৫৭। উপদেশামৃত (অন্বয়ার্থসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবেণু ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাধনপ্রণালী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিবিধাঃ ।০
৬৩। সটীক-[illegible] ।০
৬৪। [illegible] ।০
৬৫। সাধনায় সিদ্ধান্ত ৶০
৬৬। গৌড়ীয়মতপরিচয়ঃ ৴০
৬৭। [illegible] ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। [illegible] ।০
৭০। [illegible] ৴০
৭১। বেদান্ত—উইথ সরস্বতী ডাঃ অর্চনা ।০
৭২। [illegible] ৷৵০
৭৩। [illegible] শ্রীচৈতন্য মহাপ্রভু ।
৭৪। [illegible] ।
৭৫। [illegible] ৴
৭৬। [illegible] ।
৭৭। [illegible] ।৭
৭৮। ব্রহ্মসংহিতা ২৸৭
৭৯। শ্রীচৈতন্য [illegible] ।৬৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীচৈতন্যভাগবত ।৭
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ।০
৮৪। শরণাগতি ৴৬

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ।

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যভাগবত ৬

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত   ... জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

১৫ বর্ষ | ২০ দামোদর ৪৪৪ গৌরাব্দ ১০শে কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৩৭, ৫ই নভেম্বর খৃঃ ১৯৩০, বুধবার ১২৯ সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২০ দামোদর ঋতু প্রথম গৌরাব্দ ৪৪৪

সংকীর্ত্তন

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সংকলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীগৌরকিশোরের অপার্থিব বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমহংসাগ্রণী জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীমুখোক্ত কথামৃত [illegible] পণ্ডিত ও মনীষী [illegible] যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার ভক্তসিদ্ধান্তপূর্ণ সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবর্গের জগতে অতুলনীয় মহাবদান্যে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তপূর্ণ অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের গ্রন্থের আকর বিরাট সংস্করণ কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, অনুবাদ, প্রতিপাদ্য নির্দ্দেশ, অধ্যায়বর্ণন, স্থানসূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা, নিবন্ধের ব্যাখ্যা, ভূমিকা ও সূচীসহ অপূর্ব্ব সুন্দর সংস্করণে গৌড়ীয়-মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
শ্রীযুক্ত সুশীলরঞ্জন রায় এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত, —বঙ্গ ৳০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অমৃতপ্রবাহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অধীনা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩
৪। প্রমেয়ী পত্রী (অধীনা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড— ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম
১০। গৌড়ীয় কণ্ঠহার
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বামন-আনুষ্ঠ ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। গৌড়ীয়সাহিত্য ।৵০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীনবদ্বীপধাম (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ৩৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অধীনা) ১৲
২৬। গীতার কেবল বাংলা ভাষা ৷০
২৭। প্রকৃতিরসাম্যসংগ্রহঃ (সানুবাদ) ১৲
২৮। বেদান্তদর্শন (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)
(বাঁধা ৸০
৩০। শ্রীপ-বিন্দু-তত্ত্ব ৷০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-প্রমাণ ৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৷০
৩৫। গীতমালা ৵০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৷০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৷০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷
৩৯। শ্রীগোদ্রুমচন্দ্রভজনোপদেশ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চনতত্ত্ব
৪৭। শ্যামানন্দরসিক
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অহ্নিক ৵১
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৩
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। অবতারাবলী বা সারাবলম্বনসূত্রী ৷
৫৬। আমরণ ও ভক্তিপথ ৶০
৫৭। উপনিষৎ (অন্যান্যসহ) ।৭
৫৮। শ্রীকৃষ্ণবেষ্টন ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।৶
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিজ্ঞপ্তিঃ ।৶
৬৩। নরীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। দশমূলম্ ।০
৬৫। সাধনপ্রকাশিকা ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। সদাশিবনির্ণয় ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ড স অন বেদান্ত ।০
৭০। বামশক্তি ৵০
৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। বিদেশিক ওয়ার্ক'স ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।৵
৭৪। শ্রীকৃষ্ণনাম ।০
৭৫। দেয়ার গৌড়ীয়মঠ ইন ইউরোপ ৵০
৭৬। দি অবতার ।৭
৭৭। রেলিজিয়াস ক্রিশ্চিয়ান অ্যাণ্ড আন্টিকোয়েরিজ হিন্দুজম
৭৮। ব্রহ্মসংহিতা ১।৶
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য। অনুবাদ ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীভাগবতার্কমরীচিমালা
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি ৵৭

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৷৭

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৸৶

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

১৫ বর্ষ | ২৬ দামোদর ৪৫৪ গৌরাব্দ ২৫শে কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৭, ১১ই নভেম্বর ইং ১৯৪০, সোমবার | ২০৪ তম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

শ্রীধামে শ্রীল সুন্দরানন্দ প্রভু

পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের প্রিয়জন শুদ্ধভক্তিসংগৃহকারী মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় প্রায় একমাসকাল শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে অবস্থানপূর্ব্বক কায়মনোবাক্যে তাঁহার সর্ব্বতোমুখী সেবা করিয়া তাঁহার শ্রীমুখবিগলিত অমূল্য উপদেশাবলী কৃপাপূর্ব্বক আমাদের নিকট বিতরণ করিবার জন্য সংগ্রহ করিয়া আনিয়াছেন। তাঁহার কৃপায় সেই সকল অমর্ত্ত্যবাণী, চেতনোন্মেষিণী উপদেশামৃত আমরা গৌড়ীয়ে পাইবার আশা পোষণ করিয়া পরমানন্দিত হইতেছি। শ্রীপাদ বিদ্যাবিনোদ প্রভু গত ৭ই নভেম্বর বুধবার প্রাতে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে আগমনপূর্ব্বক তথাকার সেবাকার্য্য পর্য্যবেক্ষণ করিয়া তৎপরদিবস মধ্যাহ্নে গোক্রমহ শ্রীধামে শুভাগমন করেন। তাঁহার সঙ্গে রায় বাহাদুর শ্রীপাদ কাবো-দপাত্রী ভক্তিবিশারদ প্রভু, শ্রীপাদ কিশোরীমোহন ভক্তিবান্ধব বি-এল (হেড মাষ্টার), শ্রীপাদ জগদ্বন্ধু ভক্তিবান্ধব বি-এ, শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ও শ্রীযুত গৌরচন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রমুখ ভক্তগণ শ্রীধামে আগমন করেন।

শ্রীশ্রীল আচার্য্যদেবের নিজজন শ্রীপাদ সুন্দরানন্দ প্রভুর নিকট শ্রীশ্রীল আচার্য্যদেবের কথামৃত শ্রবণ করিয়া শ্রীধামবাসী ভক্তবৃন্দ পরমানন্দিত হইয়াছেন। ঐ দিবস শ্রীচৈতন্যমঠে সন্ধ্যারাত্রিকের পর গুর্ব্বৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন হইলে গৌড়ীয়-সম্পাদক শ্রীল সুন্দরানন্দ প্রভু বৈষ্ণবে শ্রীশ্রীল আচার্য্যদেবের অপার করুণা, তাঁহার অসমোর্দ্ধ মহিমা, তাঁহার নিরন্তর হরিসেবায় দৃঢ়বৈরাগ্য, পরদুঃখ-দুঃখিতা, আদর্শ কৃষ্ণৈকশরণাগতি, তাঁহার দেবদুর্ল্লভ সঙ্গের অতুলনীয় প্রভাব, আমরা যাহাতে তীব্রভাবে উপলব্ধি করিতে পারি, আমাদের কুকার্য্যাবেশে যাহাতে বাধিত হয়, তজ্জন্য তাঁহার বহু অমূল্য উপদেশ প্রদান, গোষ্ঠ্যানন্দী আচার্য্য হইয়াও গৌরজন শ্রীশ্রীল গৌরকিশোর প্রভুর ন্যায় নিরপেক্ষতা, কৃষ্ণে তাঁহার প্রগাঢ় অনুরাগ ও তাঁহার অত্যাশ্চর্য্য অপ্রাকৃত গুণের কথা আবেগের সহিত বহুক্ষণ যাবৎ কীর্ত্তন করিয়া শ্রীধামবাসী ভক্তগণের চিত্তাকর্ষণ করেন। তাঁহার সহজ সরল দৈন্য, শ্রীআচার্য্যপাদপদ্মে ঐকান্তিক নিষ্ঠা ও শরণাগতি ও নিষ্কপট সেবাদর্শ দেখিয়া সকলেই পরমোপকৃত ও পরমানন্দিত হইয়াছেন। তাঁহার সেবাময় সর্ব্বাঙ্গসুন্দর বৈষ্ণবোচিত পূতচরিত্র আমাদের আদর্শস্থানীয় হউক।

শ্রীগৌড়ীয়মঠে শ্রীঅন্নকূটমহোৎসব

গত ৩১শে অক্টোবর বৃহস্পতিবার পরমারাধ্যতম পতিতপাবন গৌরনিজজন শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাশীর্ব্বাদে কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীগোবর্দ্ধন-পূজা ও শ্রীঅন্নকূট-মহামহোৎসব নিরন্তর হরিসংকীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে বেলা ১০ ঘটিকার সময় শ্রীভাগবত-শ্রবণসদনে ১০৫০ রকমের বিচিত্র নৈবেদ্য প্রস্তুত হইলে শ্রীশ্রীগোপালদেবের অর্চ্চন করিয়া ভোগ নিবেদন করা হয়। ভোগারাত্রিক কীর্ত্তন হইলে শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক, শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের একনিষ্ঠ প্রিয়সেবক আদর্শ-সন্ন্যাসী ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবৈভব সাগর মহারাজ নাটমন্দিরে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীল মাধবেন্দ্র পুরীপাদ কর্ত্তৃক শ্রীগোবর্দ্ধনে শ্রীঅন্নকূট-মহোৎসব এবং শ্রীমদ্ভাগবত হইতে শ্রীকৃষ্ণের আদেশে ইন্দ্র-পূজা পরিত্যাগ করিয়া ব্রজবাসিগণের শ্রীগোবর্দ্ধনপূজা প্রসঙ্গ বহুক্ষণ যাবৎ পাঠ ও ব্যাখ্যা করিয়া সকলকে সুন্দররূপে বুঝাইয়া দেন। মধ্যাহ্ন হইতে রাত্রি ১১ ঘটিকা পর্য্যন্ত প্রায় ৫০ সহস্র ব্যক্তি শ্রীঅন্নকূট-মহোৎসব দর্শনার্থ শ্রীমঠে আগমন করেন। ঐ দিবস রাত্রে দর্শনার্থী সকলকেই মহাপ্রসাদ দেওয়া হয় এবং তৎপর দিবস প্রাতঃকাল হইতে বেলা ২ ঘটিকা পর্য্যন্ত বহু ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছিল।

শ্রীগৌড়ীয়মঠে ঊর্জ্জব্রত

গৌড়ীয়মঠবাসী ভক্তবৃন্দ পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে প্রাতে শ্রীচৈতন্যভাগবত, অপরাহ্ণে ইষ্টগোষ্ঠী, রাত্রে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা এবং অন্যান্য সময়ও হরিকথা-কীর্ত্তনমুখে শ্রীঊর্জ্জব্রত পালন করিতেছেন। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবৈভব সাগর মহারাজ স্বয়ং আগ্রহপূর্ব্বক মঠবাসী ও শ্রীমঠে আগত সজ্জনগণের নিকট নিয়মিত হরিকথা কীর্ত্তন করিতেছেন। মঠবাসী ভক্তবৃন্দ কলিকাতার বিভিন্নস্থানে গমন করিয়া মাধুকরী-ভিক্ষা ও তৎসঙ্গে সঙ্গে শ্রীমন্মহাপ্রভুর কথা প্রচার করিতেছেন। কলিকাতা-নিবাসী শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় মহাশয়ের সাদর আহ্বানে শ্রীল সাগর মহারাজ গত ৩রা নভেম্বর সন্ধ্যার সময় কতিপয় ব্রহ্মচারী সহ তাঁহার গৃহে গমনপূর্ব্বক প্রায় দুই ঘণ্টাকাল শ্রীচৈতন্যভাগবত হইতে বহু অমূল্য উপদেশ পাঠ ও ব্যাখ্যা করেন। ঐ দিবস রাত্রে শ্রীগৌড়ীয়মঠের শ্রীভাগবত-শ্রবণসদনে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারীজী 'শ্রীসনাতনশিক্ষা' সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করেন।

গয়া শ্রীগৌড়ীয়মঠে শ্রীগোবর্দ্ধনপূজা

শ্রীধামমায়াপুর শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা গয়া শ্রীগৌড়ীয়মঠে গত ৩১শে অক্টোবর ওঁ বিষ্ণুপাদ গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য-ভাস্কর ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে শ্রীগোবর্দ্ধনপূজা ও শ্রীঅন্নকূট-মহোৎসব শ্রীহরিসংকীর্ত্তনমুখে সম্পন্ন হইয়াছে।

মঠবাসী ও গৃহস্থভক্তগণ প্রত্যহে মৃদঙ্গ-করতাল-কাঁসর-ঘণ্টা ইত্যাদি সহযোগে পঞ্চতত্ত্বকীর্ত্তনমুখে মঙ্গলারতি সম্পন্ন করেন। [illegible]

(অতঃপর ৫ম পৃষ্ঠার শেষ কলম দ্রষ্টব্য)

"যেখানে হরিকথা নাই, সেস্থল যতই আত্মীয়-স্বজন বেষ্টিত হউক না কেন, যতই পাপের সুবিধাজনক হউক না কেন, সেই স্থান বা তাদৃশ জনসঙ্গ নিশ্চয় পরিত্যাজ্যনীয়।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৬ দামোদর সর্বার্থ-সম্পূর্ণ গৌরাব্দ ৪৪৪

মথুরা

শ্রীমথুরাধামের শ্রীবিগ্রহ পরমশিব নিকেতন, অলোকিক রূপের ভাণ্ডার। শ্রীমথুরা বিশ্বমঙ্গল ভূমিকা। শ্রীকৃষ্ণের শ্রীলীলা-লীলা মথুরা, শ্রীমধুবনাদিপুর ও শ্রীগোবিন্দ শ্রীকৃষ্ণলীলার মথুরা আছে। কার্ত্তিক মাসে মথুরার জন্ম বসেরা শ্রীকৃষ্ণজীবিকা। কার্ত্তিকমাসে মথুরা উদ্দেশ্যের ফল অধিক। যাঁহারা কার্ত্তিকমাসে মথুরামণ্ডলে প্রমণপূর্বক কৃষ্ণ সম্পূর্ণ করেন তাঁহারা নিশ্চয় শ্রীকৃষ্ণকে দর্শন করিতে পারেন। শ্রীকৃষ্ণ মথুরা বাতীত অন্য পুরীতে ভক্তিদ্বারা সেবকগণকে ভুক্তি মুক্তি-ধন প্রদান করেন সত্য, কিন্তু তিনি পরমভক্তি তাক বিতরণ করেন না; কেননা, তাঁহই প্রীতির বশকারী। পরন্ত যাঁহারা কার্ত্তিকমাসে হরিজনগণের আনুগত্যে মথুরা পুরীতে একবার মাত্র শ্রীহরির পূজা করেন, তাঁহারা অনায়াসে হরিভক্তি লাভ করিয়া থাকেন। ধ্রুব নিজ হৃদয়ে কার্ত্তিকমাসে মথুরাপুরীতে শ্রীহরির পূজা করিয়া অতি অল্পকালের মধ্যে (পাঁচ মাসের মধ্যে) ভগবানের শ্রীপাদপদ্মের সাক্ষাৎ পাইয়াছিলেন।

বৈকুণ্ঠ হইতেও মথুরা শ্রেষ্ঠ। বৈকুণ্ঠে এ জগতে আসেন না। কিন্তু মথুরা জগতে অবতীর্ণ প্রপঞ্চাতীত পরম কৃষ্ণধাম। মথুরা কেবল কৃষ্ণানন্দময় ভূমিকা। তাহা অন্যের জন্মস্থান। মথুরা বহুজীবের নিকট দৃশ্য পদার্থরূপে প্রতিভাত হইলেও ভোগযোগ্য নহেন। মথুরাকে ভোগবুদ্ধি না করিয়া সেবাবুদ্ধি করিলেই মথুরাবাস সফল হয়।

মথুরা কৃষ্ণজ্ঞানের ভূমিকা—জ্ঞানস্বরূপিণী ও স্বরূপশক্তির পরিণতি। এই মথুরাকে জড়জ্ঞানে সেবা করিতে হইবে। নিজেকে মথুরার নিত্য জানিয়া নিজ প্রভুর শ্রীপ্রভুর দেহের আনুগত্য স্বীকার করিতে হইবে, উদ্দিষ্ট একটি সম্বন্ধ করিতে হইবে। মাথুরমণ্ডল কৃষ্ণের সেবক। এখানে কৃষ্ণসেবা ব্যতীত অন্য কোন প্রবৃত্তি নাই। মথুরার প্রত্যেক বৃক্ষ লতা-গুল্ম হইতেও আমি নিম্নে অবস্থিত, ইঁহারা প্রত্যেকে আমার গুরু—কৃষ্ণের সেবক, এইরূপ বুদ্ধি হইলে মথুরাবাস সফল। শাস্ত্র বলেন—

মথুরে চ মথুরে পরম মধুরাণাং বেদ বা।

মথুরায়ং মধুবনং মধুরা সা নিগদ্যতে॥

মথুরা অপ্রাকৃত ব্রহ্মজ্ঞানের চরমসীমার ভূমিকা। আমাদের পূর্বগুরু শ্রীল বংশীবদনপ্রভুপাদ গাহিয়াছেন,—

স্মরণে মথুরা বদনে মথুরা নয়নে মথুরা হৃদয়ে মথুরা।

পুরতো মথুরা পশ্চাতো মথুরা মথুরা মথুরা মধুর মথুরা॥

ব্রজবাসী বা শ্রীধামবাসিগণের কৃপা ব্যতীত ব্রজবাস বা শ্রীধামবাস হয় না। কৃষ্ণানুশীলন করিতে হইলে কার্ষ্ণানুশীলন আবশ্যক কারণ, কার্ষ্ণানুশীলন ব্যতীত কৃষ্ণানুশীলন হয় না। যেখানে কার্ষ্ণের সঙ্গ নাই, সেখানে কৃষ্ণানুশীলন নাই। যদি আমরা কৃষ্ণের অনুশীলন করিতে চাই, তাহা হইলে আমাদিগকে সর্বাগ্রে কার্ষ্ণের অনুসন্ধান করিতে হইবে। কার্ষ্ণানুশীলন না হওয়ার দরুণই আমাদের অসুবিধা হইতেছে, আমাদের শ্রীধামবাস হইতেছে না। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন, "শ্রীগুরুপাদপদ্মের কৃপা হইলেই কৃষ্ণ পাওয়া যায়। একমাত্র গুরুপাদপদ্ম ব্যতীত কার্য করিবার ক্ষমতা আর কাহারও নাই। কৃষ্ণই প্রয়োজককর্তা, আর প্রয়োজ্যকর্তা শ্রীগুরুপাদপদ্ম।"

মথুরার চারিধারে বজোরহিত বিরজা আছে। মথুরার চারিপার্শ্বের উর্দ্ধে আলোকময় মণ্ডলের নাম ব্রহ্মলোক। বিরজা নদী পার হইলে আর কালচক্রের কথা নাই। সেখানে অখণ্ডকাল। অখণ্ডকালের অবস্থান অনন্ত। শাস্ত্রে কথিত আছে, দ্বাদশ বনসমন্বিত পদ্মাকৃতি মথুরার কর্ণিকারে ভক্তবৎসল শ্রীকেশবদেব বিরাজিত। পূর্বপত্রে শ্রীবিশ্রান্তিদেব, পশ্চিমপত্রে গোবর্দ্ধনবিহারী শ্রীহরিদেব, উত্তরপত্রে শ্রীগোবিন্দদেব এবং দক্ষিণপত্রে শ্রীবরাহদেব আছেন। হরিপ্রিয় ক্ষেত্রপাল মহাদেব সর্বক্ষণ শ্রীমথুরাকে রক্ষা করিতেছেন। শ্রীভূতেশ্বর মহাদেব মথুরার ক্ষেত্রপাল। শ্রীমথুরা নগরীর চারিদিকে চারিজন ক্ষেত্রপাল বা নগররক্ষক রূপধারণ মথুরাপুরীকে রক্ষা করিতেছেন। এই চারিজন ক্ষেত্রপাল মথুরানাথ শ্রীকৃষ্ণের প্রিয় মহাদেবমূর্ত্তি। পূর্বদিকে—পিপ্পলেশ্বর, পশ্চিমদিকে—ভূতেশ্বর, উত্তরে—গোকর্ণেশ্বর এবং দক্ষিণে রঙ্গেশ্বর। শাস্ত্র বলেন,—মথুরামণ্ডল বিংশতি যোজন পর্যন্ত বিস্তৃত। ইহার মধ্যে যেখানে সেখানে অবস্থান করিয়া লোক সর্বপাপ হইতে মুক্ত হয়। অন্য স্থানে অর্জ্জিত পাপ এবং জ্ঞানে বা অজ্ঞানে অর্জ্জিত পাপ মথুরাধামে নিশ্চয়ই নষ্ট হইয়া যায়। মথুরায় বাস করিয়া লোক ধর্মার্থকামমোক্ষরূপ চতুর্বর্গও লাভ করিতে পারে। মথুরার সমান ভগবৎপ্রিয় স্থান পাতালে নাই, মর্ত্ত্যধামে নাই, অন্তরীক্ষে নাই।

অন্যত্র ত্রিশসহস্র বৎসর বাস করিয়া যে ফল লাভ হয়, লোকে মথুরা স্মরণ করিয়া সেই ফল পাইয়া থাকে। যাহার মথুরা দর্শনের ইচ্ছা জন্মিয়াছে, কিন্তু মথুরা দেখিতে পায় নাই, যেখানে সেখানে মৃত তাদৃশ মথুরাদর্শনেচ্ছু ব্যক্তির মথুরাতে জন্মগ্রহণ হইয়া থাকে। যদি নির্বাধির সুখ পাইতে ইচ্ছা কর, তবে মধুপুরে বাস কর। যে ব্যক্তি মথুরা পরিত্যাগপূর্বক অন্য ধাম বা স্থানে অনুরাগ প্রদর্শন করে, সেই মূঢ়জন আমার মায়ায় মোহিত হইয়া সংসারে ভ্রমণ করে। যাহারা মাতাপিতা প্রভৃতি আত্মীয়স্বজনকর্তৃক পরিত্যক্ত, যাহাদের কোন গতিই নাই, মধুপুরী তাহাদের সকলের গতি। যে মধুবনে লবণ মধু রাক্ষসের পুত্র মহাবলশালী লবণ রাক্ষসকে বধ করিয়া মথুরা নামক পুরী নির্মাণ করিয়াছিলেন, সেই মথুরাপুরীতে হরিপরায়ণ দেবদেব মহাদেবের অবস্থান। মথুরাবাস বহু পুণ্য, বহু দান, বহু তপস্যা, বহু জপ ও বিবিধ যাগের দ্বারা লভ্য হয় না। ভগবান্ শ্রীকৃষ্ণের কৃপাতেই তাহা লাভ করা যায়। পৃথিবীতে কাশী প্রভৃতি যে সকল পুরী আছে, তন্মধ্যে মথুরাই শ্রেষ্ঠ। সেই মথুরাধামে যাহাদের আজন্ম ব্রহ্মচর্য্য পালন, মৃত্যু ও দাহ হয়, মথুরা তাদৃশ লোকের সালোক্যাদি চারিপ্রকার মুক্তি বিধান করিয়া থাকেন।

'আমি মথুরায় বাস করিব', 'আমি মথুরায় যাইব' এইরূপ সঙ্কল্প যাঁহার হয়, তিনিও সংসার হইতে উদ্ধার লাভ করেন। মথু। শব্দ উহাদের সমান। 'ম'কার মহাদেবের সংজ্ঞা, 'থু'কার বিষ্ণুর সংজ্ঞা এবং অন্তঃস্থিত 'র'কার ব্রহ্মার সংজ্ঞা। কায়মনোবাক্যে সর্বদা মথুরার গুণকীর্ত্তন করিলেও ভববন্ধ হইতে মুক্তি হইয়া থাকে।

মথুরা বনাবর্ত্তিত মথুরাপুরী—যার।

মাহাত্ম্য কহিতে কেহ নাহি পায় পার॥

মধুদৈত্যবধ এথা কৈল ভগবান্।

এইহেতু 'মধুবন' মথুরা আখ্যান॥

শ্রীভক্তিবিনোদবাণী

বদ্ধ আত্মার পক্ষে তাঁহার স্বধর্মরূপ বিশুদ্ধ বৈকুণ্ঠ-রাগ কিয়ৎপরিমাণে দুঃসাধ্য অর্থাৎ কষ্টসাধ্য। বিশুদ্ধ বৈকুণ্ঠ-রাগই বিকৃত হইয়া জড়ীয় বিষয়-রাগরূপে পরিণত হইয়াছে। বিষয়রাগ যতদূর বর্দ্ধিত হয়, বৈকুণ্ঠ-রাগ ততদূর খর্ব্বিত হইয়া পড়ে। বৈকুণ্ঠরাগ যতদূর পরিবর্দ্ধিত হয়, বিষয়রাগ ততদূর খর্ব্বিত হয়। ইহাই জীবের নৈসর্গিক ধর্ম। বিষয়রাগকে দমন করিলেই যে বৈকুণ্ঠরাগ হয়, তাহা নহে। অনেক লোক বৈরাগ্য আশ্রয় করিয়া কেবল বিষয়রাগকে দমন করিতে চেষ্টা করেন, কিন্তু বৈকুণ্ঠরাগের সম্বর্দ্ধনের চেষ্টা করেন না। তাহাতে শেষে অমঙ্গলই ঘটে। ধ্যান, প্রত্যাহার, ধারণা প্রভৃতি চিত্ত ও কার্য্যসকল নিত্ত রাগোদয় করণোদ্দেশে উপদিষ্ট হইয়াছে ও বহু অনকর্তৃক সাধিত হয় বটে, কিন্তু তাহাদের মধ্যে যথেষ্ট রাগের আলোচনা নাই। অতএব যোগীরা প্রায়ই বিভূতিপ্রিয় হইয়া চরমে রাগ লাভ করেন না। পক্ষান্তরে বৈষ্ণবসাধনই উৎকৃষ্ট। সাধনমাত্রই কর্মাবশেষ। বদ্ধজীবনে যে সকল কর্ম আবশ্যক, তাহাতে রাগের কার্য্য হউক্ এবং পরমার্থের জন্য কার্য্যসকলে কেবল চিন্তা ও পরিশ্রম হউক্, এরূপ যাঁহাদের চেষ্টা, তাঁহারা কি বৈকুণ্ঠরাগোদয় করিতে শীঘ্র সমর্থ হইতে পারেন? জীবন হইতে বৈকুণ্ঠরাগের চেষ্টাসকলকে পৃথক্ রাখিতে গেলে সাধককে একদিকে বিষয়রাগে টানিবে এবং অন্যদিকে বৈকুণ্ঠচিন্তা লইয়া যাইতে থাকিবে। সেস্থলে যে দিকে রাগের আধিক্য, সেই দিকেই জীবের গতি হইবে। নৌকা দাঁড়ের জোরে চলিতে থাকে, কিন্তু যেস্থলে জলের বাগরূপ স্রোত তাহাকে আকর্ষণ করে, সেস্থলে স্রোতের নিকট

তাঁদের জোর পরাভূত হয়। সেইরূপ সাধক সময়ে সময়ে প্রাণ, প্রত্যাহার ও ধারণারূপ বহুবিধ উপায়ের দ্বারা মানস তরণীকে কূলে লইতে চেষ্টা করেন, কিন্তু রাগরূপ স্রোত অবিলম্বেই তাহাকে বিষয়ে নিক্ষিপ্ত করে। বৈষ্ণবসাধন রাগমার্গ দ্বারা সাধিত হয়। রাগের সাহায্যে সাধক নিশ্চয়রূপে অবিলম্বে বৈকুণ্ঠরাগ প্রাপ্ত হন। রাগের স্রোত কাহাকে বলে, ইহা জানিবা। বদ্ধজীবের চিত্ত স্বভাবতঃ যাহা ভালবাসে এবং শরীর পোষণের জন্য যাহা যাহা প্রিয় বলিয়া বুঝা হইয়াছে, সে সমুদয়ই মানবজীবনের বিষয় রাগ। উহাতে বিচার-ক্রমে দেখা গিয়াছে যে, পঞ্চ ইন্দ্রিয় সম্বন্ধে পঞ্চপ্রকার রাগ আছে। চিত্ত ইন্দ্রিয়দ্বারা বিষয়রাগক্রমে ধাবিত হয়। জিহ্বার দ্বারা আস্বাদন, নাসিকা দ্বারা ঘ্রাণ, কর্ণের দ্বারা শ্রবণ, ত্বকের দ্বারা স্পর্শন, চক্ষের দ্বারা দর্শন। বদ্ধজীবের চিত্ত অনবরতই কোন না কোন বিষয়ে সংলগ্ন আছে। বিষয় হইতে চিত্তকে কাহার বলে উঠাইতে পারা যায়? যদিও ব্রহ্মচর্য্যা দ্বারা ঐ বিষয়ের কিছু সাহায্য হইতে পারে, তথাপি ব্রহ্মের নিরুপাধিযুক্ত সাধক উহাদ্বারা সম্যক্ বল প্রাপ্ত হন না। অতএব যোগিগণের ও ব্রহ্মজ্ঞানিগণের অনেক ক্লেশ হয়। ভক্তিমার্গে ক্লেশ নাই। কৃষ্ণভক্তের জীবন ব্রহ্ম হইতে পৃথক্ নয়। মন চক্ষুদ্বারা বিষয়দর্শন করিতে চায়,—উত্তম, শ্রীমূর্ত্তির আনন্দময়ী সৌন্দর্য্য দর্শন করুক। সেখানে বিষয়ভোগ ও ব্রহ্মসম্ভোগ একই কার্য্য। শ্রবণ করিবে? কৃষ্ণগুণগান ও কৃষ্ণকথা শ্রবণ করুক। উপাদেয় দ্রব্য আহার করিবে? সর্ব্বপ্রকার সুস্বাদু দ্রব্য শ্রীকৃষ্ণকে অর্পণ করিয়া প্রসাদ পাউক। ঘ্রাণার্থে অর্পিত তুলসী-চন্দন প্রভৃতি আছে। এবম্ভূত সমস্ত বিষয়েই কৃষ্ণসাধকের পক্ষে ব্রহ্মাধিষ্ঠিত। কৃষ্ণসাধক সর্ব্বত্র ব্রহ্মময়। তাঁহার সকল কার্য্যেই বৈকুণ্ঠরাগের অনুশীলন, তাঁহার পক্ষে ইন্দ্রিয়পরতা বাধক নয় বরং প্রেমফল-সাধক।

বৈকুণ্ঠ-প্রেম যে নিত্য তাহাতে সন্দেহ নাই। প্রেম জগতের সমস্ত বস্তু অপেক্ষা উপাদেয়, ইহা নিতান্ত দুর্ভাগাগণও স্বীকার করেন। দাস্য, সখ্য ও বাৎসল্যপ্রেম অপেক্ষা যে মধুরপ্রেম অধিক উচ্চতর, তাহা ঐ প্রেমের স্বভাব দেখিলেই বুঝিতে পারা যায়। যদি বৈকুণ্ঠপ্রেম বলিয়া কোন অতি চমৎকার প্রেম না থাকিত, তাহা হইলে প্রেমের নিত্যতা থাকিত না। সেই প্রেমই আত্মস্বরূপ জীবের যে চরম উদ্দেশ্য হইবে ইহাতে আর সন্দেহ কি?

বৈকুণ্ঠরস নিত্য, অনাদি ও অনন্ত। উপনিষদ্গণ পরব্রহ্মকে স্থলে স্থলে নির্ব্বিশেষ বলিয়াছেন। সে সকল স্থলে ইহাই বুঝিতে হইবে যে, জড়জগতে জলীয় পরমাণু, বায়বীয় পরমাণু, তৈজস পরমাণু ইহারা যে জড়ীয় বিশেষ ধর্ম্মদ্বারা পৃথক্তা লাভ করিয়াছে, সেইরূপ জড়ীয় বিশেষ বৈকুণ্ঠে নাই। বৈকুণ্ঠে যে বিশেষ নাই, এরূপ কোন বৈদিক শাস্ত্রে উপদিষ্ট হয় নাই।

শ্রীল তীর্থ মহারাজের হরিকথা

(২)

আমাদিগকে প্রতি মুহূর্ত্তে সর্ব্বস্ব-বিনিময়ে পরমার্থ লাভ করিতে হইবে। পরমার্থ অর্জ্জনের জন্য ত্যাগ ত্যাগ নহে। আমি ভবিষ্যৎ করিলে যাহারা আমার জন্য চিন্তা করিবে বা চিন্তা করিতে করিতে প্রাণ হারাইবে, তাহাদেরও মঙ্গল হইবে। 'চৈতন্যপ্রতাপে সবে পাইল জীবন।' হাড়াই পণ্ডিত ও পদ্মাবতী নিজ নিত্যপুত্র শ্রীনিত্যানন্দপ্রভুর চিন্তা করিতে করিতে শ্রীচৈতন্যপাদপদ্ম পাইলেন অর্থাৎ শক্তত্বের কৃপা পাইলেন। শ্রীচৈতন্য পাওয়া অর্থ স্বরূপের অভিমানে প্রতিষ্ঠিত হওয়া—নিজেকে শ্রীগুরুগৌরাঙ্গের দাস বলিয়া জানা। আমাদের স্বরূপের অভিমান—কৃষ্ণদাস-অভিমান নাই; কেবল ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ, সন্ন্যাসী এই বর্ণ ও আশ্রমের অভিমান। হরিগুরুবৈষ্ণবের চরণে সেবা-প্রাণতা না থাকিলে আমরা মৃত। শ্রীমহাপ্রভু বলিলেন—

'ভারতভূমিতে হইল মনুষ্যজন্ম যার।
জন্ম সার্থক করি' কর পর-উপকার॥'

নিজের মঙ্গল বা স্বার্থ লইয়া ব্যস্ত থাকিলে নিত্যানন্দপ্রভুর কৃপা পাওয়া যায় না। হরিকথা কীর্ত্তন করিয়া সকলের মঙ্গল করিতে পারিলে নিজের মঙ্গল আনুষঙ্গিকভাবেই হয়, তখনই নিত্যানন্দপ্রভুর কৃপা আধিক্যভাবে লাভ করিতে পারা যায়। আমরা অত্যন্ত দেহ-গেহাসক্ত, জড়মাংসপিণ্ডপ্রায় বলিয়া আমাদের হরিকথা কিছুই মনে থাকে না। আমরা স্বরূপবিস্মৃত অজ্ঞানবদ্ধ, আমরা গুরুপাদপদ্মের চিন্তা করি না, মায়ার চিন্তাতেই বিভোর।

শুদ্ধভক্তি না হইলে অর্চ্চন হয় না। কতকগুলি ক্রিয়াকলাপ বা মন্ত্রোচ্চারণ করিলেই শুদ্ধভক্তি হয় না। স্বরূপের অভিমান জাগার নামই শুদ্ধভক্তি। 'গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ' এই স্বরূপের অভিমান জাগিলে শুদ্ধভক্তি হয়। হাড়াই পণ্ডিত ও পদ্মাবতী প্রাণস্বরূপ নিত্যানন্দ-প্রভুকে প্রদান করিয়া প্রাণ পাইয়াছিলেন অর্থাৎ শ্রীচৈতন্যদেবের পাদপদ্ম পাইয়াছিলেন। শ্রীগুরুবৈষ্ণবের অচিন্ত্য প্রভাব এই যে, তাঁহারা ভক্তকে বিরহসাগরে ভাসাইয়া তাঁহাদের ভক্তিবলে তাঁহাদের হৃদয়ে অধিকতর ভক্তিসুখের উদয় করান অর্থাৎ হরিগুরুবৈষ্ণব তাঁহাদের পাদপদ্মের বিচ্ছেদ অনুভব করাইয়া আমাদিগকে তাঁহাদের পাদপদ্মের মিলনজনিত অত্যধিক সেবাসুখ প্রদান করেন। আমরা প্রাণ দিয়া 'প্রাণ' পাইবার জন্য মঠে আসিয়াছি। প্রাণ পাওয়া অর্থাৎ শ্রীযুগলকিশোরের পাদপদ্মসেবা পাওয়া। "সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ"। সাধুগণ আমাদের মনোব্যাসঙ্গ ছেদন করিয়া প্রাণদান করেন। "প্রাণ মোর যুগল-কিশোর।" দেহে প্রাণ বাঁচান হরিভজন নয়। শ্রীযুগল-কিশোরের পাদপদ্মসেবাহীন ব্যক্তি মৃত। আমাদের প্রাণ যদি শ্রীযুগলকিশোরের পাদপদ্ম হয়, তবেই আমরা জীবন্ত মঠবাসী। একটি জীবন্ত, উদ্বুদ্ধ বা জাগ্রত প্রাণ থাকিলে সে সকলকে জাগাইতে পারে। হরিভজনহীন জীবন মৃতের জীবন। হরিভজন ছাড়িয়া দিলেই মঠবাসের অভিনয়কারিগণ 'মৃতে মৃতে মাসতুতো ভাই' হয়। তখন 'তুমি চুপ, আমি চুপ' নীতির অনুসরণ হয়।

'চৈতন্য-প্রতাপে সবে পাইল জীবন।' অর্থাৎ শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপায় শ্রীগৌরসুন্দরের পাদপদ্মলাভ হওয়ায় হাড়াই-পদ্মাবতী প্রাণ পাইলেন। তাঁহারা উভয়ে পরস্পরকে ভোগবুদ্ধি করেন নাই। উভয়ে উভয়কে গুরুবুদ্ধি করিয়া হরিভজনে সহায়তা করিয়াছেন। আমরা নিজ স্বরূপে অবস্থিত না হইলে সকলই জড়দর্শন হইবে। শ্রীমন্-মহাপ্রভু আমাদিগকে আত্মস্বরূপবিষয়ে এরূপ শিক্ষা দিয়াছেন,—

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি বৈশ্যো
ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমানন্দপূর্ণামৃতাব্ধে-
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ॥
(পদ্যাবলী ৬৩ শ্লোক)

আমি ব্রাহ্মণ নহি, ক্ষত্রিয় রাজা নহি, বৈশ্য বা শূদ্র নহি অথবা ব্রহ্মচারী নহি, গৃহস্থ নহি, বানপ্রস্থ নহি, সন্ন্যাসীও নহি; কিন্তু উদীলিত (নিত্যস্বতঃপ্রকাশমান) নিখিল-পরমানন্দপূর্ণ অমৃতসমুদ্রস্বরূপ শ্রীকৃষ্ণের পদকমলের দাসদাসানুদাস বলিয়া পরিচয় দিয়া থাকি।

জাত-গোসাঞিরা শৌক্রবৃত্তি বা গোত্রবৃদ্ধিবশতঃ নিজের ও শিষ্যের প্রাকৃত বংশ রক্ষা করে। মহাপ্রভুর বংশ বা গৌর-বংশ সেইপ্রকার প্রাকৃতবংশের আধারে আদৌ প্রতিষ্ঠিত নয়। শ্রীগৌরাঙ্গের বংশ শিষ্য-প্রশিষ্যক্রমে আম্নায়ধারায় প্রতিষ্ঠিত। শ্রীগুরুদেবের জন্য বিরহ উপস্থিত হইলে শ্রীচৈতন্যপাদপদ্ম লাভ হয়। শ্রীগুরুদেব বা শ্রীপ্রভুপাদ আমাদিগকে চেতন হইতে বলিয়াছেন। আমাদিগকে মায়া দ্বারা 'ঢাকা' বা নিদ্রাগ্রস্ত থাকিতে বলেন নাই।

বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো
নমো নমঃ॥

গয়া শ্রীগৌড়ীয়মঠে শ্রীগোবর্দ্ধনপূজা

(৩য় পৃষ্ঠার পর)

পঞ্চতত্ত্ব, দামোদরাষ্টক ও মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীচৈতন্যভাগবত পাঠ হয়। পাঠান্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

বেলা দ্বিপ্রহরে প্রায় ছাপ্পান্ন প্রকারের বিচিত্র ভোগোপকরণ দ্বারা মঠসেবকগণ শ্রীল মাধবেন্দ্র পুরীপাদের অভিন্নবিগ্রহ পরমারাধ্যতম শ্রীশ্রীল ভক্তি-প্রসাদ পুরী গোস্বামিপাদের শ্রীপাদপদ্ম স্মরণপূর্ব্বক কীর্ত্তনমুখে ভোগ নিবেদন করিয়া আরাত্রিক সম্পন্ন করেন। তৎপূর্ব্বে নাট্য-মন্দিরে ১৮শ বর্ষ সাপ্তাহিক গৌড়ীয়ে প্রকাশিত "শ্রীশ্রীগোবর্দ্ধনপূজায় মঠসেবকের কৃত্য" শীর্ষক প্রবন্ধ আলোচিত হয়। ভোগারাত্রিকান্তে সমাগত ব্যক্তিগণকে মহাপ্রসাদ প্রদান করা হয়।

সন্ধ্যারাত্রিকান্তে শ্রীগুরুবৈষ্ণববন্দনান্তর শ্রীগুরুচরণপদ্ম, পঞ্চতত্ত্ব, দামোদরাষ্টক ও অন্যান্য ভাবকীর্ত্তনসমূহ কীর্ত্তিত হইবার পর শ্রীপাদ হরিদাস ব্রহ্মচারী শ্রীচৈতন্যচরিতামৃত মধ্যলীলা চতুর্থ পরিচ্ছেদ হইতে শ্রীল মাধবেন্দ্র পুরীপাদের অদ্ভুত চরিত্র-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। [illegible] মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন [illegible]। তৎপরে উপস্থিত [illegible] মহাপ্রসাদ বিতরণ করা হয়।

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ (মূল)
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১০
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী বি-এস্

(৩) শ্রীযোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫) অদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ মামগাছি (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) [illegible]-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) কৃষ্ণদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৪) [illegible]-গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গোদ্রুম, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
[illegible] -শ্রীবাসুদেবের শ্রীপাট নিকটবর্ত্তী
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

১৭) কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) [illegible]-আশ্রম
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) [illegible]
গোবিন্দপুর, পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২০) [illegible] পাট
[illegible], পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(২১) [illegible] গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুষ্প গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) মাধ্বগৌড়ীয় মঠ
[illegible] পোঃ [illegible], ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালজীউ মঠ
[illegible] পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(২৫) শচীত-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] বিদ্যারত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩০) মাদারিপুর-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], জেঃ [illegible], ৮চই, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা)
সেবক—শ্রীবিপিনপ্রভু দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতন গৌড়ীয় মঠ
৮।১৭ নং [illegible], [illegible] সিটি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী বি-এ

(৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible] (ইউ পি)
শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
[illegible], পোঃ মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রী[illegible]
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৯) [illegible]-কুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রী[illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৪১) রাধাকুণ্ড [illegible]
সেবক—শ্রী[illegible] ভক্তিশোভন

(৪২) শ্রীগোবর্দ্ধন-মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] দাস

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রী[illegible] দাস

(৪৪) গৌড়বিহারী মঠ—[illegible],
পোঃ [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৪৫) [illegible]গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible], [illegible], (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড [illegible] দিল্লী.
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৪৭) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] রোড, [illegible]
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৮) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৯) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৫০) [illegible]গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (পুরী)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

৫১) [illegible] মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৫২) [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৫৩ [illegible] কুঞ্জ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৪) [illegible]
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়[illegible]
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

৫৭) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible], মেদিনীপুর
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মেদিনীপুর
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬০) [illegible]
পোঃ [illegible] (মাদ্রাজ)
সেবক—শ্রী[illegible]চৈতন্য দাসাধিকারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], (মাদ্রাজ)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] গৌড়ীয়মঠ
৭০১ নং [illegible] ষ্ট্রীট, [illegible]
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

(৬৩) লণ্ডন গৌড়ীয়মঠ
[illegible] নং ২
৫১, [illegible]
[illegible]
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

(৬৪) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট.
কলিকাতা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ অফিস
[illegible], [illegible] (ইউ-পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৬) শ্রী[illegible] গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
[illegible] (পঞ্জাব)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
মায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭১) [illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর [illegible] কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:::-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৶০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬৲	৩।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	২০৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক "	৩
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৶৫ । বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র ।

শ্রীধাম-মায়াপুরে

——:০:——

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

-::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সান্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা । শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র । বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও সেবকখরচ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা । এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিয়াছে । বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত ; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত্র, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে । এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ । ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা ।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে । শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জীসমূহ সাধকগণের বিশেষ উপকারী । সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সম্বন্ধে সরল প্রণালীটি ইহাতে দেখিতে পাওয়া যায় । এই গ্রন্থ পাঠ করিয়া অনেকেই সংশয়মুক্ত ও পরম উপকৃত হইয়াছেন । আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত । এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল । গ্রন্থটী পাইকা টাইপে অতিসুন্দর কাগজে মুদ্রিত । ইহার ভিক্ষা মাত্র আট আনা । প্রাপ্তিস্থান—বন্ধু প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ জাজিরা, নড়িয়া, ঢাকা ।

——

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে । এই গ্রন্থ বনবিহারী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা । প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু রেখা চিত্র সহিত প্রকাশিত হইয়াছে । গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম । ইহাতে ১১০টী উপাখ্যান, প্রবাদ ও প্রায় ৫০টী চিত্র সংযুক্ত হইয়াছে । গ্রন্থের ভিক্ষা ১।০ আনা । প্রাপ্তিস্থান—বন্ধু প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ জাজিরা, নড়িয়া, ঢাকা ।

——

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিকালীনাথাবধি মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ সংগ্রাহকত্বের পরিচয় প্রদান করিয়াছেন । গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অতুলনীয় । প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা, তৎপরে শ্লোক অনুসারে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রাঞ্জল অনুবাদ তৎপরে শ্রীল শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তীর সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায় । এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই । উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শাংশী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে । ইহার বাঁধাই অতি সুন্দর । ভিক্ষা মাত্র ৩৲ টাকা । প্রাপ্তিস্থান- শ্রীনবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ।

শ্রীল প্রভুপাদের পত্রপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পত্রাবলী শ্রীল আচার্য্যদেবের বিরচিত "গৌরব" নামক স্তবের সহিত প্রকাশিত হইয়াছে । শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পত্র ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে ইহার ভিক্ষা মাত্র আট আনা ।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতের [illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবাচার্য্যের প্রামাণ্য জীবনচরিত এতাবৎকাল [illegible] প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবরের অন্যতম [illegible] "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্পাদিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবন [illegible] প্রকাশিত হইয়াছে। ইহাতে প্রসঙ্গক্রমে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ১২৪ পৃষ্ঠা [illegible] সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৫০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার প্রকাশবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও লব্ধ অধ্যাপক নিশিকান্ত [illegible] মহামহোপদেশক [illegible] আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী [illegible]-বৈষ্ণবাচার্য্য [illegible] গবেষণা এবং পরিশ্রম [illegible] আস্বাদন করিয়া [illegible] এবং [illegible] জীবনচরিত্র-পাঠে [illegible]। এই [illegible] ও [illegible] চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য [illegible] দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমাক্ আলোচনা। প্রথম খণ্ডই [illegible] প্রায় [illegible] পৃষ্ঠা ব্যাপী; ঐ বিভূপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের ভূমিকা মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও [illegible] বর্ণানুক্রমে [illegible] সূচীপত্র (Index Glossary) সহ প্রথম খণ্ড প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেনের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম)

আপ

কলিকাতা ছাঃ	৬-৫৬	৬-২১	৭-১৪	১১-৬	১৩-১৬	১৬-৫৬	১৭-৫৬	২২-২৬
ব্যাণ্ডেল	৪-২৬	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩-৫০		১৮-৬	২২-৪২
রাণাঘাট পৌঃ	৯-১৩	৮-১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-২৮
[illegible] ছাঃ	৬-২৮	৮-৬	৯-৫৩	১৩-৫৫	১৫-৫	১৮-৩৯	১৯-৪০	০-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১০-১৪	১৫-৪১	১৯-১৫		১-৪১

(বদল) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৪৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-৫৯	১৮-১৭	২১-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
ব্যাণ্ডেল ,,	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩-৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৭

ডাউন

সকাল

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৬	১১-৪	১১-২২	১৩-৮	১৮-৪৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৩১	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮-৪২	১১-৪৭	১৫-১০	১৬-৫৬	১৯-২	২০-৪৬	৩-৩১
রাণাঘাট পৌঃ	৭-৪৫	৯-২৫	১২-২৬	১৫-৫০	১৭-৩৭	২০-৩	২১-১৯	৪-১০
(বদল) ছাঃ	৭-৫৩	৯-৩০	১২-৩৬	১৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৪	৪-১৮
ব্যাণ্ডেল		১১-৮		১৭-৪৬	১৯-৩	২১-৫৬	২৩-৩	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-৩০	১৪-১৬	১৭-৪০	১৯-২৬	২১-৪০	২৩-২৫	৬-১৬

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনবদ্বীপপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়াপ্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।৪নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] ইহার কার্য্যকারিতা অত্যধিক। [illegible] সংযুক্ত [illegible] এবং [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। [illegible] ছোট বোতল ৮৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী [illegible]

[illegible] নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
[illegible], ৯৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ REGD NO C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

১৫ বর্ষ ২৮ দামোদর ৪৫৪ গৌরাব্দ ২৭শে কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৭, ১৩ই নভেম্বর ইং ১৯৪০, বুধবার ২০৫-৬ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৮ দামোদর বুধ অর্দ্ধরাত্র গৌরাব্দ ৪৫৪

হরিকথা-প্রসঙ্গ

——::০::——

. কৃষ্ণ আনন্দ। তাঁহাতেই পূর্ণানন্দ আছে। তিনি পূর্ণানন্দবিগ্রহ। অতএব পূর্ণ আনন্দ কৃষ্ণ ব্যতীত অন্যত্র নাই। এই আনন্দ-প্রদান বা কৃষ্ণসেবাই আত্মার ধর্ম। আত্মার ধর্ম যে আনন্দের প্রদান, তাহাই সেবা। আর মনে যখন আনন্দের প্রদান হয়, তখন জীব ভোগে ব্যস্ত হইয়া পড়ে। আত্মা কখনও ভোগের জন্য ব্যস্ত হয় না, যেহেতু মনে করে যে, কৃষ্ণপাদপদ্মে তাহার কিছু ভোগের বস্তু আছে। এই মনটাই ভোক্তা—দ্রষ্টা। যেখানে সংকল্প-বিকল্পাত্মক মন, সেইখানেই প্রাকৃতদর্শন বা ভোগদর্শন। এই প্রাকৃতদর্শন সম্যগ্‌ভাবে ত্যাগ করাই সন্ন্যাস। সন্ন্যাসে আত্মনিবেদনের দ্বারা ভোগের কোন কথা নাই, সেখানে কায়, মন ও বাক্য সমস্ত ভগবৎসেবাতৎপর। মনোধর্ম্মে নিত্যস্থিতি নাই, তাহা পরিবর্ত্তনশীল, তাহা আত্মধর্ম্মের ন্যায় অপ্রতিহত নহে। মনোধর্ম্মে বিরতি আছে, নিবৃত্তি আছে। কিন্তু আত্মধর্ম্মে উত্তরোত্তর বর্দ্ধমানা রতি বা প্রবৃত্তি নিত্যবর্ত্তমান। শুদ্ধ আত্মা কৃষ্ণগৃহগ্রস্ত। কৃষ্ণগৃহগ্রস্ত না হইলে দেহগেহগ্রস্ত হইতেই হইবে। কারণ, চেতনের ধর্ম্মই প্রবৃত্তি, সে চুপ্ করিয়া বসিয়া থাকতে পারে না, সে হয় কৃষ্ণের দিকে, না হয় মায়ার দিকে যাইবেই।

জড় দেহ মনের দ্বারা ভোগ হয়। হাত-মুখের বলের দ্বারা কৃষ্ণসেবা হয় না। তবে যেকালে আত্মা হরিসেবা করে, তখন আত্মার হরিসেবাবশতঃ দেহ-মনও হরি-সেবা করিতে বাধ্য হয়। চেতনই চেতনের সেবা করে। আত্মাই নিত্য ইন্দ্রিয়ের দ্বারা পরমাত্মার সেবা করে। মনের কল্পনার দ্বারা কৃষ্ণসেবা হইবে না। সম্বন্ধ বা দিব্যজ্ঞান থাকা চাই; নতুবা সেবা হইবে না। কৃষ্ণই একমাত্র আরাধ্য—এইরূপ প্রতীতিই বৈষ্ণবের। ইহাই প্রয়োজন। ভোগবাহাদুরী জড়প্রতিষ্ঠা বাঞ্ছনীয় নহে। কৃষ্ণকেই একমাত্র আরাধ্য বলিয়া যাঁহারা বিচার করেন, তাঁহারাই আমার একমাত্র বান্ধব. তাঁহারা ব্যতীত আমার আর কেহ নাই—এই বিচার হইলেই মঙ্গল। সেই ভগবৎ-সেবকগণই বৈষ্ণব। সেই বৈষ্ণবগণের—পঞ্চতত্ত্বের পঞ্চতত্ত্ব শ্রীবাসাদি বৈষ্ণববৃন্দের উচ্ছিষ্টই আমাদের বরণীয় হউক, এতদ্ব্যতীত অন্য কোন বস্তু যেন আমাদের গ্রহণীয় না হয়। বৈষ্ণবের উচ্ছিষ্ট যে সে বস্তু নয়, তাহা বৈকুণ্ঠবস্তু। তাঁহাতে মায়ার অবস্থিতি নাই। চঞ্চল মনের দ্বারা চালিত হইলে নিষ্ঠার অভাবে এই পরম উপাদেয় বৈষ্ণবো-চ্ছিষ্টে সর্ব্বোত্তমবুদ্ধি হয় না। সুতরাং পঞ্চতত্ত্বাশ্রিত আমরা—শুদ্ধবৈষ্ণবের অযোগ্য কিঙ্করাঙ্কিঙ্কর আমরা কোন প্রকারে আমাদের চঞ্চল মনকে অন্তর্বিরোধ করিতে দিব না। নিজেকে বৈষ্ণবের পদধূলি বা বৈষ্ণবের পাদুকাবাহী জানিয়া বৈষ্ণবের পরমমঙ্গলময় পাদুকাপ্রহার দ্বারা নিজের দুষ্ট মনকে সর্ব্বক্ষণ সংশোধিত করিব। বৈষ্ণবের অনুগত হইয়া যদি এইভাবে মনকে শোধন করিতে পারি, স্বরূপে প্রতিষ্ঠিত হইবার সৌভাগ্য যদি পাই, তাহা হইলে আমার মঙ্গলের পথ নিষ্কণ্টক হইবে। তখন বৈষ্ণবের নাম শুনিয়া আমাদের হৃদয় উৎফুল্ল হইয়া উঠিবে, তখন সম্মুখে তাঁহাদের অবলোকন করিবার জন্য আমাদের চিত্ত উৎসাহান্বিত হইবে। জানি না, এ সৌভাগ্য আমার কবে হইবে? চেতনের বৃত্তি উদয় হইলে কৃষ্ণই যে আনন্দ তাহা বুঝা যায়। জানি না, এ উপলব্ধি আমার কবে হইবে, আমি নিজেকে নিত্যানন্দের বলিয়া কবে জানিতে পারিব? শ্রীনিত্যানন্দ-সম্বন্ধ ব্যতীত—শ্রীআচার্য্যপাদপদ্ম ব্যতীত বদ্ধজীব আমাদের অন্য কোন সম্পত্তি নাই, ইহা আমরা কবে বুঝিতে পারিব?

শ্রীগুরুদেব—আশ্রয়বিগ্রহ। তাঁহার কৃপাছাড়া জীবের অন্য কোন গতি নাই। যেখানে গুরুপাদপদ্মের সহিত সম্বন্ধযুক্ত হইবার জন্য যত্ন নাই, গুরুর সঙ্গ করিবার ইচ্ছা নাই,—গুরুর নিকট যাইবার আকাঙ্ক্ষা নাই, সেখানে কপটতা বা অন্যাভিলাষের সহিতই আমার সম্বন্ধ হইয়াছে জানিতে হইবে। আশ্রয়বিগ্রহকে বাদ দিয়া বিষয়-বিগ্রহের কাছে যাওয়া যায় না। আশ্রয়ের কৃপায় বিষয়ের কৃপা বা কৃষ্ণসেবা লাভ হয়। জীব কখনও direct বিষয়বিগ্রহ কৃষ্ণের নিকট যাইতে পারে না। কেহ যাইতে ইচ্ছা করিলেও কৃষ্ণ সেখানে নিজেকে সংগোপন করেন। কিন্তু আশ্রয়বিগ্রহের দয়ার তুলনা নাই। যে কোনও ব্যক্তি তাঁহার সেবা-সৌভাগ্য লাভ করিয়া তাঁহার সেবা-সৌভাগ্য লাভ করিতে পারেন। অকুণ্ঠিত হইলে সকলেরই সাক্ষাদ্ভাবে গুরুপাদপদ্মের সঙ্গ ও সেবা-সৌভাগ্য লাভ করিবার অধিকার আছে। শ্রীগুরুদেবের নিকট যাওয়া নিষেধ, ইহা শুদ্ধভক্তির বিচার নহে। আবার যিনি সর্ব্বক্ষণ শ্রীগুরুদেবের অন্তরঙ্গ সেবা করেন, যাঁহার শ্রবণ-কীর্ত্তন-স্মরণাদি সকল কার্য্যই গুরুকৃষ্ণের সুখের জন্য, যিনি নিজের জন্য কিছুই করেন না, গুরুকৃষ্ণসুখতাৎপর্য্যই যাঁহার সহজ চিত্তবৃত্তি, সেইরূপ ঐকান্তিক গুরুদেবতাত্মা বৈষ্ণবের আনুগত্যেও গুরুসেবা হয়। শ্রীগুরুদেব কৃপা করিয়া যাঁহাকে আত্মসাৎ করিয়াছেন, যাঁহার হৃদয়ে গুরুকৃষ্ণের আবির্ভাব হওয়ায় যাঁহার দর্শনাদি সবই গুরু অর্থাৎ গুরুকৃষ্ণের কৃপায় যিনি প্রাকৃত দর্শন বা ভোগদর্শনের হস্ত হইতে নিষ্কৃতি পাইয়া নিরন্তর ভগবদ্দর্শন—সেবাদর্শন বা স্বদর্শনে প্রতিষ্ঠিত, সেই সর্বাঙ্গসুন্দর নির্ম্মল হৃদয়, বৈষ্ণবভূষিত. [illegible] সেবাপরায়ণ, স্বচ্ছ গুরুদাস [illegible] ছায় পরমবান্ধব আমাদের [illegible] সেই কৃষ্ণাশ্রিত বা [illegible] সাক্ষাদানন্দ বৈষ্ণব [illegible] নহেন। [illegible] বৈষ্ণব [illegible] শ্রীগুরু

কৃষ্ণ আমার পালে রক্ষে জান সর্ব্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল

হইবার যোগ্যতা নাই। লঘুর আনুগত্যে গুরুর সেবা হয় না, লঘু বা অধম কখনও গুরু বা দেবতার সেবা করিতে পারে না, গুরুই গুরুর সেবা করেন, গুরুই গুরুর সেবা দেন। যাঁহার ভক্তি বা বৈষ্ণবতা আছে, তিনিই গুরু, তিনিই বৈষ্ণব। সেই গুরুগণের বৈষ্ণবানুগত্যের সঙ্গ করা ও তাঁহাদের ... কিন্তু আমরা ... না হওয়ায়, বৈষ্ণবের সেবা না করিয়াই বৈষ্ণব হইতে চাই। আমরা ... তাঁহাকে এক ... আমাদের দৈন্য! সেই-জন্য বলিয়াছি, গুরুকৃষ্ণপ্রিয় বৈষ্ণবের অনুকীর্তন করিবার স্পৃহা আমাদের হৃদয়ে উদিত হউক আমাদিগকে কৃতার্থ করুক। নিজেকে সকলের চেয়ে দীনহীন কাঙ্গাল পাতকী জানিয়া কাহারও মর্যাদা লঙ্ঘন না করিয়া নিরপেক্ষ শ্রেষ্ঠ ব্যক্তিগণের সঙ্গে থাকিয়া হরিগুরুবৈষ্ণবের সেবা করিবার আকাঙ্ক্ষা আমাদের উদিত হউক, 'বড় আমি' হইবার দুর্বুদ্ধি আমাদের না হউক, গুরুবৈষ্ণবের দাসো পরিহার করিয়া লোকের উপর প্রভুত্ব করিবার আত্মবঞ্চনাকারিণী বাঞ্ছা যেন আমাদের হৃদয়ে স্থান না পায়, অথবা সর্বনিয়ন্তাই শ্রীগুরু নিত্যানন্দের কৃপা, ইহা যেন আমাদের উপলব্ধি হয়, ইহাই শ্রীগুরুবৈষ্ণবগণের শ্রীচরণে আমাদের কাতর প্রার্থনা।

কর্মী, জ্ঞানী বা যোগী ইঁহারা সকলেই ফলটা নিতে চান। সেইজন্যই উঁহারা অভক্ত। ভক্ত কিন্তু ফলটা ভগবান্‌কে দেন। তিনি চান কেবল সেবা। কর্মের দ্বারা ধর্মার্থকাম লাভ হয়। সেই কর্মী বা যোগিগণের সহিত কৃষ্ণের কোন সম্বন্ধ নাই, তাহারা হরিভজন করে না। যেন মনের সুখ লইয়াই তাহারা ব্যস্ত। যোগকামী যোগ ত্যাগ করিলেও ঈশ্বরের উপাসনা করে না। যোগের দ্বারাও ভগবানের সেবা লাভ হয় না, তাহার দ্বারা অণিমা, লঘিমা, প্রাপ্তি লাভ হয়। মোক্ষকামী কেবল সংসারের দুঃখসমূহের হাত হইতে মুক্তি চায়, সুতরাং সেও নিজেই ভোক্তা। কর্মী ভোগ চায়, আর জ্ঞানী মোক্ষ চায়। একক্থায় কর্মী প্রচ্ছন্ন ভোগী আর জ্ঞানী প্রচ্ছন্ন-ভোগী। এই ভুক্তিমুক্তিকামিগণ কিরূপে সন্ধান কি করিতে পারিবে? ভক্তের ভক্তের সহিত সম্বন্ধ বা নিত্যবন্ধন আছে। তাঁহার ত' অনিত্য বন্ধনই নাই, সুতরাং তিনি মুক্তি চাহিবেন কেন? ফলাকাঙ্ক্ষা ভক্তের নাই। ভক্ত বলেন, আমি আমার ভগবানের সেবাই করিব, তিনি গ্রহণ করিতেও পারেন, নাও পারেন—ইহাই ভক্তি। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন, —Bhakti is the function of pure soul. If we regain our real position, then we have the chance of disassociating ourselves from the world

শ্রীল তীর্থ মহারাজের হরিকথা

[শ্রীবাগবাজার গৌড়ীয় মঠ, ৪ ১০।৪০ ইং]

যস্য সাক্ষাদ্ভগবতি জ্ঞানদীপপ্রদে গুরৌ।
মর্ত্যাসদ্ধীঃ শ্রুতং তস্য সর্বং কুঞ্জরশৌচবৎ॥

(ভাঃ ৭।১৫।২৬)

সাক্ষাৎ ভগবান হইতে অভিন্ন, সম্বন্ধ-জ্ঞানরূপ প্রদীপদাতা শ্রীগুরুদেবকে যে ব্যক্তি মরণশীল মনুষ্য বলিয়া অসদ্‌বুদ্ধি করে, তাহার শ্রীগুরুদেবের নিকট হইতে শ্রুত সমস্ত বিষয় এবং সংস্কারাদি সমস্তই হস্তিস্নানের ন্যায় বৃথা হইয়া যায়।

"বন্দে গুরূন্ ঈশভক্তান্"—শ্রীচৈতন্যচরিতামৃতের এই মঙ্গলাচরণের শ্লোকে "বন্দে গুরূন্" বাক্যে 'গুরূন্' বহুবচনের পদ অর্থাৎ শ্রীগুরুদেব দীক্ষাগুরু, শিক্ষাগুরু, চৈত্যগুরু ও বর্ত্ম প্রদর্শক গুরুরূপে চতুর্বিধ মূর্তিতে অবস্থিত। দীক্ষাগুরুদেব সম্বন্ধজ্ঞান প্রদান করেন, শিক্ষাগুরুদেব অভিধেয়াধিকার দান করেন, চৈত্যগুরু হৃদয় হইতে সদ্গুরুগ্রহণ ও হরিকথা-শ্রবণে প্রেরণা দান করেন এবং বর্ত্ম প্রদর্শক বা শ্রবণগুরু আমাদিগকে ভগবানের সন্ধান প্রদান করেন।

অভক্তগণ শ্রীগুরুদেবকে চর্মচক্ষে দেখিয়া নিজ মনের দ্বারা তাঁহাকে মনুষ্য মনে করিলে এবং তাঁহার সহিত কপটতা করিলে জীবের অনন্ত রৌরব লাভ হয় ... যাহার দেহে অস্থিযুক্ত আছে, যে মাংসপিণ্ড বা চর্মাদির ধারণকারী, তাহার দুর্দশার সীমা নাই। আর যে জীবকে বধ করিবে, সেই জীব পুনরায় তাহাকে বধ করিবে। ভক্তের মর্ত্য বুদ্ধিকারী বা দূষণ আরোপকারী মাংসপিণ্ড দুঃখ কখনও শ্রমাকে ঢুকিতে পারে না। তাহার প্রমাণস্বরূপ শ্রীগুরুতে মর্ত্যবুদ্ধিকারী গুরু-শিষ্য অভিমানে অক্ষচিত হওয়ার শ্রীমায়াবাদে প্রবেশাধিকার হইতে চিরতরে বঞ্চিত হইয়াছে। বড় বড় অট্টালিকার বৃহৎ ছাদ যেমন স্তম্ভের উপর ভর করিয়া দাঁড়ায় অথবা গুরুর চালকে রক্ষা করিতে হইলে শক্ত খুঁটির আবশ্যক হয়, তদ্রূপ হরিভক্তিতে আকাশস্বরূপ দৃঢ় স্তম্ভের আবশ্যক। সিদ্ধান্ত বা তত্ত্বই সাক্ষাৎ কৃষ্ণ। সুতরাং সিদ্ধান্তকে হৃদয়ে ধারণ করা আর কৃষ্ণকে হৃদয়ে ধারণ করা একই কথা। সুকৃতিশালী জীবের শুদ্ধভক্তি-সৌধ সংরক্ষণের জন্য কৃপাপরবশ শ্রীল প্রভুপাদ ভক্তিসিদ্ধান্তবাণী বা ভক্তিবিনোদবাণীরূপে আবির্ভূত হইয়াছিলেন। শ্রীল প্রভুপাদ 'রূপানুগবিরুদ্ধাপসিদ্ধান্তধ্বান্তহারী'।

যে সাধক নিজকে মূঢ় এবং শ্রীগুরুদেবকে মর্ত্য বলিয়া না ভাবেন, তিনি সাধকই নহেন। দেহাত্মবুদ্ধিবিশিষ্ট হইয়া আমরা পাশবিক ধর্মে জীবনযাপন করি অর্থাৎ পশুর যে প্রকার খাওয়া-দাওয়া-থাকা ও ইন্দ্রিয়তর্পণাদি প্রভৃতি ব্যবহার, বহির্মুখ জীবেরও ঐরূপ পাশবিক ধর্মই প্রবল। যাহারা হরিগুরুবৈষ্ণববিদ্বেষী হইয়া বা গুরুবৈষ্ণবে মর্ত্যবুদ্ধি করিয়া বাহ্যতঃ ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ কিংবা সন্ন্যাসীর বেশে অবস্থান করিবে, তাহারা নিশ্চয়ই মায়াক্রান্ত হইবে। দেহ-গেহ-যোষিৎ-চিন্তাই নরকের চিন্তা। সেই চিন্তা হইতে বলপূর্বক উদ্ধার করিয়া শ্রীল প্রভুপাদ আমাদিগকে কৃষ্ণচিন্তার অবসর দিয়াছেন। শ্রীল প্রভুপাদ আমাদিগকে শ্রীনাম মন্ত্র, সাধুসঙ্গ, ধামবাস বা মঠবাস, হরিকথা-শ্রবণ-কীর্তনের অপূর্ব সুযোগ দান করিয়া আমাদিগকে সর্বক্ষণ মায়ার হাত হইতে রক্ষা করিতেছেন। আমরা মঠে থাকিয়া যদি হরিভজন না করি, যদি শ্রীগুরুপাদপদ্মে নিত্যযুক্ত না থাকি, তবে নিশ্চয়ই নরকগমন হইবে। শ্রীল প্রভুপাদের কৃপার শেষ নাই। তিনি ভক্তক ও মিথ্যাভক্ত, গুরুভক্ত ও গুরুভোগী, প্রেমিক ও কামুকের পার্থক্য দেখাইয়া আলো অন্ধকারের ন্যায় তাহা সম্পূর্ণ পৃথক্ রাখিয়া শরণাগত নিষ্কপট সেবকগণকে রক্ষা করিয়াছেন। নিষ্কপট সেবকগণ শ্রীল প্রভুপাদের এই বাণী —'শ্রীরাধাগোপাল-আলো, যাহ-সেবানন্দবালো, থাকিয়া ত' সদা লহ নাম।' দৃঢ়রূপে বিশ্বাস করিয়া তাঁহার কৃপার বরণ করিয়াছেন। শ্রীগুরুদেবের শ্রীচরণে মর্ত্যবুদ্ধিকারিগণের হৃদয়ে শ্রীল প্রভুপাদের এই বাণী আত্মপ্রকাশ করে নাই। অসুর-প্রকৃতির পাষণ্ডগণ কখনই ভক্তিসিদ্ধান্ত হৃদয়ে ধারণ করিতে পারে না। তাহারা গুরুবৈষ্ণবের বাক্যের তাৎপর্য গ্রহণ করিতে না পারিয়া ঘোরতর অন্ধতামিস্র নরকে গমন করে। যিনি ভক্তিসিদ্ধান্তবাণী শ্রবণ করিয়া তাহা হৃদয়ে দৃঢ় ধারণ করিতে পারেন, তিনি কৃষ্ণের দিকে দৃঢ় অগ্রসর হন। মঠ জড়বস্তু নহে, আর সেবাপরায়ণ মঠবাসী নহে। মঠ সাক্ষাৎ শ্রীগুরুপাদপদ্ম। আমরা দেহ নহি, আমার দেহী আত্মা—কৃষ্ণের শক্তি। 'সর্বদেহে বাহুরূপে বৈসে কৃষ্ণশক্তি।' তাহা মনে যে করে সে-তাহাতে সে ভক্তি হ' আমরা হরি-ভজন করিবার জন্যই ত' মঠে আসিয়াছি! অতএব শ্রীহরিগুরুবৈষ্ণবের প্রীতিবিধান ব্যতীত আমাদের আর কি কর্তব্য থাকিতে পারে? হরিকথা-শ্রবণের বেলায় যত নিদ্রা ও জড়তা, কৈ ভোজন ও ইন্দ্রিয়তর্পণের বেলায় ত' নিদ্রা আসে না?

হরিগুরুবৈষ্ণবের কথা সেবোন্মুখ কর্ণে শ্রবণ না করিলে, তাঁহাদের চরণে শ্রদ্ধা না থাকিলে কিছুতেই বদ্ধজীবের মন কৃষ্ণপাদপদ্মে আকৃষ্ট হইতে পারে না। সিদ্ধান্তগ্রহণে আলস্য ও হরিকথা শ্রবণে অরুচি থাকিলে কোনকালেও মঙ্গল হইবে না।

'সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস।
ইহা হৈতে কৃষ্ণে লাগে সুদৃঢ় মানস॥
চৈতন্যমহিমা জানি এ সব সিদ্ধান্তে।
চিত্ত দৃঢ় হঞা লাগে মহিমাজ্ঞান হৈতে॥

(চৈঃ চঃ আঃ ২।১১৭-১১৮)

হরিগুরুবৈষ্ণব-নিষ্পদের মহিমা শ্রবণ ব্যতীত কিরূপে তাঁহাদের চরণে শ্রদ্ধা বর্ধিত হইবে? কিরূপে চিত্ত দৃঢ় হইবে? শরণাগতি ব্যতীত আমাদের যতই পাণ্ডিত্য বা বুদ্ধি থাকুক না কেন, আমরা কিছুতেই ঈশ্বর-তত্ত্ব জানিতে পারি না। সার্বভৌমের ন্যায় অদ্বিতীয় পণ্ডিতও নিজের বিচার-বুদ্ধিতে ঈশ্বরতত্ত্ব জানিতে যাইয়া মোহপ্রাপ্ত হইয়াছেন। এইজন্যই তাঁহার ভগিনীপতি শ্রীগোপীনাথ আচার্য বলিয়াছিলেন—

'ঈশ্বরের কৃপালেশ হয় ত' যাহারে।
সেই ত' ঈশ্বরতত্ত্ব জানিবারে পারে॥'

(চৈঃ চঃ মঃ ৬।৮৩)

আমরা বলি—

'বৈষ্ণবের কৃপালেশ হয় ত' যাহারে।
সেই ত বৈষ্ণবতত্ত্ব জানিবারে পারে॥
শ্রীগুরুর কৃপালেশ হয় ত' যাহারে।
সেই ত' শ্রীগুরুতত্ত্ব জানিবারে পারে॥'

শ্রীহরিগুরুবৈষ্ণবের প্রতি মাৎসর্য বা প্রাকৃতদর্শন থাকিলে তাঁহাদের কৃপালেশ কখনও হয় না। জীব দেহের চক্ষে দেহ দেখে এবং আত্মার চক্ষে আত্মাকে দেখে। শ্রীগুরুদেব সকলকেই কৃষ্ণের শক্তি দেখেন, সর্বত্র কৃষ্ণের বস্তু ও বিলাস দেখেন। শ্রীল হরিদাস ঠাকুর যখন বেশ্যা বা মায়াকে দেখিয়াছিলেন, তখন তিনি বিষয়ীর ন্যায় তাহার বাহ্য আকার দেখেন নাই

—তাহার মধ্যে কৃষ্ণশক্তি দেখিয়া দণ্ডবৎ করিয়াছিলেন। শ্রীল ঠাকুর হরিদাস কৃষ্ণকীর্ত্তন করিয়া দুইটি কৃষ্ণশক্তিকে উদ্ধার করিয়াছিলেন। কৃষ্ণকে দেখিলে কৃষ্ণশক্তিরও দর্শন হয়। আবার কৃষ্ণশক্তি-দর্শন হইলেও কৃষ্ণপাদপদ্মদর্শন হয়। কুদর্শন বা জড়দর্শনে সকলই ভোগের বা ত্যাগের বস্তু বিচার হয়। আর সুদর্শন বা দিব্যজ্ঞানে সকলই কৃষ্ণকার্ষ্ণ্য দর্শন বা সেবাদর্শন হয়।

"ভক্তিযোগেন মনসি সম্যক্
প্রণিহিতেঽমলে।
অপশ্যৎ পুরুষং পূর্ণং মায়াঞ্চ
তদপাশ্রয়াম্॥"

ভক্তিযোগ-প্রভাবে তদ্ধীভূত মন সম্পূর্ণভাবে সমাহিত হইলে ব্যাসদেব কান্তি, অংশ ও স্বরূপশক্তিসমন্বিত শ্রীকৃষ্ণকে এবং তাঁহার পশ্চাদ্ভাগে গর্হিতভাবে আশ্রিতা মায়াকে দর্শন করিলেন।

শ্রী সম্প্রদায়ের বৈষ্ণবগণ নাভির ঊর্দ্ধদেশ দ্বারা শ্রীলক্ষ্মীনারায়ণের সেবা করেন। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—'যাঁহারা ঊর্দ্ধদেশ দ্বারা নারায়ণের সেবা করেন, তাঁহারা নিম্নাঙ্গকে নিজের ভোগের জন্য reserved রাখেন।' অপ্রাকৃতধামে অপ্রাকৃতদেহে সর্ব্বেন্দ্রিয়ের দ্বারা ভগবানের সেবা করিতে হইবে। যাহারা ইন্দ্রিয়গুলিকে ইন্দ্রিয়াধিপতি কৃষ্ণের সেবায় নিযুক্ত করে না, তাহারা এইগুলিকে মায়ার সেবায় নিযুক্ত করিবেই করিবে।

সর্ব্বোপাধিবিনির্ম্মুক্তং তৎপরত্বেন নির্ম্মলম্।
হৃষীকেণ হৃষীকেশসেবনং ভক্তিরুচ্যতে॥

হরিসেবক মলমূত্র-বিসর্জ্জনাদিকালেও হরিভজন করেন। অপ্রাকৃতদেহে অপ্রাকৃত গোপীর কিঙ্করী হইতে হইবে। তখন 'রাসরসোৎসব, গোপীবসনচোর' কৃষ্ণ আমাদের দেহমনের বাহ্যিক আবরণ অর্থাৎ বিরূপ দূর করিয়া আমাদিগের অনাবৃত শুদ্ধচেতনকে আকর্ষণ করিবেন। সন্ন্যাসী বা বৈষ্ণব বেষ সাজিয়া বেষাভিমান রক্ষা করিয়া—রাবণের বৃত্তি লইয়া আত্মবঞ্চনা ও পরবঞ্চনা করিয়া কি লাভ হইবে? যে গুরু শিষ্যকে পরমার্থধন দেন না, সে শিষ্যের অর্থহরণকারী চোর।

গুরবো বহবঃ সন্তি শিষ্যবিত্তাপহারকাঃ।
দুর্লভঃ সদ্গুরুর্দেবি! শিষ্যসন্তাপহারকঃ॥

হে দেবি! শিষ্যের বিত্ত অর্থাৎ ধনাপহারক বহু গুরু আছে, কিন্তু শিষ্যের সন্তাপনাশক সদ্গুরু দুর্লভ।

—Transparent বা opaque গুরুর দ্বারা শিষ্যের উপাদান কৃষ্ণের কাছে পৌঁছাইয়া না দিয়া মায়াপথে নিজে আত্মসাৎ করেন না।

শ্রীল ভক্তিবিনোদঠাকুরের বাণী—
বিধিমার্গরত জনে, স্বাধীনতা-রত্নদানে,
রাগমার্গে করান প্রবেশ।
রাগবশবর্ত্তী হ'য়ে, পারকীয়-ভাবাশ্রয়ে,
লভে জীব কৃষ্ণপ্রেমাবেশ॥

বিধিমার্গে লক্ষ্মীনারায়ণের উপাসনা হয়। রাগমার্গ ব্যতীত রাধাকৃষ্ণের ভজন হয় না। চাতুর্ম্মাস্যব্রতপালন বিধিপর ভজন। পাঞ্চরাত্রিক অর্চ্চনই বৈধভজন। শ্রীকৃষ্ণের শ্রবণকীর্ত্তনই ভাগবতমার্গে রাগভজন। 'সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস। ইহা হৈতে কৃষ্ণে লাগে সুদৃঢ় মানস॥' সিদ্ধান্ত উপলব্ধি ব্যতীত কাহার জন্যেও চাতুর্ম্মাস্য পালন হয় না,—কৃষ্ণপাদপদ্মলাভ হয় না। এইজন্যই শ্রীল প্রভুপাদ রূপানুগ-বিরুদ্ধ-সিদ্ধান্ত খণ্ডন করিয়া শুদ্ধভক্তিসিদ্ধান্ত স্থাপন করিয়াছেন। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ আমাদিগের স্বরূপের পরিচয় এইরূপভাবে জানাইয়াছেন—'ছোড়ত পুরুষ অভিমান। (গোপী) কিঙ্করী হৈলু আজি কান॥' আমাদের গুরুদেব শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের এই বাণী লঙ্ঘন করিয়া যদি আমরা পুরুষাভিমানে প্রমত্ত হইয়া হরিগুরুবৈষ্ণব সেবায় উদাসীন হই, তবে একজন বৈষ্ণবের চরণে অপরাধী হওয়ার দরুণ সকল বিষ্ণু-বৈষ্ণবচরণে অপরাধী হইতে হইবে। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বাণী পালন না করিলে কোনদিন ভক্তির দ্বারে পৌঁছান যাইবে না। গুর্ব্ববজ্ঞা মর্ত্ত্যবুদ্ধি এবং তাঁহাদের চরণে অপরাধ-বশতঃই আমাদের অধঃপতন ও সর্ব্বনাশ হইয়া থাকে।

'যদি বৈষ্ণব-অপরাধ উঠে হাতী মাতা।
উপাড়ে বা ছিণ্ডে, তার শুখি' যায় পাতা॥
তাতে মালী যত্ন করি' করে আবরণ।
অপরাধ-হস্তীর যৈছে না হয় উদ্গম॥'
(চৈঃ চঃ মঃ ১৯।১৫৬-১৫৭)

কতকগুলি জীব পুরুষদেহে পাইয়াও আমার দ্বারা চিৎশক্তি শ্রীগুরুদেবের সেবা না করায় পতিত হইয়া গেল। শ্রীগুরুপদাশ্রয় করিয়া হরিভজন করিলে পতন নাই, নতুবা পতন অবশ্যম্ভাবী। 'আশ্রয় লইয়া ভজে, তা'রে কৃষ্ণ নাহি ত্যজে, আর সব মরে অকারণ।' শিষ্যাভিমানী হইয়াও আত্মম্ভরিতাবশে শ্রীগুরুদেবের বাণীতে প্রতিষ্ঠিত না হওয়ায় মঠবাসীগণের পতন হইয়াছে। কৃষ্ণ ভক্তদ্রোহী পাষণ্ডগণকে বধ করিয়া দিয়াছেন। কৃষ্ণ ব্রজজন-বিরোধী অঘ-বক-পূতনাদি আটারটি অসুরকে দূর

চিত্তবিভ্রম

(শ্রীউদ্ধব নীলমণি ব্রহ্মচারী বি এ)

চিত্তবিভ্রম একটি প্রধান রোগ। ইহা দুশ্চিকিৎস্য ও দুরারোগ্য। এ ব্যাধির কবলে পতিত হইলে মঙ্গললাভের আর আশা থাকে না।

চিত্তবিভ্রম প্রধানতঃ চারিপ্রকার, যথা—মাদকসেবন, ছয় রিপুর প্রাবল্য, নাস্তিকতা ও অজ্ঞতা।

মাদকসেবন শাস্ত্র কর্ত্তৃক অনুমোদিত নহে। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন, "যদ্ঘ্রাণভক্ষো বিহিতঃ সুরায়াঃ" অর্থাৎ শাস্ত্রে মদ্যের আঘ্রাণ ভক্ষণ বিহিত হইয়াছে, পান বিহিত হয় নাই। এই বিধান কেবল অত্যন্ত মাদকসেবী ব্যক্তিদিগকে মাদকসেবন হইতে নিবৃত্ত করাইবার জন্যই হইয়াছে, পরন্তু সাধুবৈষ্ণবদের জন্য এই বিধান নহে, কারণ সাধুবৈষ্ণবগণের স্বভাবতঃই কোন প্রকার মাদকসেবনে প্রবৃত্তি হয় না

করেন। সুতরাং আমরা যদি গুরুকৃষ্ণে একান্ত শরণাগত থাকি, তবে আমাদের কোনদিনই পতনের আশঙ্কা নাই।

শ্রী-বৈষ্ণবগণ যদি নিজদিগকে কৃষ্ণভোগ্যা জানিয়া চিচ্ছক্তি শ্রীগুরুদেবের আনুগত্যে সর্ব্বক্ষণ হরিভজন করেন, তবে তাঁহাদেরও অমঙ্গল হইবে না, তাঁহারাও নিশ্চয়ই কৃষ্ণের কৃপা পাইবেন। হরিকথা শ্রবণ হইলেই কীর্ত্তন হইবে। যে অশ্রবণ, সে মূক। সুতরাং হরিকথা যুগপৎ শ্রবণ ও কীর্ত্তন করিতে হইবে। আচার ও প্রচার যুগপৎ না হইলে ভজন হয় না।

"আপনে আচরে কেহ, না করে প্রচার।
প্রচার করেন কেহ, না করেন আচার॥
'আচার,' 'প্রচার,'—নামের করহ 'দুই' কার্য্য।
তুমি—সর্ব্ব গুরু, তুমি—জগতের আর্য্য॥"
(চৈঃ চঃ অঃ ৪।১০২-১০৩)

গৌড়ীয়মঠবাসী প্রত্যেকে আচারবান্ হইয়া নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের আনুগত্যে শ্রীনাম-প্রচার করিবেন। যেমন সৈনিকের পক্ষে ঢাল ও তরোয়াল থাকিলে সে আত্মরক্ষা করিতে পারে, তেমন আমাদিগের আচাররূপ ঢাল এবং প্রচাররূপ তরোয়াল থাকিলে মায়ার বা জগতের কোন আক্রমণ আমাদিগকে পরাজিত করিতে পারিবে না। শ্রীগুরুদেবের শিক্ষায় প্রতিষ্ঠিত হওয়াই সদাচারে প্রতিষ্ঠিত হওয়া।

শ্রীমদ্ভাগবতেই বেদশাস্ত্রের অর্থ পরিস্ফুট হইয়াছে। যাঁহারা ভক্তভাগবত ও গ্রন্থভাগবতের আশ্রয় না করিয়া বেদশাস্ত্র আলোচনা করিতে যান, তাঁহারা বেদের প্রকৃত তাৎপর্য্য উপলব্ধি করিতে না পারিয়া নানা দেব ও পশু হত্যাকার্য্যে প্রবৃত্ত হইয়া পড়েন। মাদকসেবন হইতে জগতের যে কত অনিষ্ট ঘটে, তাহা বলা যায় না। সমস্ত পাপই মাদকদ্রব্যকে আশ্রয় করিয়া থাকে। সর্ব্বপ্রকার মদ, গাঁজা, সিদ্ধি, চরস, আফিং, তামাক ও গুয়াক মাদকদ্রব্যের মধ্যে পরিগণিত। এই সব মাদক সেবনের ফলে চিত্ত অস্থির ও পশুবৎ ভাব হইয়া যায়। মাদকসেবন প্রধান পাপ। আত্মমঙ্গলাকাঙ্ক্ষী মানবের কখনও কোন অবস্থায় মাদকদ্রব্য স্পর্শ করা উচিত নহে।

কাম, ক্রোধ, লোভ, মদ, মোহ ও মাৎসর্য্য,—এই ছয়টী রিপু। চিত্ত এই ছয় রিপুর অধীন হইয়া পড়িলে মানব পাপী হইয়া পাপকার্য্যে রত হয়। সেবাময় জীবনযাপনের জন্য নিতান্ত প্রয়োজনীয় বস্তু স্বীকার করাকে কাম বলা যায় না। মহাজনবাণী শুনিতে পাওয়া যায়, "যথাযোগ্য ভোগ, নাহি তথা রোগ, সংসার উভয় পাপ পরাজয়।" অত্যাসক্ত বাসনাকে কাম বলা যায়। এই কাম মানবকে নানাবিধ উপদ্রবের মধ্যে ফেলিয়া দেয়। কামনা পূর্ণ না হইলেই ক্রোধের উদয় হয়। ক্রোধ হইতে কলহ, কটুবাক্য, অন্যের প্রতি আঘাত বা আত্মঘাত প্রভৃতি পাপকার্য্য অনুষ্ঠিত হয়। ক্রমশঃ লোভ আসিয়া পাপ উৎপাদন করে। নিজেকে বড় বলিয়া জানার নাম মদ। উপাস্যবোধে আপনাকে অভিমান করিলে মঙ্গল হয় না। মোহ অজ্ঞানের নাম। শ্রীমদ্ভাগবত বলেন,—

ন তথাস্য ভবেন্মোহো বন্ধশ্চান্যপ্রসঙ্গতঃ।
যোষিৎসঙ্গাদ্‌যথা পুংসো যথা
তৎসঙ্গিসঙ্গতঃ॥

অর্থাৎ স্ত্রীসঙ্গ ও স্ত্রীসঙ্গিপুরুষের সঙ্গ হইতে জীবের যেরূপ মোহ ও সংসারবন্ধন ঘটিয়া থাকে, অন্য কোন বিষয়ের প্রসঙ্গ হইতে সেরূপ হয় না।

মোহগ্রস্ত ব্যক্তি গুরুকে লঘু ও লঘুকে গুরু এবং বৈষ্ণবকে অবৈষ্ণব ও অবৈষ্ণবকে বৈষ্ণব মনে করেন।

পরের উন্নতি সহিতে না পারার নাম মাৎসর্য্য। ইহাই সমস্ত পাপের মূল। এই ছয় রিপুর দ্বারা যাহার চিত্ত আক্রান্ত, তাহারই চিত্তবিভ্রম উপস্থিত হয়।

চিত্তবিভ্রম হইতে নাস্তিকতার উৎপত্তি হয়। সুতরাং নাস্তিকতা যে একপ্রকার

নশ্বরবস্তুর জন্য তার আর্তনাদ। কর্ম্মের ধর্ম্মে কর্ম্মের গতি বিশ্রাম॥

চিত্তের ব্যাধিবিশেষ, তাহা অবশ্য স্বীকার্য্য। পরমেশ্বর নাই বলিয়া নিশ্চয় করা কেবলমাত্র নাস্তিকতা আর পরমেশ্বর আছেন কিনা, এরূপ সন্দেহ করা অল্পপরিমাণ নাস্তিকতা। নাস্তিকতা যে চিত্তবিকার বিশেষ, ইহা পূর্ব্বে দেখা গিয়াছে। চিত্তবিকারগণ বায়ুরোগগ্রস্ত ব্যক্তিগণ প্রায়ই নাস্তিক হইয়া থাকেন। কোন কোন লোক গুরু অবস্থায় উন্মত্তরূপে উপস্থিত হইয়া, কিন্তু স্বভাবতঃ ঐ রোগ উদয় হইলেও আর বিশ্বাস করে না। পুনরায় ঐ রোগ আরোগ্য হইলে বিশ্বাস করে। কোন কোন উন্মাদগ্রস্ত ব্যক্তি অতএব 'ওরে ঈশ্বর' ইত্যাদি নাম উচ্চারণ করে, কিন্তু চিত্তবিকার হইলে বলে যে—'ঈশ্বর নেই'। চিত্তবিকারক্রমে বায়ুরোগ হইতে উন্মত্ত হইলেই মানব কখন বলে, 'আমি ব্রহ্ম',—কখনও বলে 'আমি ঈশ্বর,' কখনও বলে 'আমি ভগবান্,' কখনও বলে—'আমি আত্মবিস্মৃত' ইত্যাদি। এ সমস্ত চিত্তবিকার-জনিত বিকারবিশেষ। অতএব এ সমস্ত শ্রীগুরুবৈষ্ণব-ভগবানের চরণে অপরাধের ফলেই জীবকে এইরূপ দুরারোগ্য ব্যাধির কবলে কবলিত হইতে হয়।

তাহা না জানিয়া পাপ মধ্যে পরিগণিত। ইহাও চিত্তদৌর্ব্বল্য।

শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিয়া সর্ব্বক্ষণ শ্রীভক্তিবিনোদ-বাণী কায়মনোবাক্যে নিযুক্ত না থাকিলে চিত্তবিকার। জীবন রোগের আক্রমণ হইতে রক্ষা পাইবার অন্য কোন উপায় নাই। তাই পরম করুণাময় ও ভগবান শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর নিম্নলিখিত ভাষায় সাধুগণ অপরাধগ্রস্ত ব্যক্তিকে প্রার্থনা করিতে শিক্ষা দিয়েছেন। যথা—

বিষয়-বাসনারূপ চিত্তের বিকার।
আমার হৃদয়ে ভোগ করে অনিবার॥
কত যে যতন আমি করিলাম হায়।
না গেল বিকার, বুঝি শেষে প্রাণ যায়॥
এ ঘোর বিকার মোরে করিল অস্থির।
শান্তি না পাইল স্থান, অন্তর অধীর॥
শ্রীরূপ গোস্বামী মোরে কৃপা বিতরিয়া।
উদ্ধারিবে কবে যুক্তবৈরাগ্য অর্পিয়া॥
কবে সনাতন মোরে ছাড়ায়ে বিষয়।
নিত্যানন্দে সমর্পিবে হইয়া সদয়॥
শ্রীজীব গোস্বামী কবে সিদ্ধান্ত সলিলে।
নিবাইবে তর্কানল, চিত্ত যাহে জ্বলে॥
শ্রীচৈতন্যনাম শুনি উদিবে পুলক।
রাধাকৃষ্ণামৃত পানে হইব অশোক॥
কাঙ্গালের সুকাঙ্গাল দুর্জ্জন এ জন।
বৈষ্ণবচরণাশ্রয় যাচে অকিঞ্চন॥

শ্রীধামে বিরহ-মহোৎসব

গত ১০ই নভেম্বর রবিবার উত্থানৈকাদশী ব্রতপালন শুদ্ধভক্তিপাঠপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাশীর্ব্বাদে ও আনুগত্যে আমাদের পরমগুরুদেব ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল গৌরকিশোর দাস গোস্বামী ঠাকুরের বিরহ-মহোৎসব শ্রীধাম-মায়াপুরে শ্রীমঠের অন্তর্গত পরমগুরুদেবের সমাধিমন্দিরে নিরবধি হরিসংকীর্ত্তনমুখে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে শ্রীধামবাসী ভক্তগণ একাদশীব্রতের পর গুরুবৈষ্ণববন্দনা, মঙ্গলারতি, পরমগুরুদেব, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব ও 'যে আনিল প্রেমধন করুণা প্রচুর' প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তন করেন। শ্রীপাদ অপ্রাকৃত ব্রহ্মচারী ভক্তিসর্ব্বস্ব ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীল গৌরকিশোর প্রভুর মহিমা কিছুক্ষণ কীর্ত্তন করিয়া শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠান্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইলে পর ভক্তবৃন্দ উচ্চ সংকীর্ত্তন করিতে করিতে শ্রীনবদ্বীপ-পরিক্রমা করেন। পরিক্রমার পর শ্রীসমাধিমন্দিরে বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন হইতে থাকে। এদিকে আনন্দোৎসব নাটমন্দিরে শ্রীপাদ নন্দকিশোর দাস ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীমদ্ভাগবত পারায়ণ করিতে থাকেন। বেলা ১১০ ঘটিকার সময় শ্রীগুরুভক্তবিলাস ভক্তিশাস্ত্রী সভা মধ্যে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীল হরিদাস ঠাকুরের নির্য্যাণ প্রসঙ্গ পাঠ করিয়া পরমগুরুদেবের কৃষ্ণভজন-পরাকাষ্ঠার বৈরাগ্যের কথা কিছুক্ষণ আলোচনা করেন। তৎপরে তিনি ৯ম বর্ষ গৌড়ীয় হইতে শ্রীগৌরকিশোর-বিরহ-মহোৎসবে শ্রীশ্রীল প্রভুপাদের হরিকথা অনেকক্ষণ ধরিয়া পাঠমুখে আলোচনা করেন। তৎপরে শ্রীল গৌরকিশোর প্রভুর ভোগারাত্রিক সংকীর্ত্তনমুখে সম্পন্ন হয়।

বেলা ১ ঘটিকা হইতে ভক্তগণ পুনরায় সমাধিমন্দিরে গুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন করিতে থাকেন। তৎপরে কৃষ্ণনগর শ্রীকৃষ্ণকুটীর হইতে আগত শ্রীগৌরপ্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভাগবত পাঠক শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী ভক্তিভূষণ ভক্তিশাস্ত্রী প্রভু 'পরমহংস শ্রীগৌরকিশোর' প্রবন্ধ পাঠ ও ব্যাখ্যা করেন। তাহার পর শ্রীপাদ নন্দকিশোর ভক্তিশাস্ত্রী প্রভু পারায়ণ শেষ করিলে শ্রীগৌরকিশোরবিরহসংখ্যা গৌড়ীয় পাঠ হয় এবং পুনরায় মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইতে থাকে। তৎপরে শ্রীশ্রীল প্রভুপাদ, শ্রীশ্রীল গৌরকিশোর প্রভু ও শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর সন্ধ্যারাত্রিক কীর্ত্তন হইলে ভক্তগণ শ্রীচৈতন্যমঠের নাটমন্দিরে কীর্ত্তন করিতে থাকেন। অনেকক্ষণ যাবৎ কীর্ত্তন হইলে পর শ্রীগুরুবিলাস দাস ভক্তিশাস্ত্রীজী শ্রীল গৌরকিশোর প্রভু কে? ও তাঁহার কৃপার কথা কিছুক্ষণ কীর্ত্তন করিয়া একাদশী ও মহাদ্বাদশী পালনের অত্যাবশ্যকতার কথা আলোচনা করেন। তৎপরে শ্রীচৈতন্য-চরিতামৃত হইতে শ্রীসনাতনশিক্ষা পাঠ ও ব্যাখ্যা হয়। অনন্তর ভক্তগণ কৃপাপ্রার্থনা-সূচক মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করেন। শ্রীধামবাসী ভক্তবৃন্দ দিবারাত্র নির্জ্জল উপবাসী থাকিয়া সংকীর্ত্তনমুখে এই পরমমঙ্গলময়ী তিথিবাসর সম্মান করিয়াছেন। তৎপরদিবসও ভক্তগণ উপবাসী থাকিয়া শ্রীগুরুগৌরাঙ্গের কৃপার কথা প্রায় সমস্ত দিনই আলোচনা করেন।

শ্রীমাধবগৌড়ীয়মঠের উৎসব-পঞ্জী

গত ৩রা নভেম্বর রবিবার উষঃকালে শ্রীপাদ গৌরেন্দু ব্রহ্মচারী সেবাব্রত প্রভু শ্রীচৈতন্যভাগবত মধ্যখণ্ড ৫ম অধ্যায় হইতে শ্রীগৌরসুন্দরের বলদেবাবেশ, শ্রীমদ্ অদ্বৈতাচার্য্যপ্রভুর অভূত প্রতীক্ষা ও আপামর কৃষ্ণপ্রেম প্রদান-প্রসঙ্গ অতি সুন্দরভাবে পাঠ ও ব্যাখ্যা করেন। প্রাতে শ্রীমন্দিরপরিক্রমার পর শ্রীল তীর্থগোস্বামী মহারাজ গুরু ও বিগ্রহ, মাধুকরী ভিক্ষার তাৎপর্য্য, প্রকৃত মঠবাসীর কৃত্য, ভোগদর্শন ও দিব্যদর্শন সম্বন্ধে বহুক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করেন। অপরাহ্ণে শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু ইষ্টগোষ্ঠী সভায় 'অর্চ্চন-প্রণালী' সম্বন্ধে বহু বিষয় আলোচনা করেন। সন্ধ্যারাত্রিকের পর শ্রীল তীর্থগোস্বামী মহারাজ 'শ্রীসনাতন-শিক্ষা'-পাঠকালে শ্রীসনাতন-শিক্ষার বৈশিষ্ট্য, ভক্তভাগবতেরই গ্রন্থ-ভাগবত আলোচনার অধিকার, মায়াবাদী, রামায়ণবাদী, মন্ত্র-বিগ্রহব্যবসায়ী বণিক্ ব্রাহ্মণ প্রভৃতি জনগণ যে কখনও অপ্রাকৃত শ্রীভাগবত স্পর্শের অধিকার পায় না, কনিষ্ঠত্ব পরিত্যাগ না করিলে যে শুদ্ধভক্তির সিংহাসনায় যাওয়া যায় না, ইত্যাদি বহু কথা কীর্ত্তন করেন।

৪ঠা নভেম্বর সোমবার প্রাতে শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু শ্রীচৈতন্যভাগবত মধ্যখণ্ড ৫ম অধ্যায় হইতে শ্রীব্যাসপূজা-প্রসঙ্গ পাঠকালে শ্রীনিত্যানন্দ প্রভুকর্ত্তৃক শ্রীমন্মহাপ্রভুর সন্দেশে ব্যাসপূজার মালা-প্রদান তাৎপর্য্য শ্রীবাসমন্দিরে কীর্ত্তনের মর্ম্ম প্রভৃতি বিষয় ব্যাখ্যা করেন। শ্রীমন্দির ও শ্রীনাটমন্দিরপরিক্রমার পর সমবেত ভক্তমণ্ডলীর সম্মুখে শ্রীল তীর্থগোস্বামী মহারাজ ১৪শ সংখ্যা 'গৌড়ীয়' হইতে 'সত্যের যে সাহস বিশ্বজননী বৈষ্ণবকৃপা' প্রবন্ধ পাঠ ও ব্যাখ্যা করিয়া শ্রোতৃসিদ্ধান্তগণকে বুঝাইয়া দেন। অপরাহ্ণে ইষ্টগোষ্ঠী-সভায় শ্রীপাদ বিদ্যালঙ্কার প্রভু মঠবাসিগণের মৌলিক সিদ্ধান্ত-শ্রবণ সম্বন্ধে পুনরালোচনা করেন। সন্ধ্যারাত্রিকের পর শ্রীল তীর্থগোস্বামী মহারাজ শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতনশিক্ষা পাঠকালে শ্রীচৈতন্যবাণীকীর্ত্তনকারীর অধিকার, সেবা ও কৃপার অবিচ্ছেদ্য সম্বন্ধ, সজ্জনের বাক্যে নিষ্কপটে উদ্দেশের জন্য শ্রীগুরু-পাদপদ্মের উপদেশে শ্রীকৃষ্ণপ্রেমফললাভের কথা কীর্ত্তন করেন।

গত ৫ই নভেম্বর মঙ্গলবার উষঃকালে শ্রীশ্রীবিনোদবাণী কীর্ত্তন মঙ্গলারাত্রিকান্তে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-বন্দনা-কীর্ত্তনাদির পর মহাজনপদাবলী ও শ্রীদামোদরাষ্টক কীর্ত্তন হয়। কীর্ত্তনান্তে পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু শ্রীচৈতন্যভাগবত ৬ষ্ঠ অধ্যায় হইতে শ্রীমদ্বৈতাচার্য্য প্রভুর সহিত শ্রীমন্মহাপ্রভুর মিলনপ্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। অতঃপর সমবেত ভক্তগণ কীর্ত্তনমুখে শ্রীমন্দির ও নাটমন্দির পরিক্রমা করিলে পর শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ কিছুক্ষণ হরিকথা আলোচনা করেন। অপরাহ্ণে শ্রীপাদ গোস্বামিচরণ প্রভু ১৪শ সংখ্যা গৌড়ীয় পাঠ করেন। সন্ধ্যায় শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ শ্রীচরিতামৃত হইতে সনাতনশিক্ষা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন।

ঐ দিবস অপরাহ্ণে মিঃ জে, লাহিড়ী, এম্-এ (Oxon), ঢাকা বিভাগের স্কুল-সমূহের ইন্স্পেক্টর এবং ডাঃ জে, এন্, সেনগুপ্ত মহোদয় শ্রীল তীর্থ গোস্বামী মহারাজের শ্রীচরণান্তিকে উপস্থিত হইয়া অনেকক্ষণ পর্য্যন্ত হরিকথা শ্রবণ করেন। মিঃ লাহিড়ী মহাশয় পুনরায় সপরিবারে আসিয়া হরিকথা শ্রবণ করিবার প্রতিশ্রুতি দিয়া গিয়াছেন।

অন্তর্ভুক্ত-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ [illegible]

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ

১০নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৫১০

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী বি-এল্

(৩) শ্রীযোগপীঠ মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৮) [illegible]

শ্রীধাম মায়াপুর

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(১০) মোদদ্রুম-মঠ

[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১১) [illegible] গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)

সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) [illegible]-গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) কুলিয়াদ্বীপ গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

[illegible], নদীয়া

সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

[illegible] ([illegible])

পোঃ [illegible] (নদীয়া)

সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

১৭। [illegible]

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) [illegible]-আশ্রম

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ [illegible] (নদীয়া)

সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

[illegible], পোঃ চাকদা (নদীয়া)

সেবক—শ্রীহরিকিশোর ব্রহ্মচারী

(২১) বালিঘাট গৌড়ীয়মঠাশ্রম

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ

[illegible]

সেবক—শ্রী[illegible]নাথ দাসাধিকারী

(২৩) মাধবগৌড়ীয়মঠ

[illegible] পোঃ [illegible], ঢাকা।

সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালজীউমঠ

[illegible] পোঃ ঢাকা

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২৫) বলাই-গোরাচাঁদ মঠ

পোঃ [illegible] (ঢাকা)

সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible]

সেবক—শ্রীশিবদাসবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], কামরূপ (আসাম)

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

৩নং [illegible], দার্জ্জিলিং

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible]

সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible] পাটনা।

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতনগৌড়ীয় মঠ

৮।১৭ বড় [illegible], বেনারস সিটি

সেবক—শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী বি-এ

(৩৫) [illegible] মঠ

পোঃ [illegible] (ইউ পি)

শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

[illegible], পোঃ মথুরা

সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ

[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

[illegible], বৃন্দাবন

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৯) [illegible]-কুঞ্জ

পোঃ [illegible] (মথুরা)

সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৪১) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

সেবক—শ্রী[illegible] ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

সেবক—শ্রী[illegible] দাস

(৪৩) [illegible] বিহারী মঠ

[illegible], মথুরা।

সেবক—শ্রী[illegible] দাস

(৪৪) গৌড়বিহারী মঠ—[illegible]

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৫) ব্যাসগৌড়ীয়মঠ

[illegible] পোঃ [illegible], [illegible], (পাঞ্জাব)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ

১৪নং [illegible] রোড, নিউ দিল্লী

সেবক—শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ

[illegible] রোড, [illegible]

[illegible] বোম্বে

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৮) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মাদ্রাজ

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৯) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible] মাদ্রাজ

সেবক—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

(৫০) [illegible]গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible] (পুরী)

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(৫১) পুরুষোত্তম মঠ

[illegible] পোঃ পুরী [illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫২) [illegible]—[illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৩) [illegible]

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৪) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ [illegible], পুরী

সেবক শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠপীঠ

সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(৫৭) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]

পোঃ [illegible], [illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible], মেদিনীপুর

সেবক শ্রী[illegible] দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মেদিনীপুর

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬০) [illegible] প্রপন্নাশ্রম

পোঃ [illegible] (বর্দ্ধমান)

সেবক—শ্রী[illegible]চৈতন্য দাসাধিকারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible] ([illegible])

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) রেঙ্গুন গৌড়ীয়মঠ

[illegible] নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।

সেবক—শ্রীবনবিহারী ব্রহ্মচারী

(৬৩) লণ্ডন-গৌড়ীয়মঠ

[illegible] নং ২

৫১, [illegible]

[illegible], [illegible]

সেবক—কুমারী বিনোদবাণী দাসী

৬৪। গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট.

কলিকাতা

সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ [illegible]

[illegible]. [illegible] (ইউ-পি)

সেবক—শ্রী[illegible]আনন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

[illegible], চট্টগ্রাম

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,

[illegible] (পঞ্জাব)

সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,

মায়াপুর (নদীয়া)

সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,

[illegible] (ইউ, পি)

সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) শ্রী[illegible]

সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ [illegible]

চিকিৎসালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃকমুদ্রিত ও প্রকাশিত

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—পরমপূজ্যপাদ শ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক। প্রতি একাদশীতে প্রকাশিত হয়। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। সডাক ভিক্ষা ৩৷৹ টাকা মাত্র।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

৩। ভাগবত—দিল্লীনগরীর একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—শ্রীনন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। গৌড়ীয় গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বহুদেশ তথা বহুস্থানের পরেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দের সহিত যে সকল প্রশ্নোত্তর করিয়াছিলেন, তাঁহার শুদ্ধভক্তিসিদ্ধান্তগত সদুত্তরসমূহ এই গ্রন্থে গ্রথিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ-রূপানুগবিচারসিদ্ধান্তবর্ণনে ও তদনুকূল সদাচারপালনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸৹ আনা মাত্র

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের অভিনব বিরাট সংস্করণ কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ, প্রতিপাদ্য বিষয়নির্দ্দেশ, অধ্যায়বিবরণ, বর্ণসূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছেন।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা, বিষয়ের আলোচনা, ভূমিকা ও সূচীসহ অভূতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণরূপে গৌড়ীয়-মিশনকর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৵৹ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
শ্রীযুক্ত সুশীলরঞ্জন দাস এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত -- ৩৮৲
দশম স্কন্ধ— ২৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অধীনা) ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অধীনা)
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৵৹ ২য় খণ্ড ১৲, ৩য় খণ্ড—৸৹ ৪র্থ খণ্ড—৸৹
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড--১৲; ৩য় খণ্ড—৸৹
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷৹
৯। বৈষ্ণবদর্শন ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৪। নামকণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷৹
১৫। বৈষ্ণবসাহিত্যে বিচার-ভক্ত ৷৹
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹
১৭। চৈতন্যোপনিষৎ ৷৹
যামুন-আলবন্দার ৷৹
১৯। তত্ত্ববিবেক
২০। গৌড়ীয়-গৌরব ৷৵৹
২১। গৌড়ীয়গীতিকা ৷৵৹
২২। ভজন রহস্য ৷৹
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক বাঁধা ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ১
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ অধীনা)
২৬। গীতার কেবল মাত্র ভাষা
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ৷৹
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (বাঁধা) ৸৹
৩০। দীপ-দিগ্-দর্শন ৵৹
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵৹
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷৹
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵৹
৩৫। গীতমালা ৷১৹
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵৹
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগোদ্রুমকল্পাটবী
৪০। শরণাগতি
৪১। গীতাবলী
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸৹
৪৩। সাধনকণ ৴৹
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকণ
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১৹
৪৯। [illegible] ৵৹
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড) ৩
৫১। ব্রহ্মসংহিতা ৷৹
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৹
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷৹
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৹
৫৬। [illegible] ৵৹
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যান্বিত) ৷৹
৫৮। শ্রীকৃষ্ণদেব ৵৹
৫৯। শিক্ষাষ্টকম্ ৵৹
৬০। সাংখ্যবাণী ৴৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷৹
৬২ সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ৷৹
৬৩। সটীক-সিদ্ধান্তদর্পণম্ ৷৹
৬৪। [illegible] ৷৹
৬৫। [illegible] ৵৹
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴৹
৬৭। মায়াবাদখণ্ডনম্ ৵৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷৹
৬৯। এ রিভিউ আর্টিকল অন বেদান্ত ৷৹
৭০। [illegible] ৴৹
৭১। বেদান্ত—ইট্‌স মরফলজী অ্যাণ্ড অণ্টলজি
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৵৹
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম্ ৷৹
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং
৭৬। 'দি ভাগবত'
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনলয়ালড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা ৷৹
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম ভাগ) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷৹
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু ৵৹
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি ৴৹

আসামীয় ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

—॥•॥—

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵	।০
" ইঞ্চি ২৲			১৷০	১৲
সিকিকলম ৫৲	৪৲			৩৲
অৰ্দ্ধকলম ৮৲	৬৲		৬৲	৫৲
এক কলম ১২৲	১০		১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অৰ্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৪০৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)

ষাণ্মাসিক	"	৩৲
ত্রৈমাসিক	"	২৷০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা এক পয়সা। বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—সম্মুখে গঙ্গা; বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ খোলা। শিক্ষকগণ সাধক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। আহার ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৬৲ টাকা। এই বিদ্যালয়ে ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় সন্তোষজনক ফল প্রদর্শন করিয়াছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর

মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জী ও সংক্ষিপ্ত চরিত্র এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীল ভক্তিসুধাকর প্রভুর দিনপঞ্জীসমূহ সাধকগণের বিশেষ উপকারী। সাধক কি ভাবে সিদ্ধির পথে অগ্রসর হইতে পারেন, সেই সকল সরল প্রণালীটি তাহাতে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া অনেকেই পরমার্থের পথে অগ্রসর হইয়াছেন। আত্মমঙ্গলকামী সাধকমাত্রেরই ইহা পাঠ করা উচিত। এই গ্রন্থের ভাষা অতি সহজ ও সরল। প্রত্যেকটি পাইকা টাইপে অতিউজ্জ্বল কাগজে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র আট আনা। প্রাপ্তিস্থান—মহুয়া প্রেস্টিং ওয়ার্কস্, পোঃ ভোজী, বালিয়া, ঢাকা।

উপাখ্যানে উপদেশ

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্র সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ইহাতে ১১০টি উপাখ্যান, প্রবাদ ও ন্যায় ৫০টি চিত্র সংযুক্ত হইয়াছে। গ্রন্থের ভিক্ষা ১৷০ আনা। প্রাপ্তিস্থান—মহুয়া প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ভোজী, বালিয়া, ঢাকা।

শ্রীল প্রভুপাদের পদ্যপ্রসূন মালা

এই গ্রন্থে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের রচিত পদাবলী শ্রীল আচার্যদেবের বিরচিত "সৌরভ" নামক ভাষ্যের সহিত প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অনেক অপ্রকাশিত পদ্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র আট আনা।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত্র, সিদ্ধান্ত ও শিক্ষা সুসংবদ্ধভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র সুসংবদ্ধভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যালীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ তৎপরে শ্রীল শ্রীধরস্বামীকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রভূত লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শাংশী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান- শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:::(●)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রকাশ্যে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যবর্যের শুভেচ্ছায় পরবিদ্যাবারিধি ও লেখক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে এবং শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলী সন্নিবিষ্ট হইয়াছে। গ্রন্থখানি ১০০ পৃষ্ঠা এবং সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ম্যানেজার গ্রন্থবিভাগ
শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

"শ্রীকৃষ্ণ চৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর কর্ত্তৃক সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এম্-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং গভীর লেখনীর অনুধাবন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ইহা ... এই খণ্ড, আধুনিক ও আভিজাত্য এবং মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের আলোচনা। প্রথম খণ্ডটি ৩০০ অধ্যায়ে প্রায় ৬০০ পৃষ্ঠা ব্যাপী। ঐ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীহস্ত লিখিত (Foreword) প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সূচিপত্র ও শব্দসূচী-(Index Glossary) প্রভৃতি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয় মঠ, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর জেলা—নদীয়া।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট

যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৬-২৬	৬-২১	৭-১৪	১১-৬	১৩-১৯	১৬-৫৬	১৭-৫৩	২২-২৩
দমদম "	৪-৫৬	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩-৫০		১৮-৬	২২-৪২
রাণাঘাট পৌঃ	৬-১৭	৮-১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-২৮
(ঐ) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৩	১৩-৩৩	১৫-৫	১৮-৩৯	১৯-৪০	০-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৯	১৪-১৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-৪২

(ঐ) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-৫৯	১৮-১১	২১-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(ঐ) ছাঃ	১৩ ৩৩ (গাড়ী বদলাইবে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৬	১১-৪	১৬-২২	১৬-৮	১৮-৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮-৫২	১১-৪৭	১৫-১০	১৬-৫৬	১৯-২১	২০-৪৬	০-৩১
রাণাঘাট পৌঃ	৭-৪৫	৯-২৪	১২-২৬	১৫-৫০	১৭-৩৭	২০-৩	২১-১৯	৪-১০
(ঐ) ছাঃ	৭-৫৩	৯-৩৮	১২-৩৬	১৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৪	৪-১৮
দমদম		১১-৮		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২৩-৩	
কলিকাতা পৌঃ	৯-৩১	১০-২০	১৪-১৬	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩-২৫	৬-১৬

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(●):——

১। শ্রীনবদ্বীপ-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া" এবং বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বে বিপ্লব বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজী পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" পত্রিকা প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহালার

সর্ব্ববিধ মেহের অব্যর্থ মহৌষধ।

অত্যাচার-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় ... অব্যর্থ ও অমোঘ ফলপ্রদ। দিবার মধ্যে তালাবদ্ধ এবং নূতন ... অন্ততঃ একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৮/০ দশ আনা, বড় বোতল ১/০ আঠার আনা। পাইকারী দর ...

—৬১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
অথবা
পোষ্ট খোলা, ২৪ পরগণা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

REGD NO C 1544

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ | ৩০ দামোদর ৪৯৪ গৌরাব্দ ২৯শে কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৭, ১৫ই নভেম্বর খৃঃ ১৯৪০, শুক্রবার | ২০৭৮ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩০ দামোদর তিথি ত্রয়োদশী গৌরাব্দ ৪৯৪

শুদ্ধা ভক্তি ও মিশ্রা ভক্তি

——::০::——

দেহাত্মবুদ্ধিই সংসার। শুদ্ধবৈষ্ণব-ভগবানে আত্মবুদ্ধিই সংসারনিবৃত্তির একমাত্র উপায়। দেহাত্মবুদ্ধিই হরি-ভজনের প্রধান অন্তরায়। শ্রীগুরুনিত্যা-নন্দের কৃপা হইলে দেহাত্মবুদ্ধির বীজ নষ্ট হয়। সুতরাং নিত্যানন্দের হইতে না পারিলে নিত্যানন্দের অহঙ্কারের হাত হইতে নিষ্কৃতি কি করিয়া পাইব? চিত্তশুদ্ধি বা কৃষ্ণতত্ত্ব না হইলে সেবা শুদ্ধ হয় না। ভক্তিসাধনে চিত্তশুদ্ধির অপেক্ষা নাই —ভক্তিসাধককে চিত্তশুদ্ধির নিমিত্ত পৃথক্ চেষ্টা করিতে হয় না। ভক্তির আনুষঙ্গিক ফলেই চিত্তশুদ্ধি হইয়া থাকে। জ্ঞান বা বৈরাগ্য ভক্তির অঙ্গ নয়। জ্ঞান ও বৈরাগ্য ত' মনোধর্ম। সুতরাং মনোধর্ম আত্মধর্মের অঙ্গ হবে কি করিয়া? ভক্তির দ্বারাই ভক্তি লভ্য হয়। ভক্তিলাভের জন্য ভক্তকে অন্য সাধনের আশ্রয় লইতে হয় না। ভক্তি নিরপেক্ষা ও স্বতন্ত্রা। ভক্তি ব্যতীত কর্ম-জ্ঞান-যোগ প্রভৃতির কোন মূল্য নাই। কারণ, তাহারা স্বতন্ত্রভাবে চিত্তশুদ্ধি, সম্বন্ধ-জ্ঞানোদয় ও চিত্তবৃত্তিনিরোধ করিতে পারে না। তাই শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু লিখিয়াছেন,—

অভিধেয় মধ্যে কৃষ্ণভক্তি অভিধেয়প্রধান।
ভক্তিমুখ নিরীক্ষক কর্ম-যোগ-জ্ঞান॥

শুদ্ধা ভক্তির পূর্বে আমরা কর্মমিশ্রা ও জ্ঞানমিশ্রা ভক্তির কথা শুনিতে পাই। শ্রীমন্মহাপ্রভু এই কর্মমিশ্রা ও জ্ঞানমিশ্রা ভক্তিকে একেবারে উড়াইয়া দেন নাই। পরন্তু এইগুলিকে বাহ্য বলিয়া অপেক্ষা উচ্চ সিদ্ধান্ত বলিতে বলিয়াছেন মাত্র। শ্রীমন্মহাপ্রভুর বাক্যের তাৎপর্য এই যে, যদি কেহ স্বধর্মরূপে কর্মানুষ্ঠান করিয়া তাহাতেই সন্তুষ্ট থাকেন, হরিভজন না করেন, তাহা হইলে তাঁহার আর কি লাভ হইল? শ্রীমদ্ভাগবতও বলিয়াছেন,

ধর্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং
বিষ্বক্সেনকথাসু যঃ।
নোৎপাদয়েদ্ যদি রতিং শ্রম এব হি
কেবলম্॥

যখন মানবগণের বর্ণাশ্রমপালনরূপ স্বধর্ম অনুষ্ঠিত হওয়াও ভগবান্ ও ভগবদ্ভক্তের কথা শ্রবণ-কীর্তনে আসক্তিরূপা রতির উদয় না করায়, তখন নিশ্চয়ই তাহা বৃথা শ্রম মাত্র। হরিকথা-শ্রবণ-কীর্তন করিয়াও যেখানে কৃষ্ণে রতি উৎপন্ন হইতেছে না, সেখানে সম্বন্ধজ্ঞানের অভাবহেতু ভোগময় জগতে ভোক্তৃ-অভিমানে জড়িত হইয়া স্থূল শরীর ও মনের সাহায্যে নশ্বর সাধনরূপ অভক্তিকে আশ্রয় করার জন্য যেহেতুই পরিশ্রম করা হইল, হরিসান্নিধ্য ঘটিল না। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন, "সম্বন্ধজ্ঞানাভাবে ব্রহ্মাণ্ডের অন্যতম কোন বস্তুরূপে কৃষ্ণকে জ্ঞান করিলে ভোগ আসিয়া দেহ ও মনকে গ্রাস করে, উহা কর্মমিশ্রা বা জ্ঞানমিশ্রার অন্তর্গত।"

জ্ঞানমিশ্রা ভক্তি সম্বন্ধেও সেই কথা অর্থাৎ জ্ঞানের ফল চিত্তশুদ্ধি অর্থাৎ আমি জড়বস্তু বা জড় জগতের সৃষ্টি স্থিতি-লয়ের অন্তর্গত নহি; পরন্তু বিজাতীয় নির্বিকার বিশুদ্ধ চিদ্বস্তু—এইরূপ বিশুদ্ধ জ্ঞান। এই জ্ঞান লাভ করিয়াও যদি কেহ হরিভজন না করেন বা নাস্তিক হইয়া পড়েন, তাহা হইলে উহা বাহ্য অর্থাৎ ঐ জ্ঞান ভক্তিবিপরীত কোন তুচ্ছ বস্তুসম্বন্ধীয়, পারমার্থিক নহে।

অনর্থযুক্ত কৃষ্ণৈকনিষ্ঠ অর্থাৎ সাধনভক্তির পঞ্চস্তরে অবস্থিত ব্যক্তিগণ শুদ্ধভক্তি সাধন করিতে পারেন। ভক্তির নিষ্ঠা-ভূমিকায় আরোহণ করিবার পূর্বে জীবের কর্মমিশ্রা বা জ্ঞানমিশ্রা ভক্তি সাধনীয় জানিতে হইবে। তৎকালে অনর্থযুক্ত ভক্তগণ আপনাদিগকে শুদ্ধভক্তের সহিত সাম্য-জ্ঞান করিলেও শুদ্ধভক্তি সাধন করিতে পারেন না, তাঁহাদের অনুষ্ঠান মিশ্রা ভক্তিতেই আবদ্ধ থাকে। অতএব অনর্থযুক্ত ভক্তগণ কৃষ্ণৈকশরণ, কৃষ্ণার্থে অখিলচেষ্টা-বিশিষ্ট, সাধনভূমিকার পঞ্চস্তরে অবস্থিত শুদ্ধ সাধনভক্তের ন্যায় অমিশ্রা ভক্তির সাধনযোগ্যতা লাভ করিতে পারেন না। কেহ যদি নিজ অধিকার না বুঝিয়া বিধি উল্লঙ্ঘন করেন, তাহা হইলে অধঃপতিত হইয়া ভক্তিমার্গ হইতে অনেক দূরে অবস্থান করিবেন। সেইজন্য নিজেকে দীনহীন কাঙ্গাল ও সকলের চেয়ে নিকৃষ্ট জানিয়া নিজাপেক্ষা শ্রেষ্ঠ ব্যক্তির সঙ্গ অকপটে করিলেই আমাদের মঙ্গল হয়। অনর্থযুক্ত অবস্থায় নিজেকে বৈষ্ণব মনে করিবার দুর্বুদ্ধি হইলে বৈষ্ণবসঙ্গ হইতে বঞ্চিত হইতে হয়। ফলে সেবালাভ ত' দূরের কথা, অনর্থনিবৃত্তিও হয় না। তখন সেই বৈষ্ণবগণকেও নিজাপেক্ষা ছোট জ্ঞান হয়। সেই অপরাধের ফলে আমরা ক্রমে ক্রমে অধঃপতিত হইতে থাকি। "আমি বৈষ্ণব নহি, আমি বৈষ্ণবের অযোগ্য কিঙ্কর" এই উপলব্ধি হইলে বৈষ্ণবের কৃপা বা সঙ্গ লাভ করিয়া মঙ্গলালোক দেখিতে পাওয়া যায়।

অকিঞ্চন হওয়া বিশেষ দরকার। নতুবা হরিভজন হইতেই পারে না। সেবাকাঙ্ক্ষা ব্যতীত অন্য আকাঙ্ক্ষা যাঁহার আছে, তিনি সকিঞ্চন। 'কিছু'র আশা থাকিলে পূর্ণের সেবা হইবে না। 'কিছু'র আশা—ভোগাশা ছাড়া আর কিছুই নহে। সেখানে মায়াবুদ্ধি বা ভোগবুদ্ধিই প্রবল। এই বিপদ্ হইতে আমাদিগকে রক্ষা করিতে পারেন একমাত্র নিষ্কিঞ্চন বৈষ্ণবগণ। সেবাপিপাসু বা সেবা-রত নিষ্কিঞ্চন বৈষ্ণবের সঙ্গ হইলে আমাদেরও নিষ্কিঞ্চন হইবার ইচ্ছা হয়। যদি আমরা সাধুসঙ্গফলে নিষ্কিঞ্চন হইতে পারি, তবেই নিষ্কিঞ্চন সাধুর চরণে শরণাগত বা আত্ম-সমর্পণ করিয়া শুদ্ধ সেবালাভ করিতে পারিব।

কৃষ্ণ আমার পালে রক্ষে জান সর্বকাল। আত্মনিবেদন-দৈন্যে ঘুচাও জঞ্জাল॥

ভক্তিলতা

(লতা)

ভক্তি—লতা; লতা বৃক্ষকে তাহার আশ্রয়রূপে বরণ করে। ভক্তিলতা যে বৃক্ষের আশ্রয় গ্রহণ করে, তাহা ব্রহ্মাণ্ডের জীবাত্মায় নহে, অথবা মায়াবাদী বিরজা বা নির্বিশেষ ব্রহ্মলোক পর্যন্ত আশ্রয় গ্রহণ করে নাই। ব্রহ্মাণ্ডের সব উর্দ্ধে সত্য ব্রহ্মলোক। ব্রহ্মাণ্ডবাসী ভক্তগণের গর্ভোদকশায়ী লোক এবং পুণ্যকর্মী ও তপস্বীদের স্থান উর্দ্ধে থাকে। এই চতুর্দশ ভুবন ভক্তির আশ্রয়স্থল নাই।

ভক্তিলতা এই সকল ভেদ করিয়া পরব্যোমে যায়। সেখানেও সাড়ম্বর ঐশ্বর্য দেখিয়া লক্ষ্মীনারায়ণ সেবিত হইলেও লক্ষ্মীপতি ভক্তিলতা তথা হইতেও উচ্চ হইয়া পরব্যোমের উর্দ্ধস্থ গোলোক-বৃন্দাবন পর্যন্ত গমন পূর্বক শ্রীকৃষ্ণচরণ কল্পবৃক্ষের সর্বতোভাবে আশ্রয় পাইয়া থাকেন এবং শ্রীকৃষ্ণচরিতের অপ্রাকৃত প্রেমফল সেবা করিয়া ধন্য হন।

শ্রীগুরুকৃপা ও শ্রীকৃষ্ণকৃপা পৃথক নহে। কৃষ্ণ তাঁহার সেবকগণের সেবা ব্যতীত আর কাহারও সেবা অঙ্গীকার করেন না। সকলের সকল সেবা গুরুদেব কর্তৃকই কৃষ্ণের চরণে নিবেদিত হয়। যাঁহাকে নিত্য সেবা করিতে হইবে, তিনি ব্রহ্মাণ্ডবাসী নহেন। ব্রহ্মাণ্ডবাসীর নিত্য অভাবের অভাবহেতু তিনি নিত্য সেবা গ্রহণে যোগ্য হইতে পারেন না। শ্রীগুরুদেব ব্রহ্মাণ্ডবাসী জীবশ্রেণীর নহেন। তিনি পতিত জীবগণের উদ্ধারকল্পে কৃষ্ণেচ্ছায় প্রপঞ্চে অবতরণ করিয়া ভাগ্যবান্ জীবকে ভক্তিলতার বীজ প্রদান করেন। কৃষ্ণের প্রসাদ তাঁহা দ্বারাই আমাদের নিকট উপস্থিত হয়। বীজ পাইয়া উত্তম কর্ষিত ক্ষেত্রে বপন করিতে হইবে; জলসেচন করিতে হইবে, তবেই লতার উদ্গম ও বৃদ্ধি হইতে থাকিবে। শ্রদ্ধা ও সাধুসঙ্গের ফলে হৃদয়ক্ষেত্র কর্ষিত হয়। তাহাতে ভক্তিলতা-বীজ বপন হইলে নিরন্তর শ্রবণ ও কীর্তনরূপ জল দ্বারা হৃদয়ক্ষেত্র সিঞ্চন করিবার ফলে লতার বৃদ্ধি সাধিত হইবে। লতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে ব্রহ্মাণ্ডের ত্রিগুণের আবরণ ছিন্ন হইতে থাকিবে। আমরা ভুক্তি-মুক্তি-স্পৃহারূপ আগাছা এবং বৈষ্ণবাপরাধ-মত্তহস্তী হইতে বিশেষ সতর্ক থাকিয়া নিরন্তর শ্রবণ-কীর্তনরত হইলে লতা ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত হইয়া অচিরেই কৃষ্ণচরণ কল্পবৃক্ষ আশ্রয় করিবে।

মহাপ্রভু শ্রীরূপ গোস্বামীর নিকট শ্রবণ করিলে ... শ্রীকৃষ্ণই ভগবৎসেবা, ইহা জানিলে ভগবৎস্মৃতি হৃদয়ে দেদীপ্যমান থাকিয়া আমাদের নিরন্তর সেবায় অনুকূল থাকিবে। নিরন্তর শুদ্ধভাবে কীর্তন করিলে লতার আর কোনও কথা আমাদের হৃদয়ের মধ্যে প্রবেশ করিবার থাকিবে না। যাঁহারা শ্রী পুরীদাসের কথা, পুথি পড়িয়া বাস বা প্রাণায়াম কার্যে লগ্ন রহিলেন, তাঁহারা হরিভজন করিতে পারিলেন না—হরিকীর্তন করিবার সৌভাগ্য আর তাঁহাদের হইল না। শ্রীকৃষ্ণ অনুশীলনে নিযুক্ত হইয়া আমরা এখন ভগবদ্ভজনের সময় পাইতেছি না; কিন্তু অন্যের অনুষ্ঠান হইলে সর্বক্ষণ ভগবদ্ভজনের চেষ্টা হইবে—তখন অন্য কার্যের সময় থাকিবে না। তখন কোনও কারণ উপস্থিত হইলেও চিত্ত ক্ষুব্ধ হইবে না। হরিসেবা ব্যতীত অন্যকালও অকর্মা বা নষ্ট করিতে প্রাণ ফাটিয়া যাইবে—হরিসেবা ব্যতীত বিষয়ালাপেও কোনও রুচি হইবে না, কৃষ্ণেতর বিষয়ে স্বাভাবিকী বিরক্তি উদয় হইবে, নিজ উৎকর্ষ থাকা সত্ত্বেও মানশূন্য অবস্থা হইবে, হৃদয় সর্বদাই ভগবৎপ্রাপ্তির দৃঢ় আশা পোষণ করিবে, অভীষ্টের জন্য সমুৎকণ্ঠা হইবে, হরিনামসংকীর্তনে সর্বদা রুচি থাকিবে, ভগবদ্গুণবর্ণনে আসক্তি ও ভগবদ্বসতি-স্থলে অবস্থানে প্রীতি হইবে। অনর্থ-নিবৃত্তি হইলে এই সব লক্ষণ প্রকাশিত হইবে, স্বরূপের বৃত্তি প্রকাশিত হইবে। অভক্তের স্বরূপ আবৃত বলিয়া তাহারা জগতের কথা লইয়াই ব্যস্ত থাকে।

যাহারা ভগবানের সেবা করে না, তাহারাই জগতের 'প্রভু' হইবার জন্য যত্ন করে। কর্মকাণ্ডী ও জ্ঞানকাণ্ডীর সঙ্গ সর্বতোভাবে পরিত্যাজ্য। শ্রীমন্মহাপ্রভু শ্রীরূপগোস্বামী প্রভুকে প্রয়াগে যে শিক্ষা দিয়াছিলেন, তাহাই আমাদের নিরন্তর আলোচ্য হউক,—

ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরু-কৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥
মালী হঞা করে সেই বীজ আরোপণ।
শ্রবণ-কীর্তন-জলে করয়ে সেচন॥
উপজিয়া বাড়ে লতা ব্রহ্মাণ্ড ভেদি' যায়।
বিরজা, ব্রহ্মলোক ভেদি' পরব্যোম পায়॥
তবে যায় তদুপরি গোলোক-বৃন্দাবন।
'কৃষ্ণচরণ'-কল্পবৃক্ষে করে আরোহণ॥

ভক্তি একটী লতা বলিয়া একটী Support বা আশ্রয় চায়। আমাদের হৃদয়টাই কর্ষণভূমি বা ক্ষেত্র; ইহাতে বীজ রোপণ করিতে হইবে। এই বীজ হৃদয়ের মধ্যে রোপণ করিতে হইবে—অন্য স্থানে নহে। After weeding out all the wrong and nasty plants from this field we should water the seed of Bhakti. ভক্তির বীজই আমাদের রোপণ করা প্রয়োজন। কর্ম ও জ্ঞানের বীজ আমাদের আবশ্যক নয়। কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড কেবল বাহ্যদৃষ্ট মূর্খ লোকদিগের জন্য। আমাদের হৃদয়-ক্ষেত্রকে উত্তমরূপে কর্ষণ করিয়া তাহা হইতে অন্য কামনা, কর্ম, জ্ঞান, যোগাদির চেষ্টারূপ নানাপ্রকারের আগাছা ও তৃণগুল্মাদি উৎপাটন করিলে তবে ভক্তিলতাবীজের ফলে লতা বৃদ্ধি পাইবার উপযোগী হইবে। কৃষ্ণ স্বরূপ ভূমিকে ভক্তিবিগ্রহ শ্রীবলদেবের দ্বারা কর্ষিত করেন।

শ্রীল তীর্থ মহারাজের হরিকথা

[শ্রীমায়াপুরগৌড়ীয়মঠ, ২।১১।৪০]

এই জগতে মনুষ্যজাতির মধ্যে যাহারা যে সংসারধর্ম করে, তাহার মূলে সম্বন্ধজ্ঞান ঠিক রাখিয়া তাহারা সব কার্য করে। তদ্রূপ আমাদেরও সম্বন্ধজ্ঞানে প্রতিষ্ঠিত হইয়া কৃষ্ণের সংসারে মঠে সেবাকার্য করিতে হইবে। মঠের অধীশ্বর শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারী সাক্ষাৎ ভগবদ্বিগ্রহ। আমাদের সেবাসৌকর্যের জন্য আমরা শ্রীবিগ্রহকে অর্চাদর্শন করি। কিন্তু মহাপ্রভু আমাদিগকে ঐরূপ অপরাধ করিতে নিষেধ করিয়াছেন। তিনি জানাইয়াছেন, 'প্রতিমা নহ তুমি সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন।' যাহারা সম্বন্ধজ্ঞানহীন হইয়া গুরুবৈষ্ণবসেবার ছলনা করে, তাহাদের শ্রমমাত্রই সার হয়।

গুরুবর্গ ও শুদ্ধভক্তিপ্রতিষ্ঠানকে প্রাকৃত বিচার করিয়া সেবার ছলনা করিলে কিছুতেই মঙ্গল হইবে না। সম্বন্ধজ্ঞানরহিত হইয়া অথবা অপরাধযুক্ত হইয়া শ্রবণ, কীর্তন ও অর্চনাদির অভিনয় করিলে বহুজন্মেও ফললাভ হইবে না।

"বহুজন্ম করে যদি শ্রবণ-কীর্তন।
তবু ত' না পায় কৃষ্ণপদে প্রেমধন॥
তবে জানি, অপরাধ তাহাতে প্রচুর।
কৃষ্ণনাম-বীজ তাহে না করে অঙ্কুর॥"

সেবোন্মুখ বা সেবক হইলে তাঁহার জিহ্বায় হরিগুরুবৈষ্ণবের নামরূপগুণাদি স্বতঃই স্ফূর্তিপ্রাপ্ত হইবে। সদ্গুরুর নিকট আপনার অভিমত করিয়া, এত হরিকথা শ্রবণকীর্তন করিবার সুযোগ পাইয়াও যাহারা সেবে আত্মশুদ্ধ হন না, তাহাদের ধিক্ শত ধিক্! সম্বন্ধজ্ঞানে প্রতিষ্ঠিত না হইয়া, জড়দর্শন পরিত্যাগ না করিয়া, নিজকে গুরুদেবের নিত্যদাস এই শুদ্ধ অভিমানে প্রতিষ্ঠিত না রাখিয়া, জীবমাত্রকে কৃষ্ণদাসরূপে দর্শন না করিয়া যদি কোন মঠবাসী গৃহস্থের বাড়ীতে ভিক্ষা করিতে যায়, তাহা হইলে ভোগিদর্শনরূপে তাহার সর্বনাশ হইবে। স্বয়ং শ্রীমন্মহাপ্রভু তাঁহার ভক্তগণের জন্য কিরূপ কঠোর শাসন বিধান করিয়াছেন এবং তিনি কিরূপ খেদের সহিত বলিয়াছেন—

নিষ্কিঞ্চনস্য ভগবদ্ভজনোন্মুখস্য
পারং পরং জিগমিষোর্ভবসাগরস্য।
সন্দর্শনং বিষয়িণামথ যোষিতাঞ্চ
হা হন্ত হন্ত বিষভক্ষণতোঽপ্যসাধু॥

হায়! ভবসাগর সম্পূর্ণরূপে পার হইবার যাঁহাদের ইচ্ছা, এরূপ ভগবদ্ভজনোন্মুখ নিষ্কিঞ্চন ব্যক্তিগণের পক্ষে বিষয়িদর্শন, স্ত্রীদর্শন বিষভক্ষণ অপেক্ষা অসাধু।

বিষয়ী ও যোষিতের দর্শন বিষভক্ষণ হইতেও খারাপ। জড়বস্তুর বিচ্ছেদে শোক করিতে হইবে না। কৃষ্ণের বিচ্ছেদে সর্বদা দুঃখ করিতে হইবে। রিপুগুলি যদি হরিসেবায় নিযুক্ত থাকে, তবে তাহারা শত্রু থাকে না—বন্ধু হইয়া যায়।

'কাম' কৃষ্ণকর্মার্পণে, 'ক্রোধ' ভক্ত-দ্বেষিজনে,
'লোভ' সাধুসঙ্গে হরিকথা।
'মোহ' ইষ্টলাভ বিনে, 'মদ' কৃষ্ণগুণগানে,
নিযুক্ত করিব যথা তথা॥

অলঙ্কার যথাস্থানে পড়িলে যেরূপ শোভা হয়, তদ্রূপ আমাদের সকল ইন্দ্রিয় ও বৃত্তিকে হরিসেবায় যথাযোগ্যভাবে নিযুক্ত করিলে সেই সকল ইন্দ্রিয় ও বৃত্তির সার্থকতা হয়।

অতল ও অকূল সমুদ্রে চলাচল করিলেও কম্পাস কাঁটা বা দিঙ্নির্ণয় যন্ত্রের সাহায্যে যেরূপ নাবিক পথভ্রষ্ট হইয়া তরণী সহ নিমজ্জিত হয় না, তদ্রূপ একমাত্র সম্বন্ধজ্ঞান-রূপ কম্পাসের কাঁটা ঠিক থাকলে আমরা কোন অবস্থাতেই ভবসমুদ্রে নিমজ্জিত হইব না। শ্রীগুরুপাদপদ্ম আমাদিগকে সেই সম্বন্ধজ্ঞান দান করিয়াছেন। একমাত্র গুরুপাদপদ্মের সহিত আমাদের নিত্যসম্বন্ধ। জগতের কোন বস্তুর সহিত আমাদের সম্বন্ধ নাই। গুরুদাস হইয়া জড়বস্তু সেব-

সর্বের প্রতি প্রীতি আর ধর্ম ফেলিয়া ছাইভস্ম সংগ্রহ করা একই কথা। শ্রীগুরুদেবের কৃপা হইলে অনিত্য সংসার ছাড়িয়া দিয়া কৃষ্ণের সংসার লাভ হয়। স্বরূপজ্ঞানরূপ অগ্নিতে আমাদের সংসার-বাসনা বা অজ্ঞানরাশি ভস্মীভূত হইয়া যায়।

যস্য সর্বে সমারম্ভাঃ কামসংকল্পবর্জিতাঃ।
জ্ঞানাগ্নিদগ্ধকর্মাণং তমাহুঃ পণ্ডিতং বুধাঃ॥

(গীঃ ৪।১৯ শ্লোক)

যাহার সকল কর্মই কাম ও সংকল্পবর্জিত, সেই জ্ঞানাগ্নিদ্বারা দগ্ধকর্মা ব্যক্তিকে ব্রহ্মবিদ্গণ পণ্ডিত বলেন।

যাহারা শুদ্ধভক্তি বা সদ্গুরুপাদাশ্রয় পরিত্যাগ করিয়া কর্ম ও জ্ঞানকাণ্ডে অর্থাৎ ভুক্তি ও মুক্তি আশ্রয় করে, তাহারা বিষ ভক্ষণ করে। তাহাদের জন্মজন্মান্তর কদর্য্য অর্থাৎ দুর্গতি ভক্ষণ করিতে হয়।

কর্মকাণ্ড, জ্ঞানকাণ্ড, কেবল বিষের ভাণ্ড,
'অমৃত' বলিয়া যেবা খায়।
নানা যোনি সদা ফিরে, কদর্য্য ভক্ষণ করে,
তার জন্ম অধঃপাতে যায়॥

(প্রেমভক্তিচন্দ্রিকা)

শ্রীল নরোত্তম ঠাকুর কর্ম ও জ্ঞানকাণ্ডকে বিষ বলিয়াছেন। শ্রীমহাপ্রভু বিষয়ী ও যোষিতের দর্শনকে বিষভক্ষণ অপেক্ষা মারাত্মক বলিয়াছেন।

এ জগতে মধুর ও বাৎসল্যাদি ভোগ করিতে যাইয়া জীবের কি দুর্দশা!! কৃষ্ণের সহিত ঐ সম্বন্ধ স্থাপন না করায় স্বজন বন্ধুবান্ধবদিগের প্রতি বা মায়ার প্রতি আসক্তি ও অভাবে কতই না ক্লেশ! আমরা অমৃততুল্য গুরুবাক্য, গুরুবৈষ্ণব এবং কৃষ্ণনামপ্রেমামৃতের সন্ধান পাইয়াও যদি বিষয়বিষ্ঠাগর্ত্তের জল পান করি, তাহা হইলে আমাদের মত আত্মঘাতী আর কে আছে? শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু আমাদের দুর্দশার কথা বলিয়াছেন—

"পাইয়া মানুষজন্ম, যে না শুনে গৌরগুণ,
হেন জন্ম তার ব্যর্থ হৈল।
পাইয়া অমৃতধুনী, পিয়ে বিষগর্ত্তপানি,
জন্মিয়া সে কেনে নাহি মৈল॥"

(চৈঃ চঃ আঃ ১৩।১২৩)

শ্রীধাম-মাহাত্ম্য

শ্রীধাম—অপ্রাকৃত বস্তু, তাহা মাটি নহে। যাহারা শ্রীধামকে মাটি মনে করে, তাহারা অত্যন্ত দুর্ভাগা। শ্রীধামের সবই চিন্ময়। এখানকার তরু-গুল্ম-লতা-তৃণ প্রভৃতি সবই গৌরসেবার উপকরণ—সবই ভক্তবস্তু। এই শ্রীধামনবদ্বীপের ধূলিকণার প্রতি প্রণত হইতে পারিলে আমাদের মঙ্গল হইবে। শ্রীধাম শ্রীগৌরকৃষ্ণের লীলা-বিলাসক্ষেত্র। শ্রীনিত্যানন্দ প্রভুই শ্রীধামরূপে প্রকটিত। শ্রীধাম ও শ্রীধামবাসীর কৃপা না হইলে শ্রীধামেশ্বরের কৃপালাভ হইবে না। যদি নিজেকে দীনহীন কাঙ্গাল ও সর্বাপেক্ষা নিকৃষ্ট জানিয়া শ্রীধামবাসীর কৃপার ভিখারী হই, তবে তাঁহাদের কৃপায় শ্রীধামদর্শন হইবে। শ্রীধামে ভোক্তা একজন, তিনি শ্রীগৌরকৃষ্ণ; আর সকলেই তাঁহার সেবক। পুরুষাভিমান বা প্রাকৃত স্ত্রী-অভিমান লইয়া শ্রীধামে বাস করা যায় না। শ্রীধামের সেবক বা শ্রীধাম-সেবাভিলাষী ব্যক্তিই শ্রীধামবাসের অধিকারী। শ্রীধাম আমাদের ভোগের স্থান নহে। তাহা গৌরকৃষ্ণের সেবার ভূমিকা। সেবাপ্রবৃত্তি পূর্ণমাত্রায় না থাকিলে আমাদের শ্রীধাম-দর্শন বা শ্রীধামবাস হইবে না। শ্রীগৌরধাম বড় করুণাময়। তাঁহার দয়ার তুলনা নাই। তিনি শ্রীগৌরসুন্দরের ন্যায়ই মহাবদান্য। শ্রীধাম বিভু বস্তু, আমাদের মাপিয়া লইবার বা ভোগ করিবার জিনিষ শ্রীধাম নহেন। যদি অকিঞ্চন হইতে পারি—শ্রীধামের শরণাগত হইতে পারি, নিরহঙ্কার হইয়া দাঁতে তৃণ ধারণপূর্বক শ্রীধামবাসিগণের পদধূলি হইবার জন্য আকুল-আর্তি জাগে, তবেই আমাদের শ্রীধামসেবার সৌভাগ্যলাভ হইবে। জানি না এইরূপ সৌভাগ্য আমার কবে হইবে—

ধামবাসী জনে, প্রণতি করিয়া,
মাগিব কৃপার লেশ।
বৈষ্ণব-চরণ- রেণু গায় মাখি',
ধরি অবধূত-বেশ।

গৌরনিজজন শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীধামের মাহাত্ম্যসম্বন্ধে বলিয়াছেন—

নবদ্বীপ-মহিমা যে শাস্ত্রে নাহি কয়।
স্বপ্নেও সে শাস্ত্র যেন শুনিতে না হয়॥
এ ধাম-বৈভবে যার নাহিক উল্লাস।
তারে যেন নাহি দেখি না করি সম্ভাষ॥
শ্রীনবদ্বীপমণ্ডলে আর কিবা কাজ।
বিত্ত-পুত্র-বিলাসেতে শিরে পড়ু বাজ॥
আর তুচ্ছ কেন বহু সাধনের অঙ্গ।
অন্তর্দ্বীপাদিতে একেক ভাই বঙ্গ॥
বৃক্ষলতা-ফুল ফলে অদ্ভুত দর্শন।
সেই মায়াপুর হয় আমার জীবন॥
কোটি চিন্তামণি যদি মিলে অন্য স্থানে।
শ্রীহরির বাস্তু যদিও সেখানে॥
তথাপি গোদ্রুম-ধূলি ছাড়ি' এ শরীর।
অন্যত্র না যায় যেন এই বুদ্ধি স্থির॥
শুনিয়াছি নবদ্বীপগুণগণ যত
জিহ্বা, তুমি সেই সব গাও অবিরত॥
গৌরাটবী-পরিমল ভজ মোর প্রাণ।
ত্রিভুবনে নাহি নবদ্বীপ হেন স্থান॥
সেই ধাম গৌরকেলি-স্থলে সেও মোর।
পুলকিত দুটি' অঙ্গ শ্রীগৌরকিশোর॥
ব্রহ্ম, শিব যাহার মাধুর্য্য নাহি জানে।
কবে বা বসিব সেই নবদ্বীপ-স্থানে॥
যদিও শরীর মোর খণ্ড খণ্ড হয়।
বিষম বিপত্তিজাল মস্তকে পড়য়॥
তথাপি গোদ্রুম ছাড়ি' অন্যতীর্থপদে।
না হউ আমার আশা সম্পদে বিপদে॥
নবদ্বীপধামে যাঁ'র নিষ্ঠার বসতি।
অনন্ত হ'য়েছে তাঁর সাধুজনে মতি॥
পুরুষার্থবর্গ তাঁ'র করতলে।
ব্রহ্মার প্রণম্য তিনি ভক্তকৃপাবলে॥
সকল সাধনহীন হইয়াও নর।
কবে যদি নবদ্বীপবনমাঝে ঘর॥
যাবের নিশ্চিন্তাক উঠাং তাহারে।
রাধাকান্তমহোৎসবে যাও দিতে পারে॥
কৃষ্ণপাদপদ্মধ্যান নাহি আমি জানি।
শুদ্ধাদির আশ্রয়েও নহি অভিমানী॥
অতএব এ জীবনে যে হউক ফল।
মায়াপুর শ্রীগোদ্রুম আমার সম্বল॥
আমার স্বজনগণ ছাড়ুক আমারে।
দেহবৃত্তি অচল হউক একেবারে॥
তথাপিও নিত্যানন্দ নবদ্বীপ হ'তে।
চরণ আমার নাহি যাউ অন্য পথে॥
শ্রীরাধার বনে নবদ্বীপ মহাবন।
তাহাতে বসিতে বাধা করেন যে জন॥
মাতা, পিতা, বন্ধু সখা যত, গুরু আর
কোনই সম্বন্ধ নাহি আমার তাঁহার॥
কণ্টক-স্বরূপ আমি এ ভাগ্য কি পাব।
মরণান্তে শ্রীগোদ্রুমে বসতি করিব॥
সম্বন্ধ-আশ্রিত জীবে দোষদৃষ্টি যার।
আনন্দস্বরূপে অপরাধ হয় তাঁ'র॥
যতদিন সেই অপরাধ নাহি যায়।
রাধাকৃষ্ণ-যুগলচন্দ্র মিলিবে কোথায়?
নবদ্বীপবাসীনিন্দা-রত যেই জন।
যেবা নাহি করে মায়াপুরের পূজন॥
সে পাপিষ্ঠ নরাধম গর্হিত সর্বতি।
স্বপ্নেও না হয় যেন বিষম দুর্গতি॥
ওহে মূর্খ জীব, তুমি নাহি বোঝ কিরে?
আচার' বহুল ধর্ম আছে কষ্ট হ'বে॥
হঠাৎ ছাড়িয়া সব পথ আশ্রিত।
শ্রীগোদ্রুমে পর্ণকুটী করহ বিহিত॥
অপারকরুণাসিন্ধু শ্রীকৃষ্ণচরণে।
পড়িয়া কাঁদিয়া আমি বলি সকরুণে॥
হে অনর্পিত প্রেমসিন্ধু গৌরবনে।
কোন জন্মে হ'ত যেন এই পরিকরে॥
চঞ্চল দুর্মতি, আর স্বধর্ম বর্জিত।
মূঢ়মতি, গৌরচন্দ্রে সম্বন্ধরহিত॥
কামলোভে বদ্ধ আমি অশুচি হৃদয়।
নহি সেই মায়াপুর ধনের আশ্রয়॥
তৃণাসনা-বজ্রবদ্ধ মম মন।
আকর্ষিয়া নিজবনে, হে শচীনন্দন॥
রাধাযুত শ্রীগোদ্রুমে শ্রীরাসের সহ।
বিহারসময়ে তব পাদপদ্মে লহ॥
দর্শিত হইলে না পাইব নাথ।
তথাপি নাহি মোর সর্বদোষোৎপাত॥
কোথা যাব, কি করিব, গতিহীন আমি।
নবদ্বীপে স্থান দিয়া কৃপা কর, স্বামী॥
জাতি প্রাণ, ধন, জন, সকল আমার।
ক্ষয় হউ, সকলে করুক তিরস্কার॥
ব্যাধিকবলিত দেহ পাউক দুর্গতি।
নবদ্বীপ তথাপি ছাড়িতে নহে মতি॥
গুরু ভাই সমস্ত সাধন পরিহার'।
গৌরভজনাশ্রয় কর চিত্ত দৃঢ় করি'॥
এই গৌরগণাশ্রিত হয় যেই জন।
সুনিশ্চিত তাঁর একমাত্র ধন॥
নবদ্বীপে শরণাগত যেই দিন।
সে ভজনানন্দী হয় যদ্যপি হীন॥
সেই দিন রাধাকান্তসেবা-যোগ্য হয়।
হ'বে জীব ব্রজধামে যায় অপরূপ॥
নবদ্বীপবাস লাগি' কর স্বার্থ।
যাতে শুদ্ধজন আর সকল স্বার্থ॥
তাতে তার দেহ কিবা, একান্ত সাধ।
যাতে গৌরচন্দ্রাশ্রিত সেই পাপভার॥
আশ্চর্য করুণাপূর্ণ শ্রীগৌরচন্দ্র।
সর্বশাস্ত্রে দেখে তার যদি বিচারি'॥
যে যে স্থানে থাকে জীব নবদ্বীপমাঝে।
দেহান্তে না হয় তাহে শ্রীগৌরাঙ্গনাথে॥
প্রকৃতি অমধ্যে না বাহিরে কভু তাই।
না বাসনা না মধুর স্থিতি নাই॥
এই ত' সিদ্ধান্ত সার, তাঁহার চরণে।
সদা নমস্কার করি আমি মনে মনে॥
ভক্তিতে সংসারসিন্ধু যদি পার হব।
সংকীর্তনাভাগে বাঁধে তরঙ্গ-সব॥
রাধা যাঁর থাকে প্রেমসিন্ধু হইতে।
মায়াপুরে কর বাস তাঁহা ক'রে॥

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম॥

লণ্ডন গৌড়ীয়মঠ

লণ্ডন হইতে গত ২২শে অক্টোবর (১৯৩৪) শ্রীমায়াপুর-গৌড়ীয়মঠের সেবক একটী অফিসার্স লেখ প্রেরণ করিয়া জানাইয়াছেন যে, লণ্ডন গৌড়ীয়মঠ [illegible] নামানুসারে নং ১৫৫ [illegible] বিশেষ হইয়াছে। শ্রীগৌড়ীয়মঠ অপরকর্ত্তৃক কোন মত লয়েন। গৌড়ীয়মঠ অপ্রাকৃত বস্তু, তাহা প্রাকৃতের ধারণার অতীত। সেই [illegible] 'বস্তু' কেহ তাহা স্পর্শ করিতে পারে না। [illegible] শ্রীগৌড়ীয়মঠের অপ্রাকৃত [illegible] অপ্রাকৃতসেবন অর্থাৎ সম্পূর্ণ সেবাবৃত্তি না হইলে দর্শনের বিষয় হয় না। গৌড়ীয়মঠ বৃহৎ বস্তু নহেন, তাহা বৈকুণ্ঠ বস্তু। গৌড়ীয়মঠ বৈকুণ্ঠবস্তু। তিনি বাহাকে কৃপাপূর্ব্বক দর্শন দান করেন, আত্মসাৎ করেন, একমাত্র তিনিই তৎকৃপাপ্রভাবে শ্রীগৌড়ীয়মঠের স্বরূপদর্শনলাভ করেন।

অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃতগোচর।

বেদপুরাণেতে এই কহে নিরন্তর॥

প্রাপ্তিস্থান

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
অধ্যাপক শ্রীনিশিকান্ত রায় এম্‌-এ, বি-এল্‌,
পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্‌,—প্রথম ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অধীনা) ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অধীনা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ২য় খণ্ড ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড— ৸০, ২য় খণ্ড —১৲, ৩য় খণ্ড —৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সংক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ৩৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয় তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ আদর্শ ।০
১৯। অর্চ্চাবতার ।০
২০। গৌড়ীয়-গৌরব ৸৶০
২১। গৌড়ীয়গীতিকা ৸৶০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲
অধীনা) ১৲
২৬। গীতার কেবল মাত্র অর্থ ।০
২৭। প্রাকৃতরস শতদূষণী (সানুবাদ) ১৲
২৮। প্রেমবিবর্ত্ত (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-শিখা-দর্পণ ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৸৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-প্রমাণ ৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। শীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমার ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চনতত্ত্ব
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পকেট সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনরত্ন ৶০
৫০। বৈষ্ণবব্রত-দিনাবলি (১ম ও ২য় খণ্ড) ৬
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। উপদেশাবলী বা শ্রীরায়রামানন্দসূচী ৷
৫৬ অর্চ্চনতত্ত্ব ও ভক্তিপথ ৷৶০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবেদ্য ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। মাধ্যমাদ্রি ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২ সিদ্ধান্ত সরস্বতী বিজিতঃ ।০
৬৩। সটীক-বিষ্ণুসহস্রনামম্‌ ।০
৬৪। মুক্তাফল ।০
৬৫। মাধবীয় বিলাসরত্নম্‌ ৶০
৬৬। গৌড়ীয়মঠসম্প্রদায়িতা ৴০
৬৭। সারসংগ্রহ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। শ্রীমদ্ভাগবত ৴০
৭১। বেদান্ত— ইটস মরফলজী এণ্ড অন্টোলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৸৶০
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। ব্রহ্মসংহিতা ।০
৭৫। গোয়াজ গৌড়ীয় মঠ ইন বৃটেন ৴০
৭৬। 'দ হারমনিষ্ট' ।০
৭৭। ঠাকুর ভক্তিবিনোদ এণ্ড আসোসিয়েটেড বিশ্বাসবিষ্ণুপাদ ।০
৭৮। ব্রহ্মসংহিতা ১।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴৭

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ | ১০ কেশব ৪৫৪ গৌরাব্দ ১২ই অগ্রহায়ণ বঙ্গাব্দ ১৩৪৭, ২৮শে নভেম্বর খৃঃ ১৯৪০ বৃহস্পতিবার | ২১১তম সংখ্যা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১০ কেশব আদি কাগৌরাঙ্গাব্দী গৌরাব্দ ৪৫৪

মানস জপ ও উপাংশু জপ

——::০)::——

মহামন্ত্র শ্রীহরিনাম ও মন্ত্রের কথা আমরা সকলেই শুনিয়াছি। দীক্ষার সময় শ্রীগুরুপাদপদ্ম জীবকে মন্ত্র দান করেন। অনুপবীত বিপ্রের যেরূপ বৈদিক অধ্যয়নাদিতে অধিকার হয় না, উপবীত গ্রহণের পরেই অধিকার হয়, তদ্রূপ অদীক্ষিত ব্যক্তিরও মন্ত্রদেবতার পূজায় অধিকার হয় না। এইজন্য আত্মাকে মঙ্গলপূত করিবার উদ্দেশ্যে প্রত্যেক নিঃশ্রেয়সার্থী ব্যক্তি দীক্ষাগ্রহণ করিবেন। শ্রীহরিভক্তিবিলাস বলিয়াছেন,—

অদীক্ষিতস্য বামোরু কৃতং সর্ব্বং নিরর্থকম্।
পশুযোনিমবাপ্নোতি দীক্ষা-বিরহিতো জনঃ॥

অর্থাৎ অদীক্ষিত নর যে কর্ম করে, তাহা সমস্তই নিষ্ফল হয়। দীক্ষারহিত ব্যক্তি অন্তে পশুযোনি প্রাপ্ত হইয়া থাকে।

মননধর্ম্ম হইতে যাহা ত্রাণ করে, তাহাই মন্ত্র। পাঞ্চরাত্রিক মন্ত্র অপ্রাকৃত জ্ঞানের উদয় করাইয়া প্রাকৃতাভিনিবেশ হ্রাস করে। বুদ্ধি শুদ্ধ হইলে মন্ত্র ও মন্ত্রদেবতায় অভিন্নবুদ্ধি হয়। গায়ত্রী কীর্ত্তন দ্বারাও মননধর্ম্মের হস্ত হইতে পরিত্রাণ ঘটে। এইজন্য মন্ত্রের আনুষঙ্গিক সিদ্ধিরূপে গায়ত্রীর প্রকাশ। গায়ত্রী—শক্তি; আর নামাত্মক মন্ত্র—শক্তিমান্। যে অনুষ্ঠান মনকে বাহ্যজগতে অভিনিবিষ্ট হইতে রক্ষা করে, তাহাই মন্ত্রজপ। বাহ্য বস্তুর ভোক্তা মন অন্তঃস্থিত বস্তুতে নিযুক্ত হইলে তাহার বাহ্য বস্তু উপভোগ করিবার অবকাশ হয় না। ইন্দ্রিয়সমূহ বাহ্যজগতে প্রধাবিত হইলে মনের দ্বারা ভোগ হয়। এই মন খুব বিশ্বাসঘাতক। এই মনকে দমন করিতে না পারিলে হরিভজনের আশা নাই। মনের দ্বারা চালিত হইলেই সর্ব্বনাশ। সাধুগুরুর সঙ্গ করিতে করিতে মনকে কেবল জুতা মারিতে হইবে। সাধু-গুরুর আনুগত্য না করিলে মনের গোলামি করিতেই হইবে। মনকে প্রশ্রয় দিতে হইবে না। অপ্রাকৃত বুদ্ধিতে মন্ত্রদেবতার অর্চ্চন করিতে করিতে আমাদের মঙ্গল হইবে। মন্ত্রকে শব্দসামান্যবুদ্ধি করিলে নরকে অবস্থিতি অনিবার্য্য। কৃষ্ণমন্ত্র হইতে আমাদের সংসারনিবৃত্তি হইবে। শাস্ত্র বলেন,—

কৃষ্ণমন্ত্র হৈতে হ'বে সংসারমোচন।
কৃষ্ণনাম হৈতে পাবে কৃষ্ণের চরণ॥

কৃষ্ণমন্ত্র সাক্ষাৎ কৃষ্ণ। মন কৃষ্ণচিন্তা করিলেই মনোবেগ দমিত হইল। সংশ্রবণ হইলেই সংকীর্ত্তন ও সংস্মরণ হয়। মনের পরিত্রাণ সমূহই সাধন। মন্ত্রজপকে সাধন বলা হয়। অসিদ্ধ মন সাধুসঙ্গ ও সেবার দ্বারা নিগৃহীত হইলে মন্ত্রসিদ্ধি হয়। ঐকান্তিকতা বা একনিষ্ঠতার অভাব মন্ত্রসিদ্ধির ব্যাঘাত মাত্র। ঋষিগণ অসংযত মনকে শাসন করিতে মন্ত্র গ্রহণ করেন। তখন তিনি সাধনকার্য্যে রত বলিয়া তাঁহাকে সাধক বলা হয়। অনর্থযুক্ত অবস্থায় তাঁহাকে যেকালে বিব্রত করে, সেইকালে অনর্থের হস্ত হইতে মুক্তিলাভের জন্য তাঁহার মন্ত্রগ্রহণ। উক্ত অবস্থায় অনর্থনিবৃত্তি পূর্ণ হইলে হরিনিষ্ঠ মুক্তমন হরিনামগ্রহণে উপযোগী হন। মুক্তানর্থ ব্যক্তি শুদ্ধ হরিনাম গ্রহণ করিতে পারেন। মন্ত্র অনর্থযুক্ত জীবকে অনর্থমুক্ত করে আর নাম অনর্থমুক্ত ব্যক্তিকে কৃষ্ণপ্রাপ্তি করায়।

মহামন্ত্র শ্রীনামে সম্বোধনের পদ, মন্ত্রে নামে চতুর্থ্যন্ত শব্দোচ্চারনিবেদক সম্বন্ধজ্ঞান পরিস্ফুট। সম্বোধনকারী সম্বন্ধ-জ্ঞানবিশিষ্ট, আর সম্প্রদানকারী অহঙ্কার-নিযুক্ত হইয়া সম্বন্ধজ্ঞানাকাঙ্ক্ষী। নামে সম্বোধন ব্যতীত অন্য বিভক্তি নাই। নামের নিকট আত্মসমর্পণ বা অহঙ্কারনিবৃত্তি ভাববাচনই মন্ত্রের উদ্দেশ্য। সম্বন্ধজ্ঞানবিশিষ্ট ব্যক্তির সম্বোধনই যথেষ্ট। যেকালে জীব সাধনরাজ্যে প্রবেশ করেন, তখন তাঁহার মন্ত্রজপই প্রধান অনুষ্ঠান। জপ দুই প্রকার—মানস জপ ও উপাংশু জপ। জপবিচারে উচ্চারিত শব্দ অপরের কর্ণগোচর হইলে জপের সফলতা হয় না, সেইজন্য মন্দ বা লঘু উচ্চারণযুক্ত উপাংশু জপ অপেক্ষা মানস জপ অর্থাৎ যেখানে উচ্চারণকারীর মনে মনে সম্পাদিত হয়, তাহার শ্রেষ্ঠতা শাস্ত্রে কথিত হয়। জপদ্বারা কেবল জপকারীর স্বার্থসিদ্ধি হয়। তদ্দ্বারা অপরের কোন উপকার হয় না। কিন্তু জপবিচারে উপাংশু জপ অপেক্ষা মানসজপে মন্ত্রসিদ্ধির অধিক সফলতা। মহামন্ত্রে মানস জপ উপাংশু জপ ও কীর্ত্তন সকলই হইতে পারে। মহামন্ত্রকালে প্রত্যেক মন্ত্রের প্রত্যেক চতুর্থ্যন্ত পদের সহিত আত্মনিবেদনের পরিপাকের জন্য শ্রীগুরু-বৈষ্ণবভগবানের নিকট নিষ্কপটে কৃপাভিক্ষা করিতে হইবে। শ্রীহরিনামগ্রহণকালেও নিজেকে শ্রীনামদাসীর দাস ও শ্রীনামপ্রভুর দাসানুদাসজ্ঞানে প্রত্যেক সম্বোধনাত্মক শ্রীনামের সহিত নিষ্কপটে চিত্তবৃত্তিতে আন্তরিকভাবে আত্মসমর্পণই সর্ব্বশ্রেষ্ঠ সেবাকার্যের জন্য সকাতর আহ্বান করিতে হইবে।

দীক্ষা দিব্যজ্ঞানলাভ। দিব্য-জ্ঞানলাভের অভাব ও পাপপ্রবৃত্তির ক্ষয় না হইলে দীক্ষা হয় নাই জানিতে হইবে। মন্ত্রের অর্থবোধ না হইলে জীবের দিব্যজ্ঞান হয় না এবং পাপ হইতেও নিবৃত্তি হয় না। দীক্ষা বা দিব্যজ্ঞানে সর্ব্বেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ আমাদের নিত্যপ্রভু, আমরা নিত্য কৃষ্ণদাস—এই সম্বন্ধজ্ঞান উদিত হয়। যখন পূর্ণজ্ঞানানন্দবিগ্রহ, কৃপাতে আবদ্ধচিত্ত নিষ্কপট সাধুগুরুদেব এই সম্বন্ধজ্ঞানের কথা তাঁহাকে অবগত করিয়া [illegible] অন্তঃকরণে স্থাপন করেন, তখন আমাদের দীক্ষা আরম্ভ হয়। এই দীক্ষা [illegible] কিছুই নহে, [illegible] হওয়ার কারণ। [illegible] কৃষ্ণসেবায় জীবন [illegible] মন্ত্রগ্রহণ [illegible] যুক্ত হইয়া [illegible] দীক্ষা-কার্য্য [illegible] এই দীক্ষার পূর্ণ [illegible]।

প্রধান ভ্রম

দেহে আত্মবুদ্ধিই আমাদের প্রধান ভ্রম। হরিভজনের পথে ইহাই সর্ব্বাপেক্ষা অন্তরায়। আমরা যখন ভগবৎসান্মুখ্য বর্জ্জন করিয়া ভোগবুদ্ধি প্রণোদনপূর্ব্বক আমাদের অভীষ্ট 'বস্তুর' অনুসন্ধানে ও মায়ার কবলে পতিত হই, তখনই আমাদের আত্মজ্ঞান বা স্বরূপজ্ঞান বিলুপ্ত হয়, স্বরূপবিস্মৃতির ফলে—ভগবদ্বিস্মৃতির ফলে অনাত্মবস্তুতে আত্মবোধ করিয়া বিবর্ত্তের আশ্রয় গ্রহণ করি। তাই শাস্ত্র বলেন —

'দেহে আত্মবুদ্ধি এই বিবর্ত্তের স্থান।'

(চৈঃ চঃ)

এই বিবর্ত্তের আশ্রয়েই আমাদের যাবতীয় ক্লেশরাশি। পথে সঙ্কল্প-বিকল্পাত্মক মনকে আত্মবুদ্ধি করিয়া 'সমস্ত জগৎই আমাদের মনোরঞ্জনের আধার' এই অহঙ্কার আমাদের প্রবল হয়। এইরূপে আমরা ভক্তিকল্পতরুর বৈকুণ্ঠবাণীকে প্রাকৃত মনের দ্বারা বা বুদ্ধির দ্বারা বুঝিয়া লইবার জন্য ন্যূনাধিক যত্ন করি। তাহাতে আমাদের অকল্যাণ বা আধ্যাত্মিক প্রবল ক্ষতির মহা সম্ভাবনা উপস্থিত হয়। তখন মনের নেতৃত্বাধীনে চলিতে মহা অনর্থ ঘটে। ইহা অপেক্ষা জীবের আর কি বন্ধন হইতে পারে? বস্তুতঃ ভগবৎসান্নিধ্য হইতে দূরে বিচ্যুত হইতে থাকি, ততই আমাদের চিত্ত চিৎ হইতে খসিয়া বা জড়ে অর্পিত হইয়া অন্ধকারে পথভ্রষ্ট হইতে থাকে। আবার ভক্তাভক্তিগণের ফলে জীবের জন্মে জন্মে অনন্ত বিলাপ লাভ হয়। ইহাই দেহাত্মবুদ্ধির পরিণাম।

যখন আমরা দেহাত্মবুদ্ধি বা অস্মদ্-অহঙ্কারাশ্রয়ী মায়াপিশাচীর দ্বারা আক্রান্ত হই, তখন আমরা অসংখ্য প্রলোভনের মধ্যে পড়িয়া যাইয়া অনন্ত দুঃখদায়ক প্রাপঞ্চিক বস্তুতে লিপ্ত হই। মায়ার ভোগ যদিও আপাতসুখকর, কিন্তু তথাপি পরিণামে অনন্ত দুঃখাবহ। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন,—

জগজ্জীবনশ্বরসুখ সঙ্গে
চরে জগৎ পূর্ব্বাধিকম্।
হরিনামসুধা বধ্যঃ
ভব গোস্বামিনম্রূম বিধুর্॥

এই জড় জগৎ একটী কারাগৃহ সদৃশ এবং চিৎকণ জীবের প্রকৃত পরিচয়। রাজা যেমন প্রজাবিদ্রোহীদের শাস্তি দিবার জন্য কারাগারে স্থাপন করেন, পরমদয়ালু শ্রীকৃষ্ণও তদ্রূপ অপার করুণা করিয়া জড় জগৎরূপ কারাগারে ও অজ্ঞতারূপ কারা-কক্ষে স্থাপন করিয়া রাখিয়াছেন। এই জগতে যেরূপ কোনও ব্যক্তি রাজদ্রোহমূলক কোন কার্য্য করিলে তৎক্ষণাৎ তাহাকে কারাগৃহে লইয়া যাওয়া হয় এবং তথায় তাহাকে আবদ্ধ করিয়া রাখা হয়, সেইরূপ কোনও জীব যখনই কৃষ্ণবহির্ম্মুখ হইয়া জগৎ ভোগ করিতে চায়, তখনই মায়াদেবী তাহার গলায় ফাঁসি দিয়া তাহাকে সংসারকারাগারে আবদ্ধ করিয়া রাখে। ভোগবাসনার মূলে দেহাত্মবুদ্ধি। ভোক্তা বা শক্তিমান্—একমাত্র কৃষ্ণ। জীব তাঁহার ভোগ্যা বা শক্তি। এই মায়াবন্ধনের নামই জীবের সংসারপ্রবেশ। জীব মায়াবদ্ধ হইলেই তাহার নিত্যস্বরূপ অর্থাৎ চিৎস্বরূপ দুইটী ঔপাধিক ও নশ্বর শরীর দ্বারা আচ্ছাদিত হইয়া যায়। তন্মধ্যে স্থূল শরীরটী পঞ্চভূত দ্বারা নির্ম্মিত এবং মন, বুদ্ধি ও অহঙ্কার এই তিনটী জিনিষ লইয়া সূক্ষ্মশরীরটি গঠিত। বস্তুতঃ জীবের একটী নিত্যস্বরূপ আছে। সেই স্বরূপের পরিচয়ও আছে। সেই স্বরূপটী সূক্ষ্ম। যেমন এই স্থূল শরীরের হস্ত, পদ, চক্ষু, কর্ণ, নাসিকা, মুখ প্রভৃতি অঙ্গসকল সুশৃঙ্খলরূপে যুক্ত হইয়া স্থূল বস্তুকে প্রকাশ করিয়াছে, সেইরূপ চিৎকণময় শরীরে সর্ব্বাঙ্গসুন্দররূপে একটী চিৎকণ-স্বরূপও আছে। তাহাই জীবের নিত্য স্বরূপ।

জীবাত্মা অস্ত্রশস্ত্রে ছিন্ন হয় না, অগ্নিতে দগ্ধ হয় না, জলে ক্লেদযুক্ত হয় না এবং বায়ুর দ্বারা শুষ্ক হয় না। তাহা শাশ্বত, শুদ্ধ ও সনাতন। তাহার স্বভাব পরমাত্মার সেবা করা। কিন্তু ভোগবাসনার ফলে স্ব-স্বভাব হইতে বিচ্যুত হওয়ায় কারাগারে বন্দী হই। পড়িয়াছে। পতিত জীবের বন্দীশালাই স্থান লাগিয়াছে। পূর্ব্ব পূর্ব্ব জন্মের বাসনা ও সংস্কারক্রমে জীব স্থূলশরীর লাভ করে। তদনুযায়ী তাহার স্বভাব গঠিত হয়। সেই স্বভাব-অনুসারে কর্ম্ম লাভ হয়। কর্ম্মানুসারে পুনরায় কর্ম্ম করে এবং তদনুসারে পুনরায় কর্ম্মফলানুযায়ী গতি লাভ করে। এইরূপে জীব কর্ম্মফলে চৌরাশী লক্ষ যোনি ভ্রমণ করে।

ভগবান্ শ্রীকৃষ্ণ আমাদের নিত্যপ্রভু। আমরা তাঁহার নিত্যদাস, তাঁহার সেবা করাই আমাদের একমাত্র কৃত্য। তাঁহাকে ভুলিয়াই অর্থাৎ এই নশ্বর, দেহ, গেহ, পাপপঙ্কিল ও দুর্গন্ধ জগতে আসিয়া পড়িয়াছি। ইহা আমাদের স্বকৃত কর্ম্মের ফল। আমরা অনাদি কাল হইতে এই চতুর্দ্দশভুবনাত্মক দেবীধামে কৃষ্ণবিমুখ অবস্থায় পড়িয়া আছি। কিন্তু এখনও আমাদের সম্মুখে অসীম অনন্তকাল বর্ত্তমান। ইহার তুলনায় মানবজীবন অল্পকালস্থায়ী। দেহাত্মবুদ্ধি ছাড়িয়া হরিভজন না করিলে আবার অনন্তকাল ব্যাপিয়া এই দুঃখময় সংসার-কারাগারে আমাদিগকে হাবুডুবু খাইতে হইবে। যিনি আমাদিগকে হরিভজনে সাহায্য করেন, সদুপদেশের দ্বারা মায়িক জড়াসক্তি কাটাইয়া দিয়া কৃষ্ণোন্মুখ করেন, তিনিই আমাদের প্রকৃত বন্ধু। যিনি স্বয়ং সর্ব্বদা কৃষ্ণভজন করেন এবং অপরকে কৃষ্ণভজন করাইবার জন্য সতত যত্নশীল, তাঁহার সঙ্গ ও কৃপা ছাড়া শুদ্ধভক্তের পাদপদ্মে সুদৃঢ় বিশ্বাস লাভ করা জীবের পক্ষে অসম্ভব। ভক্তের কৃপা ছাড়া ভগবান্কে লাভ করা যায় না। কারণ, ভগবান্ ভক্তেরই প্রেমবাধ্য। সুতরাং কোন প্রকারে যদি ভক্তের কৃপালাভে পড়া যায় তাহা হইলে ভগবান্কে অনায়াসে পাওয়া যায়। এতদ্ব্যতীত ভগবৎকৃপালাভের অন্য কোন উপায় নাই।

দুর্ল্লভ হরিভজনযোগ্য মানবজন্ম লাভ করিয়া—বুদ্ধিমান হইয়া ভ্রমে বা মায়ামোহে পতিত হওয়া ত' মূর্খের কার্য্য। মায়াবদ্ধ ব্যক্তিই মূর্খ। জীবনের অনিশ্চিত কয়েকটী দিনের জন্য অনাত্মবস্তুকে আত্মজ্ঞান করা উচিত নয়। এই পাপদেহ ছাড়িতেই হইবে। যেদিন আমাদিগকে এই বাসাবাড়ী ছাড়িয়া যাইতে হইবে, সেদিন এ জগতের কেহই বা কোন বস্তুই আমাদিগকে রাখিতে পারিবে না। সেসময় এ জগতের নশ্বর সমস্ত বস্তুই পরিত্যাগ করিয়া চলিয়া যাইতে হইবে। সে সময় এই দুস্তর ভবসাগরের পারের সাহায্য করিবে না। একমাত্র প্রপন্নজনের গোলোকপতি অপ্রাকৃত গুরু ও শ্রীহরি অথবা হরিনাম আমাদিগকে পারে লইয়া যাইতে সমর্থ। তাই বলি, যদি ভবসাগরের পারে যাইবার কাহারও বাসনা থাকে, তবে আমাদিগকে আমাদের নিত্যাবাসে লইয়া যাইবার জন্য এই জগতে কপট-মানবের বেশে আসিয়াছেন যে সাধু, তাঁহার শ্রীপাদপদ্মে একান্তভাবে শরণ লওয়া ছাড়া অন্য কোন উপায় নাই। তিনিই আমাদিগকে স্বদেশে লইয়া যাইবার একমাত্র মালিক। তাঁহার ও তদ্ভক্তগণের কৃপাই ভবসাগরপারের একমাত্র উপায়। শ্রীগুরুপাদপদ্মের মত এত বড় দয়ালু এ বিশ্বে আর নাই। তিনি অসহায়ের সহায়—অগতির গতি, দাম্ভিক পাপী ও অপরাধী জীবের প্রাণের আরাধ্য দেবতা। অন্তর হইতে নিষ্কপটে প্রার্থনা করিলে তিনি নিশ্চয়ই তাঁহার শ্রীচরণে আমাদিগকে আশ্রয় দিবেন। তাঁহার কোটিচন্দ্রসুশীতল শ্রীপাদপদ্মে আশ্রয় লাভ করিলে আর আমাদের পুনরায় চৌরাশীলক্ষ যোনি ভ্রমণ করিতে হইবে না—ভগবৎসেবা লাভ করিয়া চিরশান্তি লাভ করিব। নিত্যানন্দ শ্রীগুরুপাদপদ্মের সহিত যাঁহার সম্বন্ধ নাই, তাঁহাকে শ্রীল নরোত্তম ঠাকুর পশুর মধ্যে গণনা করিয়াছেন। সুতরাং শ্রীগুরুপাদপদ্মসম্বন্ধরাহিত্যই পশুত্ব। শ্রীগুরুপাদপদ্মই আমাদের একমাত্র নিত্যবন্ধু। যাঁহার এইরূপ বন্ধু আছে, তিনি অতি ভাগ্যবান্—তাপিত প্রাণ জুড়াইতে, শোকের আবেশ কমাইতে, দুশ্চিন্তা হইতে মুক্ত করিতে, বিপদের সময় হৃদয়ে ধৈর্য্য ও সাহস ঢালিয়া দিতে এরূপ বান্ধব আর কেহই নাই। সুতরাং ভক্তিপথে তাঁহার অহৈতুকী কৃপাই মাদৃশ অপরাধী জীবের একমাত্র সম্বল

কীর্ত্তন

জগতের অধিকাংশ লোকই পাপকলুষিত-চিত্ত হওয়ায় শুদ্ধ কীর্ত্তনকারী ও শুদ্ধ কীর্ত্তন খুব বিরল। তৃণ হইতেও সুনীচ, তরু অপেক্ষাও সহিষ্ণু, অমানী ও মানদ না হইলে কাহারও কীর্ত্তনে অধিকার হয় না। কনক-কামিনী-প্রতিষ্ঠাশা 'ত্রপাদপি' লোকের পরিণতি। ইহা নাস্তিকতা। সুতরাং কনক-কামিনী-প্রতিষ্ঠাকামী ব্যক্তিগণ হরিকীর্ত্তন কি করিয়া করিবে? অকিঞ্চন না হইলে কি হরিকীর্ত্তন হয়? কর্ত্তাভিমান বা ভোক্তাভিমান যাহার আছে, তাহার কীর্ত্তনের ভণিতা প্রতিষ্ঠাশার ছাড়া আর কিছুই নহে। কীর্ত্তন জিনিষটী ত' সেবা। তাহা কৃষ্ণকার্ষ্ণের সুখবর্দ্ধক। যে কীর্ত্তন কৃষ্ণের সুখবিধান করে না, তাহা ত' মায়ার কীর্ত্তন। শ্রবণ হইলে কীর্ত্তন হইবে। শ্রবণহীন বা আচারহীন কীর্ত্তনের কোন মূল্য নাই। তাহা কীর্ত্তনাপরাধমাত্র। কৃষ্ণকীর্ত্তনে কপটতা নাই—ধর্ম্মার্থকামমোক্ষবাঞ্ছা নাই। সেখানে আছে কেবল নির্ম্মল সেবোন্মুখ জীবহৃদয়ের "হরিকীর্ত্তনের" জন্য প্রবল পিপাসা বা আকাঙ্ক্ষা। কীর্ত্তনকারী যোষিৎসঙ্গী নহেন। তিনি সাধুসঙ্গী—শ্রীনামসঙ্গী। ভোগাকাঙ্ক্ষী কখনও কীর্ত্তন করিতে পারে না—কৃষ্ণসেবা করিতে পারে না। যাঁহারা জীবনের আশায় বা

স্মরণ করিবার্থাবতারের জন্য শ্রবণকীর্তন করেন কিংবা যাঁহারা লাভ-পূজা প্রতিষ্ঠা বা লোকদেখানোর জন্য শ্রবণকীর্তনাদি করেন, তাঁহাদের কীর্তন দ্বারা ভগবদ্ভক্তি অহৈতুকী ভক্তি হয় না। তাঁহাদের কীর্তন শুদ্ধ নহে। বর্তমানকালে কবিত্বাভিমানী, কামিনী-প্রমত্ত ও মুদ্রাসংগ্রহীর জন্য লোকের কীর্তনাদিতে উৎসাহ দেখা যায়। এরূপ কীর্তন-শ্রবণে লোকের কোন মঙ্গল হয় না। কর্মী, জ্ঞানী, যোগী, ত্যাগী ও মিছাভক্তের যে কীর্তন, তাহা নিঃ কীর্তন ছাড়া আর কিছুই নয়। তাহাদের মুখে অপ্রাকৃত শ্রীকৃষ্ণ কীর্তিত হন না। কৃষ্ণভক্তই একমাত্র কীর্তন করিতে পারেন; কারণ, তিনি নিষ্কাম ও শান্ত অর্থাৎ কৃষ্ণভক্ত শুদ্ধবৈষ্ণবগণের। কৃষ্ণভক্ত নিষ্কাম। কৃষ্ণভক্তের কৃষ্ণভজন ব্যতীত মুহূর্তের জন্য অন্য কোন কার্যে স্পৃহা নাই। কৃষ্ণবিমুখ জগতের জন্য হরিকথা কীর্তন দ্বারা কৃষ্ণোন্মুখ করা ব্যতীত তাঁহার অন্য কিছু কীর্তন নাই।

কীর্তন ভক্তি। কীর্তন অঙ্গী আর শ্রবণ-স্মরণাদি সব তাহার অঙ্গ। কীর্তন—সাধনশিরোমণি। কীর্তনই ভক্ত্যঙ্গের মধ্যে সম্রাট্। এই কীর্তনকারী শ্রীগুরুদেব বা শ্রীআচার্য। এই কীর্তন ভগবান্ নহে। কীর্তনের দ্বারা স্ব-পর উভয়েরই মঙ্গল হয়। শ্রীনামসংকীর্তনই যুগধর্ম। কলিযুগে সমস্ত কার্যই কীর্তনমুখে করিতে হইবে। শ্রীনাম-কীর্তনই কলিযুগে একমাত্র সাধ্য ও সাধন। অন্যান্য যাবতীয় ভক্ত্যঙ্গ কীর্তনেরই অধীন। নববিধা ভক্তির মধ্যে নামসংকীর্তনই সর্বশ্রেষ্ঠ। এই কীর্তনই বৈষ্ণবগণের একমাত্র সাধ্য। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন, "কৃষ্ণের সর্বাপেক্ষা উৎকৃষ্ট সাধন সংকীর্তন। নাম সংকীর্তনের মধ্যে নবধা ভক্তি সমস্ত আছেন। অন্যান্য সাধন যদি কৃষ্ণকীর্তনের অনুকূল ও সহায় হয়, তবেই তাহাদিগকে সাধন বলা যাইবে। নতুবা ঐ সকলকে ভুক্তিমুক্তিবর্ধক বা সাধনের বাধাস্বরূপ জানিতে হইবে।"

যাঁহারা শুদ্ধভাবে হরিকীর্তন করেন, তাঁহাদের সঙ্গ ও সেবা করিলে আমরাও কীর্তন করিতে পারিব। সত্য সত্য কৃষ্ণ কীর্তনকারীর সঙ্গ না হইলে কীর্তন হয় না। কীর্তনে আরোহবাদীর কোন কথা নাই। তাহাতে কৃষ্ণেন্দ্রিয়তৃপ্তিবাঞ্ছাই প্রবল। শ্রীমদ্ভাগবত পাঠ বা ভজনকীর্তন শুদ্ধভক্তগণই করিতে পারেন।

অনেকে মনে করেন, জপাদি শ্রেষ্ঠ সাধন। তাঁহারা হরিকথা-শ্রবণকীর্তনাদিতে বৃথা সময়ক্ষেপ হইয়া থাকে ধারণা করেন।

ভারতবর্ষ শ্রেষ্ঠ কেন?

স্বর্গ, মর্ত্য ও পাতাল এই ত্রিলোকের মধ্যে মর্ত্যলোক পৃথিবীই শ্রেষ্ঠ। অনেকে প্রশ্ন করিতে পারেন, স্বর্গের চেয়েও পৃথিবী শ্রেষ্ঠ হইল কিরূপে? উত্তর এই যে, স্বর্গই বলুন আর পৃথিবীই বলুন, সবই অনিত্য লোক—সবই হরিবিমুখ লোক। পৃথিবী হইতে স্বর্গে কিছু বেশী দিন অনেকপ্রকার ভোগ করিতে পাওয়া যায় বটে, কিন্তু পৃথিবীর ন্যায় স্বর্গে হরিভজনের সুযোগ নাই।

অনেকসময় দেখা যায়, যখন কোন মহাভাগবত বৈষ্ণব হরিকথা কীর্তন করিতেছেন বা শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থ ব্যাখ্যা করিতেছেন, তখন সভাস্থান হইতে উঠিয়া গিয়া কেহ কেহ নির্জনে একান্ত-জপাদিতে ব্যস্ততা দেখান। কীর্তন ছাড়া যে স্মরণ হয় না, ইহা তাঁহাদের ধারণা নাই। শ্রবণ-কীর্তন বাদ দিয়া স্মরণ বা ধ্যানের অভিনয় যে ইন্দ্রিয়তর্পণ মাত্র, তাহা তাঁহারা বুঝিতে পারেন না। কীর্তনপ্রভাবেই স্মরণের কথা সাধুগণ কীর্তন করিয়াছেন। কৃত্রিম ধ্যান বা স্মরণের দ্বারা ব্যক্ত বাক্যবেগ রোধ হইলেও অব্যক্ত বাক্যবেগ অর্থাৎ মানসিক চাঞ্চল্য বন্ধ হয় না। কিন্তু কীর্তনপ্রভাবে শ্রবণ-কীর্তন-স্মরণরূপ ত্রিবিধ ভক্ত্যঙ্গ যুগপৎ সাধিত হয় বলিয়া চিত্ত সহজেই ভগবৎপাদপদ্মে সংলগ্ন হইয়া থাকে। শ্রবণ-কীর্তনরত ভক্তগণ মুক্তিকে নিতান্ত বলিয়া গণনা করেন না। পরন্তু তাঁহাকে তাঁহারা পদনুর প্রণামবাসিনাই অনুভব করিয়া থাকেন। ভক্তগণ শ্রৌতপন্থী, তাঁহারা আরোহবাদীর ন্যায় অজিত ভগবানকে স্বীয় ক্ষুদ্র পুরুষকার বা পৌরুষ দ্বারা জয় করিবার ধৃষ্টতা দেখাইয়া ভগবচ্চরণে অপরাধী হন না। তাঁহারা ভগবচ্চরণে সম্পূর্ণ নির্ভরশীল। তাই তাঁহারা সত্যকথা-প্রচারে নির্ভীক।

হরিকীর্তন ব্যতীত পরম প্রয়োজনলাভের অন্য কোন উপায় নাই। শ্রীমন্মহাপ্রভু শ্রীতপনমিশ্রের প্রশ্নের উত্তরে বলিয়াছিলেন,—

কলিযুগধর্ম হয় নাম সংকীর্তন।
চারিযুগে চারি ধর্ম জীবের কারণ॥
অতএব কলিযুগে নামযজ্ঞ সার।
আর কোন ধর্ম কৈলে নাহি হয় পার॥
রাত্রিদিন নাম লয় খাইতে শুইতে।
তাঁহার মহিমা বেদে নাহি পারে দিতে॥
সাধ্য-সাধন-তত্ত্ব যে কিছু সকল।
হরিনামসংকীর্তনে মিলিবে সকল॥

দেবতারা স্বর্গমধ্যে সকল সময় নানাবিধ ভোগসুখে মত্ত থাকেন। সুতরাং তাঁহারা ভুলেও [illegible] বা হরিভজন করিবার অবসর করিয়া লইতে পারেন না। এই পৃথিবীতে মনুষ্যজন্মে জীবের হরিভজনের প্রকৃষ্ট সুযোগ আছে বলিয়া স্বর্গবাসী দেবতাগণও পৃথিবীতে আসিয়া জন্মের আকাঙ্ক্ষা করিয়া থাকেন, এ কথা আমরা শাস্ত্রে শুনিতে পাই। পুণ্যফলে জীব স্বর্গে গমন করে এবং পুণ্যানুরূপ ইন্দ্রিয়সুখ ভোগ করিয়া পুণ্যক্ষয় হইলে পুনরায় মর্ত্যলোকে পতিত হয়। স্বর্গবাসী দেবতাগণের পতনের ইতিহাস—ইন্দ্রাদি-দেবতার অপরাধফলে এই পৃথিবীতে আসিয়া শূকরযোনিপ্রাপ্তির কথাও শাস্ত্রে আছে। এই ত' গেল স্বর্গের কথা। সুতরাং পাতালের ত' কথাই নাই। পাতালে নাগ, দৈত্য প্রভৃতি প্রাণী বাস করে। তাহাদের মানবের ন্যায় বিবেক নাই। সুতরাং হরিভজনই যে জীবের একমাত্র কর্তব্য, তাহা তাহারা বুঝিতে পারে না। সেইজন্যই বলিতেছি মর্ত্যলোকবাসী মনুষ্যগণই সকল প্রাণী হইতে শ্রেষ্ঠ। তাঁহারা বিবেকী। তাঁহারা কোন্‌টি সৎ, কোন্‌টি অসৎ তাহা বিচার করিয়া বুঝিতে পারেন, বেদাদি শাস্ত্র ও সাধুগণের উপদেশ শ্রবণ করিয়া মানবজীবনের সর্বশ্রেষ্ঠ কর্তব্যবিষয় জানিতে পারেন এবং তাঁহাদের যাবতীয় ইন্দ্রিয় দ্বারা ভগবান্ ও ভগবদ্ভক্তের সেবায় নিযুক্ত হইতে পারেন। সেইজন্যই স্বর্গাদি অপেক্ষা এই পৃথিবী শ্রেষ্ঠ। ভগবানের সেবার জন্য এই পৃথিবীতে বহু সুন্দর সুন্দর জিনিষ সাজান আছে। সেই সকল দ্রব্য ভক্তিসহকারে ভগবানের সেবায় নিযুক্ত করিতে পারিলে আমাদের জীবন সার্থক হইবে। ভোগিগণ এই পৃথিবীকে ভোগাগার এবং মায়াবাদিগণ ইহাকে দুঃখাগার মনে করিলেও ভক্তের নিকট এই বিশ্ব দুঃখের আগার না হইয়া ভগবৎসেবার স্থান। ভক্তগণের পক্ষে এই পৃথিবীর জল, বায়ু, ফুল, ফল, সাগর-কানন সবই ভগবানের সেবার উপকরণ।

এই পৃথিবীতে সাতটী দ্বীপ আছে। এই সাতটী দ্বীপের মধ্যে জম্বুদ্বীপ শ্রেষ্ঠ। এশিয়া মহাদেশই জম্বুদ্বীপ। এই জম্বুদ্বীপের মধ্যে আবার ভারতবর্ষ শ্রেষ্ঠ। এই ভারতবর্ষে দুষ্টদমনকারী ও শিষ্টপালক ভগবান্ নিজ ভক্তকে রক্ষা করিবার জন্য বহুবার আগমন করিয়াছেন এবং ধর্মার্থকামমোক্ষ কিছুই না চাহিয়া কায়মনোবাক্যে শ্রীহরির ভজসেবাই আমাদের একমাত্র কর্তব্য, ইহা আমাদিগকে কৃপা করিয়া জানাইয়াছেন।

কপাল খুব ভাল না হইলে অর্থাৎ খুব সৌভাগ্যবান্ ব্যক্তি ব্যতীত অন্যে এই উপদেশ গ্রহণ করিতে পারে না। ভগবান্ কখনও নিজে আসেন এবং কখনও তাঁহার নিজজনগণকে এখানে পাঠাইয়া থাকেন। ভগবদ্ভক্তগণ ভগবানের আদেশে এ জগতে আসিয়া মাদৃশ পতিতভাব বদ্ধজীবগণকে সদুপদেশাদি দিয়া আমাদের মঙ্গলবিধান করেন। তাঁহাদের উপদেশ যাঁহারা সর্বান্তঃকরণে গ্রহণ করেন, তাঁহারা তাঁহাদের কৃপা লাভ করিয়া ভগবদ্ধামে যাইবার সৌভাগ্য লাভ করেন। কেহ কেহ তাঁহাদের সঙ্গ ও সেবার দ্বারা সুকৃতি লাভ করিয়া থাকেন, যাহার ফলে কেহ কেহ পশুপ্রকৃতি হইতে সাধারণ মানুষের মত হন।

মুনি-ঋষি, অবতারগণ এই ভূমিতে তাঁহাদের মত প্রচার করিয়া অন্যান্য পশুস্বভাব মনুষ্যগণকে কথঞ্চিৎ পরিমাণে নৈতিক সভ্যতা ও মনুষ্যত্ব শিক্ষা দিয়াছেন। আবার কেহ কেহ কিছু নীতি ও আংশিক ধর্মের কথা বলিয়াছেন। এই ভারতবর্ষে বর্ণাশ্রমধর্ম আচরণের কথা আছে। ভারতবর্ষের ন্যায় গুণ ও কর্মানুসারে এইরূপ সুন্দরভাবে বর্ণ ও আশ্রম বিভাগ কোন স্থানে নাই। তাহা ছাড়া এই ভারতে ভগবানের বহু অংশ অবতারগণ এবং স্বয়ং অবতারী স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ ও শ্রীগৌরসুন্দর পর্যন্ত অবতীর্ণ হইয়া জীবগণকে চরম ও পরম মঙ্গলের উপদেশ দিয়াছেন এবং শ্রীগৌরসুন্দর সেই সকল উপদেশ স্বয়ং আচরণ করিয়া জীবকে শিক্ষা দিয়াছেন। এই ভারতবর্ষে তীর্থস্বরূপ কত কত শুদ্ধ ভগবদ্ভক্তগণ যে আবির্ভূত হইয়াছেন, তাহার ইয়ত্তা নাই। আমাদের আদিগুরু ব্রহ্মা, বৈষ্ণবপ্রবর শম্ভু, নারদ, ব্যাসদেব, শুকদেব, বিভীষণ, হনুমান্, বলি, প্রহ্লাদ, জনক, ভীষ্ম, ধ্রুব, উদ্ধব, অম্বরীষ, পৃথু, পরীক্ষিৎ, পাণ্ডবগণ এবং গৌরভক্তের অসংখ্য ভক্ত এই ভারতবর্ষে বিচরণ করিয়াছেন। শ্রীগৌড়মণ্ডল, শ্রীমাথুরমণ্ডল, গোবর্দ্ধনগিরিবর, শ্রীরাধাকুণ্ড, নৈমিষারণ্য, বদরিকাশ্রম, অযোধ্যা, দ্বারকা, শ্রীক্ষেত্রমণ্ডল প্রভৃতি এই ভারতবর্ষেই প্রকাশিত হইয়াছেন। এই ভারতে শ্রী[illegible] গঙ্গা, যমুনা, কৃষ্ণপ্রিয় তুলসী, ভগবানের অভিন্ন শ্রীমদ্ভাগবত ও ভগবানের [illegible] শ্রীনাম নিত্য প্রকাশিত। অধিক কি [illegible] লীলাক্ষেত্র শ্রীনবদ্বীপ, [illegible] ও [illegible] সেই মহাপুণ্যভূমি ভারতে [illegible] কত বড়, তাহা ভাষার দ্বারা প্রকাশ করা যায় না।

জীবে সাক্ষাৎ নাহি তাতে গুরু চৈত্ত্যরূপে। শিক্ষাগুরু হন কৃষ্ণ মহান্তস্বরূপে॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ[illegible]
প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালী[illegible] চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। [illegible]
সেবক—[illegible]

(৩) শ্রী[illegible]পুর পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—[illegible] ভক্তিশাস্ত্রী

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—[illegible] ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

(৭) কাজি সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৮) [illegible]
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) [illegible]-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-[illegible]-মঠ
[illegible], পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) [illegible] গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) [illegible]-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) [illegible]দ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(১৪) [illegible]-গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস অধিকারী

(১৫) [illegible]-গৌড়ীয়মঠ
[illegible], নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
[illegible] -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) [illegible]
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) [illegible]-আশ্রম
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

(১৯) [illegible]
গোবিন্দপুর, পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২০) [illegible] পণ্ডিতের পাট
[illegible], পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২১) [illegible] গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible]নাথ দাসাধিকারী

(২৩) [illegible]গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible], ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) [illegible]গৌড়ীয়মঠ
[illegible] পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

(২৫) [illegible]-গৌরাঙ্গ মঠ
পোঃ [illegible], (ঢাকা)
সেবক—শ্রী[illegible]দাস অধিকারী

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible]বিগ্রহ বিদ্যারত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া [illegible]
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রী[illegible]মোহন দাস অধিকারী

(২৮) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৯) [illegible] গৌড়ীয়মঠ
[illegible], [illegible]
সেবক—শ্রী[illegible]মোহন ব্রহ্মচারী

(৩০) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible], ইউ. পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড গয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতন গৌড়ীয় মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী বি-এ

(৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible], [illegible] (ইউ পি)
শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
[illegible], পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
[illegible], শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৯) [illegible]-[illegible]কুঞ্জ
পোঃ [illegible] (মথুরা)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—[illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৪১) [illegible]
সেবক—শ্রী[illegible] ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন-মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] দাস

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রী[illegible] দাস

(৪৪) [illegible] মঠ—[illegible],
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

(৪৫) [illegible]গৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, [illegible], পাঞ্জাব
সেবক—শ্রী[illegible]পাবন ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড, নিউ দিল্লী
সেবক—শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী

(৪৭) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] রোড, [illegible]
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৮) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible]
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ
[illegible], [illegible] মাদ্রাজ
সেবক—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

(৫০) [illegible]গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] (পুরী)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(৫১) [illegible] মঠ
[illegible] পোঃ [illegible] উড়িষ্যা
সেবক—শ্রীগৌর[illegible] ব্রহ্মচারী

(৫২) [illegible] মঠ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৩) [illegible]কুঞ্জ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৪) [illegible]
পোঃ [illegible], [illegible]
সেবক শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(৫৭) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible], মেদিনীপুর
সেবক শ্রীদীনহীন দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মেদিনীপুর
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬০) [illegible]
পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬১) চৈতন্য গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (মানভূম)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] স্ট্রীট, [illegible]
সেবক—শ্রী বনবিহারী ব্রহ্মচারী

(৬৩) [illegible] গৌড়ীয়মঠ
[illegible]
[illegible]
[illegible], [illegible]
সেবক—[illegible] বিনোদবাণী দাসী

(৬৪) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রী[illegible]গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ [illegible]
[illegible]নগর, [illegible] (ইউ-পি)
সেবক শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যার্ণব গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
[illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী বিলাসবিগ্রহ দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
[illegible] (ইউ. পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—[illegible] অধিকারী

(৭১) [illegible]
সেবক—শ্রী[illegible]বিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদক
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
হিসাবে প্রতি লাইনে	।০		।৶০	।০
" " ইঞ্চি	২৲		।।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অৰ্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

হিসাবে প্রতি ইঞ্চি	৩৲	২।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অৰ্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২।।০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—ঃ০ঃ—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—ঃ০ঃ—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাধক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ভাড়ায় সুন্দর বাসস্থানের বন্দোবস্ত রহিয়াছে। খাওয়া ও দেখাশুনার প্রতি মাসে মাত্র ৯৲ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ স্থান অধিকার করিতেছে। বর্ত্তমান বর্ষে ১৬ জন বালকের মধ্যে ১৫ জন ভালভাবে উত্তীর্ণ হইয়াছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই রূপ অপূর্ব্ব মৌলিক বাঙ্গলা গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ টাকা।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রণীত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ তথ্যগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে বাঙ্গালী সমাজে বিরল। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈশিষ্ট্য ও বিভাগসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র দশ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

নবযুগ প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি সুন্দর। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১১০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—নবযুগ প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

বিদ্বৎসেব্য যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ, ইহাতে শ্রীমদ্ভাগবতের আলোকে ভগবান মানবগণের সম্প্রদায়, সমন্বয়, মহাজন, অবতার, ধর্ম্মধ্বজ, বাদান ও ভক্তিপথকে সাম্প্রদায়িক-বিশেষত্ব সম্বন্ধে শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে সাধকগণের সাধারণ অবশ্যজ্ঞাতব্য, ঐতিহাসিক সংসিদ্ধান্তসকলও প্রদত্ত হইয়াছে। উক্ত গ্রন্থটী শ্রীমন্মধ্বাচার্য্যের আবির্ভাবোৎসবোপলক্ষে প্রকাশিত হইয়াছে।

প্রাপ্তিস্থান—নবযুগ প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ বঙ্গেশ্বরী শ্রীমৎ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ গীতাশাস্ত্র এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ প্রকাশ ও পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ থাকিলেও পাঠকগণ এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অনুভব করিবেন। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক তৎপরে বোল্ড অক্ষরে গীতার মূল শ্লোক সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে অন্বয় অর্থ ও বঙ্গভাষায় টীকার প্রাঞ্জল অনুবাদ তৎপরে শ্রীল শ্রীধরস্বামিপাদকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ছাপা ও বিশুদ্ধ রেক্সিনের বাঁধাই গ্রন্থ আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে; ডিমাই ৮ পেজী সাইজ। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদবাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টা।

প্রাপ্তিস্থান—শ্রীগোদ্রুম শ্রীস্বানন্দসুখদকুঞ্জ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীচৈতন্যদেব

(পরিবর্দ্ধিত ২য় সংস্করণ)

শ্রীচৈতন্যদেবের আবির্ভাবের পূর্ব্বে ও পরে বঙ্গদেশের রাজনৈতিক, সামাজিক অবস্থা ও সমসাময়িক পুণ্যশ্লোক ব্যক্তিগণের কথা এবং শ্রীচৈতন্যদেবের আনুপূর্ব্বিক চরিত্র-কথা ও শিক্ষা অতি সরল ভাষায় বর্ণিত। এই গ্রন্থে অনেক চিত্র ও মানচিত্র আছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর ছাপাই। উপহার দিবার শ্রেষ্ঠ গ্রন্থ। ভিক্ষা ১৷০ আনা।

প্রাপ্তিস্থান—মহাপ্রভু পতিত পার্ক্, পোঃ ভাঙ্গা ঢাকা

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (দ্বিতীয় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত সরলভাবে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা ৵০ আনা। ছাত্রদের পক্ষে ৵০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ মন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণা পল্টন, পোঃ রমনা, ঢাকা

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট

যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ইষ্টার্ণ টাইম্)

ডাউন

কলিকাতা ছাঃ	২-৫৬	৬-২১	৭ ১৪	১১-৬	১৩-১৬	১৬-৫৬	১৭-৫৬	২২-০৬
[illegible] ”	৪-৫৬	৬ ৩১	৭-২৮	১০ ১৮	১৩ ৫০		১৮-৬	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৩-১৬	৮ ১	৯ ১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-২৮
ঐ ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৩	১২-৩৩	১৫-৫	১৮-৩১	১৯-৪০	০-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭ ৫	৮-৪০	১০-৯	১০ ১৪	১৫-৪১	১৯-১৫	২০-১৪	১-৪২

(ঐ) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৫৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০ ৫৩	১৮-১৭	২১ ১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১ ৬
[illegible] ”	১০-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(ঐ) ছাঃ	১৩ ৩১ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

আপ

শাখা

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৯	১১-৪	১৫-১১	১৬-৮	১৮ ৩৬
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬ ৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮-৫২	১১-৪৭	১৫-১০	১৬-৫৬	১৯-২০	০-৪৮	৩-৩১
রাণাঘাট পৌঃ	৭-৪৫	৯ ২৫	১২-২৬	১৫-৫০	১৭-৩০	২০ ৩	২১-১৯	৪-১০
(ঐ) ছাঃ	৭-৫৩	৯-৩০	১২-৩৬	১৫-৫৫	১৭-৬২	২০ ১১	২১ ২৪	৪ ১৮
[illegible]		১১-৮		১৭-৫৬	১৯-৯	২১-২৬	২৩	
কলিকাতা পৌঃ	৯-৩১	১১-২০	১৪-১৬	১৭-৪৯	১৯-২৬	২১-৫০	২৩-১৫	৬-১৬

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল এম্-এ মহোদয় লিখিত। শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠের আচার্য্য শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের ভূমিকা সম্বলিত। এই গ্রন্থে শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত এবং গৌড়ীয় বৈষ্ণবদর্শন সম্বন্ধে বহু জ্ঞাতব্য বিষয় আলোচনা করা হইয়াছে। ইহাতে বহু দুর্লভ চিত্র, অভিনব ও অদ্বিতীয় মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক, শ্রীকৃষ্ণচৈতন্যের প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩৫ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। এই গ্রন্থে শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের ভূমিকা, মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents), গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সন্নিবেশিত শব্দ-সূচী (Index Glossary) ও ... প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয় মঠ, ... ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনবদ্বীপপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৩।৪, কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর রাজবাটীতে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

দেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত, জীর্ণ শীর্ণকায় বৃদ্ধ, শিশু ও নারীর প্রাণরক্ষার একমাত্র উপায়। ... শিশুর পীড়া সংযুক্ত ম্যালেরিয়া এবং পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হইয়াছে। মূল্য ছোট বোতল ৵০ দশ আনা, বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—৯১নং ক্লাইভ ষ্ট্রীট রোড, কলিকাতা

অথবা

খড়দা, ২৪ পরগণা

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র কাল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

১৫ বর্ষ | ১৫ কেশব ৪৪৪ গৌরাব্দ ১৭ই অগ্রহায়ণ বঙ্গাব্দ ১৩৪৭, ৩০শে নভেম্বর খৃঃ ১৯৪০, শনিবার { ২২০-২১তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

বৈদিক নদীয়া-প্রকাশ

১৫ কেশব অবার্য আবির্ভাবাদী গৌরাব্দ ৪৪৪

বৈষ্ণবঠাকুর

কেহ বলেন, নামাভাসে পাপ ক্ষয় হয়। আবার কেহ বলেন, নামাভাসে মোক্ষ লাভ হয়। কিন্তু নামের ফল শুধু এই দুইটী নহে শুদ্ধনামের ফলে কৃষ্ণচরণে প্রেম জন্মায়। মুক্তি বা পাপনাশাদি নামের আনুষঙ্গিক ফল। সূর্য্য উদিত হইয়া যেরূপ তিমির সমূহ নাশ করে, তদ্রূপ শ্রীহরিনাম একবার উদিত হইলে সকল দেহের পাপ নাশ করেন। নাম হইতে গৌণভাবে সংসারবন্ধন হইতে মোচন ও সংসারাসক্তি-রূপ পাপ নাশ হয়। রাত্রি শেষ হইতে থাকিলে সূর্য্যোদয়ের পূর্ব্বেই অন্ধকারনাশ শুরু হয়, নিশাচর দস্যু-তস্করাদির ভয় তিরোহিত হয়, সূর্য্যোদয় হইলে ধর্মকর্মাদি আরম্ভ হয়, তদ্রূপ নামাভাসে পাপ ক্ষয় হইয়া সম্বন্ধজ্ঞানবিশিষ্ট শুদ্ধ জীবের জিহ্বায় শুদ্ধনাম উদিত হইলে কৃষ্ণপদে প্রেম জন্মায়। ভগবদ্ভক্ত মুক্তি প্রভৃতি চতুর্বর্গ কামনা করেন না। ভগবদ্ভক্তকে কৃষ্ণ ধর্মার্থকাম ত' দূরের কথা, মুক্তি দিতে চাহিলেও তিনি তাহা গ্রহণ করেন না। শুদ্ধভক্তগণ মুক্তিকে অতি তুচ্ছজ্ঞান করেন। শ্রীল বিল্বমঙ্গল ঠাকুর বলিয়াছেন, যাঁহার শ্রীকৃষ্ণে শুদ্ধভক্তির উদয় হইয়াছে, তাঁহার নিকট মুক্তি স্বয়ং মুকুলিতাঞ্জলি হইয়া সেবা করিবার জন্য ব্যস্ত থাকে। ভক্ত তাহার প্রতি দৃষ্টিপাতও করেন না। আর ধর্ম অর্থ কামসকল কোন্ সময় সেবা করিবার সুযোগ পাইবে, সেই সময়ের প্রতীক্ষায় বসিয়া থাকে। ভগবান্ শ্রীকপিলদেবও বলিয়াছেন,—সালোক্য অর্থাৎ বৈকুণ্ঠবাস, সার্ষ্টি ঐশ্বর্য্য-সম্পত্তি, সারূপ্য—তুল্য আকার, সামীপ্য—নৈকট্যলাভ, সাযুজ্য অর্থাৎ অভেদগতি বা একত্ব প্রদত্ত হইলেও ভক্তগণ তাহা গ্রহণ করেন না; যেহেতু তাঁহাদের আমার অপ্রাকৃত সেবা ব্যতীত অন্য কোন প্রার্থনা নাই।

আমরা শ্রীচৈতন্যচরিতামৃত পাঠে জানিতে পারি, একদিন ভগবৎপার্ষদ শ্রীল ঠাকুর হরিদাস হিরণ্য-গোবর্দ্ধনের সভায় নামের মাহাত্ম্য কীর্ত্তন করিতে থাকিলে তথায় উপস্থিত গোপাল চক্রবর্ত্তী নামক এক হতভাগ্য ব্রাহ্মণযুবক নামাভাসে মুক্তি হয় শুনিয়া ক্রোধের সহিত বলে যে,—কোটি জন্মে ব্রহ্মজ্ঞান হইতে যে মুক্তি দুর্লভ, নামাভাসে সেই মুক্তিলাভ হয়, ইহা বাতুলের প্রলাপমাত্র। তদুত্তরে শ্রীল ঠাকুর হরিদাস বলেন, "শাস্ত্রবাক্য মিথ্যা নহে। ইহাতে সংশয় করিও না। নামাভাসে মুক্তি নিশ্চয়ই হয়।" শ্রীল ঠাকুরের দৃঢ়তা দেখিয়া গোপাল বলিল, "নামাভাসে মুক্তি না হইলে তোমার নাসিকা ছেদন করিবে, সত্য কর।" এ কথা শুনিয়া শ্রীল ঠাকুর খুব দৃঢ়তার সহিত বলিলেন, "নামাভাসে মুক্তি না হইলে নিশ্চয়ই আমার নাসিকা ছেদন করিব।" ঠাকুরের প্রতি অবমাননা দেখিয়া সভায় সকলেই অত্যন্ত ব্যথিত হইলেন এবং গোপালকে নানাভাবে তিরস্কার করিতে লাগিলেন। তখন সকলে ঠাকুরের শ্রীচরণে পতিত হইয়া ক্ষমাভিক্ষা করিলেন। অদোষদর্শী শ্রীল ঠাকুর হরিদাস মৃদুহাস্যে মধুরকণ্ঠে বলিলেন, "তোমাদের দোষ কি? এই ব্রাহ্মণযুবক অজ্ঞান, তাহারও দোষ নাই; যেহেতু তাহার মন তর্কনিষ্ঠ। নামমাহাত্ম্য তর্কের গোচরীভূত নহে, সুতরাং সে এ সকল তত্ত্ব কি করিয়া জানিবে? তোমরা সকলে গৃহে গমন কর, কৃষ্ণ সকলের মঙ্গল করুন। আমার জন্য তোমরা কেহ দুঃখ করিও না।"

এই ঘটনার তিনদিন পরে ঐ বৈষ্ণব-নিন্দুক ব্রাহ্মণযুবকের কুষ্ঠ হইয়া উহার নাসিকা গলিয়া খসিয়া পড়িল—তাহার হাতের অঙ্গুলগুলিও ভীষণ কুষ্ঠে গলিয়া পড়িল ও কুঞ্চিত হইয়া রহিল। সেই বৈষ্ণববিদ্বেষী যুবক গোপালের এতাদৃশ দুর্দ্দশাদর্শনে তথাকার অধিবাসিগণ বিস্মিত হইয়া পুনঃ পুনঃ ঠাকুরের প্রশংসা ও ঠাকুরকে দণ্ডবৎ-প্রণাম করিতে লাগিলেন।

বৈষ্ণবঠাকুর সর্ব্বক্ষণ দয়ার সাগর, সতত পরদুঃখকাতর। তাই ঠাকুর হরিদাস যদিও উক্ত ব্রাহ্মণকে দোষ গ্রহণ করেন নাই, তথাপি ভগবান্ ভক্তদ্রোহিতার ফলপ্রদান করিলেন। ভক্ত দুর্ব্বৃত্তের দোষ মার্জ্জনা করিলেও শ্রীকৃষ্ণ ভক্তের নিন্দা সহিতে পারেন না। শ্রীকৃষ্ণ বলিয়াছেন, "হে কৌন্তেয়! শ্রীবৈষ্ণবদিগকেই অর্চ্চনা কর, অন্য দেবতার অর্চ্চনা করিও না।" আদিপুরাণে—

অস্মাকং গুরবো ভক্তা ভক্তা এব হি দৈবতম্।
ভক্তা এব হি বন্ধুশ্চ ভক্তা এব হি সর্ব্বদা॥

"হে দ্বিজশ্রেষ্ঠ! আমি সর্ব্বদা প্রচ্ছন্ন-বিগ্রহ হইয়া ভগবদ্ভক্তরূপে লোকসমূহকে রক্ষা করিয়া থাকি।"

বৈষ্ণবই জগতের গুরু। বৈষ্ণবগণের সহিত জগতের কোন পূজ্যতম বস্তুর সাদৃশ্য নাই। বৈষ্ণব সর্ব্বাপেক্ষা উচ্চতম আদর্শ। বৈষ্ণবগণ—পতিতপাবন। পতিত আমি যদি কিছু মাত্র তাঁহাদের শরণাপন্ন হই, তাহা হইলে তাঁহারা আমাকে রক্ষা করিবেনই। তাঁহারা মহাবদান্য। বৈষ্ণব পরোপকারক, দয়ার সাগর, মায়াপতিতের একমাত্র উদ্ধারকর্ত্তা। তাঁহারা সর্ব্বাপেক্ষা অধিক করুণ। তাঁহারা কৃষ্ণের বড় প্রিয়। কৃষ্ণ তাঁহাদের মস্তকে ও স্কন্ধে ধারণ করিয়া কত [illegible] এত বড় [illegible] বৈষ্ণব। বৈষ্ণব—নিষ্কিঞ্চন, তাঁহারা কৃষ্ণকেই সকল ঐশ্বর্য্যের মালিক জানিয়া [illegible], সেই শ্রীকৃষ্ণ তাঁহাদের বশীভূত। সুতরাং তাঁহাদের [illegible] বড় [illegible]? তাঁহারা অনন্ত [illegible] সকলেই কৃষ্ণকে [illegible] কৃষ্ণধনে ধনী। [illegible] জীবের মঙ্গল [illegible] [illegible] দ্বিতীয় [illegible] নাই। [illegible] অন্তরঙ্গ [illegible] তাঁহার আদর্শ

অনুসরণ করিতে হইবে, তাঁহার শ্রীচরণে শরণাগত হইয়া তাঁহাকে কর্ণধার জানিয়া তদাদেশ পালনের জন্য যত্ন করিতে হইবে।

ভগবানের চরণ ছাড়া বৈষ্ণবগণের অন্য কোন কথা বা কৃত্য নাই। কৃষ্ণকে ডাকা কীর্তন বা শুদ্ধ শরীরের কার্য নহে। [illegible] বৈষ্ণব তাঁহাদের হৃদয়ের দ্বারা নিরন্তরভাবে বিলাপ করে কৃষ্ণের নিত্য শ্রীঅঙ্গের সেবা করিবার জন্য ব্যগ্র ব্যাকুলচিত্তে কৃষ্ণকে ডাকিতেছেন। তাঁহারা সকলেই কৃষ্ণবিরহকাতর। সেই কৃষ্ণসেবাবিরহিত, কৃষ্ণগতপ্রাণ বৈষ্ণবের সাক্ষাৎ যদি আমরা একচিত্তবৃত্তিবিশিষ্ট হইতে পারি, তাঁহাদের সেই বিরহসমুদ্রের এক কণা যদি কখনও আমাদের হৃদয়কে স্পর্শ করে, তাহা হইলে বুঝিব গুরুবৈষ্ণবের কৃপা আমাদের প্রতি হইয়াছে। নতুবা অন্যপ্রকার ভোগী বা ত্যাগী আমার আমার ডাক কোথায়? যদি এইরূপ বৈষ্ণবের সঙ্গ কখনও হয়, তাহা হইলে সেইদিন জানিতে পারিব যে, আমি কর্তা নহি, আমি কৃষ্ণের সেবক—গুরুবৈষ্ণবের দাসানুদাস; আর কর্তা—একমাত্র শ্রীকৃষ্ণ। সেইদিনই আমাদের সন্ন্যাস হইবে অর্থাৎ আমরা প্রাকৃত দর্শন বা ভোগদর্শন ছাড়িয়া গুরুদর্শন বা সেবাদর্শন লাভ করিতে পারিব, সেইদিনই আমাদের প্রকৃত সেবকাভিমান জাগিবে, সেইদিনই বুঝিতে পারিব যে, ভোগদর্শন—প্রাকৃতদর্শন বা কুদর্শন ত্যাগের নাম সন্ন্যাস—অসৎসঙ্গ সর্বতোভাবে পরিহার করিয়া কায়মনোবাক্যে নিরন্তর সাধুসঙ্গে স্বার্থে অবিচ্ছিন্নচিত্তবৃত্তিবিশিষ্ট হওয়াই সন্ন্যাস। তখন আর ফল্গুবৈরাগ্য আমার ভাল লাগিবে না। সেইদিনই আমি নিরপেক্ষ হইতে পারিব—যুক্তবৈরাগ্যে অবস্থিত বা বৈষ্ণবী প্রতিষ্ঠায় প্রতিষ্ঠিত হইয়া সত্যকথা কীর্তন করিবার সৌভাগ্য পাইব। জানি না, সেদিন আমার কবে হইবে?

বৈষ্ণবের পদানত হওয়াই জীবনের সার্থকতা। নিজে বৈষ্ণব সাজিতে হইবে না। বৈষ্ণবের দাসত্বই আমার সত্তা, ইহা সাধুগুরুকৃপায় উপলব্ধি করিয়া দীনহীন কাঙ্গাল হইয়া তাঁহাদের আনুগত্যে নিরন্তর ভগবৎসেবায় নিযুক্ত থাকিতে পারিলেই আমার মঙ্গল। তৎপরিবর্তে নিজে বৈষ্ণব হইয়া গেলে সর্বনাশ হইল। কারণ, বৈষ্ণব হওয়া মানে—সকলের গুরু হইয়া যাওয়া অর্থ কাহারও পূজ্য নহি, সেবা নাহি, সকলেই আমার পূজ্য, সকলেই আমার গুরু, আমি সকলের দাস—এই বিচার হৃদয়ে স্থান পাইলে শ্রীচৈতন্যমঠে বা শ্রীধামে বাসের অধিকার হইবে। এই লাভোপলাভের পরিবর্তে প্রভুত্বাকাঙ্ক্ষা হৃদয়ে জাগিলে শ্রীচৈতন্যদেব ও শ্রীচৈতন্যের নিজজন বৈষ্ণবগণের ও শ্রীচৈতন্যের লীলাবিলাসক্ষেত্র শ্রীধাম ও শ্রীচৈতন্যমঠের সেবা হইতে চিরতরে বঞ্চিত হইতে হইবে। সকলের একমাত্র প্রভু, একমাত্র ভোক্তা—কৃষ্ণ এবং আমি সকলের দাস ও সেবক, এই কথা সর্বক্ষণ স্মরণে থাকিলে—দীনহীন কাঙ্গাল ও অকিঞ্চন হইলে বৈষ্ণবগণ নিশ্চয়ই আমাকে সঙ্গে লইবেন। এক কথায় দাম্ভিকতা—পুরুষাভিমান—অন্যবাসনা ছাড়িয়া তাঁহাদের কৃপার কাঙ্গাল হইয়া তাঁহাদের নিকট অকপটে কাঁদিলে তাঁহারা নিশ্চয়ই কৃপা করিবেন।

বৈষ্ণবের অহঙ্কার নাই। বৈষ্ণবের ন্যায় পবিত্র জিনিষ কি আর এ জগতে আছে? বৈষ্ণব শুদ্ধসত্ত্ব। তাঁহার হৃদয়মন্দিরে ভগবান্ নিরন্তর বিলাস করিতেছেন। এই বৈষ্ণবকে প্রভু জানিয়া—আমার উদ্ধারকর্তা—হৃদয়ের বন্ধু জানিয়া হৃদয়ের সহিত আদর করিতে হইবে। অবৈষ্ণবকে লৌকিক বাহ্য সম্মান দিতে হইবে সত্য, কিন্তু তাই বলিয়া বৈষ্ণবকে যদি হৃদয়ের সহিত আদর না করি, তাহা হইলে আমাদের পতন অনিবার্য। বৈষ্ণবকে আপনজ্ঞান করিতে হইবে। বৈষ্ণব ছাড়া বিশ্বে বন্ধু আর কেহ নাই। বৈষ্ণবের নিন্দা বা সমালোচনা যেন ভুল করে বা গোপনভাবেও না হয়, সেদিকে তীব্র দৃষ্টি রাখিতে হইবে, নতুবা নিস্তার নাই।

বৈষ্ণবকে জীবনের আদর্শ ধ্রুবতারা বা লক্ষ্য করিতে হইবে। বৈষ্ণবকে নমস্কার করিতে হইবে। সকল দাম্ভিকতা ছাড়িয়া দীনহীন কাঙ্গাল হইয়া তাঁহাদের শ্রীচরণে পতিত হইয়া করযোড়ে কাতরভাবে সর্বক্ষণ তাঁহাদের কৃপাভিক্ষা করিতে হইবে। শাস্ত্র বলেন,—দুর্ভাগা সাধারণপুণ্যাধিকারী পাপিগণের মহাপ্রসাদ, গোবিন্দ, ভগবন্নাম ও বৈষ্ণব এই চারিটী বস্তুতে বিশ্বাস হয় না। যিনি বৈষ্ণবকে উপহাস করেন, তাঁহার অর্থ, ধর্ম, যশ ও পুত্র সকলই নিধনপ্রাপ্ত হয়। যে মূঢ় ব্যক্তি বৈষ্ণবগণের নিন্দা করে, সে পিতৃপুরুষ সহ মহারৌরব নামক নরকে পতিত হয়। বৈষ্ণবগণকে হনন করা, নিন্দা করা, বিদ্বেষ করা, অভিবাদন না করা, ক্রোধ করা এবং দর্শনে আনন্দিত না হওয়া—এই ছয় ব্যবহারই পতনের কারণ। বৈষ্ণবগণকে উদ্বেগ দিলে সৎপাত্তি-জন্ম প্রভৃতি যাহা কিছু সৎকর্মার্জিত পুণ্যফল থাকে, তাহা সব নষ্ট হইয়া যায়। শ্রীল রামানুজাচার্য্য বলিয়াছেন,—ভগবানের পূজা অপেক্ষা বৈষ্ণবের পূজা উত্তম, বিষ্ণুর অপমান অপেক্ষা বৈষ্ণবের অপমান গুরুতর অপরাধ, কৃষ্ণপাদোদক অপেক্ষা ভক্তপাদোদক অধিক পবিত্র। বৈষ্ণবপূজা অপেক্ষা আর অন্য পুরুষার্থ নাই। বৈষ্ণববিদ্বেষ অপেক্ষা গুরুতর অপরাধ আর নাই, উহাতে বিনাশ অবশ্যম্ভাবী।

বৈষ্ণবের পদধূলি, বৈষ্ণবের পদজল, বৈষ্ণবের উচ্ছিষ্ট, বৈষ্ণবের কৃপা, বৈষ্ণবের সেবা, বৈষ্ণবের সঙ্গ, বৈষ্ণবের কথামৃতপান ও বৈষ্ণবের গুণকীর্তনশ্রবণই আমাদের একমাত্র সম্বল হউক, তাহা হইলে আমরা শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের প্রীতিবিধান করিতে পারিব। সত্যসঙ্কল্প বৈষ্ণবের আবেদনে যাদৃশ পালনের প্রতি কৃষ্ণ সদয় হইবেন।

ভক্তপদধূলি আর ভক্তপদজল।
ভক্তভুক্ত-শেষ—এই তিন সাধনের বল॥
এই তিন সেবা হৈতে কৃষ্ণপ্রেমা হয়।
পুনঃ পুনঃ সর্বশাস্ত্রে ফুকারিয়া কয়॥

বৈষ্ণবসেবা ছাড়িয়া কাহারও নিস্তার নাই। বৈষ্ণবগণ কৃষ্ণকথারসনিমগ্ন। তাঁহাদের সঙ্গ দ্বারা কৃষ্ণপ্রসঙ্গ-শ্রবণের সৌভাগ্য লাভ হয়। বৈষ্ণবের পাদপদ্মস্পর্শে হরিভজনের বিঘ্নসমূহ বিনষ্ট হয়, কৃষ্ণভক্তি উদ্দীপিত হয়, বুকে বল আসে, সেবাপিপাসা বর্দ্ধিত হয়, হরিসেবা হইল না বলিয়া একটা অতৃপ্তভাব হৃদয়ে স্থান পায়। কৃষ্ণভক্ত বৈষ্ণবসঙ্গের এত প্রভাব!

শ্রীকৃষ্ণ চারি মূর্ত্তিতে জগতে স্বীয় বিগ্রহ প্রকাশ করেন। যদিও এই চারি মূর্ত্তি সহসা দর্শন করিলে ভগবান্ বলিয়া জানা যায় না, তথাপি এই চারিটী ভগবৎসম্বন্ধীয় বস্তু ভগবানের প্রকাশবিগ্রহরূপে পূজিত হন। বৈষ্ণব, তুলসী, গঙ্গা ও শ্রীমদ্ভাগবত-গ্রন্থ—এই চারিটীই কৃষ্ণের প্রকাশবিগ্রহ-চতুষ্টয়। শাস্ত্র বলেন—

ভাগবত, তুলসী, গঙ্গায়, ভক্তজনে।
চতুর্ধা বিগ্রহ কৃষ্ণ এই চারি সনে॥
জীবন্যাস ক'রলে শ্রীমূর্ত্তি পূজা হয়।
'জন্ম মাত্র এই চারি ঈশ্বর' বেদে কয়॥

বৈষ্ণব ঈশ্বরের ন্যায় পূজ্য। বৈষ্ণবের কৃপাই ভগবৎসেবা লাভের একমাত্র উপায়। বৈষ্ণব সেবাবিগ্রহ—আশ্রয়বিগ্রহ। বৈষ্ণব—ঠাকুর-সেবক। বৈষ্ণবঠাকুর মায়াতীত বৈকুণ্ঠনাথ বৈষ্ণব স্বরূপ, তিনি পরব্রহ্ম শ্রীগৌরসুন্দরের নিত্য সেবক। সেবাই তাঁহার সৌন্দর্য্য, সেবাই তাঁহার শোভা, সেবাই তাঁহার জীবাতু। তিনি নিরন্তর কৃষ্ণসেবারত। কৃষ্ণের বিলাসের উপকরণই বৈষ্ণব। এই বৈষ্ণবের দাসানুদাসাভিমানই প্রকৃত পাণ্ডিত্য বা সুখ। বৈষ্ণব ও কৃষ্ণের মধ্যে সর্বক্ষণ লীলাবিলাস চলিতেছে। এত বৈষ্ণবের সেবা বাদ দিয়া কৃষ্ণদর্শনের যে চেষ্টা বা ইচ্ছা, তাহা নির্বিশেষব্রহ্মানুসন্ধানের কপটতা ছাড়া আর কিছুই নহে। যিনি কৃষ্ণকে দিতে পারেন, যাঁহাকে লইয়া ভগবানের ভগবত্তা অর্থাৎ কৃষ্ণের কৃষ্ণত্ব, তিনিই বৈষ্ণব। তাঁহার সেবার জন্য যাহার হৃদয়ে তীব্র বিরহ জাগিয়া উঠিয়াছে, যিনি সর্বক্ষণ 'হায়! হায়! দুর্ভাগা আমি বৈষ্ণবসেবা করিতে পারিলাম না" বলিয়া সতত ব্যাকুল হইতেছেন, তাঁহারই প্রতি বৈষ্ণবের কৃপাশীর্বাদ বর্ষিত হইতেছে, বৈষ্ণবের আবেদনে দয়াময় কৃষ্ণ তাঁহাকেই দয়া করিতেছেন। আমার বৈষ্ণবসেবা হইল না বলি! অন্তর হইতে বৈষ্ণব-সেবক-মাত্রেরই নিষ্কপট দৈন্য থাকা দরকার। নতুবা বৈষ্ণবের দয়া হইবে না, কৃষ্ণের কৃপা পাওয়া যাইবে না।

বৈষ্ণবকে লইয়াই কৃষ্ণের যা' কিছু সব। বৈষ্ণবের প্রাণ—কৃষ্ণ এবং কৃষ্ণের প্রাণ—বৈষ্ণব। সেই বৈষ্ণবের আনুগত্য বা সেবা যেখানে নাই, সেখানে কৃষ্ণও নাই। বৈষ্ণবসেবার প্রবৃত্তি যাহার হৃদয়ে যত বেশী, তাঁহার বৈষ্ণবতা তত অধিক। এই বৈষ্ণবসেবা নিত্য, ইহা আমাদের স্বরূপের ধর্ম। বৈষ্ণবের চিত্তবৃত্তির অনুসরণ বা বৈষ্ণবের মনোভীষ্টপূরণই বৈষ্ণবের সেবা। বৈষ্ণব—বস্তু—কৃষ্ণপরতন্ত্র—কৃষ্ণাধীন। বৈষ্ণব কৃষ্ণের অধীন, কৃষ্ণ বৈষ্ণবের অধীন। বৈষ্ণব—সর্বদেবপূজ্য, সর্বজনপূজ্য, সর্বতোভাবে সকলের পূজ্য। বৈষ্ণবগণ ঈশ্বরের অতিশয় অনুগ্রহভাজন। ভগবানের শ্রীঅঙ্গস্বরূপ বৈষ্ণবের শ্রীঅঙ্গে আঘাত করিলে ভগবানের শ্রীঅঙ্গে আঘাত করা হয়।

ঈশ্বরের পরিবার—সকল ভক্তগণ।
সেবের যে কেন বাহু-অঙ্গুলি-চরণ॥

বৈষ্ণব বিশ্বের গৌরব, বিশ্বের পরম-বন্ধু—জগতের কল্যাণবন্ধু। এই বৈষ্ণবের নিন্দাফলে নিন্দকের দুর্দশাদি হয়। ভক্তের চরণে অপরাধ করিয়া অনেকেরই দুষ্ট হইয়াছে, ইহার বহু উদাহরণ আমরা শাস্ত্রে দেখিতে পাই। শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—"দুষ্ট লোকের আশা [illegible]

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

ও অসুবিধা বৈষ্ণব নিন্দকের অন্ত শাস্তি-বান ; যমরাজ তাহাকে আরও অধিক দণ্ড বিধান করেন। তাদৃশ পাপী কখনও কাহারও দর্শনীয় হইতে পারে না। ভগবান্ সেই বৈষ্ণবনিন্দক পাষণ্ডীকে দণ্ডভোগ হইতে কখনও মুক্ত করেন না।" শাস্ত্র বলেন,—

যে 'বৈষ্ণব' নামে হয় সংসার পবিত্র।
ব্রহ্মাদি গায়েন যে বৈষ্ণব চরিত্র॥
যে বৈষ্ণব ভজনে অচিরা কৃষ্ণ পাই।
সে বৈষ্ণব-পূজা হৈতে বড় আর নাই॥
'শেষ, রমা, অজ, ভব, নিজ-দেহ হৈতে।
বৈষ্ণব কৃষ্ণের প্রিয়' কহে ভাগবতে॥
হেন বৈষ্ণবের নিন্দা করে যেই জন।
সেই পায় দুঃখ—জন্ম, জীবন, মরণ॥
বিদ্যা, কুল, তপ, সব বিফল তাহার।
বৈষ্ণব নিন্দয়ে যে যে পাপী দুরাচার॥
পূজাও তাহার কৃষ্ণ না করে গ্রহণ।
বৈষ্ণবের নিন্দা করে যে পাপিষ্ঠ জন॥
এক হস্তে ঈশ্বরেরে সেবয়ে কেবল।
আর হস্তে দুঃখ দিলে তা'র কি কুশল?
এই মত সর্ব্ব ভক্ত—কৃষ্ণের শরীর।
ইহা বুঝে, যে হয় পরম মহাধীর॥
অভেদদৃষ্টিতে কৃষ্ণ বৈষ্ণব ভজিয়া।
যে কৃষ্ণচরণ সেবে, সে যায় তরিয়া॥
জন্ম বিপ্র, মহা-অধিকারী যেবা হয়।
তবে তান দোষ গুণ কিছু না জন্ময়॥
গর্হিতো করয়ে যদি মহা অধিকারী।
নিন্দার কি দায়, তাঁ'রে হাসিলেই মরি॥
মোর পূজা, মোর নামগ্রহণ যে করে।
মোর ভক্তে নিন্দে যদি, তারে বিঘ্ন ধরে॥
মোর ভক্তপ্রতি প্রেমভক্তি করে যে।
নিঃসংশয় বলিলাঙ মোরে পায় সে॥
মোর ভক্ত না পূজে, আমারে পূজে মাত্র।
সে দাম্ভিক, নহে মোর প্রসাদের পাত্র॥
ভক্ত বই আমার দ্বিতীয় আর নাই।
ভক্ত মোর পিতা মাতা বন্ধু পুত্র ভাই॥
কৃষ্ণসেবা হৈতেও বৈষ্ণবসেবা বড়।
ভাগবত আদি সব শাস্ত্রে কৈলা দঢ়॥
এতেকে বৈষ্ণবসেবা পরম উপায়।
ভক্ত-সেবা হৈতে সে সবাই কৃষ্ণ পায়॥
মুক্তি, মোর দাস, আর গ্রন্থ-ভাগবতে।
যাঁ'র ভেদ আছে, তা'র নাশ ভালমতে॥
(চৈঃ ভাঃ)

শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর এই ভবিষ্যদ্বাণী কাঁহার অপ্রাকৃত শক্তির ও আদর্শ আচার-প্রচার দ্বারা বিশ্বে সাফল্যলাভ করিতেছে? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে এত বিভিন্ন ভাষায় বিভিন্ন দেশে শ্রীচৈতন্যবাণীর বাহক ও অনুকূল পত্রিকা, বক্তা প্রভৃতি প্রেরণপূর্বক ঘরে ঘরে হরিকথা কীর্তনের এত বিপুল বন্দোবস্ত করিয়াছেন? মহা-মহাবদান্য শ্রীল প্রভুপাদ ব্যতীত কোন্ মহাপুরুষ বহু [illegible] স্থাপন করিয়া তাহাতে নিত্য [illegible] ও পতিত-গণের পর্যন্ত প্রবেশাধিকার ও হরিভজনের অপূর্ব সুযোগ প্রদানপূর্বক এরূপ পতিত-পাবন গৌড়ীয়মঠ আচার্যের লীলা করিয়াছেন? চতুর্যুগের মধ্যে আর কোন আচার্য বা মহাজন আমার ন্যায় কলিহত নির্গুণ পতিতপামর জীবকেও জীবনে স্থান দান করিয়া অহর্নিশ তাহার মঙ্গলচিন্তা ও তাহাকে নিরন্তর শ্রীহরিসেবায় প্রেরণা দান করিয়াছেন। পরমকরুণাময় শ্রীল প্রভুপাদ ব্যতীত কোন্ যুগে কোন্ আচার্য গৃহ-শিক্ষকের ন্যায় কি মঠবাসী কি গৃহস্থভক্তগণকে [illegible] পরমার্থ-শিক্ষাদান করিয়াছেন? জগতের তথাকথিত মহাপুরুষনামধারী কোন্ ব্যক্তি নিজগণীয়ের [illegible] অর্থাৎ শিষ্যের সম্মুখে অপূর্ব আদর্শ আচারপ্রচার স্থাপন করিয়া এবং কোন প্রকার নিজস্বার্থের প্রতি বিন্দুমাত্রও লক্ষ্য না করিয়া অহর্নিশ আশ্রিতগণের মঙ্গল-বিধান [illegible] এরূপ অক্লান্তপূর্ণ যত্ন করিয়াছেন? পরমবিদ্বান্ শ্রীব্যাসাবতারগ্রন্থ শ্রীল প্রভুপাদ ব্যতীত কোন্ আচার্য বর্তমান্ যুগে গৌড়ীয়ভাষ্যের শ্রীমদ্ভাগবতের, বিশদভাষ্য, শ্রীচৈতন্যচরিতামৃতের তথ্য, মৌলিক গবেষণা ও সুসিদ্ধান্ত-স্থাপন ও কুসিদ্ধান্তখণ্ডনপর এরূপ সুন্দর সর্বোত্তম 'অনুভাষ্য' প্রণয়ন করিয়াছেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কেই বা শ্রীচৈতন্য-ভাগবতের বিপুল 'গৌড়ীয়ভাষ্য' প্রকাশ করিয়াছেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে বর্তমান জগতের বিভিন্ন সম্প্রদায় এমন সুমীমাংসা প্রদান করিয়াছেন? শ্রীগৌরসরস্বতী শ্রীল প্রভুপাদ ব্যতীত কাহার বহুমান্নির্ণয় ও গ্রন্থকারীয় সকল সম্প্রদায়ের এমন সুন্দর মীমাংসা ও সিদ্ধান্তের এত আলোক আর কে দান করিয়াছেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত বৈষ্ণব-কার্ষ্ণ ও গৌড়ীয়ের তত্ত্বতাৎপর্য ও [illegible] তারতম্য কে আর এমন বিশ্লেষণের সহিত প্রদর্শন করিয়াছেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত অপ্রাকৃত ভাব সেবা-চমৎকারিতার কথা, [illegible] সীতাবাসী, দ্বারকেশ, মধুরেশ ও বৃন্দাবনা-ধীশের নাম [illegible] ও [illegible] কে জানাইয়াছেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে এত [illegible] বিপুল [illegible] [illegible] [illegible] কোথা শিক্ষা দিয়াছেন? শ্রীল [illegible] ব্যতীত বর্তমান [illegible] [illegible] [illegible] [illegible] কোথা আর কে [illegible] প্রভুপাদ ব্যতীত [illegible] [illegible] [illegible] আর কে [illegible] [illegible] [illegible] অকপট চেষ্টা করিয়াছেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত

যদ্যপি আমার গুরু—চৈতন্যের দাস
তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ॥

চিন্ত ও প্রবর্তনীর সাথকোও শ্রীচৈতন্যকথা-বিস্তারের অপূর্ব কৌশল আর কে আবিষ্কার করিয়াছেন ?

আগে দুই জন এই সংকীর্ত্তনারম্ভে।
হইব তোমার পুত্র আমি অবশেষে॥
'মোর অংশ-মূর্ত্তি' মাতা তুমি সে বর্ণি
'জিহ্বারূপা' তুমি মাতা নামের জননী॥
(চৈঃ ভাঃ ম ২৭।৩৭।৩৮)

শ্রীগৌরহরির শ্রীমুখোদ্গীর্ণ এই বাক্যে যে গূঢ় রহস্যাবতারের ইঙ্গিত রহিয়াছে, অর্থাৎ 'শ্রীনাম' ও 'শ্রীবিগ্রহ'রূপে যে অবতার-দ্বয়ের কথা আছে, তাহা ত' আমরা এবার শ্রীল প্রভুপাদের পরমোদার ও গম্ভীর লীলায় স্পষ্ট প্রকাশ দেখিতে পাই। এই কলিযুগে তাঁহার শ্রীপাদপদ্মের অহৈতুকী করুণায় বিশ্বের প্রধান প্রধান স্থানে শ্রীঅর্চাবিগ্রহের আবির্ভাব এবং শ্রীনবদ্বীপধাম পরিক্রমা ও বিভিন্ন উৎসবো-পলক্ষে অসংখ্য প্রবাসী নরনারীর শুদ্ধ হরিনামগ্রহণ ও সংকীর্ত্তনে অনুরাগ শ্রীনামপ্রভুর অবতারের ভাবধারাকে সার্থক করিতেছে।

শ্রীল প্রভুপাদ হরিকথা-কীর্ত্তনে সাক্ষাৎ অক্লান্ত। তিনি হরিকথা-কীর্ত্তনরসে নিমগ্ন হইয়া দিবারাত্র বিশ্রামাদি বিস্মৃত হইতেন। শ্রীহরিকীর্ত্তনে তাঁহার উৎসাহ অদ্ভুত। শ্রীহরিকীর্ত্তনে তাঁহার প্রগাঢ় আসক্তি শ্রীবাসাদি ভক্তগণের শ্রীকৃষ্ণকীর্ত্তনে অনুরাগের কথা স্মরণ করাইয়া দেয়। তাঁহার দিব্যদর্শন ভক্তিমান্ জীবমাত্রেরই মনঃপ্রাণ ভক্তি-দিকে আকর্ষণ করিত। সর্ব্বশাস্ত্রের সিদ্ধান্তরাজি তাঁহার কণ্ঠে বিরাজ করিত। শ্রীচৈতন্য-সরস্বতীর অবতার শ্রীল প্রভুপাদ ছায়াসরস্বতীর ভক্ত সেবকগণের দুর্ব্বলতা পদে পদে ধরাইয়া দিয়া শুদ্ধা সরস্বতী বা পরবিদ্যার সেবার জন্য সর্ব্বদা উপদেশ করিতেন ও নির্দ্দেশ করিতেন। তিনি অভিধেয় বা মায়াবাদনিপুণগণের দুর্ব্বৃত্ত, সাধুদের ত্যাগ, তপস্যা ও বৈরাগ্যে দৃঢ়তা প্রভৃতির ভিতর জীবন করিতেন। তিনি অনুগত বালকগণের প্রতি শ্রীল প্রভুপাদ শ্রুতিবাক্যের নিত্যানন্দকেই শ্রেষ্ঠ শিক্ষা বা অধ্যয়ন বলিয়া নির্দ্দেশ করিতেন।

ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা।
ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্॥

শ্রীল প্রভুপাদ হরিভজনকেই শ্রেষ্ঠ অধ্যয়ন বলিতেন। হরিভজনকারীকেই একমাত্র বুদ্ধিমান্ বলিতেন। তিনি সর্বশেষ কোন কথাই আদর করিতেন না। তিনি হরিভক্ত, হরিভক্তি ও হরিনামের প্রতি বিদ্বেষী অপরাধিগণের প্রতি বজ্রসম ছিলেন। বজ্রাদপি কঠোরতা ও কুসুমাদপি কোমলতা তাঁহার মহাপুরুষত্ব প্রকাশ করিত। আশ্রিত ও নিষ্কপটগণের প্রতি তাঁহার বাৎসল্য কোটি কোটি মাতৃপিতৃ-স্নেহকে ধিক্কার করিত। শ্রীচৈতন্যসরস্বতী শ্রীল প্রভুপাদের পরমশ্রেষ্ঠবিগ্রহ শ্রীল ভক্তিপ্রদীপ পুরী গোস্বামী ঠাকুরের কৃপাশাসন যেন অম্লানবদনে মস্তকে নিত্যকাল গ্রহণ করিতে পারি, ইহাই পরমকৃপালুতা মদীয় শ্রীগুরুদেব শ্রীল প্রভুপাদের শ্রীচরণকমলে একান্ত প্রার্থনা।

আজ শ্রীল গৌররাধা-নিতাধন শ্রীল প্রভুপাদের চতুর্থ বার্ষিক বিরহোৎসবের দিন। এই চারি বর্ষকাল শ্রীল প্রভুপাদ অপ্রকট-লীলায় থাকিয়া তদীয় শ্রীপাদপদ্মের জন্য আমাদের কতটা বিরহ ও আর্ত্তি জাগিয়েছে, তাহাই পরীক্ষা করিতেছেন। তিনি পরমকরুণাময়ী অপ্রকটলীলায় থাকিয়া আমাদের দম্ভ ও সম্ভোগময়ী চিত্তবৃত্তিকে দূরে রাখিবার ইঙ্গিত করিতেছেন। পরমারাধ্যতম শ্রীল আচার্য্যদেবের লীলায় কৃষ্ণসংকীর্ত্তন প্রচারের মধ্যে শ্রীল প্রভুপাদের জন্য প্রকট বিরহ জাগিয়া উঠিয়াছে। কৃষ্ণ-কীর্ত্তনই শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের বিরহের শিক্ষাপক। শ্রীল প্রভুপাদ শ্রীগুরুবর্গের বিরহে নিরুৎসাহিত বা অনাদরের ভাব প্রদর্শন করেন নাই। তিনি অধিকতর বিপ্রলম্ভরসাবিষ্ট হইয়া তাঁহাদের মনোহভীষ্ট-প্রচারে কায়মনোবাক্যে প্রবল উৎসাহ প্রকট করিয়াছেন। বিশ্বের নিখিল জীবের নিকট শ্রীচৈতন্যদেবের চেতন বাণী, আদর্শ আচার-প্রচার করিয়া বিস্তার করিবার নিমিত্ত তাঁহার কি অতিমর্ত্ত্য চেষ্টা! শ্রীগৌরসুন্দরও আচার্য্যলীলা প্রকট করিয়া সর্ব্বদা বিপ্রলম্ভভজনই প্রকাশ করিয়াছেন। কৃষ্ণবিরহ বা নামসংকীর্ত্তনধর্ম্ম বিস্তার করাই গুরুবর্গের আচার্য্যলীলা। শ্রীল মাধবেন্দ্র পুরীপাদ, শ্রীল ঈশ্বর পুরীপাদ, শ্রীল গোস্বামি-বৃন্দ, শ্রীল গৌরপার্ষদগণ, শ্রীগুরুবর্গ সকলেই বিপ্রলম্ভরসে শ্রীগৌরসুন্দর ও শ্রীরাধা গোবিন্দের ভজন করিয়াছেন। শ্রীকৃষ্ণ-বিরহই শ্রীনারদ, শ্রীব্যাস, শ্রীশুক প্রভৃতি ভাগবতপরমহংসদিগের কৃষ্ণ-লীলাগুণ-কীর্ত্তনের কারণ। যিনি যত কৃষ্ণবিরহী, তিনি তত কৃষ্ণের প্রিয়। এজন্য সর্ব্বাপেক্ষা বিরহিণী বলিয়াই শ্রীবৃষভানুনন্দিনী শ্রীকৃষ্ণপ্রিয়তমা। সম্বন্ধ বা মমতা না থাকিলে আন্তরিক বিরহ হইতে পারে না। একান্তভক্তদিগের শ্রীকৃষ্ণের সহিত প্রগাঢ় সম্বন্ধ ও মমতাপ্রীতি থাকায় ক্ষণমাত্রও তাঁহারা নিমেষকালও কৃষ্ণবিরহ সহ্য করিতে পারেন না। অথচ কৃষ্ণ তাঁহাদিগকে বিরহসাগরে নিক্ষিপ্ত করিয়া প্রতিক্ষণেই নবনবায়মানভাবে তাঁহাদিগের প্রতি নিজমাধুর্য্য লীলা বিস্তার করেন, নিজের দর্শন দান করিয়া তাঁহাদিগকে সুখী করেন। অপ্রাকৃত রাজ্যে বিপ্রলম্ভ ও মিলন যুগপৎ হয়। বিরহই শ্রীনামগ্রহণে আর্ত্তি বৃদ্ধি করে। বিরহানলই আমাদের অভক্ত সংস্কারকে নির্ম্মূল করে।

আমরা 'বৈষ্ণবসাহিত্যে বিরহতত্ত্ব' গ্রন্থ হইতে কতিপয় অংশ উদ্ধার করিবার লোভ সংবরণ করিতে পারিলাম না। যথা—

"বৈষ্ণবসাহিত্যের চরমকথা—বিরহ। বৈষ্ণবের জীবন বিরহেরই সংহিতা। বিরহ—সেবার পরাকাষ্ঠা, বিরহ—পূর্ণতম সেবার সাক্ষাৎমূর্ত্তি; বিরহ—সম্ভোগের পুষ্টিকারক। বিরহের ভাব প্রদর্শনকারী দ্বিতীয় পন্থা আর নাই। আকর্ষণের যত কিছু বৃত্তি আছে, তাহার পূর্ণতম অভিব্যক্তি ও সংস্থিতি বিরহই ক্রোড়ীকৃত করিয়া রাখিয়াছে।"

শ্রীচৈতন্যসরস্বতী সর্ব্বারাধ্যশিরোমণি মদীয় নিত্যারাধ্যদেব শ্রীল প্রভুপাদ! আপনার শ্রীপাদপদ্মের বিরহ যেন আমার পাষাণ-কঠিন হৃদয়কে ভক্তিরসসিক্ত করিয়া আমাকে নিত্যকাল আপনার অভিন্নবিগ্রহ শ্রীল আচার্য্যদেবের পূর্ণানুগত্যে নিত্যসেবায় নিযুক্ত রাখেন; আমি যেন নিষ্কপট ও দম্ভহীন হইয়া সর্ব্বদা আপনার শ্রীচরণ-যুগলসেবায় নিযুক্ত থাকিতে পারি—ইহাই আজ এক দৈন্য নিবেদন।

আদদানস্তৃণং দন্তৈরিদং যাচে পুনঃ পুনঃ।
শ্রীমদ্রূপপদাম্ভোজধূলিঃ স্যাং জন্মজন্মনি॥

উপদেশ

——::(০)::——

অকৃত্রিম সাধুর শ্রীচরণে চিরতরে অহৈতুকভাবে আত্মসমর্পণ না করিলে প্রকৃত সাধুসঙ্গ হয় না। প্রকৃত সাধুর শ্রীপাদপদ্মে সর্ব্বস্ব সমর্পণ পূর্ব্বক প্রণিপাত, পরিপ্রশ্ন সেবাপ্রবৃত্তির সহিত অনুক্ষণ সাধুর অনুগমনই সাধুসঙ্গ। সেবার উদ্দেশ্য না থাকিলে সাধুসঙ্গ হয় না। সঙ্গ অর্থে সম্যক্ গমন—অভিগমন। সাধুর নিকট আগমন করিয়া পুনরায় সংসারে 'স্বস্থানে' ফিরিয়া যাইবার বুদ্ধি থাকিলে সাধুর চরণে আত্মসমর্পণ হয় না এবং অহৈতুক হরিভজনের কথাও কর্ণে প্রবেশ করে না। সদ্গুরুর অভিন্ন সাধুসঙ্গ নহে; সাধুসঙ্গের ফল কমিবার পূর্ব্বেই সাধুসঙ্গ ত্যাগ করিলে সেই ফল হইতে বঞ্চিত হইতে হয়। বৈষ্ণবসঙ্গ ও বৈষ্ণবসেবা যাহাদের প্রিয় হয় নাই, তাহারা যে উপায়েই পবিত্র হইবার চেষ্টা করুক, সেই পবিত্রতা কৃষ্ণের সুখকর হয় না। যাঁহার হরিভজনের ইচ্ছা আছে, তিনি যেন কখনও অসৎসঙ্গ না করেন। অসৎসঙ্গও বাধিয়া আবার সৎ-সঙ্গের অভিনয়ও করিব, তাহাতে সৎসঙ্গ হয় না। বহু কষ্ট সহ্য করিয়া—নিত্যের সৎসঙ্গে থাকিয়া অকপটে শ্রবণ-কীর্ত্তন করিলে হরিনামের সেবা ও কৃপা পাওয়া যাইবে। সেবাসুখবোধ থাকিলে আত্মবোধ হইবে না, শ্রীনাম-ভগবানের কৃপাপাত্র হইবে না। যাঁহারা হরিভজন ছিড়ে আসিয়া আরাম ও আয়াস খুঁজিবেন, তাঁহাদের উদ্ধারের আশা নাই। যিনি আমার তোষামোদ করেন না, পরন্তু তীব্র সত্যকথা বলিয়া আমাকে কৃষ্ণের দিকে লইয়া যাইবার জন্য যত্ন করেন, তিনিই প্রকৃত সাধু ও আমার পরম বান্ধব। সাধুসঙ্গ হইলে কোন বাধাই কিছু করিতে পারে না। যাঁহার হরিভজনের অকপট ইচ্ছা আছে, কৃষ্ণেতর বিষয়ে বৈরাগ্য তাঁহার স্বাভাবিক। গৌরধামের বৃক্ষ-লতা আমাদের নিত্য বন্ধুবান্ধব। তাঁহারা গৌর-লীলার উপকরণ। শ্রীনবদ্বীপধাম অপ্রাকৃত। বিনিময়ে এই ব্রহ্মাণ্ডের সমস্ত রত্নরাজি প্রদান করিলেও অপ্রাকৃত নবদ্বীপের একটী বালুকণার মূল্যের তুল্য হয় না। অন্য উদ্দেশ্যের বশবর্ত্তী হইয়া নবদ্বীপবাসের ছলনা ও সেবোন্মুখ হইয়া শ্রীনবদ্বীপবাস এক নহে। সরলতাই বৈষ্ণবতা। সরল সেবা-লিপ্সু বা কৃপাভিক্ষুই সেবাধামের অধিকারী।

সাধারণ লোকের পরিমাণ দ্বারা হরি-ভক্তির পরিমাণ মাপা যায় না। যদি হরিভজনে কপটতা থাকে, তাহা হইলে বাহিরে অতিশয় বিরক্তি, অনাসক্তি প্রকাশিত থাকিলেও তাহা প্রকৃত বিরক্তি নহে। কোন বিশেষ পরীক্ষায় পড়িলেই সেই মুহূর্ত্তে ঐ কৃত্রিম বৈরাগ্য চলিয়া যাইবে। হরিভজনে যাহার অকপট মতি-রতি হইয়াছে, বিরক্তি তাঁহাকে আশ্রয় করিবার জন্য অবসর খোঁজে। ভগবানের প্রতি অকৃত্রিম আন্তরিক অনুরাগ না থাকিলে বাহ্যে শত অনাসক্তির ভাব দেখাইলেও কৃষ্ণ তাহাকে কৃপা করেন না। হরিভজনে অকপট আন্তরিক অনুরাগ থাকিলে কৃষ্ণ-কৃপালাভ অনিবার্য্য। আমরা যদি অন্তরের আর্ত্তির সহিত শ্রীগুরুকৃষ্ণের সেবা লাভের জন্য সর্ব্বক্ষণ কাঁদিতে পারি, তাহা হইলে কৃপা লাভ হইবেই।

সর্ব্বদা শ্রীগুরুপাদপদ্মে অবস্থিত থাকিয়া তাঁহার মনোহভীষ্টের অনুকূলে সম্বন্ধজ্ঞান-বিশিষ্ট হইয়া যাহা করা যায়, তাহাই ভক্তি। বিন্দুমাত্রও অন্যাভিলাষ তাহাতে প্রবিষ্ট না হয়, তৎসম্বন্ধে বিশেষ সাবধান হইতে হইবে। শ্রীগুরুপাদপদ্ম দৃঢ়রূপেই আশ্রয় করিতে হইবে। অনন্যনিষ্ঠা করিতে হইবে।

শিক্ষাগুরুকে ত' জানি কৃষ্ণের স্বরূপ। অন্তর্যামী, ভক্তশ্রেষ্ঠ, এই দুই রূপ॥

দৈনিক নদীয়া-প্রকাশ

-:::-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	৷০		।৴০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অৰ্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১৪৲		১০৲	

এক বৎসরের জন্ম চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬৲	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অৰ্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ	
ষাণ্মাসিক "	৫
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	৸

প্রতি সংখ্যা [illegible] ; বিশেষ সংখ্যার [illegible] ভিক্ষা স্বতন্ত্র

শ্রীধাম-মায়াপুরে

—:o:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

—::o::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সান্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচ্ছিন্ন বোলা। শিক্ষকগণ সাধুচরিত্র ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তিলাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট উচ্চ বিদ্যালয়, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত ; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সবিস্তারভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

অবতার ও অংশতার

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি, এ, প্রণীত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ ; এই গ্রন্থখানি সাধুযুক্তিপূর্ণ প্রাঞ্জল ভাষায় লিখিত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র [illegible]

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুপ 'প্রিন্টিং ওয়ার্কস্‌, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের দ্বারা যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহাই এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি সুন্দর। এই গ্রন্থের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১৷০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুপ প্রিন্টিং ওয়ার্কস্‌, পোঃ ওয়ারী, বাংলা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ সুযুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ, ইহাতে সম্প্রদায়িকতার প্রভাবে আক্রান্ত মানবগণের সম্প্রদায়, সমন্বয়, ধর্ম্মমত, অবতার, একাধিক, ধর্ম্মান্তর ও [illegible] শাস্ত্রমর্য্যাদা-নিরপেক্ষ শ্রৌত ও বাস্তব বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবতার সাধারণ [illegible], ভক্তিরসিক সৎসিদ্ধান্তগণের প্রণীত হইয়াছে। উক্ত গ্রন্থটী শ্রীমদাচার্য্যের আবির্ভাবোৎসবোপলক্ষে প্রকাশিত হইয়াছেন।

প্রাপ্তিস্থান—মধুপ প্রিন্টিং ওয়ার্কস্‌, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র সবিস্তারভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুত [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ, [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যালীলাসম্বন্ধী মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এক অপূর্ব্ব সচিত্র সটীকানুবাদ সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার অলৌকিক প্রতিভার পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা এবং যে শ্লোক অবলম্বনে গীতার মূল প্রতিপাদ্য সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ এবং শ্রীল শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই গীতার তাৎপর্য্য বুঝিতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোল পেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান- শ্রীনন্দ কিশোর ভক্তিশাস্ত্রী, [illegible] পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদবাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরের অপূর্ব্ব বিরাট্ সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রাচীন ও নব্য মানচিত্র, অধ্যায়-বিবরণ, স্থান ও ব্যক্তি পরিচয় সহ শ্রীচৈতন্যমঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধ বৈষ্ণবসমাজের একটি অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ১০ টাকা।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (দ্বিতীয় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত সরলভাবে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা দুই আনা ছাত্রদের পক্ষে এক আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ

বি-এল, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৫৬	৬-২১	৭ ১৪	১১-৬	১৩-১৬	১৬-৫৬	১৭-৫৩	২২০২
দমদম ,,	৫ ৫৮	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩-৫০		১৮-৩	২২ ৪২
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮ ১	৯-১৮	১৩ ২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৫৫	০-৫৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৩	১৩-৩৩	১৫ ৫	১৮-৩৯	১৯-৪০	০-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০ ৯	১০ ১৪	১২-৪১	১৯-১৫	২০-১৫	১-৪২

(বদল) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৫৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৮	১০ ৫৯	১৮-১৭	২১ ১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম ,,	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (ন্যারো গেজলাইনে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

ডাউন

শা-বার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৬	১১-৪	১৪-২২	১৬·	১৮ ৪৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮-৫২	১১-৪৭	১৫-১০	১৬-৫৬	১৯-২১	২০-৪৬	৩-৩১
রাণাঘাট পৌঃ	৭-৪৫	৯ ২৫	১২-২৬	১৫-৫০	১৭-৪০	২০-৩	২১ ১৯	৪-১০
(বদল) ছাঃ	৭-৫৩	৯-৩০	১২-৪৬	১৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৪	৪ ১৮
দমদম		১১-৮		১৭-৩৬	১৯-১	২১-২৬	২৩ ৫	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪-১৬	১৭-৪৬	১৯-২৬	২১-৪০	২৩-২৫	৬-১৫

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল এম্-এ মহোদয়ের শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভক্তিশাস্ত্রসমুদ্রে ... বৈষ্ণবাচার্য্য এম্-এ মহোদয়ের স্রোতস্বিনী এবং গবেষণা-প্রসূত লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একবারে মুগ্ধ এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মত্ত হউন। এই গ্রন্থ, অভিনব ও অদ্বিতীয় এবং মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৬৩৭ অধ্যায়ে প্রায় ৮০০ পৃষ্ঠা ব্যাপী। ঐ বিভূষিত শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সবিস্তার সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মান্দ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩।৪, কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। ম্যালেরিয়া জ্বরের কাছে ইহা অব্যর্থ ঔষধ। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

—দোকান মেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO C 1544

পত্রপ্রসূনমালা
—::—
শ্রীল প্রভুপাদের রচিত বিভিন্ন পদাবলী শ্রীশ্রীল আচার্যদেবের বিরচিত 'গৌরব' ভাষাসহ প্রকাশিত হইয়াছে। ইহাতে অনেক অমূল্য উপদেশ আছে। ভিক্ষা আট আনা।

প্রাপ্তিস্থান—
নবা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ অলারী, ঢাকা।

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই। ভিক্ষা ১।০

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৫শ খণ্ড, শ্রীমায়াপুর – ৫ই পৌষ ১৩৪৭, ২০শে ডিসেম্বর, ১৯৪০ শুক্রবার ২৩৭তম সংখ্যা

নানা-সংবাদ
——::(০)::——

বৃটেন ও আমেরিকা কর্তৃক চীনকে সাহায্যদান

নিউইয়র্কে জানা গেল, প্রেসিডেন্ট রুজভেল্ট তাহার প্রমোদ ভ্রমণ হইতে ফিরিয়া আসিলেই 'বৃটিশ রাজ্য' জাপানের ইন্দোচীনে প্রবেশ সম্পর্কে আলোচনা করিবেন। জাপান ধূপে ধূপে এশিয়ার মাটিতে তাহার দখল দৃঢ়তা করিয়া লইতেছে। জাপানী সৈন্যের ধীরে ধীরে ইন্দোচীনের উপকূল দিয়া অগ্রসর হইয়া চলিয়াছে। ভিসি সরকারের নির্দেশমত ইন্দোচীনের ফরাসী কর্তৃপক্ষ জাপানের সহিত সহযোগিতা করিতেছে এবং জাপানীরা কাষ্ঠান উপসাগর ও সায়গন প্রভৃতি এমন কয়েকটি এলাকায় নৌ ও বিমানঘাঁটি স্থাপনের চেষ্টা করিতেছে যেখান হইতে ব্রিটেনের সিঙ্গাপুরস্থ প্রধান নৌঘাঁটি আক্রমণ করা সহজ হইবে। ব্রিটেনের জাপানের উপর অনেকটা অর্থনৈতিক চাপ দিতেছে কিন্তু আমেরিকার সহযোগিতা না পাওয়াতে তাহাতে বিশেষ ফল হইতেছে না। তবে জাপান এবং গভর্নমেন্টকে চীনের বাণিজ্য সম্পর্কে আমেরিকা চ্যাংকিং সরকারকে দুইকোটি পাউণ্ড ঋণ দিয়া তাহার পাল্টা জবাব দিয়াছে। যুক্তরাষ্ট্র যেখানে ব্রিটেন ও স্বাধীন চীনকে উভয় অধিক পরিমাণ অর্থ দান দিয়া চিয়াংকাইশেককে সাহায্য করিবে। বর্তমানে চিয়াংকাইশেককে যতটা সাধ্য যুদ্ধ আর্থিক ও অন্যান্য সাজসরঞ্জাম দিয়া সাহায্য করিবার নীতিই ব্রিটেন গ্রহণ করিয়াছে।

রাঁচীর নিকটে মোটর দুর্ঘটনা

ভারতীয় লাক্ষা-গবেষণাগারের ডিরেক্টর ডাঃ এইচ কে সেনের জীবন খুব আশ্চর্যজনকভাবে রক্ষা পাইয়াছে। রাঁচী হইতে ২৮মাইল দূরবর্তী কোনো নামক স্থান হইতে প্রাপ্ত সংবাদে প্রকাশ যে, কলিকাতা হইতে আসিবার সময় তাঁহার মোটরখানি একটি গাছের সহিত ধাক্কা লাগিয়া চূর্ণ-বিচূর্ণ হইয়া গিয়াছে। ডাঃ সেনের মাথাতে আঘাত গুরুতর নহে।

ভারতের নূতন জঙ্গীলাট

জেনারেল স্যার রবার্ট এ কাসেলের স্থলে ভারতের বর্তমান সেক্রেটারি জেনারেল সি জে ই অকিনলেককে ১৯৪১ সালের প্রথমভাগ হইতে ভারতের প্রধান সেনাপতি পদে নিয়োগ করার জন্য ভারত-সম্রাট অনুমোদন করিয়াছেন। ভারতের এই নবনিযুক্ত প্রধান সেনাপতি বৃটেনের দক্ষিণ দেশরক্ষী বাহিনীর অধিনায়কের পদে অধিষ্ঠিত আছেন। তিনি ইংলণ্ডের দক্ষিণাঞ্চলে আক্রমণ হইতে আত্মরক্ষার জন্য সর্বপ্রকার ব্যবস্থা সম্পূর্ণ করার কার্যে নিযুক্ত ছিলেন। বর্তমানে তাঁহার বয়স হইয়াছে ৫৬ বৎসর। চতুর, কৌশলী ও অসমসাহসী বলিয়া তাঁহার সুনাম আছে। সৈন্যদল গঠন ও কর্মচারীদের সম্বন্ধে বহু অভিজ্ঞতা আছে। তিনি চার বৎসর কাল ভারতের ডেপুটি চীফ অব ষ্টাফ ছিলেন এবং সেই সময় তিনি ভারতের অধিবাসীদের সমরনীতির সব দিক প্রত্যক্ষভাবে উপলব্ধি করার সুযোগ পান।

শ্যামরাজ্যের আক্রমণ

ফরাসী ইন্দোচীন-কাম্বোডিয়া (ক্যাম-বোডিয়া) সীমান্তে সংঘর্ষের সংবাদ আপাততঃ ইন্দোচীনে একরূপ পাওয়া যাইতেছে। ব্যাংক হইতে প্রাপ্ত শ্যাম এজেন্সীর সংবাদে প্রকাশ, ফরাসী বিমানবাহিনী থাইল্যাণ্ডের বিমান ঘাঁটিগুলিতে হানা দিয়াছিল। ইন্দোচীনে থাইল্যাণ্ডের বিমানসমূহ ইতঃপূর্বে যে আক্রমণ চালাইয়াছিল ফরাসী বিমানবাহিনীর এই আক্রমণ উহারই প্রতিশোধকল্পে চালান হইয়াছে বলিয়া বর্ণনা করা হইয়াছে।

থাইল্যাণ্ড (শ্যামরাজ্য) দূতাবাস হইতে প্রচারিত একখানা ইস্তাহারে ফরাসী বিমানঘাঁটি হইতে বোমাবর্ষণ এবং মেশিনগানের আক্রমণের কথা ঘোষণা করা হইয়াছে। উক্ত ইস্তাহারে এ কথাও বলা হইয়াছে যে, ফরাসী বিমানপোতসমূহ নাকন পানমের উপর তিনবার আক্রমণ চালাইয়াছিল। অন্ততঃ একখানা ফরাসী বিমান থাইল্যাণ্ডের বিমানের আক্রমণে ভূপাতিত হইয়াছে। ঐ দিনেই ফরাসী গোলন্দাজ বাহিনী আরণ্যপ্রদেশে ১৫০ রাউণ্ড গোলাবর্ষণ করিয়া বহু বাসগৃহের ক্ষতি সাধন করিয়াছে।

জেনারেল ডি'গলে সিঙ্গাপুরে একজন প্রতিভূ নিয়োগ করায় সুদূর প্রাচ্যে স্বাধীন ফরাসী আন্দোলনের অবস্থান শক্তির পরিচয় পাওয়া যাইতেছে। উক্ত প্রতিভূর নাম ম'সিয়ে গায়লা গঁদ্রো। ইতঃপূর্বে তিনি চিরেনশিন দূতাবাসের কার্যে নিযুক্ত ছিলেন।

বার্লিনের সংবাদে প্রকাশ যে, ডি'গলের আন্দোলন নিউজ এজেন্সী এই মর্মে এক সংবাদ প্রেরণ করিয়া থাইল্যাণ্ডের উপর ফরাসী ইন্দোচীন বিমান বাহিনীর 'প্রতিশোধাত্মক' আক্রমণের কথা স্বীকার করিয়াছেন। উক্ত সংবাদে আরও স্বীকার করা হইয়াছে যে, ২০টি বোমারু বিমান যোগদান করিয়াছিল

——

ত্রিপলি সাইরেনেইকা ব্যাপী রণ

কাইরোর সংবাদে প্রকাশ, পশ্চিম মরু-অঞ্চলে বৃটিশ বাহিনীর সমরাভিযান সন্তোষজনকভাবে অগ্রসর হইতেছে। দ্রুত অগ্রসরশীল ট্যাঙ্কসমূহ বিচ্ছিন্ন ইটালীয় সেনাদলসমূহকে সুব্যবস্থিতভাবে নিশ্চিহ্ন করিয়া দিতেছে। বৃটিশ সেনাবাহিনীর বিরামহীন অগ্রগতি চলিতে থাকাকালে সাগরাভিযানী কামান ও বিমান বহরের কামানের গর্জন দিগ্‌দিগন্ত প্রতিধ্বনিত করিয়া তুলিতেছিল। কোনো সংবাদে প্রকাশ, বৃটিশ সৈন্যেরা ভিকানদীসমূহের প্রচণ্ড আক্রমণ এবং বিশেষ তীব্রতা সহকারে আক্রমণের পর বিশ্বস্ত সেনাবাহিনীর সংবাদদাতা অগ্রসরণের দ্বিতীয় যোগের সংবাদ ইস্তাহারে ঘোষণা করা হইয়াছে। এডেনের সংবাদে প্রকাশ, রাজকীয় বিমান বাহিনী ফরাসী সোমালিল্যাণ্ডের নিকটবর্তী একটি রেলওয়ে ষ্টেশনে আক্রমণের ফলে আদ্দিস-আবাবা-জিবুতি রেলপথের গুরুতর ক্ষতি হইয়াছে বলিয়া মনে করা যাইতেছে। এক সরকারী ইস্তাহারে এইরূপ সংবাদ প্রকাশ করা হইয়াছে।

ভারতে বিমান কারখানা ব্যবস্থা

ভারতে গভর্নমেন্ট একটি ভারতীয় কোম্পানীর নির্দিষ্ট সংখ্যক বিমান ক্রয়ে প্রতিশ্রুতিবদ্ধ হইয়াছেন। এই কোম্পানী [illegible] [illegible] একটি [illegible] [illegible] স্থাপন করিবেন। ইহা একটি [illegible] প্রচেষ্টা। ইহা [illegible] [illegible] ছিল আবশ্যক [illegible] অসুবিধার জন্য উক্ত [illegible] বিলম্ব হইয়াছে।

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

২। ভাগবত—[illegible] পাক্ষিক পত্র। [illegible] শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। [illegible] সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত [illegible] মহোদয় সম্পাদিত [illegible] পত্রিকা। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—শ্রীনন্দলাল বিদ্যাসাগর ভাগবতাচার্য্য বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় [illegible] বৈষ্ণবের [illegible] পরমারাধ্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের [illegible] তথা [illegible] পণ্ডিত ও মনস্বী [illegible] যে সকল [illegible] তাঁহার [illegible] এই গ্রন্থে [illegible] হইয়াছে। শ্রীশ্রীমন্ [illegible] সম্পূর্ণ [illegible] উপদেশপূর্ণ এই গ্রন্থ [illegible] ও [illegible] নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

অণুভাষ্যম্

[illegible] ব্রহ্মসূত্রের [illegible] শ্রীমন্মধ্বাচার্য্যকৃত [illegible] ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'গোবিন্দভাষ্য' টীকা [illegible] তাহার যথাযথ অনুবাদ ও তাৎপর্য্য [illegible] মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ।

ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা, [illegible] ভূমিকা ও [illegible] নব সংস্করণে গৌড়ীয়-মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীকুঞ্জবিহারী [illegible] ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
[illegible] এম্-এ, বি-এল্,
পুরাণাপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালা ভাষায় প্রকাশিত

১। শ্রীশ্রীভক্তিবিজয়,—প্রথম [illegible] ১০৲
[illegible] ১৮৲
[illegible] ৯৲
২। [illegible] শ্রীচৈতন্যচরিতামৃত (অনুভাষ্য) [illegible]
৩। [illegible] শ্রীচৈতন্যচরিতামৃত [illegible]
৪। নবদ্বীপ-ভাবতরঙ্গ (বাংলা) ৩৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সংক্রিয়াসার-দীপিকা ও সংস্কার-দীপিকা ১॥০
৯। বৈষ্ণব ৪৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ৪৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধনকণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিচার-খণ্ড ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। ব্রাহ্মণ-আত্মনির ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়গীতিকা ৷৵০
২২। ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ৬৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ৬৲ অবাঁধা) ১৲
২৬। গীতার [illegible] বাংলা-ভাষা ৷০
২৭। [illegible] ১৲
২৮। [illegible] (সচিত্র) ১॥০
২৯। [illegible] (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। [illegible] ৵০
৩১। [illegible] (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গৌড়ীয়-[illegible] (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-[illegible] ॥০
৩৪। [illegible] (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। [illegible] ॥৵০
৩৬। নবদ্বীপধাম-[illegible] ৵০
৩৭। ঐ [illegible] ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌরাঙ্গ-[illegible] ৷০
৪০। [illegible] ৴০
৪১। [illegible] ৴০
৪২। শ্রীকৃষ্ণ [illegible] পরিক্রমা ॥০
৪৩। সাধনপথ ৴০
৪৪। [illegible] ৴
৪৫। নবদ্বীপধাম
৪৬। [illegible]
৪৭। [illegible]
৪৮। [illegible] (পঞ্চম-সংস্করণ)
৪৯। [illegible]
৫০। বৈষ্ণবমঞ্জুষা-[illegible] (প্রথম খণ্ড).
৫১। [illegible]
৫২। মণিমঞ্জরী (সাহবাদ) [illegible]
৫৩। গৌড়ীয়কণ্ঠহার [illegible]
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বসূত্রাবলী বা [illegible] [illegible]
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষাটীকা) ৷০
৫৮। শ্রীকৃষ্ণদেব ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিবিক্তঃ ৷০
৬৩। [illegible]-সিদ্ধান্তামৃতম্ ৷০
৬৪। [illegible] ৷৵
৬৫। মায়াবাদ-শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়[illegible]পরিক্রমা ৴০
৬৭। মায়াবাদবর্জ্জনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ [illegible] ৷০
৭০। [illegible] ৴০
৭১। [illegible] ৷০
৭২। [illegible] ৷৵০
৭৩। [illegible] শ্রীচৈতন্য মহাপ্রভু ৷৵
৭৪। বৈষ্ণবীজম [illegible]
৭৫। [illegible] গৌড়ীয়মঠ [illegible] ৴০
৭৬। [illegible] ৷৵
৭৭। [illegible] [illegible]
৭৮। [illegible] [illegible]
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য [illegible] ১০৲

উড়িয়া ভাষায় প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷৵
৮১। [illegible] ৷৵
৮২। [illegible] [illegible]
৮৩। [illegible] ৴৵
৮৪। [illegible] ৴৵

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। [illegible] [illegible]

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত [illegible]

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

গীতিসাহিত্যে শ্রীভক্তি-
বিনোদ
শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের
গীতিগ্রন্থসমূহের তাৎপর্য্য
ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দররূপে
প্রকাশিত হইয়াছে। ইহা
মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই
নিত্যপাঠ্য। ভিক্ষা ১০ আনা
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা
বিভিন্ন স্তব ও প্রণতি এই
গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয়
ও অনুবাদ সহ প্রকাশিত
হইয়াছে। কাগজ ও ছাপা
অতি সুন্দর। ভিক্ষা ১০ আনা
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৫ বর্ষ | ৬ নারায়ণ ৪৫৪ গৌরাব্দ ৫ই পৌষ বঙ্গাব্দ ১৩৪৭, ২০শে ডিসেম্বর ইং ১৯৪০, শুক্রবার | ১৩৭তম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

শ্রীধামে হরিকথা

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিবৈভব সাগর মহারাজ গত ১৫ই ডিসেম্বর রবিবার কলিকাতা হইতে সন্ধ্যার পর শ্রীধামে আগমন করিয়া শ্রীমঠে সর্ব্বক্ষণ হরিকথা কীর্ত্তন করিতেছেন। ঢাকা হইতে আগত উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্যপুরাণ-ভাগবততীর্থ ভক্তিশাস্ত্রী মহোদয় গত ১৬ই ডিসেম্বর রাত্রে শ্রীচৈতন্যমঠে অধিবাসরগণ নাটমন্দিরে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে বহু উপদেশপূর্ণ শিক্ষার কথা আলোচনা করেন। তাঁহার সুসিদ্ধান্তপূর্ণ পাঠ শ্রবণ করিয়া শ্রোতৃবৃন্দ পরমোপকৃত হন।

শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠে শ্রীবিগ্রহ-প্রতিষ্ঠা

পণ্ডিতপ্রবরশিরোমণি শ্রীনিত্যানন্দাভিন্ন বিগ্রহ গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের অহৈতুকী কৃপায় ও গৌড়ীয়মিশনের সভাপতিবর্গের সেবাযোগে চট্টগ্রাম শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠে গত ২১শে অগ্রহায়ণ, ৭ই ডিসেম্বর শনিবার নিত্যলীলাপ্রবিষ্ট পরমপরাৎপর-গুরুদেব শ্রীল মধুসূদন দাস গোস্বামী ঠাকুরের বিরহ-তিথিতে শ্রীশ্রীগৌরসুন্দর ও শ্রীশ্রীরাধাগিরিধারি-বিগ্রহ শ্রীশ্রীমদ্বিদ্যানিধিবিলাসীজীউ শ্রীঅর্চ্চাবতার রূপে আবির্ভূত হইয়াছেন। শ্রীবিগ্রহ-প্রাকট্যোৎসবের জন্য গৌড়ীয়মিশনের পরিচালক-সমিতি হইতে আচার্য্য প্রবীণ ত্রিদণ্ডিপাদ শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ গত ১৬ই অগ্রহায়ণ চট্টগ্রামে শুভাগমন করিয়া হরিকথা কীর্ত্তন করিতেছিলেন। গত ২০শে অগ্রহায়ণ শুক্রবার শ্রীল মহারাজ শ্রীপাদ শ্রীপতি প্রভু সংকীর্ত্তন-সহযোগে শ্রীগৌরপার্ষদ শ্রীল পুণ্ডরীক বিদ্যানিধি ঠাকুরের শ্রীপাটে উপস্থিত হইয়া শ্রীমন্দির পরিক্রমা করত স্থানীয় সজ্জনগণের নিকট শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীল বিদ্যানিধি প্রভুর মহিমা কীর্ত্তন করেন। গত ২১শে অগ্রহায়ণ শনিবার প্রাতঃকালে শ্রীল তীর্থ মহারাজকে অগ্রণী করিয়া একটি নগর সংকীর্ত্তন-শোভাযাত্রা বহির্গত হয়। পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্যপুরাণ-ভাগবততীর্থ, ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীবিগ্রহাবির্ভাবোৎসবের পূজার্চ্চন-হোমাদিকার্য্য আরম্ভ করিলে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গের অহৈতুকী কৃপায় অপ্রত্যাশিত-ভাবে ভক্তিরাচার্য্যযোগে পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের নিকট হইতে এক শুভাশীর্ব্বাদ-লিপি আসায় ভক্তগণ শ্রীগুরুগোস্বামীর অযাচিত অহৈতুকী কৃপার কথা স্মরণ করিয়া পরমানন্দিত হন। মধ্যাহ্ন ১২ ঘটিকায় শ্রীগুরুগৌরাঙ্গের বিপুল জয়ধ্বনি ও উচ্চ হরিকীর্ত্তনের মধ্যে শুভঅধিবাস শ্রীবিগ্রহগণের ভোগারাত্রিক সম্পন্ন হয়। রাত্রি ১১টা পর্য্যন্ত সহস্র সহস্র ব্যক্তি শ্রীমহাপ্রসাদ সেবন ও শুদ্ধভক্তগণের মুখে হরিকথা শ্রবণ করিয়া পরমানন্দিত হন।

শ্রীল তীর্থ গোস্বামী মহারাজ অপরাহ্ণ ২। ঘটিকা হইতে ৫ ঘটিকা পর্য্যন্ত শ্রীমঠের বহিঃপ্রাঙ্গণে উপস্থিত শত শত নরনারী ও সজ্জনগণের সম্মুখে শ্রীবিগ্রহ-প্রতিষ্ঠার তাৎপর্য্য, শ্রীবিগ্রহতত্ত্ব, শ্রীবিগ্রহপ্রকটকারী শ্রীগুরুপাদপদ্মের মাহাত্ম্য কীর্ত্তন করেন। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের ইচ্ছানুসারে মাধুকরী ভিক্ষার দ্বারা উৎসবটি হরিকথা এবং-কীর্ত্তন, মহাপ্রসাদ সম্মান, শ্রীবিগ্রহদর্শন ও কৃপা-প্রার্থনামুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। উৎসবের পরদিবস ৮ই ডিসেম্বর রবিবার প্রাতে নগরসংকীর্ত্তন হয়। অপরাহ্ণে সমাগত শ্রোতৃমণ্ডলীর নিকট শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ-গোস্বামী মহারাজ শ্রীনাম সম্বন্ধে একটী দীর্ঘ সারগর্ভ বক্তৃতা প্রদান করেন।

"শ্রীগৌড়ীয়বাণী"

আমাদের পরমগুরুদেব ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল গৌরকিশোর দাস গোস্বামী ঠাকুরের বিরহবাসরে কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে "শ্রীগৌড়ীয়বাণী" নামক একটী গ্রন্থ উৎকলভাষায় প্রকাশিত হইয়া সত্যানুসন্ধিৎসু ব্যক্তিমাত্রেরই চিত্তাকর্ষণ করিয়াছে। এই গ্রন্থে নানা-প্রকার প্রশ্ন ও সন্দেহের যুক্তিপূর্ণ সদুত্তর ও বৈষ্ণবসিদ্ধান্তাদি, বিভিন্ন মতবাদের সংক্ষিপ্ত পরিচয় প্রভৃতি প্রশ্নোত্তরমুখে অতি সুন্দরভাবে প্রদত্ত হইয়াছে। ইহাতে ১৫২টি প্রশ্নোত্তর আছে। বিশেষতঃ পারমার্থিক সাপ্তাহিক পত্র "গৌড়ীয়" হইতে এই সকল সিদ্ধান্ত সংগৃহীত হইয়াছে। উৎকল ভাষায় এরূপ মৌলিক গ্রন্থ এই সর্ব্বপ্রথম। শ্রীগৌড়ীয়-মঠের অন্যতম সেবক উপদেশক শ্রীপাদ হরিদেবর ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় এই গ্রন্থের প্রকাশক। প্রাপ্তিস্থান—উৎকলগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস, শ্রীসচ্চিদানন্দমঠ, কটক। গ্রন্থের ভিক্ষা মাত্র আট আনা।

রেঙ্গুণে প্রচার

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের কৃপাশীর্ব্বাদ স্মরণ করিয়া তদাশ্রিত রেঙ্গুণ গৌড়ীয়মঠের সেবকবৃন্দ গত ২৭শে ডিসেম্বর নিবারণ-নিবাসী শ্রীযুক্ত ললিতমোহন বন্দ্যোপাধ্যায় মহোদয়ের ভবনে শ্রীচৈতন্যভাগবত, ৮০ ২৮শে নভেম্বর স্থানীয় দুর্গাবাড়ী প্রাঙ্গণে শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ও গত ৩০শে নভেম্বর তারিখে রেঙ্গুণ সেক্রেটারিয়েট অফিসের অফিসার শ্রীযুক্ত সুরেশ চন্দ্র দাস মহাশয়ের ভবনে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। এতদ্ব্যতীত মঠসেবকগণ সহরের বিভিন্ন স্থানে পাঠ, কীর্ত্তন ও বক্তৃতাদি প্রদান করিয়া মহাপ্রভুর কথা প্রচার করিতেছেন।

"শ্রীগৌরনিত্যানন্দের কৃপায় শুদ্ধ হরিনাম হয়। সর্ব্বদা তাঁহাদের কৃপা প্রার্থনা করিতে হইবে, তাঁহাদের নিকট ক্রন্দন করিতে হইবে—লোক দেখান নহে—কপটতা করিয়া নহে।"

—শ্রীল আচার্য্যদেব

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

শ্রীগৌরাব্দ তিথি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৪৪

শ্রীল প্রভুপাদের হরিকথা

—::०::—

যে মুহূর্ত্তে বুঝিতে পারিব ভগবান্ আমার প্রভু, সেই মুহূর্ত্তেই আমার সুবিধা হইবে। এই জগতে আলোচনা করিবার কোন বস্তু নাই। ইতরজনের কথা হইতে অবসর হইলে ভগবানের কথা প্রয়োজনীয় হয়। আমরা যে অবস্থায়ই থাকি না কেন, ভগবানের সেবা করিতে পারি, যদি জড়ের প্রভু হইবার উদ্দেশ্য না থাকে।

নিরপরাধে হরিনাম গৃহীত হইলে সকল সিদ্ধিই করতলগত হয়। কৃষ্ণনামে অত্যন্ত প্রীতির উদয়ে জড়চিন্তার লোভ কমিয়া যাইবে। নাম শ্রবণ, পঠন ও ভক্তিরক অনুশীলনদ্বারা শ্রীনামের স্বরূপ উদিত হন। সেইই মানবজীবনে প্রধান হরিভজনের বৃত্তি। অবৈষ্ণব-সঙ্গক্রমে জীবের সংসারে উত্থান; আর সাধুসঙ্গ প্রভাবে আত্মা উদ্বোধন হরিসেবায় প্রবৃত্ত হয়। কৃষ্ণসেবা, কার্ষ্ণসেবা ও শ্রীনামকীর্ত্তন—তিনটী পৃথক্ অনুষ্ঠান হইলেও তিনটীই একতাৎপর্য্যপর।

মহাপ্রভুর বাণী—'পৃথিবীতে আছে যত নগরাদি গ্রাম। সর্ব্বত্র প্রচার হইবে মোর নাম॥' মহাপ্রভুর লীলার মধ্যে জাতিনীতি, দেশনীতি, যুদ্ধ ও ধর্মনীতি দেখিতে পাই না। তাঁহার প্রচারিত বাণী হইতে বুঝিতে পারি, তিনি সর্ব্বনীতির সর্ব্বোত্তম অবলম্বন করিয়াছিলেন। আমরাও সেই পদাঙ্কানুসরণে ব্রজনীতি ভাগবতধর্ম অবলম্বন করিব। ভগবানের পরীক্ষার স্থল এই পৃথিবী অর্থাৎ সংসার। এই পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইলে হরিজনগণের কীর্ত্তন শ্রবণ করিতে হয়। সাধুবিগ্রহকারী ব্রজবাসিগণের সেবা করাই আমাদের পরম ধর্ম।

জীবের অভিনয় ও বিবাদান লাভ এক নহে। কৃষ্ণসেবা পরিত্যাগ করিলে জীব বদ্ধ হইয়া পড়ে। তৎকালে কৃষ্ণেতর বস্তুতে অভিনিবিষ্ট হয়। পুত্রকলত্রাদি, পরাধীনতাপাশ প্রভৃতি নানা বিপজ্জনক বস্তু সর্ব্বদা আমাদিগকে ভক্তিপথ হইতে নিত্যকালের জন্য পাতিত করায়।

শ্রীহরিনাম-গ্রহণ ও ভগবানের সাক্ষাৎকার একই জানিবেন। সম্বন্ধজ্ঞানের সহিত হরিনাম গ্রহণ করিলে কোন বিঘ্নই কোন অনিষ্ট করিতে পারিবে না। ভগবানের নামভজন না করিলে জীবের অন্য কোন প্রকারে মঙ্গল হয় না। শ্রীনামই সাক্ষাৎ ভগবান্; কেবল সাংসারিক চক্ষে ভগবানের নাম ও ভগবান্ পৃথক্ বোধ হয়। মহাপুরুষগণ শ্রীনামকেই ভগবান্ জানেন। শ্রীনামে রুচি কম থাকিলে বিধিপূর্ব্বক আদর সহ নাম গ্রহণ করিতে করিতে শ্রীনাম ও শ্রীনামী, গৌর ও কৃষ্ণ উভয়েই এক জানিতে পারা যায়।

বৎসরে মহাপ্রভুকে একবার দেখিবার চেষ্টা করা ভক্তমাত্রেরই উচিত। সর্ব্বদা হরিগুরুবৈষ্ণব সেবা করিলে জীব সংসার হইতে অবসর পান, নতুবা বিষয় আসিয়া গ্রাস করে। দুঃসঙ্গ হইতে কৃষ্ণ-লাভ হয় না। দুঃসঙ্গ ত্যাগ করিয়া সাধুসঙ্গ বরণ করিলেই হরিনাম ঘটে। অকপটচিত্ত, নিষ্কপটচিত্ত গুরুজনগণের অর্চ্চন বিশেষ আবশ্যক। আমার পরমপ্রভুর মঙ্গলপ্রদ ধর্ম্ম ব্যতীত বেদ অন্য কোন অভিলাষ আমার না হয়। Absolute Truth আপাত প্রতীতিতে unknown বলিয়া ধারণা হইলেও তাহাই be known, আমাদের আদর্শচরিত্র অন্য লোক যাহাতে অন্য প্রকার দর্শন না করে, তজ্জন্য আমরা যেন সর্ব্বদা সতর্ক হই।

বৈষ্ণববিদ্বেষকালে জ্ঞান মাত্র হইয়া নীরব থাকিলে মায়ার বহু প্রকোপ আসে। কৃষ্ণেতর বিষয়সংসর্গই আমাদিগের মূল ব্যাধি। পৃথিবী পরিত্যাগের পূর্ব্বে যাঁহাদের ভগবজ্জ্ঞান লাভ ঘটে এবং ভগবৎসেবাপ্রবৃত্তি হয়, তাঁহারাই ব্রহ্মজ্ঞ বা ব্রাহ্মণ, তাঁহারাই ব্রহ্মপুরে নীত হন। শ্রীভাগবত-প্রদর্শনী দেখিবার চক্ষু সংগ্রহ করিতে হইলে পারমার্থিক বিদ্যালয়ে সর্ব্বাগ্রে দক্ষিণা দিয়া লেখাপড়া শিখিতে হয়। শরীরের অধিক সৌন্দর্য্যবৃদ্ধি হইলেই ভগবানের সেবাপ্রবৃত্তি কমিয়া যায়। পরস্পরের নিন্দা না করিয়া আত্মসাধন করিবেন। আমাদের দুর্ব্বলতার অপনোদনকল্পে আমরা ভগবানের রূপদেববিগ্রহের শরণাপন্ন হই। সেই রূপদেবপ্রকাশবিগ্রহ মহান্তগুরুরূপে আমাদের ন্যূনতা স্বীয় ভক্ততার দ্বারা পরিপূরণ করেন।

অপ্রাকৃত কামদেবের ইন্দ্রিয়তর্পণই বাস্তবিক নিজের একমাত্র বৃত্তি। কৃষ্ণপ্রপত্তি বা কৃষ্ণসেবাই প্রাকৃত কামবীজ-বিনাশক ও একমাত্র প্রতিষেধক।

আমাদের নিকট Return Journey Ticket-holderএর কোন মূল্য নাই। কেন না, কৃষ্ণেতর পদার্থমাত্রকেই আমরা শ্রীকৃষ্ণের ভোগ্য বলিয়া জানি। বৈষ্ণব-বিদ্বেষফলে জীবের ঐহিক ও পারত্রিক অমঙ্গল ঘটে। শ্রীহরিনাম করিতে করিতে দেহত্যাগ করিলে জীব ধামপ্রাপ্ত হন। শ্রীরূপানুগের চিত্তবৃত্তি জড়ভোগবাদীরা আদৌ বুঝিতে পারিবে না। শ্রীকৃষ্ণ আমাদিগকে যখন যে অবস্থায় রাখেন, তাহাই আমাদের শিরোধার্য। প্রতিষ্ঠা-রূপিণী শৌকরী বিষ্ঠার কথা সর্ব্বদা স্মরণ রাখিতে হইবে। হরিভজন করিলেই শরীর, মন ও আত্মা—তিনটীই ভাল থাকিবে। ভক্তসেবার জন্যই শ্রীধামে বাস। শ্রীধামে আমাদের ভক্ত্যোন্নতি হয়। শ্রীধাম মায়াপুরের মঠবাসী ও গৃহস্থ-ভক্তগণের একমাত্র সেব্য শ্রীগৌরসুন্দর ও শ্রীগৌর-সুন্দরের নিজজনগণ।

বিষ্ণু ও বৈষ্ণবে কোনও ভেদ নাই, কেবল উভয়ে নিত্য সেব্য সেবকভাবে সম্বন্ধযুক্ত—একজন বিষয়বস্তু, আর একজন আশ্রয়তত্ত্ব। হরিকীর্ত্তন ও মায়ার কীর্ত্তন একসঙ্গে থাকিতে পারে না। দুঃখ না থাকিলে আমাদের ভগবৎস্মরণ হইত না। জাগতিক দুঃখতাপরাশি তাঁহারই দয়ার দান। ভগবৎসেবায় উন্মুখতা হইলেই স্বতঃ প্রকাশ ভগবানের নাম, রূপ, গুণ ও লীলা স্বতঃই আমাদের নিকট প্রকাশিত হন। সদ্গুরুর পদাশ্রয় ব্যতীত আমাদের ভজনক্রিয়া বা অনর্থনিবৃত্তির সম্ভাবনা নাই। অনর্থনিবৃত্তি না হইলে শ্রীকৃষ্ণসেবায় নৈষ্ঠিকী ও রুচি হইতে পারে না। 'দলাদলি করিব', 'অপরের প্রতিষ্ঠিত মত হইতে অধিকতর প্রতিষ্ঠা-লাভের আর একটী নূতন মত স্থাপন করিব,'—এইরূপ ইচ্ছা কখনও শ্রীচৈতন্যভক্তের নাই। 'বহুপ্রিয়তাই প্রয়োজনীয়'—এইরূপ বিচার মায়াবদ্ধ নির্ব্বুদ্ধি মূর্খের বিচার। ভগবানের শ্রীরূপ দর্শন করিতে হইলে আমাদেরও রূপশিষ্ট হইতে হইবে। যদি তাঁহার সর্ব্বশ্রেষ্ঠ রূপ দর্শন করিতে চাই, তাহা হইলে আমাদের শ্রীরূপানুগ হওয়া চাই। 'অনর্থনিবৃত্তি'রূপ কষ্টকর অসুর আমাদিগকে দুর্ব্বিষহ জীবন সাগরে নিমজ্জিত করে; তখন নাম (?)-গ্রহণে আকাশকুসুমের ন্যায় হয়। যাহাদের শ্রীনামে প্রাকৃতবুদ্ধি, তাহাদেরই নামগ্রহণে বদ্ধ হয় না।

যৎকিঞ্চিৎ

কর্ম্ম ও ভক্তি এক নহে, পরস্পর উল্টা জিনিষ। ভক্তি আত্মার বৃত্তি—অপ্রাকৃত বস্তু—বৈকুণ্ঠের বস্তু, নিত্য-চমৎকার, সম্পূর্ণ ও উপাদেয়, আর কর্ম্ম ইতরজনের বস্তু, প্রাকৃত, নশ্বর, হেয়, অসম্পূর্ণ ও অনুপাদেয়। জ্ঞানাদি আলোচনাও যদি ভগবদ্ভক্তির সহায় না হইয়া ভক্তির প্রতিপন্থী হয় অর্থাৎ ভগবৎসেবারাহিত্য আনয়ন করে, তাহা হইলে তাহাও জীবের আত্মার পক্ষে কুঠারস্বরূপ। বুদ্ধিমান্ ব্যক্তিমাত্রেরই ভক্তিযাজন করা দরকার। ভক্তিদেবীর মন্দিরে কোন বিরোধ বা ব্যভিচার নাই। ভক্তিলাভ হইলে জীবন ধন্য হয়, জীব অমর বা অমৃত হয়। ভগবান্ নিত্যকাল জগজ্জীবের পশ্চাতে অবস্থান করিতেছেন, তিনি তাঁহার ভক্তগণকে কৃপা করিবার জন্য নিত্যবিগ্রহরূপে বিরাজিত আছেন, ইহাই শুদ্ধ আস্তিক্যবাদ। ভগবান্ই একমাত্র চালক ও রক্ষক—এই বিশ্বাসই আস্তিক্য।

ভক্তির অপর নাম পূজন বা ভজন। আনুগত্য ধর্ম্মই ভজন বা পূজন। পূজক পূজ্যের অধীন। পূজার অপর নাম অর্চ্চন এবং সেবার অপর নাম ভজন। পূজার বিধি বা কর্ত্তব্যজ্ঞানই প্রবল। পূজায় পূজ্য বড়, পূজক চিরকাল ছোট। পূজ্য পূজকের সম্মুখে থাকিয়াও পূজা হইতে সর্ব্বদা দূরে থাকিয়া যান। পূজায় ঐশ্বর্য্যবুদ্ধি প্রবল। কনিষ্ঠাধিকারী জীবমাত্রেরই পূজা বা অর্চ্চন করা আবশ্যক। অর্চ্চনমার্গে বা মর্য্যাদা-মার্গে শ্রীরাধাগোবিন্দের উপাসনা হয় না। মহাভাগবতের শ্রীস্বরূপোক্ত রূপ ভাবসেবা বা ভজন কনিষ্ঠাধিকারীর অর্চ্চন বা পূজার তুল্য নহে। উহা শ্রীরাধাগোবিন্দের সাক্ষাৎ সেবা। ঐশ্বর্য্যজ্ঞানে বা পূজায় প্রকৃত আকৃষ্টি নাই। পূজায় পূজ্যের ঐশ্বর্য্য পূজকের গন্ধকে আকর্ষণ করে কিন্তু সেবায় সাক্ষাৎ সেব্য বস্তু সেবকদ্বারা আকৃষ্ট হন। সেবা কৃষ্ণকেও আকর্ষণ করিয়া থাকে। যে পরম-ব্রহ্মের পদসেবারতা লক্ষ্মী, এমন কি, মায়াদেবীকে পর্য্যন্ত আকর্ষণ করিয়া থাকেন, সেই শ্রীকৃষ্ণ আবার তাঁহার অহৈতুক-সেবকগণের সেবার দ্বারা আকৃষ্ট হন। সেব্য সেবকের বশীভূত। কি অপূর্ব্ব মাধুর্য্য! ইহাই সেবা। সেবায় এত ঘনিষ্ঠ ভাব যে, সেবাসৌষ্ঠববিধানকল্পে তাহা সেব্য হইতে সেবককে বড় করিয়া তোলে, পালককে পাল্য এবং প্রভুকে প্রভু করিয়া থাকে।

কৃষ্ণভজনে ঐশ্বর্য্যজ্ঞানের লেশমাত্রও নাই। ঐশ্বর্য্য সেব্য ও সেবককে পরস্পর দূরে রাখিয়া থাকে। কিন্তু সেবায় সেব্য-

সেবকের মধ্যে খুব বলিষ্ঠতা আনিয়া দেয়। সেবা একটী জিনিষ! প্রাকৃত অভিমান থাকিলে সেবা হয় না। সেবা আত্মার অপ্রাকৃত সহজধর্ম। সেবাই সৌন্দর্য্য, সেবাই শ্রীরূপ, সেবাই জীবের সত্তা। প্রাথমিক অবস্থায় অর্চ্চনমার্গ বা কর্ম্ম-মিশ্রা ভক্তি ব্যতীত শুদ্ধভক্তিলাভের যোগ্যতা হয় না। অর্চ্চনের সঙ্গে সঙ্গে সাধুসঙ্গ ও সাধুসেবা করিলে চিত্ত শুদ্ধ হইয়া সেবার অধিকার হয়। ভগবৎসেবকের সঙ্গপ্রভাবেই ভগবৎসেবাপ্রবৃত্তি জাগে। সেবা দেহ-মনের ধর্ম নহে, তাহা আত্মার ধর্ম—আশ্রয়ের ধর্ম। সুতরাং কখনও সেবা করিতে পারে না। আশ্রয়ের সঙ্গ করিতে করিতেই জাগ্রত হওয়া যায়—সেবা পাওয়া যায়।

কীর্ত্তন

(শ্রীমুকুন্দবান্ধব ব্রহ্মচারী)

সমস্ত ভজনাঙ্গের মধ্যে কীর্ত্তনই শ্রেষ্ঠ। কীর্ত্তনকে বাদ দিয়া এই কলিযুগে অন্য কোন ভজনাঙ্গ যাজন করিতে গেলে তাহার দ্বারা সাধ্যবস্তু লাভ করা যায় না। ষড়্‌গোস্বামীর অন্যতম গৌরপার্ষদ শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু জানাইয়াছেন যে কলিযুগে কীর্ত্তন-সংযোগেই অন্যান্য ভজনাঙ্গ যাজন করিতে হইবে।

এই অধর্ম্মপ্রবল বিষময় কলিযুগে যাগ, যোগ, ব্রত, তপস্যা প্রভৃতির দ্বারা ভগবদারাধনা করা অসম্ভব। কেন না, এ যুগের অধিবাসীর আয়ুঃ অল্প, তাহারা মন্দভাগ্য-বুদ্ধিহীন, পাপাসক্ত, কামক্রোধাদির বশবর্ত্তী। "যে যত পতিত হয়, তব দয়া তত তায়" এই বাণীর সত্যতা রক্ষার্থে, আচার্য্যবান্ আদর্শ সাধুর অত্যন্ত বিরলতা দেখিয়া যুগের ধর্ম্ম ও নিজের পালনার্থে "সাধুসঙ্গে কৃষ্ণ আইল এযুগে।" স্বয়ং-ভগবান্ শ্রীমন্মহাপ্রভু জানাইয়াছেন—"কলিযুগের ধর্ম্ম হয় নাম-সংকীর্ত্তন।"

এই কীর্ত্তনের দ্বারা শ্রবণ ও স্মরণ উভয়ই হইয়া থাকে। প্রথমে সদ্গুরুর পাদপদ্মে আত্মসমর্পণ করিয়া তন্ময় হইয়া শ্রৌতবাণী শ্রবণ করিতে থাকিলে আপনা হইতেই কীর্ত্তন স্ফূর্ত্তি পাইয়া থাকে। শ্রবণহীন কীর্ত্তনে শ্রবণকারী ও কীর্ত্তনকারীর কাহারও মঙ্গল হয় না।

শ্রবণ করিয়া নিজের জীবনে আচরণ না করিলে উহা কার্য্যকরী হয় না। নিজে আচরণ করিয়াই প্রচার বা কীর্ত্তন করিতে হইবে, নতুবা আচারহীন প্রচারের দ্বারা নিজের অনর্থ বৃদ্ধি পায়। ইহা একটা কথার কথা নয়, ইহার শত শত উদাহরণ চোখের সামনে দেখা গিয়াছে। কীর্ত্তনের দ্বারা জনসাধারণের নিকট হইতে বৈষ্ণব বলিয়া প্রতিষ্ঠা পাওয়া যায়। এই লৌকিকীপ্রতিষ্ঠারূপ প্রতিষ্ঠালাভের জন্য দুই চারিটী শাস্ত্রের কথা মুখস্থ করিয়া—নিজের জীবনে পালন না করিয়া অন্যের নিকট কীর্ত্তন করিলে কেবল কৈতবই লাভ হয়। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—

কীর্ত্তনে যাহার, প্রতিষ্ঠা-সম্ভার
তাহার সম্পত্তি কেবল কৈতব।

শুদ্ধবৈষ্ণবগণ আচারহীন প্রচার অর্থাৎ শ্রবণহীন কীর্ত্তন করিতে নিষেধ করেন। পরমপূজ্যপাদ শ্রীল ভক্তিসুধাকর প্রভু এক সময় বলিয়াছিলেন—"পাঠ-কীর্ত্তনের সময় শ্রবণসময়ে আমাদের মঠের অনেককে দেখিতে পাওয়া যায় না—অথচ তাঁহারা বাহিরের লোকের নিকট বহুক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করেন। ইঁহাদের শ্রবণে রুচি নাই, অথচ কীর্ত্তনে খুব রুচি দেখা যাইতেছে। ইহা মায়ার খেলা। কীর্ত্তনে যাহার খুব রুচি, তাহার শ্রবণে অরুচি, নিদ্রা, আলস্য বা জাড্য আসিতে পারে না। কীর্ত্তনকারীর ত' শ্রবণে নবনবায়মানভাবে রুচি হইবে। কিন্তু যেখানে তাহার বিপর্য্যয় দেখা যায়, তাহার পশ্চাতে আছে এক প্রতিষ্ঠা চণ্ডালিনী।"

কীর্ত্তন করিলে আমার প্রতিষ্ঠা হইবে, সুতরাং "আমি কীর্ত্তন করিব না" ইহাও একটা কপটতা। শ্রবণ হইলে কীর্ত্তন অবশ্য হইবেই। কীর্ত্তন করিতে হইলে সদ্গুরু হরিকথা একাগ্রচিত্তে শ্রবণ করিতে হইবে। সাধুর নিকট আত্মসমর্পণ করিয়া তাঁহার সেবালাভের জন্য সর্ব্বদা শুশ্রূষু থাকিলে তিনি কৃপা করিয়া শরণাগতের নিকট হরিকীর্ত্তন করেন। তাঁহার আদেশ যথাসাধ্য পালন করিতে করিতে হরিগুরুবৈষ্ণবসেবায় সর্ব্বদা নিযুক্ত থাকিতে হইবে। তাহা হইলে শুশ্রূষুর জিহ্বায় হরিকথা নৃত্য করিবে—ইহা শুদ্ধবৈষ্ণবগণের নিকট শুনিতে পাওয়া যায়। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কীর্ত্তনকারীর লক্ষণ বলিয়াছেন,—

শ্রীকৃষ্ণকীর্ত্তনে যদি মানস তোহার।
পরম যতনে তঁহি লভ অধিকার।
তৃণাধিক হীন দীন অকিঞ্চন ছার।
আপনে মানবি সদা ছাড়ি অহঙ্কার॥
বৃক্ষসম ক্ষমাগুণ করবি সাধন।
প্রতিহিংসা ত্যজি' অন্যে করবি পালন॥
জীবননির্ব্বাহে আনে উদ্বেগ না দিবে।
পর উপকারে নিজ সুখ পাসরিবে॥
হইলেও সর্ব্বগুণে গুণী মহাশয়।
প্রতিষ্ঠাশা ছাড়ি কর অমানী হৃদয়॥
কৃষ্ণ-অধিষ্ঠান সর্ব্বজীবে জানি সদা।
করবি সম্মান সবে আদরে সর্ব্বদা॥

দৈন্য, দয়া, অন্যে মান, প্রতিষ্ঠাবর্জ্জন।
চারিগুণে গুণী হই করহ কীর্ত্তন॥

কীর্ত্তনকারী একমাত্র শ্রীগুরুপাদপদ্ম। তাঁহার শ্রীমুখের বাণীই তাঁহার অনুগত শিষ্যগণ অনুকীর্ত্তন করেন। "আমি কীর্ত্তন করিয়া জীবের মঙ্গলবিধান করিতে পারি, বা আমার প্রচারে অনেকে আকৃষ্ট হইয়াছেন"—ইহা অনুকীর্ত্তনকারী শিষ্য কখনও চিন্তা করেন না। তিনি জানেন—"আমি জগতের কাহারও নিত্যমঙ্গলবিধান করিতে পারি না। আমি গুরুপাদপদ্মের নিকট হইতে যে সমস্ত বাণী শ্রবণ করিয়াছি—উহা নিজের মঙ্গলের জন্যই অনুকীর্ত্তন করিব—ইহা শ্রবণ করিয়া যদি কাহারও মঙ্গল হয় তবে শ্রীগুরুদেবেরই মহিমা প্রকাশিত হইবে। ইহাতে আমার কি বাহাদুরী?" তিনি বহির্ম্মুখ লোকের চিত্তরঞ্জনের জন্য কীর্ত্তন করেন না; তিনি সর্ব্বক্ষণ শুদ্ধবৈষ্ণবগণের আনন্দবিধানের জন্য ও আত্মমঙ্গলের জন্যই কীর্ত্তন করেন।

শ্রীগুরুদেব বড় কৃপা করিয়া তাঁহার কোটিচন্দ্র সুশীতল শ্রীপাদপদ্মে আশ্রয় দিয়া তাঁহার কীর্ত্তিত বাণী আত্মমঙ্গলার্থে অনুকীর্ত্তনের জন্য আদেশ দিয়াছেন,—

কিরূপ করে প্রভো! যোগ্যতা অর্পিবে
এ দাসেরে দয়া করি।
চিত্ত স্থির হ'বে, সকল সহিবে
একান্তে ভজিব হরি॥

অনাদিবহির্ম্মুখতাবশতঃ এবং বহু অপরাধফলে শ্রীগুরুপাদপদ্মের বাণী-শ্রবণে রুচি হয় না। তাই অনুকীর্ত্তনের রুচি হইতেছে না। আমি নিজের চেষ্টায় আমার মঙ্গলবিধান করিতে পারিব না, তাঁহার কৃপাই আমার একমাত্র ভরসা।

"সাধুসঙ্গ না হইল হায়!" বলিয়া আমার একটা খেদ বা অনুতাপবোধ ত' হইল না। "তব ভক্তজনসঙ্গ অনুক্ষণ কবে বা হইবে হরি।" এরূপ একটা সুদৃঢ় আকাঙ্ক্ষা হইলে সাধুসঙ্গ নিশ্চয়ই পাওয়া যায়—ইহাই গুরুবাণী। গুরুবৈষ্ণবের অহৈতুকী কৃপা ছাড়া আমার গতি নাই।

গুরুদেব!
আমার উপায় নাই।
তুমি কৃপা করি, আমারে লইলে,
সংসারে উদ্ধার পাই।

আমার এইরূপ অনর্থ অপরাধ দেখিয়া পরমকারুণিক শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ লিখিয়াছেন,—

সাধুসঙ্গ বিনা আর কোথা তব ঠাঁই?
(সাধুসঙ্গ কর হে)
বৈষ্ণবচরণে মজ, ঘুচিবে অনিষ্ট॥
(একবার ভেবে দেখ হে)

তাই আমি যেন অকপটে কাঁদিয়া কাঁদিয়া হরিগুরুবৈষ্ণবচরণে জানাইতে পারি,—

কবে শ্রীচৈতন্য মোরে করিবেন দয়া।
কবে আমি পাইব বৈষ্ণবপদছায়া॥
কবে আমি ছাড়িব এ বিষয় অভিমান।
কবে বিষ্ণুজনে আমি করিব সম্মান॥
সেবকের নিবেদন বৈষ্ণবচরণে।
কৃপা করি সঙ্গে লহ এই অকিঞ্চনে॥
• • •
বহু যোনি ভ্রমি নাথ, লইনু শরণ।
নিজ গুণে কৃপা কর, অধম-তারণ॥
• • •
ভাবিয়া দেখিনু এই জগত মাঝারে।
তোমা বিনা কেহ নাহি এ দাসে উদ্ধারে॥

কটকে প্রচার

গত ৩০শে নভেম্বর শ্রীগৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ গৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু কটক শ্রীসচ্চিদানন্দমঠে সন্ধ্যারাত্রিকের পর শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতন-শিক্ষা পাঠ ও ব্যাখ্যা করেন। ব্রহ্মচারীজী মনুষ্যজীবনে হরিভজনের একান্ত প্রয়োজনীয়তা, হরিভক্তের মহিমা, হরিভক্তিলাভের যোগ্যতা, মুকুন্দপ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্মে শরণাগতি, হরিগুরু-বৈষ্ণবসেবার জন্য তীব্র আকাঙ্ক্ষার প্রয়োজনীয়তা সম্বন্ধে প্রায় ১॥ ঘণ্টাকাল হরিকথা আলোচনা করেন। পাঠের আদি ও অন্তে শ্রীগুরুবৈষ্ণবের পাদপদ্মে আর্ত্তিবিশিষ্ট মহাজন-পদাবলী কীর্ত্তন করা হয়।

গত ১লা ও ২রা ডিসেম্বর অপরাহ্ণে কটকস্থ স্বনামখ্যাত রায়সাহেব শ্রীযুত ভুবনেশ্বরনাথ সরকার মহোদয়ের সাদর আহ্বানে ভক্তিশাস্ত্রীজী কতিপয় ভক্তসহ তদীয় ভবনে গমনপূর্ব্বক তাঁহার সহিত নিত্যমঙ্গল কি, দেবপূজা হইতে ভগবৎপূজার বৈশিষ্ট্য ও শ্রেষ্ঠত্ব, ভগবৎসেবা জীবমাত্রেরই নিত্য কৃত্য, ব্রহ্মাদি দেবতাগণকে ভগবান্ বিষ্ণুর সহিত সমানজ্ঞানে অপরাধ প্রভৃতি বহু বিষয় আলোচনা করেন। হরিকথা শুনিয়া রায়সাহেব অত্যন্ত আনন্দিত হন।

বিশেষ দ্রষ্টব্য

গত ১৮ই ডিসেম্বর প্রকাশিত সংখ্যার ৪র্থ শ্রীশ্রীল প্রভুপাদের 'বরদ উৎসব' উপলক্ষে প্রেস বন্ধ থাকায় গত সংখ্যায় শ্রীনবদ্বীপধাম প্রকাশিত হন নাই।

শিক্ষাগুরুকে ত' জানি কৃষ্ণের স্বরূপ। অন্তর্য্যামী, ভক্তশ্রেষ্ঠ, এই দুই রূপ

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅবধূত ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৬১১০
সেবক—শ্রীবংশীদাস বাবাজী মহারাজ [illegible]

(৩) শ্রীযোগপীঠ মায়াপুর শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনরহরিদাস অধিকারী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক— হরিচরণ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক- শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক— ভগবান্‌দাস ব্রহ্মচারী

(৭) কাজি সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—[illegible] ব্রহ্মচারী

(৮) মধুকুঞ্জ কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক – শ্রীগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক— নবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীসচ্চিদানন্দ দাস অধিকারী

(১৩) ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীবাসদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌরপুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
ভালুকা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক- শ্রীঅনুভানন্দ সেবাবিলাস

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া (নদীয়া)
সেবক—শ্রীনবীনবন্ধু ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট
কাঁচরাপাড়া, পোঃ চাকদা (নদীয়া)
সেবক শ্রীভূতপাবন ব্রহ্মচারী

(২১) শ্রীরামঘাট গৌড়ীয়মঠালয়
সেবক— শ্রীকিশোর ব্রহ্মচারী

(২২) পল্লী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
বারিকা পোঃ ওয়ারী ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালজীউ মঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রীমাধবদাস ব্রহ্মচারী

(২৫) গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটি (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ
মৃত্তিকাবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবপ্রসাদ বিদ্যাবত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রীপ্যারীমোহন দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিমোহন দাসাধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাহাড় [illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রীমদনমোহন ব্রহ্মচারী

(৩০) সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ চরিয়ার, জেঃ মাতাবালপুর, ইষ্ট, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
সন্তাপুর (পাটনা)
সেবক—শ্রীবিশ্বনপ্রভু দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
বরণা রোড গয়া
সেবক—শ্রীশতপাদনন্দপ্রভু দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতন গৌড়ীয় মঠ
৮।১৭ বড় গণ্ডীবাগ, বেনারস সিটি
সেবক—শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

(৩৫) গয়াকুঞ্জদেশ মঠ,
পোঃ বিজয়গড়, মীরাপুর ইউ পি।
নবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—বলদেব দাসাধিকারী

(৩৯) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক— প্রাণকৃষ্ণদাস ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রীরূপনাথ দাসাধিকারী

(৪১) রাধাকুণ্ড গোবর্দ্ধন
সেবক—শ্রীবিলাসচন্দ্র ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীবৰ্দ্ধিতবন্ধু দাস

(৪৩) লক্ষ্মণ বিহারী মঠ
বরাহ, মথুরা
সেবক—শ্রীমাধব দাস
বিপদ ভক্তের সেবোৎসাহ প্রভৃতি [illegible] বাড়ায়। তাঁহার সেবা সম্যক্ আরম্ভ হয়, তাঁহার নিকট নানাপ্রকার বাধাবিঘ্ন ভক্তেচ্ছায় উপস্থিত হইয়া তাঁহার অকপটতা পরীক্ষা করে এবং তাঁহাকে সেবায় দৃঢ় হইতে দৃঢ়তর করিয়া দেয়। বিপদের মধ্যে শুদ্ধবৈষ্ণবের নিকট হইতে বলেই উৎসাহ ও বল পাওয়া যায়। বিপদের সময় হৃদয়ে যেরূপ আর্ত্তি বাড়ে এরূপ আর অন্য সময়ে কিছুতেই হয় না। আমরা দুর্ব্বল-[illegible] সকলসময় কৃষ্ণের কথা মনে রাখিতে পারি না বলিয়া অনর্থ বা বাধাবিপদ আসিয়া আমাদিগকে কৃষ্ণের কথা মনে করাইয়া দেয়। বিপদের মধ্যে যেখানে শরণাগতি উদিত না হইয়া উৎপত্তিরই [illegible], নিরুৎসাহ, অশ্রদ্ধা, নাস্তিকতা ও [illegible] আসিয়া [illegible] হয়, সেখানে সত্যপথ আশ্রয় বা সাধু চরণে আত্মনিবেদন হয় নাই জানিতে হইবে। শুদ্ধভক্তে যিনি বা যাঁহারা ভক্ত বলিয়া জানেন, তাঁহাদের ভয় নাই। কৃষ্ণ নিশ্চয়ই রক্ষা করিবেন—এই দৃঢ়বিশ্বাস তাঁহাদের হৃদয়ে সতত জাগরূক আছে। তাই তাঁহারা বিপদকে ভগবানের পরম অনুকম্পা বলিয়া জানেন এবং বিপদের মধ্যে ভগবানের মঙ্গলময় হস্ত প্রসারিত রহিয়াছে দেখিয়া নির্ভয়ে, নিশ্চিন্তে, সানন্দে, সোৎসাহে সেবা করিয়া থাকেন। তাঁহারা বিপদ্ বা সম্পদ্ কোন কিছুতেই বিচলিত হন না। তিনি অন্তরে অটল থাকিয়া বিপদে সম্পদে সকল সময় অনুক্ষণ তাঁহাদের সেবায় নিযুক্ত থাকেন। পরীক্ষা ভক্তগণকে [illegible] না হারা [illegible]। সেইজন্য ভক্তগণ পরীক্ষা আসিলে ভীত না হইয়া নির্ভয়চিত্ত হন।

'ভক্ত আমি' বিচারে [illegible] 'দাস আমি'-গণ শুদ্ধবৈষ্ণবগণ সেইরূপ ভক্তির পরীক্ষা-ভক্তিকে উন্নতিলাভের সোপানস্বরূপ জানিয়া সেবোৎসাহিত হইয়া থাকেন। তাঁহারা ভক্তিযোগের বিপদ্‌কে ভগবানের মহাদান বলিয়া জানেন। শরণাগত আপাত বিঘ্ন বা বিপদ্ সকলই পরমমঙ্গলের অগ্রদূত। তাঁহারা শ্রীগুরুগৌরাঙ্গে সম্পূর্ণ নির্ভরশীল। ভগবানের সেই অকপট সেবকগণের সেবায় বিরতি বা ক্লান্তি নাই, বর্দ্ধমান সেবোৎসাহ তাঁহাদিগকে অনুক্ষণ কৃষ্ণের দিকে প্রবলভাবে আকর্ষণ করিতেছে। তাঁহাদের কেশস্পর্শ করিবার ক্ষমতা এ জগতের কাহারও নাই। সমস্তই কৃষ্ণেচ্ছায় হয়। সুতরাং কৃষ্ণসুখাভিলাষী ভক্তগণের কোন অবস্থাতেই দুঃখের কোন কারণ নাই। প্রভুর সুখেই তাঁহাদের সুখ।

অভক্তিমার্গ

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ)

যে পথে কৃষ্ণসেবার কথা নাই, তাহাই অভক্তিমার্গ বলিয়া পরিচিত। কৃষ্ণের উদ্দেশ্যে সেবায় কৃষ্ণ ব্যতীত অন্য বস্তুর অভিলাষ, কর্ম্মের আবরণ, জ্ঞানের আবরণ ও নির্বিশেষের আবরণ নাই। তাহাতে কৃষ্ণের অনুকূল-অনুশীলন আছে। অনেকে ভক্ত হইবার অভিলাষ পোষণ করিয়াও অভক্তিমার্গের আশ্রয় করেন। যাঁহারা কৃষ্ণভক্তির স্বরূপ জানিয়া উহাই জীবের একমাত্র বৃত্তি বুঝিয়াছেন, তাঁহারা ভক্তিপথের পথিক। যাঁহারা নিজের প্রতিভা বা অনভিজ্ঞতার উপর নির্ভর করিয়া ভক্তির সংজ্ঞা নিজেই দিয়াছেন, তাঁহাদের হঠকারিতায় অনেক সময় ভক্তির স্বরূপের বিপর্য্যয় ঘটিয়াছে। কেহ কেহ আপনাকে ভক্ত মনে করিয়া 'মনের কল্পিত বৃত্তিকেই ভক্তি' বলিয়া প্রচার করিয়াছেন, কিন্তু শ্রীগৌরসুন্দর কলিহত দুর্ব্বল জীবের মঙ্গলের জন্য ভক্তির যে সংজ্ঞা দিয়াছেন, তাহাই শ্রীরূপ গোস্বামী শ্রবণ ও কীর্ত্তন করিয়াছেন। সদ্যো সাধারণগণ আপনাদিগকে ভক্তাভিমানে ভূষিত করিতে হইলে ও জন্য প্রকৃত স্বরূপ অনুসন্ধান করিবেন। ভক্তাগ্রণী শ্রীপাদ শ্রীরূপ শ্রীমন্মহাপ্রভুর নিকট শুনিলেন যে, কৃষ্ণানুশীলনই ভক্তি। 'অনুশীলন' শব্দ 'অনুক্ষণ সেবা' বুঝায়। অনু শব্দে পশ্চাৎ পশ্চাৎ অর্থাৎ ব্যবধানরহিত; শীলন শব্দের অর্থ একান্ত প্রবৃত্ত হওয়া। প্রবৃত্তি-নিবৃত্তিমূলক কায়মনোবাক্য-সম্বন্ধীয় ভক্তচেষ্টারূপ এবং প্রীতিবিষয়াত্মক মনঃসম্বন্ধীয় ভক্তভাবরূপ কৃষ্ণের অনুশীলন হয়।

কৃষ্ণ বলিলে পরমেশ্বর সচ্চিদানন্দবিগ্রহ অনাদি, সর্ব্বাদি ও সকল কারণের কারণকে নির্দ্দেশ করা হয়। উহা হইতেই সবিশেষ ব্রহ্মের ও শ্রীনারায়ণের প্রকাশ। গোলোকে মাধুর্য্যের পরমাশ্রয় ব্রজেন্দ্রনন্দন, মাধুর্য্যাঢ্য ঔদার্য্যের পরমাশ্রয় শ্রীগৌরহরি স্বীয় প্রকাশমূর্ত্তি নিত্যানন্দাদির দ্বারা সাক্ষাৎ ঐশ্বর্য্যবিগ্রহের প্রকাশ করিয়া শ্রীবাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ ব্যূহ-মূর্ত্তিতে বৈকুণ্ঠে নিত্যকাল প্রকটিত রহিয়াছেন। সেই অষ্ট চতুর্ব্যূহ হইতে ভগবানের নিত্য অবতারসমূহ প্রকটিত হইয়াছেন। ভগবানের পুরুষাবতার, নৈমিত্তিকাবতার, গুণাবতার প্রভৃতি বিভুতত্ত্ব জীবকে 'ভগবান্ ও অণুচৈতন্য জীব' উপলব্ধি করাইতেছেন। মায়াধীন [illegible] মায়াবদ্ধ জীবকে বিভুভাবে স্বীয় অনুশীলন করাইয়া বিভু ব্যতীত অন্য প্রতীতিরূপ মায়ার কবল হইতে উদ্ধার করেন। জীব যে কৃপালব্ধ অনুশীলন করিয়া কৃষ্ণপ্রেমসেবা লাভ

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

করিতেছেন, উহাও ভক্তি। ভক্তি উদিত হইলে জীব ভক্ত সংজ্ঞা লাভ করেন। শুদ্ধ ভক্তি দ্বারা ভগবান্ কৃষ্ণচন্দ্রের ভজন করিলে সর্বশ্রেষ্ঠ পুরুষার্থ লাভ করেন। ভক্তের ভক্তিবৃত্তি সুপ্ত হইলে নিজ বুদ্ধির অনাদি অজ্ঞানতা কোন এক প্রকারের বৃত্তি গ্রহণ করেন। তখন তাঁহার বুদ্ধি অজ্ঞানপুষ্ট হইয়া লক্ষ্য বস্তুকে 'পরমাত্মা' কখনও বা 'নির্ভেদের ব্রহ্ম' বলিয়া সংজ্ঞা দেন। সুতরাং যোগিগণের কল্পিত পরমাত্মা ও জ্ঞানিগণের কল্পিত ব্রহ্ম কৃষ্ণের আংশিক এবং ভোগভেদ-লক্ষণ-বিশেষ। কৃষ্ণেতর চিন্তা প্রবল হইলে জীব ভক্তিবৃত্তি হইতে চ্যুত হইয়া ভগবদ্দর্শন করিতে পারেন না তখন। কখন বা সংশয় যে পরমাত্মা, কখন বা ঈশ্বরকে অজ্ঞানের প্রকাশক পদার্থ, কখন বা অজ্ঞান-সমষ্টির উৎকৃষ্টোপাধি বিশুদ্ধ-সত্ত্ব প্রভৃতি ও অনির্বচনীয় চিন্তার আশ্রয় গ্রহণ করেন। কৃষ্ণবহির্মুখ জীব ভোগতাৎপর্যের ফলে কৃষ্ণকে ভক্তের কর্মফলদাতা, বন্ধ্য ঈশ্বর, গো-ব্রাহ্মণের হিতকারী পশু ও দেবতাদের বহু মানন করেন। আবার কোন সময় তাঁহাকে বিদূষক ও পাষণ্ড ব্যস্ত হইয়া হরেন্দ্রগণের ভোগের জীবনযাপনের সহায়ক বলিয়ে (?) বিশ্বাস করেন। কিন্তু 'কৃষ্ণ' বলিলে ভক্ত ব্যতীত অন্যের যাবতীয় লক্ষ্যবস্তু গ্রহণে স্বীকৃত হয় নাই, জানিতে হইবে। এ কথায় আলোচনা না করিয়া যাঁহারা 'কৃষ্ণ'শব্দে কৃষ্ণকে না বুঝিয়া নিজের কল্পিত অর্থে বিশ্বাস করেন, তাঁহারা শ্রীচৈতন্যচন্দ্রের লক্ষ্যবস্তু কৃষ্ণকে নিজ কল্পনা দ্বারা কলঙ্কিত করেন মাত্র; বস্তুতঃ নিজে বা অপরকে বুঝিতে বা বুঝাইতে পারেন না। সেই সকল বক্তা ও বক্তিগণের প্রতি আমাদের কিছুই বক্তব্য নাই।

কৃষ্ণের অনুশীলন অনুকূল ও প্রতিকূল উভয়ভাবেই হইতে পারে। ভগবদ্ধ, কংস বধক, শিশুপাল পূতনা, অঘ, বক প্রভৃতি অসুরগণ, নির্বিশেষবাদী জ্ঞানিগণ প্রতিকূলভাবে কৃষ্ণানুশীলন করেন। প্রতিকূলভাবে সেবা বিপর্যয় ঘটে বলিয়া উহা ভক্তি নহে। অনুকূল বলিলে কৃষ্ণের উদ্দেশে রোচমানা প্রবৃত্তি বুঝায়। আনুকূল্য থাকিলে সম্বন্ধ ব্যবধানরহিত সর্বতোভাবে প্রবৃত্ত হইয়া ভজন সিদ্ধ হয়।

অনুকূল কৃষ্ণানুশীলনে অন্যাভিলাষিতা আদৌ থাকিবে না। কৃষ্ণের নিজ-সেবা ও সেবোপকরণ ভক্তের নিজের পক্ষে ফল ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ভক্ত সেবা করিবেন না। ভক্তের নিজ ফল-বাঞ্ছা কিছু থাকিলে উহা ব্যর্থকালক্ষেপ-দুর্বাসনা হেতু অহৈতুকী বৃত্তি হইয়া যাইবে। উহার 'কৃষ্ণ-সুখের উদ্দেশ ব্যতীত অন্যাভিলাষ পরায়ণ। স্বেচ্ছাচারী সুকর্মকারী বা অজ্ঞানসেবী মুক্তিকামীগণ কৃষ্ণসুখ ছাড়িয়া নিজ নিজ অভিষ্ট প্রার্থনা অন্তরে পোষণ করিয়া অনুকূল সংস্কারে কৃষ্ণানুশীলন করিলেও ভক্ত হইতে পারেন না। যাঁহাদের চিত্তে প্রতিষ্ঠাশা আছে, যাঁহারা ইন্দ্রিয়-তর্পণাশা সমন্বিত, যাঁহারা পাপ বা ভোগ সম্বন্ধীয় পরোপকারে বা নিরোপকারে ব্যস্ত, পাণ্ডিত্য-প্রতিষ্ঠা-বিলাসশীল, যাঁহারা ভোগ-লাভের জন্য উদ্গ্রীব, যাঁহারা উচ্চ আভিজাত্য-বংশ বা বর্ণগত সম্মানলাভে তৎপর, লাভ-পূজা-প্রতিষ্ঠাশা- নিষিদ্ধাচার কুটিনাটী-জীবহিংসা প্রভৃতি ঐহিক বা পারলৌকিক ভোগময় দেহ বা আত্মীয় বাৎসল্যলোলুপ, মুমুক্ষু, সিদ্ধিকামী প্রভৃতি অন্যের উদ্দেশ্যের জন্য কৃষ্ণের অনুকূল অনুশীলন করেন, তাঁহাদের কৃষ্ণানুষ্ঠান কপটতাযুক্ত। সুতরাং কৃষ্ণসেবার উদ্দেশ্যেই হউক অন্যাভিলাষ-যুক্ত ভগবদনুশীলনও অভক্তিপথে দেখা যায়।

জ্ঞানের আবরণে ভক্তির সম্ভাবনা নাই। এস্থলে জ্ঞান-শব্দে নির্ভেদ ব্রহ্মানুসন্ধানকে বুঝিতে হইবে। ভক্তের একমাত্র বস্তু কৃষ্ণ। কৃষ্ণবিষয়ক পরোক্ষ্যাবর্জিত অর্থাৎ ভক্তাভিমত স্বরূপজ্ঞান ভক্তির যুগপৎ প্রয়োজনীয়। শ্রীমদ্ভাগবতের শ্লোকে লিখিয়াছেন যে, ভক্তিযোগগণের প্রিয় নির্গুণ পুরাণশাস্ত্র শ্রীমদ্ভাগবতে একমাত্র পারমহংস্য অমলজ্ঞানই বিশিষ্টরূপে গীত হইয়াছে এবং এই শাস্ত্রেই জ্ঞান, বৈরাগ্য ও ভক্তি একত্র আবির্ভূত হইয়া জীবের কর্মভোগ ক্ষয় নিবারণ করিয়াছে। সুতরাং শ্রীমদ্ভাগবত শ্রবণ, উচ্চারণে পঠন ও নানাবিধ জ্ঞানাদি মতবাদের অকর্মণ্যতা উপলব্ধি করিবার জন্য বিচার করিয়া ভক্তিসিদ্ধান্তে উপনীত হইলে জীব ভক্তি অবলম্বন করিয়াই অন্যাভিলাষ, জ্ঞান, কর্ম ও নির্ভেদবাদের হস্ত হইতে আপনাকে পরিত্রাণ করিতে সমর্থ হন।

সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস।
ইহা হৈতে কৃষ্ণে লাগে সুদৃঢ় মানস॥
(চৈঃ চঃ)

ভক্তির প্রারম্ভেই প্রথম উদয়। প্রথম সাধুসঙ্গে শাস্ত্র শ্রবণ দ্বারা শ্রদ্ধা অর্থাৎ শাস্ত্রার্থে বিশ্বাস। কৃষ্ণসম্বন্ধজ্ঞান হয় নাই, অথচ অভিধেয়-ভক্তি (সাধন) অবলম্বন হইয়াছে, এরূপ কখনও হয় না। "ভক্তিঃ পরেশানুভবো বিরক্তিরন্যত্র চৈষ ত্রিক এককালঃ।" কৃষ্ণেতর-বিষয়ে বৈরাগ্য ও ভগবদ্বিষয়ক জ্ঞান ভক্তির সহিত সমকালেই উদিত হন। তা ব্যতীত উহাদের উদয়ের সম্ভাবনা নাই। তবে যাঁহারা মায়িক জ্ঞানসাহায্যে জ্ঞানী হইবার জন্য নিষ্ফল মিথ্যা চেষ্টা করেন, তাঁহাদের সেই প্রকার চেষ্টা ভক্তের অঙ্গ নহে। বদ্ধজীবাভিমানে জ্ঞানীর চেষ্টার মধ্যে সর্বতোভাবে মুমুক্ষুর প্রবৃত্তি অনুস্যূত আছে; বৈকুণ্ঠ জ্ঞান কখনই স্বরূপের পরিচয় হইতে সমর্থ হয় না। একের অন্তরে 'নির্ভেদ' বুদ্ধি প্রবল থাকিলে তাঁহাকে কৃষ্ণভক্তি হইতে নিশ্চয়ই বিপথগামী করিবে। শুষ্কজ্ঞানীকে তাঁহার বলিষ্ঠ বুদ্ধির অন্তস্তম দান করিয়া আনুকূল্যে কৃষ্ণানুশীলন ছাড়িয়া তাঁহাকে অন্যাভিলাষী বা অসৎপ্রলোভনাসক্ত করাইবে। ঐ প্রকার বৃথা তর্ক বাদ ভগবদ্ভক্ত হইতে পৃথক্ করাইবে। শুষ্ক জ্ঞানাভিমানী বলিয়া, আত্মশ্লাঘাক্রমে কেবলা অহৈতুকী প্রেমলক্ষণা ভক্তিকে অজ্ঞানমিশ্রিত, অন্ধা, প্রাকৃত বলিয়া জানিয়া নিজের মূঢ়তা প্রকাশ করেন। বাস্তবিক জ্ঞানীর কষ্টার্জিত জ্ঞানে ভক্তের ভক্তি নির্ভেদজ্ঞানে আবৃত হয় না। ভগবান্ কৃষ্ণই অদ্বয়জ্ঞান। ভক্তিকালে যাবতীয় জ্ঞান শুদ্ধ, গৌণ বা আবৃত মুখ্য স্বরূপে প্রকাশিত হয়। সুতরাং জ্ঞানের আবরণের অন্তর্ভুক্ত হইলে ভক্তি অভক্তি নামের সার্থকতা সাধন করিবে। শুদ্ধা ভক্তি উদিত হইলে তাহাতে অপ্রাকৃত জ্ঞান সত্ত্বর ও সামঞ্জস্যে বর্তমান থাকে। যে জ্ঞানের কৃষ্ণস্বরূপ উপর করিত সে জ্ঞান কৃষ্ণেতর বৈরাগ্য। জ্ঞানীর অন্তর নির্ভেদ ব্রহ্ম নির্ভেদ ব্রহ্ম সুলভ নয়। কৃষ্ণ ব্যতীত জ্ঞানাবরণে অনুকূল কৃষ্ণানুশীলনের সম্ভাবনা নাই।

কর্মের আবরণে ভক্তির সম্ভাবনা নাই। শ্রুতি-কথিত 'নিত্য-নৈমিত্তিকাদি' কর্মগুলি কর্ম জীবের ভক্ত্যাবরক কৃষ্ণের জীবাবরণ স্বরূপ সাধারণের একটী বিষয়—কর্ম। কর্মফলবাদী নিজ কর্মফলকে পাইয়া মনে করেন যে, সৎকর্মপ্রভাবে ভক্তি উৎপন্ন হইতে পারে। ভক্তের পরিচর্যাদি কর্মাবরণ নহে। উহার পরিচর্যাই ভক্তের কৃষ্ণবস্তুর অনুশীলন। যাহাতে জীবের ফলভোগ সংশ্লিষ্ট, উহাই কর্ম। আর যে অনুষ্ঠানের ফল জীবের প্রাপ্য কর্মফল ভোগ নহে, ভগবানের নিজের, উহা ভক্ত্যনুষ্ঠান। কর্মফলাকাঙ্ক্ষা ভক্তের অন্তরে স্থান পাইলে তাঁহাকে কৃষ্ণভক্তি হইতে নিশ্চয়ই 'বঞ্চিত' করিবে। শাস্ত্রের কথিত হইয়াছে যে, যে দেবার্থে। ভক্তিকে উদ্দেশ করিয়া শাস্ত্রে যাবতীয় অনুষ্ঠান বৈধী ভক্তি বলিয়া কথিত হয়। অন্যথা ভোগভক্তি নহে।

জ্ঞান বৈরাগ্যাদি ভক্তির কভু নহে অঙ্গ।
অহিংসা যম-নিয়মাদি বুলে কৃষ্ণভক্তসঙ্গ॥
(চৈঃ চঃ)

শ্রীল ঠাকুর বিল্বমঙ্গল বলিয়াছেন—
ভক্তিস্ত্বয়ি স্থিরতরা ভগবন্ যদি স্যাৎ
দৈবেন নঃ ফলতি দিব্যকিশোরমূর্তিঃ।
মুক্তিঃ স্বয়ং মুকুলিতাঞ্জলি সেবতেঽস্মান্
ধর্মার্থকামগতয়ঃ সময়প্রতীক্ষাঃ॥
(শ্রীকৃষ্ণকর্ণামৃত—১০৭ শ্লোক)

[হে ভগবন্! তোমাতে যদি আমাদের ভক্তি স্থিরতরা হয় তাহা হইলে তোমার কিশোরমূর্তি স্বতঃই আমাদের হৃদয়ে উদিত হন। তখন স্বয়ং মুক্তি কৃতাঞ্জলিপুটে আমাদিগের সেবা করিতে থাকিবে। আর ধর্ম অর্থ কাম অবসর প্রতীক্ষা করিতে থাকিবে।]

নির্বিশেষতার আবরণে ভক্তির সম্ভাবনা নাই। মনোধর্ম বা নির্বাণ উদয়ে ভক্তি উৎপন্ন হয় না। বিবেকাদি হইতে ভক্তি হয় না। পরন্তু অজ্ঞান হইতে বিবেক লক্ষিত হয়। কর্ম জ্ঞান ও বৈরাগ্য—এই তিনটি 'চিত্তশুদ্ধির হেতু, তজ্জন্য সুকোমলা ভক্তির উপযোগী নহে। ভক্তির আনুষঙ্গিক জ্ঞান ও বৈরাগ্যের কিছু উপযোগিতা থাকিলেও তাহারা অঙ্গরূপে গৃহীত হয় নাই।

ভক্তি থাকিলে কর্ম ও জ্ঞানানুষ্ঠানরূপ উপসর্গের আবশ্যকতা নাই, ভক্তি না থাকিলেও কর্ম ও জ্ঞান-উপসর্গের আবশ্যকতা নাই। কারণ, ও অনুষ্ঠানে ভক্তি থাকিলে কর্ম ও জ্ঞানোপসর্গের প্রয়োজন নাই। আবার কর্ম ও অনুষ্ঠানে ভক্তি না থাকিলেও কর্ম ও জ্ঞান-উপসর্গের আবশ্যকতা নাই। ভক্তির পক্ষে আনুষঙ্গিক ভক্তি থাকিলে, অবান্তর সাধনের না থাকিলে কোন ক্ষতি নাই, আবার মুখ্যরূপে ভক্তি না থাকিলে ঐ জ্ঞান ও কর্মের অনুষ্ঠানাদি ভক্তি হইতে পারে না। উহাই পণ্ডিতের স্বরূপের নির্দেশ করিয়াছেন। সুতরাং অন্যাভিলাষ, কর্ম, জ্ঞান ও যোগ ও কর্ম প্রাকৃতবৎ সকলই অভক্তি। অতএব কৃষ্ণভক্তির সংস্পর্শ রাখে নাই।

শিক্ষাগুরুকে ত' জানি কৃষ্ণের স্বরূপ। অন্তর্যামী, ভক্তশ্রেষ্ঠ, এই দুই রূপ

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬এ কালী প্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা [illegible]
সেবক—[illegible]

(৩) শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস ব্রজবাসী

(৭) কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

(৮) [illegible] গোপালনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীনন্দন দাস অধিকারী

(১৩) রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
[illegible], নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২০) [illegible] পাট
[illegible], পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—[illegible]

(২১) [illegible]ঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৩) শ্রীমাধবগৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] ঢাকা।
সেবক—শ্রী[illegible] বিদ্যাসাগর

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible]দাস ব্রজবাসী

(২৫) মদন গোপালমঠ
পোঃ [illegible] (ঢাকা)
সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রী[illegible]মোহন দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ [illegible], কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩০) সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ [illegible], জেঃ [illegible], ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড গয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতন গৌড়ীয় মঠ
৮।১১ [illegible], বেনারস সিটি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible] ইউ পি)
শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

(৩৯) [illegible]
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রীউদ্ধব দাসাধিকারী

(৪১) [illegible] গৌড়ীয়মঠ
সেবক—শ্রী[illegible]

(৪২) শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] দাস

(৪৩) নন্দের বিহারী মঠ
নন্দগ্রাম, মথুরা।
সেবক—শ্রী[illegible] দাস

(৪৪) গোপীবিহারী মঠ—[illegible]
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৪৫) ব্যাস গৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড নিউ দিল্লী
সেবক—শ্রী[illegible]

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible]
বোম্বে ৭
সেবক—শ্রীনিত্য[illegible] ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মাদ্রাজ
সেবক—শ্রী[illegible]গোপাল ব্রহ্মচারী

৫০) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] (পুরী)
সেবক—শ্রীগদাধর দাস অধিকারী

৫১) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

৫২) [illegible]
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

৫৩ [illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৪) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], পুরী
সেবক শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

৫৭) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible]পুর, মেদিনীপুর
সেবক শ্রীদীননাথ দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ দাসাধিকারী

৬০) [illegible]
পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

৬১) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (মানভূম)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

৬২) [illegible] গৌড়ীয়মঠ
৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

(৬৩) [illegible] গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, [illegible]
[illegible]
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

৬৪) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৪।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ অফিস
আমিনাবাদ, লক্ষ্ণৌ (ইউ-পি)
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
[illegible]পুর (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) [illegible]
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস হইতে শ্রীবনীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে ।০	[illegible]	[illegible]	।০
" " ইঞ্চি ২,		১।০	১,
সিকিকলম ৫,	৪।		৩,
অর্দ্ধকলম ৮,	৬,	৬,	৫,
" এক কলম ১২,	১০,	১০,	৮,

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬০	৫।০
" সিকি কলম ১৫,	১২,
" অর্দ্ধকলম ২৫,	১৮,
" এক কলম ৩৫,	৩০,

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক "	৩,
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	

প্রতি সংখ্যা ৫ , [illegible] সংখ্যার ভিক্ষা [illegible]।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে [illegible] গৌরবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ। এই গ্রন্থখানি [illegible] অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুব প্রতি [illegible], পোঃ [illegible], ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

[illegible] পরমহংস শ্রীশ্রীল [illegible] সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও [illegible] যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন তাহা এই গ্রন্থে [illegible] প্রকাশিত হইয়াছে। [illegible] ছাপা ও [illegible] অতি মনোরম। এই গ্রন্থের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১, টাকা।

প্রাপ্তিস্থান—মধুবা প্রতিঃ [illegible], পোঃ [illegible], ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

[illegible] যুক্তিপূর্ণ আলোচনা গ্রন্থ। ইহাতে [illegible] সম্প্রদায়, সমন্বয়, [illegible], [illegible], [illegible] ও [illegible] আলোচনা-নিরসনমূলে [illegible] বিচার ও সমালোচনা [illegible] এবং [illegible] মানবজাতির সাধারণ [illegible], [illegible] প্রবন্ধ হইয়াছে।

প্রাপ্তিস্থান—মধুবা প্রতিঃ [illegible], পোঃ [illegible], ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট—

[illegible]

[illegible] আদর্শ [illegible] বিদ্যালয় [illegible] পরিচালিত [illegible] ও [illegible] বিনামূল্যে [illegible] ব্যবস্থা আছে। [illegible] শ্রেণী হইতে [illegible] শ্রেণী মাত্র [illegible] টাকা। [illegible] পরীক্ষায় [illegible] গত [illegible] ছাত্রবৃত্তি [illegible] পাইয়াছে। [illegible] জন্য [illegible] বোর্ডিংয়ের ব্যবস্থা আছে।

সম্পাদক—শ্রী[illegible], ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত। এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত [illegible] ও [illegible] আলোচিত হইয়াছে। [illegible] ইহার ভিক্ষা মাত্র ২, দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু [illegible] শ্রীমন্মহাপ্রভুর [illegible] [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ইহার ভিক্ষা মাত্র [illegible] টাকা। প্রাপ্তিস্থান [illegible], শ্রীমায়াপুর [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

[illegible] শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী [illegible] টীকা, [illegible] শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের [illegible] [illegible] টীকা, ঐ টীকার [illegible] [illegible] এই গ্রন্থখানি [illegible] পাঠ করিয়া [illegible] নাই। [illegible] ভিক্ষা মাত্র ৩, টাকা। প্রাপ্তিস্থান— [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদবাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে সংগৃহীত তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা ১৷০ টাকা।

প্রাপ্তিস্থান শ্রীচৈতন্য মঠ, শ্রীধাম মায়াপুর, নদীয়া

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। ভূমিকা, গৌড়মণ্ডলের নক্সা, চিত্র, ভক্তিরত্নাকর পরিক্রমা বিষয়-বিবরণ, অধ্যায়-বিবরণ, স্থান ও ব্যক্তি ... শ্রীগৌড়ীয় মঠ কর্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা গৌড়ীয় বৈষ্ণবসমাজের একটি অমূল্য গ্রন্থ। ... আর্ট পেপার আকারে মুদ্রিত।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্র ও উপযোগী করিয়া লিখিত সরলভাবে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ... ৮ বৎসর পরে আট আনা।

প্রাপ্তিস্থান— শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীকৃষ্ণচৈতন্য দাস ... পোঃ ... ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৬-২৬	৬-৩১	৭ ১৮	১১-৬	১৩-১৬	১৬-২৬	১৭-৫৩	২২ ২
দমদম "	৬-২৬	৬-৩১	৭-২৮	১০-০৮	১৩ ২০			২২
রাণাঘাট পৌঃ	৯ ১৭	৮ ১	৯ ১৮ ১৩-১৮	১৬-৫৭	১৮-১১	১৯-৩৫		০-২৮
রাণাঘাট ছাঃ	৯ ২৮	৮-৬	৯ ৩৩ ১৩-৩৩	১৯ ৪	১৮ ৫১	১৯-৪০		১-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১৩-০৪	১২-৪১	১৯-১৫	২০-১৫	১-০১

(ঐ) ছাঃ	৭-১০	১০-০১	১৭ ৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-৩৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	২-৬০
শান্তিপুর পৌঃ	১৩ ২৮
(ঐ) ছাঃ	১৩ ৩৩ (ন্যারো গেজ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪ ১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬ ১	৮-৬	১১-৪	১৩-৩২	১৬-৮	১৮-৩৫		
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪৪	১১-৪২	১৪-০	১৬ ৪৬	১৯-২৫		
ছাঃ	৭-১০	৮ ৫০	১১-৪৭	১৪-১০	১৬ ৫৭	১৯-৩২	২০-৪৬	০-৩১
রাণাঘাট পৌঃ	৭ ৫৫	৯ ২৫	১২ ২৮	১৪-৫০	১৭-৩০	২০-৩	২১ ১৯	১ ১০
(ঐ) ছাঃ	৭-৫৯	৯ ৩০	১২ ৩৩	১৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৫	১ ১৮
দমদম		১১-৮		১৭-৩৬	১৯-৩	২২ ২৮	২৩-১	
কলিকাতা পৌঃ	৯ ২১	১১ ১০	১৫ ১৬	১৭ ৫৬	২১-৪০	২২ ২৫	২ ১৬	

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল ... সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এবং ... গৌড়ীয় বৈষ্ণব দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ... এই বিরাট, ... ও ... গ্রন্থ ... প্রাচ্য ও পাশ্চাত্য ... দর্শনের সহিত তুলনামূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমালোচনা। প্রথম খণ্ডে ৬৫০ পৃষ্ঠা আছে। ঐ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়তালিকা (contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সাজান সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ একখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—... শ্রীগৌড়ীয় মঠ, ... ; শ্রীগৌড়ীয় মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্য মঠ, শ্রীধাম মায়াপুর জেলা নদীয়া

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪৩ কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর ... অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় ... অব্যর্থ ... । ... সংযুক্ত ... এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ।৵০ দশ আনা বড় বোতল ১৵০ আঠার আনা। ...

—১৬৪নং, ... রোড, কলিকাতা

... বেহালা, ২৪ পরগণা।

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম মায়াপুর

গৌরপ্রসূনমালা
—ঃ—
শ্রীল প্রভুপাদের রচিত বিভিন্ন পদাবলী শ্রীল আচার্যদেবের বিরচিত 'গৌড়ীয়' কাগজে প্রকাশিত হইয়াছে। ইহাতে অনেক অমূল্য উপদেশ আছে। ভিক্ষা আট আনা।
প্রাপ্তিস্থান—
অমূল্য প্রিণ্টিং ওয়ার্কস,
পোঃ—জয়দেবী, ঢাকা

REGD NO 1541

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বপ্রথম প্রকাশিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—ঃ০ঃ—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই। ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান—
শ্রীচৈতন্য মঠ ঈশোদ্যান।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৪শ বর্ষ শ্রীমায়াপুর ২৬শে পৌষ ১৩৪৭, ১০ই জানুয়ারী, ১৯৪১ শুক্রবার ২৫৫তম সংখ্যা

নানা-সংবাদ

——ঃ০ঃ——

আলবেনিয়ায় প্রচণ্ডতম গোলাবর্ষণ

ভূমধ্য সাগরীয় নৌবহরের সহিত সংযুক্ত রয়টারের বিশেষ সংবাদদাতা আলেকজান্দ্রিয়া হইতে লিখিয়াছেন,—

গত [illegible] ভালোনার উপর যে আক্রমণ চলে, তাহা সঙ্গে সঙ্গে বৃটিশ নৌবহর উক্ত বন্দরে গোলাবর্ষণ আরম্ভ করে। বর্তমান যুদ্ধে ভূমধ্যসাগরের বৃটিশ নৌবহর এত প্রচণ্ড গোলাবর্ষণ আর কখনও করে নাই। বৃটিশ জাহাজসমূহ এক ঘণ্টা সময়ে অন্ততঃ ৩০০ টন গোলা বর্ষণ করিয়া আলবেনিয়ার ইটালীয় সৈন্যদিগকে বিপর্যস্ত করে। ইটালীয় সৈন্যেরা যাহাতে পাল্টা আক্রমণ চালাইতে অথবা পশ্চাদপসরণ করিতে না পারে, সেই উদ্দেশ্যে [illegible] উত্তর পশ্চিম দিকে অবস্থিত মোটর আরোহী সৈন্যদের ঘাঁটিসমূহে গোলাবর্ষণ করা হয়। যুদ্ধজাহাজগণ আক্রমণ আরম্ভ করিবার এক ঘণ্টা পরে, এখনও সূর্যোদয় হয় নাই—নৌবহর [illegible] নিকটবর্তী হইল। আবার কামান হইতে আগুন ছুটিতে লাগিল; ফলে উপকূলভাগে একটি অবিচ্ছিন্ন আলোকরেখা দেখা যাইতে লাগিল। অতঃপর উপকূলের [illegible] প্রায় দশ হাজার গজের মধ্যে পৌঁছাইয়া পর্যায়ক্রমে কামান হইতে অগ্নিবৃষ্টি করিতে লাগিল। গোলাবর্ষণে ধূম ও অগ্নি সমস্ত উপকূল আচ্ছন্ন করিয়া ফেলিল। ইটালীয়গণ সম্পূর্ণ অপ্রস্তুত অবস্থায় আক্রান্ত হইয়াছিল। কারণ উপকূল হইতে পাল্টা গোলাবর্ষণ কিছু বিলম্বে হইয়াছিল। জেটীসমূহ হইতে তাহার উত্তর দেওয়া হয়, উপকূলের কামানগুলি লক্ষ্য বস্তু স্থির করিবার পূর্বে সম্পূর্ণভাবে নীরব হইয়া যায়। বৃটিশ জাহাজগুলি কয়েকক্ষণ পরে দ্বিতীয়বার গোলাবর্ষণ করে। পূর্বদিন যে সকল জাহাজ হইতে গোলাবর্ষণ করা হয়, পুনরায় সেই সকল জাহাজ অপরাহ্ণ পর্যন্ত কামান দাগিতে থাকে।

দুইটি ফরাসীপোত জলমগ্ন

ফরাসী নৌবহর হইতে ঘোষিত হইয়াছে যে মার্সেলিস 'ক্যাপ [illegible]' জাহাজ ও 'রোন' [illegible] হইতে ডাকার যাওয়ার পথে প্রচণ্ড বিস্ফোরণের পর জলমগ্ন হয়। অদ্যাবধি ভিশি হইতে ইহাও ঘোষিত হইয়াছে, 'ক্যাপ [illegible]' ও 'রোন' সম্ভবতঃ অজ্ঞাত শত্রুর টর্পেডোর আক্রমণে জলমগ্ন হইয়াছে। ৭০ জনের প্রাণহানি হইয়াছে।

——

পর্তুগাল হইতে সাংবাদিক বহিষ্কৃত

মিঃ [illegible] লুকাস নামক জনৈক সাংবাদিককে ৮ ঘণ্টার মধ্যে পর্তুগাল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে। মিঃ লুকাস দীর্ঘদিন যাবৎ পর্তুগালে 'লণ্ডন টাইমস্'-এর সংবাদদাতা হিসাবে কার্য করিতেছিলেন। 'আমেরিকান রিভিউ' পত্রিকায় লিখিত এক প্রবন্ধের জন্য তাঁহার উপর এই আদেশ জারী করা হইয়াছে। এই প্রবন্ধে তিনি এরূপ মন্তব্য করিয়াছেন যে, পর্তুগালে জার্মান প্রভাব বিদ্যমান।

——

মণ্ট সেনিস রেলপথ পাইবার দাবী

জার্মানরা ভিসি গভর্ণমেন্টের নিকট হইতে মণ্ট সেনিস রেলপথের কর্তৃত্ব পাইবার দাবী জানাইয়াছে বলিয়া ঘোষিত হওয়ার পরে বিশেষ চাঞ্চল্যের সৃষ্টি হইয়াছে বলিয়া রয়টারের কূটনৈতিক সংবাদদাতা জানিতে পারিয়াছেন। একজন উচ্চপদস্থ ফরাসী কর্মচারী বলিয়াছেন যে, জার্মানদের যে সকল দাবী পূরণ করা হইয়াছে, মণ্ট সেনিস রেলপথের নিয়ন্ত্রণভার তাহাদের অন্যগুলির মধ্যে সর্বাপেক্ষা বিশেষ গুরুত্বপূর্ণ। ৭০ বৎসরের পুরাতন এই রেলপথটি [illegible] দীর্ঘ টানেলের মধ্য দিয়া চলিয়া গিয়াছে। ফ্রান্স ও ইটালীর মধ্যে সর্বাপেক্ষা [illegible] যাতায়াত এই পথেই করা যায়। সৈন্য এবং অস্ত্রশস্ত্র লইয়া যাইবার [illegible] বিশেষ ব্যবস্থাও এই রেলপথের রহিয়াছে। অধিকন্তু [illegible] অস্ত্রবিধায় [illegible] ভিতর দিয়া কোন কষ্ট করিতে হয় না। এই রেলপথ হাতে পাইলে [illegible] মধ্যে [illegible] পাওয়া যাইবে, কেননা ব্রেণার গিরিপথের [illegible] দিয়া যে রেলপথ গিয়াছে, বহু দিন ধরিয়া উভয় কর্তৃক অবস্থা [illegible] কাজে লাগান হইতেছে। ইটালীর কয়লা এবং কাঁচা মালের অভাব থাকায় প্রতিদিন জার্মানীকে বহু ট্রেন ইটালীতে পাঠাইতে হইতেছে। অধিকন্তু ব্রেণার গিরিপথের উভয়দিকে ইটালী এবং জার্মানীর অংশ বিশেষে ভূমি এইরূপ উচু যে, ট্রেনগুলিকে সম্পূর্ণভাবে অগ্রসর হইতে হয়। জার্মানী যদি ইটালীকে বহু বৎসর সাহায্য করিবে বলিয়া সিদ্ধান্ত করিয়া থাকে, তবে দ্বিতীয় একটি রেলপথ নিজেদের দখলে না আনিলে চলে না। মণ্ট সেনিস রেলপথ এই সাহায্যে তাহা সুসম্পন্নভাবে সাধন করিতে পারিবে।

[illegible] মধ্যে যে বাণী স্পষ্টই জানেই আসিতে পারে না, তিনি গভর্ণমেন্ট [illegible] না জানা যায় নাই। অবশ্য [illegible] জার্মানগণই তিনিস সুবিধা আদায় করিতে পারে। অবশ্য [illegible] নৌবহর, উপনিবেশ এবং [illegible] মধ্যে তাহার [illegible] থাকিবে, ততদিনই [illegible] দাবী [illegible] প্রয়োগ [illegible]। [illegible] কিছুই [illegible]। [illegible] অবস্থায় [illegible] গিয়াছে। [illegible] গিয়াছে, [illegible] বৃটেন বা [illegible] বৈরোচক [illegible]।

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, ষাণ্মাসিক ১ টাকা মাত্র।

২। ভাগবত [illegible] পাক্ষিক [illegible] পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত [illegible] মহোদয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত [illegible] সিদ্ধান্ত কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় বেদান্তবিদ্যার অপ্রাকৃত বৈভবের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত [illegible] তথা দেশের [illegible] পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দের সহিত যে সকল আলাপ করিয়াছিলেন, তাহার শুদ্ধ [illegible] এই গ্রন্থে প্রকট হইয়াছে। শ্রীশ্রীগুরু [illegible] ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপরিহার্য্য গৌরকৃষ্ণ ভজনপর আচার্য্যবর্গের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ সত্যানুসন্ধিৎসু ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

অণুভাষ্যম্

চতুর্ব্বর্গাতীত ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকৃত শ্লোকাকারে অতি সংক্ষেপে প্রকটিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'তত্ত্বপ্রকাশিকা' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য সহ মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ। ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'বিবৃতি' টীকা, বিস্তৃত ব্যাখ্যা, ভূমিকা ও সূচীসহ অত্যুৎকৃষ্ট সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয়-মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীভক্তিকেবল ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
শ্রীযুক্ত সুধাংশুভূষণ রায় এম্-এ, বি-এল্,
পুরাণাপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—প্রথম ৪০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৭৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ নিতাই শ্রীচৈতন্যভাগবত (অধীনা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অধীনা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸; ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—
৭। শ্রীচৈতন্যদেব ১৷০
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম ৩৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ৩৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ আনুগত্য ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়সঙ্কল্প ।৶০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ অধীনা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। [illegible] (সানুবাদ) ১৲
২৮। বেদান্ত দর্শন (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ দিগ্‌দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ০
৩৯। শ্রীগোদ্রুম কল্পাটবী ০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷০
৪৩। সাধনপথ ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। অমৃতপ্রবাহভাষ্য (নবম সংস্করণ)
৪৯। অর্চনকথা
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড)
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। প্রমেয়রত্নাবলী বা [illegible] ০
৫৬। ভাগবত ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ০
৬০। সংবাদাবলী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিভূতিঃ ।০
৬৩। সটীক-বিষ্ণুসহস্রনাম ।০
৬৪। তত্ত্বসূত্র
৬৫। সাত্বত শিক্ষাষ্টক ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ /০
৬৭। নারদপঞ্চরাত্র ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিউ অফ [illegible] বেদান্ত ।০
৭০। [illegible] /০
৭১। বেদান্ত—ইটস মরফলজী এণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স ।৶০
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বেদনীতি
৭৫। ভোয়াই গৌড়ীয়মঠ উদ্‌ঘাটন
৭৬। দি ভাগবত
৭৭। ইসোটেরিক প্রিন্সিপাল এণ্ড [illegible]
৭৮। ব্রহ্মসংহিতা ৷৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য। প্রথম খণ্ড

উড়িয়া ভাষায় প্রকাশিত

৮০। শ্রীচৈতন্যভাগবত ০
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু ১০
৮৩। গীতাবলী ১০
৮৪। শরণাগতি ৶৵

আসামীয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৶

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৷৶

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
" গৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

গীতি সাহিত্যে শ্রীভক্তি-
বিনোদ
শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের
গীতিগ্রন্থ সম্বন্ধে তাৎপর্য্য
ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দররূপে
প্রকাশিত হইয়াছে। উহা
মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই
নিত্যপাঠ্য। ভিক্ষা ৮০ আনা
প্রাপ্তিস্থান —
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর নদীয়া

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বাপেক্ষা বহুল প্রচারিত ও জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[illegible]
[illegible]
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৫ বর্ষ | ২৭ নারায়ণ ৪৮৪ গৌরাব্দ ২৬শে পৌষ বঙ্গাব্দ ১৩৭৭, ১০ই জানুয়ারী খৃঃ ১৯৭১, | রবিবার | ১২৫ তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৭ নারায়ণ তিথি গর্ভে দশমী গৌরাব্দ ৪৮৪

বৈষ্ণব-সঙ্গ ও সেবা

হরিভজনের মূলে সাধুগুরুর কৃপা। কৃপা ছাড়া ভজনের যাহা কিছু আড়ম্বর, তাহা সমস্তই বৃথা। জীবের মুখ্য প্রয়োজন-লাভের একমাত্র উপায় শ্রীগুরু-বৈষ্ণবের কৃপা। শ্রীগুরুবৈষ্ণবের কৃপাবলেই জীবের পক্ষে শ্রীভগবানের কৃপা কটাক্ষ লাভ সম্ভব। গুরুবৈষ্ণবের কৃপা অহৈতুকী। প্রাকৃত কোন বস্তুর বিনিময় বা অন্য কোন গুণ বা হেতু কৃপাপ্রাপ্তির কারণ নহে। চিত্তের স্বাভাবিকী দীনতা ও ব্যাকুলতাই কৃপালাভের যোগ্যতা আনয়ন করে। সর্ব্বক্ষণ সেবা করিয়াও যেখানে 'সেবা হইল না' বলিয়া একটা প্রাণের ব্যাকুলতা, কিরূপে এবং কবে সেবা পাইব বলিয়া যেখানে প্রবল চেষ্টা—তীব্র উৎকণ্ঠা, সেখানেই কৃপাপ্রাপ্তির সম্ভাবনা রহিয়াছে। যাঁহার যত পাণ্ডিত্যের উপলব্ধি—সেবালাভে আগ্রহ, তাঁহার অভাবানুকূল গ্রহণে ও তাঁর প্রতিকূল-বর্জ্জনে দৃঢ়তা তত বেশী—তিনি সাধনে তত বেশী মনোযোগী। সাধকের সাফল্যও করেন। বহুজীবের সাধন বিনা সিদ্ধিলাভ অসম্ভব। আবার যত বহির্ম্মুখ, হরিভজনে উদাসীন, গুরুকৃষ্ণসেবায় অলস, অনর্থযুক্ত, ইন্দ্রিয়ভোগে সতত ব্যস্ত, পাপী, অপরাধীর পক্ষে ভগবানের আকস্মিকী কৃপালাভ হওয়া সম্ভবপর নহে। তাই যেখানে বদ্ধজীবের ইচ্ছা, আশা বা আকাঙ্ক্ষা আছে, সেখানে সেই বদ্ধপ্রাপ্তির অনুকূল-প্রতিকূল-বিষয়েও বিচার আছে। এ বিষয়ে উদাসীনতা থাকিলে প্রয়োজন-প্রাপ্তি হয় না। নিজের চেষ্টায় গুরুবৈষ্ণব-ভগবানের সেবালাভ করা যায় না বলিয়া অনেক সময় আমরা অলসতা, সেবাশৈথিল্য ও কাতরতা প্রশ্রয় দিয়া মনে করি—'আমার এরূপের কোন প্রয়োজন নাই, তাঁহার কৃপায় সকল। তাঁহার কৃপা হইলেই আমার মঙ্গল হবে।' তাঁহার কৃপায় আমার মঙ্গল হইবে, এ বিচার ঠিক, কিন্তু আমার দিক্ হইতেও 'ও' কৃপা চাহিতে হইবে। কৃপাপ্রার্থীর 'ও' কৃপা চাওয়াই কাজ। কৃপা চাই, কিন্তু কৃপাপ্রার্থনা করি না, ইহাতে কৃপালাভ কি করিয়া হইবে? কৃপাই প্রয়োজন—কৃপালাভ না হইলে উপায় নাই, অথচ সর্ব্বক্ষণ কৃপাপ্রার্থনা না করিয়া চুপ করিয়া বসিয়া থাকি কি প্রকারে? আর ভগবানের আকস্মিক কৃপা লাভের আশা করিতে পারি কি? বস্তুপ্রাপ্তি বিষয়ে ইচ্ছা, চেষ্টা ও অনুপাই সবল। যেখানে এই ত্রিবিধ বস্তুর প্রতি উদাসীনতা বা অলসতা সেখানে মঙ্গলের আশা করা যায় না। এই চাওয়া বাক্য-চেষ্টাদি প্রকারে হয় কায়, মন ও বাক্যে। যুগপৎ ত্রিবিধভাবে চাওয়ার দরকার। একসঙ্গে ত্রিবিধভাবে না চাহিলে পাওয়া যায় না। যেখানে [illegible] একটার অভাব আছে, সেখানে বুঝিতে হইবে যে চাওয়ার মধ্যে গলদ্ ঢুকিয়াছে। কিন্তু ঠিক চাওয়া হইতেছে না, কনক কামিনী-প্রতিষ্ঠাকাঙ্ক্ষা [illegible] কিছু না কিছু আছেই। অনুক্ষণ কৃপাপ্রার্থনামুখে [illegible] সেবায় নিযুক্ত হওয়া ছাড়া মঙ্গলের অন্য কোন উপায় নাই। যেখানে এই প্রকারে কৃপা পাইবার জন্য আমাদের যত্ন নাই, সেখানে গুরু, বৈষ্ণবেরা [illegible] প্রকাশ করেন না। এই উদ্দেশ্যে শ্রীগুরু-বৈষ্ণবের সঙ্গলাভ করিয়া থাকে [illegible] অন্য কোন প্রকারে তাঁহাদিগকে পাইবার, চিনিবার ও তাঁহাদের সেবা করিবার উপায় নাই। [illegible] গুরুবৈষ্ণব 'নিজস্বরূপ প্রকাশ করেন না'; সাধুর কৃপালাভ করিবার জন্য তাঁহার সঙ্গের সাথে আর্ত্তি চাই। তাহারাই বৈষ্ণব চিনিতে পারেন। তাঁহারাই [illegible] পারেন—তাঁহারাই চেতনের সাহচর্য্যে [illegible] হইতে পারেন। বৈষ্ণব চিনিতে বৈষ্ণবের অনুগমনই সেবা বা ভক্তি, তাহাতেই পূর্ণ-মঙ্গল। আমাদের মঙ্গললাভ করিবার উপায় সম্বন্ধে মহাজন বলিয়াছেন,—

> যে যেন বৈষ্ণব চিনিয়া লইয়া
> আদর করিবে যবে।
> বৈষ্ণবের কৃপা যাহে সর্ব্বসিদ্ধি
> অবশ্য পাইবে তবে॥

বৈষ্ণব চিনিয়া তাঁহাদের মত বৈষ্ণবের সেবাই মঙ্গললাভের একমাত্র উপায়। বৈষ্ণব অপ্রাকৃত বস্তু, তাঁহাকে বাহ্যতঃ কি প্রকারে [illegible] যায় না। অপ্রাকৃত বস্তুকে অপ্রাকৃত [illegible] জ্ঞানের দ্বারা জানা যায় না। অপ্রাকৃত [illegible] হইয়া তাঁহাকে জানিতে গেলে তাঁহাকে [illegible] বৈষ্ণবের কৃপালাভের সাহায্যে [illegible] হইবে। তাঁহাকে জানিবার একমাত্র উপায়—[illegible] শরণাগত হইলে [illegible] কৃপাপূর্ব্বক তাঁহাকে দেখিবার অর্থাৎ তাঁহার [illegible] অনুসরণ [illegible] যোগ্যতা দান করিবেন। [illegible] বৈষ্ণবকে জানা [illegible] বৈষ্ণবদেরও [illegible] বৈষ্ণবকে [illegible] বৈষ্ণবকে [illegible] 'নিষ্কপট' [illegible] বৈষ্ণবের [illegible] প্রকাশিত হয়। বৈষ্ণব [illegible] তাঁহার [illegible] ভগবান্ [illegible] তাঁহার [illegible] পরম [illegible]।

বৈষ্ণবের [illegible] [illegible] নিত্য মঙ্গল হইল। [illegible] বৈষ্ণব সেবা আমাদের [illegible] [illegible] [illegible] বাঞ্ছনীয় [illegible]

প্রভুজ্ঞানে ঐকান্তিক-প্রীতিসূত্রে আবদ্ধ হওয়া। বৈষ্ণবই একমাত্র প্রীতির পাত্র। বৈষ্ণব ব্যতীত প্রীতির পাত্র জগতে আর কেহ নাই। বৈষ্ণবকে বৈষ্ণব বলিয়া চিনিবার সঙ্গে সঙ্গে উহার সঙ্গ আমাদের অপূর্ব্ব প্রীতির উদয় হবে। বৈষ্ণবদর্শনে উদাসীন ব্যক্তি উদরের সঙ্গে সঙ্গে অবৈষ্ণবে প্রীতিরহিত হইয়া থাকে। যখন অপ্রাকৃত বিষয়ে ... এমন কি, বৈষ্ণবসেবার প্রতি প্রবৃত্তি উদয় হয় নাই, তখনও পর্য্যন্ত সাধুদর্শন বা সাধুসঙ্গ হয় নাই। বৈষ্ণবদর্শন বা সেবা হইলে আর দেহস্মৃতি থাকিতে পারে না। বৈষ্ণব আশ্রয়, ... তাঁহার প্রতি আত্মীয়বুদ্ধি হইলে অনাত্মা, অবসরশীল প্রাকৃত দেহ এবং দেহের বিস্তৃতিস্বরূপ আত্মীয়স্বজন-গণের প্রতি মমতা, আদর, আপন বা নিজজনবুদ্ধি থাকিতে পারে না। বৈষ্ণবের আকর্ষণে পড়িলে আর অবৈষ্ণবের—অসাধুর আকর্ষণে আকৃষ্ট হইতে হয় না।

যিনি নিজে হরিভজন করেন ও অপরকে হরিভজনের উপদেশ দেন, তিনিই বৈষ্ণব। যাঁহারা নিত্য কৃষ্ণকথা লইয়া দিন কাটান, যাঁহারা পরনিন্দা করেন না, যাঁহাদের নিকট গেলে পাপপ্রবৃত্তি থাকে না, আমার হরিবিমুখের হৃদয়েও ক্ষণিকের জন্যও হরিভজন করিবার জন্য পিপাসা জাগে, তাঁহারাই বৈষ্ণব। বৈষ্ণবের নিকট একমাত্র কৃষ্ণকথা ছাড়া অন্য কিছু পাওয়া যায় না। বৈষ্ণব অনিত্য জগদ্ভোগের কথা লইয়া দিন কাটান না, তাঁহারা কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণ বা বিলাসের কথায় কালাতিপাত করেন। বৈষ্ণব নিষ্কিঞ্চন। তাঁহার সম্বল একমাত্র কৃষ্ণকথা। বৈষ্ণবের নিকট গেলে আমাদের হরিকথা-শ্রবণের সুযোগ হয়, কৃষ্ণকথায় আকৃষ্ট হইবার সৌভাগ্য লাভ হয়। আমাদের একমাত্র কাজ অসৎসঙ্গ ছাড়িয়া দিয়া শ্রীগুরুবৈষ্ণব-পাদপদ্মে প্রতিষ্ঠিত হওয়া—তাঁহাদিগকে আপন জানিয়া তাঁহাদের পদধূলি লাভের জন্য যত্ন করা। তাহা হইলেই তাঁহারা সংশোধন করিয়া আমাদিগকে হরিভজনের সুযোগ দিবেন। আমরা যদি প্রত্যেক বৈষ্ণবের আদর্শচরিত্র লক্ষ্য করিয়া তদনুসারে চলিতে যত্ন করি, তাহা হইলে আমাদের আর অসদ্বিষয়বাসনা থাকিবে না। আমরা যদি প্রত্যেক মুহূর্ত্তে, প্রতিপদবিক্ষেপে শ্রীগুরুবৈষ্ণবের করুণা লক্ষ্য করিয়া চলি, সর্ব্বদা তাঁহাদের আনুগত্যে জীবন নির্ব্বাহ করি, তাহা হইলে আমরা তাঁহাদের কৃপাতিথি হইতে পারিব। বৈষ্ণবের নিয়ামকত্বে চলিতে পারিলে আর অসুবিধার কোন কারণ থাকে না। যদি আমাদের কোন বৈষ্ণববন্ধু না থাকেন, তাহা হইলে আমরা এই বহির্ম্মুখ জগতে আত্মরক্ষা করিয়া চলিতে পারিব না। জগৎ প্রতি মুহূর্ত্তে আমাদিগকে প্রতারিত করিবার জন্য ব্যস্ত। এমতাবস্থায় শ্রীগুরুদেব-কৃষ্ণভক্ত বলবান্ বৈষ্ণবের সঙ্গ ও কৃপা ব্যতীত মানুষ হওয়ার থাকিবার উপায় কি আছে?

বৈষ্ণবের বাহ্য আচরণে সকল সময় তাঁহাদিগকে জানা বা চেনা যায় না। অকপটভাবে তাঁহাদিগকে জানিতে গেলে আত্মনিবেদনেই প্রতিবিম্বিত হইতে হয়। তাঁহার আনুগত্য বা শিষ্যত্ব গ্রহণ করিলেই তাঁহাকে জানা যায় বা চেনা যায়। তাঁহাদের সঙ্গ করিব আর অসৎসঙ্গও ছাড়িব না, সেখানের যোগাযোগ করিব, ইহা যোগী পাদরীর বিচার। তাহাতে বৈষ্ণবের কৃপার পরিবর্ত্তে বঞ্চনাই লাভ হয়। সেজন্য আমাদের একমাত্র কার্য্য হইতেছে অসৎসঙ্গ ত্যাগ করিয়া সাধুতে বৈষ্ণবে পরিনিষ্ঠিত হওয়া। যখন আমরা বৈষ্ণবের জীবনযাত্রার প্রণালীর অনুসরণ করিব, তখনই আমাদের মঙ্গলের পথ প্রশস্ত করা হইবে। শরীর একদিন না একদিন চলিয়া যাইবেই। সুতরাং শরীর থাকিতে থাকিতে অর্থাৎ মৃত্যুর পূর্ব্বেই শ্রেয়ঃ গ্রহণ করা দরকার। এই শরীর থাকিতে আমার মঙ্গল হইবার জন্য যত্নই বুদ্ধিমানের কাজ। বৈষ্ণব কি করেন, তাঁহার ভজন কিরূপ ইহা জানিয়া তদনুসরণই বৈষ্ণবগণ যাহাতে মঙ্গলের পথে যাওয়া। অকপটে থাকিয়া খুব দৃঢ়চিত্ত হইয়া অসৎসঙ্গ বর্জ্জন করা উচিত। ভক্তি বা শরণাগতিবলেই কে কিরূপ বৈষ্ণব তাহা চিনিতে পারা যাইবে।

কনিষ্ঠাধিকারী বৈষ্ণবাবৈষ্ণব চিনিতে পারে না। বৈষ্ণব চেনা মধ্যমাধিকারীর কাজ। মধ্যমাধিকারীই যে যেমন বৈষ্ণব চিনিয়া লইয়া আদর, যত্ন ও সেবা করিতে পারেন। কনিষ্ঠাধিকারী সেবা-নিরপেক্ষ। মধ্যমাধিকারী সেবোন্মুখ। তিনিই সেবা লাভের জন্য প্রবল আর্ত্তিবিশিষ্ট হইয়াছেন। তিনিই জগতের মধ্যে আছেন। তিনি চুপ করিয়া বা পাঞ্চজন্যভাবে দাঁড়াইয়া থাকেন না। গুরুদেবের অত্যন্ত কৃপাবলেই এই অধিকার লাভ হয়। ইঁহার সেবাপ্রণালীতে কেহ বাধা দিয়া কিছু করিতে পারে না। তিনি ভগবৎক্রমের পথে ছুটিয়াছেন। তিনিই সর্ব্বক্ষণ উপলব্ধি করেন যে, তাঁহার সম্মুখে দীক্ষাগুরুপাদপদ্ম ও শিক্ষাগুরুপাদপদ্ম থাকিয়া সর্ব্বক্ষণ তাঁহাকে রক্ষা করিতেছেন।

বৈষ্ণবের অহৈতুকী কৃপা জীবের প্রতি সর্ব্বকালেই আছে। তাঁহাদের কৃপা যে কেবল অনর্থযুক্তই পাইবে, অনর্থযুক্ত পাইবে না, এরূপ নহে। অনর্থযুক্ত যদি বৈষ্ণবের কৃপা না পায়, তাহা হইলে তাহার অনর্থনিবৃত্তি হইবার অন্য কোন উপায় নাই। নিরন্তর বৈষ্ণবের কৃপাতেই জীবের অনর্থনিবৃত্তি হইয়া থাকে। বৈষ্ণবগণ সর্ব্বদাই আমাদিগকে কৃপা করেন এবং আরও কৃপা করিবার জন্য ব্যস্ত, কেবল আমাদের গ্রহণ করিলেই হইল। দুর্ভাগ্যবশতঃ আমরা অনেক সময় মনে করি যে, বৈষ্ণবগণ আমাদিগকে কৃপা করেন না, পর মনে করেন, সন্দেহের চক্ষে দেখেন। কিন্তু বাস্তবিক তাই কি? যদি তাঁহারা আমাদিগকে পর মনে করিতেন, সন্দেহের চক্ষে দেখিতেন, তবে কি আমাকে তাঁহাদের সঙ্গসুযোগ দিতেন? আমি তাঁহাদিগকে আপনজ্ঞান করি না, ভালবাসি না, সন্দেহ করি, পর মনে করি তাই মনে হয়, তাঁহারা আমাকে ভালবাসেন না, সন্দেহ করেন। তজ্জন্যই তাঁহাদিগকে দেখিলে ভয় হয়, দূরে দূরে থাকিবার ইচ্ছা হয়। তাঁহাদের কাছে গেলেই তাঁহারা আমাকে নানাভাবে, তীব্র কর্কশ-বাক্যে, বহুবিধ শাসনে, বিধিব্যবস্থার মধ্যে রাখিয়া সংশোধনের যত্ন করেন। কখনও বা আমার একটুমাত্র দোষ, যাহা গণনার মধ্যেও নহে তাহা দেখিয়াই তীব্র শাসন করেন আমার ভাবী মঙ্গলের জন্য। যাহাতে আমি আর কোনও দিন এরূপ বিন্দুমাত্র দোষের প্রশ্রয় না দিই তজ্জন্য তিনি পূর্ব্ব হইতে কখনও বা স্নেহবাক্যে আবার কখনও বা কঠোর বাক্যের দ্বারা সাবধান করেন। কিন্তু দুর্ভাগা অন্যাভিলাষী ভোগী আমি অনেক সময় তাহাতে অসন্তুষ্ট হই—চটিয়া যাই। আমি একবার চিন্তা করিয়া দেখি না যে, জগতের সকলেই আমাকে মধুর বাক্যে, মনভুলান কথায় আমার সর্ব্বনাশ সাধনে ব্যস্ত। আমি যে অশেষ দোষে দোষী তাহা ত' সত্য। আমার দোষ সংশোধন না হইলে যে মঙ্গল লাভ হইবে না, ইহাও ত' সত্য। তবে কেন আমি মঙ্গলাকাঙ্ক্ষী গুরুবৈষ্ণবগণের কঠোর শাসন দেখিয়া তাঁহাদের প্রতি বিমুখ হই? বৈষ্ণব ত' আমাদের পরমবন্ধু। যখন আমরা তাঁহাদিগকে পর মনে করি, সন্দেহযুক্ত হই, তখনই আমরা এই দুর্ভাগ্যের বাক্যে উন্নীত হই। তখন হরিভজন হইবে বলিয়া—মঙ্গললাভ করিতে পারিব বলিয়া আর আশা থাকে না। কিন্তু যখন আমরা মনে করি, বৈষ্ণবঠাকুর আমার নিজের লোক, আমি দুর্ব্বল, অনর্থযুক্ত, বহির্ম্মুখ হইলেও তিনিই ত' আমার, তাঁহাকে বাদ দিয়া আর কোথায়ও ত' আমার আশ্রয় স্থান নাই, আমাকে কেউ মঙ্গলের কথা ত' বলেন না, আমার মঙ্গল চিন্তা ত' কেহ করেন না, আমার দোষগুলি দেখাইয়া আমাকে সংশোধন করিয়া ত' মঙ্গল প্রদান করিতে কেহ যত্ন করেন না, তখন হৃদয় আশার আলোকে উজ্জ্বল হইয়া উঠে—তাঁহার শ্রীপাদপদ্মে মস্তক লুণ্ঠিত করিতে স্বতঃই প্রেরণা জাগে। তখনই তাঁহাকে পতিতপাবন অধমতারণ বলিয়া জানিয়া তাঁহার সেবা করিবার প্রবল আকাঙ্ক্ষা ও উৎসাহ হৃদয়ে পাওয়া যায়। তাঁহার দিক্ হইতে কৃপাপ্রদানের কোন ত্রুটী নাই, কেবল আমিই কৃপাগ্রহণে বিমুখ, ইহাই দুর্ভাগ্য।

বৈষ্ণবকে আত্মীয়জ্ঞানে—প্রভুজ্ঞানে আদর করিতে—সেবা করিতে হবে। আমি তাঁহাদিগকে আত্মীয়জ্ঞানে—স্বজন-জ্ঞানে কতটা সেবা করিতে পারিয়াছি, তাহা জানিবার একমাত্র উপায়—অবৈষ্ণবে অনাত্মীয়জ্ঞানে উদাসীনতার পরিমাণ অনুসারে। অসাধুতে সম্পূর্ণরূপে অনাদর না হওয়া পর্য্যন্ত সাধুতে—গুরুবৈষ্ণবে আদর হইতে পারে না। দেহ-গেহাসক্তি যতই খর্ব্ব হইতে থাকিবে, ততই শ্রীগুরুবৈষ্ণবে আসক্ত হইতে পারিব। আমরা যতই তাঁহাদের সুখের জন্য ব্যস্ত হইব, ততই স্বাভাবিকভাবে আমাদের সুখবাসনা, দুঃখ, চিত্তবিক্ষিপ্ততা কমিয়া যাইবে। সর্ব্বক্ষণ দেখিতে হইবে আমার চিত্ত কাহাকে চিন্তা করে। আমার চিত্ত যেদিকে আমিও সেদিকে। আমার মন সর্ব্বক্ষণ যাহা চিন্তা করে, আমি তাহারই সেবক। মন যাহা চিন্তা করে, আমি তাহাকেই ভালবাসি। আমি যাহাকে ভালবাসি আমি তাহারই সেবার জন্য সর্ব্বক্ষণ নিযুক্ত আছি।

আমাদের সত্যই যদি বৈষ্ণবের সহিত সম্বন্ধযুক্ত হইতে ইচ্ছা হয় তাহা হইলে অবৈষ্ণবের প্রতি মমতা সর্ব্বতোভাবে পরিত্যাগ করিতে হইবে। চৈতন্যবিমুখ নিজজনে পর জানিয়া বৈষ্ণবকে আপন জানিতে হইবে। অবৈষ্ণবে অনাত্মজ্ঞান নাই, অথচ বৈষ্ণবে আত্মীয়জ্ঞান আছে, ইহা আত্মবঞ্চনা ও পরবঞ্চনা মাত্র। অনর্থ পরিহারে, দুঃসঙ্গ পরিহারে দৃঢ়প্রতিজ্ঞ না হওয়া পর্য্যন্ত বৈষ্ণবের স্বরূপ আমাদের নিকট প্রকাশিত হয় না। তাই প্রার্থনা—

আমি ত' দুর্ভাগা অতি বৈষ্ণব না চিনি।
মোরে কৃপা করিবেন বৈষ্ণব আপনি॥
শ্রীগুরুচরণে মোরে ভক্তি কর দান।
যে চরণবলে পাই ভক্তের সন্ধান॥

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথার মর্ম্ম

(শ্রীধাম মায়াপুর, ২২শে মে, বুধবার)

শ্রীশ্রীগুরুদেবকে স্মরণ করিলে কখনও উল্টা বিপত্তি হইতে পারে না। [illegible] স্মরণ রাখিতে হইবে যে, গুরুবর্গ এ জগতের মানুষ নহেন। তাঁহারা শ্রীব্রজে সকলেই রাধা গোপী সেবাধিকারী এবং শ্রীগৌরধামে সকলেই নরদেহধারী। শ্রীগৌরধামে শ্রীসংকীর্ত্তন-রাসমণ্ডলে কেহ নারীদেহধারী নাই, সকলেই নরদেহধারী। গুরুবর্গ প্রাকৃত মনুষ্যের আকার ধারণ করিয়া জগতে আসিলেও তাঁহারা লৌকিক পুরুষ বা স্ত্রী নহেন। আমি সেই শ্রীগুরুদেবের দাস, তাঁহাদের পাদপদ্মের ধূলি। এই কথাটেই 'আমি' নহি, আমি পুরুষ বা স্ত্রী নহি। আবার গুরুবর্গ যেরূপ নিত্যসিদ্ধ, আমিও তদ্রূপ। তাঁহাদের যে-প্রকার রূপ, আমারও সেইপ্রকার রূপ। সর্ব্বদা শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজ, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর, শ্রীল গৌরকিশোর দাস প্রভু ও এক বার্ষভানবীদয়িতদাস সদ্গুরুপদের ধ্যান করিতে হইবে। সাক্ষাদ্ভাবে তাঁহাদের যে শ্রীগুরুদেবতাত্মা আমাদের নিকট উপস্থিত হইয়াছেন, তাঁহার ধ্যান করা দরকার। সর্ব্বদা এই চিন্তা করিতে হইবে—আমি তাঁহাদের শ্রীপাদপদ্মের ধূলি। তাঁহাদের নিকট আমি অবস্থান করিতেছি। আমার মস্তক তাঁহাদের পাদপদ্ম স্পর্শ করিয়া আছে। সর্ব্বক্ষণ এইপ্রকার অভিনিবেশ হইলে আর অন্য কোনপ্রকার অসুবিধা আসিয়া আক্রমণ করিতে পারিবে না। এই প্রকার ধ্যান যাহার যত বেশী হইবে, তাহার তত শীঘ্র মঙ্গল লাভ হইবে।

অভিনিবেশ হওয়া দরকার। গুরুবর্গের প্রতি আত্মনিবেশ না হইলে অনর্থ কখনও যাইবে না। 'গাও মোর গৌরচন্দ্র, প্রাণ মোর যুগলকিশোর।' শ্রী গৌরসুন্দর আমার প্রভু, আমি তাঁহার দাস এবং শ্রীযুগলকিশোরই আমার প্রাণ—এই সম্বন্ধজ্ঞান সর্ব্বদা রাখিতে হইবে। শ্রীভক্তি-সন্দর্ভ প্রবন্ধাদি বহু করিয়া পাঠ করা দরকার। শ্রীচৈতন্যভাগবত, শ্রীমহাপ্রভুর শিক্ষা, শ্রীচৈতন্যশিক্ষামৃত, শ্রীভজনরহস্য ও শ্রীহরিনামচিন্তামণি আলোচনা করিতে হইবে। শ্রীভজনরহস্য ভাল করিয়া পড়িলে তাহাদের সব পাওয়া যাইবে। অন্ততঃ রোজ শ্রীভজনরহস্য আলোচনা করিতে হইবে। 'দশমূল নির্য্যাস' একবেলায়, একপক্ষে অন্ততঃ পঞ্চাশবার পাঠ করা দরকার। দশমূল রসায়ন সহিত বার বার পান করিলেই সমস্ত অনর্থ কাটিয়া যাইবে।

শ্রীশ্রীজীবগোস্বামী প্রভুর সিদ্ধান্তানুসারে অনর্থ পাঁচ প্রকার—কুটিনাটি, অশ্রদ্ধা, কৃষ্ণেতর বিষয়ে অভিনিবেশ, অন্যাভিলাষিতা ও দম্ভ। শ্রীলভক্তিবিনোদ ঠাকুর চারি-প্রকার অনর্থের কথা বলিয়াছেন, তন্মধ্যে হৃদয়দৌর্ব্বল্যই প্রধান। সমগ্র জীবনীশক্তি কৃষ্ণসেবায় অর্পণে কার্পণ্যই হৃদয়দৌর্ব্বল্যের প্রধান লক্ষণ। দশমূলসেবনে ঐ অনর্থ দূর হইবে। দশমূল সেবন করিবার পর ভজন করা দরকার, তাহা না হইলে অনর্থ-নিবৃত্তি হয় না। সর্ব্বদা শ্রীগুরুবর্গের চিত্তবৃত্তির ধ্যান, আর নিরন্তর শ্রীহরিনাম গ্রহণ—ইহাতেই নিস্তারলাভ হইবে। একলক্ষ হরিনাম প্রত্যহ গ্রহণ করিবই, তাহাতে যত কষ্ট হয় হউক, নিজের দেহ, আত্মীয় স্বজন, সমস্ত জগৎ চুলায় যাউক, তথাপি প্রত্যহ একলক্ষ শ্রীনামকীর্ত্তন করিব—এইরূপ সুদৃঢ় নির্ব্বন্ধ থাকিবে। নিরপেক্ষ হইতে হইবে, জগতের আকর্ষণ-বিকর্ষণের মধ্যে যাইতে হইবে না বা কোন প্রকার কৌতূহল রাখিতে হইবে না।

'শ্রীচৈতন্যভাগবত' গ্রন্থখানি ভাল করিয়া পড়া দরকার। শ্রীমহাপ্রভুর লীলা সব সময় স্মৃতিপথে রাখিতে হইবে। এক জন্মে যদি বা সিদ্ধি না হয়, তাহ হইলে অস্থির হইয়া উঠিতে হইবে না, অর্থাৎ বাস্তবসত্যে কখনও সংশয়াত্মা হইতে হইবে না। একি ছেলেখেলা? কত কোটি বৎসরেও সিদ্ধ হয় না!

ব্রহ্মচর্য্য রক্ষা করিতে হইবে। [illegible] থাকা পর্য্যন্ত কিছুই হইবে না। নিরন্তর শ্রীহরিনাম করিলে মঙ্গল হইবে। কোন লেখাপড়া লইয়া থাকিলে বিশেষ সুবিধা হইবে না, উহা intellectualism হইয়া যাইবে। দৈন্য থাকা দরকার। 'আমি তোমাদের জন, কিন্তু তোমাদের কৃপা পাইলাম না'—এই বলিয়া দৈন্যভরে শ্রীপঞ্চতত্ত্বের নাম ধরিয়া ক্রন্দন করিতে হইবে; তাহা হইলে শ্রীশ্রীবাস পণ্ডিতের কৃপায় তাঁহার শ্রীঅঙ্গনে প্রবেশলাভ হইবে। শ্রীল শ্রীবাস-পণ্ডিতের দাসী দুঃখী অথবা সুখী; তাঁহার অনুগত হইলে শ্রীশ্রীবাস পণ্ডিতের কৃপা পাওয়া যাইবে। শ্রীল হরিদাস ঠাকুর, শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী, শ্রীজাহ্নবাদেবী, শ্রীমাধবী দেবী প্রভৃতি শ্রীগৌর নিজজনগণের কৃপা পাইবার জন্য কাঁদিয়া কাঁদিয়া জানাইতে হইবে।

"হা গৌর-নিতাই, তোরা দুটি ভাই,
পতিত জনের বন্ধু।
অধম পামর, আমি হে দুর্জ্জন,
কর মোরে কৃপাসিন্ধু।"

—এই বলিয়া শ্রীগৌর নিত্যানন্দকে ডাকিবে।

"ওগো শ্রীজাহ্নবাদেবী, এ দাসে করুণা।
কর আজি, নিজগুণে ঘুচাও যন্ত্রণা॥
তুমি নিত্যানন্দ-শক্তি, গোরভক্তি-গুরু।
এ দাসে করহ দান পদকল্পতরু॥
তোমার চরণতরী করিয়া আশ্রয়।
ভবার্ণব পার হ'ব, ক'রেছি নিশ্চয়॥
কত শত পামরেরে ক'রেছ উদ্ধার।
তোমার চরণে পাপী এ কাঙ্গাল ছার॥"

—এইভাবে শ্রীজাহ্নবাদেবীর শ্রীপাদপদ্মে আর্ত্তি জানাইবে। এই শ্রীগৌরধামের অতুল করুণা। যিনি শ্রীকৃষ্ণ, তিনিই শ্রীগৌর, যিনি শ্রীকৃষ্ণধাম, তিনিই শ্রীগৌরধাম। ছলে, বলে, কৌশলে—যেমন করিয়া হউক, শ্রীগৌরধামে বাসের চেষ্টা করিবে। এখানে যদি দেহপাত হয়, তাহা হইলে নিশ্চয়ই মঙ্গল হইবে। শ্রীপাদ ভক্তিবিনোদ ঠাকুরের এ বিষয়ে খুব দৃঢ় নিষ্ঠা ছিল। এখানে একটি কুটীর বাঁধিয়া ভজন করিবার চেষ্টা করা দরকার। তিনটি স্থান আশ্রয় যোগ্য—শ্রীগোদ্রুমমণ্ডল, শ্রীমায়াপুরমণ্ডল ও শ্রীপুরুষোত্তম বা শ্রীক্ষেত্রমণ্ডল। তা'র মধ্যে শ্রীগৌরধাম সর্ব্বাপেক্ষা অধিক উদার। যিনি মুক্ত, ভজনপরায়ণ, তিনি শ্রীমায়াপুরমণ্ডল আশ্রয় করিতে পারেন, বদ্ধগণের শ্রীগৌরধামই আশ্রয়নীয়।

পরস্পরের মধ্যে যেন প্রজল্প না থাকে। সংসারের কোন কার্য্য বা অন্য-অন্য প্রকার কোন ব্যাপারে বিন্দুমাত্র অভিনিবেশ রাখিবে না। ঐ সকল কার্য্য যতটা সংক্ষেপে হইতে পারে, তাহাই করা উচিত। নিষ্ঠা করাইয়া দিতে হইবে। সর্ব্বদা সেবালোকের জন্য ব্যাকুল থাকিতে হইবে। নিজের দুঃখ, কষ্ট, অভাব, অভিযোগ যতই হউক, আমাকে যদি সংসারে থাকিয়া তাহা দুঃখ সহ্য করিতে হয়, যদি জন্ম জন্ম নরকে বাস করিতে হয়, তথাপি নিজের জন্য শ্রীশ্রীগুরুকৃষ্ণকে কিছু জানাইব না—এইরূপ দৃঢ়তা থাকা দরকার। 'দৈন্য-বশে' দশমূলেও বিস্তৃত আলোচনা আছে। 'শ্রীমহাপ্রভুর শিক্ষা'ও দশমূলেরই ব্যাখ্যা। 'শ্রীচৈতন্যচরিতামৃতে'ও দশমূল আছে। শ্রীচৈতন্যচরিতামৃতের শ্রীরূপশিক্ষা ও শ্রীসনাতনশিক্ষা পাঠ করিতে হইবে।

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দররূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৸৹ আনা

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিবিধ স্তব ও গীতাদি এই গ্রন্থ সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর ভিক্ষা ৸৹ আনা

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

১৫ বর্ষ | ১ মাঘ ৪৫৪ গৌরাব্দ ১লা মাঘ বঙ্গাব্দ ১৩৪৭, ১৪ই জানুয়ারী ইং ১৯৪১, মঙ্গলবার | ২৫৮তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১ মাঘ মঙ্গলবার গৌরাব্দ ৪৫৪

দাস্যে সিদ্ধিলাভ করিতে হইবে

শ্রীচৈতন্যের দাস্য ব্যতীত জীবের মঙ্গলের উপায় নাই। ভুক্তিকাম-ভোগের প্রবৃত্তি হইতে বিরাম লাভ না করিলে মুক্তি হয় না। ভগবদ্দাস্যই প্রকৃত মুক্তি বা প্রকৃত স্বাধীনতা। ভৃত্য হইয়া প্রভুর সেবা করাই ঠিক। আমরা স্বরূপতঃ কৃষ্ণদাস। কৃষ্ণদাস্যে আমাদের সিদ্ধি লাভ করিতে হইবে। প্রভু হইবার আকাঙ্ক্ষা অবৈষ্ণবতা। সেব্যাকাঙ্ক্ষা না থাকিলে প্রভুত্বাকাঙ্ক্ষা বা ভোগ ত্যাগ-পিপাসা থাকিবে না। কৃষ্ণদাসগণের সর্ব্বপ্রকারে দাস্যাভিমান থাকিবে। ভগবদ্দাস্যে লোভই আমাদের মঙ্গল উৎপাদন করিবে। শুদ্ধবৈষ্ণব-ভগবান জীবের প্রিয়তম ও আরাধ্যবস্তু। এই প্রিয়তম-বস্তুর প্রিয় হইবার চেষ্টাই দাস্য। জগতের লোক দাস হওয়া অপেক্ষা প্রভু হওয়াকেই বেশী আদর করে। কৃষ্ণদাস্যে যে কত মাধুর্য্য ও আনন্দ আছে, তাহা দুর্ভাগ্যবশতঃ উপলব্ধি করিতে না পারিয়া নিজদিগকেই তাহারা প্রভু মনে করে। শ্রীগুরু বৈষ্ণব-ভগবানের দাস্যের মাহাত্ম্য বুঝিতে পারে না। তাহারা পরমানন্দময় ভগবদ্দাস্য ও মায়িক বস্তুর দাস্যকে এক মনে করিয়া ভ্রান্ত হয়, ভগবদ্দাস্যই যে জীবাত্মার একমাত্র বৃত্তি, তাহা তাহারা উপলব্ধি করিতে পারে না। ইহাই তাহাদের দুর্দ্দৈব। দাস্য খুব ভাল না হইলে ভগবদ্দাস হইবার সৌভাগ্য হয় না। শাস্ত্র বলেন—

অন্ন করি না মানিও দাস হেন নাম।
অল্প ভাগ্যে দাস নাহি করে ভগবান্।
আগে হয় মুক্ত, তবে সর্ব্ব বন্ধ-নাশ।
তবে সে হইতে পারে শ্রীকৃষ্ণের দাস।

ভক্তের সমস্ত জীবন সেবাময়। তিনি নিরন্তর হরিকথা কীর্ত্তন করেন। সাধু-শাস্ত্রবৃত্তি। যিনি নিজে শ্রীমদ্ভাগবত নন, তিনি শ্রীমদ্ভাগবতের কথা কীর্ত্তন করিতে পারেন না। সুতরাং শ্রীমদ্ভাগবত কীর্ত্তনকারী যাঁহারাই অন্যের উপকার করিয়া থাকেন বা ভগবৎসেবা করেন, ঐ তাঁহাদিগকেই সব দিতে হইবে। সমস্তই তাঁহাদিগেরই। তাঁহারা আমার মত ভোগ করেন না কিংবা মুক্তি-ভুক্তি অর্জ্জনের বাসনায় ভগবৎসেবাপর তাঁহাদিগকে প্রাণে কষ্ট দেন না। তাঁহারা জানেন—যে কনক হরিভজনে সাহায্য করে, তাহা অপ্রাকৃত কনক —চিন্ময় কনক, তাহার দ্বারা হরিভজন-সেবার আনুকূল্য হয়। হরিসেবার সেই অনুকূল বস্তুকে প্রাপঞ্চিকজ্ঞানে পরিত্যাগ করা ফল্গুবৈরাগ্য বা প্রতিষ্ঠাকাঙ্ক্ষা ছাড়া আর কিছু নয়।

মুক্ত না হইলে কৃষ্ণসেবার অধিকার হয় না। যাঁহার যাহা আছে, তাহার সমস্ত তিনি যদি ভগবানে অর্পণ করেন, তবেই তিনি মুক্ত। সর্ব্বস্ব সমর্পণে কার্পণ্য বা কুণ্ঠা যেখানে, সেইখানেই বদ্ধতা বা ভোগবুদ্ধতা।

আমাদের জীবন ক্ষণস্থায়ী। আমাদের নিশ্বাসের বিশ্বাস নাই। সুতরাং আমার মঙ্গল এই মুহূর্ত্তেই গ্রহণ করা কর্ত্তব্য। যে মুহূর্ত্ত মঙ্গলার্থে যে ব্যয়িত হয়, সেই মুহূর্ত্ত কাল তাহাকে বৃথা যায় না। মঙ্গলময় শুদ্ধবৈষ্ণবদের পদাশ্রয়ই মঙ্গলপ্রাপ্তি। উপায়। অনুকরণ অনুসরণ নহে। যেখানে অনুকরণে নকল করিবার চেষ্টা, সেইখানেই অমঙ্গল। মহাজনের পথে চলার নাম অনুসরণ। অনুকরণের সহিত প্রতিযোগিতা করাই ইহার বড়ই অমঙ্গল। অনুসরণ বিনম্র বিবেক আছে। তাহা আনুগত্যময়। অনুকরণ করিলেই বিপদ্।

অনুসরণ করিলে পরমমঙ্গললাভ হইবে। যিনি সর্ব্বক্ষণ চৈতন্যচন্দ্রের সেবা করেন, তাঁহার আনুগত্য করিলেই আমাদের মঙ্গল হয়।

আমাদের প্রত্যেকেরই পুরুষ না থাকা এবং স্ত্রী না থাকা কোথাও অভিমান পরিত্যাগ করা উচিত। পুরুষাভিমানে কৃষ্ণকীর্ত্তন হরিনাম হইবে না। যোষিদ্দর্শন বা যোষিৎসঙ্গ করিলে কৃষ্ণসেবা হইবে না। যেখানে ভক্তদর্শন, সেখানে যোষিদ্দর্শন নাই। বর্ত্তমানে আমাদের বিষয়দর্শন বা যোষিদ্দর্শন হইতেছে।

নিজেকে সাধু বলিয়া উপলব্ধি না হইলে শ্রীচৈতন্যাশ্রয় হয় না। শুদ্ধ ভক্ত ও ঠাকুর এক নহেন। শুদ্ধ ঠাকুর ইহাই শ্রীচৈতন্যাশ্রয় করা। সর্ব্বশাস্ত্র বর্ণন হইলে কৃষ্ণসেবা হয়। যদি কেহ সাত্ত্বিক অকপটে শ্রীগুরুপদাশ্রয় করিয়া শুদ্ধকৃষ্ণসেবা করেন, তাঁহার অবশ্যই কৃষ্ণসেবালাভ হইবে—কৃষ্ণবিষয়ে বিজ্ঞান বা জ্ঞানলাভও হইবে। যে তাহা করিতে [illegible] পারে না, সেই একান্ত নিষ্কিঞ্চন করিতে হইবে। সাধুসঙ্গ ও সেবা করিলে [illegible] পরমপুরুষ অনুসন্ধান হইবে। সাধুসঙ্গপ্রভাবে যোগ্য হইয়া ভোগত্যাগী সাধুর সঙ্গ হইলে ভগবৎসেবালাভের উদ্দেশ্য হইবে। তখন কৃষ্ণই একমাত্র যোগ্যতা ইহা উপলব্ধি হইবে। কৃষ্ণভক্তের উৎকণ্ঠা বাড়িবে। তখন তাঁহার আর জগতের মত সম্বন্ধ থাকিবে না, পরন্তু তিনি তখন নিজকে শুদ্ধ খুব বিনয় জানিতে পারিবেন, তখনই মঙ্গল হইবে।

কৃষ্ণদর্শন না হওয়া পর্য্যন্ত যে আত্মনিবেদন হইবেই। স্বদেশ-জীবন শুদ্ধ হইলে কৃষ্ণদর্শন নিশ্চয়ই হইবে। তবে আমাদের শুদ্ধভক্তের আশ্রয় করিতে হইবে। ভগবানের ইচ্ছাক্রমেই [illegible] ভগবানের কৃপা পাইলে না, তাহার দয়া না হইলে [illegible] হইবে না। তাঁহার কৃপাই মূল [illegible]। [illegible] [illegible] কৃষ্ণ হইলে [illegible] নাই, তাহা হইলে [illegible] তাঁহার [illegible] হইবে। ভগবানের [illegible] আমাদের হইবার সুযোগ হইবে [illegible]।

সাধুসঙ্গে কৃষ্ণভক্তে শ্রদ্ধা যদি হয়। ভক্তিফল 'প্রেম' হয়, সংসার যায় ক্ষয়॥

আশ্রয়ত্যাগেই—জীবগণকে প্রতিষ্ঠা দান। যিনি বা যাঁহারা প্রতিষ্ঠা চান না বলেন তিনি বা তাঁহারা অসত্য বা অস্বাভাবিক কথা বলেন। প্রতিষ্ঠাই স্বাভাবিক অবস্থান, অপ্রতিষ্ঠাই সম্পূর্ণ অস্বাভাবিক। প্রতিষ্ঠাশা যাঁহারা করেন—তাঁহারা বৈষ্ণব নহেন অথবা শুদ্ধ ভক্ত নহেন। তবে যাঁহারা প্রতিষ্ঠিত নহেন, তাঁহারা বৈষ্ণব প্রতিষ্ঠার প্রার্থী। প্রতিষ্ঠা শব্দ 'প্র' পূর্বক 'স্থা' ধাতুর 'ক্ত' করিয়া প্রতিষ্ঠা শব্দ নিষ্পন্ন। স্থা ধাতুর অর্থ—অবস্থান, স্থিতি। সাময়িক স্থিতি বা অনিত্য প্রতিষ্ঠা অনাবশ্যক; নিত্য স্থিতিই দরকার।

শ্রীনিত্যানন্দ প্রভু এখন প্রতিষ্ঠিত, ক্ষমাশক্তি বা সঙ্কর্ষণ তত্ত্ব-রূপক। তাঁহার পাদপদ্ম হইতে সকল সত্তা নিঃসৃত হইয়াছে। শ্রীনিত্যানন্দ প্রভু সর্বদাই প্রতিষ্ঠার একচ্ছত্র মালিক। শ্রীগুরুদেবই সর্বদা শ্রীচৈতন্যদেবের সংসারে প্রতিষ্ঠা। যাঁহারা শ্রীমন্নিত্যানন্দ প্রভুর শ্রীগুরুদেবের প্রকাশমূর্তি শ্রীগৌরাঙ্গদেবের শ্রীচরণে আশ্রিত, তাঁহারাই প্রতিষ্ঠিত। তাঁহারাই প্রতিষ্ঠার একচ্ছত্র মালিক শ্রীনিত্যানন্দের প্রতিষ্ঠার উত্তরাধিকারী। প্রতিষ্ঠা আমার শ্রীগুরুপাদপদ্মের সেবা করিবার জন্য তাঁহার সম্মুখেই নিরন্তর অপেক্ষা করিতেছে। তাঁহার মত প্রতিষ্ঠা জগতে আর কাহারও নাই বা থাকিতে পারে না। তাঁহার প্রতিযোগিতা করিবার সামর্থ্য কাহারও নাই। দুর্ভাগ্যবশতঃ সেই অসমোর্দ্ধ বস্তুর সহিত প্রতিযোগিতা করিতে গেলে তাহার অপ্রতিষ্ঠা, পতন অনিবার্য। নিখিল জগৎ সেবোন্মুখ হইয়া যদি সমস্বরে আমার শ্রীগুরুদেবের শ্রীচরণ আশ্রয় করেন তাহা হইলে তাঁহারাও প্রতিষ্ঠিত হইতে পারিবেন। তখনই তাঁহাদের আত্মার সৌভাগ্য হইবে যে 'গোপীভর্তুঃ পদ-কমলয়োর্দাসদাসানুদাসঃ' প্রতিষ্ঠা-ই জীবের নিত্যপ্রতিষ্ঠা এবং উহাই জীবের নিত্য কথা। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—

ভক্তের প্রতিষ্ঠা শূকরের বিষ্ঠা
জান না কি তাহা মায়ার বৈভব।
বৈষ্ণব প্রতিষ্ঠা তাতে কর নিষ্ঠা
তাহা না ভজিলে লভিবে রৌরব ॥

যাঁহারা সাধুগুরুকৃপায় জীবোপযোগী বস্তুর সন্ধানে অভিযান করিতে পারিয়াছেন, তাঁহারা পৃথিবীর প্রতিষ্ঠা প্রতিষ্ঠার অপ্রাপ্তির জন্য ভীত নহেন। তাঁহারা নির্ভয়। সেখানে তাঁহাদের স্বার্থ সর্বদা অক্ষুণ্ণ। তাঁহারা নিজেকে শ্রীগুরু-নিত্যানন্দে আশ্রিত বা সমর্পণ করিয়া মন শ্রীগুরু-নিত্যানন্দের নিকট আত্মসমর্পণ করে সেখানে অপ্রতিষ্ঠার অবকাশ নাই। কিন্তু শ্রীনিত্যানন্দ আশ্রয় হইতে বঞ্চিত

হরিকথা

(শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

শ্রীভগবান ও নাম্নী অভিন্ন। সেই নাম সেই কৃষ্ণ। কৃষ্ণই জীবের একমাত্র রক্ষাকর্তা। 'তুমি ত' রক্ষক আর পালক আমার। আমার পালনকার কেন তোমার?' ভগবান্ই জীবের একমাত্র রক্ষক, পালক, চালক, নিয়ামক ও উপদেশক। শ্রীহরি এবং সাধুগুরু-বিগলিত শ্রীহরিকথা অভিন্ন শ্রীহরির কথারূপে আমাদের শ্রবণ ও

হিতোপদেশ বৈষ্ণব-প্রাপ্ত সঙ্গীত ও গ্রন্থ হইতে হরিকীর্তন সময় কাটাইত জীব বাধা। এই শ্রীনিত্যানন্দপ্রভু স্বয় আমাদের সজ্জনগণ নিরন্তর কৃষ্ণকীর্তন করেন। তাঁহারা জানেন, কাম ক্রোধ-লোভ মোহ-মদ-মাৎসর্য্যযুক্ত হওয়াই অন্তরগ্রস্ত হওয়া—কৃষ্ণকার্যবিরোধী হওয়াই অন্তরগ্রস্ত হওয়া। কৃষ্ণপার্ষদগণের নিত্য স্মরণ হইলে এই অন্তর হইতে মুক্ত হওয়া যায়। শ্রীগুরুদেবের কৃপায় যদি একবার অভিজ্ঞতা হয় তাহা হইলে জীব বুঝিতে পারে যে, আমি কৃষ্ণদাস—এই অনুভূতি উদ্বুদ্ধ হয়, তাহা হইলে সমস্ত অন্তর নিঃশেষে নষ্ট হইয়া যায়—অন্তরের মূল পর্যন্ত পুড়িয়া ছারখার হইয়া যায়।

সর্বক্ষণ হরিকীর্তন না করিলে হরিস্মরণ হয় না। যাঁহার তাহাতে রুচি নাই, তিনি অমানী মানদ ও তৃণাদপি সুনীচ হইতে পারেন না। শ্রীমন্মহাপ্রভু "কীর্তনীয়ঃ সদা হরিঃ" বলে দীক্ষিত হইয়া সকলকে সর্বক্ষণ হরিকীর্তনের উপদেশ দিয়াছেন। এই 'সদা' শব্দের অর্থ—কামক্রোধাদির অবসর না দিয়া সর্বক্ষণ হরিকীর্তন। কামক্রোধাদিযুক্ত যাঁহার তৃণাদপি সুনীচতা নাই। সম্ভোগ বা সঙ্গ যাঁহার রুচি, তিনি আবার তৃণাদপি সুনীচ হইবেন কি করিয়া? সম্ভোগ বা কর্তৃত্বাভিমান ত' স্বাভিকতা। সেখানে দাসাভিমান 'ক' করিয়া থাকিবে? নিরন্তর ভগবদ্‌কথায় বিরোধী বা যাহাই প্রকৃত তৃণাদপি সুনীচ, অপরে নহে। যিনি তৃণাদপি সুনীচ, তিনিই কীর্তনের অধিকারী। অন্যথা তাঁহারা তৃণাদপি সুনীচ থাকিতে পারেন না। মিথ্যা অহঙ্কারের জন্য ভক্তগণকে অবজ্ঞা দেখান। তাঁহারা প্রভুর কাহারও নিকট হইতে সেবাগ্রহণ করিবার রুচি নাই। সাধুগণে হরিকথন ব্যতীত অন্য কোথাও তাঁহার অবসর নাই। তিনি—নামেতেই কৃষ্ণসেবা পাইয়া থাকেন। নিরন্তর কৃষ্ণ তাঁহার অন্তরে স্ফূর্তি পান।

নির্মলাদি করিয়া থাকেন। এই শব্দরূপী হরিই ভক্তের প্রাণ। ভক্তের চেতনজিহ্বায় হরি শব্দাকারে সতত নৃত্যপরায়ণ। শ্রীগুরু-পাদপদ্ম-কীর্তিত সত্যোক্তি শব্দই সাক্ষাৎ কৃষ্ণ। তাঁহার কীর্তিত প্রত্যেকটি শব্দই আমাদিগকে রূপ দেখাইতে পারেন। একান্ত শরণাগত জনকে শ্রীগুরুদেবের কীর্তিত হরিকথাই সকল বাধাবিপত্তি—আপদ-বিপদে রক্ষা করেন। যিনি শরণাগত ও সেবায় বুদ্ধ হইয়া প্রকৃত শ্রদ্ধার সহিত শ্রীগুরুদেবের কীর্তিত হরিকথা শ্রবণ করেন এবং সতত তাহা পালনে যত্ন করেন তিনি জগতে বড় বল লাভ করেন, বড় আশা-ভরসা পাইয়া থাকেন। কিন্তু যদি আমরা শ্রীগুরুপাদপদ্মে শরণাগত না হই, তাঁহার বাণীতে বিশ্বাসযুক্ত না হই, সে কথা স্বতন্ত্র; সেই অশরণাগত, নাস্তিককে ভগবান্ কৃপা করেন না। সে হরিকথা শুনিয়া আশা-ভরসা ও হৃদয়ে সেবোৎসাহ লাভ করিতে পারে না। তাহার নিকট হরিকথা অন্যান্য সাধারণ কথারই অনুরূপ মনে হইবে। হরিকথায় প্রীতি শ্রদ্ধাহীন বা অমনোযোগী ব্যক্তির মঙ্গল কোনকালেই হইবে না, সে ভগবৎকৃপায় বঞ্চিত হইবে।

সাধুর শ্রীমুখকীর্তিত হরিকথাই মৃতসঞ্জীবনী। সেবোন্মুখ কর্ণে সেই মৃতসঞ্জীবনী পান করিলে মৃত জড়প্রায় আমরা চেতনতা লাভ করিতে পারি। কৃষ্ণসেবাবিমুখ আমাদিগকে সাধুর কীর্তিত হরিকথাই হরিভজনের জন্য প্রেরণা দান করেন। হরিকথাই নিদ্রিত আমাদিগকে জাগ্রত করেন—হরিকথাই স্বরূপবিস্মৃত আমাদিগকে নিত্যস্বরূপে উদ্বুদ্ধ করেন—হরিকথাই সদা আমাদের চক্ষুদান করেন। বৈষ্ণবের শ্রীমুখে হরিকথা শ্রবণ করিলেই জানিতে পারি যে, আমি এ জগতের কোন বস্তু নহি, এ জগৎ আমার কেহ নহে, এ জগতে একমাত্র শ্রীগুরুবৈষ্ণব-ভগবান্ ব্যতীত আমার আর কেহ নাই, আমার প্রভুর সেবা না করিয়া ভজনের অপরাধী হওয়ায় আমাকে এই দুঃখ দুঃখময় সংসারে আসিতে হইয়াছে। হরিকথা-শ্রবণ করিলে জানিতে পারি যে, ভোগ করা আমার ধর্ম নহে, সেবাই আমার নিত্য ধর্ম; ভোগ আমার সেবা ভগবানের ধর্ম। কিন্তু সেই নিত্যধর্ম ভুলিয়া যখন প্রভুর আসন অধিকার করিতে চাহিয়াছিলাম—ভোগ করিতে ব্যস্ত হইয়াছিলাম, তখন অনধিকার চেষ্টাকারী অপরাধী আমার দণ্ডের জন্য এই মায়াদুর্গে আবদ্ধ করিয়া আধিভৌতিক তাপযুক্ত সংসার কারাগারে বাধ্য হইয়াছে। আবার এই হরিকথাই জানাইয়া দেন যে আমাদের বর্তমান বিকৃতাবস্থা হইতে স্বরূপাবস্থা লাভ করিবার

একমাত্র উপায়—স্বরূপের দেশ হইতে যাঁহারা আসিয়াছেন—যাঁহারা সেই স্বরূপের দেশের আত্মীয়-স্বজনের—স্বরূপের বৃত্তির কথা জানাইতেছেন, সেই পতিতপাবনগণের চরণাশ্রয় করা। তাঁহাদের পাদপদ্মসংলগ্ন ধূলি হইতে পারিলে অর্থাৎ একান্ত আশ্রিত শরণাগত কৃপাভিখারী হইলে তাঁহারাই কৃপা করিয়া উদ্ধার করিবেন। কাঙ্গাল হইয়া কাতরভাবে তাঁহাদের কৃপা প্রার্থনা করিলে কৃপা নিশ্চয়ই পাওয়া যায়, ইহা হরিকথা শ্রবণ করিলে জানিতে পারা যায়। একমাত্র হরিকথা-শ্রবণ-কীর্তনের আশ্রয় ছাড়া হইলে মায়া অক্টোপাশ ব্যবহারে—সে সত্তাগে লিপ্ত হইতে হইবে। শ্রীগুরুপাদপদ্মের নিকট হরিকথা শ্রবণ না করিলে শ্রীগুরু-বৈষ্ণবগণের প্রতি সন্দেহ উপস্থিত হইবেই। হরিকথা না শুনিলে সেবার উৎসাহ হইতেই পারে না। শ্রীগুরুবৈষ্ণবগণের কীর্তিত হরিকথা অতৈতব। তাঁহার শ্রবণে আমাদের পূর্বোক্ত কৈতবরাশি সমূলে ধ্বংস হয়—অনর্থের পর্বতসমূহ পুড়িয়া ছারখার হইয়া যায়।

বৈষ্ণবের শ্রীমুখ হইতে হরিকথা শ্রবণ করিলে আমরা জানিতে পারি যে, যে মুহূর্তে আমরা হরিকথা শ্রবণ হইতে বিরত হইব, সেই মুহূর্তেই মায়ার কোন না কোন প্রকার ছলনা আসিয়া আমাদের পতন ঘটাইবেই ঘটাইবে। ইহা অতি প্রত্যক্ষ সত্য। সত্যানুসন্ধিৎসু মাত্রেই একটু স্থিরচিত্তে বিচার করিয়া দেখিলেই এই কথার সত্যতা বুঝিতে পারিবেন। ধ্যানী, যোগী বা নির্বিশেষজ্ঞানিগণ হরিকথা-শ্রবণ-কালে নিজের মঙ্গলামঙ্গলের কথা বুঝিতে পারে না; তজ্জন্য নির্বিশেষ পথে অধিকতর চলিতে চলিতে শেষে আত্মহত্যা করে। কিন্তু যিনি হরিকথা-শ্রবণ করেন এবং তদনুসারে চলেন, তাঁহার ঐ সকল বিপদাপদ নাই। শরণাগত রক্ষাকর্তা হরি এবং হরিজন শ্রীগুরুপাদপদ্ম সতত সঙ্গে থাকিয়া তাঁহাকে রক্ষা করেন। কখনও সাক্ষাদ্ভাবে আবার কখনও হৃদয়ে প্রেরণা দিয়া সত্য-অসত্য, ভাল-মন্দ, কর্তব্যাকর্তব্য বুঝাইয়া জানাইয়া সুপথে চালিত করেন। হরিকথা-শ্রবণ-কীর্তনকারী কখনও কখনও সাময়িক অমনস্ক হইলেও হরিকথা-শ্রবণকীর্তন-প্রভাবে আবার হরিকথার মধ্যে প্রবিষ্ট হন এবং নিজের অমনোযোগের জন্য অনুতপ্ত হন, কখনও অনুতাপের পরে চালিত হইয়া থাকেন। হরিকথা-সাক্ষাৎ ভগবানরূপে তাঁহাকে বল দান করেন। অনেক সময় শারীরিক বল মানসিক বলের নিকট দুর্বল হইয়া পড়ে, কাম ক্রোধ লোভ ও রিপুর উত্তেজনায় উত্তেজিত মনের নিকট শারীরিক বল পরাজিত হয়, তখন শক্তিশালী পুরুষও হীনবীর্য।

চ'লা পড়ে। কিন্তু হরিকথাশ্রবণী বললেন হৃদয়ে অধিষ্ঠিত থাকিলে শারীরিক নিতান্ত দুর্বল ব্যক্তিও পৃথিবীর সমস্ত প্রলোভনীয় বস্তুর দুর্নিবার প্রলোভনের চেষ্টাকে প্রতিহত ও প্রতিরোধ করিয়া হৃদয়সাধন অটুট বাক্যে আত্মবান্ ও অপ্রতিহত উৎসাহে উৎসাহী থাকিতে পারেন।

হরিকথা-শ্রবণ-কীর্ত্তন করিলে আমরা আমাদের প্রত্যেক কার্যকে পরীক্ষা করিয়া লইতে পারি। আমরা যাহা করিতেছি তাহা হরির প্রীতিজনক হইতেছে কি নিজে স্বার্থপুষ্ট হইয়া যাইতেছে, হরি ভজনে উন্নতি লাভ করিতে পারিতেছি কিনা, না পারিলে কোথায় অন্তরায় হইতেছে, ইত্যাদি এ কথায় অবগত হইতে [illegible] পাওয়া যায়। হরিকথা [illegible] পথে আলোক স্তম্ভ স্বরূপ। সেই আলোকে আলোকিত হইতে হইবে। হরিকথারূপী সার্চ লাইটের আলোকেই আমাদের অন্তঃস্থলে লুক্কায়িত নিগূঢ় দোষ ও ত্রুটি ধরা পড়ে। এ হরিকথাহীন জীবন আত্মবঞ্চনা ও পরবঞ্চনাময়। হরিকথাই সাক্ষাৎ হরি। হরিকথাহীন—হরির সম্বন্ধ কথাবিহীন কার্য্যে হরির সুখ হয় না। সেরূপ বীরত্ব, কর্ম্মকুশলতা ও উৎসাহ অসৎ ব্যক্তিতে ও পশুপক্ষীর মধ্যেও প্রবলরূপে দেখা যায়। হরিকথা ছাড়া যাহারা কার্য্যে [illegible] তাহারা সকলেই ভোগী—ভগবানের সেবায় প্রতি বিমুখ। হরিকথা ছাড়িয়া ইতর কার্য্যে প্রমত্ত হইয়া তিনি যতই কর্ম্মবীরত্ব প্রদর্শন করুন না কেন, সে কার্য বেশী দিন স্থায়ী হইবে না এবং পরিণামে দুঃখদায়কই হইবে। কার্য্যের পূর্ণতা নাই, তাহা নির্দোষ নহে, তাহাতে নানা প্রকার দোষ—ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটব আছে। কিন্তু হরিকথায় তাহা নাই। হরিকথা সম্পূর্ণ নির্দোষ, নির্ভুল, নিষ্কপট ও পূর্ণ। হরিকথা আমাদের সকল অসম্পূর্ণতা ও দোষকে অপসারিত করিয়া আমাদিগকে নির্মল ও হরিসেবার উপযুক্ত করিয়া থাকেন। হরির সহিত সাক্ষাৎকারের একমাত্র উপায় হরিকথা, অন্য উপায়ে হরির সাক্ষাৎকার লাভ হয় না।

একমাত্র হরিকথা ব্যতীত অন্য কোন কিছুতেই পূর্ণ মঙ্গল নাই বলিয়াই শুদ্ধবৈষ্ণবগণ হরিকথা শ্রবণ-কীর্ত্তনের প্রতি অত্যন্ত নিষ্ঠাযুক্ত হইয়া থাকেন। হরিকথা শ্রবণ-কীর্ত্তন ব্যতীত অন্য কোন প্রকারে ভগবানে অভিনিবিষ্ট হওয়া যায় না। অভিনিবেশ ব্যতীত পূর্ণ অভিনিবেশ নাই। [illegible] শ্রবণমুখে অর্জ্জনের বিধি। কাজেই শ্রবণ ব্যতীত কিছু অর্জ্জন হয় না। কীর্ত্তনকারীর অবদানে কিছু অর্জ্জন করেন। শ্রবণ কীর্ত্তনেই ভগবানের পূর্ণ ইন্দ্রিয়তর্পণ হয়। এইজন্য শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

'যারে দেখ তারে কহ কৃষ্ণ-উপদেশ।'

কৃষ্ণ-উপদেশ বলিতে যাহা আত্মমঙ্গল ও আত্মসংশোধনের উপদেশ, যাহা কৃষ্ণলীলায় প্রবেশের অধিকার দান করে। সেই কৃষ্ণ উপদেশের কথা শ্রবণ-কীর্ত্তনে আমাদের [illegible] হইতে নিবৃত্তি ও সঙ্গে সঙ্গে গৌরকৃষ্ণের সম্প্রীতি হয়। সেইজন্য জীব-জগতের প্রতি অশেষ করুণাময় শ্রীগুরুবর্গ হরিকথা প্রচারের ব্যবস্থা করিয়াছেন। তাহাতে একাধারে স্ব-পর-মঙ্গল নিহিত আছে। তাহাতে আত্মসংশোধন ও পরোপকারের কথা আছে। তাই শ্রীগুরুবর্গ ঘরে ঘরে, পল্লীতে পল্লীতে, নগরে নগরে, প্রত্যেক জীবের দ্বারে মাধুকরী ভিক্ষামুখে, লোকশিক্ষা-সংযোগে, পাঠ-কীর্ত্তন-বক্তৃতা ও ব্যক্তিগত আলোচনামুখে হরিকথা কীর্ত্তনের ব্যবস্থা করিয়াছেন। তজ্জন্যই শ্রীগুরুপাদপদ্ম বৃহৎ বৃহৎ যন্ত্র প্রেস স্থাপন, দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক পত্রিকার প্রচার, শুদ্ধ গ্রন্থরাজি প্রচার করিয়া জগতের মঙ্গলের জন্য অকৃপণ হস্তে [illegible]। আমরা কৃপাময় শ্রীগুরুবর্গের এই অযাচিত করুণা গ্রহণ করিতে পারিলে—তাঁহাদের অন্তর্নিহিত উদ্দেশ্যের অনুকূলে চলিতে পারিলেই পূর্ণ মঙ্গল আমাদের করায়ত্ত হইবে।

হরিকথার প্রতি উদাসীনতা বড় ভয়ঙ্কর ব্যাপার। যাঁহারা হরিকথার প্রতি উদাসীন ব্যক্তিগণ হরিকে চাহেন না। তাঁহারা মঙ্গলের একমাত্র পথকে রুদ্ধ করিয়া দিয়া অন্য পথের অনুসন্ধান করিতেছেন। তাঁহাদের ভাগ্যে মঙ্গলের আকারে অমঙ্গলের পথই লাভ হইবে—সেবার আকারে নিজেন্দ্রিয়তর্পণই লাভ হইবে। সত্যকে মিথ্যা এবং মিথ্যাকে সত্য বলিয়া ভ্রান্তি আসিয়া মঙ্গলপথে চিরতরে বঞ্চিত করিবে। সেইজন্যই মঙ্গলদাতা শ্রীগুরুবর্গ বলিয়াছেন—"হরিকথার ক্ষতি যার সেই অভাগা"। এই আমরা যেন সর্বক্ষণ শুদ্ধবৈষ্ণবের নিকট হরিকথা শ্রবণ এবং অনুক্ষণ তাঁহাদের কীর্ত্তিত বাণীসমূহ আলোচনায় অবকাশ যাপন করিতে পারি—আমাদের প্রত্যেক [illegible] শুদ্ধবৈষ্ণব এবং তাঁহাদের অনুগমনে হরিকথা নিয়ামক হউক, ইহাই শ্রীশুদ্ধবৈষ্ণব-ভগবানের শ্রীচরণে কাতর প্রার্থনা।

সারমেয়ের স্বভাব

——:০:——

কলিকাতার বৌবাজারের একটি গলি হইতে সময় সময় কুকুরের বিকট চীৎকার উত্থিত হয়, তাহা এ বৎসর [illegible] শুনিতে পাওয়া গিয়াছিল। প্রতিবৎসর শ্রীনবদ্বীপ পরিক্রমার পূর্বে ঐ কুক্কুর নানাপ্রকার অশ্রাব্য অসৎ কথা প্রকাশিত হইয়া থাকে। এবার কলিকাতার একটী সংবাদপত্রে ও মেদিনীপুরের আর একটী বার্তায় ঐ সব প্রকাশিত হইয়াছে। [illegible] অভিনন্দিত মহাপুরুষগণকে তাহারা যত মনে ক'রয়া থাকে। [illegible] করিয়া কুক্কুর যথাযথ গর্জন করে। ইহাই সারমেয়ের স্বভাব। বর্তমান যুগে শুদ্ধভক্তি-পুনঃপ্রবর্তনের মূলপুরুষ, সমগ্র জীবে অহৈতুকী কৃপাময়, শ্রীগৌরকরুণ ঠাকুর শ্রীভক্তিবিনোদ ও সাক্ষাৎ শ্রীচৈতন্যকার্ষ্ণি ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের অলৌকিক করুণার কোন সন্ধান না পাইয়া দুর্ভাগা এক ব্যক্তি [illegible] পুস্তকাদিও [illegible] নিঃশেষ করিবার প্রয়াস করিতেছে। ঐ অপ্রাকৃতিক সাহজিক সম্প্রদায়গুলির সহিত তাঁহাদের কোন সম্বন্ধই নাই। শ্রীশ্রীনিত্যানন্দ-পার্ষদ শ্রীল উদ্ধারণ দত্ত ঠাকুরের সহিত সম্বন্ধ দূরে থাকুক, তাঁহার অপ্রাকৃত নামোচ্চারণ করিবারও যোগ্যতা নাই। উদ্ধারণ দত্তের বংশধরের সহিত শ্রীল উদ্ধারণ দত্ত ঠাকুরের [illegible] কোন সম্বন্ধই নাই। সেই নিত্যসম্বন্ধহীন সাহজিকগণ বলে, শ্রীগৌড়ীয়মঠের সেবক, [illegible] কেহ, [illegible] করিয়া [illegible]। অতএব, পাঠক নিজে নিজে কতকগুলি অপ্রাকৃত উপাধি গ্রহণ করিলেই শ্রেষ্ঠ [illegible] হইতে পারে না। অতএব জানি, এই শ্রেণীর ব্যক্তিকে যতই কিছু বলা যাউক, তাহাতে তাহাদের কিছুই মঙ্গল হইবে না; তবে শ্রীবিশ্ববিদিত শুদ্ধভক্তির অবমাননাকারী কুকুরকে সময় সময় লগুড়াঘাত না করিলে সে তাহার স্বভাববশতঃ যত্র তত্র শান্তি ভঙ্গ করিয়া থাকে।

বৌবাজারের বামাচারী প্রাকৃত সহজিয়া এক একটি বৈরাগীকে [illegible] জন্য কতই না আকাশপাতাল আলোড়ন করিতেছে, কত সভাসমিতি, বিজ্ঞাপন প্রচার, কুৎ-ধন, প্রাকৃত [illegible] পদলেহন কোনটাই ত' বাকী রাখেন নাই। কিন্তু কোনটিতেই ত' কৃতকার্য হ'তে পারিলেন না। উহাদের "কৃষ্ণশক্তি বিনা নহে তার প্রবর্ত্তন"—এই কথাটী [illegible] প্রকাশিত হইতেছে। [illegible] হরিদাস ঠাকুরের [illegible] পাইতে পারে না। সুবর্ণ-বণিককুলপাবন [illegible] অধিকাংশ নিজেদের স্ব স্ব চিত্তবৃত্তি আরোপ করে। [illegible] সেইরূপ মনে করে।

[illegible] যে সকল উক্ত [illegible] বুদ্ধি [illegible] তাহাদের জন্য [illegible] তাহাদের চিত্ত-সংশোধন ক'রবে, সুধীগণ তাহা বোধ করিবেন। "নীচ যদি উচ্চ ভাষে, সুবুদ্ধি উড়ায় হেসে।"

শ্রীনবদ্বীপে বিরহঘাটে শ্রীযমুনার তীরে একটি মন্দিরে যখন আরতির শঙ্খ-ঘণ্টা বাজিয়া উঠে, তখন কতকগুলি কুকুর প্রভাতে উচ্চৈঃস্বরে চীৎকার করিতে থাকে। উহাদিগকে প্রহার করিলেও উহারা চীৎকার পরিত্যাগ করে না। অন্তঃপুর শ্রীধাম-মায়াপুরেরও যখন আরতি হইতে থাকে, তখন সেইরূপ সারমেয়-স্বভাবসম্পন্ন কতকগুলি ব্যক্তি বৃথা চীৎকার করিয়া স্ব স্ব পৈশুন্যধর্মই প্রকাশ করে। উহারা [illegible] নহে। এ জন্যই বোধ হয়, লৌকিক কবি বলিয়াছেন,—

যঃ স্বভাবো হি যস্য স্যাৎ তস্যাসৌ দুরতিক্রমঃ।
শ্বা যদি ক্রিয়তে রাজা স কিং নাশ্নাত্যুপানহম্॥

শ্রীগৌড়ীয়মঠে হরিকথা

কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে প্রত্যহ প্রাতে শ্রীচৈতন্যভাগবত ও অপরাহ্ণ [illegible] হইতেছে। সন্ধ্যারতির পর মহোপদেশক [illegible] প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত হইতে [illegible] নিয়মিতভাবে পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। [illegible]

[illegible]

শুদ্ধভক্ত-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার

কলিকাতা। টেলিফোন নং বড়বাজার [illegible]

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী বি-এল্

(৩) শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪) শ্রীবাস অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭) শ্রীজগন্নাথ মিশ্রের সমাধি পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৮) পরমহংস নগরপুর [illegible]

শ্রীধাম মায়াপুর

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) আনন্দ-সুখদ কুঞ্জ

স্বরূপগঞ্জ, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)

সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ [illegible] (বর্দ্ধমান)

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) নবদ্বীপ গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] দাস ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গোদ্রুমপুর, নদীয়া

সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয়মঠ

স্বানন্দসুখদ (শ্রীল[illegible] ঠাকুর বিলাসস্থলী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীকৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ [illegible] (নদীয়া)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট

[illegible], পোঃ চাকদহ (নদীয়া)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২১) [illegible] গৌড়ীয়মঠ [illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ

[illegible]

সেবক—শ্রী[illegible] অধিকারী

(২৩) [illegible] গৌড়ীয়মঠ

[illegible] পোঃ [illegible] ঢাকা।

সেবক—শ্রী[illegible]

(২৪) গোপালজীউমঠ

[illegible] পোঃ [illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২৫) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible] ঢাকা।

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible]

সেবক—শ্রী[illegible] বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া আসাম

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ

পোঃ [illegible] কামরূপ, আসাম।

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

[illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩০) সনাতন গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible] ইউ. পি

সেবক—শ্রী[illegible] অধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible] পাটনা।

সেবক—শ্রী[illegible] অধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible]

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতন গৌড়ীয়মঠ

[illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রী[illegible] গৌড়ীয়মঠ [illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী বি-এ

(৩৫) [illegible] মঠ.

পোঃ [illegible] ইউ পি।

শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠ[illegible]

বিশ্রামঘাট পোঃ মথুরা

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৭) শ্রী[illegible] মঠ.

[illegible] শ্রীধাম বৃন্দাবন মথুরা

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রী[illegible]চৈতন্য [illegible]পীঠ

[illegible], বৃন্দাবন

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৯) [illegible]

পোঃ [illegible] মথুরা)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—[illegible]

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৪১) [illegible]

সেবক—শ্রী[illegible] ভক্তিলোচন

(৪২) শ্রী[illegible]

গোবর্দ্ধন, মথুরা

সেবক—শ্রী[illegible] দাস

(৪৩) [illegible] বিহারী মঠ

[illegible], মথুরা।

সেবক—শ্রী[illegible] দাস

(৪৪) গোপীবিহারী মঠ—[illegible].

পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৫) [illegible] গৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], [illegible], পাঞ্জাব।

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ

[illegible]

সেবক—শ্রী[illegible] অধিকারী

(৪৭) [illegible] গৌড়ীয়মঠ

[illegible] রোড, [illegible]

[illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ গৌড়ীয়মঠ

[illegible], মাদ্রাজ

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible], মাদ্রাজ

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫০) [illegible] গৌড়ীয়মঠ

[illegible] পোঃ [illegible] (পুরী)

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(৫১) [illegible]

[illegible] পোঃ পুরী উড়িষ্যা

সেবক—শ্রীগৌরাঙ্গ[illegible] ব্রহ্মচারী

(৫২) [illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৩) [illegible]

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৪) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], পুরী

সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠ[illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৭) শ্রী[illegible] গৌড়ীয়-[illegible]

পোঃ [illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible] [illegible]

সেবক শ্রী[illegible] দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible]

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬০) [illegible]

পোঃ [illegible] (বর্দ্ধমান)

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible], [illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] গৌড়ীয়মঠ

[illegible] ষ্ট্রীট, [illegible]

সেবক—শ্রীবনবিহারী ব্রহ্মচারী

(৬৩) [illegible] গৌড়ীয়মঠ

[illegible]

[illegible]

[illegible]

সেবক—[illegible]

(৬৪) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ [illegible]

[illegible], [illegible] ইউ-পি)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠাশ্রম

[illegible], চট্টগ্রাম

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,

[illegible] (পঞ্জাব)

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,

শ্রীমায়াপুর (নদীয়া)

সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,

[illegible] (ইউ, পি)

সেবক—শ্রীউপেন্দ্র[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭১) [illegible]

সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্, কটক

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য

চিকিৎসালয়

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-কর্ত্তৃক সম্পাদিত

শ্রী[illegible] কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(:*:):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	।০
" " ইঞ্চি ২৲			১।০	১৲
সিকিকলম ৫৲		৪৲		৩৲
অর্দ্ধকলম ৮৲		৬৲	৬৲	৫৲
এক কলম ১৫৲			১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০
" এক কলম ৩৫৲	

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৵০ ; বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

অবতার ও অংশ

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিপূর্ণ আলোচনা ব্যাপারে বিরল। ইহাতে বহু চিত্র (chart দ্বারা) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র দুই আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুর প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন তাহা এবং গ্রন্থের অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—মধুর প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, বাংলা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ সুযুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ, ইহাতে শাস্ত্রভক্তিসিদ্ধান্তানুসারে আমাদের মানবগণের সম্প্রদায়, সমন্বয়, ধর্ম্মমত, আচার, ব্যবহার, প্রভৃতি ও ভক্তগণের আত্মমর্য্যাদা-নিরূপণসূচক শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবের উচ্চ সাধারণ ধর্ম্মসমূহ, ভক্তিগণের মহাসম্মেলন প্রভৃতি প্রদর্শিত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মধুর প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীগৌড়ীয় মঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

——:(*):——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

——:*:——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্বাস্থ্যকর স্থান, মনোরম বাতাবরণ—ধর্ম্মানুমোদিত শিক্ষা ও বোর্ডিং এর সুবিধা আছে। অভিজ্ঞ শিক্ষক ও শিক্ষয়িত্রী। দরিদ্র ছাত্রদের জন্য বিনা বেতনে পড়িবার ব্যবস্থা আছে। খোরাক ও বেতনাদির মাসিক হার ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৩।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল লাভ করিয়াছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি গভর্ণমেণ্ট বৃত্তিলাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট উচ্চ বিদ্যালয়, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত: এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সংক্ষিপ্তভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব গোরব বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও তাঁহার শিক্ষা, সিদ্ধান্ত ও চরিত্র সাধারণভাবে সংক্ষিপ্ত হইয়াছে। এই গ্রন্থ অপূর্ব্ব ভক্তিশাস্ত্রীয় গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ৩ টাকা। প্রাপ্তিস্থান—শ্রীযুক্ত ম্যানেজার গৌড়ীয় মিশন, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিশ্বজনীনতার দিক দিয়া জগতের অন্যান্য শাস্ত্রগ্রন্থ অপেক্ষা শ্রেষ্ঠ ভক্তিগ্রন্থ। শ্রীমদ্ভগবদ্গীতার মূল, অন্বয়, বঙ্গানুবাদ ও টীকা সহ এই অপূর্ব্ব সংস্করণ প্রকাশিত হইয়াছে। ইহার সম্পাদক ... [illegible] ... মূল শ্লোকের সহিত গীতার পঠন-পাঠনের সুবিধার জন্য প্রত্যেক অধ্যায়ের শেষে সংস্কৃত শ্লোক ও শব্দার্থ প্রভৃতি দেওয়া হইয়াছে। শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের সারার্থবর্ষিণী টীকা, শ্রীবলদেব বিদ্যাভূষণের টীকা, এই টীকার সহিত অনুবাদ, মূল-শ্লোকের অন্বয় প্রভৃতি এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থ পাঠ করিয়া সকলেই প্রভূত লাভবান্ হইতে পারিবেন সন্দেহ নাই। ... [illegible] ... আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ... [illegible] ... ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান—শ্রীযুক্ত ম্যানেজার গৌড়ীয় মিশন, শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদবাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা [illegible] টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অনুবাদ, গাথা, প্রত্যেক পৃষ্ঠায় বিষয়-নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও [illegible] সূচী [illegible] সহিত গৌড়ীয়মঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের একটী অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে মুদ্রিত।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্র বর উপযোগী করিয়া লিখিত গদ্যকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের [illegible] ও চিত্র। ভিক্ষা বার আনা। ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ [illegible], [illegible], পোঃ [illegible] ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৫৬	৬-২১	৭ ১৯	১১-৬	[illegible]	১৬-১৬	১৭-৫০	২২ ৪	
[illegible]	৪-৫৬	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩-৫০			২২	
রাণাঘাট পৌঃ	৬-১৭	৮ ১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-৫৮	
(বদল) ছাঃ	৬-২৮	৮-৭	৯-৫৩	১৩-৭৭	১৫-৫	[illegible]	১৯-৪০	১-৩৬	
[illegible] পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১০-৫৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-৩১	
(বদল) ছাঃ ৭-১০		১০-৩১		১৭-৩৮		২০-৩০			
নবদ্বীপঘাট পৌঃ ৭-৫৮		১০-১৯		১৮-১০		২০-১০			

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
[illegible] ১১-১৮
রাণাঘাট পৌঃ ১-৪৪
ছাঃ [illegible]
শান্তিপুর পৌঃ ১৩ ২৮
(বদল) ছাঃ ১৩ ৫০ (ন্যারো গেজে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-১৪

ডাউন

রবিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬ ১	[illegible]	১১-৪	১৭-২২	[illegible]	[illegible]		
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪৪	১১-৪১	১৫-০	১৬ ৭৬	১৯ ২১		
ছাঃ	৭-১০	৮ ৫১	১১-৫৭	১৫-১৮	১৬ ৫৭	১৯-৩২	২০-৪৬	[illegible]
রাণাঘাট পৌঃ	৭ ৪৫	৯-২৫	১২ ২৬	১৫-৫০	১৭-৪০	২০-৩	২১ ১৯	৪ ১০
(বদল) ছাঃ	৭-৫৩	৯ ৩০	১২-৬৬	৫-৫৫	১৭-৪২	[illegible]	২১-৫৫	৪ ১৮
[illegible]		১১-৮		১৭-৩৬	[illegible]	২ -২৬	২৩-১	
কলিকাতা পৌঃ	৯ ২১	১১ ২০	১৪ ১৬	১৭ ৫৮	২২-১০	২৩ ২৫	৬ ১৬	

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্‌শ কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক বিদ্যানুরাগী [illegible] পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল [illegible] সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এবং এ যুগের শ্রেষ্ঠ গবেষণা এবং শক্তিশালী লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য প্রাচীন প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়সূচি (contents ও গ্রন্থের শেষভাগে বর্ণক্রমে সজ্জিত সূচিপত্র ও শব্দকোষ (Index Glossary) সহ প্রথমাদি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা নদীয়া

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এইতে নিত্য একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৬।এ কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর [illegible] অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া জনিত জীর্ণ শীর্ণতার মৃত্যু, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] কাছে [illegible] থাকে। [illegible] প্লীহা সংযুক্ত [illegible] এবং নূতন পুরাতন সকল [illegible] মোচন করিয়া [illegible] শরীর সবল করে [illegible]। ছোট বোতল [illegible] বড় বোতল ১৷০ আট আনা। পাইকারী দর স্বতন্ত্র—

—[illegible] রোড, কলিকাতা।

—বেহালা, ২৪ পরগণা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

REGD NO 154

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

শ্রীগীতাভাষ্যে শ্রীভক্তি-বিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীভগবদ্গীতার তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দররূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৸০ আনা

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

[illegible] এবং [illegible] পদ্যে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ আনা

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৫ বর্ষ ৩ মাধব ৪৫৪ গৌরাব্দ ৩রা মাঘ বঙ্গাব্দ ১৩৪৭, ১৭ই জানুয়ারী ইং ১৯৪১, বৃহস্পতিবার ২৫৯-৬০তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ মাধব আদি [illegible] গৌরাব্দ ৪৫৪

হরিকথা-প্রসঙ্গ

——::০::——

ভক্ত ও ভগবানের বিহারস্থলীই তীর্থ। ভগবদ্ভক্তগণ অতীর্থকে তীর্থ ও পাপমলিন তীর্থকে তীর্থীকৃত করিবার জন্য তীর্থভ্রমণের লীলাভিনয় করেন। সুকৃতিশালী জনগণ ভক্তদের সঙ্গে ভগবানের সেবানন্দের জন্য তীর্থযাত্রা করেন। আর পাপী লোক সাধারণ পাপক্ষালন ও কত [illegible] অর্জ্জনের জন্য তীর্থগমন করিয়া থাকে। সাধুসঙ্গ তীর্থগমনের ফল। তীর্থে গিয়া যদি সাধুসঙ্গ না হয়, তবে তাহাতে পণ্ডশ্রমই সার হয়। তাই শ্রীল নরোত্তম ঠাকুর গাহিয়াছেন,—

তীর্থযাত্রা পরিশ্রম, কেবল মনের ভ্রম,
সর্ব্বসিদ্ধি গোবিন্দচরণ।
দৃঢ় বিশ্বাস হৃদে ধরি, মদ-মাৎসর্য্য পরিহরি
সদা কর অনন্য ভজন॥
কৃষ্ণভক্ত-সঙ্গ করি, কৃষ্ণভক্ত-অঙ্গ হেরি,
শ্রদ্ধান্বিত শ্রবণ কীর্ত্তন।
অর্চ্চন, বন্দন, ধ্যান, নবভক্তি মহাজ্ঞান,
এই ভক্তি পরমকারণ॥

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদও বলিয়াছেন,

তীর্থফল সাধুসঙ্গ, সাধুসঙ্গে অন্তরঙ্গ,
শ্রীকৃষ্ণভজন মনোহর।
যথা সাধু তথা তীর্থ, স্থির করি নিজ চিত্ত,
সাধুসঙ্গ কর নিরন্তর॥
যে তীর্থে বৈষ্ণব নাই, সে তীর্থেতে নাহি যাই
কি লাভ হাঁটিয়া দূরদেশ।
যথায় বৈষ্ণবগণ, সেই স্থান বৃন্দাবন,
সেই স্থানে আনন্দ অশেষ॥

মানবজন্ম বড়ই দুর্লভ। এই জন্মে সাধুসঙ্গলাভ দুর্লভ হইতেও দুর্লভ। সুতরাং কৃষ্ণকৃপায় সাধুসঙ্গের সৌভাগ্য যিনি একবার পাইয়াছেন, তিনি যেন চাঞ্চল্যবশে উহা হইতে বঞ্চিত না হন। মানবের ভাগ্য যখন লাভ হয়, তখনই সে ভজনচতুর হইয়া অশোক-অভয়-অমৃতাধার ভগবানের শ্রীপাদপদ্মসেবায় জীবন উৎসর্গ করিতে পারে। জগতের লোক ভোগ আর ত্যাগ ছাড়া আর কিছু জানে না। ভক্তির কথা তাঁহাদের পাপমলিন চিত্তে স্থান পায় না। কিন্তু সাধুগণ ভোগ ও ত্যাগ উভয়কেই বর্জ্জন করিতে বলেন। ইন্দ্রিয়দ্বারে বিষয়গ্রহণই ভোগ। এই ভোগে আপাত ক্ষণিক সুখ থাকিলেও পশ্চাতে দুঃখের পরিমাণ সুখ অপেক্ষা অনেক বেশী এইজন্য এ জগতে ভোগ অপেক্ষা ত্যাগের আদর বেশী। ত্যাগ বা বিরাগটী খারাপ নয়, তবে ত্যাগ বা বিরাগে নেতি নেতি করিয়া ত্যাগ করিতে গিয়া যেখানে ভগবান্ ও ভগবৎসেবা পর্য্যন্ত বাদ পড়িয়া যায়, সে ত্যাগ লোপেরই আর একটা দিক্। লোক যেমন সংকোচ বশতঃ অন্তরে ভগবদ্বস্তুর কথা বলিতে যেয়ে না পারে জীবকে ভগবদ্বিমুখ অন্ধকূপে ফেলিয়া দেয়, তাহা [illegible] সেই প্রকার সকল বস্তুই যে ভগবানের সেবোপকরণ তাহা বুঝিতে অবসর দেয় না, পরন্তু ভগবৎসম্বন্ধী বস্তুর প্রতি অবজ্ঞা আনয়ন করে। সুতরাং ভোগী বা ত্যাগী না হইয়া ভক্তের পদানুসরণ করাই দরকার। ভোগ ও বিরাগ ঠিক না হইলে আমরা কখনও ভোগ, আবার কখনও ত্যাগের পাল্লায় পড়িতে বাধ্য। যেখানে ভক্তসেবানুকূল বস্তু বা বিষয়সমূহের প্রতি বিরাগ—হরিসেবার প্রতি বিরক্তি আসে, সেখানে আত্মবঞ্চনী ফল্গুবৈরাগ্য স্থান পায়। সেইজন্য ভক্তগণ সর্ব্বক্ষণ সেব্যের সেবায় নিযুক্ত থাকেন। তাঁহারা ভক্তপদধূলি-বিলাসী, তাঁহারা শুদ্ধ বা যুক্তবৈরাগ্যে যাইবার জন্য বিষয় ভোগানুকূলে গ্রহণ করেন না, বা ত্যাগানুকূলে ত্যাগও করেন না, কেবল সেবানুকূলে গ্রহণ ও প্রতিকূলে ত্যাগ করেন। তাঁহারা বলেন, ভগবানের সেবার উদ্দেশ্যে জীবনধারণকালে যাবতীয় বস্তু ভগবানের সেবোপকরণজ্ঞানে ভজনের অনুকূলে বিষয়গ্রহণই বিরাগ। সেবাই তাঁহাদের প্রয়োজন ও মুখ্য উদ্দেশ্য। অনাসক্তভাবে বিরাগবিশিষ্ট হওয়া সত্ত্বেও যাঁহারা যথাযোগ্য বিষয়গ্রহণপূর্ব্বক ভগবৎসেবা করিলে শ্রীকৃষ্ণ বাধ্য বা রতি উৎপন্ন হয়। যেখানে কৃষ্ণের প্রতি অনুরাগ সেইখানে কৃষ্ণেতর বিষয়ে বৈরাগ্য স্বাভাবিক ভাবেই হইয়া থাকে।

অতএব: দেহী-দেহ নহি দেহ আমাদের সম্পদ। সে দেহ দুই প্রকার—স্থূল ও সূক্ষ্ম। হাতের দেহ বা স্থূলদেহ ক্ষিত্যাদি নির্ম্মিত, আর চিত্তের বাসনাময় দেহ বা সূক্ষ্ম দেহ মন-বুদ্ধি অহঙ্কার-নির্ম্মিত। দেহী বা আত্মা এই দুইপ্রকার আবরণের মধ্যে বর্ত্তমানে অবস্থিত আছে। আত্মা চৈতন্য বস্তু—আত্মা চিদ্বৈচিত্ত্য ভগবানের অণুচিৎ অংশ মাত্র। নিজ স্বরূপের কথা মনে থাকিলে আর বিষয়গ্রহণ করিবার ইচ্ছা হয় না পরন্তু প্রত্যেক বস্তুর অন্তরালে—বিষয়ের অন্তরালে যাঁর প্রভুকে বিরাজিত দেখিয়া কৃষ্ণকার্ষ্ণ দর্শনলাভের সৌভাগ্য হয় যেখানে নিজেকে 'ভক্তের দাস' বুদ্ধি, সেইখানেই সেবা, আর যেখানে ভোক্তৃবুদ্ধি সেইখানেই বিপজ্জনক ভোগ বা সন্ন্যাসের কথা।

— —

বৈরাগ্য বিনষ্টই পূর্ব্বই [illegible] উহা যুক্তবৈরাগ্য নয়। বৈরাগ্যের অভাব অনুবিলাস বা আত্যন্তিক বৈরাগ্য উভই অনাবশ্যক। আত্যন্তিক বৈরাগ্যে ভগবদ্বস্তুর প্রতিও বৈরাগ্য আসিয়া যায়। সেইজন্যই উহা খারাপ। প্রাকৃত বৈষ্ণব সাধকমাত্রেরই নিয়মাগ্রহের মধ্যে [illegible] থাকা দরকার [illegible] [illegible] করিবে। [illegible] [illegible] না থাকা আছে [illegible] কিন্তু [illegible] [illegible] না [illegible] [illegible] করিয়া [illegible] [illegible] কেবল আনুষ্ঠানিক ক্রিয়া-

সাধুসঙ্গে কৃষ্ণভক্ত্যে শ্রদ্ধা যদি হয়। ভক্তিফল 'প্রেম' হয়, সংসার যায় ক্ষয়॥

অকালে মত্ত হইয়া পড়েন, তাহা হইলে তাহা তাঁহার স্বেচ্ছাচারী কার্য্য হইয়া যাইবে। গুরুবৈষ্ণব-ভগবানের সুখের দিকে—সেবার দিকে তীব্র লক্ষ্য থাকিবে। সেবার অনুকূলে নিয়মপালন করিতে হইবে, নিয়ম বা বিধি লঙ্ঘন করিতে হইবে না। নিয়ম বা নিষেধ-অঙ্গীকার সেবা প্রতিকূল হইলে, নিয়ম বা নিষেধকে অতিক্রম করিয়া সেইরূপ সেবার আনুকূল্যে নিয়োগ করুন। প্রয়োজন ঠিক না হইলে আদেশ বা নিষেধ ব্যতিব্যস্ত হয় না। সুতরাং লক্ষ্য বা উদ্দেশ্য আমাদের আগে ঠিক সেবা নির্দ্দেশ—গুরুবৈষ্ণব-ভগবানের সুখবিধান উদ্দেশ্যে নিয়ম থাকিবে। সেবা লঙ্ঘন করিয়া নীতিপালনের নিয়ম সম্পূর্ণ ফল্গু-চেষ্টা। শ্রীভগবানের সাক্ষাৎ পরিচর্য্যার জন্য যদি আমাকে কোটী কোটী বার নির্দ্দিষ্ট সংখ্যক হরিনাম পাঠ পরিত্যাগ করিতে হয়, নির্দ্দিষ্ট ব্রতপালন পরিত্যাগ করিতে হয়, নরকবরণ করিতে হয়, তথাকথিত অপরাধ স্বীকার করিতে হয়, তাহাও আমি করিতে প্রস্তুত, এরূপ সেবা-নিষ্ঠার নিকট নিষ্ঠা বা নিয়মই প্রকৃত গুরু-নিয়ম বা সেবা-নিয়ম। নিয়ম-আগ্রহের ন্যায় নিয়ম-অগ্রহও ভক্তির প্রতিকূল।

যাহার জীবন আছে, তাহাকে জীব বলা যায়। জীব সৃষ্ট বস্তু নহে। অজ, নিত্যকাল বর্ত্তমান। জীব—সেবক আর ভগবান্ জীবের সেব্য। জীব ভগবানের শক্তিপরিণত বস্তু। জীব—বস্তু, অবাস্তব আকাশকুসুম নহে। যেখানে ভগবানের সেবা নাই, সেইখানেই জীবের বদ্ধাবস্থা। শ্রীকৃষ্ণচৈতন্যের দাসগণের অনুভাবনায় তত্ত্ব পাইলে নিজের কৃষ্ণদাসত্ব স্বরূপটী উপলব্ধি হয়। ভগবানের সেবা না করিলে শান্তি পাওয়া যায় না। নাম দ্বারাই ভগবানের পূর্ণসেবা হয়। অবিমিশ্রভাবে ভগবৎসেবা একমাত্র কীর্ত্তনের দ্বারাই হইয়া থাকে। অকপটভাবে প্রার্থনাও কীর্ত্তন। সাধুর নিকট কৃষ্ণকথা শ্রবণ করিলে কর্ত্তাভিমান নষ্ট হইয়া 'আমি দাস' এই বিচার প্রবল হয়। এই দাস-অভিমানই প্রকৃত স্বাস্থ্য।

———

দেহী ও দেহ এক নহে। 'আমি' 'আমার' সহিত এক হইতে পারে না। আমার শরীর ও আমি এক বস্তু নহে। দেহ ও দেহীকে একাকার মনে করা ভুল। দেহী দেহকে পরিত্যাগ করে। ভোগী হওয়া বা ত্যাগী হওয়া এ দুইটাই ব্যারাম। ভোগীও রোগী, ত্যাগীও রোগী। ভক্ত একেবারে সুস্থ। কৃষ্ণের নিকট সুখ বিধান—সাধুর সঙ্গই এই রোগের চিকিৎসা। সেবাময় অবস্থাই প্রকৃত শান্তি বা সুস্থাবস্থা।

———

যৎকিঞ্চিৎ

মনোনিগ্রহের নামই সাধন। মন চঞ্চল। তাহার স্থিরতা নাই। সে সর্ব্বক্ষণ একটা চিন্তা লইয়াই আছে। মন—মননধর্ম্মযুক্ত অর্থাৎ চিন্তাশীল। স্মরণই তাহার কাজ। আমাদের মন বর্ত্তমানে সর্ব্বক্ষণই অসচ্চিন্তায় ব্যস্ত হইয়া আছে, সচ্চিন্তা সে আদৌ করে না। যে মন কৃষ্ণচিন্তাপর তাহা জড়মন নহে, তাহাই আত্মা। সর্ব্বদা কৃষ্ণসেবাচিন্তাপর আত্মাই কৃষ্ণভজন করে, চঞ্চল মন কৃষ্ণসেবা করিতে পারে না। মনের দ্বারা কখনও ভোগ আবার কখনও ত্যাগ অর্থাৎ কখনও গড়া আবার কখনও ভাঙ্গা হইতে পারে মাত্র, নিত্যমঙ্গল লাভ কখনই হইতে পারে না। আমরা মনোধর্ম্মী থাকাকাল পর্য্যন্ত গুরু-বৈষ্ণবে সন্দেহ যায় না। সেইজন্য গুরু-বৈষ্ণবগণ মনের সঙ্গ ত্যাগ করিতে বলেন। চঞ্চল মনের ভ্রান্তির মধ্যে ভগবান্ নাই। ভগবান্ ভ্রান্তি বা ভ্রমের বস্তু নহেন। সুতরাং সকল বিষয়ে মনের বাধ্য হইলে চলিবে না। হরিভজন করিতে হইলে মনকে নিয়মিত করিতে হইবে। আমার মনের ভাল লাগাকে ভক্তি বলে না। ভোগী মন চায় সতত ভোগ। সুতরাং প্রত্যক্ষ বা প্রচ্ছন্ন ভোগই তাহার ভাল লাগে। এই মনকে নিয়মিত করিতে হইলে সাধুসঙ্গ করিতে হইবে। সাধুর নিকট মনের প্রভাব থাকে না। সাধু অসীম শক্তিশালী। তাঁহার নিকট শরণাগত হইয়া অবস্থান করিলে মনের বিরুদ্ধ ব্যাপারের উপর কর্ত্তৃত্ব হয় না। সাধুর নিকট শরণাগত হইয়া বৈকুণ্ঠ-শব্দ শ্রবণ করিলে সেই বৈকুণ্ঠশব্দ তাঁহার নিজস্ব প্রভাব বিস্তার করিয়া জীবের সমস্ত দেহকে নিয়মিত করিয়া থাকেন। বিষ্ণুপদে সম্যগ্রূপে আত্মনিবেদন না হইলে বিষ্ণুর মায়া আমাদের উপর প্রাধান্য বিস্তার করিবেন না।

মানুষের যে কাল পর্য্যন্ত কর্ম্মাদিতে স্পৃহা থাকে, সে কাল পর্য্যন্ত হরিকথায় শ্রদ্ধার উদয় হয় না। সে কাল পর্য্যন্ত হরিকথা-শ্রবণেই যে সমস্ত মঙ্গল নিহিত, এ কথা কিছুতেই উপলব্ধ হয় না। হরিকথায় যাঁহার শ্রদ্ধা হইয়াছে, তিনিই ভাগ্যবান। হরিকথায় শ্রদ্ধাহীনতা অত্যন্ত দুর্ভাগ্যের লক্ষণ। হরিকথার প্রতি বিমুখ থাকিয়া মঙ্গল হয় না। সেইজন্য সমস্ত উত্তম কার্য্য পরিত্যাগ করিয়া সর্ব্বাগ্রে হরিকথার প্রতি শ্রদ্ধাযুক্ত হওয়া একান্ত প্রয়োজন। হরিকথা-শ্রবণে উদাসীন হইয়া অন্য পুঁথিনাটির দিকে মন দিলে বৃথা সময়-ক্ষেপ হইবে মাত্র। প্রত্যেক জন্মে ইন্দ্রিয়তৃপ্তির অবকাশ হবে, কিন্তু অন্য জন্মে ভগবৎসেবার এরূপ সুযোগ হইবে না।

হরিসেবা ব্যতীত অন্য কোনও কার্য্যে আমাদের এক মুহূর্ত্তও নষ্ট করা উচিত নহে। একমাত্র হরিভজনই করিব, তাহা ছাড়া আর কিছুই করিব না—অকপটে এরূপ চিত্তবৃত্তিবিশিষ্ট হইলে এবং ঐকান্তিক গুরুবৈষ্ণবচরণে সর্ব্বক্ষণ কৃপাভিক্ষা করিলে হৃদয়ে প্রচুর বল ও সেবোৎসাহ লাভ হইবে। সরল নিষ্কপট হইলে ভগবান্ সে সুযোগ দিবেন। কেবল আমরা কৃপার্থী হইলেই হইল।

প্রত্যেক জীবাত্মার বৃত্তি—পরমাত্মার কৃপাভিক্ষা করা বা আশ্রয় প্রার্থনা করা। কিন্তু বর্ত্তমানে জীবের এই স্বরূপের বৃত্তি অপরাধফলে মহামায়া দ্বারা আবৃত ও বিকৃত হইয়াছে। হরিগুরুবৈষ্ণবচরণে অপরাধফলে জীব আজ নিজ স্বরূপ ভুলিয়া গিয়াছে। অপরাধী জীব আজ কৃষ্ণসেবা ভুলিয়া ভোগে প্রমত্ত হইয়াছে। অপরাধ অত্যন্ত প্রবল থাকায় জীব আজ গুরুবৈষ্ণব-ভগবান্ শ্রীনাম, শ্রীধামের সাক্ষাৎকার ও সেবাসুযোগ পাইয়াও সেবা করিতে পারিতেছে না। দৈববশতঃ তাহার নিত্য নিজজনগণের নিকটে আসিয়াও সন্দেহক্রমে পুনরায় দূরে সরিয়া যাইতেছে। অপরাধ না যাওয়া পর্য্যন্ত জীবের আর রক্ষার উপায় নাই। তাহার নিজজনগণ কৌশল করিয়া তাঁহাদের স্বরূপ প্রকাশ করিলেও দুর্ভাগা জীবের তাঁহাতে বিশ্বাস হইতেছে না। তাই তাহার প্রভুগণ কখনও কখনও দূরে সরিয়া গিয়া তাহাকে নানাবিধ কষ্টের মধ্যে ফেলেন, যদি কষ্ট পাইয়া তাঁহাদের কথা স্মরণ করে, তাঁহাদিগকে প্রভু জানিয়া তাঁহাদের চরণে পতিত হয়। কিন্তু কোন কোন হতভাগ্য জীব তাহাতে আরও বেশী নাস্তিক হইয়া পড়িতেছে। কদাচিৎ কেহ বা তাঁহাদিগকে প্রভু বলিয়া জানিতে পারিয়া তাঁহাদের নিকট নিজ দুর্দ্দৈবের কথা জ্ঞাপন পূর্ব্বক তাঁহাদের কৃপা ভিক্ষা করেন এবং তাঁহাদের অশোক-অভয়-অমৃতাধার শ্রীচরণে আশ্রয় লাভ করিয়া চিরশান্তিতে নিমজ্জিত হইবার সৌভাগ্য পান। জীবের স্বরূপবিস্মৃতি এই যে অপরাধ, ইহা হইতে নিস্তারের একমাত্র উপায় ক্রন্দন করিতে করিতে পতিতপাবনগণের শ্রীচরণে পতিত হইয়া স্বকৃত অপরাধের ক্ষমাভিক্ষা করা। আমাদিগকে এই বিপদ্ হইতে উদ্ধার করিবার জন্যই গুরুবৈষ্ণবগণের এ জগতে আগমন। তাঁহাদের আশ্রয় ভিক্ষা করিলে নিশ্চয়ই রক্ষা পাওয়া যাইবে, নতুবা হরিবিমুখতা-রূপ মৃত্যু অনিবার্য্য।

প্রভুদের নিকট কৃপা-প্রসাদ ভিক্ষা করা দরকার। যেমন আহার না করিলে এই জড় শরীর বেশীদিন থাকে না, সেইরূপ প্রভুর প্রসাদ গ্রহণ না করিলে স্বতোভাবে বাঁচিয়া থাকা সম্ভবপর নহে। গুরুবৈষ্ণব-ভগবানের অহৈতুকী কৃপাই চেতনের খাদ্য। তাহাতেই চেতনের বল বৃদ্ধি হয়। তাঁহাদের একটু শুভদৃষ্টি হইলেই জীবের চিদ্বৃত্তি ভক্তি উন্মেষণে বাড়িতে থাকে। সেব্যের আনন্দবিধানই সেবা। সেব্য পরিতুষ্টরূপে আস্বাদিত হইয়া যাহা দেন, তাহাই প্রসাদ। প্রসাদ অর্থে কৃপা বা অনুগ্রহ। এই প্রসাদ দুই প্রকার অন্নরূপী প্রসাদ ও শব্দরূপী প্রসাদ। এই প্রসাদ খাওয়া বা ভোগ করা যায় না। প্রসাদ সেব্য—পূজনীয়। প্রসাদের সেবা করা যায় বা সম্মান করা যায়। ভোগবুদ্ধিতে প্রসাদ গ্রহণ করিতে গেলে প্রসাদ-সেবা হয় না—প্রসাদের চরণে অপরাধ হয়। মহাপ্রসাদ-সেবার ফল—প্রেমফল। কিন্তু ভোগবুদ্ধিতে আমরা প্রসাদ ভোগ করিতে যাই বলিয়া প্রেমফলের পরিবর্ত্তে প্রাকৃত কাম ক্রমে ক্রমে বাড়িয়াই চলিয়াছে। ভগবৎপ্রসাদ কৃপা করিয়া যদি আমাদিগকে স্বীকার করেন—গ্রাস করেন—আত্মসাৎ করেন, তবেই আমাদের প্রসাদ সেবা হয়। সেইজন্য প্রসাদ পাইবার পূর্ব্বে বৈষ্ণবগণ আমাদিগকে সাবধান করিয়া দেন। সাবধান হইয়া—প্রসাদে ভোগবুদ্ধি না করিয়া সেব্যবুদ্ধিতে—গুরুবুদ্ধিতে প্রসাদের কৃপা ভিক্ষা করিতে করিতে প্রসাদ গ্রহণ করিলে প্রসাদের কৃপা হয়—প্রেমফল হয়—ঝাল খাইবার ও বেশী খাইবার প্রবৃত্তি করিয়া দিয়া প্রসাদে ভ্রমবুদ্ধি উপস্থিত হয়। প্রসাদের নিকট কৃপাভিক্ষা করিলে তিনি আমাদিগের নিকট আত্মপ্রকাশ করিবেন। মহাপ্রসাদে সর্ব্ব জীবের সমানাধিকার। গুরুবর্গগণ নিত্যকাল সেই মহাপ্রসাদের সম্মান করেন এবং সর্ব্বজীবকে তাহা প্রদান করেন। তাঁহাদিগের দৈহিক ক্ষুধানিবৃত্তির জন্য গুরুগণ তাঁহাদিগকে মহাপ্রসাদ প্রদান করেন না, পরন্তু তাঁহাদের ভক্তিউন্মুখী সুকৃতি উৎপাদনের ও আত্মার ক্ষুধা-নিবৃত্তির জন্যই প্রদান করিয়া থাকেন। শ্রীভগবন্নাম ভবরোগের একমাত্র ঔষধ আর শ্রীমহাপ্রসাদই একমাত্র পথ্য।

আর এক প্রকার প্রসাদ গ্রহণ করা যায় শ্রুতিমূলে। হরিকথারূপ প্রসাদ

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্য্যামিরূপে শিখান আপনে॥

সাধুগণ সর্ব্বক্ষণই বিচরণ করেন। সেবোন্মুখ হইয়া—শ্রদ্ধালু হইয়া কর্ণের দ্বারা এই প্রসাদ গ্রহণ করিতে হয়। ইহাই এই প্রসাদপ্রাপ্তির যোগ্যতা। প্রণত, শাসনযোগ্য শিষ্য বা ভক্ত হইয়া মনোযোগ সহকারে শ্রীগুরুপাদপদ্মের নিকট শ্রবণ করিলেই সেই শব্দরূপী প্রসাদের কৃপা হয়। সেই শব্দই শরণাগত জীবের অনর্থ নিবৃত্তি করাইয়া অর্থপ্রবৃত্তি বাড়াইয়া দেন। শব্দ শরণাগত জীবকে পালিত, বিবর্দ্ধিত, চালিত করেন—অন্তরে আকৃষ্ট করিয়া নিত্যমঙ্গল বিধান করেন।

এ জগতের আবহাওয়ায় বিচরণ করিয়া হরিভক্তি হয় না। পরজগতের লোকের সঙ্গে দেখা সাক্ষাৎকার না হইলে সে জগতের সন্ধান পাওয়া যাইবে না। সে জগতের লোকের হাব-ভাব চাল-চলনের অনুসরণ না করিলে প্রকৃত [illegible] করা যাইবে না। তাঁহাদের নিষ্কপট আনুগত্যই চরম মঙ্গলের একমাত্র উপায়।

অজ্ঞাতসারে বা জ্ঞাতসারে যদি কেহ নিষ্কপটে হরিসেবারত বৈষ্ণবের নিন্দা বা হিংসা করে, তবে তাহার অমঙ্গল অনিবার্য্য—এবিষয়ে কোন সন্দেহ নাই। প্রত্যেক জীবের হৃদয়ে ভগবান্ বিষ্ণু অধিষ্ঠিত আছেন। বৈষ্ণব সাধারণ মানবের ন্যায় প্রতীত হইলেও তাঁহাদের হৃদয়ে যে ভগবানের আবির্ভাব তাহাতে তাঁহারা প্রপন্ন হইয়া সতত বিষ্ণুসেবাপরায়ণ, আর অন্যগণ বিষ্ণু বৈষ্ণব-সেবাবিমুখ হইয়া বিলাসপর(?) করে। একজন বিষ্ণুসেবানিযুক্ত হইয়া ব্রজভাবে অবস্থিত, অপর বৈষ্ণবজন শুদ্ধসত্ত্বভাবিত হইয়া সর্ব্বক্ষণ বিষ্ণুসেবায় প্রবৃত্ত। সুতরাং উভয়ের মধ্যে যে বৈশিষ্ট্য আছে, তাহা বিচার করিলে জানা যায় যে, বিষ্ণুসেবাপরায়ণ বৈষ্ণবের হিংসা করিলে সাধারণের হিংসা অপেক্ষা অনন্ত কোটীগুণ পাপ ও অপরাধ উপস্থিত হয়। যাহারা শুধু দেহকেই আত্মা বলিয়া জ্ঞান করে, সেইরূপ অসদ্ ব্যক্তিগণ যে মহতের নিন্দা করিবে, তাহাতে আশ্চর্য্যের কথা কি আছে? যদিও মহাপুরুষগণ স্বীয় নিন্দা সহ্য করেন, তথাপি তাঁহাদের শরণাগতগণ মহতের নিন্দা সহ্য করিতে পারেন না, তাঁহারা নিন্দুকের [illegible] করিয়া থাকেন। বৈষ্ণবকে হৃদয়ের সহিত আদর করিতে হইবে আর অবৈষ্ণবকে লৌকিক বাহ্য-সম্মান দিতে হইবে। বৈষ্ণবকে যদি হৃদয়ের সহিত আদর না করি, তাহা হইলে পরম অনর্থ।

হরি কিঙ্কর [illegible] বৈষ্ণবাপ্রিয়কারতঃ।
[illegible] সো হর্ষ, দর্শনে শতজন্মনি নষ্ট॥

বৈষ্ণবকে হত্যা করা, বৈষ্ণবের প্রতি ক্রোধ প্রকাশ করা, বিদ্বেষ করা, বৈষ্ণবের নিন্দা করা, বৈষ্ণবকে দেখিয়া প্রণাম না করা, অথবা কি তাঁহাকে দেখিয়া হৃদয়ে আনন্দ অনুভব না করা—এই ছয়টী অধঃপতনের কারণ। যে মূঢ় ব্যক্তি বৈষ্ণবের নিন্দা করে, সে তাহার পিতৃপুরুষের সহিত মহারৌরব নামক নরকে পতিত হয়। যে স্থলে বৈষ্ণবনিন্দা বা ভগবানের নিন্দা হইতেছে, সে স্থান ত্যাগ করিয়া যিনি না যান, তিনি সমস্ত সুকৃতি হইতে চ্যুত হইয়া অধোগতি প্রাপ্ত হন। বৈষ্ণব ও গুরুর কথা সদুদ্দেশ্য ব্যতীত কোন ব্যক্তিরই আলোচনা উচিত নহে। সদুদ্দেশ্য—তিন প্রকার। যে ব্যক্তির কথা আলোচনা করা যায়, তাহাতে যদি তাহার উপকার হয়, তবে তাহা ভাল। জগতের মঙ্গলের জন্য যদি কাহারও চরিত্র আলোচনা করা হয় তাহাও ভাল। আবার যিনি আলোচনা করেন, তাঁহাকে যদি তাঁহার নিত্যমঙ্গল লাভ হয় তাহা হইলে তাহাও শুভকারী-মধ্যে পরিগণিত।

বৈষ্ণব—অমানী, তিনি সম্মানপ্রাপ্তির জন্য যত্ন করেন না, তিনি সকলকে সম্মান দেন। মায়াবদ্ধজীব—অবৈষ্ণব এবং মায়ামুক্ত জীব—বৈষ্ণব। সুতরাং তাঁহাদের বহুলোকের উপলব্ধি সর্ব্বদা বর্ত্তমান। এজন্য তাঁহারা তৃণাদপি সুনীচ, তরুর ন্যায় সহিষ্ণু, অমানী ও মানদ হইয়া সর্ব্বদা সর্ব্বসুখে শ্রীগুরুদেব কৃষ্ণসেবা করেন। বৈষ্ণব চিরদিনই নির্ব্বিরোধী, যে সকল ভাগ্যহীন সত্যার্থে বিমুখ, তাহারাই বাহিরের স্বরূপ দেখিয়া বৈষ্ণবদেহে শ্রদ্ধাহীন হইয়া পড়ে। বিষয়ী রূপরসাদি গ্রহণে ব্যস্ত থাকে, কিন্তু জড়বিষয়ে তৃপ্ত ভগবদ্ভক্ত তাহা হইতে দূরে অবস্থিত। ভগবদ্ভক্তের কৃষ্ণই বিষয়, কৃষ্ণসেবা ব্যতীত অন্য কোন প্রবৃত্তি নাই। আপাত দর্শনে বৈষ্ণবের বিপরীত ভাব পরিবর্ত্তন দেখিয়া সাধারণ লোক বৈষ্ণবচরণে অপরাধ করিয়া বসে। অধিকাংশ বৈষ্ণবের ক্রিয়ামুদ্রা বুঝিতে না পারিয়া প্রাকৃতবুদ্ধিতে বৈষ্ণবের চরণে অপরাধ করিয়া বসিতেছে। কিন্তু সুকৃতি থাকিলে বৈষ্ণবাপরাধী হইয়া অধঃপতন বরণ করিতে হয় না।

নিষ্কপট সেবাভিলাষী কখনও বঞ্চিত হন না। বৈষ্ণবগণ নিষ্কপট সজ্জনের প্রতি পরম কৃপালু। নিষ্কপট সেবাভিলাষী জনকে বৈষ্ণব সজ্জন কাছে রাখিয়া সেবাসুযোগ প্রদান করেন। কিন্তু যাহারা কনক-কামিনী প্রতিষ্ঠা চায়, সেই সকল অসৎগণকে কৌশলে দূরে রাখিয়া থাকেন—পাছে তাহারা ভজনে বিঘ্ন ঘটায় এই আশঙ্কায়।

নিষ্কপট আশ্রিত না হইয়া বাহ্যদৃষ্টিতে কাহারও বৈষ্ণবের অতি সন্নিকটে বাস বা তাঁহার সহিত বহু দিবসাবধি সকলক্ষণ সঙ্গ করিতে দেখিলেও সেই কপটের সহিত বৈষ্ণবের অন্তরঙ্গ-সম্বন্ধের বাধা না থাকে। কপটের নিকট বৈষ্ণব কখনও নিজস্বরূপ প্রকাশ করেন না; পরন্তু তাহাদিগকে লৌকিক সম্মানাদি দিয়া ঠকাইয়া রাখেন। ভাগ্যহীন আমরা বৈষ্ণবের কৃপা বুঝিতে না পারিয়া বৈষ্ণবসঙ্গ ও সেবা হইতে বঞ্চিত হই। বৈষ্ণবগণ পরমকরুণ। ভগবানের সুখেই তাঁহাদের সুখ। যাহাতে কৃষ্ণের সুখ হয় তজ্জন্যই তাঁহারা অবিরত চেষ্টাপর। সেই বৈষ্ণবগণের সুখবিধান ব্যতীত আমাদের হরিভজন হইতে পারে না।

শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভুই অনর্পিতচর উন্নতোজ্জ্বলরসপ্রদাতা। শ্রীল রূপ গোস্বামী প্রভু শ্রীমন্মহাপ্রভুকে বন্দনা করিতে গিয়া বলিয়াছেন,—

নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ॥

শ্রীগৌরসুন্দর কৃষ্ণপ্রেমের কথা জানাইয়া বিশ্বকে ধন্য করিয়াছেন। অনর্পিতচর কৃষ্ণপ্রেমপ্রদাতা বলিয়াই মহাবদান্য। তিনিই স্বয়ং কৃষ্ণ, তাঁহার নাম শ্রীকৃষ্ণচৈতন্য, তাঁহার রূপ গৌর এবং তাঁহার লীলা কৃষ্ণপ্রেমপ্রদান। শ্রীগৌরসুন্দর কৃষ্ণের বিপ্রলম্ভরসাস্বাদনপর এবং শ্রীকৃষ্ণ গৌরের সম্ভোগরসাস্বাদনপর। শ্রীগৌর স্বয়ংই কৃষ্ণ হইয়াও কৃষ্ণপ্রেম প্রদান করিতে আসিয়াছিলেন। [illegible] শ্রীগৌরসুন্দরের [illegible] জনই শ্রীরূপানুগবৈষ্ণব জন।

ভজনের অপর নাম সেবা। সেবা বা ভজনই জীবের পরম লোভনীয় শ্রেষ্ঠ সম্পদ্। সাধুর কৃপায় সেবোন্মুখ [illegible] সম্পত্তি লাভ হইয়া থাকে। এই সেবা অপ্রতিহতা, অহৈতুকী ও অন্যাভিলাষিতাশূন্যা, কর্ম্ম, জ্ঞান ও যোগশূন্যা। উহাতে সালোক্য সামীপ্যাদি পঞ্চবিধ মুক্তির আকাঙ্ক্ষা নাই। ভগবানের নিত্যসেবক [illegible] অন্য কোন আকাঙ্ক্ষার স্থান নাই। [illegible] কৃষ্ণকে তাঁহাদের প্রাণধন জানিয়া তাঁহার মনোহর [illegible] পুরনে যায়। সেখানে ঐশ্বর্য্যজ্ঞানের লেশমাত্র নাই। [illegible] কৃষ্ণের প্রীতি নাই। ঐশ্বর্য্য সেবা ও সেবককে পরস্পর দূরে রাখে, কিন্তু মাধুর্য্য সেবা ও সেবকের মধ্যে [illegible] না হয়। [illegible]

পারমার্থিকের গৃহপ্রবেশ

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

পরমহংসকুলের শ্রেষ্ঠ সব হ'তেই গৃহস্থকুলে শান্ত হওয়ার যোগ্যতা বিনষ্ট হয়, আর সেই গুরুকুলের প্রভুই সকলেই পারমার্থিক গৃহস্থ হইবার যোগ্যতা লাভ হয়। যাঁহারা সদ্গুরু অভিন্ন [illegible] শ্রীমদ্ ভক্তিভাগবত ও শ্রীমদ্ ভাগবত [illegible] না করেন, তাঁহারা কখনও গৃহে মঙ্গলাচরণ করিতে পারেন না। যাঁহারা [illegible] কৃপায় [illegible] না থাকেন, তাঁহারা শ্রীগৌরসুন্দরের নির্দ্দিষ্ট দুইটি শ্লোক অর্থই বুঝিতে পারেন না—ঐ দুইটী কথা পারমার্থিক জীবনের প্রধান।

অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ।
নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে॥
প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা হরিসম্বন্ধিবস্তুনঃ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো বৈরাগ্যং
ফল্গু কথ্যতে॥

গৃহে প্রবেশ করা বৈষ্ণবদেরই কর্ত্তব্য, কারণ তাহাতে তাঁহাদের অধঃপতন হয়, গৃহব্রতগণের তাহা হয় না। 'কৃষ্ণসেবা কারণ' স্মরণ করিয়া গৃহে প্রবেশ করাই যুক্ত, ফল্গু মর্কট বৈরাগ্য অপেক্ষা তাহা বহুগুণে শ্রেষ্ঠ। ফল্গুবৈরাগ্য আদৌ প্রেমসাধক নহে। [illegible]

শিক্ষাগুরুকে ত' জানি কৃষ্ণের স্বরূপ। অন্তর্যামী, ভক্তশ্রেষ্ঠ, এই দুই রূপ॥

গৃহপ্রবেশও সমান প্রযোজনীয়। কখন [illegible] গৃহস্থবেশে থাকিয়া [illegible] গৃহত্যাগের কথা [illegible] [illegible], কারণে তাহার [illegible] মঠ-প্রবেশ করিতে [illegible] অনুকূল কৃষ্ণানুশীলন [illegible] গৃহপ্রবেশ [illegible] হবে। অতএব, প্রমাণ, প্রমত, 'সর্বার্থ', [illegible] ও [illegible] [illegible] হইতে পারমার্থিক গৃহস্থ সকলা গৃহে থাকেন। বৈরাগ্য, বিষয়, বৈষ্ণব, [illegible] শ্রবণকীর্তনাদি [illegible] পালন অতএব প্রমাণ, যে বিষয়ের সঙ্গ বৈষ্ণব ভাবাবলম্বন সর্বতোভাবে পরিত্যাগ এবং কৃষ্ণের অনুকূল গ্রহণ [illegible], গুরু-অনুগামী [illegible] হয়ত বহির্মুখদের সমাচারহীন কৌলিক বৈবাহিক আদি নীতি ক্রিয়া অনুষ্ঠানের অনুকূল [illegible], বারাণসী বেশ, মনের বেশ, [illegible] বেশ, বিষয়ের বেশ, উভয় ও উপরের বেশ ধারণ করা পারমার্থিক গৃহস্থের কর্তব্য। শ্রীউপদেশামৃতের এই সকল উপদেশে উদাসীন থাকিলে গৃহস্থের পূর্ণ পতনপ্রাপ্তির উপনীত হওয়া গৃহস্থ হইতে বিচ্যুত এবং গৃহব্রতধর্মে আবদ্ধ আবদ্ধ হইয়া পড়ে। সুতরাং 'গৃহব্রত' বা বহির্মুখ অনুগত না থাকিয়া হরিভজনের জন্য পারমার্থিক গৃহস্থধর্ম যাজন করিয়া কৃষ্ণের গৃহে প্রবেশিয়া কৃষ্ণভজনের অনুকূল বস্তুর সকল গ্রহণ করিব'—এইরূপ সঙ্কল্প লইয়া পারমার্থিকগণ গৃহে প্রবিষ্ট হন। দুর্বলচিত্ত হইলে হরিভজন হয় না বা কেবল নীতির দ্বারাও হরিভজন হয় না। পাপকার্য সংগ্রহ করিলে ত' হরিভজন হইবে না, পুণ্যসংগ্রহে থাকিলেও হরিভজন হইবে না। পুণ্যকে শেষ সীমা মনে করিয়া যে সকল ব্যক্তি ভোগী ও কর্মবীর হইবার প্রবৃত্তি পোষণ করে, তাহাদের সেই প্রবৃত্তি হইতে মুক্ত হওয়া ঐকান্তিক হরিভজনের জন্য গৃহস্থধর্ম যাজন করিতে হইবে। নিজের ঐ প্রবৃত্তির জন্য প্রয়াস করিলে ভোগী গৃহব্রত হইয়া পড়িতে হইবে, কিন্তু কৃষ্ণসেবার জন্য নিখিল প্রয়াস করিলে মঙ্গল হইবে। নিষ্কাম বা নিষ্কপট-আশ্রয় থাকিলে গৃহস্থ হইয়া থাকিতে হইবে অনেকে মনে করিতে পারেন, গৃহে প্রবেশ করিয়া ধন-দৌলত দিয়া যাগ যজ্ঞ (?) করিলেই ত' মঙ্গল হইবে, আমরা পারমার্থিক গৃহস্থ বলিয়া প্রচারিত হইতে পারিব, অতএব এইরূপ মালা দিয়ে দিয়েই কৃষির কিছুতে পতিত হইতে হইবে। সাধুসঙ্গের শ্রীমুখ হইতে হরিকথার শ্রবণ না করি, অনুরূপ কীর্তন করিতে না পারি, তাহা হইলে গৃহব্রতধর্মে আবদ্ধ হইয়া থাকিতেই হইবে।

যাঁহারা সমস্ত পরিত্যাগ করিয়া সর্বতো ভাবে একমাত্র কৃষ্ণভজন করিতেছেন, তাঁহাদিগকে সর্বতোভাবে সুযোগ প্রদানের জন্য গৃহস্থভক্ত অক্লান্ত চেষ্টা করিবেন। শ্রীগৌড়ীয়মঠ বর্তমানে যে কার্য করিতেছেন, নিখিল বিশ্বকোটির বাহাতে মঙ্গল হয়, এমন চেষ্টা করিতেছেন—বহু বহু স্থানে মঠ স্থাপন করিতেছেন, তাঁহাদের সে সেবাকার্যে সুযোগ প্রদানের বিধি বহুটা উদাসীন থাকিবেন, তিনি গৃহব্রতধর্মে প্রবিষ্ট আছেন, জানিতে হইবে। আর যাঁহারা পারমার্থিক গৃহস্থ, তাঁহারা নিজের স্ত্রীপুত্রের জন্য যেরূপ প্রচুর পরিমাণে পরিশ্রম করেন, তদ্রূপ ভগবৎসেবার জন্যও প্রচুর পরিমাণে চেষ্টা করিয়া থাকেন। নিজ স্ত্রী-পুত্রাদি ভগবদ্ভজন করিতেছেন জানিলে তাহাদের পোষণ করেন, নতুবা ছলনা দিয়া সাপ পোষণ করেন না, তাহাদের সঙ্গ প্রতিকূল জানিয়া দূরে সরিয়া যান। পারমার্থিক গৃহস্থগণ বিষয়সুখের প্রতি সম্পূর্ণ উদাসীন, তাঁহারা ২৪ ঘণ্টা হরিসেবার জন্য ব্যস্ত; তাঁহারা অকাতরে আত্মচেষ্টাদ্বারা, সর্বস্ব দ্বারা সর্বতো হরিসেবা করিতেছেন। গৃহস্থ-ভক্তগণ পারমার্থিক নীতিরও বহুমানন করেন, লৌকিকী নীতির প্রতি তাঁহাদের দ্বেষ বা রাগ নাই। সমস্ত নীতিই তাঁহাদের সেবায় যুক্ত ও পারমার্থিকী নীতিতে পর্যবসিত হয়।

শ্রীঠাকুর [illegible] আলোচনার কারণ [illegible] অঙ্গীকার করিয়াছিলেন। হরিভক্তি প্রচার করিতে করিতেও পূর্ব সংস্কারবশতঃ তিনি ডাকাতি করিয়া ফেলিলেন; কিন্তু পারমার্থিকী নীতি তাঁহার হৃদয়ে প্রাধান্য লাভ করায় তিনি ডাকাতিকেও ভগবৎসেবার অনুকূলে পরিণত করিতে পারিয়াছিলেন। সংস্কার পরিত্যাগ করিবার নিমিত্ত নিযুক্ত করিবার কৌশল ভগবদ্ভক্তগণই জানেন। পরলোকের বাক্য ও নিজের পাপপুণ্য, ভোগ বা ত্যাগ, জ্ঞান বা অজ্ঞান, যে বস্তু করিবার চেষ্টা হইবে, তাহাতে ভগবৎসেবার অনুকূল করিতে হইবে। কিন্তু পরলোকের বস্তু সমস্ত গুণ পাইলে জীবের তাহা অভাবের অনুকূল করিতে হয় না। মহাজন ডাকাতি করে—নিজের ভোগের জন্য, কিন্তু ভক্তানুকূলে আলোচনায় সেই ডাকাতি অনুকূল কার্য প্রাপ্ত হওয়ায় তাঁহাকে চাকরি করিয়া অনুকূল করিতে হইল না।

ডাকাতি করিয়া সকলে সাধারণ করিতে পারে না। যেহেতু ভগবদ্ভক্তের আলোচনায় ডাকাতিকে হরিসেবায় নিযুক্ত করিতে পারিয়াছিলেন, সেইহেতু সকলেই ডাকাতি করিয়া হরিসেবা করিবেন—এইরূপ বিচার নামবলে পাপ-প্রবৃত্তি হইতে উদ্ভূত। যদি দৈবক্রমে কাহারও কোন পূর্ব সংস্কারজাত আচরণ করিবার নিযুক্ত হইয়া পড়ে, তবে সেই আচরণ সাধারণের পক্ষে বিধি নিয়ম বা আদর্শ হইতে পারে না।

কর্মপ্রবৃত্তি—অজপা। কর্মকাণ্ডের দ্বারা কখনও জীবের মঙ্গল হয় না, উহা ফুটবলের মত একবার জীবকে উপরে, আর একবার নীচে চালন করিয়া তুলে। পাপের কর্মফল গ্রহণ করিতে করিতে জীবের পুণ্যপ্রবৃত্তি আবার পুণ্যের আকাশকুসুমে প্রবেশ হইতে হইতে পাপপ্রবৃত্তি উপস্থিত হয়, এইরূপ ভাগের পন্থা—ভোগ পর্যায় ত্যাগ করিবার যে স্পৃহা, তাহাও ভগবদ্ভক্তের বুদ্ধিবিশেষ বলিয়া পাওয়া যায়।

পারমার্থিকের মঠপ্রবেশ ও গৃহপ্রবেশ একই শ্রেণীর। পারমার্থিক সর্বদা সাবধান থাকেন, যে কার্য করুন না কেন, তাহাতে যেন তাঁহার পরমেশ্বর উপাসনা হয়, তাহা অন্যবস্তুর উপাসনা বা নিজের ভোগে না লাগে।

প্রচার-প্রসঙ্গ

——::o::——

ব্রহ্মদেশে

গৌড়ীয়বৈষ্ণবাচার্য শ্রীশ্রীমদ্ ভক্তি প্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে রেঙ্গুণ-গৌড়ীয়মঠের সেবকবৃন্দ গত ২৫শে ডিসেম্বর বৌদ্ধদিনে [illegible] উকিল শ্রীযুক্ত এস, এম, ঘোষ এম এস সি, বি-এল মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার বাসায় গমন করিয়া শ্রীগুরুবৈষ্ণববন্দনাদি পঞ্চতত্ত্ব ও অন্যান্য মহাজন-পদাবলী কীর্তন করিয়া শ্রীচৈতন্যচরিতামৃত হইতে [illegible] প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠান্তে পুনরায় মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্তন হয়। পাঠে বহু ভদ্রলোক উপস্থিত ছিলেন।

গত ২৬শে ডিসেম্বর প্রাতে উক্ত সহরের 'মঃ সত্যেন্দ্র' জজ উকিল মহাশয়ের বাসায় মঠসেবকগণ 'শ্রীশ্রীমদ্ আচার্য-সংলাপ' গ্রন্থ পাঠ করেন।

গত ২৭শে ডিসেম্বর বৌদ্ধদিনের প্রবীণ উকিল মিঃ এস, কে ঘোষ বিএল মহোদয়ের ভবনে শ্রীগুরুবৈষ্ণববন্দনা, মহাজনগীতি ও মহামন্ত্র কীর্তনান্তে শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী প্রভু শ্রীচৈতন্যভাগবত হইতে জগাই-মাধাই-উদ্ধার-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠে মিঃ এস, এম, ঘোষ এম, এস-সি, বি, এল; শ্রীযুক্ত গোপাল দত্ত প্রভৃতি সজ্জনগণ উপস্থিত ছিলেন।

গত ২৮শে ডিসেম্বর প্রচারকগণ বৌদ্ধদিন হইতে দূরে [illegible] [illegible] নামক স্থানে উপস্থিত হন। তথায় শ্রীযুক্ত [illegible] বি এ মহোদয়ের বাসায় পাঠ-কীর্তনাদি হয়।

গত ২৯শে ডিসেম্বর শ্রীযুক্ত [illegible] চৌধুরী মহাশয়ের বাসায় প্রচারকবৃন্দের পাঠকীর্তনাদি হয়।

গত ৩০শে ডিসেম্বর স্থানীয় দুর্গাবাড়ীতে ছাত্রাঁচক্রযোগে একটি বক্তৃতা প্রদত্ত হয়।

গত ৩১শে ডিসেম্বর প্রচারকগণ বৌদ্ধদিন [illegible] [illegible] মহাশয়েরা মিঃ কাজী আদেশ-[illegible] নামক মহোদয়ের ভবনে যেকেশ্বত যায় বহুক্ষণ ধরে হরিকথা কীর্তন করেন। স্থানীয় [illegible] প্রাইমারী স্কুলে একটি সভার আয়োজন হয়। উক্ত সভায় শ্রীনিবাসজী [illegible] [illegible] প্রায় দেড় ঘণ্টা যাবৎ শ্রীচৈতন্যদেবের শিক্ষা সম্বন্ধে একটি বক্তৃতা প্রদান করেন।

গঞ্জাম জেলায়

শ্রীচৈতন্যমঠের অন্তর্গত [illegible] ব্রহ্মপুরস্থিত শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ [illegible] শ্রীশ্রীল আচার্যদেবের আনুগত্যে গত ২৫ জানুয়ারী ব্রহ্মপুর নিবাসী উকিল শ্রীযুক্ত [illegible] চাটার্জী মহাশয়ের আহ্বানে তাঁহার বাড়ীতে গমন করিয়া শ্রীগুরুবন্দনা, [illegible], পঞ্চতত্ত্ব, কীর্তনান্তে শ্রীমদ্ভাগবত তৃতীয় স্কন্ধ ৫ম কপিলদেবহূতি-সংবাদ [illegible] ব্যাখ্যা করেন। পাঠান্তে মহাজন পদাবলী কীর্তন হয়।

পাটনায়

পাটনা শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ গত ২৫শে ডিসেম্বর বুধবার [illegible] শ্রীশ্রীবাসের দিবসে স্থানীয় গৃহস্থ ভক্ত শ্রীযুক্ত হরেন্দ্র নাথ পালিত মহাশয়ের ভবনে গমন করিয়া শ্রীহরিকথা কীর্তন করিতে আহূত হন। শ্রীগুরুবৈষ্ণববন্দনা ও মহাজন-পদাবলী কীর্তনান্তে শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী শ্রীমদ্ভাগবত তৃতীয় স্কন্ধ [illegible] অধ্যায় ও ৫ম কপিল-দেবহূতি-সংবাদ পাঠ ও ব্যাখ্যা করেন। সভায় সহরের বহু গণ্য মান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। পাঠান্তে "দুর্গে ও মাধবের নামে" 'সংকীর্তন' ও মহামন্ত্র কীর্তন হইয়া সভা ভঙ্গ হয়।

শুদ্ধভক্ত-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

আটোর নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার

কলিকাতা। (টেলিফোন বড়বাজার ২২)

সেবক—শ্রীঅনন্তবাসুদেব দাস ভক্তিশাস্ত্রী বি এ

(৩) শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীসুন্দরবিলাস ভক্তিশাস্ত্রী

( ) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫) অদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রীজগবন্ধুদাস ব্রহ্মচারী

(৭) কাজির সমাধি পাট

বামনপুকুর শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

সেবক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী

(৮) শুক্লাম্বর ব্রহ্মচারীর লীলাগার

শ্রীধাম মায়াপুর

সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

(৯) শ্রীনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)

সেবক—শ্রীগোপালদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ [illegible] বর্দ্ধমান)

সেবক—শ্রীচৈতন্য দাস অধিকারী

(১৩) রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

[illegible], নদীয়া

সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয়মঠ

রাউতাল (শ্রীবাসুদেবের পদচিহ্ন বিরাজিত)

পোঃ [illegible] (নদীয়া)

সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীকৃষ্ণকুটীর

পোঃ [illegible] (নদীয়া)

সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) ভাগবত আসন

পোঃ [illegible] (নদীয়া)

সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদমারি (নদীয়া)

সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট

জাজাপল্লি, পোঃ চাকদহ (নদীয়া)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২১) [illegible] গৌড়ীয়মঠ

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ

[illegible]

সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) শ্রীমাধ্বগৌড়ীয়মঠ

বাবুবাজার পোঃ ওয়ারি, ঢাকা।

সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর পোঃ ঢাকা

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২৫) গদাই গৌরাঙ্গমঠ

পোঃ বালিয়াটী, (ঢাকা)

সেবক—শ্রীউপেন্দ্রনাথ অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ

বুড়ীবাজার, পোঃ [illegible]

সেবক—শ্রীনবদ্বীপবিহারী বিদ্যারত্ন বি এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

[illegible], দার্জ্জিলিং

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩০) সারস্বত গৌড়ীয়মঠ

পোঃ [illegible], [illegible]

সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

[illegible] পাটনা।

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ

[illegible] গয়া

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতনগৌড়ীয় মঠ

[illegible], [illegible] দিল্লী

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রী[illegible]-গৌড়ীয়মঠ [illegible]

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী বি-এ

(৩৫) [illegible] মঠ.

পোঃ [illegible] [illegible] ইউ পি।

শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠ[illegible]

বিশ্রামঘাট পোঃ মথুরা

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৭) শ্রী[illegible] মঠ

[illegible], শ্রীধাম বৃন্দাবন মথুরা

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রী[illegible]পীঠ

[illegible], বৃন্দাবন

সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

(৩৯) [illegible] কুঞ্জ

পোঃ [illegible] মথুরা)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রী[illegible]

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৪১) [illegible] পাঠবাড়ী

সেবক—শ্রী[illegible] ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন[illegible]

[illegible], মথুরা

সেবক—শ্রী[illegible] দাস

(৪৩) [illegible] মঠ

[illegible], মথুরা।

সেবক—শ্রী[illegible] দাস

(৪৪) গোকুলবিহারী মঠ—[illegible],

পোঃ [illegible], [illegible] (পাঞ্জাব।)

সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪৫) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ

[illegible]

সেবক—শ্রীমধুমঙ্গল ভক্তিশাস্ত্রী

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ

[illegible] রোড, [illegible]

[illegible] বোম্বে

সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ [illegible] মাদ্রাজ

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ কভুর, [illegible], মাদ্রাজ

সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫০) [illegible]গৌড়ীয়মঠ

[illegible] পোঃ [illegible]

সেবক—শ্রীগদাধর দাস অধিকারী

(৫১) পুরুষোত্তম মঠ

[illegible] পোঃ পুরী উড়িষ্যা

সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫২) [illegible] মঠ

সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৫৩) [illegible]কুটী

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৪) [illegible]-গৌড়ীয়মঠ

পোঃ কুমারেশ্বর, পুরী

সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠপীঠ

সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(৫৭) শ্রী[illegible]গৌড়ীয়-প্রচার-মণ্ডপ

পোঃ [illegible], পাঞ্জাব

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ

[illegible], পোঃ [illegible]পুর, মেদিনীপুর

সেবক শ্রী[illegible] দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মেদিনীপুর

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬০) [illegible]

পোঃ [illegible] (মাদ্রাজ)

সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ [illegible] (মাদ্রাজ)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) লণ্ডন গৌড়ীয়মঠ

[illegible] রোড লণ্ডন।

সেবক—শ্রীবনবিহারী ব্রহ্মচারী

(৬৩) [illegible] গৌড়ীয়মঠ

[illegible]

[illegible]

[illegible]

সেবক—স্বামী বিনোদবিহারী দাস

(৬৪) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,

কলিকাতা

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ অফিস

[illegible], [illegible] (ইউ-পি)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যার্ণব গৌড়ীয়মঠালয়

[illegible], চট্টগ্রাম

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,

[illegible]পুর (পাঞ্জাব)

সেবক—শ্রী বিলাসাবতার দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,

শ্রীমায়াপুর (নদীয়া)

সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,

[illegible] (ইউ, পি)

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭১) [illegible]

সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

শ্রীমায়াপুর, নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৩) [illegible] প্রিণ্টিং ওয়ার্কস্, কটক

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ [illegible]

চিকিৎসালয়

শ্রীমায়াপুর নদীয়া

সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস হইতে শ্রীনন্দগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদক

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

সংবাদের পৃষ্ঠায়			বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	৮০			
ঐ ঐ ইঞ্চ ৫৲		১৷৹		১৲
সিকিকলম ৫৲	৪৲			৩
অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲		৫৲
এক কলম ১২৲	১০৲	১০৲		৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চ ৩	২৷৹
ঐ সিকি কলম ১৫৲	১২৲
ঐ অর্দ্ধকলম ২৫৲	১৮
ঐ এক কলম ৩৫৲	

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৫
ষাণ্মাসিক ঐ	২৸৹
ত্রৈমাসিক ঐ	১৲
মাসিক ঐ	[illegible]

প্রতি সংখ্যা ৫ ; [illegible] বিনা মূল্যে।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ [illegible] বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গ্রেষণা ও তথ্যপূর্ণ [illegible] এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিপূর্ণ [illegible] (chart [illegible]) [illegible] অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র [illegible]।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

নবযুগ প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

[illegible] শ্রীশ্রীল [illegible] উপাখ্যান, গল্প, প্রবাদ ও [illegible] সকল [illegible] প্রদান করিয়াছেন [illegible] প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোহর। [illegible] ১ম খণ্ডের ভিক্ষা ১৷৹ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—নবযুগ প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, বাংলা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ সুযুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ, [illegible] জগতের [illegible] ধর্ম্ম, মতবাদ, [illegible] সামঞ্জস্য, 'ত'ত্ত্বিক সৎসিদ্ধান্তসকল প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—নবযুগ প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম মায়াপুরে

"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

[illegible] বিদ্যালয়

[illegible] মাইনর স্কুল [illegible] বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচালিত হোক। [illegible] ছাত্রগণের জন্য [illegible] ব্যবস্থা [illegible]। বেতন ও [illegible] প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ১৷৹ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৸৹ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় [illegible] গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তিলাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কনসেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব [illegible] গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর [illegible] শিক্ষা [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] ইহার ভিক্ষা মাত্র ৫৲ টাকা। প্রাপ্তিস্থান [illegible] শ্রীযোগপীঠ [illegible] পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

[illegible] শ্রীল [illegible] পুরো শ্রীমদ্ভাগবত [illegible] সংস্করণ [illegible] গীতার [illegible] গীতার মূল শ্লোক [illegible] অর্থ [illegible] গীতা পাঠ করিয়া [illegible] মূল্য মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান—[illegible] শ্রীযোগপীঠ [illegible] শ্রীমায়াপুর, নদীয়া।

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩, যাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৩ পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় পণ্ডিত শ্রীযুক্ত [illegible] বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় গৌরবিহারী [illegible] বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ [illegible] জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত [illegible] পণ্ডিত ও [illegible] যে সমস্ত [illegible] করিয়াছিলেন, তাঁহার শুদ্ধভক্তিসিদ্ধান্তময় [illegible] এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ-রূপানুগ [illegible] ও তদনুগ [illegible] গৌড়ীয় [illegible] আচার্য্যবরের [illegible] অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই 'নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

অণুভাষ্যম্

চতুর্ব্বেদাধ্যায়ক ব্রহ্মসূত্রের [illegible] অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকৃত [illegible] সংক্ষেপে [illegible] শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'গোবিন্দভাষ্য' টীকা [illegible] বঙ্গানুবাদ ও তাৎপর্য্য সহ মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ। ভিক্ষা ২, মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'বলিকা' টীকা, [illegible] ব্যাখ্যা ও সূচীসহ [illegible] নবদ্বীপধাম [illegible] গৌড়ীয়-মঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীকুঞ্জবিহারী ভক্তিভূষণ? শ্রীধামমায়াপুর, নদীয়া ;

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;

[illegible] এম-এ, বি-এল,

পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০,
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮,
দশম স্কন্ধ— ৯,
২। আনন্দ নিতাই শ্রীচৈতন্যভাগবত (অবীমা) ৯,
৩। আনন্দময় শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অবীমা) ৪,
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১,; ৩য় খণ্ড—৸
৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড ৸০, ২য় খণ্ড ১,; ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব ১॥০
৮। গৌরকৃষ্ণোদয় দীপিকা সংস্কৃত দীপিকা ১॥০
৯। বৈষ্ণবমঞ্জুষা ৪,
১০। গৌড়ীয় কণ্ঠহার ৪,
১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২,
২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১,
৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসিদ্ধান্ত বিরহ তত্ত্ব
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব
১৭। ঠাকুরোপনিষৎ
১৮। ব্রাহ্মণ আনন্দ ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৶০
২১। গৌড়ীয়সংস্কার ।৶০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যমঙ্গল ও শ্রীনবদ্বীপশতক বাঁধা ১,
২৪। গীতা (শ্রীধরস্বামী টীকা-সহ) ৩,
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ অবীমা) ২, ১,
২৬। গীতার [illegible]
২৭। শ্রীকৃষ্ণভক্তিরসামৃতসিন্ধুঃ (সাধনান্তঃ) ১,
২৮। প্রেমভক্তিচন্দ্রিকা (সাধনান্ত
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। জীব-শিব -তত্ত্ব ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ॥০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭ ৫ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগোদ্রুমকল্পাটবী
৪০। কল্যাণকল্পতরু ৶০
৪১। গীতাবলী ১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ॥০
৪৩। সারশতক
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা

। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)
৪৯। অর্চ্চনকণ
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড)
৫১। প্রশ্নসংহিতা
৫২। মণিমঞ্জরী (সাতখান) ০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-নির্ণয় ।০
৫৫। ভক্তভাগবতী বা সারার্থপ্রদর্শিনী ০
৫৬ ভাগবত ও ভাগবত ৶০
৫৭। উপদেশামৃত (সার্থক)
৫৮। শ্রীকৃষ্ণসংহিতা
৫৯। শিক্ষাষ্টক
৬০ সারস্বতী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত
৬১। শ্রীচৈতন্যচরিতামৃত ।০
৬২ শ্রীমদ্ভাগবত সম্বন্ধ [illegible] ।০
৬৩। সটীক-[illegible] ।০
৬৪। [illegible]
৬৫। সারস্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়সংস্কার্ণয়ঃ
৬৭। সারার্থদর্শিনী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত
৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিজিট টু [illegible] ।০
৭০। [illegible] ৴০
৭১। বেদান্ত - [illegible]
৭২। [illegible] ।০
৭৩। [illegible] ।৶০
৭৪। শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৫। [illegible]
৭৬। শ্রীমৎ গৌড়ীয়মঠ ও কুঠীঃ
৭৭। [illegible] ও কাব্য
৭৮। [illegible] ০

শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর ১০,

উড়িয়া ভাষায় প্রকাশিত
৮০। [illegible]
৮১। সাধন-পথ
৮২। [illegible] ৴১০
৮৩। [illegible] ৴১০
৮৪। কল্যাণ [illegible] ৴০

আসামিয়া ভাষায় প্রকাশিত
৮৫। কল্যাণ [illegible] ০

তেলেগু ভাষায় প্রকাশিত
৮৬। শ্রীচৈতন্যচরিতামৃত ৯,

প্রাপ্তিস্থান— শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তিবিনোদবাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীগোদ্রুমপীঠ শ্রীস্বানন্দসুখদকুঞ্জ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। অধ্যায়, শ্লোকসমূহের অর্থ, গাথা, বহুস্থানের পরিশিষ্ট বিষয়-নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী সম্বলিত সহিত গৌড়ীয়মঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা গৌড়ীয়বৈষ্ণবসমাজের একটি অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে মুদ্রিত।

শ্রীগোদ্রুমপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত গদ্যাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা। ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীগোদ্রুমপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	২-৫৬	৬-২১	৭ ১৪	১১-৬	১৩-১৬	১৬-৫৬	১৭-৫৬	২২ ২	
দমদম ,,	৪-৫৬	৬-৩১	৭-২৮	১০-১৮	১৩-২০			২২	
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮ ১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-২৮	
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৩	১৩-৩৩	১৫-৫	১৮-৪৯	১৯-৪০	৪-৩৬	
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১০-৪৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-৩১	

(বদল) ছাঃ	৭-১৮	১০-৩১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-১৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬

দমদম.. ১১-১৮

রাণাঘাট পৌঃ ১-৫৫

ছাঃ ১৩-০

শান্তিপুর পৌঃ ১৩-২৮

(বদল) ছাঃ ১৩ ৩৩ (ন্যারো গেজে)

কৃষ্ণনগর পৌঃ ১৪-১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬ ১	৮-৬	১১-৪	১৩-২২	১৬-৮	১৮-৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮-৪৪	১১-৪২	১৫ ০	১৬-৪৬	১৯-১৯

ছাঃ	৭-১০	৮-৫২	১১-৪৭	১৫-১০	১৬ ৫৬	১৯-২৯	২০-৪৬	৬-৩১
রাণাঘাট পৌঃ	৭ ৪৫	৯-২৫	১২ ২৬	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১-১৯	৪ ১০
(বদল) ছাঃ	৭-৫৭	৯-৩০	১২-৪৬	৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৫	৪-১৮
দমদম		১১-৮		১৭-৩৬	১৯-৩	২১-৩৬	২৩-১	
কলিকাতা পৌঃ	৯ ২১	১১ ২০	১৪ ২৬	১৭ ৪৬	২১-৪০	২৩ ১৫	৭ ১৬	

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক বিদ্যালীলাপ্রবিষ্ট মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী মহোদয়ের গভীর শাস্ত্রীয় গবেষণা, চৈতন্য-বৈষ্ণবাচার্য্য এবং মহোদয়ের শ্রৌতপথের গবেষণা এবং পারমার্থিক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের লীলাচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অপূর্ব্ব গ্রন্থ নানাচিত্র বিচিত্র চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়সূচিকা (contents ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত শব্দসূচী (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা নদীয়া

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এইস্থানে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪ ৪ কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর চাউলপট্টিতে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহাশোষ পাচন

সর্ববিধ প্রমেহের অব্যর্থ মহৌষধ।

আয়োজিত প্রমেহের জীর্ণ শীর্ণতায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় ঔষধের মত কার্য্য ভিত অত্যন্ত অধিক। নিত্যব্যবহার্য্য সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৮০ দশ আনা বড় বোতল ১॥০ আটার আনা। পাইকারী দর স্বতন্ত্র—

—১১নং, উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

—আড়বেলিয়া, ২৪ পরগণা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

REGD NO 154.

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

গীতিসাহিত্যে শ্রীভক্তি-বিনোদ

—০—

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ সমূহের তাৎপর্য্য, ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দররূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৸০ আনা

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

—০—

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ আনা

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৫ বর্ষ } মাধব ৪৫৪ গৌরাব্দ ৫ই মাঘ বঙ্গাব্দ ১৩৪৭, ১৮ই জানুয়ারী ইং ১৯৪১, শনিবার { ২৬১-৬২তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

মাধব [illegible] গৌরাব্দ ৪৫৪

দুই একটী কথা

—::০::—

লোকবুদ্ধিতে যে কোন বস্তুর সমষ্টি লোকব্যসন। যাহারা ঐরূপ লৌকিকতার সঙ্গ করে, আর যাহারা প্রচ্ছন্নভাবেই হউক বা স্পষ্টভাবেই হউক ভগবৎ-সেবা ব্যতীত স্বতন্ত্র অন্য কোন অভিলাষ পোষণ করে বা উহাকে বহুমানন করে, তাহাদের সঙ্গই অসৎসঙ্গ। জগতে যদি এই প্রকার লোকের সংখ্যাই বেশী থাকে, এমন কি, শতকরা প্রায় শতজনই যদি ঐরূপ ধরণের লোক হয়, তথাপি তাহাদের সঙ্গ হইতে কৌশলে স্বতন্ত্র ও সতর্ক থাকিয়া সাধুসঙ্গে হরিসেবাময় জীবন যাপন করিয়া সদাচার সংরক্ষণ করিতে হইবে। ত্যাগী বড় না ভোগী বড়, গৃহস্থ বড় না মঠবাসী বড় ইত্যাদি মনঃকল্পিত বিচারে সময় নষ্ট না করিয়া 'কৃষ্ণ ভজে সেই বড়' বিচারে প্রতিষ্ঠিত হইতে হইবে। প্রকৃত গৃহস্থগণ গৃহব্রত নহেন, তাঁহারা কৃষ্ণব্রত। প্রকৃত সন্ন্যাসিগণ অবৈষ্ণবের প্রতি সন্ন্যাস করিয়াছেন বলিয়া তাঁহারা কৃষ্ণ ও কার্ষ্ণসেবা ত্যাগ করেন নাই, পরন্তু তাঁহারা কৃষ্ণসংসারের সংসারী বা কৃষ্ণকার্য্যগৃহব্রত। বৈষ্ণব গৃহস্থ ও বৈষ্ণব সন্ন্যাসীতে স্বরূপতঃ কোন ভেদ নাই। উভয়েই কৃষ্ণভক্ত। আদর্শ গার্হস্থ্য-ধর্মই পারমহংস্যাদর্শ। আদর্শ গৃহস্থ গৃহকে হরিনিকেতন করিতে পারিয়াছেন। তিনি বড় বেগজয়ী গোস্বামী। তিনি গৃহস্থাশ্রমে অবস্থানপূর্ব্বক যুক্তবৈরাগ্যাচরণে সম্পূর্ণ অধিকারী। এইরূপ গৃহস্থ হওয়া সোজা নহে; বরং উহা সন্ন্যাস অপেক্ষাও অধিকতর দায়িত্বপূর্ণ ও নিয়মবদ্ধ। আর যিনি অসৎসঙ্গ সর্ব্বতোভাবে পরিত্যাগ করিয়া কায়, মন ও বাক্যকে অনুক্ষণ ভগবৎসেবায় নিযুক্ত রাখিয়াছেন, তিনি আদর্শ সন্ন্যাসী। এই আদর্শ গৃহস্থ বা আদর্শ সন্ন্যাসীতে কোন ভেদ নাই। উভয়েই কৃষ্ণস্বজন।

ভোগী ও ত্যাগী—এই উভয় অভিমানই অভক্তি। এই দুইটি অভক্তি-অভিমান পরিত্যাগ করিয়া বৈষ্ণবের দাস হইতে হইবে। গৃহব্রত না হইয়া গৃহস্থ অর্থাৎ কৃষ্ণগৃহস্থ হইতে হইবে। প্রকৃত গৃহস্থের কর্ত্তাভিমান নাই। তিনি শ্রীরূপের শ্রীপাদপদ্মধূলিতে আত্মবদ্ধ। ভোগী গৃহস্থও হইতে হইবে না, আবার পারমার্থিক জীবনের নবীন প্রভাতে যে বহির্ম্মুখ মানবের প্রতিষ্ঠালাভেচ্ছা বা ত্যাগের পিপাসা জাগ্রত হয়, তাহাকেও প্রশ্রয় দিতে হইবে না। শুদ্ধভক্তের পদধূলি হইতে হইবে।

শ্রীরূপানুগ বৈরাগ্যবিগ্রহ। তাঁহার শ্রীপাদপদ্মের ধূলিই আমার স্বরূপ—এই উপলব্ধি হৃদয়ে স্থান পাইলে আর কোন বালাই থাকে না। অপ্রাকৃত-বৈরাগ্যের পক্ষপাতী হইয়া গৃহত্যাগের কোন মূল্য নাই। দেহ-গেহ স্ত্রী-পুত্রাদিতে আসক্তি পরিত্যাগ করাইয়া ভক্তিভজনময়ী 'নিষ্কিঞ্চনতা' লাভের আশায় অপ্রাপ্ত হইবার জন্যই গৃহবাসের দরকার। যেমন স্ত্রী-সম্ভোগস্পৃহা সঙ্কুচিত ও ক্রমে নির্ম্মূলিত করিবার জন্য বিবাহিত জীবনে বৈধ স্ত্রীসঙ্গের ব্যবস্থা, পরন্তু স্ত্রী-সঙ্গে আসক্তি বর্দ্ধনের জন্য নহে, তদ্রূপ গৃহাদিতে আসক্তি পরিত্যাগ করাইবার জন্য হরিভজনের অনুকূল গৃহবাসের ব্যবস্থা—চিরকাল গৃহবাসের জন্য নহে। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন, গৃহব্যাসক্ত কালে কালে প্রত্যহ ভগবদ্ভক্তগণের সেবিত হইয়া সৎসঙ্গে প্রত্যহ অমৃতস্বরূপ ভগবানের অবতারের কথা শ্রবণ করিতে করিতে আসক্তি পুরুষের স্বপ্ন ও স্বপ্নবৎ মৃত্যুমান দেহ-স্ত্রীপুত্রাদিতে ধীর ব্যক্তি সঙ্গ পরিত্যাগ করিবে।

পরমহংসগণ যেখানেই থাকুন, তাহা সাক্ষাৎ বৃন্দাবন। তাঁহাদের হৃদয়-বৃন্দাবনে ভগবান্ নিত্যকাল বিলাস করিতেছেন। তিনি গৃহস্থ হউন, মঠবাসী হউন বা বনবাসীই হউন, তাঁহার পদধূলির জন্য অকপট স্পৃহা হৃদয়ে জাগিলে আর কোন ভোগের বা ত্যাগের বাহাদুরী নষ্ট হওয়া শুদ্ধ সেবাধিকার লাভ হইবে। শ্রীমন্মহাপ্রভুর 'শিক্ষায় কৌপীন ধারণ ও মাধুকরী-ব্রতে অবস্থানকে দীক্ষিত করাই ভজনের আকাঙ্ক্ষা, কেবল না একাকী সকল কষ্ট [illegible] তখন বরণ করিতেই হইবে। এই কৌপীন [illegible] মায়াবাদীর কৌপীনবস্ত্র নয়, [illegible] ইন্দ্রিয় কৌপীন নহে বা মাধুকরী-ভিক্ষা অভাবগ্রস্ত ব্যক্তির উদরবেগের তাড়নাজনিত অভাববোধ নহে। এই কৌপীনগ্রহণ—শ্রীরূপানুগগণের বৈষ্ণবতা, তাহা গোপীর আনুগত্য বা স্বরূপানুভূতি অর্থাৎ লোক বা পুরুষাভিমান পরিত্যাগপূর্ব্বক গোপীর কিঙ্করী অভিমান। আর মাধুকরী—নিরপেক্ষ বা ভজনের সংরক্ষণ অবস্থায় অবস্থিত হইয়া কৃষ্ণানুসন্ধান। তাহা উদরবেগের জন্য ভোজ্য সামগ্রী-অনুসন্ধান নহে।

হরিভজন করা ভাল বা হরিভজন করা উচিত, এই কথা শুধু মুখে বলিলে প্রয়োজন হইলে হরিভজনে অগ্রসর হওয়া যাইবে না; সেবাই যে প্রকৃত প্রস্তাবে ভগবৎ-কৃপা—ইহা না বুঝিয়া কেবল 'কৃপা কৃপা' বলিয়া চীৎকার করিলে ফল পাওয়া যাইবে না। যেখানে হরিভজন করিবার ইচ্ছা উদিত হইয়াছে কিন্তু কার্য্যে পরিণত হইতেছে না, সেখানে হৃদয়দৌর্ব্বল্যরূপ অনর্থ জনিত প্রতিবন্ধক রহিয়াছে জানিতে হইবে। নদীর পারে দাঁড়াইয়া কেবল সন্তরণের কষ্টতা ও প্রয়োজনীয়তার প্রশংসা ও তাহাতে উৎসাহ-পোষণ করিলেই কি নদী পার হওয়া যাইবে? যে নদীতে নামিয়া সাঁতার শিখিবার চেষ্টা করিতেছে এবং সাঁতার শিখিবার কালে দুই একবার হাবুডুবু খাইতেছে কিম্বা সাঁতার [illegible] অনুশীলন করিয়া [illegible] তাহাদের প্রাণ দেখিতেছে, সেই [illegible] পরাশ্রিত ব্যক্তি অকপট হইলে [illegible] কোনদিন সংসার-সাগর [illegible] পার হইবে। যে ব্যক্তি সাঁতার শিক্ষা আরম্ভ করিয়াছে, একদিন তাহার সাঁতারশিক্ষা [illegible]

সাধুসঙ্গে কৃষ্ণভক্ত্যে শ্রদ্ধা যদি হয়। ভক্তিফল 'প্রেম' হয়, সংসার যায় ক্ষয়॥

বিদূরিত হইবে এবং সে সাঁতার শিখিয়াও ফেলিবে। নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকিলে সাঁতার শিক্ষা করা যাইবে না।

হরিসেবা প্রাকৃত বিদ্যা বা দক্ষতা লাভের ন্যায় ক্লেশকর ব্যাপার নহে। যাহারা হরিসেবায় প্রবৃত্ত না হইয়া অন্যভাবে প্রবিষ্ট হইয়াছে, তাঁহাদের নিকটই হরিসেবার কার্য্য কষ্টকর ও কঠোর বলিয়া মনে হয়, এবং তাহারাই হরিসেবাবিমুখ হইয়া অধঃপতনের গহ্বরে পতিত হইয়া পড়ে। কিন্তু যাঁহারা প্রকৃতপ্রস্তাবে গুরুকৃপায় হরিসেবাসৌন্দর্য্যের একটী কণাও আস্বাদন পাইয়াছেন, তাঁহারা কখনই তাহা পরিত্যাগ করিতে পারেন না। যদি দুর্দ্দৈববশতঃ হরিসেবা কার্য্যে উদাস হইয়া কেহ অনিচ্ছ অবস্থায় ভজন হইতে কোন প্রকারে ভ্রষ্ট হন, এমন কি, ইহলোক ত্যাগ করেন, তথাপি তাঁহার ভজনের কোন ক্ষতি হইবে না। তিনি যতটুকু সময় হরিভজনে অগ্রসর হইয়াছেন, ঈশ্বরেচ্ছায়ও কেহই সেই অকপট সেবাবিন্দুর অনুশীলনকে চিরতরে বিনষ্ট করিতে পারেন না। যদিও সাময়িকভাবে তাহা লুপ্ত থাকে, তথাপি একদিন না একদিন সেই সুপ্ত বৃত্তি পীযূষকে পুনরায় উদ্বুদ্ধ হইয়া পড়িবে তাহা অধিক দিন চাপা থাকিতে পারিবে না।

সেবাপ্রাপ্তির মূলই সেবালাভের উপায়। কেননা ভক্তির দ্বারাই ভক্তিলাভ হয়। কোন যোগ্যতা না থাকিলেও যদি সর্ব্বতন্ত্রস্বতন্ত্র অহৈতুক-ভগবান্ কোন সুকৃতিমান্ ব্যক্তির প্রতি হঠাৎ প্রসন্ন হইয়া পড়েন তবে ভক্তিলাভ অতি সুলভ হইয়া পড়ে। সর্ব্বাপেক্ষা অযোগ্য ব্যক্তির পক্ষেও অকস্মাৎ কৃষ্ণ ও কৃষ্ণভক্তের কৃপালাভ হইতে পারে। তবে ইহা খুব বিরল। আবার সাধুর দ্বারাও ভগবৎকৃপা লাভ হয়। ভাগবত শ্রবণ বা হরিকথা-শ্রবণাদি হইতে সাধনবল লাভ হইয়া থাকে। বৈষ্ণবের উচ্ছিষ্ট-ভোজনাদি হইতেও সাধনবল পাওয়া যায়। ভক্তিই উপায়, ভক্তিই উপেয়। সাধনভক্তি উপায় ভক্তি আর প্রেমভক্তি প্রাপ্য বা উপেয়ভক্তি। সাধুগণই হরিকথা-কীর্ত্তনকারী। আমাদের দিক্ হইতে কেবল হরিকথা-শ্রবণের জন্য লোভ থাকা আবশ্যক। সাধুর কাছে বসিয়া বসিয়া কেবল হরিকথা শুনিলেই হইবে না। পরন্তু পাঠশ্রবণের পর শ্রোতা যদি পাঠক অর্থাৎ আচার প্রচার যুক্ত কীর্ত্তনকারীরূপে পরিণত হন, তবেই তাঁহার ভজন আরম্ভ হইল। যাহারা কপটতা করিয়া বাহিরে অভক্তের ছলনা প্রদর্শন পূর্ব্বক অন্তরে ভোগবুদ্ধি সংরক্ষণ করে, তাঁহাদের প্রকৃত কীর্ত্তন বা ভজন হয় না। তাহারা কীর্ত্তনসেবার ছলে জগদ্বঞ্চনে প্রতিষ্ঠাশী কপটভক্ত হইয়া পড়ে।

শ্রদ্ধাই মঙ্গলোপায়

কৃষ্ণবৈমুখ্যই অসুবিধা। কৃষ্ণকে ভুলিয়াই যত কিছু অসুবিধা বা জঞ্জাল উপস্থিত হইয়াছে। মায়াগ্রস্ত হইয়াই এই বিপদ্ ঘটিয়াছে। ভূতে ধরিলে যেমন লোক নিজেকে নিজে বিস্মৃত হইয়া যায়— সে মানুষ কি পশু জানিতে পারে না, কেহ তাহাকে জানাইয়া দিলেও সে বুঝিতে পারে না, অবিদ্যাগ্রস্ত জীবের অবস্থাও ঠিক তদ্রূপ। ভূতগ্রস্ত জীবের যেরূপ অন্য একটা শক্তির দ্বারা আচ্ছন্ন হওয়ায় নিজেকে এবং নিজের আত্মীয়-স্বজনকে এবং অন্যান্য বস্তুসমূহের বিষয় ভুল হইয়াছে, তদ্রূপ বদ্ধজীব আমাদের অবিদ্যাগ্রস্ত হওয়ায় স্বরূপবিস্মৃতি ঘটিয়াছে। অবিদ্যা হইতেই ভোগবাসনা উদিত হইয়াছে—স্বস্বরূপ, পরস্বরূপ, বিরোধিস্বরূপ এবং উপায়-উপেয়-স্বরূপজ্ঞান তিরোহিত হইয়াছে, ইহাই অসুবিধা। ভগবৎ-স্মৃতি সুবিধা এবং ভগবৎ-বিস্মৃতিই অসুবিধা। এই অসুবিধা না গেলে সুবিধা বা মঙ্গললাভ হয় না। মঙ্গল—কৃষ্ণ। মঙ্গল লাভ বা সুবিধা লাভের বাধা অসুবিধা বা অমঙ্গল। কৃষ্ণসেবা কামনাই সুবিধা আর স্বসুখকামনা বা নিজেন্দ্রিয়তর্পণপ্রবৃত্তিই অসুবিধা। এই অসুবিধার হাত হইতে উদ্ধার পাওয়ার একমাত্র উপায় সম্বন্ধে শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

শৃণ্বতাং স্বকথাঃ কৃষ্ণঃ পুণ্যশ্রবণ-কীর্ত্তনঃ।
হৃদ্যন্তঃস্থো হ্যভদ্রাণি বিধুনোতি সুহৃৎ
সতাম্॥

শ্রদ্ধা সহকারে যিনি কৃষ্ণকথা শ্রবণ করেন, তাঁহার হৃদয়ে মায়িক ভোগপর বাসনাসমূহ কোনক্রমেই থাকিতে পারে না। সেবোন্মুখ ব্যক্তির এতান্ কর্ণে কৃষ্ণকথা প্রবেশ করিয়া হৃদয়কে স্বচ্ছ নির্ম্মল করে। হরিস্বরূপ শব্দ ভোগময়ী চিত্তাবস্থাকে বিনষ্ট করে। সাধুমুখে শ্রবণ কীর্ত্তন দ্বারা কৃষ্ণ সেবক হইলেই অবিদ্যা বিনষ্ট হইবে—অসুবিধা দূরীভূত হইয়া সুবিধা লাভ হইবে। তখন আর ভোগপ্রবৃত্তি থাকিবে না, উত্তরোত্তর সেবাপ্রবৃত্তি বর্দ্ধিত হইবে।

আমরা বর্ত্তমানে নানাপ্রকার অসুবিধার মধ্যে পড়িয়া আছি। এতদবস্থায় সুবিধা লাভ আমাদের কি প্রকারে হইতে পারে? সুবিধা লাভের বিরুদ্ধ বস্তুই সুবিধা লাভের পথ রুদ্ধ করে। 'আমি অসুবিধার মধ্যে পড়িয়া আছি'—এই জ্ঞানই অনেক সময় সুবিধা লাভের সন্ধান দেয়। 'আমি অসুবিধাগ্রস্ত, আমি সুবিধা চাই, মঙ্গল চাই' সর্ব্বক্ষণ এই চিন্তা প্রবল হইলে ক্রমশঃ সুবিধা লাভের জন্য যত্ন হইতে থাকে। 'কে আমি, কেনে মোরে জারে তাপত্রয়?' এই স্বরূপজ্ঞানের অভাববশতঃই আমাদের অসুবিধা যাইতেছে না। সাধুর নিকট শরণাগত হইয়া যতই হরিকথা-শ্রবণ করিব, যতই কুবাসনা অপসারিত হইবে, ততই শ্রেয়ঃপথে অগ্রসর হইতে পারিব। আস্তিক না হইলে অসুবিধা যায় না। গুরুবাক্যে দৃঢ় বিশ্বাস বা নিষ্কপট আস্তিকতা। আস্তিকতা শরণাগতিমূলক। আমি অসহায়, আমি পতিত, আমি সেবা-বিমুখ—এই উপলব্ধি শ্রীগুরুপাদপদ্মে জীবকে শরণাগত করায়। এ বস্তুটির জগতে একান্ত উপলব্ধি হওয়া দরকার। আমার আর কেহ নাই—ইহা উপলব্ধ হইলে শ্রীগুরুপাদপদ্মে শরণাগত হইবার জন্য হৃদয়ে বল ও প্রেরণা পাওয়া যায়। ইহাই আস্তিকতা। শ্রদ্ধাবান্ জনগণ আস্তিক, আর শ্রদ্ধাহীন জন নাস্তিক। নাস্তিকতা যাহার যত বেশী, সে তত ভগবৎকৃপা হইতে বঞ্চিত—অসুবিধাগ্রস্ত। এই নাস্তিকতা বা অশ্রদ্ধাই সমস্ত অসুবিধার মূল। সমস্ত অসুবিধার জননী দৈবী মায়া। আর সমস্ত সুবিধার মূল ভক্তিময় শ্রীগুরুপাদপদ্ম। বাস্তবসত্তা বা একমাত্র মঙ্গল তখনই করায়ত্ত হয়—যখন আমরা সেবোন্মুখ হইয়া শ্রীগুরুপাদপদ্মে আশ্রয় গ্রহণ করি। শ্রীগুরুপাদপদ্মে আশ্রয়গ্রহণই সকল মঙ্গলের সেতু। আশ্রয়গ্রহণ ব্যতীত সন্তোষণের অন্য উপায় নাই। নিষ্কিঞ্চন মহাজনগণের শ্রীপাদপদ্মের আশ্রয় ব্যতীত মঙ্গল বলিয়া কোন কথাই থাকিতে পারে না। সাধু মহাজনের নিকট ভগবানের কথা শ্রবণ করিয়া যখন আমরা তাঁহার কৃপা লাভের জন্য যত্ন করি—তাঁহার একান্ত শরণাগত হই—কৃপা ছাড়া গতি নাই, একথা হৃদয়ে উপলব্ধি করিতে পারি, তখনই আমাদের সুবিধা হয়। শ্রীগুরুপাদপদ্মে পূর্ণ শরণগ্রহণ ব্যতীত জীবের পূর্ণ মঙ্গল হইতে পারে না। দেহে 'আমি-আমার'-বুদ্ধি প্রবল থাকিলে সুবিধা হইবে না। দেহাভিনিবেশ ছাড়িয়া শ্রীগুরুপাদপদ্মে আত্মনিবিষ্ট হইতে পারিলেই মঙ্গললাভ হইবে। আমাদের প্রত্যেক পদবিক্ষেপে, স্বপনে, জাগরণে, শয়নে যে কোন কার্য্যকালে গুরুকৃপা যদি আমাদের স্মৃতিপথে না থাকেন, তাহা হইলে নিশ্চয়ই আমরা বিপথগামী হইবই হইব। ভগবান্‌কে কেন্দ্র করিয়া সকল কাজ করিলেই আমাদের মঙ্গল হইবে—অসুবিধা চলিয়া যাইবে। অনন্য সর্ব্বেন্দ্রিয় দ্বারা আনুকূল্যে কৃষ্ণানুশীলন ব্যতীত জীবের পূর্ণমঙ্গল নাই—নাই—নাই।

হরিকথা-শ্রবণকারীর কোন কালেই বিনাশ নাই। সেবোন্মুখতাই মঙ্গললাভের একমাত্র যোগ্যতা। ভগবদ্ভক্তের সঙ্গই একমাত্র মঙ্গলজনক। সেবোন্মুখ কর্ণে সাধুর সঙ্গই প্রকৃত সাধুসঙ্গ। যাঁহারা সাধুসঙ্গ আরম্ভ করিয়াছেন, তাঁহাদের অন্য কার্য্যে সময়ক্ষেপ করিবার অবসর নাই। তাঁহারা সেবাদ্বারা ভগবান্‌কে আকর্ষণ করেন এবং নিজেরা কৃষ্ণের আকর্ষণে আকৃষ্ট হন। ভগবান্ কৃপাপূর্ব্বক সাধুর শ্রীমুখে শব্দরূপে আবির্ভূত হইয়া আমাদের নিকট উপস্থিত হন। যখন সেই শব্দের একান্ত শরণাগত না হইয়া বহির্বিষয়ের রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শাদিতে আকৃষ্ট হইয়া পড়ি, তখনই আমরা শ্রেয়ঃ-পথ হইতে বিচলিত হই—বাস্তবসত্য হইতে ভ্রষ্ট হইয়া যাই।

শ্রীগুরুপাদপদ্ম-সেবাতেই জীবের একমাত্র মঙ্গল। মঙ্গলময়ের—কৃপাময়ের কৃপাতেই আমাদের অসুবিধা কাটিয়া যায়। তাঁহার কৃপা ব্যতীত জীবের কিছুতেই মঙ্গল হইতে পারে না। তাঁহাকে আপন বা নিজের বলিয়া জ্ঞান না হইলে মঙ্গলের পথেই বাধা হয় নাই বা নষ্ট হইবে। তাঁহাতে 'আমার লাগি' পতিতপাবন' এ বিচার হইলে আর অনর্থের আক্রমণ কার্য্যকরী হইতে পারে না। অতএব—অনিত্য বস্তুতে মন হইলে নিত্যবস্তুতে—গুরুদেবে আদর হয় না। তাই সত্যবস্তুতে আগে শ্রদ্ধাই প্রয়োজন। সত্যবস্তুতে শ্রদ্ধার অভাব বশতঃই আমাদের অসুবিধা যাইতেছে না। আমরা অন্ধের ন্যায় উন্মুক্ত কিছুতেই করিব না। যদিও বা সত্য বুঝি, তথাপি চক্ষু খুলব না। সুতরাং আলো পাইব কি করিয়া? আমরা পূর্ব্বপূর্ব্ব জন্মের পুঞ্জীকৃত সুকৃতির বলে শ্রীগুরুপাদপদ্মের সন্ধান পাইয়াছি, তাঁহার চরণাশ্রয়ের সুযোগ ঘটিয়াছে বটে কিন্তু যদি তাঁহাতে শ্রদ্ধা ও দৃঢ় বিশ্বাস না হয়, তাঁহাকে কৃষ্ণের জন, কৃষ্ণশ্রেষ্ঠ বলিয়া উপলব্ধি না হয়, তাহা হইলে সেইরূপ আশ্রয়গ্রহণের কি মূল্য আছে? অন্ধকারে কল্পনা করিয়া লক্ষ্য স্থির করিলে লক্ষ্যভেদ হইবার নিশ্চয়তা আছে কি? তাই শ্রদ্ধার অভাববশতঃ আমাদের মঙ্গললাভে—অসুবিধা যাইতে এত দেরী পড়িতেছে। নতুবা শ্রীগুরুপাদপদ্ম

শিক্ষাগুরুকে ত' জানি কৃষ্ণের স্বরূপ। অন্তর্য্যামী, ভক্তশ্রেষ্ঠ;—এই দুই রূপ॥

'আত্ম কর্ষিয়া মঙ্গল লাভ করিতে এত সময় লাগে না, মঙ্গলময়ের চরণাশ্রয়ের সঙ্গে সঙ্গেই আমাদের মঙ্গল হইত। অস্ত্রতাই মঙ্গলপ্রাপ্তির একমাত্র বাধা। এই বাধা অতিক্রমের একমাত্র উপায় 'আমার মঙ্গললাভ হইল না' বলিয়া অকপটভাবে অনুক্ষণ শ্রীগুরুপাদপদ্মের কৃপাভিক্ষা করা—অশ্রুভিক্ষা করা।

"সকল ছাড়িয়া ভাই শ্রদ্ধাদেবীর গুণ গাই,
যাঁর কৃপা ভক্তি দিতে পারে।"

প্রকৃত বিধি

——::o::——

শ্রীগুরুকৃষ্ণকে সর্বক্ষণ মনে রাখিতে হইবে—ইহাই মূল বিধি। শ্রীগুরুকৃষ্ণকে কখনই—কি সুখে, কি দুঃখে, কি সম্পদে, কি বিপদে—কোন অবস্থাতেই ভুলিতে হইবে না—ছাড়িতে হইবে না। ইহাই মূল নিষেধ। অন্যান্য সমস্ত বিধি ও নিষেধ এই মূল বিধি-নিষেধের অনুগত। কৃষ্ণকে ভুলিতে হইবে না—এই নিষেধ যিনি লঙ্ঘন করিয়াছেন, তিনি না করিয়াছেন এমন কোন অন্যায় কার্য্য নাই। যাহাতে গুরুকৃষ্ণের সুখ বা সংবাদ হয়, তাঁহাদের সুখের জন্য যে সকল ব্যবস্থা তাহাই বিধি—তাহাই সত্য—তাহাই নীতি। ভগবৎসুখবিধানচেষ্টা বাদ দিয়া নীতি বা বিধির কোন সার্থকতা নাই, তাহা দুর্নীতি বা অবিধি। পরমার্থনীতি ভগবদ্ভক্তিময়ী, ভগবৎসুখবিধানময়ী। তাহা নিজেন্দ্রিয়প্রীতিময়ী নহে। যে নীতি বা বিধিতে গুরুকৃষ্ণের সুখের কোন কথা নাই, যে নীতিতে নিজের দৈহিক বা মানসিক সুখসুবিধা, মঙ্গলামঙ্গলের কথাই অধিক, তাহা ভক্তের নীতি বা বিধি নহে। তাহাকে পারমার্থিকগণ দুর্নীতি বা কুনীতিই বলিয়া থাকেন। পরমার্থনীতি—ভক্তিপরা—ভগবৎসুখসাধিকা। আর লৌকিক নীতি ইহলোক বা পরলোকে নিজসুখসন্ধানপরা—নিজসুখসাধিকা। তবে পাপ করা অপেক্ষা ইহা ভাল। নীতির বা বিধির মুখ্য উদ্দেশ্য—যেনতেনপ্রকারেণ বহির্মুখ জনসাধারণকে পরমার্থের ভূমিকায় আনয়ন: তাহা আচরণময়ী। সর্বাগ্রে নিজে এই নীতি পালন করিয়া জগতে অন্যকে উপদেশ দেওয়া উচিত। কিন্তু এইটী যদি বাদ পড়িয়া যায় তাহা হইলে কি লাভ হইল? যে কোন প্রকারে হউক সেবা করাই আমাদের নিয়ম হওয়া উচিত। জীবনযাত্রা যদি পরমার্থের জন্য হয়, তবে জীবননির্বাহের জন্য যে নীতি তাহাকে গৌণনীতি বলা যাইতে পারে।

আমি শ্রীগুরুকৃষ্ণের অযোগ্যতম কিঙ্করকিঙ্কর—তাঁহাদের পদধূলিই আমার সত্য, সুতরাং তাঁহাদের কৃপাপাত্র হইতেই হইবে—নিত্যকালনিয়ত হইতেই হইবে। যদি আমাদের ইহাই একমাত্র প্রয়োজন হয়, তাহা হইলেই আমরা ভক্তনীতি বা সেবানীতিতে প্রতিষ্ঠিত হইতে পারিব। যদি ভজন আমাদের উদ্দেশ্য হইলে সাধুসঙ্গে হরিকথা-শ্রবণ-কীর্ত্তনই আমাদের বিধি হইবে—ভক্ত্যনুকূল গ্রহণ ও ভক্তিপ্রতিকূল-বর্জ্জনই নীতি হইবে। আর যদি ঐকান্তিক ভক্তিলাভই উদ্দেশ্য না হয়, হরিভজনের সঙ্গে ভোগের আকাঙ্ক্ষাও প্রচ্ছন্নভাবে থাকে, তাহা হইলে অনুসারেই আমরা বিধিপালনে তৎপর হইব। ভক্তের সেবাই নীতি—'সেবা সে নিয়ম।' ইহাই মুখ্যনীতি—শ্রেষ্ঠনীতি বা ভক্তিনীতি। এই নীতি পালনের জন্য তৎপর হইতে হইবে। ইহাই আমাদের প্রয়োজন, এই শ্রেষ্ঠনীতি হরিভক্তি অনুশীলন করিতে গিয়া যদি লৌকিক নীতির সহিত বৈষম্যও ঘটে, তাহাও ভাল। গুরুপাদপদ্মের কৃপাপাত্র হইতেই হইবে, এই প্রতিজ্ঞাকে আমরা কিছুতেই ছাড়িব না এবং কৃপালাভের যে পন্থা তাহাও কিছুতেই ছাড়িব না। হৃদয়ে যদি এইরূপ সংসাহস, উৎসাহ ও লক্ষ্য থাকে, তাহা হইলে আমাদের ভক্ত্যনুকূল গ্রহণ ও প্রতিকূল বর্জ্জন ঠিক হইবে প্রত্যাহার ও পরানুশীলন হইবে, আমরা ভক্তিনীতিতে প্রতিষ্ঠিত হইতে পারিব। ভগবৎসেবাহীন নীতিকে অসার বলিয়া জানিতে হইবে। ভগবৎসেবাশূন্য নীতিপালনে লোকের অমঙ্গল বা ধ্বংস অনিবার্য্য।

ভগবানের সেবার জন্য যাহা করা যায়, যাহা ভগবানের সুখদায়ক হয়, তাহাই বিধি। ভক্ত যাহা করেন, তাহাই বিধি। যেখানে নিজের অর্থ-কাম-চরিতার্থের বিন্দুমাত্রও স্পৃহা নাই, সেখানেই সেবা হয়। বাহ্যদৃষ্টিতে ভক্ত ও অভক্তের ক্রিয়া-কলাপে অনেকটা সৌসাদৃশ্য আছে, তাই অভক্ত ব্যক্তিগণ ভক্তদর্শনে ভুল করে। ভক্তগণ ভগবানের সেবার জন্য সমস্ত করিতে পারেন। তাহাতে তাঁহাদের কোন দোষ হয় না। ভগবান্ স্বয়ং বলিয়াছেন,—

মৎ‌র্থমর্থং কৃতং পাপমপি ধর্ম্মায় কল্পতে।
মামনাদৃত্য ধর্ম্মোঽপি পাপং স্যান্মৎ-
প্রভাবতঃ॥

ঐকান্তিক ভগবদ্ভক্তগণের ভগবানের জন্য কৃত পাপসমূহ ধর্ম্মনামে কথিত হয় আবার ভগবান্কে অনাদর করিয়া নিজের জন্য কৃত ধর্ম্মসকলও ভগবৎপ্রভাবজনিত অপরাধবশতঃ পাপে পরিণত হইয়া থাকে।

ভগবানের সেবার জন্য যাহা করা যায়, তাহা খাঁটি সত্য, তাহা কখনও মিথ্যা নহে। কিন্তু তাই বলিয়া ভগবানের দোহাই দিয়া মিথ্যা কথা বলা, চুরি ডাকাতি করা অন্যায় অন্যায়। ভগবদ্ভক্তগণ কোনও অন্যায় কার্য্য করেন না। পাপ ও পুণ্যের কথা, উভয়ের জন্য নির্ম্মল হৃদয়ে

মৃত্যুঞ্জয়ী কে?

——::(o)::——

যাহার প্রাণ নাই সে মৃত। জীবাত্মাই প্রাণ। দেহ হইতে জীবাত্মা বহির্গত হইলে তাহাকে শব বলে। যাহাদের চেতন প্রাণ আছে, কিন্তু সে চেতন ক্রিয়ারহিত, আত্মা আছে, কিন্তু পরমাত্মার সেবা করে না তাহাকে জীবন্মৃত বলে। চেতনই চেতনের সেবা করেন, অচেতন পারে না। অচেতন জড়।

নিজসুখপর পুণ্যকামনাও স্থান পায় না। তাঁহারা সতত গুরুকৃষ্ণসেবাপরায়ণ। তাঁহাদের সেবাসুখ-আশা-ভরা চিত্তধারার মধ্যে উত্তর কথা প্রবেশ করিতে পারে না, তাঁহাদের আহার বিহার, শয়ন স্বপন সকলের মধ্যে সেবাসম্পাদনই বিহিত আছে। সতত গুরুসেবারত হইয়া কোনরূপে জীবন নির্ব্বাহ করিয়া চলাই উচিত। হরিভজনোপযোগী দেহ রক্ষা করিয়া চলাই বিধি। অতিরিক্ত আহার ও অতি কম আহার এর কোনটীই উচিত নহে। কোনরূপে জীবন নির্ব্বাহ করিয়া চলিতে যাহা একান্ত প্রয়োজন তদতিরিক্তগ্রহণে অসুবিধা আনয়ন করে। বিষয়ে অতিনির্বিষ্ট না হইয়া অনাসক্তভাবে সর্ব্বথা যথ যোগ্য বিষয়স্বীকার অকর্ত্তব্য নয় না। ভগবান্ ও ভক্তের সেবা করিবার জন্য যথাপ্রসাদ-সেবন দ্বারা ভজনানুকূল দেহ রক্ষা করিতে হইবে। প্রসাদ করিবার যোগাড় না থাকিলে অনুপ-পর্য্যাপ্ত দ্বারা প্রসাদের সন্ধান করিতে হবে। পাওয়া না পাওয়া ব্যাপারে সন্তুষ্ট থাকিলে অসুবিধা হইবে। পরমার্থ লক্ষ্য বিষয় হইলে এই সমস্ত বাজে কাযে মনঃক্ষেপ করিবার অবসর থাকিবে না, তবেই মঙ্গল হইবে। পূর্ব্বের সব অভ্যাস ত্যাগে যত্নশীল হওয়া প্রয়োজন, নতুবা উন্নতিলাভের আশা নাই।

বাস্তব হরিভজনের পথে একজনের বিধি আর একজন ঠিক করিয়া দিতে পারে না। মূল বিধিনিষেধের কথা বলিয়া দিতে পারেন, কিন্তু তদনুসারে পদচালনা ও পরানুশীলনমুখে চলাটা ব্যক্তিগত। আমরা যদি বাস্তব মঙ্গলাকাঙ্ক্ষী হই, তাহা হইলে আমাদের উন্নত-অবনতির দিকে নিজে নিজেই লক্ষ্য করিব এবং আমার জীবনযাত্রা-নির্ব্বাহের বিষয়ে গুরুবৈষ্ণবগণের নিকট জানিয়া লইয়া তাহা যথাযথ আচরণ করিব। আমাদের প্রয়োজন গুরুবৈষ্ণবের সুখবিধান এবং সেই পথে ঠিক ঠিকভাবে চলিতে হইলে যাহা আমাদের দরকার, তাহাই প্রকৃত বিধি।

হরিবিমুখতাই মৃত্যু। এই হরিবিমুখ জগতের সকলই মৃত্যুমুখে। ভগবান্কে ভুলিয়াই জীব মায়াকবলিত হয়। এ জগতে আমরা সর্ব্বদাই মৃত্যুর কবলে। ভগবানের নিত্য সেবানন্দ হইতেই জীব হরিবিমুখতারূপ মৃত্যুকে বরণ করিয়াছে। হরিভজন করিতে হইলে এই মৃত্যুকে জয় করিতে হইবে। জীবন্মৃত হইয়া থাকিয়া—অচেতন বা জড়বৎ পড়িয়া থাকিয়া ভগবানের সেবা করা যায় না। মৃত্যু জয় করিবার চেষ্টা তাহার নাম সাধন। ভগবানের নিত্যসেবক শ্রীগুরুপাদপদ্মের নিত্যকিঙ্কর হইবার—এই জ্ঞান লাভ করা দরকার। আমরা গুরুদেবের নিত্যকিঙ্কর, তাঁহাদের আমার নিত্য সম্বন্ধ এবং আমরা তাঁহাদের সেবা ভুলিয়া অন্য কাহারও সেবা করিব না, তাঁহাদের সুখসাধনের জন্য সর্ব্বদা চেষ্টিত থাকিব এইরূপ চেষ্টা করিলে আর হরিবিমুখতারূপ মৃত্যু আমাদের গ্রাস করিতে পারিবে না।

আমরা বস্তুতঃ মৃত নহি, আমাদের প্রাণ আছে, চেতন আছে, জীবন আছে। কিন্তু বর্ত্তমানে আমাদের এই চেতনতা সুপ্ত হইয়া রহিয়াছে। আমাদের এই চেতনতা জাগ্রত করা দরকার। সাধুসঙ্গের দ্বারা এই চেতনকে জাগ্রত করা যায় না। সদ্গুরুর কাছে গেলে—চেতনকে জাগাইবার যে পন্থা তাহা স্বীকার না করিলে চেতনকে জাগান সম্ভব নয়, বরং অচেতনতাকে আরও অধিকতর দৃঢ় করাই হইবে। আমরা যদি সাধুসঙ্গে হরিকথা শ্রবণ করি তবে হরিকথা শুনিয়া আমাদের চেতনতা জাগ্রত হইবে। চেষ্টা হইতে আত্মার প্রকাশ হইবে, বাসনা দূর হইবে, উন্নতির দিকেই আত্মা প্রকাশিত হইবে এবং উর্দ্ধলোকের দিকে লক্ষ্য থাকিবে। সেইরূপ আমাদের এই হরিবিমুখতারূপ মৃত্যুকে কি উপায়ে জয় করা যাইতে পারে? আমরা নিজে নিজে কোটি চেষ্টা করিলেও এই বিমুখতাকে দূর করিতে পারিব না। ভগবানের কৃপা সাধন যখন ভগবৎকৃপায় একমাত্র হয় তখনই আমরা এই মঙ্গল পরমবস্তুর সৌভাগ্য পাইয়া থাকি। ভগবানের কৃপাতেই সাধুদর্শন বা সাধুসঙ্গের সুযোগ ঘটিয়া থাকে। এই সাধুর চরণাশ্রয়ই মঙ্গলের বরণ করা। সাধুর কৃপাতেই আমরা হরিবিমুখতারূপ মৃত্যুর কবল হইতে রক্ষা পাইয়া থাকি।

লৌকিক শিক্ষক বা জাগতিক গুরুগণ আমাদিগকে মৃত্যুর কবল হইতে রক্ষা করিতে পারেন না। ইঁহারা আমাদিগকে হরিভজনে সাহায্য না করিয়া অনিত্য ভোগসুখভিত্তিতেই প্রবৃত্ত করিতে চেষ্টা করেন,

---

তাই সাধু শাস্ত্র তাঁহাদিগকে অজ্ঞানান্ধ বলিয়াছেন, তাঁহাদের ভজনপ্রণালী ত্যাগ করিতে বলিয়াছেন। কিন্তু যাঁহারা আমাদিগকে সেবায় প্রবোধিত করেন, আমাদের ভোগের উদ্দেশ্যে না হইয়া ভগবানের ইন্দ্রিয়তর্পণ-মূলক। ... করেন, উহারাই প্রকৃত বন্ধু। তাঁহাদের সঙ্গ একমাত্র প্রার্থনীয় হওয়া উচিত।

দিন। ... সর্বক্ষণ সেবায় নিযুক্ত থাকেন ... ও প্রেরণা দান করে ... তাঁহারা ভগবানের নিজজন লোক এবং আমাদিগকে আপন বলিতে একমাত্র তাঁহারাই। ... বারবার বহুর অভাব হয় না। ভগবানের সেবার কথা না বলিয়া অন্যত্র কথায় আমাদের ... বাধিবার লোকের অভাব নাই। কিন্তু নিজে সর্বক্ষণ হরিভজন করিয়া আমাদিগকে সেবায় উদ্বুদ্ধ করেন, এরূপ লোকের সুদুর্লভ অভাব। যাঁহারা এরূপ সাধুর সন্ধান পাইয়াছেন এবং ভক্তজনোচিত সেবার সৌভাগ্য পাইয়াছেন, তাঁহারাই সুদুর্লভ ধন লাভ করিতে পারেন।

এই হরিজন আশ্রয়ই যাঁহারা শ্রেয়ঃপথ গ্রহণ। যাঁহারা শ্রেয়ঃপথে বিচরণ করেন তাঁহারা ভগবানের যে প্রকার ... অধীনগণের সেই প্রকার অধীন। শ্রেয়ঃপথে ভক্তের আশ্রয়ই ভগবৎসেবা-প্রয়াসী থাকা কর্তব্য। একের আশ্রয় ছাড়া তিনি নিজে নিজে কোন কিছু করিতে যান না। শ্রেয়ঃপথের পথিকগণের ভগবৎসেবা ছাড়া আর কিছুই কর্তব্য মধ্যে পরিগণিত হয় না। যাঁহারা এই শ্রেয়ের সন্ধান পাইয়াছেন, তাঁহাদের প্রার্থনা—

তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো
ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকম্।
হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্নমস্তে
জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্॥

জীব আপন কর্মফলে সুখ ও দুঃখ ভোগ করে। ... বিচার গ্রহণ করিয়াছেন, তাঁহারা কর্মফলভোগকে ভগবানের কৃপা ও দয়া জ্ঞান করিয়া ভোগ করিতে করিতে কায়মনোবাক্যে শ্রীভগবৎপাদপদ্মে শরণাগত হন। কর্মফল হইতে মুক্ত হইবার জন্য শ্রেয়ঃপন্থীর প্রার্থনা নাই। শ্রেয়ঃপন্থী কেবল ভগবানের অহৈতুকী কৃপার প্রার্থনা করিয়া থাকেন। এই প্রকার প্রেমের আশ্রয়কারী ব্যক্তিই ভগবৎ-পাদপদ্ম লাভের অধিকারী। তিনিই ভগবৎস্মৃতিরূপ মুক্তিপদ লাভ করিতে পারেন। তিনিই অনুক্ষণ সেবা করিতে পারেন। শ্রীগুরুপাদপদ্মের একান্ত ভৃত্যই মুমুক্ষু। তাঁহার দুঃখ বলিয়া কোন কথা নাই।

প্রাকৃত ও অপ্রাকৃত

[শ্রীশ্রীল প্রভুপাদ-লিখিত]

আমরা বৈষ্ণবসাহিত্যে ও শুদ্ধ বৈষ্ণবের মুখে অপ্রাকৃত শব্দ শুনিতে পাই। ভক্তি-গ্রন্থাদিতে প্রাকৃত শব্দেরও অনেক স্থলে উল্লেখ দেখা যায়। এই শব্দ দুইটী ব্যবহার করিয়া শাস্ত্রকার ও বক্তাগণ কি লক্ষ্য করেন তাহাই আমাদের আলোচ্য বিষয়।

প্রকৃতি অব্যক্ত অর্থাৎ যাহা প্রকাশমান না হইয়া সর্বকালেরূপে নিত্যাশ্রিতার আশ্রয় সম্পাদন করে। প্রকাশমান কোন ব্যাপার কারণ প্রকাশিত হইলে কারণের কারণ জানিতে জ্ঞানবৃত্তির স্বাভাবিক কৌতুহল হয়। মানবজ্ঞান যে কালে কারণ নির্দেশ করিতে গিয়া কারণকে প্রকাশমান দেখিতে না পান তখন তাদৃশ কারণকে অপ্রকাশিত বা অব্যক্ত প্রকৃতি সংজ্ঞা দেন। প্রকৃতি হইতে জাত প্রকাশমান দ্রব্য দ্রব্যসম্বন্ধীয় ভাব সমস্তই প্রাকৃত। জীব ঐগুলি জ্ঞান-কর্মেন্দ্রিয় দ্বারা গ্রহণ করিয়া ভোগ করেন। তাহাতে কোন সময় তাহার নিজেন্দ্রিয়প্রীতি হয় কখনও বা অপ্রীতি বা দুঃখের উদয় হয়।

প্রকৃতির মধ্যে তিনটী গুণ প্রকাশমান আছে। তাহাদিগকে রজ, সত্ত্ব ও তম সংজ্ঞা দেওয়া হয়। রজোগুণের ধর্ম অপ্রকাশিত বস্তুকে প্রকাশ করে। সত্ত্বগুণের ধর্ম প্রকাশিত রক্ষা করে। তমোগুণের ধর্ম প্রকাশিত বস্তুসমূহের বিলোপসাধন করে। সত্ত্বগুণের এক প্রান্তে রজোগুণ এবং অপর প্রান্তে তমোগুণ সুতরাং ঐ অসৎ গুণদ্বয়ের মধ্য ... আছে। এই তিনটি গুণের পতি তিনটীকে ভগবানের পুরুষ বা গুণাবতার বলা হয়। সত্ত্বগুণের ঈশ্বর ভগবান্ বিষ্ণু। সত্ত্বগুণের অধীশ্বর হইয়াও তাঁহাকে প্রকৃতি বা জড় কর্মভোগ স্পর্শ করিতে হয় না। তবে তাঁহার আশ্রিত রজোগুণাধীশ্বর ব্রহ্মা এবং তমোগুণাধীশ্বর রুদ্র প্রকৃতিবাধ্য হইয়া পরমেশ্বর বিষ্ণুর সমদর্শে অধিকারী হন না। বিষ্ণু প্রকৃতির অধীশ্বর। ব্রহ্মা ও রুদ্র প্রাকৃত ও প্রকৃতিপতি হইয়াও প্রকৃতির অধীন। ভগবান্ বিষ্ণু প্রাকৃত বিকার স্বীকার করেন না কিন্তু ব্রহ্মা ও রুদ্র বিকার স্বীকার করিয়া বিষ্ণুর সমদর্শন লাভ করিতে পারেন নাই। সেইজন্যই ব্রহ্মা ও রুদ্র অঘটনঘটনপটীয়সী বিষ্ণু-মায়াধীশ্বর পুত্র বলিয়া অভিহিত হন। বিচারহীন অবৈষ্ণবগণ বিষ্ণুকে অপর দুইটী গুণাধীশ্বরের সহিত সমস্থানে অপরাধ করিয়া বসেন। শাস্ত্র বলেন—

যস্তু নারায়ণং দেবং ব্রহ্মরুদ্রাদিদৈবতৈঃ।
সমত্বেনৈব বীক্ষেত স পাষণ্ডী ভবেদ্ ধ্রুবম্॥

বিষ্ণৌ সর্বেশ্বরেশে তদিতরসমধীর্যস্য বা নারকী সঃ

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—ঃঃ০ঃঃ—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

—ঃঃ০ঃঃ—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে, বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচিত খোলা। [illegible] [illegible] ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা আছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তিলাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা সংক্ষেপভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর সম্বন্ধে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত সংক্ষেপভাবে সংগৃহীত হইয়াছে। [illegible] শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সংকলিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নরহরিবিনোদ ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিশ্বনাথচক্রবর্ত্তি মহামহোপাধ্যায় [illegible] [illegible] ভক্তিসিদ্ধান্ত টীকা, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এবং মহোদয় [illegible] [illegible] শ্রীমদ্ [illegible] এক অপূর্ব্ব অনুবাদ [illegible] সম্পূর্ণ প্রকাশিত করিয়া উহার আদর্শ [illegible] পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অতুলনীয়। [illegible] অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের সূচীপত্র [illegible] অন্বয়, [illegible] শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে [illegible] [illegible] শ্রীল শ্রীধরস্বামীকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল [illegible] [illegible] প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে যে সকল পাঠক [illegible] সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন সন্দেহ নাই। [illegible] [illegible] আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে। [illegible] সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান—শ্রীনরহরিবিনোদ ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদবাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বক্তাগণের প্রতিপাদ্য বিষয়-নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের একটি অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে মুদ্রিত।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত সরলভাবে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা। ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ ৪-৫৬ ৬-২১ ৭ ১৪ ১১-৬ ১৩-১৬ ১৬-৫৬ ১৭-৫৬ ২২ ৫

দমদম ৪-৫৬ ৬-৩১ ৭-২৮ ১১-১৮ ১৩-৫০ ২২

রাণাঘাট পৌঃ ৬-১৬ ৮ ১ ৯-১৮ ১৩-২৮ ১৪-৫৭ ১৮-৩১ ১৯-৩৫ ০-২৮

(বদল) ছাঃ ৬-২৮ ৮-৮ ৯-৩৭ ১৩-৩৩ ১৫-৫ ১৮ ৩৯ ১৯-৪০ ১-৩৩

কৃষ্ণনগর পৌঃ ৭-৫ ৮-৪০ ১০-৬ ১০-৫৪ ১৫-৪১ ১৯-১৫ ২০-১৫ ১-৮১

(বদল) ছাঃ ৭-১০ ১০-১১ ১৭-৩৮ ২০-৩০

নবদ্বীপঘাট পৌঃ ৭-৫৮ ১০-১৯ ১৮-১০ ২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬

দমদম.. ১১-১৮

রাণাঘাট পৌঃ ১২-৫৫

ছাঃ ১৩-০

শান্তিপুর পৌঃ ১৩-২৮

(বদল) ছাঃ ১৩-৩৩ (লাইট রেলওয়ে)

কৃষ্ণনগর পৌঃ ১৪-১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ ৬ ১ ৮-৬ ১১-৪ ১৪-১২ ১৬-৬ ১৮-৩৩

কৃষ্ণনগর পৌঃ ৬-৩৯ ৮-৪৪ ১১-৪২ ১৫-০ ১৬-৪৬ ১৯-১১

ছাঃ ৭-১০ ৮-৫২ ১১-৪৭ ১৫-১০ ১৬ ৫৬ ১৯-২১ ২০-৪৬ ১-৩১

রাণাঘাট পৌঃ ৭ ৪৫ ৯-২৫ ১২ ২৬ ১৫-৫০ ১৭-৩০ ২০-৩ ২১-১৯ ৪-২০

(বদল) ছাঃ ৭-৫৩ ৯ ৩০ ১২-৩৬ ৫-৫৫ ১৭-৪২ ২০-১১ ২১-২৫ ৪-১৮

দমদম ১১-৮ ১৭-৩৬ ২০-৯ ২ -২৬ ২৩-৯

কলিকাতা পৌঃ ৯ ২১ ১১ ২০ ১৪ ১৬ ১৭ ৫৬ ২২-৪০ ২৩ ২৫ ৭ ১৬

"শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং সাধক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অপূর্ব্ব গ্রন্থ মানচিত্র বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শিক্ষার সম্যক্ আলোচনা। প্রথম হইতে ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়সূচিকা (contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণক্রমে সজ্জিত সূচিপত্র ও শব্দার্থ (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, রায়পেঠা মাদ্রাজ ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা নদীয়া

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এইস্থানে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪।৩ কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এস্থান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এস্থান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্বশ্রেষ্ঠ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় দুর্ব্বল, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় ... ।

পুরাতন ... একবার সেবন করিয়া ... আপনার অর্থ ... সার্থক হয় কিনা।

ছোট বোতল ।৵০ দশ আনা বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

(অন্য স্থানে ...)

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO 1541

পত্রপুষ্পমালা
—ঃঃ—
শ্রীল প্রভুপাদের রচিত বিভিন্ন পত্রাবলী শ্রীশ্রীল আচার্যদেবের বিরচিত 'গৌড়' কাগজে প্রকাশিত হইয়াছে। উহাতে অনেক অমূল্য উপদেশ আছে। ভিক্ষা আট আনা।
প্রাপ্তিস্থান—
ঢাকা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

নিক নদীয়া-প্রকাশ

শ্রীচৈতন্যদেব
—ঃঃ—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে উহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই। ভিক্ষা ১৷০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫শ খণ্ড শ্রীমায়াপুর ৯ই মাঘ ১৩৪৭, ২২শে জানুয়ারী, ১৯৪১ বুধবার ; ২৬৫তম সংখ্যা

নানা-সংবাদ

——ঃঃ(০)ঃঃ——

বুলগেরিয়ার ভবিষ্যৎ

'নিউজ ক্রনিক্যাল' পত্রিকায় সম্প্রতি ভার্নন বার্টলেট লিখিয়াছেন,—

বিভিন্ন লোক রুশ-জার্মান-বাণিজ্য-চুক্তির বিভিন্ন ব্যাখ্যা করিতেছেন। কেহ মনে করিতেছেন যে, রাশিয়া জার্মান-[illegible] বিনিময়ে অতি সামান্য দিতে স্বীকৃত হইয়াছে. জার্মানীকে সে যে সব বস্তুর প্রতিশ্রুতি দিয়াছে কোনও কিছুই জার্মানীকে [illegible] দিয়া পার পাইবে না আবার কাহারও কাহারও ধারণা এই যে এই বাণিজ্য-চুক্তি দ্বারা মলোটভ এবং স্তালিনের বলকান-[illegible] নীতির কিছু দিয়া একটা বড় রকম [illegible] নির্দেশন।

এই চুক্তিটির সম্পর্কে স্বভাবতঃ যে কথা মনে হয় তাহা এই যে, রাশিয়া ও জার্মানীর মধ্যে সহযোগিতা খুব অনুরূপ হইতে পারে না। বুলগেরিয়ায় জার্মানীর প্রকৃত উদ্দেশ্য সম্বন্ধে জার্মানী রাশিয়াকে সব কথা খুলিয়া বলে নাই। অথচ বলকান রাজ্যগুলির মধ্যে বুলগেরিয়া সম্পর্কে রাশিয়ার সর্বাধিক ঔৎসুক্য থাকিবার কথা বলা বাহুল্য। এই দুই রাষ্ট্রের বাণিজ্য [illegible] দ্বারা প্রভাবান্বিত। মনে হয়, সম্ভবতঃ এই দুই বিরোধী মতবাদের মাঝামাঝি কিছু একটা হইবে। সোভিয়েট রাশিয়া যুদ্ধের জন্য [illegible] অপ্রস্তুত। সুতরাং যুদ্ধ এড়াইবার জন্য সে অনেক কিছুই করিতে পারে। আমার মনে হয় সম্ভবতঃ রাশিয়া বুলগেরিয়ার সংহত পরস্পরের নিরপেক্ষ বিষয়ের এক চুক্তির প্রস্তাব করিয়াছিল, কিন্তু বুলগেরিয়া-সরকার তাহাতে অস্বীকৃত হন। এখন কিন্তু বুলগেরিয়া জার্মানীকে রাখিয়া যুদ্ধের জন্য যেখানেই সম্ভব করিতে চেষ্টা করিতেছে, অথচ যুদ্ধের শক্তির মোড় যে কোন দিকে ঘুরিবে তাহার কোনও নিশ্চয়তা নাই। এখানে জার্মানীকে কি পরিমাণ অধিকার বিস্তার করিতে দেওয়া যাইতে পারে, সে বিষয়ে রাশিয়াও বোধ হয় এখনও কোনও সিদ্ধান্তে উপনীত হইতে পারে নাই।

বুলগেরিয়ার রাজধানী "বিশেষজ্ঞদের" আগমনে এবং রুমানিয়ায় জার্মান সৈন্য-সংখ্যা বৃদ্ধি হওয়ায় অন্যান্য বলকান রাজ্যগুলিতে আক্রমণ-প্রস্তুতির ইঙ্গিত প্রবলতর হইয়া উঠিতেছে। তবে সাধারণের ধারণা এই যে, ইতোমধ্যে ইতালীর অবস্থা সঙ্কটজনক হইয়া না উঠিলে [illegible] বসন্তের পূর্বে হিটলার [illegible] অভিযান আরম্ভ করিবে না।

ইতালীর পক্ষে জার্মানীর সৈন্য

"ডেইলী টেলিগ্রাফ" পত্রিকা [illegible]-সংবাদদাতা [illegible] জানাইয়াছেন যে, [illegible] জানা গিয়াছে যে, [illegible] ইতালীতে পাঠাইবার জন্য [illegible] সৈন্য মজুত করা হইতেছে। ইতালীতে [illegible] প্রধান তিনটি রাস্তার মধ্যে দুইটি রাস্তাই এই প্রদেশ হইতে বাহির হইয়াছে। এই রাস্তাগুলিতে চলাচল অসম্ভব রকম বাড়িয়া গিয়াছে।

[illegible] ট্রেণগুলি ছাড়া [illegible] গোলন্দাজ বাহিনী, ৮২ নং পদাতিক বাহিনী এবং ২৩ নং অশ্বারোহী বাহিনীর কিয়দংশ, তাহাদের পূর্ণ সাজসরঞ্জাম এবং অস্ত্রবাহী ট্রেণগুলিও [illegible] মধ্য দিয়া পাঠান হইয়াছে।

দক্ষিণ-পূর্ব অঞ্চলে আক্রমণের জন্য সৈন্যেরা [illegible] এবং [illegible] জড় হইতেছে। [illegible] এবং [illegible] জেলাগুলি জার্মান সৈন্যে ছাইয়া গিয়াছে। কোন্ দিকে যাইতে হইবে সে সম্বন্ধে সৈন্য ও সেনাধ্যক্ষেরা সম্পূর্ণ অজ্ঞ, তাহাদের ধারণা এই যে, তাহাদিগকে দক্ষিণপূর্ব দিকেই যাইতে হইবে। তাহারা বলে যে, ট্রেণভর্তি সৈন্য উত্তরপূর্ব দিকে পাঠান হইয়াছে, সম্ভবতঃ তাহাদের গন্তব্যস্থল পোল্যান্ড।

ভিসি মন্ত্রিসভার অদল-বদল

[illegible] হইতে প্রাপ্ত একটি সংবাদে প্রকাশ যে, ভিসি-গভর্ণমেন্টে আরও অদল-বদলের সম্ভাবনা দেখা দিয়াছে। এইবার একটি [illegible] মন্ত্রীসভা গঠিত হইতে পারে এবং [illegible] অপেক্ষা [illegible] সম্ভাবনা। [illegible] এবং [illegible] কোনরূপ পদত্যাগ করিবার [illegible] প্রকাশ করিয়াছেন। [illegible] পররাষ্ট্রসচিব মঃ ফ্লাদা এবং রাজস্বসচিব [illegible] বোধ হয় স্ব স্ব পদেই বহাল থাকিবেন। স্মরণ থাকিতে পারে যে, [illegible] তাঁহার বন্ধু ও [illegible] দেশের [illegible] রাজস্বসচিব নিযুক্ত হইয়াছিলেন।

জার্মানীর সহিত ইতালীর সম্পর্ক

ডেইলী টেলিগ্রাফ পত্রিকার [illegible] সংবাদদাতা [illegible] প্রকাশ যে, [illegible] আমেরিকার রাষ্ট্রদূত ([illegible]) কার্যভার গ্রহণ করিবার জন্য মিঃ উইলিয়ম ফিলিপস্ সম্প্রতি ইতালীতে পৌঁছিয়াছেন। এই নিয়োগে মনে হয় যে, যুক্তরাষ্ট্র জার্মানী এবং জার্মানীর মিত্র রাষ্ট্রগুলির মধ্যে পার্থক্য করিতেছে। বার্লিনে যুক্তরাষ্ট্রের মাত্র একজন চার্জ দ্য অ্যাফেয়ার্স আছে, কোনও অ্যাম্বাসাডার নাই।

এই নিয়োগ সম্পর্কে [illegible] টাইমস পত্রিকার সংবাদদাতা [illegible] ইঙ্গিত করিয়াছেন। তিনি লিখিয়াছেন যে, ইতালী জার্মানীর সহিত সম্পর্ক ছিন্ন করিতে প্রস্তুত আছে কিনা [illegible] মিঃ ফিলিপস্ [illegible] চেষ্টা। [illegible] মিঃ রুজভেল্ট ইতালীর রাজা ভিক্টর ইমানুয়েলের নিকট কোনও ব্যক্তিগত লিপি প্রেরণ করিয়া থাকেন।

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩ পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। গৌড়ীয় গৌরববিধান'প্রধান অপ্রাকৃত বৈষ্ণবের মুখ্য আশ্রয় পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বহুদেশ তথা বঙ্গের প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মহাত্মা সজ্জনসংসদে যে সকল পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার গুরুভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকটিত হইয়াছে। শ্রীশ্রীগুরুপাদপদ্মের কৃপালব্ধ সিদ্ধান্তপ্রদানে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃপা-ধন্য আচার্য্যবর্য্যের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে অঙ্কিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য সহ মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ। ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা, বিস্তৃত আলেখ্য ভূমিকা ও সূচীসহ অত্যুজ্জ্বল সংস্করণে গৌড়ীয়-মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীব্রজকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
শ্রীযুক্ত কৃপাসিন্ধু দাস এম্-এ, বি-এল্,
পুরাণাপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত, —প্রথম ৫০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৭৮৲
১ম খণ্ড— ১৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩
৪। নবধামী কবিতা (অবাধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যভাগবত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিচার তত্ত্ব
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব
১৭। চৈতন্যোপনিষৎ
১৮। [illegible]
১৯। তত্ত্ববিবেক
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়সংজ্ঞা ৷৵০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপধাম বাঁধা।
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ অবাধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা
২৭। [illegible] (সানুবাদ) ১৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷০
৩০। দীপ-নির্ণয় ৶
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগৌড়মণ্ডল পরিক্রমা
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ।১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা
৪৩। সাধনতত্ত্ব
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)
৪৯। [illegible]
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড)
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)
৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০
৫৪। পুরুষার্থ-নির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ০
৫৬ ভাগবত ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যান্বিত) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ০
৬০। নামাবলী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২ সিদ্ধান্তসরস্বতী বিজয়ঃ ।০
৬৩। নাটক-নিমাইসন্ন্যাসম্ ।০
৬৪। স্তবত্রয় ।০
৬৫। সাত্বতসিদ্ধান্তম্ ৶০
৬৬। গৌড়ীয়বৈষ্ণবসিদ্ধান্তঃ ৴০
৬৭ সারার্থদর্শিনী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। [illegible] অব বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজী
৭২। [illegible] ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। [illegible]
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুয়িং
৭৬। দি ভাগবৎ ।০
৭৭। [illegible] ।০
৭৮। ব্রহ্মসংহিতা ১৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (১ম খণ্ড) ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু ৴১০
৮৩। গীতাবলী ৴১০
৮৪। শরণাগতি ৶৫

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচলিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

গীতিসাহিত্যে শ্রীভক্তি-
বিনোদ
—•—
শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের
গীতিগ্রন্থ সমূহের তাৎপর্য
ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দরভাবে
প্রকাশিত হইয়াছে। উহা
মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই
নিত্যপাঠ্য। ভিক্ষা ৮০ আনা
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা
—•—
বিবিধ স্তব ও প্রণতি এই
গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয়
ও অনুবাদ সহ প্রকাশিত
হইয়াছে। কাগজ ও ছাপা
অতি সুন্দর। ভিক্ষা ৮০ আনা
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৫ বর্ষ ১ মাধব ৪৫৪ গৌরাব্দ ৯ই মাঘ বঙ্গাব্দ ১৩৪৭, ২৩শে জানুয়ারী ইং ১৯৪১, বুধবার ২৫৩তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

৯ মাধব বুধ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৪

শ্রীচৈতন্যমঠে হরিকথা

——::•::——

গত ১৯শে জানুয়ারী রবিবার অপরাহ্ণে শ্রীচৈতন্যমঠে আলোচিত হয় যে,—শ্রীচৈতন্যমঠ বলিতে গৌরনিজজন শ্রীগুরুপাদপদ্ম ও তাঁহার একান্ত অনুগত জন। শ্রীচৈতন্যমঠ শ্রীগুরুগৌরাঙ্গের বিলাসক্ষেত্র। অকিঞ্চন সংগণই প্রকৃত শ্রীচৈতন্যমঠবাসী। যদি সব সময় গুরুভজন না হয়, তাহা হইলে শ্রীচৈতন্যমঠবাসী শ্রীগুরুবৈষ্ণবের সেবা ও কৃপা হইতে বঞ্চিত হইতে হইবে। শ্রীচৈতন্যমঠ কৃষ্ণের সংসার। শ্রীধামবাসী ও শ্রীব্রজবাসীর আনুগত্যেই এই কৃষ্ণসংসারে প্রবেশলাভ হয়। কায়মনোবাক্যে কৃষ্ণশ্রেষ্ঠ শ্রীগুরুবৈষ্ণবে সেবানুগত থাকিলে শ্রীচৈতন্যমঠবাস সম্ভব হয়। শ্রীচৈতন্যমঠের সেবা ও শ্রীচৈতন্যমঠে বাস কায়, মন ও বাক্য এই তিনটীর দ্বারা করিতে হইবে। এখানে কায়িক, বাচনিক ও মানসিক—এই তিন প্রকারে সাধুসঙ্গ, সাধুসঙ্গে শ্রীনামকীর্ত্তন, সাধুমুখে শ্রীমদ্ভাগবত-শ্রবণ, শ্রীধামবাস ও শ্রীমূর্ত্তিসেবা এই পঞ্চাঙ্গ-সাধনের দুর্লভযোগ শ্রীগুরুবৈষ্ণব ভগবানের কৃপায় জীবের ভাগ্যে সুলভ হইয়াছে। কিন্তু এখনও যদি আমরা অমঙ্গলে অমনস্ক থাকি, তাহা হইলে বঞ্চিতই হইলাম।

শ্রীচৈতন্যমঠ বা শ্রীধামের কোন বস্তুই আমাদের ইন্দ্রিয়ভোগ্য নহে। এখানকার সবই কৃষ্ণসেবোপকরণ—কৃষ্ণভোগ্য-কৃষ্ণপ্রিয়—কৃষ্ণসেবার অনুকূল. এই বিচার না আসা পর্য্যন্ত আমাদের আধ্যাত্মিকতা বা দম্ভ ঘুচিবে না। সকলেই হরিভজন করিতেছেন, আমি করিতে পারিতেছি না, এই বিচার না আসিলে শ্রীগুরুপাদপদ্মে অভিগমন হইবে না—গুরুচরণাশ্রয় হইবে না। গুরুচরণাশ্রয় না হইলে—নিজেকে গুরু বলিয়া জানিতে না পারিলে—তত্ত্বদর্শন না হইলে বিষয়দর্শন থাকিবেই। এই বিষয়দর্শনই সংসার। আমি কৃষ্ণভোগ্য, সবই কৃষ্ণের ভোগের উপকরণ, গুরুকৃপায় এই বিচারে প্রতিষ্ঠিত হওয়াই প্রকৃত মুক্তি।

ভক্তিই সেবা। ভক্তি ভোগও নহে, ত্যাগও নহে। ব্রহ্মাণ্ড, বিরজা বা ব্রহ্মলোকে ভক্তির আশ্রয় নাই। বৈকুণ্ঠনাথই ভক্তির আশ্রয়। বৈকুণ্ঠে অচেতনের নামগন্ধও নাই। একমাত্র চিৎ ও অচিৎ যাহা আছে, তৎসমস্তই কৃষ্ণসেবক ও কৃষ্ণসেবার উপকরণ। সুতরাং সমস্তকে কৃষ্ণসেবায় প্রয়োগ করাই কর্ত্তব্য। ভোগ জীবের বন্ধনের কারণ, এই ভয়ে যে ত্যাগ, তাহাই ফল্গু বা শুষ্কবৈরাগ্য। ইহা প্রতিবেশী ভোগ বা সূক্ষ্মভোগ। কৃষ্ণসেবার্থ কৃষ্ণের প্রসাদরূপে যথা-প্রয়োজন গ্রহণই যুক্তবৈরাগ্য। এই যুক্তবৈরাগ্যই ভক্তি। সেবা বা ভক্তি ভোগের পথও নহে ত্যাগের পথও নহে; তাতে আছে একমাত্র ভোক্তা ও সেব্য শ্রীকৃষ্ণের সেবার সমস্ত বস্তুর নিয়োগ।

অনর্থযুক্ত অবস্থায় ভোগ্য-জাতীয় দর্শন আর অনর্থমুক্তাবস্থায় সেব্য দর্শন। অনর্থমুক্তের দর্শন ও অনর্থযুক্তের দর্শনকে একাকার করিতে হইবে না। মুক্তের দর্শনের লাভ করিতে হইবে। মুক্তের নিকটেই হরিকথা শুনিতে হবে। শ্রীগুরুদেব যে ভাবে সেবা করেন, তদাশ্রিতগণও তদনুসারে সেই বিচার গ্রহণ করিবেন। শ্রীগুরুদেবের ইচ্ছার বিরুদ্ধে চলিলে ভক্তি হইবে না। শ্রীগুরুদেব সর্বজ্ঞ! তাঁহাকে ফাঁকি দিবার সাধ্য কাহারও নাই। কৃষ্ণের নিত্যসঙ্গী তিনি সর্ব্বত্র ব্যাপক ভাবে থাকিয়া আমাদের সকল কার্য্যই লক্ষ্য করিতেছেন। এ সব কথা আমরা মুখে বলিয়াও উহা মনে রাখিতে পারিতেছি না, ইহাই দুর্দ্দৈব।

ব্রজবাসীর আনুগত্য করিতে হইবে। 'ব্রজ' ধাতু অর্থে চলা। ব্রজবাসী সর্ব্বদা কৃষ্ণেন্দ্রিয়তর্পণের পথে চলিতেছেন। আমাদেরও সর্ব্বক্ষণ চলার মধ্যে থাকিতে হইবে। সেইজন্য গুরুবর্গ সর্ব্বক্ষণ সাধুসঙ্গ করিতে বলেন। যে মুহূর্ত্তে আমরা সাধুসঙ্গ করিব না, সেই মুহূর্ত্তেই মায়া দ্বারা আক্রান্ত হইব। গুরুবৈষ্ণব আমাদের নিকট আর কিছু চান না, submission চান মাত্র। আমরা তাঁহাদের কৃপা না চাহিলে, তাঁহাদের আশ্রিত না হইলে তাঁহারা আর কি করিবেন? গুরুবৈষ্ণবগণ নিষ্কিঞ্চন দয়াবান্। দুর্গত দুর্জ্জনকে উদ্ধার করিবার জন্যই তাঁহাদের এ জগতে আগমন। যিনি তাঁহাদের নিকট বল চান, তাঁহার দুর্ব্বলতা কাটিয়া যায়। গুরুই ভগবানের সেবা করেন। তিনি প্রেমের মূর্ত্তি। প্রেমোদয়ই তাঁহার প্রেয়ঃ। ভক্তি হইলেই মুক্তি হয়। ভক্তি মুক্তি। ভগবান্ [illegible]। ভক্ত ভগবান্ ও ভগবানের যাবতীয় বস্তুর একচেটিয়া মালিক। ভগবানের [illegible] ভগবৎসেবা ও ভগবৎকৃপা যে গুরুপাদপদ্মে, তাহা সকলেই [illegible] পথই দুর্গম। সুতরাং ভক্তিপথই আশ্রয়ণীয়। [illegible] উপায়। যেখানে [illegible] সেখানে [illegible] অনিবার্য্য। এই [illegible] চাই। পৃথিবীর কোন বিষয় আমাদের চিন্তনীয় নহে [illegible] শ্রীগৌরসুন্দরই আমাদের নিত্য চিন্তনীয় বিষয় [illegible] নিত্য পূজার বস্তু। [illegible] পূজা হয় না। গৌরপার্ষদ বৈষ্ণবের সেবা বাদ দিয়া [illegible] নাই। তবে বৈষ্ণবের [illegible] নাই, অনুসরণের দ্বারাই [illegible]। কৃত্রিম অনুকরণ [illegible] নহে। ভক্তি আমার [illegible] নহে। [illegible] না। ভক্ত [illegible] ভগবানের সেবাই

সাধুসঙ্গে কৃষ্ণভক্ত্যে শ্রদ্ধা যদি হয়। ভক্তিফল 'প্রেম' হয়, সংসার যায় ক্ষয়॥

কর্ত্তব্য, তিনি গ্রহণও করিতে পারেন, নাও করিতে পারেন—ইহাই ভক্তি।

বৈষ্ণবগণ কৃষ্ণবিগ্রহ। সর্ব্বক্ষণ ভগবানকে ভজা ছাড়া তাঁহাদের অন্য কোনও কৃত্য নাই। নিরন্তর কৃষ্ণকীর্ত্তনরত বৈষ্ণবের সেবক হওয়াই জীবনের সাফল্য। সকলকে যথাযোগ্য সম্মান দিয়া নিজের প্রতিষ্ঠা কিছুই নাই জানিয়া ভগবান্ ও ভগবদ্ভক্তের সেবা করিবার জন্য আমরা যেন অনুক্ষণ প্রস্তুত থাকিতে পারি, ইহাই প্রার্থনা। কৃষ্ণকার্য্যবিমুখতাই সমস্ত ক্লেশের কারণ। যাঁহারা সর্ব্বতোভাবে ভগবানে নির্ভর করেন, সেই বৈষ্ণবগণের শ্রীপাদপদ্মে শরণ গ্রহণ করাই স্বরূপে অবস্থিত হওয়ার একমাত্র উপায়। স্বরূপের উপলব্ধির অভাব হওয়াতেই 'আমি কর্ত্তা', 'আমি ভোক্তা' প্রভৃতি অভিমান আসিয়া আমাদের সর্ব্বনাশ সাধন করে। স্বরূপের উপলব্ধি হইলে আমরা জানিতে পারি যে, আমি কর্ত্তা নহি, আমি ভগবানের কিঙ্করকিঙ্কর। গুরু ছাড়া এ কথা অন্য কেহ জানাইতে পারে না। গুরু স্বয়ং বৈষ্ণব সেবক। তাঁহার আনুগত্যই একমাত্র মঙ্গলের উপায়। যেখানে সেবার গন্ধ পর্য্যন্ত নাই, সাধুর জন্য ব্যাকুলতা নাই, সেখানে মায়া আমাদের আক্রমণ করিয়াছে জানিতে হইবে। বৈষ্ণব আমাদিগকে কৃষ্ণ দিতে পারেন, এত বড় ধনী তিনি! সেই বৈষ্ণবের সেবার দ্বারাই কৃষ্ণসেবা হয়।

শ্রীগৌরাঙ্গের নিজজনই শ্রীচৈতন্যমঠের আচার্য্য—গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য। গুরুসেবকাত্মা না হইলে—ভক্তিবিনোদধারা আশ্রয়ের সৌভাগ্য না হইলে অপ্রাকৃতলক্ষণী কেহই শ্রীমন্মহাপ্রভুর শ্রীপাদপদ্মে পৌঁছিতে পারে না। শ্রীগুরুপাদপদ্মে একান্তভাবে শরণাগত না হইলে আত্মরক্ষা করা যায় না—চেতনে অচেতনবুদ্ধি এবং অচেতনে চেতনবুদ্ধিরূপ বিবর্ত্ত হইতে রক্ষা পাইতে পারে না। শ্রীগুরুকৃপায় ভক্তিচক্ষু লাভ না হইলে শ্রীবিগ্রহ দর্শন হয় না, পৌত্তলিকতা যায় না। শ্রীবিগ্রহ সাক্ষাৎ ভগবান্। কপাল খুব ভাল হইলে গুরুকৃপায় ইহা উপলব্ধি হয়। শ্রীব্যাসদেবে বলদেবের চিৎশক্তি সঞ্চারিত না হইলে দুর্ব্বল জীব ভগবদবতারের কথা কি করিয়া উপলব্ধি করিবে? শ্রীবিগ্রহ-সেবক অভিমানীর অযোগ্যতা-বিচার করিতে গিয়া আমরা যেন শ্রীবিগ্রহকে বাদ না দিই—শ্রীবিগ্রহের চরণে অপরাধ না হয়। শ্রীবিগ্রহ নিত্য প্রভু, তাঁ'র শরণাগত হইলে তিনি আমার উপর প্রভুত্ব করিবেন। আমাদের ক্রিয়া বা অনুশীলনই যোগ্যতা-বিচার্য্য, অন্য সঙ্গে কোন কথা নাই। শ্রীনাম কখনও লোকের নহেন, অপরাধীর উচ্চারণই হোবে। গৌরভক্তের শ্রীমুখোচ্চারিত নামই শব্দব্রহ্ম। "অবৈষ্ণব-মুখোদ্গীর্ণং" শ্লোকে 'উদ্গীর্ণং' কথাটি বিচার্য্য, নতুবা অন্য কথনও সিদ্ধ হইতে পারে না।

গুরুদত্ত স্বতন্ত্রতার সদ্ব্যবহার

— ::●:: —

আমরা সর্ব্বদিকে অযোগ্য। আমাদের 'আমার' বলিতে একমাত্র যাহা ছিল, ভগবান্কে ভুলিয়া যাওয়ায়—ভগবৎসেবাবিমুখ হইয়া ভোগে ধাবিত হওয়ায় তাহাও হারাইয়াছি। ভগবান্ সর্ব্বতন্ত্রস্বতন্ত্র স্বরাট্ বস্তু। স্বতন্ত্রতাই জীবের একমাত্র ধন। এই স্বতন্ত্রতা-বলেই জীব ভগবানের সেবালাভ করিতে পারে। বহির্ম্মুখ জীব তাহার নিজস্ব সম্পত্তি এই স্বতন্ত্রতার অসদ্ব্যবহার করিয়া বিপদে পড়িয়াছে। স্বতন্ত্রতার সদ্ব্যবহার—গুরুবৈষ্ণবের অকপট আনুগত্যই এই বিপদ্ হইতে নিষ্কৃতির একমাত্র উপায়।

কৃষ্ণভক্তি ধন আর সবই অধম! ভক্তি পূর্ণানন্দময়ী আর অভক্তি বা বহুবাসনা নিরানন্দময়ী, দুঃখময়ী। যিনি ভক্তিমান্, তিনিই ধনী। যাঁহার ভক্তি নাই, তিনি জাগতিক সম্পদে সম্পদ্শালী হইলেও—জাগতিক সকল গুণ ও সকল বিষয়ে যোগ্য হইলেও তিনি বড় দুঃখী। ভক্তিহীনের মত দুঃখী ও হতভাগ্য আর কেহ নাই। গুরুবৈষ্ণবের আনুগত্যপূর্ণ শরণাগতি বা স্বতন্ত্রতাই জীবের ভক্তিভজনের যোগ্যতা। অযোগ্য জীব যদি যোগ্যতা লাভ করিতে চায়—হরিভজন করিবার স্পৃহা যদি তাহার হৃদয়ে জাগে, তাহা হইলে তাহার একমাত্র উপায়—ভাগবতগণের চরণে শরণাগত হইয়া তন্নির্দ্দেশানুসারে চলা। শ্রীগুরুবৈষ্ণবের আনুগত্য বাদ দিয়া কেহ নিস্তার পায় না। তাঁহাদের শ্রীপাদপদ্মে শরণাগত হইয়া তাঁহাদের সুখবিধান করিতে করিতেই হরিভজনে যোগ্যতা লাভ হইবে—প্রকৃত স্বতন্ত্রতা লাভ হইবে। গুরুবৈষ্ণব—ভগবানের নিজজন। তাঁহারাই কৃষ্ণধনে—ভক্তিধনে ধনী। তাঁহাদের প্রেমে ভগবান্ আবদ্ধ। তাঁহারাই কৃষ্ণ ও ভক্তিহীন দরিদ্র জীবকে কৃষ্ণের সন্ধান দেন। তাঁহারাই স্বতন্ত্রতার পূর্ণ সদ্ব্যবহার করেন। সুতরাং তাঁহাদের অহৈতুকী সেবা ও কৃপা ব্যতীত জীবের প্রকৃত স্বতন্ত্রতা লাভের অন্য উপায় নাই—হরিভজন করিবার অন্য পন্থা নাই। গুরু অপ্রাকৃত সেবোন্মুখ ইন্দ্রিয়ের দ্বারা সর্ব্বক্ষণ ভগবানের সেবা করেন। তাঁহার নিজেন্দ্রিয়তর্পণস্পৃহা আদৌ নাই। বহির্দৃষ্টিতে তাঁহার নিজসুখ বলিয়া বহির্ম্মুখের নিকট কিছু প্রতীতি হইলেও তাহা পূর্ণমাত্রায় কৃষ্ণেন্দ্রিয়তর্পণময়। তাঁহাদের অপ্রাকৃত প্রীতিতে ভগবান্ চির আবদ্ধ বলিয়া তাঁহারা যাহা করেন, তাহাতে ভগবানের আনন্দ হয়। অযোগ্য ভগবানের সেবকের ক্রিয়া-কলাপ সাধারণের চক্ষে প্রতিভাত হইলেও তাহা লঘু কোন ব্যাপার নহে। এ জগতের সহিত তাঁহাদের কোন সম্পর্ক নাই। তাঁহারা জগদ্ভিক্ষুক জগজ্জীবের নিঃশ্রেয়স লাভ করিয়াছেন। তাঁহাদের চিত্ত সতত ভগবৎ চিন্তারত। গুরু যেখানেই থাকুন, যে চিন্তাই করুন, যে কার্য্যই করুন, তাহাতে ভগবানের পূর্ণসুখবিধান ছাড়া অন্য কোনই উদ্দেশ্য নাই। ভগবৎসেবাবঞ্চিত কাঙ্গাল জীবের শ্রীগুরুপাদপদ্ম ও তদাশ্রিত জনের অনুকম্পা ব্যতীত সেবাবিবেক লাভ হয় না।

সেবা করিতে করিতে যে পরিমাণে জীবের বহুবাসনা কমিতে থাকিবে, সেই পরিমাণে তাহার স্বরূপ উপলব্ধি হইতে থাকিবে, সেই পরিমাণে সেবাবিবেক লাভ হইতে থাকিবে। যে পরিমাণে জীব গুরুবৈষ্ণবের আনুগত্য করিতে পারিবে, সেই পরিমাণে ভগবদ্দাসাভিমান তাহার হৃদয় অধিকার করিতে থাকিবে। পতিতপাবন গুরুবৈষ্ণবের যত সান্নিধ্য হইবে, ততই জীবের স্বাভাবিক পাতিত্য উপলব্ধি হইতে থাকিবে—ততই নিজেকে দীন, কাঙ্গাল বলিয়া জানিয়া তাঁহাদের দয়া কাঁদিতে থাকিবে। নিরন্তর হরিসেবারত বৈষ্ণবগণের সেবায় জীবনের শেষ মুহূর্ত্ত পর্য্যন্ত নিযুক্ত থাকাই জীবের একমাত্র কর্ত্তব্য। এই ভজনটা ক্ষণিক ব্যাপার নহে, ইহা নিত্য, ইহা জীবের সিদ্ধাবস্থায়ও চলিবে।

ভগবান্ একমাত্র প্রভু এবং জীব তাঁহার নিত্যদাস। ভগবদ্ভক্তগণও জীবের প্রভু। জীব ভগবানের দাস হইলেও নিজ স্বতন্ত্রতা ক্ষুদ্রের অসদ্ব্যবহারবশতঃ সে তাহা ভুলিয়া গিয়াছে। ভগবদ্বিস্মৃতি বা ভক্তসঙ্গরাহিত্যই সকল অমঙ্গলের কারণ। জীবকে এই মহা-অসুবিধার হাত হ'তে রক্ষা করেন ভগবদ্ভক্তগণ। ভগবানের সেবকগণ জীবের কৃষ্ণসেবাবিমুখতাকে অপসারিত করেন, নিরন্তর হরিকীর্ত্তন করিয়া জীবের দুঃখ এবং দুঃখপ্রাপ্তির কারণ জানাইয়া দেন। বহির্ম্মুখকে উন্মুখ করা—অসুবিধার কথা জানাইয়া সুবিধার পথে বা ভক্তিপথে আনয়ন করাই বন্ধুর কার্য্য। এইরূপ বন্ধু যদি না থাকে, তাহা হইলে এই জগতে বন্ধুহীনভাবে জীবনযাপন করা বড়ই বিপজ্জনক হইয়া উঠে। এইরূপ বান্ধব যিনি পাইয়াছেন, তাঁহার 'আমি কর্ত্তা' বা 'অহংমম' অভিমান হৃদয়ে স্থান পায় না। 'অহংমম' অভিমানই বদ্ধজীবের একমাত্র সম্পত্তি—ইহাই অনর্থ, আর মুক্ত জীবের একমাত্র অভিমান 'আমি ভগবানের নিত্য ভৃত্য—তাঁহাদের পদধূলি'—ইহাই ভক্তি, স্বরূপের বৃত্তি, পরম ধন। কর্ত্তাভিমান প্রবল হওয়ায় জীব নিজেকে প্রভু অভিমান করে, তখনই সে পরমানন্দময় ভক্ত-ভগবানের দাস্যের কথা ভুলিয়া দুঃখপ্রদ অসত্য বস্তুর পশ্চাৎ ধাবমান হয়।

জীবাত্মার ধর্ম—ভগবৎসেবা। ভগবানের শরণাগত ব্যক্তির কোন অভাব নাই। এই জগতে ভগবান্কে ভুলিয়া থাকা আদৌ কর্ত্তব্য নহে। এই স্থান জীবের নিত্য বসতি নহে। জীবের নিত্যসম্পত্তি সচ্চিদানন্দময় শ্রীচরণকমল। গুরু ভগবদ্দাসরূপ স্বতন্ত্রতা বিস্মৃত হওয়াতেই জীব মায়ার আকর্ষণে পড়িয়াছে। এখন কোনও প্রকারে কর্ম্মের ফাঁদ হইতে মুক্ত হইয়া কৃষ্ণের আকর্ষণে পড়িতে পারিলেই সুবিধা। আমরা ভগবানের দাস—একথা জানাইবার জন্যই ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে নানা দুঃখকষ্টের মধ্যে রাখিয়াছেন, ইহা ভক্তগণে জানা যায়।

জীবকে উদ্ধার করিবার জন্য ভগবান্ তাঁহার নিজজনগণকে এ জগতে প্রেরণ করেন। তাঁহারা ত্রিতাপগ্রস্ত প্রত্যেক জীবকে উদ্ধার করিয়া ভগবানের রাজ্যে পাঠাইয়া দেন। সেই ভগবৎপ্রেরিত জনই আমাদের শ্রীগুরুপাদপদ্ম। শ্রীগুরুপাদপদ্মের কৃপায় জীব বুঝিতে পারে যে, ভগবানের সেবা ব্যতীত তাহার আর অন্য কোন কৃত্য নাই। আবার এই ভগবানের সেবাও লাভ হয় ভক্তের আনুগত্যে, একথা তখন উপলব্ধির বিষয় হয়। ভগবানের কৃপায় জীব শ্রীগুরুপাদপদ্মের সাক্ষাৎকার লাভ ও আনুগত্য করিবার সৌভাগ্য পাইয়া থাকে। এই ভক্তের আনুগত্য ও কৃপাতেই জীবের পূর্ণ মঙ্গল লাভ হয়। ভক্তের সেবাই জীবের একমাত্র আকাঙ্ক্ষণীয় এবং তাহাতেই জীবের সর্ব্বসিদ্ধি হয়।

জীব ভগবৎপ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্মের নিত্য কিঙ্কর। শ্রীগুরুপাদপদ্মের কৈঙ্কর্য্যলাভেই জীবের স্বতন্ত্রতার পূর্ণ সদ্ব্যবহার হইয়া থাকে। ইহাই জীবের চরম ও পরম আকাঙ্ক্ষার বিষয়।

বাস্তবতা ও সঙ্কল্পবিকল্প

(প্রাপ্ত)

নিত্যকাল যাহা নিত্য, নিত্যকাল যাহা সত্য এবং কালের বিক্রম বা কোনও ব্যক্তিবিশেষের দ্বারা যাহা পরাভূত বা পরিবর্ত্তনশীল হইতে পারে না, তাহাকেই বাস্তবসত্তা বলা হয়। আমরা জগতে যে ভূমিকায় সর্ব্বদা স্থান হইয়া বস্তুনির্দ্ধারণে অগ্রসর হইতেছি, সেই ভূমিকায় অবস্থিত থাকা কালে আমরা যতই কেন না বস্তুনির্দ্ধারণে নিজেকে সমর্থ বলিয়া মনে করি, তাহা কখনই বাস্তবতায় পরিণত হয় না বা হইতে পারে না। কারণ, বদ্ধজীব সর্ব্বদাই ভ্রম, প্রমাদ, করণাপাটব ও বিপ্রলিপ্সাদোষযুক্ত।

বাস্তবসত্তাবস্তু স্বতন্ত্র, নিরপেক্ষ, সর্ব্বোচ্চ ও অদ্ভুত সত্তাসম্পন্ন। সেই বস্তু অন্য সকল বস্তুর উপর তাঁহার বিক্রম, প্রভুত্ব ও আধিপত্য বিস্তার করিতে পারেন, কিন্তু তিনি অপর কোনও বস্তুর দ্বারা পরাভূত হইবার সম্পূর্ণ অযোগ্য। আমরা যখন না স্ব-স্বরূপে অবস্থিত হইতে পারিতেছি ততক্ষণই মনে করিতে পারি যে, আমাদের অনুমান-প্রমাণের দ্বারা সেই বস্তু নিরূপিত এবং আমাদের নিরূপণের দ্বারা সেই বস্তু নির্ণীত হইবার যোগ্য। কিন্তু আমরা যখন স্বরূপে অবস্থিত হইতে পারি, অর্থাৎ আমরা সেই বাস্তববস্তুর বিভিন্নাংশ সমস্তাৎ বস্তু বলিয়া সম্যগ্ভাবে বা বাস্তবতায় প্রতিষ্ঠিত হইতে পারি, তখনই আমরা বুঝিতে পারি যে, অণুচিৎ কখনও বিভুচিৎকে মাপিয়া লইয়া তাঁহাকে প্রতিষ্ঠিত করিতে কিম্বা তাঁহার প্রতিষ্ঠা খর্ব্ব করিতে ও তাঁহার নিয়ামক হইতে পারে না। "প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ। অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে॥" শ্রীগীতার এই বাণী আমাদের বস্তুতত্ত্ববিচারে অনভিজ্ঞতা, অক্ষমতা বা অজ্ঞানতার সাক্ষ্য প্রদান করিতেছেন।

বাস্তবসত্তাময় শ্রীগুরুদেব, শ্রীবৈষ্ণব, শ্রীভগবান্ পূর্ণ বস্তু। সেই বস্তুতে কোন-প্রকার হেয়তা, অপূর্ণতা, অনুপাদেয়তা ও অসম্পূর্ণতা আছে বা থাকিতে পারে, তাহার বিবরণ আমি পূরণ করিয়া দিতে পারি এবং তাঁহাদের আচরণের আমি বিচারক বা সমালোচক হইতে পারি, অথবা আমার ভজন কথা পূর্ব্ব-গুরুবর্গের সহিত যদি বর্ত্তমান গুরুবৈষ্ণবগণের আচরণের মিল না দেখিতে পাই তবেই আমার সঙ্কল্প-বিকল্পাত্মক মন শ্রীশ্রী গুরুবৈষ্ণব-ভগবান্কে জানিতে পারে এবং ঐরূপ ভজনের নিক্তিতে মাপিয়া লইয়া পড়িতে পারে বলিয়া মনে করে। এইরূপ ভাব ও বুদ্ধি সঙ্কল্পবিকল্প মনেরই ধর্ম্ম। তাহা আত্মধর্ম্ম, বৈষ্ণবধর্ম্ম, নিত্যধর্ম্ম বা সনাতন বৈষ্ণবধর্ম্ম নহে।

বস্তুতঃ সত্যবস্তুকে কেহ ভাঙ্গিতেও পারে না, আবার গড়িতেও পারে না। বদ্ধজীবের মনই এই মুহূর্ত্তে কোনও বস্তুকে গড়িয়া তোলে, আবার পর মুহূর্ত্তেই তাহা ভাঙ্গিয়া ফেলে। আজ যাহাকে খুব প্রিয় বলিয়া মনে করে, কাল সেই বস্তু আর সেইরূপ প্রীতিপ্রদ হয় না। আবার আজ যাহাকে খুব নিকৃষ্ট বলিয়া পরিত্যাগ করে, কাল তাহাকেই আবার উৎকৃষ্ট বলিয়া আপনার করে। বদ্ধজীবের ইহাই লক্ষণ যে, সে কিছুতেই নিজেকে বাস্তবতায় পরিণত করিতে চাহে না বা বাস্তবসত্যে বাস্তবতা দেখিতে পায় না।

আমরা যাঁহারা বাস্তবসত্তা নিরূপণে খুব দক্ষ বলিয়া নিজেকে প্রচার করি, তাঁহারাই বাস্তবতায় অবাস্তবতা দর্শন করি, আবার অবাস্তবতায় বাস্তবতা দেখিয়া থাকি। যাঁহারা বাস্তবিকই বাস্তববস্তুর বাস্তবতায় অধিষ্ঠিত, তাঁহারা কখনই ঐরূপ বাস্তবে অবাস্তব ভ্রম এবং অবাস্তবে বাস্তব ভ্রম করেন না। কারণ তাঁহারা সত্যের আশ্রয়েই সত্যকে জানিতে চাহেন, তাই সত্যকে জানিতে পারেন। আর যাঁহারা সত্যের আশ্রয় পরিত্যাগ করিয়া সত্য বস্তুর স্বতঃকর্তৃত্বে আস্থাহীন হইয়া স্বতন্ত্রভাবে সত্যকে জানিবার চেষ্টা করেন, তাঁহারা বহু জন্ম চেষ্টা করিলেও সেই বস্তুকে জানিতে পারেন না। তাহার প্রমাণ শাস্ত্রবাক্য যথা—

নায়মাত্মা প্রবচনেন লভ্যো
ন মেধয়া ন বহুনা শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্য-
স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বাম্॥

অর্থাৎ এই পরমাত্মাকে বেদাদি শাস্ত্র-অধ্যয়নের দ্বারা লাভ করিতে পারা যায় না, ধারণা শক্তি অথবা বহু শাস্ত্রশ্রবণের দ্বারাও লাভ করা যায় না। যে ব্যক্তি তাঁহাকেই একমাত্র 'প্রভু' বলিয়া বরণ করেন, কেবল সেই ব্যক্তির সকাশেই তিনি স্বীয় অপ্রাকৃত স্বরূপ প্রকাশ করেন।

অথাপি তে দেব পদাম্বুজদ্বয়
প্রসাদলেশানুগৃহীত এব হি।
জানাতি তত্ত্বং ভগবন্মহিম্নো
ন চান্য একোঽপি চিরং বিচিন্বন্॥

হে দেব! যাঁহারা আপনার পাদপদ্ম-যুগলের কৃপা-লেশমাত্রও প্রাপ্ত হইয়াছেন, তাঁহারাই কেবল আপনার মহিমা-তত্ত্ব জানিতে পারেন, কিন্তু যাঁহারা দীর্ঘকাল ধরিয়া অনুমানের দ্বারা শাস্ত্রবিচার পূর্ব্বক অন্বেষণ করিতেছেন, তাঁহাদের কেহই সে তত্ত্ব জানিতে পারেন না।

আমাদের জড়দেহ-ইন্দ্রিয়াদির অতীত যে নিত্য বস্তু আত্মা, তাঁহারই নিত্য সেব্য বস্তু শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণব। সুতরাং আত্মাবৃত্তি বা সম্বন্ধ-জ্ঞানেই শ্রীশ্রীগুরু-বৈষ্ণবের স্বরূপ জানিতে পারা যায় এবং তাঁহাদের ক্রিয়াকলাপ সকল সময়েই একপর্য্যায়ভুক্ত বলিয়া অনুভূত হয়। নতুবা সঙ্কল্পবিকল্পাত্মক মনের অধীন থাকাকালে পূর্ব্ব গুরুবর্গের আচরণের সহিত বর্ত্তমান গুরুবর্গের আচরণের অসামঞ্জস্য দর্শন স্বাভাবিক হইয়া পড়ে। বাস্তবসত্য যেরূপ কোন সময়ের জন্যই অবাস্তবতায় পরিণত হইতে পারে না, তদ্রূপ বাস্তবসত্যের উপাসকও বাস্তবসত্যে কোন অবস্থাতেই সন্দিহান হইতে কিম্বা অবাস্তবতা দর্শন করেন না।

স্বপ্রকাশ নিরঙ্কুশ স্বেচ্ছাময় শ্রীশ্রীহরি-গুরুবৈষ্ণবগণের সঙ্গে আমাদের বিদ্যা, বুদ্ধি, পাণ্ডিত্য, কৃতিত্ব, অনুমান, প্রমাণ, শাস্ত্র-বিচার-শক্তি, যুক্তি প্রভৃতির কখনো চলে না। নিষ্কপট কৃপাপ্রার্থীর নিকটেই তাঁহাদের স্বরূপ স্বেচ্ছায় ব্যক্ত করিয়া থাকেন। জাগতিক সর্ব্বপ্রকার শক্তিকে অতিক্রম করিয়া তিনি তাঁহার নিরঙ্কুশ স্বেচ্ছাচারিতা স্বতঃকর্তৃত্বধর্ম্ম বা তাঁহার অনবদ্য ঐশ্বর্য্যের উপর বিস্তার করিতে পারেন এ কথা আমরা বিশ্বাস করিয়া ধৈর্য্য ধরিতে চাহি না; শ্রীশ্রীগুরুবৈষ্ণবের কৃপা হইতেও মন ও মনকেই বেশী বিশ্বাস করিয়া থাকি। তাই গুরুবৈষ্ণবদাস্য পরিত্যাগ করিয়া মনের গোলামী করিতে বাধ্য হই। সঙ্কল্প-বিকল্পাত্মক মনের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে আমাদিগকে বাস্তবতায় প্রতিষ্ঠিত হইতেই হইবে। যদিও দুর্ব্বল জীব আমরা মায়া কর্তৃক অভিভূত হইয়া পড়িয়াছি, তথাপি গুরুবৈষ্ণবের কৃপা হইলে অনায়াসেই দুর্ব্বল আমরা কৃপাবরণ করিবার মত বল লাভ করিতে পারি। এ জগতে কোনও প্রকৃত বলশালী ব্যক্তি কোনও বলহীন ব্যক্তিতে তাহার কিছু শক্তি সঞ্চার করিয়া বলবান্ করিতে পারে না। কিন্তু নিষ্কপট হইলে শ্রীগুরুদেবের প্রভুর কৃপায় অনায়াসেই দুর্ব্বল জীব বাস্তবতায় প্রতিষ্ঠিত হইবার বল লাভ করিতে পারে।

শ্রীশ্রীগুরুবৈষ্ণবের কৃপা অর্থাৎ তাঁহাদের বৈভব আমাদের উপরে আধিপত্য বিস্তার করুন। আমাদের স্বচ্ছ স্বরূপের উপরে যে সকল প্রাকৃত আবর্জ্জনা জমাট বাঁধিয়া দিন হে সম্বন্ধজ্ঞানের আলোকে সেই সকল দূরীকৃত হউক। শ্রীশ্রীগুরুবৈষ্ণবের পাদধূলি আমাদের সমগ্র জীবনকে বাস্তবতায় পরিণত করুন, ইহাই শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণব-চরণে প্রার্থনা।

শ্রীরূপ-গৌড়ীয়মঠে হরিকীর্ত্তন

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা প্রয়াগস্থ শ্রীরূপগৌড়ীয়মঠে পরমা-রাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে ও কৃপাশীর্ব্বাদে সর্ব্বক্ষণ শ্রীহরিকথা আলোচিত হইতেছে। শ্রীমঠের সেবক উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী, বিদ্যার্ণব, বি-এ মহোদয় মঙ্গলারাত্রিক-কীর্ত্তনান্তে প্রত্যহ প্রাতঃকালে শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করত সেবকগণের নিকট শ্রীমুখে বহু কথা আলোচনা করিতেছেন। সন্ধ্যারাত্রিক-কীর্ত্তনান্তে শ্রীপাদ বিদ্যার্ণব প্রভু শ্রীচৈতন্য-চরিতামৃত হইতে শ্রীরূপশিক্ষা পাঠ ও সরল-ভাষায় ব্যাখ্যা করিতেছেন। এতদ্ব্যতীত প্রত্যহ বিগ্রহের দৈনিক লীলাপ্রকাশ, গৌড়ীয় পাঠ এবং ইষ্টগোষ্ঠীমুখে হরিকথা আলোচনা হইতেছে। শ্রীমঠে আগত শ্রদ্ধালু ও শুশ্রূষু ব্যক্তিগণের নিকটও শ্রীপাদ বিদ্যার্ণব প্রভু সর্ব্বক্ষণ হরিকথা আলোচনা করিয়া থাকেন।

গত ১০ই জানুয়ারী এলাহাবাদ বিশ্ব-বিদ্যালয়ের অনৈক দ্বিতীয় বার্ষিক শ্রেণীর ছাত্র উক্ত বিশ্ববিদ্যালয়ের ২।৩ জন ছাত্রের সহিত শ্রীমঠে আগমন করত শ্রীবিগ্রহ-দর্শনান্তর শ্রীপাদ বিদ্যার্ণব প্রভুর নিকট গৌড়ীয়-মিশনের প্রচার বৈশিষ্ট্য, গৌড়ীয়-বৈষ্ণবগণের উপাসনের কে, শ্রীবিগ্রহ কি বস্তু প্রভৃতি বিষয়ে পরিপ্রশ্ন করিলে তিনি যুক্তিতর্ক দ্বারা তাঁহাকে বিশদভাবে বুঝাইয়া দেন। শ্রীপাদ বিদ্যার্ণব প্রভুর নিকট হরিকথা শ্রবণ করিয়া তাঁহারা পরমানন্দিত হন এবং পুনরায় শ্রীমঠে আগমন করিবার আগ্রহ প্রকাশ করিয়া যান।

গত ১৫ই জানুয়ারী এলাহাবাদস্থ অনৈক শিক্ষিতা শুশ্রূষু মহিলাভক্ত শ্রীমঠে আগমন করিয়া শ্রীবিগ্রহ-দর্শনান্তর শ্রীপাদ বিদ্যার্ণব প্রভুর নিকট ১।০ ঘণ্টাকাল হরিকথা শ্রবণ করিয়া বিশেষ প্রীতি লাভ করেন এবং আরও শ্রবণ করিবার আগ্রহ প্রকাশ করেন।

শ্রীপাদ বিদ্যার্ণব প্রভুর শ্রীশ্রীআচার্য্য-পাদপদ্মে দৃঢ়নিষ্ঠা সকল মঠবাসীর চিত্ত আকর্ষণ করিয়াছে। তাঁহার মঠবাসিগণের সর্ব্বপ্রকার মঙ্গলবিধানের প্রচেষ্টা বাস্তবিকই প্রশংসনীয়। তাঁহাদের প্রকারে সকল হয়, এজন্য তিনি সর্ব্বক্ষণ সচেষ্ট। তাঁহার সেবাচেষ্টায় শ্রীমঠে সর্ব্বক্ষণ শ্রীহরি-কথা-মুখরিত আছে।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্য্যামিরূপে শিখান আপনে॥

অন্তর্ভুক্ত-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅনন্ত ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩১১০
সেবক—শ্রীঅনঙ্গমোহন দাস ভক্তিশাস্ত্রী বি-এস

(৩) শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসুরবিলাস ভক্তিশাস্ত্রী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীচরিচরণ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগবন্ধুদাস ব্রজবাসী

(৭) কাজির সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীনন্দনন্দন ব্রহ্মচারী

(৮) অমুকুল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীনন্দন দাস অধিকারী

(১৩) রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীনিত্যানন্দ সেবাবিলাস

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)
সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট
চাকদহপল্লী, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

(২১) শ্রীপাঁচঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

(২২) পুরা গৌড়ীয়মঠ
চাকদহ পরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
বাংলাবাজার পোঃ ওয়ারী, ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালজীমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রীবালানন্দ ব্রজবাসী

(২৫) গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী, (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ
নৃতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীদিব্যজ্ঞাননিধি বিদ্যারত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিমোহন দাসাধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলা[illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রীরূপমোহন ব্রহ্মচারী

(৩০) সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ চরিতার, জেঃ মজঃফরপুর, ই-বি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
মহেন্দ্রপুর পাটনা)
সেবক—শ্রীনিখিলপ্রভু দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীশ্যামলানন্দপ্রভু দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতনগৌড়ীয় মঠ
৮।৩৭ বড় গণেশ, বেনারস সিটি
সেবক—শ্রীরঘুনন্দন ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

(৩৫) নৈমিষারণ্য মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ইউ পি)
শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণবাজার, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

(৩৯) শ্রীরাধাকুণ্ড শ্যামকুণ্ড
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রীইন্দ্রদ্যুম্ন দাসাধিকারী

(৪১) রাধাকুণ্ড, গোবর্দ্ধন
সেবক—শ্রীপ্রাণচৈতন্য ভক্তিসোপান

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীভক্তিবন্ধু দাস

(৪৩) মদনমোহন বিহারী মঠ
বর্ষাণা, মথুরা।
সেবক—শ্রীরাধাচরণ দাস

(৪৪) গোকুলবিহারী মঠ—সেবাকুঞ্জ,
পোঃ কোলোতম, জেলা কর্ণাল (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪৫) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীকৃপাবন ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং কুইন্স রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীপ্রমোদ ভক্তিশাস্ত্রী

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible]
[illegible] বোম্বে
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ [illegible] মাদ্রাজ
সেবক—শ্রীদেবতীরমণ ব্রহ্মচারী

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ কভুর, জেলা গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫০) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] (পুরী)
সেবক—শ্রীগদাধর দাস অধিকারী

(৫১) [illegible]
[illegible] পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫২) [illegible]
সেবক—শ্রীচিদ্‌ঘনানন্দ ব্রহ্মচারী

(৫৩) [illegible]কুটী
সেবক—শ্রীনয়নমণি দাসাধিকারী

(৫৪) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ
[illegible], পোঃ কটক (উড়িষ্যা)
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(৫৭) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], গঞ্জাম
সেবক—শ্রীসনাতন ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীদীনহীন দাসাধিকারী

(৫৯) আলালনাথ গৌড়ীয়মঠ
পোঃ আলালনাথ, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ দাসাধিকারী

(৬০) [illegible]
পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রীপরমানন্দ দাসাধিকারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (রাজপুর)
সেবক—শ্রীঅবতার ব্রহ্মচারী

(৬২) [illegible] গৌড়ীয়মঠ
৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

(৬৩) [illegible] গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ১
৫১, [illegible]
[illegible]
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

(৬৪) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্‌
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরিধারী গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ অফিস
আমিনাবাদ, লক্ষ্ণৌ (ইউ-পি)
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) প্রাথমিক [illegible]
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্‌
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্‌, কটক
সেবক—শ্রীবনবিহারী ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরামসুন্দর ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্‌ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় কাব্যশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-প্রকাশিত-

বিজ্ঞাপনের হার

সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
১ম ৩ দিনের হার	পরবর্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের
দিবসে প্রতি লাইনে ।০		।/০	।০
" " ইঞ্চি ২৲		১।০	১৲
সিকিকলম ৫৲	৪৲		৩৲
অদ্ধকলম ৮৲	৬৲		৫৲
" এক কলম ১২৲	৯৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

মাসে প্রতি ইঞ্চি ৩৲	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অদ্ধকলম ২৫৲	২০
" এক কলম ৫০৲	৪০

চাঁদার হার

দৈনিক (ডাকমাশুলসহ)

বার্ষিক	৫৲
ষাণ্মাসিক "	২৸০
ত্রৈমাসিক "	১৲

[illegible] দিনের সংখ্যার মূল্য [illegible]।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভুর রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-সমৃদ্ধ গ্রন্থখানি পাঠককিগের [illegible] অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart) [illegible] অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। [illegible] মাত্র [illegible] আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুর প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক আখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন তাহা এই গ্রন্থে [illegible] বহু [illegible] সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুর প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, বাংলা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

বহুতথ্য যুক্তিপূর্ণ আলোচনা-সমৃদ্ধ, ইহাতে [illegible] প্রচার, সমন্বয়, [illegible] সম্বন্ধে আচার্যগণের [illegible] বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধ [illegible] সাধারণ [illegible] সংশয়নিরাকরণ প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মধুর প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—।:০:।—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

[illegible] উচ্চ ইংরেজী বিদ্যালয়

[illegible]—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচ্ছন্ন খোলা। শিক্ষকগণ [illegible]। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ [illegible] ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তিলাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য [illegible] ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট উচ্চ ইংরেজী স্কুল, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। [illegible] বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ [illegible] টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

[illegible] গৌড়ীয়-সম্পাদক [illegible] শ্রীচৈতন্যমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র [illegible] হইয়াছে। [illegible] টাকা। প্রাপ্তিস্থান [illegible] শ্রীযোগপীঠ [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

[illegible] শ্রীল বিশ্বনাথ চক্রবর্তী ঠাকুর [illegible] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর [illegible] এই অপূর্ব [illegible] পরিচয় প্রদান করিয়াছেন। [illegible] এই সংস্করণে যে মৌলিকত্ব [illegible] আছে [illegible]। [illegible] অধ্যায়ের পূর্বে [illegible] মূল শ্লোক-সমূহ, [illegible] শ্রীল বিশ্বনাথ চক্রবর্তী ঠাকুরের [illegible] টীকা, ঐ টীকার [illegible] অনুবাদ [illegible] পাওয়া যায়। [illegible] করিয়া সকলেই [illegible] পারিবেন সন্দেহ নাই। [illegible] আকারে প্রায় [illegible] পৃষ্ঠায় [illegible] সম্পূর্ণ হইয়াছে। [illegible] অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রী[illegible], শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদবাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা ৩ টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রত্যেক বিষয়-নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী প্রভৃতি সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা গৌড়ীয়বৈষ্ণবসমাজের একটি অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে মুদ্রিত।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্র ও উপযোগী করিয়া লিখিত সরলভাবে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা। ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল, পুরাণা পল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	১-৫৬	৬-২১	৭ ১৪	১১-৬	১৩-১৬	১৬-২৬	১৭-৫০	২২-২
দমদম	৪-৫৬	৬-৩০	৭-২৮	১১-১৮	১৩-৫০			১২
রাণাঘাট পৌঃ	৬-১৯	৮ ১	৯-১৮	১৩-২৮	১৪-৫১	১৮-৩১	১৯-৩৫	০-৪৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৯	৯-৩৩	১৩-৩৩	১৫-৫	১৮-৪৯	১৯-৪০	২-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১৩-৩৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	৩-৪১

(বদল) ছাঃ	৭-১৫	১০-৩১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৮	১০-১৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	২৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৯

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬ ১	৮-৬	১১-৪	১৪-২২	১৬-৬	১৮ ৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৩	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯-১৭

ছাঃ	৭-১০	৮ ৫১	১১-৫৭	১৫-১০	১৬ ৫৬	১৯-২২	২০-৪৬	০-৩১
রাণাঘাট পৌঃ	৭ ৪৫	৯-২৫	১২ ২৬	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১-১৯	৪-১০
(বদল) ছাঃ	৭-৫৩	৯ ৩০	১২-৫৬	৫-৫৫	১৭-৪২	২০-২১	২১-২৫	৪-১৮
দমদম		১১-৮		১৭-৩৬	২১-৩	২১-২৬	২৩-১	
কলিকাতা পৌঃ	৯ ২১	১১ ২০	১৪ ১৬	১৭ ৫৮	২১-৪০	২৩ ২৫	৬ ১৬	

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক বিদ্যোদীপাবৃত্তি ... মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এম্-এ মহোদয়ের গৌরবগবেষণা এবং সারল্যক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য বাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডে ৬৩০ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়সূচিকা (contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণক্রমে সজ্জিত সুবিস্তৃত নির্ঘণ্ট (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১০১ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা নদীয়া।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:o:———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩ ৪ কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর ষাইট্রেতে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহোলার পাঁচন

সর্ব্বপ্রকার মেহের অব্যর্থ মহৌষধ।

আমাদের প্রণীত জীর্ণ দুর্ব্বলতা মূল, পরীক্ষিত প্রাণরক্ষার একমাত্র উপায় ... ভিতর অভ্যাস আঁকে। শিতার টীকা সংযুক্ত কালমেঘ এবং নূতন পুরাতন মেহে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৮০ দশ আনা বড় বোতল ১৸০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র—

—১১৩নং, ভবানীচরণ দত্ত রোড, কলিকাতা

—রাজ মেডিকাল হল, ৩৪ শিবপুর।

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO 1541

পত্রপুষ্পমালা
—ঃ—
শ্রীল প্রভুপাদের রচিত বিভিন্ন পদাবলী শ্রীশ্রীল আচার্যদেবের বিরচিত 'গৌড়ীয়' পত্রিকায় প্রকাশিত হইয়াছে। উহাতে অনেক অমূল্য উপদেশ আছে। ভিক্ষা আট আনা।

প্রাপ্তিস্থান—
নবদ্বীপ প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—নবাবী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বশ্রেষ্ঠ প্রথম প্রকাশিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—ঃ—
স্বয়ং ভগবান শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষা কথা সরলভাবে উহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই। ভিক্ষা ১।০

প্রাপ্তিস্থান—
শ্রীচৈতন্য মঠ, শ্রীমায়াপুর।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৫শ খণ্ড শ্রীমায়াপুর—১০ই মাঘ ১৩৪৭, ২৩শে জানুয়ারী, ১৯৪১ বৃহস্পতিবার, ২৬৬তম সংখ্যা

নানা-সংবাদ

——::(০)::——

গ্রীক সেনাবাহিনীর সাফল্য

সংবাদ গ্রীক সমরপরিষদের ইস্তাহারে প্রকাশ, গ্রীক সৈন্যগণ কতকগুলি সুরক্ষিত ঘাঁটি দখল করিয়া বহু অফিসারসহ এক হাজার ইতালীয় সৈন্য বন্দী করিয়াছে। 'টাইমস্' নামক বিখ্যাত পত্রের সংবাদদাতার মতে ১১তম দল সম্প্রতি আলবেনিয়ায় অবতরণ করে, তাহার সেনানায়ক জেনারেল বন্দী হইয়াছেন।

আলবেনিয়ার যুদ্ধক্ষেত্রে সর্বত্র গ্রীক বাহিনীর আক্রমণ চলিতেছে। ক্রমাগত তুষারপাত ও অত্যধিক শীতের জন্য বিস্তীর্ণ অঞ্চল ব্যাপিয়া একযোগে আক্রমণ চালান অসম্ভব হইয়া পড়িয়াছে। কিন্তু গ্রীকগণ নির্দিষ্ট অঞ্চলে যুদ্ধ চালাইয়া নিজেদের ঘাঁটিগুলি সুদৃঢ় করিতেছে। অতর্কিত আক্রমণের দ্বারা সম্প্রতি তাহারা একটি ইতালীয় ঘাঁটি দখল করিয়া লইয়াছে।

এথেন্স গ্রীক-মুখপাত্র বলিতেছেন যে, দক্ষিণ অঞ্চলে গ্রীকগণ নূতন কয়েকটি টিলা অধিকার করিয়া লইয়াছে। এক ডিভিসন ইতালীয় সৈন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি পার্বত্য অঞ্চল রক্ষা করিতেছিল; কিন্তু রসদ ও নূতন সৈন্য পাঠাইতে অসুবিধা হেতু তাহারা ঐ অঞ্চলে একটি টিলা ত্যাগ করিতে বাধ্য হইয়াছে। গ্রীক-বাহিনী কিছু সংখ্যক সৈন্য বন্দী করিয়াছে বলিয়াও প্রকাশ।

——

গ্রীকদেরার আক্রমণ অব্যাহত

রণাঙ্গনের সর্বত্র প্রবল বৃষ্টি পড়িতেছে, তাহা অগ্রাহ্য করিয়া গ্রীক সৈন্যগণ নূতন ঘাঁটিতে নিজদিগকে সুরক্ষিত করার চেষ্টায় ইতালীয়দিগকে বাধা দিতেছে।

——

বৃটেন হইতে গ্রীসে রসদ আনীত

ভগবৎকৃপায় জীবের স্বরূপোপলব্ধি হইলে জীব আপন স্বাধীন বৃত্তি দ্বারা ভগবানের সেবায় নিযুক্ত হন। ইহাই জীবের স্বাভাবিক অবস্থা। জীবের স্বতন্ত্রতা আছে। তাহা কখনও ধ্বংস হইতে পারে না। কারণ, স্বতন্ত্রতা ধ্বংস হইলে জীবের অস্তিত্ব থাকে না। ভগবৎসেবায় নিযুক্ত হইলেই জীবের স্বতন্ত্রতার সদ্ব্যবহার হয়। ভগবৎকৃপার উপর নির্ভরতার দ্বারাই জীবের মঙ্গল হয়। ভগবৎকৃপার প্রতি নির্ভরতাই প্রকৃত শ্রদ্ধা। ভগবৎসেবাই জীবের স্বরূপের স্বাভাবিক চেষ্টা। এই ক্রিয়া দ্বারা জীব ভগবানের সহিত সম্বন্ধযুক্ত হন। ভগবৎসেবা ও চেতনতার একটাই জিনিষ। চেতনের ক্রিয়ায় কোন হেয়তা নাই। শুদ্ধচেতনের সহিত জড়ের কোন সম্বন্ধ নাই। জড়বর্জন-অবস্থা, তাহা দেহমনোধর্ম। ভোগপ্রবণ মন ভগবৎসেবারত শুদ্ধাত্মা হইতে সম্পূর্ণ পৃথক্ বস্তু। ভগবানই মূল। ভগবান্‌কে কেন্দ্র করিয়া আমাদের সকল কার্য্য করা উচিত। আমাদের প্রত্যেক পরিস্থিতিতে, শয়নে, স্বপনে, জাগরণে, ভ্রমণে সর্বাবস্থায় যদি শ্রীগুরুদেবের শ্রীচরণে না থাকেন, তাহা হইলে নিশ্চয়ই আমরা বিপথগামী হইব। একমাত্র পারমহংস্য-পথে অবস্থিত অর্থাৎ আত্মকাম সর্বেন্দ্রিয়ে আনুকূল্যে কৃষ্ণানু-শীলন ব্যতীত জীবের পূর্ণমঙ্গল নাই—নাই—নাই। কৃষ্ণের পূর্ণশরণগ্রহণ ব্যতীত জীবের পূর্ণ মঙ্গল নাই।

শুদ্ধভক্তি হইতে কৃষ্ণপ্রেমা উদিত হয়। ভক্ত্যাভাস বা বিদ্ধাভক্তির দ্বারা প্রকৃত প্রেমলাভ হয় না। কোন প্রকার ভোগ বা মোক্ষবাঞ্ছারূপ কপটতা বা অপরাধ থাকিলে সাধন করিলেও প্রেম উৎপন্ন হয় না। ভক্তির ত্রিবিধ অবস্থা—সাধনাবস্থা, ভাবাবস্থা ও প্রেমাবস্থা। শ্রদ্ধাপূর্বক শ্রবণ-কীর্তনাদি করিতে করিতে অনর্থ যত হ্রাস পাইতে থাকে, ততই শ্রদ্ধাবৃত্তি ক্রমশঃ পরিস্ফুট হয়। নিষ্ঠা, রুচি, আসক্তি, ভাব বা রতি নামে পরিচিত হয়। সাধনভক্তি হইতেই ভাবভক্তি বা রতির উদয়। রতি গাঢ় হইলেই প্রেমভক্তি। প্রেম যত গাঢ় হইতে থাকে, ততই স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ, ভাব, মহাভাব পর্যন্ত উদিত হয়। ভক্তভেদে পঞ্চবিধ রতি—শান্তরতি, দাস্যরতি, সখ্যরতি, বাৎসল্য ও মধুররতি। এই পঞ্চ মুখ্য ভক্তিরস স্থায়িভাবে ভক্তহৃদয়ে অবস্থিত থাকে। হাস্য, অদ্ভুত, বীর, করুণ, রৌদ্র, বীভৎস ও ভয়—এই সপ্ত গৌণরস 'কারণ' উপস্থিত হইলে ভক্তহৃদয়ে আগন্তুকভাবে উদিত হইয়া মুখ্যরসের পুষ্টিবিধান-পূর্বক বিলুপ্ত হয়।

কৃষ্ণভক্তি দুই প্রকার—ঐশ্বর্যজ্ঞানমিশ্রা ও কেবলা। বৈকুণ্ঠ, দ্বারকা ও মথুরায় ঐশ্বর্যজ্ঞানমিশ্রা ভক্তি, এইজন্য তথায় প্রেম সঙ্কুচিত। কিন্তু গোকুলে ঐশ্বর্যহীন কেবলা ভক্তিতে পরতত্ত্ব শ্রীকৃষ্ণ প্রীতি-পরাকাষ্ঠা-হেতু আশ্রয়ের বশ। কৃষ্ণভক্ত স্বর্গ ও মোক্ষকে নরকতুল্য জ্ঞান করেন। সর্বপ্রকার রস হইতে মধুররসের শ্রেষ্ঠতা। মধুররসে সকল রসের সমাবেশ আছে, তা' ছাড়া নবধা যাহা সেবাঙ্গ প্রীতি-পরাকাষ্ঠা, একমাত্র মধুররসেই দেদীপ্যমান।

ভক্তি চেতনের স্বাভাবিক বৃত্তি। ভক্তি বাহিরের জিনিষ নহে। সাধুসঙ্গে শ্রবণ কীর্তন করিতে করিতে চেতনের বিকাশ হইলে ভক্তি প্রকাশ পায়। তাই শ্রীমন্মহাপ্রভু শ্রীসনাতন-শিক্ষায় বলিয়াছেন,—

ঘরেতে ধন আছে, জানে, ধন নাহি পায়।
সর্বজ্ঞ কহে তারে প্রাপ্তির উপায়॥
'এই স্থানে আছে ধন'—দক্ষিণে খুদিবে।
'ভীমরুল বরুলী' উঠিবে, ধন না পাইবে॥
'পশ্চিমে' খুদিবে, তাহা 'যক্ষ' এক হয়।
সে বিঘ্ন করিবে,—ধনে হাত না পড়য়॥
'উত্তরে' খুদিলে আছে কৃষ্ণ 'অজগরে'।
ধন নাহি পাবে, খুদিতে গিলিবে সবারে॥
পূর্বদিকে তা'তে মাটি অল্প খুদিতে।
ধনের ঝারি পড়িবেক তোমার হাতেতে॥
ঐছে শাস্ত্র কহে,—কর্ম, জ্ঞান, যোগ ত্যজি'।
'ভক্ত্যে' কৃষ্ণ বশ হয়, ভক্ত্যে তাঁরে ভজি॥
অতএব 'ভক্তি'—কৃষ্ণপ্রাপ্ত্যের উপায়।
'অভিধেয়' বলি' তারে সর্বশাস্ত্রে গায়॥
ধন পাইলে যৈছে সুখভোগ-ফল পায়।
সুখভোগ হৈতে দুঃখ আপনি পলায়॥
তৈছে ভক্তি-ফলে কৃষ্ণে প্রেম উপজয়।
প্রেমে কৃষ্ণাস্বাদ হৈলে ভব নাশ পায়॥
দারিদ্র্য-নাশ, ভবক্ষয়,—প্রেমের 'ফল' নয়।
প্রেম-সুখভোগ—মুখ্য প্রয়োজন হয়॥
বেদশাস্ত্রে কহে সম্বন্ধ, অভিধেয়, প্রয়োজন।
কৃষ্ণ, কৃষ্ণভক্তি, প্রেম,—তিন মহাধন॥

ভক্তিপথ বা সেবাপথই ভগবদ্দর্শনের পথ। অন্য কোন পথে ভগবৎসাক্ষাৎকার হয় না। কর্মপথ, জ্ঞানপথ ও যোগপথ—এগুলি কৃষ্ণে প্রবর্তনের পথ নহে বলিয়া অভক্তির পথ। ভক্তিদ্বারাই কৃষ্ণ বশীভূত হন। স্বয়ং-ভগবান্ শ্রীমন্মহাপ্রভু কর্ম, জ্ঞান ও যোগের পথ পরিত্যাগ করিয়া ভক্তিপথ গ্রহণ করিতে বলিয়াছেন। কৃষ্ণভক্তিই বদ্ধজীবের পূর্ণ অর্থাৎ নিত্য ধন। তাহা লাভ করিয়া শুদ্ধজীব নিত্যকাল ধনী।

পৈতৃক সম্পত্তি মৃত্তিকাভ্যন্তরে প্রোথিত আছে জানিলেই ধন করতলগত হয় না। যিনি সর্বজ্ঞ, তিনিই তাহার প্রাপ্তির একমাত্র উপায় বা পথ বলিয়া দিতে পারেন। যে কোন স্থান খনন করিলেই সম্পত্তিলাভ হইবে, সব স্থানই সমান, সকলই মৃত্তিকা—এইরূপ বিচার যাঁহারা করেন, তাঁহারা কখনও ধনলাভ করিতে পারেন না। অজ্ঞ লোকেরাই এইরূপ বিচার। কিন্তু যিনি সর্বজ্ঞ, তিনি একান্ত-সঙ্কীর্ণ কথা বলেন—সত্যের দিক্ বহু নহে—সত্যসূর্য একমাত্র পূর্বদিকে উদিত হন। সকলই যখন দিক্, তখন পশ্চিম, উত্তর, দক্ষিণ সব দিকেই সূর্য উদিত হইবে—এইরূপ ধারণা লোকের বিচারে লোকরঞ্জক হইলেও তাহা বাস্তবসত্য নহে। পূর্বদিক্ ব্যতীত অন্য কোন দিকে সূর্যের সন্ধান পাওয়া যাইবে না। কর্মজ্ঞান-যোগাদি পথ সূর্যের উদয়াচল নহে, সত্যসূর্য ঐ সকল দিকে উদিত হন না। সত্যসূর্য একমাত্র পূর্বদিকে—প্রাচীন, সনাতন, শ্রৌতপন্থা যাহা, সেই ভক্তিপথে উদিত হন। পূর্বদিকে সেই পৈতৃক সম্পত্তি শ্রৌতপরম্পরা-প্রাপ্ত সনাতন ধন অল্প খনন করিলেই অতি সত্বরেই পাওয়া যায়। আর কর্মজ্ঞান-যোগাদি মার্গে বহু আয়াসেও বস্তু প্রাপ্তি হয় না। পূর্বদিক্ও দিক্, দক্ষিণ দিক্ও দিক্, সুতরাং উভয়ই সমান, এই বলে ভুলিয়া যাঁহারা দেব সূর্যদর্শনের জন্য দক্ষিণদিকে

ভক্তি করি' যে শুনে চৈতন্য অবতার। সেই সব জন সুখে পাইবে নিস্তার॥

চলিতে থাকেন, তাহা হইলে অধিষ্ঠানের জীবের সূর্য্যদর্শন হইবে না। দক্ষিণ দিকে—দক্ষিণমার্গে অর্থাৎ কর্ম্মমার্গে শ্রৌতসম্পত্তি—টাকা কড়ি ধন পাওয়া যাইবে না, অধিকন্তু জীবকে যমলোকীয় ভীষণ যন্ত্রণায়, পাপপুণ্যের জ্বালায় ছটফট করিয়া মরিতে হইবে। পশ্চিম দিক্ পূর্ব্বদিকের ঠিক বিপরীত। পশ্চিমদিকে সূর্য্যাস্ত হয়। কৃষ্ণসূর্য্য—যতদিন ভক্তিযোগপথরূপ পূর্ব্বদিকে উদিত হন। আর অভক্তি-যোগপথে সূর্য্যের উদয়াভাব লক্ষিত হয়। যোগপথে কল্পিত ঈশ্বরকে কখনও কখনও দিয়ে স্বীকার করা হলেও ঈশ্বর-সাযুজ্যরূপ নির্ব্বিশেষ ঈশ্বর স্বীকৃত হয় না। সেই পশ্চিমদিক্ অভক্তিযোগমার্গ। সেখানে জল মিলে না। বিভূতিপাদের বল সেখানে নানা বিঘ্ন উৎপাদন করিয়া মনকে আবৃত করিয়া রাখে, জল হস্তগত করিতে দেয় না। উত্তরদিকেও সূর্য্যোদয় হয় না। উত্তরদিক্ দক্ষিণ দিকের প্রতিযোগী। কর্ম্মমার্গ—দক্ষিণদিক্। দক্ষিণমার্গের প্রতিযোগী উত্তরাপথ—নির্ব্বিশেষ জ্ঞানমার্গ। কর্ম্মীর সহিত জ্ঞানীর আপাত প্রতিযোগিতা। কর্ম্মী ভোগের বাহাদুরী এবং জ্ঞানী ত্যাগের বাহাদুরী লইয়াই ব্যস্ত এবং উভয় পথই দম্ভের পথ। এই অশ্রৌতপথে সত্যসূর্য্যের দর্শন হয় না। এই উত্তরাপথে ভুজঙ্গ-অজগর আছে। অজগর বড় তাপস, অপ্রতিগ্রাহী, কাহারও কাছে কিছু চাহিতে যায় না—খুব ত্যাগী কিন্তু কোন জীবজন্তু পাইলে আস্ত গিলিয়া ফেলে—জীবকে গ্রাস করে। সুতরাং ভক্তিপথ ব্যতীত অন্য কোন পথেই জলানুসন্ধান মিলে না। একমাত্র পূর্ব্বদিকে শ্রৌত-সনাতন-পথে—শ্রীরূপানুগপ্রদর্শিত বিশুদ্ধ ভক্তিপথে বৈকুণ্ঠ সম্পত্তি—জীবের নিত্য স্বরূপ, নিত্য অধিকার—ভগবৎপ্রেমা লাভ হয়।

দার্জ্জিলিংএ প্রচার

দার্জ্জিলিং সহরের ৮ মাইল দূরে পশ্চিমে অবস্থিত বিজনবাড়ী নামক স্থানের মেলায় শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাশীর্ব্বাদে দার্জ্জিলিং গৌড়ীয় মঠের সেবক শ্রীপাদ কৃষ্ণকান্ত ব্রহ্মাধিকারী ও ডাঃ শ্রীযুক্ত কে, সি দত্ত বি-এ, এম-বি মহোদয়কে সঙ্গে লইয়া উপস্থিত হন। গত ১৩ই আষাঢ় তাঁহারা লাউড-স্পীকারের যোগে তথায় বহুলোকের কর্ত্তব্য সম্বন্ধে এক ঘণ্টাব্যাপী একটী বক্তৃতা প্রদান করেন। বক্তৃতান্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। প্রায় ১০০০ লোক হরিকথা শুনিবার সৌভাগ্য পাইয়াছিলেন।

শ্রীমদ্ভাগবতের অধিবেশন

---::o::---

শ্রীব্যাসদেবের অকৃত্রিমভাষ্য শ্রীমদ্ভাগবত গ্রন্থসম্রাট্। জগদ্গুরু ভগবান্ শ্রীব্যাসদেব নিখিল জীবের নিত্যমঙ্গল বিধানের জন্য ভগবল্লীলা-কথামৃত কৃষ্ণভক্তিস্বরূপ সাক্ষাৎ কল্পতরু এই শ্রীমদ্ভাগবত নামক ভাগবদর্শন রচনা করেন। এই গ্রন্থ চক্রবর্ত্তী পুরাণ-শিরোমণি। এই শ্রীমদ্ভাগবত-প্রচারের জন্য স্বয়ং ভগবান্ শ্রীগৌরসুন্দর ভক্তভাব অঙ্গীকার করিয়া জগতে অবতীর্ণ হইয়াছিলেন। শ্রীমদ্ভাগবত-পুরাণ নিত্য। শ্রীমদ্ভাগবত কোন জীব-বিশেষের রচিত নহে, তাহা অপৌরুষেয় ও অনাদিকাল হইতে বিরাজিত। সূর্য্য কোন কালবিশেষে উদিত হন বলিয়া সূর্য্যকে যেরূপ আধুনিক বলা যায় না, তদ্রূপ কলিকালে পূর্ণ পর্য্যায় বেদান্তের প্রকৃত তাৎপর্য্য জনসমাজে প্রচারার্থ শ্রীব্যাসদেবের নির্ম্মল হৃদয়াকাশে উদিত হইয়াছিলেন। শ্রীমদ্ভাগবত শ্রীকৃষ্ণের স্বয়ংরূপ শাব্দিক অবতার। এই গ্রন্থ-রাজের বাচকটী অর্থ পরিপূর্ণ সচ্চিদানন্দ-বিগ্রহ শ্রীকৃষ্ণের বাচ্যটী অর্থ স্বরূপ। ইঁহারা সকলেই পূর্ণ।

পুরাণার্ক শ্রীমদ্ভাগবত কলি কল্মষ-নাশার্থ এখন উদিত অবতীর্ণ হইয়াছেন। শ্রীমদ্ভাগবতের ন্যায় মহামূল্য গ্রন্থ আর জগতে নাই—বেদের উপনিষদে এরূপ গ্রন্থ চক্রবর্ত্তী আর অবতীর্ণ হয় নাই। শ্রীমদ্ভাগবত বেদান্তের সার—বেদান্তের অকৃত্রিম ভাষ্য—নিগম-কল্পতরুর গলিত ফল' এই গ্রন্থ-সার্ব্ব-ভৌমের কথা ভক্ত ভাগবতগণ অনন্তমুখে কীর্ত্তন করিয়াছেন।

এক রূপে ভাগবত কৃষ্ণ অবতার।
সবে পুরুষার্থ—'ভক্তি' ভাগবতে হয়।
'প্রেমরূপ ভাগবত' চারিবেদে কয়॥
চারিবেদ—'দধি', ভাগবত—'নবনীত'।
মথিলেন শুকে, খাইলেন পরীক্ষিত॥
মুঞি, মোর দাস, আর গ্রন্থ ভাগবতে।
যার ভেদ আছে, তার নাশ ভালমতে॥
ভাগবতে অচিন্ত্য ঈশ্বরবুদ্ধি যার।
সে জানয়ে ভাগবত-অর্থ ভক্তিসার॥
ভাগবত, তুলসী, গঙ্গায়, ভক্তজনে।
চতুর্দ্ধা বিগ্রহ কৃষ্ণ এই চারিসনে॥
ভাগবত বুঝি, হেন যার আছে জ্ঞান।
সেই না জানয়ে ভাগবতের প্রমাণ॥
অজ্ঞ হই' ভাগবতে যে লয় শরণ।
ভাগবত-অর্থ তার হয় দরশন॥
প্রেমময় ভাগবত—শ্রীকৃষ্ণের অঙ্গ।
তাহাতে কহেন যত গোপ্য কৃষ্ণরঙ্গ॥
ভাগবত পুস্তক থাকে যা'র ঘরে।
কোন অমঙ্গল নাহি যায় তথাকারে॥
ভাগবত পূজিলে কৃষ্ণের পূজা হয়।
ভাগবত-পঠন-শ্রবণ ভক্তিময়॥
যেন রূপ মৎস্য-কূর্ম্ম-আদি অবতার।
আবির্ভাব-তিরোভাব যেন তাঁ' সবার॥
এই মত ভাগবত কারো কৃত নয়।
আবির্ভাব-তিরোভাব আপনেই হয়॥
ভক্তিযোগে ভাগবত ব্যাসের জিহ্বায়।
স্ফূর্ত্তি সে হইল মাত্র কৃষ্ণের কৃপায়॥
ভাগবত-পাদে সে ভক্তিতত্ত্ব কহে।
লৌকিক ভাগবত সম কোন শাস্ত্র নহে॥

শ্রীকৃষ্ণ হইতে শ্রীব্রহ্মার শাখায়, তাহা হইতে শ্রীনারদ-শাখায়, তাহা হইতে শ্রীব্যাসশাখায় এবং তাহা হইতে শুকমুখস্পৃষ্ট ও আস্বাদিত হইয়া কেবল সেবার্থ শ্রীমদ্ভাগবত-ফল শ্রীপরীক্ষিৎ সূত প্রভৃতি শাখায় ক্রমে ক্রমে অখণ্ডিতভাবে অবতরণ করিয়াছেন। শ্রীব্যাসদেব বৈয়াসকি শ্রীশুকদেবকে সর্ব্বপ্রথম এই শাস্ত্র পাঠ করাইয়াছিলেন। পরে শ্রীশুকদেব শ্রীপরীক্ষিৎ ও লোমহর্ষণ সূত শ্রীসূতগোস্বামী প্রভৃতিকে তাহা শ্রবণ করাইয়াছিলেন এবং তাহার তৃতীয়বার শ্রীসূত গোস্বামী প্রভু শ্রীশৌনকাদি মহামুনিগণকে নৈমিষারণ্যে বলিয়াছিলেন।

শ্রীমদ্ভাগবতের প্রথম অধিবেশন হইয়াছিল—সরস্বতী নদীর পশ্চিমতটস্থ শম্যাপ্রাস নামক স্থানে বদরীবৃক্ষ-শোভিত শ্রীব্যাসাশ্রমে। শ্রীমদ্ভাগবতের দ্বিতীয় অধিবেশনের স্থান—গঙ্গার তটস্থ শুকরতল নামক স্থানে এবং তৃতীয় অধিবেশনের স্থান—গোমতী-তটস্থিত নৈমিষারণ্যে। প্রথম বৈঠকে বক্তা—শ্রীব্যাসদেব, শ্রোতা—শ্রীশুকদেব। দ্বিতীয় বৈঠকে বক্তা—শ্রীশুকদেব, শ্রোতা—শ্রীপরীক্ষিৎ ও শ্রীসূতগোস্বামী প্রভৃতি। আর তৃতীয় বৈঠকে বক্তা—শ্রীসূতগোস্বামী, শ্রোতা—শ্রীশৌনকাদি ষষ্টিসহস্র ঋষি।

ব্রহ্মনদী সরস্বতীর পশ্চিমতীরে বদরিবৃক্ষ শোভিত শম্যাপ্রাস নামক নিজ আশ্রমে শ্রীব্যাসদেব আসীন হইয়া আচমনান্তে শ্রীনারদের উপদেশানুসারে মনো বশ হন এবং ভক্তিযোগ প্রভাবে শুদ্ধসত্ত্বচিত্তে পূর্ণ পুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণকে ও তাঁহার পশ্চাদ্ভাগে পতিতভাবে অবস্থিতা মায়াকে দেখিতে পান। প্রথমে ভাগবতের কথা তিনি শ্রীশুকদেব তাঁহার ছাত্রজীবনে শম্যাপ্রাস মঠে শ্রীব্যাসদেবের নিকট আলোচনা করেন। শ্রীমধ্বাচার্য্য তীর্থ ভ্রমণ করিতে করিতে শ্রীবদ্রী-নারায়ণ-ব্যাস-সংবাদের লীলাস্থান শ্রীবদরিকাশ্রমের নিকট গিয়া উপস্থিত হন। কয়েকদিন সেখানে অবস্থান করিবার পর ভগবান্ শ্রীব্যাসদেব বা'রযোগে শ্রীমধ্বাচার্য্যের নিকট উপস্থিত হইয়া নিজ আশ্রম শ্রীবদরিকাশ্রমে প্রবেশ করিতে আদেশ দেন। শ্রীমধ্বাচার্য্য ব্যতীত তাঁহার অন্য শিষ্যগণও তাঁহার নির্দ্দেশানুসারে শ্রীব্যাসদেবের আগমন জানিতে পারিয়াছিলেন। শ্রীব্যাসদেবের কৃপাদেশ শিরে ধারণ করিয়া শ্রীমধ্বাচার্য্য একাকী শ্রীবদরিকাশ্রমাভিমুখে গমন করিতে লাগিলেন। বহু পথ অতিক্রম করিয়া শ্রীমধ্বাচার্য্য বদরিকাশ্রমে গমনপূর্ব্বক তথায় বদরীবৃক্ষের বিশাল বেদীর মধ্যে মুনিমণ্ডলীবেষ্টিত শ্রীব্যাসদেবকে উপবিষ্ট দেখিতে পাইলেন। শ্রীমধ্বাচার্য্য শ্রীব্যাসদেবের শ্রীচরণ সমীপে উপনীত হইয়া সাষ্টাঙ্গে প্রণাম করিলেন। শ্রীব্যাসদেব শ্রীমধ্বাচার্য্যকে উত্তোলন করিয়া আলিঙ্গন করিলেন। ভগবানের নিত্যসিদ্ধ-পার্ষদ শ্রীমধ্বাচার্য্য সর্ব্বশাস্ত্রদর্শী হইয়াও শ্রীব্যাসদেবের নিকট হইতে অল্পকাল মধ্যে সমগ্র শাস্ত্রশিক্ষায় ব্যাপৃত হইলেন।

শ্রীমদ্ভাগবতের দ্বিতীয় অধিবেশন মজঃফরনগর জেলার অন্তর্গত শুকরতল ভুপালহেড়ি বা তোপা নামক স্থানে। শুনা যায়, শুকরতল গঙ্গার তটে অবস্থিত একটী একান্ত জনপ্রাণীহীন ক্ষেত্র। শুকরতল হইতে ৫ মাইল পূর্ব্বদিকে ভাগীরথীর অপর পারে বিদুর-কুটীর, যেখানে শ্রীকৃষ্ণ বিদুরের খুদ গ্রহণ করিয়াছিলেন। এই শ্রীশুক-পরীক্ষিৎ-সংবাদের পুণ্যক্ষেত্রের সংবাদ জগতের প্রায় অধিকাংশ লোকই রাখে না।

শ্রীমদ্ভাগবতের তৃতীয় অধিবেশনস্থান—নৈমিষারণ্য। এই নৈমিষারণ্যের অপর নাম অনিমিষক্ষেত্র। ব্রহ্মার সৃষ্ট মনোময় চক্রের নেমি যেখানে কুণ্ঠিত হয়, সেই মুনি-পূজিত তপোবনই নৈমিষ। কেহ কেহ বলেন, ভগবান্ শ্রীবিষ্ণু নিমেষকালমধ্যে এই অরণ্যে দানব-দল নিহত করেন বলিয়া এই স্থানের নাম নৈমিষারণ্য হইয়াছে। এই নৈমিষারণ্য শ্রীবলদেব প্রভুর পদাঙ্কপূত স্থান। এখানে পারমহংসী সংহিতা কীর্ত্তিত হইয়াছিল বলিয়া এই স্থানের নাম পরমহংস বা বৈষ্ণবক্ষেত্র। শ্রীবলদেবাভিন্ন শ্রীমন্ নিত্যানন্দ প্রভুও তীর্থভ্রমণচ্ছলে এই নৈমিষারণ্যে উপস্থিত হইয়াছিলেন। মদীয় প্রভুদেব শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবও এই স্থানে শুভবিজয় করিয়াছেন। এখানে আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের শাখামঠ স্বরূপে শ্রীপরমহংস মঠ স্থাপিত হইয়াছে। এই শ্রীপরমহংস মঠে একটী শ্রীভাগবতবিদ্যালয়ও আছে।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে

শুদ্ধভক্ত-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅধ্যক্ষ ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১০
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী বি-এ

(৩) শ্রীযোগপীঠ শ্রীমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস অধিকারী

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]চরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগবন্ধুদাস ব্রজবাসী

(৭) কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৮) অপ্রকট কৃষ্ণাগুণ্ঠিনগাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহনগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীনন্দন দাস অধিকারী

(১৩) ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গোকুলপুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয়মঠ
চাঁদকাজী (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীকৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর নদীয়া)
সেবক—শ্রীনন্দ[illegible] ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ তাম[illegible] (নদীয়া)
সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট
[illegible], পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২১) নবাবগঞ্জ গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৩) শ্রীমাধবগৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] ঢাকা
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

(২৫) গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটি (ঢাকা)
সেবক—শ্রী[illegible]দাস অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible]বিগ্রহ বিদ্যারত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া আসাম
সেবক—শ্রী[illegible]মোহন দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ আসাম
সেবক—শ্রী[illegible]মোহন দাস অধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলা [illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩০) সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible], চট্ট. ডি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতন গৌড়ীয় মঠ
৮।১৭ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রী[illegible] গৌড়ীয়মঠ [illegible]
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী বি-এ

(৩৫) [illegible] মঠ
পোঃ [illegible], [illegible] ইউ পি)
শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
[illegible], শ্রীধাম বৃন্দাবন মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

(৩৯) [illegible] কুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা)
সেবক—শ্রী[illegible]দাস ব্রজবাসী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রী[illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৪১) রাধাকুণ্ড [illegible]
সেবক—শ্রী[illegible]চরণ ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন [illegible]
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] দাস

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রী[illegible] দাস

(৪৪) গোপীবিহারী মঠ—[illegible]
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৫) [illegible] গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible]পাবন ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড নই দিল্লী
সেবক—শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
[illegible] রোড, [illegible]
নং ২৮
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৪৮) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible], মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫০) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] (পুরী)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(৫১) [illegible]
[illegible] পোঃ পুরী [illegible]
সেবক—শ্রীগৌরাঙ্গ[illegible] ব্রহ্মচারী

(৫২) [illegible]
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

(৫৩) [illegible] কুঞ্জ
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৪) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রী[illegible]পাবন ব্রহ্মচারী

(৫৭) শ্রী[illegible]গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible]পুর, গোদাবরী
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], গোদাবরী
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬০) [illegible]
পোঃ [illegible] (মান্দ্রাজ)
সেবক—শ্রী[illegible]চৈতন্য দাসাধিকারী

(৬১) চৈতন্য গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] ষ্ট্রীট, [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৩) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] নং
[illegible] রোড
[illegible], ই. ৫,
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

(৬৪) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ [illegible]
[illegible], [illegible] ইউ-পি)
সেবক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যাপীঠ গৌড়ীয়মঠালয়
[illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
[illegible]পুর (পাঞ্জাব)
সেবক—শ্রীবিলাস[illegible] দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) [illegible]
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীঅনন্তগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-কর্ত্তৃক
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-::০::-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারের প্রতি লাইনে	।০		।৶০	
" ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	৩।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক "	৩৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি-সংখ্যা এক পয়সা। বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

——:০:——

—ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গভর্ণমেণ্ট অনুমোদিত বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচিত বোর্ডিং। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তিলাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত: এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে বাসন্তী অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্র (chart) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিভাগসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র দুই আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

বসুধা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ রমনা, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের নিকট ঘোষণা করিবার জন্য প্রদান করিয়াছেন তাহা এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—বসুধা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ রমনা, রমনা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

মনোজ্ঞ সুযুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ। ইহাতে সাম্প্রদায়িকতাদোষে বাধ্যবাধ মানবগণের প্রকার, সমন্বয়, মহাজন, অবতার, একায়ন, বহুবাদ ও ভক্তগণকে প্রাকৃত-চিন্তা-বিভ্রমমূলে নীতি ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবের জন্য সাধারণ প্রণালী সমূহ, অভিনব সৎসিদ্ধান্তসকল প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—বসুধা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ রমনা, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্যমহাপ্রভুর সংক্ষিপ্ত শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র সংক্ষিপ্তভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ধর্মপ্রাণ শ্রীযুক্ত ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

——

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যাভীমাখ্যাত বহু সংস্করণের অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এবং ব্যাকরণ, তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব আকারে সর্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক ছন্দে গানের আকারে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে অন্বয় অর্থ ও ব্যাখ্যা প্রভৃতির প্রতিশব্দ অনুসারে শ্রীল শ্রীধরস্বামিপাদের সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সাত শত পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ছাপা ও বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান- শ্রীনবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদবাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তররূপে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা [illegible] টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট্ সংস্করণ। তরঙ্গসার, গৌরগণোদ্দেশ, [illegible], বঙ্গভাষার প্রতিপাদ্য বিষয়-নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, গ্রাম ও সূচী প্রভৃতি সহিত গৌড়ীয়মঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা গৌড়ীয়বৈষ্ণবসমাজের একটী অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে মুদ্রিত।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত পত্রাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের শিক্ষা ও শিক্ষা। ভিক্ষা চারি আনা। দশ গ্রন্থের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুশভিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণা-পল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

যাওয়া

কলিকাতা ছাঃ	৪-৩৫	৬-২১	৭-১৪	১১-৬	১৩-১৬	১৬-৫৩	১৭-৫৩	২২-৫
হাওড়া	৪-৫৬	৬-৪১	৭-২৮	১১-১৮	১৩-৫০			২২
ব্যাণ্ডেল পৌঃ	৬-১৩	৮-১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৫৫	০-২৮
ব্যাণ্ডেল ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৩	১২-১১	১৫-৫	১৮-৩৯	১৯-৪০	০-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১০-২৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-৪১

(ঐরপ) ছাঃ	৭-১০	১০-০১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-১৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
হাওড়া,,	১১-১৮
ব্যাণ্ডেল পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(ঐরূপ) ছাঃ	১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৩

আসিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬ ১	৮-৬	১১-৪	১৩-২২	১৩-৮	১৮ ৩৩
কৃষ্ণনগর পৌঃ	৮-৩৯	৮-৪৪	১১-৪২	১৩-৭	১৮-৪৩	১৯ ১১

ছাঃ	৭-১০	৮-৫২	১১-৪৪	১৪-১০	১৬ ৫৮	১০-২২	২০-৪৬	২-০১
ব্যাণ্ডেল পৌঃ	৭ ৪৫	৯-২৫	১২ ২৬	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১-১৯	৪ ১০
(ঐরূপ) ছাঃ	৭-৫০	৯-৩০	১২-৩৬	৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৫	৪-১৮
হাওড়া		১১-৮		১৭-৩৬	১৯-২	২ : ২৬	২৩-২	
কলিকাতা পৌঃ	৯ ২১	১১ ২০	১৪ ৩৬	১৭ ৪৬	২১-৪০	২৩ ১৫	৬ ১৬	

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

স্কটিশ চার্চ্চ কলেজের ইংরাজীর প্রবীণ ও প্রধান অধ্যাপক নিশিকান্ত সান্যাল [illegible] পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী [illegible] কর্ত্তৃক সর্ব্বপ্রথম [illegible] এবং [illegible] সমস্ত ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে রত হউন। এই বিরাট্, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ [illegible] বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য দার্শনিক প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমাক্ আলোচনা। প্রথম খণ্ডে [illegible] অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা আছে। ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়সূচিপত্র (contents), ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সম্পূর্ণ সুবিস্তৃত শব্দসূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—[illegible] শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা নদীয়া

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এইস্থান হইতে একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৩।১ কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর [illegible] অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" পত্রিকা প্রকাশিত হইতেছে।

কবিরাজ [illegible] কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্বপ্রকার [illegible] অব্যর্থ মহৌষধ।

[illegible] জীর্ণ [illegible] জ্বর, [illegible] একমাত্র [illegible] ভিন্ন [illegible] নাই। [illegible] নূতন [illegible] ছোট বোতল [illegible] বড় বোতল ১৮/০ [illegible]

[illegible] রোড, কলিকাতা

[illegible]

পোঃ—শ্রীমায়াপুর.
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO 1541

গদ্যপ্রসূনমালা
—::—
শ্রীল প্রভুপাদের রচিত বিভিন্ন পদ্যাবলী শ্রীশ্রীল আচার্য্যদেবের বিরচিত 'গৌরভ' ভাষ্যসহ প্রকাশিত হইয়াছে। ইহাতে অনেক অমূল্য উপদেশ আছে। ভিক্ষা আট আনা।
প্রাপ্তিস্থান—
মহুয়া প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—অম্বরী, ঢাকা।

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান—
শ্রীগোপীনাথ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৫শ খণ্ড :শ্রীমায়াপুর—১৪ই মাঘ ১৩৪৭, ২৭শে জানুয়ারী, ১৯৪১ সোমবার ২৬১৩তম সংখ্যা

নানা-সংবাদ

——::(০)::——

জার্ম্মাণীর তৈলগুদামে ব্রিটিশ বিমানের আক্রমণ

'ম্যানচেষ্টার গার্ডিয়ান' পত্রিকার বিমান-বিষয়ক সংবাদদাতা লিখিয়াছেন :—

জার্ম্মাণীতে এরোপ্লেন ব্যবহারের জন্য বহু ও বৃহৎ তৈলের কারখানা আছে। উচ্চ চাপের "হাইড্রোজেনেশান" পদ্ধতিতে কয়লাকে তরল হাইড্রোকার্বনে পরিবর্ত্তিত করা হয়। ১৪ বৎসর পূর্ব্বে জার্ম্মাণীতে এই পদ্ধতি উদ্ভাবিত হইয়াছিল; বর্ত্তমানে ইহার এতটা উন্নতি হইয়াছে যে, এই পদ্ধতিতে এখন অতিশয় উৎকৃষ্ট শ্রেণীর তৈল প্রস্তুত হইতে পারে। জার্ম্মাণীর পক্ষে বিদেশ হইতে আমদানী করা পেট্রোলের পরিমাণ সীমাবদ্ধ হইতে বাধ্য, সুতরাং এই কারখানাগুলিতেই জার্ম্মাণীর অধিকাংশ এরোপ্লেনের তৈল সরবরাহ করিতে হয়। ইহাদের বর্ত্তমান উৎপাদনের পরিমাণ জানা সম্ভব নহে, তবে ১৯৩৯ সালে এই কারখানাগুলি মোট ২,১০০,০০০ টন তৈল প্রস্তুত করিয়াছিল, কিন্তু বিশেষজ্ঞদের মত এই যে, ইহার উপর রুমানিয়ার সকল তৈলও যদি জার্ম্মাণী নিজে দখল করিয়া লয়, তাহাতেও জার্ম্মাণীর প্রয়োজন মিটিবে না। রুমানিয়ার উৎপন্ন তৈল রুমানিয়ার নিজের পক্ষেও যথেষ্ট নহে; অথচ রুমানিয়া ইদানীং রপ্তানী তৈল বৃদ্ধি করিবার উদ্যোগ করিতেছে বলিয়া জানা গিয়াছে[illegible]।

কিন্তু বর্ত্তমানে গেলসেনকিরকেন, হামবুর্গ, ব্রেমেন, মিসবুর্গ এবং অন্যান্য স্থানের তৈল-শোধনাগারে এবং মেগেলসবুর্গ প্রভৃতি স্থানের পেট্রোলিয়ামের ভাণ্ডারে গোলাবর্ষণ করিয়া রাজকীয় বিমান বাহিনী "সুকৃত্রিম্ ওয়ার্কের" তৈল-সংগ্রহের পথে অন্তরায় হইয়া দাঁড়াইয়াছে।

গ্রীক বাহিনীর অগ্রগতি

গ্রীক-সৈন্যগণকর্ত্তৃক ক্লিসুরা অধিকৃত হওয়ার পর ইটালীয়ানগণ বেরাটের দিকে পশ্চাদপসরণ করিতেছে; বিমান-পথ হইতে তাহাদিগকে বিষম উত্যক্ত করা হইতেছে।

গ্রীসস্থ বৃটিশ বিমান বহরের হেড্-কোয়ার্টার্স হইতে লণ্ডনে প্রাপ্ত সংবাদে প্রকাশ, দুর্যোগপূর্ণ আবহাওয়া সত্ত্বেও বহু বৃটিশ বোমারু প্লেন ইটালীয়ান সৈন্য ও ট্যাঙ্কসহ যান্ত্রিক বাহিনীর উপর সার্থকতার সহিত আক্রমণ করিয়াছে। ইটালীয়ান সৈন্য, মটরলরী, ট্যাঙ্ক, ঘোড়ায় টানা গাড়ী ইত্যাদি সমস্তই ক্লিসুরার উত্তরে বেরাট-গামী রাস্তা ধরিয়া পশ্চাদপসরণ করিতেছে।

———

ভারত-সরকারের যুদ্ধ প্রচেষ্টা

প্রকাশ, এ পর্য্যন্ত শিক্ষাদানের উপযোগী মোট ২৫ খানা নূতন প্লেন ভারত গভর্ণমেণ্টের হস্তগত হইয়াছে। ভারতীয় বিমানবাহিনী গড়িয়া তোলার জন্য যে দশটি ফ্লাইং ক্লাব মনোনয়ন করা হইয়াছে, এই সমস্ত প্লেন শীঘ্রই ঐ সমস্ত ক্লাবে বিতরণ করা হইবে।

প্রথমতঃ বৎসরে ৩০০ জন পাইলট ও ২০০০ জন মেকানিককে শিক্ষা দেওয়া এবং দুই বৎসর ধরিয়া এই ব্যবস্থা বলবৎ রাখা সম্পর্কে বিগত গ্রীষ্মকালে যে পরিকল্পনা স্থির করা হইয়াছে এবং তজ্জন্য যে ৫৮ খানা প্লেনের অর্ডার দেওয়া হইয়াছে, তাহারই প্রথম কিস্তীস্বরূপ এই প্লেনগুলি আসিয়াছে। পরবর্ত্তী মাসের প্রথম ভাগেই করাচী, দিল্লী, কানপুর, কলিকাতা, মাদ্রাজ, বোম্বাই, লাহোর, পাটনা, যোধপুর ও হায়দ্রাবাদ (দাক্ষিণাত্য) এই দশটি ক্লাবে ১০০ জন পাইলট লইয়া গঠিত প্রথম দলের শিক্ষা আরম্ভ হইবে। চারি মাসের জন্য শিক্ষা দেওয়া হইবে। ক্লাবগুলি যাহাতে উত্তমরূপে ট্রেনিংয়ের বন্দোবস্ত করিতে পারে এবং এরোপ্লেনের রিজার্ভে পরিণত হয়, তজ্জন্য পর্য্যাপ্ত সংখ্যক ট্রেনিং প্লেন ও অতিরিক্ত ইঞ্জিনের অর্ডার দেওয়া হইয়াছিল। প্রত্যেক ক্লাবের জন্য একখানা "লিঙ্ক-ট্রেনারের"ও অর্ডার দেওয়া হইয়াছিল।

ট্রেনিংয়ের খরচাপত্র ও মনোনীত প্রার্থীদের ভাতা গভর্ণমেণ্ট বহন করিবেন।

———

নার্সদের শিক্ষাদানের ব্যবস্থা

নার্স, হেলথ্ ভিজিটার, জনস্বাস্থ্য-কর্ম্মী ও অন্যান্য সমাজ-সেবা-কর্ম্মিগণের বর্ত্তমান অবস্থার শিক্ষাপ্রণালীর উন্নতকল্পে একটি পরিকল্পনা নির্দ্ধারণের জন্য বাংলা সরকার একটি কমিটি নিয়োগ করিয়াছেন।

গভর্ণমেণ্টের অভিমত এই যে, নার্সদের বর্ত্তমান শিক্ষাদান-প্রণালী পরীক্ষা করিয়া তাহাদের শিক্ষার সম্প্রসারণ ও উন্নতির ব্যবস্থা করা প্রয়োজন।

নিম্নলিখিত সদস্য সমবায়ে এই কমিটি গঠিত হইয়াছে :—

ডাঃ বিধানচন্দ্র রায় (সভাপতি) বাংলা সরকারের সার্জ্জন জেনারেল, অল ইণ্ডিয়া হাইজিন ও পাবলিক হেলথ্ ইন্‌ষ্টিটিউটের ডিরেক্টার; বাংলার জন-স্বাস্থ্যবিভাগের ডিরেক্টার, ডাফরিণ হাসপাতালের মেট্রন মিস হাচিংস, বেঙ্গল নার্সিং কাউন্সিলের রেজিষ্ট্রার মিস এল সি ক্লার্ক, ডাক্তার সুন্দরী মোহন দাস, অধ্যাপক বিনয় কুমার সরকার এবং প্রেসিডেন্সী জেনারেল হাসপাতালের মেট্রন মিস কনকিনার।

বাংলার জনস্বাস্থ্য-বিভাগের ডিরেক্টার এই কমিটির সেক্রেটারী সভার আহ্বানকারী-রূপে কাজ করিবেন। যথাসম্ভব শীঘ্র রিপোর্ট দাখিল করার জন্য কমিটিকে অনুরোধ করা হইয়াছে।

মধ্য প্রাচ্যের সহিত বৃটেনের চুক্তি

ফরাসী ক্যামেরুণ সম্পর্কে বৃটিশ সরকার ও জেনারেল দ্য গলের মধ্যে এক চুক্তি হইয়া গিয়াছে। এই চুক্তি অনুসারে ব্রিটেন ফরাসী ক্যামেরুণের সমগ্র কোকো এবং কফি পাইবে। ফরাসী-আফ্রিকা সম্পর্কেও অনুরূপ চুক্তির খসড়া প্রস্তুত হইয়া আছে, তবে এখনও সহি হয় নাই।

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

২। ভাগবত—উড়িষ্যার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। কটক শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। গৌড়ীয় গৌরবিগ্রহ অপ্রাকৃত বৈষ্ণবের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য প্রভুপাদ জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীমুখোক্ত অমৃতময় উপদেশাবলী পণ্ডিত ও মনস্বী সত্যানুসন্ধিৎসুগণ যখনই যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবর সিদ্ধান্তসমূহে ও অপূর্ব সিদ্ধান্তবাণীতে অগ্রগণ্য। গৌড়ীয়কুলচূড়ামণি আচার্য্যবরের সিদ্ধান্তপূর্ণ অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

অণুভাষ্যম্

চতুর্ব্বর্গাত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'ভক্তমালা' টীকা সহ মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ। তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, বিবর্ত্তের আলোচনা, ভূমিকা ও সূচীসহ অত্যুৎকৃষ্ট সংস্করণে নব সংস্করণে গৌড়ীয়-মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৴০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
অধ্যক্ষ সুন্দরানন্দ দাস এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন পোঃ রমণা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

একাধারে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—খণ্ড ৪০৲; প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮৲; দশম স্কন্ধ— ৯৲
২। তাৎপর্য্য বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
৩। তাৎপর্য্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। নবদ্বীপ-শতক (অবাঁধা) ৩৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী — ১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০; ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী — ১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসার-দীপিকা। সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম
১০। গৌড়ীয়-কণ্ঠহার
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ৩৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-স্বত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ॥০
১৭। বৈষ্ণবোপনিষদ ।০
১৮। ব্রাহ্মণ-আমূল্য ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৴০
২১। গৌড়ীয়গাথিকা ৷৴০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যভাগবতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ১৲; অবাঁধা ১৲
২৬। গীতার কেবল বাংলা ভাষা ।০
২৭। প্রকিয়াবাক্য অনুবোধঃ (সাপ্তাহিক) ২৲
২৮। বেদান্তদর্শনসার (সাপ্তাহিক) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ॥০
৩০। দীপ-নিব-কর্ম ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৴০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-প্রমাণ ॥০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু
৪০। শরণাগতি ৵১
৪১। গীতাবলী ৴১
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা
৪৩। সাধকরত্ন ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। মনঃশিক্ষা
৪৮। অর্চ্চনকল্পতরু (পঞ্চম সংস্করণ)
৪৯। অর্চ্চনপ্রণাম
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড)
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সাপ্তাহিক)
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ॥০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণলেখ ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিভিন্নাঃ ।০
৬৩। নবীন-শিক্ষাপদ্ধতিঃ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সাপ্তাহিক শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠোপনিষদ্ ৴০
৬৭। মায়াবাদখণ্ডন ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ পিপ্ অ্যাট্ দ অ্যাক্টিভিটিজ অফ গৌড়ীয়মঠ ।০
৭০। বালকৃষ্ণ ৴০
৭১। বেদান্ত—ইট্স মর্ফলজি অ্যান্ড অন্টলজি ।০
৭২। ভিসেটিস্ অ্যাক্টস ৷৴০
৭৩। লাইফ অ্যান্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বেদান্তীজ ।০
৭৫। লোভাট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। থিয়োটিক প্রিন্সিপল অ্যান্ড অ্যাকাডেমিক থিয়োলজি ।০
৭৮। ব্রহ্মসংহিতা ১॥০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অমৃত ভাগ) ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ
৮২। অর্চ্চন-পদ্ধতি ৴১০
৮৩। গীতাবলী ৴১০
৮৪। শরণাগতি ৵১

আসামীয় ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴৭

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৭৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

গীতিসাহিত্যে শ্রীভক্তি-বিনোদ
=⁂=
শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দররূপে প্রকাশিত হইয়াছে। ইহা বঙ্গভাষাভাষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৬০ আনা
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীশ্রীস্তবরত্নমালা
=⁂=
বিভিন্ন স্তব ও পদাদি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৬০ আনা
প্রাপ্তিস্থান—
শ্রীগোড়ীয়মঠ-শ্রীমন্দির
পোঃ বাগবাজার, কলিকাতা।

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ ১৪ মাধব ৪৫৪ গৌরাব্দ ১৪ই মাঘ বঙ্গাব্দ ১৩৪৭, ২৭শে জানুয়ারী ইং ১৯৪১, সোমবার { ২৬৯ সং

"প্রত্যেক মুহূর্ত্ত যেন বৃথা বাহিত না হ'য়ে আশ্রয়বিগ্রহ ও আশ্রয়-বিগ্রহের নিষ্কপট সেবকগণের সঙ্গে তাঁ'দের সেবায় যাপিত হয়, তজ্জন্য সর্ব্বদা সতর্ক থাকা উচিত। তাঁ'দের কৃপা হ'লে তাঁ'দের প্রাণাপেক্ষা দয়িত বিষয়-বিগ্রহের সেবালাভ কর্'বার সৌভাগ্য হ'বে।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৪ মাধব সর্ব্বদিন সর্ব্বাণ গৌরাব্দ ৪৫৪

বিষয়বাসনা যায় কিসে?

—::⁂::—

সেবার বিনিময়ে যে প্রভুর নিকট কিছু প্রার্থনা করে, সে সেবক নহে—বণিক্। ভগবান্ সেবককে সালোক্যাদি মুক্তি প্রদান করিতে চাহিলেও সেবক প্রভুর নিত্যসেবা ব্যতীত অন্য কিছুই গ্রহণ করেন না। ভগবান্ শ্রীনৃসিংহদেব প্রহ্লাদের প্রতি সন্তুষ্ট হইয়া তাঁহাকে বর দিতে চাহিলে তিনি বলিয়াছিলেন, "হে প্রভো! আমি আপনার নিত্য ভক্ত এবং আপনি আমার অনপায়ি স্বামী। অতএব রাজা ও ভৃত্যের ন্যায় আমাদের অন্য প্রকার প্রয়োজন নাই। আপনি যদি আমাকে একান্তই বর দান করিতে চান, তবে আ'ম আপনার নিকট কামনাবাসনার অনুৎপত্তি প্রার্থনা করি।" প্রহ্লাদের এই বাক্য হইতে জানা যায় যে, যখন কখনও ভগবান্ উপযাচক হইয়া অর্থাদি ভক্তকে প্রদান করিতে চাহিলেও শুদ্ধভক্ত তাহা স্বভোগার্থ গ্রহণ করেন না। কারণ, একমাত্র হরিসেবা ব্যতীত নিজের জন্য কিছু গ্রহণ ভক্তির অন্তরায়।

প্রভুর একমাত্র সেবানুগ ব্যতীত শিষ্য নিজের সুখের জন্য কিছুই গ্রহণ করেন না। এমন কি, হরিভক্তবৈষ্ণব অযাচিতভাবে কোন বস্তু প্রদান করিতে আসিলেও শুদ্ধসেবক তাহা গ্রহণ করেন না। ইহাই শুদ্ধভক্তের লক্ষণ। শুদ্ধবৈষ্ণবগণ আমাদিগকে পরীক্ষা করিবার জন্য কিম্বা কোন প্রকার স্নেহ-পরবশ হইয়া আমাদিগকে কোন বস্তু প্রদান করিতে চাহিলেও আমরা একান্ত মঙ্গল ইচ্ছা করিলে একমাত্র তাঁহাদের সেবা ব্যতীত আন্তরিকভাবে আর কিছুই চাহিব না।

সর্ব্বদা শরণাগত্যের ভাবই শুদ্ধভক্তির অনুকূল। শ্রীগুরুবৈষ্ণবের পাদপদ্মে সর্ব্বতো-ভাবে আত্মবিক্রয় করিয়া তাঁহাদের উচ্ছিষ্ট-ভোজী কুক্কুর হইয়া তাঁহাদের সেবা করাই শুদ্ধভক্তের বিচার। শুদ্ধভক্ত কৃপা বা সেবা ছাড়া আর কিছু চান না। এইরূপ নিষ্কিঞ্চন শরণাগত ব্যক্তিকে গুরুবৈষ্ণব কখনও কপটকৃপা দ্বারা বঞ্চিত করেন না। শুদ্ধভক্ত জাগতিক অভাব-অসুবিধার জন্য আদৌ ব্যস্ত হন না; পরন্তু নিজের সেবা-বৃত্তির অভাবের কথ চিন্তা করিয়া নিজেকে ধিক্কার দেন। আমরা মুখে গুরুবৈষ্ণব-ভগবানের নিকট নিষ্কপট-কৃপা চাহিয়াও কার্য্যতঃ কপটকৃপা গ্রহণ করিবার জন্য অধিকতর ব্যস্ত হইয়া পড়ি। তাঁহাদের সেবা করিবার পরিবর্ত্তে তাঁহাদের নিকট হইতে জাগতিক লাভ-পূজা-প্রতিষ্ঠা প্রাপ্ত আমাদের নিকট অধিকতর কৃপার পরিচয় বলিয়া মনে হয়। 'প্রতিষ্ঠার ভয়ে পুরী যায় পলাইয়া' ইহাই শুদ্ধভক্তের চিত্তবৃত্তি। আর সেবা-অভিনয়কারী আমার চিত্তবৃত্তি ঠিক তাহার বিপরীত। শুদ্ধভক্ত বৈষ্ণবী প্রতিষ্ঠা বা সেবার কাঙ্গাল, আর আমি জড়প্রতিষ্ঠারূপ শৌকরী বিষ্ঠার জন্য পাগল-প্রায়। সুতরাং ইহা বিষয়ে অভিমানযুক্ত আমি কৃষ্ণকার্ষ্ণের অকপট কৃপা কি করিয়া পাইব? আমি কৃপা না চাহিলে তাঁহারা কি করিবেন? আ'ম যাহা চাই, তাহাই পাই, যাহা চাহিয়াছি, তাহাই পাইয়াছি, যাহা চা'ব তাহাই পাইব। অতএব একবস্তু চাহিয়া অন্য বস্তুর আশা বৃথা।

সর্ব্বদা সর্ব্বভাবে ভগবানে অহৈতুকী সেবোন্মুখতা না হইলে কৃষ্ণের পূর্ণকৃপা কি করিয়া পাওয়া যাইবে? কৃপোন্মুখ বা সেবোন্মুখই কৃপা বা সেবা পায়। ভোগোন্মুখ ভোগ পাইতে পারে। সে সেবা পাইবে কি ক'রে? নিজের জন্য গ্রহণ বা ত্যাগ কোনটির দ্বারা মঙ্গল হইবে না। সকল ইন্দ্রিয়ের দ্বারা হৃষীকেশেরই সেবা করিতে হইবে। সকল ব্যক্তিকেও কৃষ্ণ কৃপা করেন যদি তিনি কপট না হন। সামান্য কামের উদ্দেশ্যে যদি কেহ কৃষ্ণ ভজনের অনুসন্ধান করেন, তাহা হইলেও কৃষ্ণ স্বকৃপাবলে তাঁহার পূর্ব্বোদ্দিষ্ট কাম দূর করিয়া থাকেন।

কামের দ্বারা প্রেমলাভ হয় না। শুদ্ধ-কৃষ্ণকৃপায় কামনা-বাসনা দূর হইলে হৃদয়ে কৃষ্ণসেবাকামনা প্রকাশিত হয়। করুণাময় কৃষ্ণ সকাম ভক্তকেও স্বপদ দান করেন, এই কথা শুনিয়া যেন আমরা নামাপরাধে পাপবুদ্ধি প্রশ্রয় দেওয়ার ন্যায় ভজনের অভিনয়ে ভোগকে প্রশ্রয় না দিই। তাহাতে অপরাধ হইবে, কখনও কোনকালে কৃষ্ণকৃপা পাওয়া যাইবে না। তবে কেহ যদি অপরাধশূন্য হৃদয়ে তাঁহার শ্রীচরণে যদি কোন কামনা উপস্থিত হয় অথবা দাসানুদাসের মহিমা না জানিয়া অজ্ঞতাবশতঃ কোন ব্যক্তি যদি তাঁর শরণাগত অর্থাৎ অকপট নিষ্কপটতার সহিত ভগবচ্চরণে সংলগ্ন থাকেন, তাহা হইলে ভগবান্ তাঁহার হৃদয়ে বুদ্ধিযোগ প্রদান করিয়া কামনার অকিঞ্চিৎকরতা বুঝাইয়া যেন আবার কখনও বা নিষ্কিঞ্চন সাধুগণকে সেই সাধকের নিকট প্রেরণ ক'রয়া তাঁহাকে অসৎসঙ্গ ত্যাগপূর্ব্বক উপদেশ-শ্রবণের সুযোগ দেন। সাধক তখন তাঁহার পূর্ব্বকৃত অপরাধের জন্য সাতিশয় অনুতপ্ত হন এবং সর্ব্বতোভাবে অকিঞ্চনদাস হইয়া কৃষ্ণকৃপাপ্রার্থনা করিতে করিতে অহৈতুকভাবে ভগবদ্ভজন করেন। এইরূপ সরল অন্তঃকরণ ব্যক্তিই কৃপা লাভ, কপট ব্যক্তি কখনও কৃপা পায় না। এই ভগবৎকৃপার সঙ্কেতস্থান অর্থাৎ কৃষ্ণের নিত্যসেবা এক উপলব্ধি।

কাম না ছাড়িলে কৃষ্ণসেবা ও' দূরের কথা, কৃষ্ণসেবার অভিলাষও হইবে না। যে পর্যন্ত

ভুক্তি-মুক্তি-স্পৃহা হৃদয়ে থাকিবে, সে পর্য্যন্ত সেই হৃদয়ে ভক্তিসুখের উদয় হইতে পারে না। দুর্ব্বলতা ও অপরাধ এক শ্রেণীর নহে। যদিও দুর্ব্বলতাই কালে অপরাধে পরিণত হইতে পারে, তথাপি দুর্ব্বলতার কামনারূপ পাপ ও অপরাধের প্রভেদ স্পষ্ট আছে। দুর্ব্বল ব্যক্তি পাপ ও অপরাধকে অন্তরে অন্যায় জানিয়াও তাহা পরিত্যাগ করিতে অসমর্থ, কিন্তু অপরাধী ঐ গুলিকে অন্যায় বিচার করেন না। তিনি নিজে যাহা করেন ও বুঝেন তাহাই ভাল মনে করেন। তিনি বেশী দুর্ব্বার হইয়া শুদ্ধবৈষ্ণবগণের অপরাধ করিয়া থাকেন। দুর্ব্বল ব্যক্তি যদি কামনাকে আদর ও কপট সাজ গ্রহণ না করিয়া গর্হণ কাঁদিতে কাঁদিতে পরিত্যাগ করেন, তাহা হইলে তাঁহার প্রতি কৃষ্ণকৃপা লাভ হইতেছে বুঝা যায়। অন্যথা তাঁহার পক্ষে বঞ্চিত হওয়া স্বাভাবিক।

যাঁহারা ভোগবিলাসরূপ অনর্থকে অনর্থ জানিয়া তাহাকে নিন্দা করিতে করিতে শুদ্ধভক্তির অনুষ্ঠান করেন এবং ত্যাগ করিতে অসমর্থ হইয়া ভোগ করেন, তাঁহারাও ভক্ত, তাঁহাদের সেই সেই অনুষ্ঠান কর্ম্ম নয়। ভক্তগণকে পবিত্র করিবার জন্য ভগবান্ কৃপাপূর্ব্বক সেই সেই ভোগ দ্বারা তাঁহাদিগকে শুভাশুভফল করত চরণে স্থান দেন। তাঁহারা স্বেচ্ছাপূর্ব্বক ভোগ করিতে থাকিতে সাধনবলে স্বীয় অনর্থরূপ অসম্পূর্ণতা দূর করেন। ইহাই ভক্তজনের এক রহস্য। তাই শ্রীভগবান্ বলিয়াছেন,—"মদীয় চরিত্রকথায় শ্রদ্ধাযুক্ত পুরুষ বিষয়বাসনাদিকে দুঃখাত্মক জানিয়াও তৎপরিত্যাগে অশক্ত হইলে 'মদ্ভজন দ্বারাই সর্ব্বাবস্থায় নিস্তার পাইবে'—এইরূপ দৃঢ়নিশ্চয় সহকারে দুঃখপরিণামক বিষয়ভোগের সহিত তাহাতে অপ্রীত হইয়া প্রীতির সহিত আমার আরাধনা করিবেন। পূর্ব্বোক্ত ভক্তিযোগে যিনি নিরন্তর আমার সেবা করেন, তাঁহার হৃদয় আমার প্রতি একাগ্রভাবে অবস্থিত হইলে হৃদয়স্থ যাবতীয় বিষয়বাসনা বিনষ্ট হইয়া থাকে।" শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরও বলিয়াছেন,—পিত্তগণ যেরূপ অনভীপ্সিত শর্করা পিতার নিকট হইতে প্রাপ্ত হইয়া বুঝিয়া অরুচি পরিত্যাগ করে, সেইরূপ মূঢ় অজ্ঞান অথচ অকপট ব্যক্তিগণ কৃষ্ণভজনকালে কামনার বশবর্ত্তী হইলেও কৃষ্ণকৃপায় অনভীপ্সিত কৃষ্ণসেবা শর্করার আস্বাদন পাইয়া মাতিয়া জড়কাম পরিত্যাগ করিয়া থাকেন।"

শ্রীল প্রভুপাদের হরিকথা

——::'○)::——

খোবির বস্তুনিষ্ঠের কাছেই লোক যা'বে, দুষ্টনিষ্ঠের কাছে লোক যা'বে না। শীঘ্র নিষ্ঠের কাছে গেলে লোকের বুদ্ধিটা থাকে না। বৈষ্ণব এ জগতের মধ্যে একজন পাওয়াও কঠিন। তথাকথিত বৈষ্ণব পাওয়া সোজা হ'লেও প্রকৃত বৈষ্ণব পাওয়া তত সোজা নয়। বৈষ্ণবগণ ২৪ ঘণ্টা হরিভজন করছেন। ভগবৎকৃপাই আমাদের অনুক্ষণ প্রার্থনীয় হওয়া উচিত। কৃষ্ণ ও কার্ষ্ণের সেবা যাহাতে না হইবে, সেইরূপ কার্য্য আমাদের শত শত অসুবিধা ঘটাইবে। জীবমাত্রেরই final goal কৃষ্ণপ্রেম। যাইতে শুইতে যথা তথা কৃষ্ণনাম-কীর্ত্তন করাই শ্রীমন্মহাপ্রভুর উপদেশ। অপরকে দয়া করিতে শিখলেই তাহাকে কৃষ্ণ দয়া করেন। সদ্গুরু উপদিষ্ট Transcendental Sound এর সেবোন্মুখ কর্ণ দ্বারা reception ব্যতীত জীবের অসংখ্য খণ্ডের নিবৃত্তি অসম্ভব। জীবের অর্চ্চন ব্যতীত তত্ত্বলাভ সম্ভব নহে। কীর্ত্তন ব্যতীত শ্রবণ বা স্তুতিরূপে পঠন অপরের পক্ষে অসম্ভব।

মহাকাল যাহাকে ধ্বংস করতে পারে না, তাহাই নিত্যকাল। সেই নিত্যকাল মহামহাকালকেও ধ্বংস করে। তাহাই কৃষ্ণভক্তি। এক মুহূর্ত্ত অন্য কোন বিষয়ে ব্যস্ত হ'লে অনুশীলন হ'বে না। অনুশীলন অর্থে—কৃষ্ণানুশীলন, আর কৃষ্ণানুশীলন অর্থে—অপ্রাকৃত কৃষ্ণের অপ্রাকৃত নামানুশীলন। কৃষ্ণানুশীলনকারীর বাণী অনুক্ষণ কর্ণে গ্রহণ করতে হ'বে। মঙ্গলের পথ যাহাতে সফল হ'বে। দুঃখ দমন করবে যে জিনিষ, তা'র বাধা থাকা-কাল পর্য্যন্ত এ জগৎ হ'তে পরিত্রাণ পাওয়া যায় না। মূল মালিকের উপর নির্ভর করলেই সকল মঙ্গল। আমরা যে যতটা দুঃখ অশরণাগত, সে ততটাই অমঙ্গলকে আলিঙ্গন ক'রে র'য়েছি। যে মুহূর্ত্তে আমরা শরণাগত, সেই মুহূর্ত্তেই মঙ্গল আমাদের করায়ত্ত। কৃষ্ণ আমাদিগকে জগতে ক্লেশ দিতে আসেন নাই। আমরা নিজের কর্তৃত্বেই নিজের অমঙ্গল ও ক্লেশ বরণ ক'রেছি। তাঁ'র মঙ্গলময়ী বাণীতে শ্রদ্ধা হ'লে আমাদের কর্ত্তৃত্বাভিমান বিদূরিত হয়। কৃষ্ণের অনুকূল সেবার দ্বারাই সকল মঙ্গল হ'বে।

মানুষ যেরূপ কার্য্য ক'রবে, সেরূপ ফল পা'বে। এক মানবের কর্ত্তৃত্বের ফল অপরে পায় না। আমি আমার স্বতন্ত্রতার পরিচালনা ক'রে তা'র ফল আমি নিজেই পাই। একমাত্র হরিবিস্মৃতির জন্য আমাদের যত অসুবিধা। মানুষ যতটা সদ্গুণ-সম্পন্ন হ'তে পারবে, ততটা অধিক আত্মহিতের চিন্তা তা'র আসবে। আমাদের ধৈর্য্যশীল হওয়া একান্ত প্রয়োজন। যে কোন বিপদ্ উপস্থিত হউক, মনে খুব ধৈর্য্য অবলম্বন করা দরকার। হরিকীর্ত্তন ব্যতীত সদ্গুণ-সম্পন্ন হওয়া যায় না।

চিৎ অর্থে—ভগবৎসেবোন্মুখতা ও ভগবানের ভক্তবাৎসল্য-লীলা, আর অচিৎ অর্থে—ভগবৎসেবাবিমুখতা, বদ্ধজীবের ভোগ বা ত্যাগ। গুরু ও বৈষ্ণব অপ্রাকৃত শ্রীমন্দির। সেই শ্রীমন্দিরে ভগবান্ বিরাজিত আছেন। ভগবান্ আমাদের স্বেচ্ছাচারিতা বা মনঃকল্পনায় যেখানে সেখানে আছেন, তাহা নহে; তিনি গুরু ও বৈষ্ণবের মধ্যেই আত্মপ্রকাশ করিয়া বাস করেন। ভগবদ্ভক্তদর্শন হইলেই ভগবদ্দর্শন হয়। ভগবদ্ভক্তদর্শন না হ'লে ভগবানের দর্শন হয় না। ভক্তির আরম্ভই হইবে না—যদি গুরুপাদপদ্ম বলিয়া কোন বস্তু না থাকে। আত্ম-বিচারে নিজ শক্তির উপর নির্ভরতাই অনর্থযুক্ত অবস্থা। গুরুই কৃষ্ণ-পাদপদ্মের সহিত সাক্ষাতের যোগসূত্র। কেবল মন্ত্রের সহিত দূরে থা'কয়া গুরুসেবা করিলে চলিবে না, বিগ্রহের সহিত তাঁহার সেবা করিতে হইবে।

হরিভজন না করিলে জীব জ্ঞানী, কর্ম্মী বা অন্যাভিলাষী হ'য়া যায়, সেজন্য সর্ব্বদা ভগবানকে মহামন্ত্র উচ্চারণ করিয়া ডাকিবেন। সংখ্যা-নির্ব্বন্ধ করিয়া কৃষ্ণনাম উচ্চৈঃস্বরে কীর্ত্তন করিলে অনর্থ নিবৃত্ত হয়, জাড্য প্রভৃতি পলায়ন করে, এমন কি, ত্রিগুণ বহির্ম্মুখগণ আর বিক্রম করিতেও পারে না। নিরপরাধে হরিনাম গৃহীত হইলে সকল সিদ্ধিই করতলগত হয়। বিষয়ী লোকেরা কিছুই করিতে পারে না।

নির্ব্বন্ধ করিয়া শ্রীকৃষ্ণনাম গ্রহণে সকল মঙ্গল হয়। শ্রীনামগ্রহণকালীন জড়চিন্তার উদয় হয় বলিয়া শ্রীনামগ্রহণে শিথিলতা করিবেন না। শ্রীনামগ্রহণের আনুষঙ্গিক ফলস্বরূপে ক্রমশঃ ঐ প্রকার বৃথা চিন্তা অপনোদিত হইবে, তজ্জন্য ব্যস্ত হইবেন না। অপ্রেমফলের সম্ভাবনা নাই। কৃষ্ণনামে অত্যন্ত প্রীতির উদয়ে জড়চিন্তার লোপ করিয়া যাইবে। কৃষ্ণনামে অত্যাগ্রহ না হইলে জড়চিন্তা কিরূপে যাইবে?

কায়মনোবাক্যে শ্রীনামের সেবা করিলেই শ্রীনামী স্বয়ংরূপ স্বরূপ প্রদর্শন করেন। শ্রীনামগ্রহণ করিতে করিতে অনর্থ অপসারিত হইলে শ্রীনামেই রূপ, গুণ ও লীলা আপনা হইতে স্ফূর্ত্তি হইবে।

নাম ও নামী অভিন্ন বস্তু। আমাদের অনর্থ ঘুচিয়া গেলে উহা বিশেষরূপে উপলব্ধি হইবে। কৃষ্ণনাম নিরপরাধে উচ্চারিত হইলেই আপনি স্বয়ং বুঝিতে পারিবেন যে, 'নাম' হইতেই সকল সিদ্ধি হয়।

যিনি নাম উচ্চারণ করেন, তাঁহার নিজ অবিদ্যার স্থূল-সূক্ষ্ম-শরীরের ব্যবধান ক্রমশঃ রহিত হইয়া নিজ সিদ্ধরূপ উদিত হয়। নিজ সিদ্ধরূপ উপস্থিত হইয়া নাম উচ্চারিত হইতে হইতেই কৃষ্ণরূপের অপ্রাকৃত দৃগ্গোচর হয়। শ্রীনামই জীবের স্বরূপ উদয় করাইয়া কৃষ্ণরূপে আকর্ষণ করান। শ্রীনামই জীবের স্ব-গুণের উদয় করাইয়া কৃষ্ণগুণে আকর্ষণ করান। শ্রীনামই জীবের স্ব'ক্রিয়া উৎপন্ন করাইয়া কৃষ্ণলীলায় আকর্ষণ করান। 'নাম-সেবা' বলিলে নামোচ্চারণকারীর নিজ প্রয়োজনীয় অনুষ্ঠানাদিও তন্মধ্যে অন্তর্নিবিষ্ট। কায়মনোবাক্যে নামের সেবা আপনার হৃদয়াকাশে আপনা হইতেই উদিত হইবে। শ্রীনাম কি বস্তু, তদ্বিষয়িণী সকল আলোচনা আপনা হইতে নামোচ্চারণকারী হৃদয়ে উপলব্ধি করিতে পারিবেন। শাস্ত্র-শ্রবণ, পঠন ও তদ্বিষয়ক অনুশীলন দ্বারা শ্রীনামের স্বরূপ উদিত হন। শ্রীনামগ্রহণ করিতে ক'রিতে আপনার সকল বিষয় স্ফূর্ত্তিলাভ করিবে।

অপরাধ ত্যাগ করিয়া হরিনাম গ্রহণের ইচ্ছা করিলে সকল সময় হরিনাম করিতে করিতে অপরাধ যাইবে। শ্রীমন্মহাপ্রভু শ্রীরূপগোস্বামী প্রভুকে সকল শক্তি অর্পণ করিয়াছেন। সেই শ্রীরূপপ্রভু ও শ্রীরূপানুগ প্রভুগণের চরণে মহাপ্রভুর সঞ্চারিত কৃপা-শক্তি অন্তরের সহিত ভিক্ষা করিবেন। বিশেষতঃ শ্রীহরিনাম-প্রভুর নিকট তাঁহার সেবার জন্য হৃদয়ের সহিত যোগ্যতার প্রার্থনা করিবেন। নাম-প্রভু নামী-প্রভু হইয়া আপনার হৃদয়ে বিরাজ করিবেন।

যাঁহারা প্রত্যহ লক্ষ নাম গ্রহণ করেন না, তাঁহাদের প্রদত্ত কোন বস্তুই ভগবান্ গ্রহণ করেন না।

কৃষ্ণসেবা, কার্ষ্ণসেবা ও শ্রীনাম কীর্ত্তন, তিনটি পৃথক্ অনুষ্ঠান হইলেও তিনটিই এক তাৎপর্য্যপর। নামসংকীর্ত্তনের দ্বারা কৃষ্ণ ও কার্ষ্ণসেবা হয়। বৈষ্ণবের সেবা করিলে কৃষ্ণকীর্ত্তন ও কৃষ্ণসেবা হয়। কৃষ্ণসেবা ক'রলে নামকীর্ত্তন ও বৈষ্ণবসেবা হয়।

দুঃসঙ্গ পরিত্যাগ করিবার উপায় সমূহের মধ্যে নামসংখ্যা বৃদ্ধি করিবার যত্ন করিবেন। প্রত্যহ লক্ষ নাম গ্রহণ করিলে অপরাধ-জঞ্জাল আপনার জন্মের

ব্যাঘাত করিতে পারিবেন না। যাহাতে প্রত্যহ লক্ষনাম গ্রহণ করিতে পারেন, সেইরূপ সময় করিয়া লইবেন।

তৃণ হইতেও সুনীচ না হইলে কৃষ্ণনাম উচ্চারণ করা যায় না। 'নাম-সংকীর্ত্তন' মানে— কৃষ্ণপ্রাপ্তি—স্থূল ও সূক্ষ্ম শরীর ছেড়ে' দেওয়া—নারদের 'স্বগতং পাঞ্চভৌতিক'—নিত্যমুক্তি—জীবাত্মার মুক্তি—স্বরূপের সিদ্ধি।

ভগবানের নাম, রূপ, গুণ, পরিকর-বৈশিষ্ট্য ও লীলা এই পাঁচটা বস্তুই—"শ্রীনাম"। শ্রীকৃষ্ণ ও 'শ্রীকৃষ্ণনাম'—দুইটি পৃথক্ বস্তু ন'ন। বিভিন্নভাবে প্রতীত ও বিভিন্নভাবে গ্রাহ্য হ'লেও কৃষ্ণের রূপ, গুণ, পরিকরবৈশিষ্ট্য ও লীলা, সকলই—শ্রীনাম। জড়জগতের বস্তুগুলির মধ্যে নাম ও নামীর পার্থক্য লক্ষিত হয়, কিন্তু অপ্রাকৃত শ্রীকৃষ্ণনাম সম্বন্ধে তাহা নহে। তাই শ্রীগৌরসুন্দর বলিলেন,—শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তনই আমাদের একমাত্র অভিধেয় হউক।

সাধুসঙ্গ, নামকীর্ত্তন, ভাগবত-শ্রবণ।
মথুরা বাস, শ্রীমূর্ত্তির শ্রদ্ধায় সেবন॥
সকল-সাধন-শ্রেষ্ঠ এই পঞ্চ অঙ্গ।
কৃষ্ণপ্রেম জন্মায় এই পাঁচের অল্প-সঙ্গ॥"

এই শ্রেষ্ঠ সাধন-পঞ্চক বিচার করিলেও দেখা যায় যে, তন্মধ্যে "শ্রীনামকীর্ত্তন" সর্ব্বমূল ও সর্ব্বোপরি অবস্থিত হইয়াছেন। শ্রীনামপরায়ণ বা শ্রীনামকীর্ত্তনকারী সাধুগণের সঙ্গফলে শ্রীনাম-শ্রবণে রুচি উদয় করাইবার উদ্দেশ্যেই 'সাধুসঙ্গে'র কথা বলা হয়েছে। শ্রীমদ্ভাগবতে একমাত্র শ্রীনাম-ভজনই 'পরধর্ম্ম' বলিয়া কীর্ত্তিত হ'য়েছে। 'মথুরাবাস' অর্থাৎ শ্রীধামবাস-মূলেও নাম ভজনের উদ্দেশ্য অন্তর্নিহিত আছে। নামাত্মক অভিন্নতায় বাস বা যে স্থানে সংকীর্ত্তনকারী সাধুগণের সমাগম হয়, সেই স্থানে বাসই 'শ্রীধামবাস'। "ভগবন্নামাত্মক মন্ত্রের দ্বারাই এবং ভগবন্নামকীর্ত্তনমুখেই শ্রীমূর্ত্তির সেবা হয়, সুতরাং শ্রীনামকীর্ত্তনই সর্ব্বোপরি অবস্থিত হইয়াছেন। একমাত্র শ্রীনাম-সংকীর্ত্তন হইতেই সর্ব্বসিদ্ধি হয়।

হরিভজন ব্যতীত জীবের আর কোন কর্ত্তব্য নাই। বালক হউক, বৃদ্ধ হউক, যুবা হউক, স্ত্রী হউক, পুরুষ হউক, পণ্ডিত হউক, মূর্খ হউক, ধনী হউক, দরিদ্র হউক, রূপবান্ হউক, গুণবান্ হউক, পাপী হউক, যে-যে অবস্থায় থাকে থাকুক, তা'দের অন্য সাধন-প্রণালী আর কিছুই নাই, 'সাধন' একমাত্র 'শ্রীকৃষ্ণসংকীর্ত্তন'।

যাঁ'রা শ্রৌতপথ আশ্রয় ক'রেছেন, তাঁ'দের সহিত যদি কীর্ত্তন ক'র, তবেই 'হরিসংকীর্ত্তন' হ'বে। সংশ্রবণ হ'লেই সংকীর্ত্তন হ'বে। সম্যগ্‌রূপে কীর্ত্তন করাই আমাদের আবশ্যক।

ভগবান্ যখন আমাকে দয়া করেন, তখন অসংখ্যমুখে অসংখ্যপ্রকার কটু কথা বা'র ক'রে আমাকে সহ্যগুণ শিক্ষা দেন, ভগবান্ আমাকে জানান, দুনিয়ার নিন্দা সহ্য কর্ত্তে না শিখ্‌লে 'হরিনাম' কর্‌বার অধিকার হয় না। কৃষ্ণকীর্ত্তন কর্‌তে হ'লে মানদ হ'তে হ'বে।

কৃষ্ণের সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট সাধন—সংকীর্ত্তন। আর সব 'সাধন' যদি কৃষ্ণকীর্ত্তনের অনুকূল বা সহায় হয়, তবেই তা'দিগকে 'সাধন' বলা যা'বে, নতুবা ঐ সকলকে 'দুর্ব্বোধিবৈভব' বা সাধনের ব্যাঘাত মাত্র জানতে হবে।

আমাদিগকে নাম-পরায়ণ কর্‌বার জন্যই সাক্ষাৎ শ্রীরাধাগোবিন্দমিলিততনু শ্রীগৌরসুন্দর শ্রীধাম-মায়াপুরে অবতীর্ণ হ'য়েছিলেন। তিনি বল্‌ছেন—"হে জীবগণ, তোমরা কীর্ত্তন ব্যতীত আর কিছু ক'রো না, সর্ব্বক্ষণ কীর্ত্তন কর্‌বে। 'অমানি-মানদ', 'তৃণাদপি সুনীচ' না হ'লে কীর্ত্তন হয় না। তুমি বড় লোক—বড় বুদ্ধিমান্—এ সকল বিচারে প্রমত্ত হ'য়ো না।"

মহান্ত গুরুদেবকে ভগবান্ হ'তে অভিন্ন—ভগবানের প্রকাশমূর্ত্তি না বল্লে কোনও দিন ভগবানের নাম মুখে উচ্চারিত হ'বে না।

দশমূল

— ⁂ —

সকল আচার্য্যগণের আচার্য্য, সকল শিক্ষকের শিক্ষক স্বয়ং-ভগবান্ শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাই দশমূল। শ্রীগৌরাঙ্গের নিজজন শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীমন্মহাপ্রভুর উপদিষ্ট সম্বন্ধ-অভিধেয় প্রয়োজনাত্মক দশটী সিদ্ধান্ত শ্লোকাকারে এইভাবে লিখিয়াছেন,—

আম্নায়ঃ প্রাহ তত্ত্বং হরিমিহ পরমং
সর্ব্বশক্তিং রসাব্ধিং
তদ্ভিন্নাংশাংশ্চ জীবান্ প্রকৃতিকবলিতান্
তদ্বিমুক্তাংশ্চ ভাবাৎ।
ভেদাভেদপ্রকাশং সকলমপি হরেঃ সাধনং
শুদ্ধভক্তিং
সাধ্যং তৎপ্রীতিমেবেত্যুপদিশতি জনান্
গৌরচন্দ্রঃ স্বয়ং সঃ॥

বেদই আম্নায়। আম্নায়-পারম্পর্য্যই গুরু-পারম্পর্য্য। আম্নায় অর্থাৎ বেদই একমাত্র প্রমাণ। এই বেদ নয়টী প্রমেয় অর্থাৎ বিষয় শিক্ষা দিয়াছেন। এই দশতত্ত্বের মধ্যে একটি প্রমাণ আর নয়টী প্রমেয়।

১। আম্নায়-বাক্যই প্রমাণ।
২। কৃষ্ণতত্ত্ব হরিই পরতত্ত্ব।
৩। তিনিই সর্ব্বশক্তিমান্।
৪। তিনিই অখিলরসামৃতসিন্ধু।
৫। জীবসকল হরির বিভিন্নাংশ তত্ত্ব।
৬। তটস্থধর্ম্মবশতঃ জীব সকল বদ্ধদশায় প্রকৃতি-কবলিত।
৭। জীবসকল মুক্তদশায় প্রকৃতিমুক্ত।
৮। জীব ও বিশ্ব শ্রীহরি হইতে যুগপৎ ভেদ ও অভেদ।
৯। শুদ্ধভক্তিই জীবের সাধন।
১০। শুদ্ধকৃষ্ণপ্রীতিই জীবের সাধ্য।

প্রথমটিতে প্রমাণতত্ত্বের কথা আর বাকী নয়টি প্রমেয়-তত্ত্বের মধ্যে সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্বের কথা আছে। দ্বিতীয় হইতে অষ্টম পর্য্যন্ত সম্বন্ধতত্ত্বের বিচার, নবমে অভিধেয়তত্ত্বের ও দশমে প্রয়োজনতত্ত্বের বিচার আছে। দ্বিতীয় হইতে অষ্টম সিদ্ধান্ত পর্য্যন্ত যে সম্বন্ধতত্ত্বের কথা আলোচিত হইয়াছে, তন্মধ্যে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ সিদ্ধান্তে শ্রীকৃষ্ণতত্ত্বের মীমাংসা এবং পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম সিদ্ধান্তে জীবতত্ত্বের কথা পাওয়া যায়। অষ্টম সিদ্ধান্তে শক্তিতত্ত্বের সম্বন্ধ বিচার আলোচিত হইয়াছে। নবম সিদ্ধান্তে শুদ্ধভক্তিরূপ অভিধেয় বা সাধন এবং দশম সিদ্ধান্তে কৃষ্ণপ্রেমরূপ প্রয়োজন বা সাধ্যের কথা আলোচিত হইয়াছে।

শ্রীগৌরসুন্দরের নিজজন শ্রীরাধামাধবের অন্তরঙ্গ পার্ষদ মহামহোপাধ্যায় শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রদত্ত দশমূল-নির্যাস পানের আশা শ্রীল ভক্তিবিনোদ, শ্রীল গৌরকিশোর ও শ্রীল প্রভুপাদের নিজজন—অভিন্নহৃদ্ ও আত্মবিগ্রহ নিত্যানন্দাবতার শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় পাইয়া নিজেকে ধন্য মনে করিতেছি। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদই প্রথম জগৎকে দশমূল-নির্যাস দান করিবার অভিলাষ করিয়াছিলেন। সর্ব্বোত্তম পরদুঃখদুঃখী শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ আমাদের প্রতি কৃপাপরবশ হইয়া আমাদের উদ্ধারের জন্য "আম্নায়-দশমূল", "শ্রীভগবদ্গীতা-দশমূল", "শ্রীমদ্ভাগবত-দশমূল", "শ্রীচৈতন্যচরিতামৃত দশমূল" আবিষ্কার করিয়াছেন। এই দশমূল-রসামৃত অকপট সেবোন্মুখচিত্তে পান করিলে আত্মমঙ্গললাভ যে নিশ্চয়ই হইবে, তাহাতে কোন সন্দেহ নাই। জানি না, কবে এই দশমূলরস শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে নিরন্তর পান করিয়া আত্মমঙ্গল বরণ করিতে পারিব।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের অসংখ্য দানের মধ্যে এই দশমূলনির্যাস দান একটী মহাদান। ইহা ভবরোগের ঔষধ ও গোলোকের অপ্রাকৃত বস্তু। এই অপ্রাকৃত সঞ্জীবনী-সুধা পান করিবার ক্ষমতা গৌরাঙ্গ-পার্ষদ ব্যতীত অপরের নাই। সাধুবৈদ্য-শিরোমণি শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ আমাদের ভবরোগ দূর করিয়া আমাদিগকে স্বস্বরূপে প্রতিষ্ঠিত বা আত্মবান্ করিবার জন্য ভগবানের অপার্থ মহৌষধস্বরূপ যে দশমূল পাচনের ব্যবস্থা করিয়াছেন সেই পাচন যদি আমরা আদরের সহিত পান ক'র তাহা হ'লে পূর্ব্ব পূর্ব্ব জন্মের বা এ জন্মের দুঃসঙ্গ-জনিত সমস্ত অনর্থ অনায়াসে নির্ম্মূল হইবে এবং আমরা পূর্ণ স্বাস্থ্য লাভ ক'রয়া ভগবৎ-সেবানন্দে কৃতকৃতার্থ হইতে পারিব। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার দশমূল-নির্যাসপানের এইরূপ বিধি লিখিয়াছেন,—

"শ্রীশ্রীচৈতন্যমহাপ্রভু শ্রীশ্রীরূপসনাতন প্রভৃতিকে যে শিক্ষা দিয়াছিলেন, তাহাই দশমূল। যিনি শ্রীমহাপ্রভুর শিক্ষা গ্রহণ করিয়া শুদ্ধবৈষ্ণব হইতে ইচ্ছা করেন, তিনি প্রথমেই দশমূল-নির্যাস সেবন করিবেন। শ্রীগুরুদেব তাঁহাকে এই নির্যাসের মধ্যে সকল তত্ত্ব সংক্ষেপে দেখাইয়া দিবেন। ক্রমে ক্রমে ভজনাধিকার হয়। গুরুচরণ হইতে ভজন-শিক্ষা, ভজন দ্বারা সকল অনর্থনিবৃত্তি। তবে নিষ্ঠাদি-ক্রমে ভাবের উদয় হয়। ভজনের প্রথমাবস্থাই এই দশমূল-সেবন। দশমূল নির্যাস পান করাইয়া গুরুদেব শিষ্যের শুদ্ধ-সংস্কার করিবেন।"

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ রচিত 'শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা' গ্রন্থের কথা সকলেই জানেন। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ এই গ্রন্থের ১ম পরিচ্ছেদে দশমূলের কথা এবং ২য় পরিচ্ছেদ হইতে একাদশ পরিচ্ছেদ—এই দশ পরিচ্ছেদে দশটি তত্ত্বের কথা বিশেষভাবে আলোচনা ক'রয়াছেন। 'শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা' নামক গ্রন্থটি এই দশমূলের বিস্তৃত ব্যাখ্যা। এই দশমূল-শিক্ষা শ্রীগুরুদেবের আনুগত্যে মনোযোগ সহকারে পড়িলে সর্ব্বসিদ্ধান্ত ভাল উপলব্ধির বিষয় হইবে সন্দেহ নাই। তা' ছাড়া গৌড়ীয় ১০ম বর্ষের শ্রীশ্রী ভক্তিবিনোদ-আবির্ভাব সংখ্যায় এই দশমূলের কথা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেব ও 'আম্নায়ঃ প্রাহ তত্ত্বং' শ্লোকের ব্যাখ্যা বাংলাভাষায় সুন্দরভাবে করিয়াছেন। তাহা আমাদের পরমপূজ্যপাদ গৌড়ীয়-সম্পাদকের কৃপায় গৌড়ীয়ে সংরক্ষিত হইয়াছে।

(ক্রমশঃ)

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅনন্ত ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১০
সেবক—শ্রীভক্তিবর্দ্ধন দাস ভক্তিশাস্ত্রী বি-এস্

(৩) শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসজ্জনদাস ভক্তিশাস্ত্রী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভবানন্দদাস ব্রজবাসী

(৭) কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমদনানন্দ ব্রহ্মচারী

(৮) অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীজনকরাম ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীশচীনন্দন দাস অধিকারী

(১৩) রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীনারায়ণদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি—(শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅচ্যুতানন্দ সেবাবিলাস

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদমারি, (নদীয়া)
সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট
চাঁচরাপাড়া, পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

(২১) শিয়ালদহ গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীরাধাচরণ ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চটক পর্ব্বত
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
বাংলাবাজার, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা
সেবক—শ্রীবনমালিদাস ব্রজবাসী

(২৫) গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীবিবস্বান্‌বিগ্রহ বিদ্যারত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া। আসাম।
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাঝোরা, দার্জ্জিলিং
সেবক—শ্রীমনমোহন ব্রহ্মচারী

(৩০) সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ নারিকেলডাঙ্গা, জেঃ নাগারপাড়া, ২৪ পরগণা, টেঃ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুয়া পাটনা।
সেবক—শ্রীনিখিলপ্রভু দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রীনন্দগোপালকৃষ্ণ দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতনগৌড়ীয় মঠ
৮।১৭ বড় গণেশ, বেনারস সিটি
সেবক—শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

(৩৫) প্রপন্নাশ্রম মঠ,
পোঃ বিষ্ণুপুর, বাঁকুড়া টেঃ পি।
শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলমণি ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

(৩৯) ব্রহ্মমাধ্ব-গৌড়কুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রীইন্দ্রদেব দাসাধিকারী

(৪১) রাধাকুণ্ড গৌড়ীয়মঠ
সেবক—শ্রীরাধাচরণ ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীবঙ্কিম দাস

(৪৩) নন্দগ্রাম বিহারী মঠ
নন্দগ্রাম, মথুরা।
সেবক—শ্রীরাধাচরণ দাস

(৪৪) গৌরবিনোদ মঠ—লক্ষ্মণাপুরী,
পোঃ লোহারী, জেলা গুজরাট (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

৪৫। ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীকিশোর ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
৪৫নং কোটলা রোড, নই দিল্লী
সেবক—শ্রীমধুব্রত ভক্তিশাস্ত্রী

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, বোম্বাই নং ২৬
সেবক—শ্রীবিশ্বাম্ভর ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
সেবক—শ্রীবেঙ্কটরমণ ব্রহ্মচারী

(৪৯) কভুর-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫০) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীগদাধর দাস অধিকারী

৫১। সত্যগৌড়ীয় মঠ
চটকপর্ব্বত পোঃ পুরী উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

৫২। ভক্তিকুটী—স্বর্গদ্বার পুরী
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

৫৩ টোটাগোপীনাথ
সেবক—শ্রীনৃসিংহ দাসাধিকারী

(৫৪) শিমুলিয়া-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
সেবক শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) সচ্চিদানন্দ মঠ
বালিয়াটি, পোঃ কটক (উড়িষ্যা)
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

(৫৬) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(৫৭) শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রপন্ন-আশ্রম
পোঃ বহরমপুর, গঞ্জাম
সেবক—শ্রীরঘুনাথ ব্রহ্মচারী

(৫৮) ভাগবতজনানন্দ মঠ
চিরুলিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর
সেবক শ্রীদীনহীন দাসাধিকারী

(৫৯) অমরি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ দাসাধিকারী

(৬০) জামালপুর গৌড়ীয় প্রপন্নাশ্রম
পোঃ রামদাস (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ
কুসুমকুঞ্জ, পোঃ তিতকণা, (মানভূম)
সেবক—শ্রীঅবতারণ ব্রহ্মচারী

(৬২) রেঙ্গুন গৌড়ীয়মঠ
৭০১ নং মিচেল ষ্ট্রীট, রেঙ্গুন।
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

(৬৩) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, ভাইন রোড
প্যাসেঞ্জ, লণ্ডন, এস ৫
সেবক—স্বামী বিনোদবাণী দাস

(৬৪) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১।১।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরিধারীগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ অফিস
আলিপুরনগর, ঢাকা (টেঃ-পি)
সেবক—শ্রীনেপালানন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
...কাননগ, চট্টগ্রাম
সেবক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রী বিলাসবিগ্রহ দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (টেঃ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রপ্রসাদ ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) প্রাক্তনভজন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রীবজ্রেশ্বর ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীরাধারমণ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস হইতে শ্রীনবীগোপাল বন্দ্যোপাধ্যায় ভাক্তশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(*):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲		৫৲
এক কলম	১৫৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)

ষাণ্মাসিক "	৫৲
৩ মাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ পয়সা। বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ [illegible] রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গৌরগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ; ই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে বাঙ্গলা ভাষায় লিখিত। ইহাতে বহু 'স্কেচ' (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুরা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ছড়ার মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু [illegible] সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। ই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুরা প্রিণ্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ, ইহাতে পাশ্চাত্যদার্শনিকগণের ও আমাদের দার্শনিকগণের প্রভাব, সমন্বয়, মহাজন, অবতার, একায়ন, বরাহ [illegible] প্রভৃতিসম্বন্ধে ভ্রান্তধারণা-নিরসনমূলে যুক্তি ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে যাবতীয় [illegible] সাধারণ [illegible], তত্ত্বজিজ্ঞাসু সংশিক্ষিতগণের প্রণয় হইয়াছে।

প্রাপ্তিস্থান—মধুরা প্রিণ্টিং ওয়ার্কস, পো: ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

গ্রাম অতীব স্বাস্থ্যকর—সরকার মঞ্জুরী প্রাপ্ত বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচিত বোর্ড। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। [illegible] ছাত্রগণের [illegible] বিনা খরচে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র [illegible] এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তিলাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কনসেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা আনুপূর্ব্বিকভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র আনুপূর্ব্বিকভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্‌-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ [illegible] পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক [illegible] অক্ষরে গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে অন্বয় অর্থ ও [illegible] পাঠকগণ [illegible] শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর আনন্দলাভ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে উত্তম এন্টিক [illegible] আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান- শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদবাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সকলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রতিপাদ্য বিষয়-নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের একটি অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে মুদ্রিত।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত পয়ারাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা। ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৯-২৬	৬-২১	৭ ১৪	১১-৬	১৩-১৬	১৬-৫৬	১৭-৫৩	২২-৫
দমদম	৪-৫৬	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩-৫০			২২
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮ ১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-৫৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৯	৯-৩৯	১৩-৩৩	১৫-৫	১৮-৫৯	১৯-৪০	১-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১০-৫৪	১৪-৪১	১৯-১৫	২০-১৫	১-৫১

(বদল) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৮	১০-১৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম..	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৬	১১-৪	১৪-২২	১৬-৮	১৮-৫৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮-৫২	১১-৪৭	১৫-১০	১৬ ৫৬	১৯-২২	২০-৪৬	০-০১
রাণাঘাট পৌঃ	৭ ৪৫	৯-২৫	১২ ২৬	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১-১৯	৪-১০
(বদল) ছাঃ	৭-৫৯	৯ ৩০	১২-৩৬	৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৫	৪-১৮
দমদম		১১-৮		১৭-৩৬	২০-৯	২১-২৬	২৩-৭	
কলিকাতা পৌঃ	৯ ২১	১১ ২০	১৪ ১৬	১৭ ৪৬	২১-৪০	২৩ ১৫	৬ ১৬	

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং সরিপক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে রত হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ নানাচিত্র বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম হইতে ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়তালিকা (contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত ও সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা নদীয়া

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এইস্থে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৪।৪ কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহারীর পাচন

সর্ববিধ মেহের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় দুর্ব্বল, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় অগ্নিমান্দ্য ক্ষয় কাশ জ্বর অত্যন্ত অধিক। শিরায় মেহ সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ।৵০ দশ আনা বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র—

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অন্যান্য বোতলানা, ৬৪ পরগণা।

পোঃ—শ্রীমায়াপুর।
টেলিগ্রাম—শ্রীধাম মায়াপুর

পদ্যপ্রসূনমালা
—ঃ—
শ্রীল প্রভুপাদের রচিত বিবিধ পদাবলী শ্রীশ্রীল আচার্যদেবের বিরচিত 'গৌরভ' ভাষাসহ প্রকাশিত হইয়াছে। ইহাতে অনেক অমূল্য উপদেশ আছে। ভিক্ষা আট আনা।
প্রাপ্তিস্থান—
মহা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—আমী, ঢাকা

REGD NO 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—ঃ০ঃ—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৫শ খণ্ড শ্রীমায়াপুর—১৫ই মাঘ ১৩৪৭, ২৮শে জানুয়ারী, ১৯৪১ মঙ্গলবার ! ২৭০তম সংখ্যা

নানা-সংবাদ

——ঃঃ(০)ঃঃ——

খ বিমানের অভিযান

ব্রিটিশ বিমানবহর ১৯৪০ সালের জুন মাস হইতে এ পর্যন্ত ইতালীতে ৭২ বার আক্রমণ চালাইয়াছে। ইহার মধ্যে গত ২৮শে অক্টোবরের পর হইতেই ৪৪ বার আক্রমণ চলিয়াছে। ইহা ছাড়া ব্রিটিশ বিমানবহর দোদেকানিজ ও আলবেনিয়ায় ৬৬বার আক্রমণ করিয়াছে। ইতালীর বন্দরসমূহই ব্রিটিশ বিমানের প্রধান লক্ষ্যস্থল ছিল। বন্দরে ৩৭, কারখানায় ৪১, রেলওয়ের উপর ২০ এবং বিমানঘাঁটি ও তৈলাগারের উপর ১৮বার আক্রমণ হইয়াছে। ভালোনার (আলবেনিয়া) উপরই প্রধান চোট গিয়াছে। ঐ বন্দরে ব্রিটিশ বিমান ২৪ বার হানা দিয়াছে। উত্তর ইতালীতে প্রধান বিমান নির্মাণ কারখানা তুরিণে ১০ বার, নেপলস্ লোর্যাঙ্গিতে ৩ বার আক্রমণ চলিয়াছে। ইহাছাড়া দুরাজোর (উত্তর আলবানিয়ার) উপর ৮, সেন্টে ক্রুয়ানিতে ৭, এলবাসানে ৬, ব্রিন্দিসিতে ৫ এবং মিলান, বারি ও জেনোয়া প্রত্যেক স্থানে চারবার করিয়া আক্রমণ হইয়াছে। বিমান বহরই এই আক্রমণ চালাইয়াছে। নৌ-বিমানের আক্রমণ ইহাতে ধরা হয় নাই।

———

সোফিয়ায় রুজভেল্টের প্রতিনিধি

প্রেসিডেন্ট রুজভেল্টের বিশেষ প্রতিনিধি কর্ণেল ডোনোভান সোফিয়া হইতে বেলগ্রেড যাত্রা করিয়াছেন। বুলগেরিয়ার প্রধান মন্ত্রী মসিয়ে ফিলোভ ও পররাষ্ট্রসচিব মঃ পপোভ তাঁহার সহিত সাক্ষাৎ করিয়া বিভিন্ন বিষয় সম্পর্কে আলাপ-আলোচনা করিয়াছেন। এই আলাপ-আলোচনার উপর বুলগেরিয়ার সংবাদপত্র বিশেষ গুরুত্ব আরোপ করিতেছে। অবস্থার সঙ্গে ওয়াকেবহাল হওয়াই সম্ভবতঃ এই সাক্ষাৎকারের উদ্দেশ্য।

বার্লিন হইতে সরকারী জার্মাণ নিউজ এজেন্সির এক সংবাদে প্রকাশ, রাজা বোরিস মিঃ ডোনোভানের সহিত সাক্ষাৎ করিয়াছেন। ঐ সংবাদে বলা হইয়াছে যে, মিঃ ডোনোভান রুজভেল্টের বিশেষ সামরিক প্রতিনিধি। মিঃ ডোনোভান বেলগ্রেড হইতে লণ্ডন হইয়া দেশে ফিরিবেন।

জরুরী অবস্থার জন্য আমেরিকার আয়োজন

প্রেসিডেন্ট রুজভেল্ট এক সাংবাদিক বৈঠকে বলিয়াছেন যে, জরুরী অবস্থার জন্য সর্বপ্রকারের ৫০টি সরকারী আদেশের খসড়া তৈরী করা হইয়াছে বলিয়া তাঁহার ধারণা এবং তাহার একটিতে সম্ভবতঃ এইরূপ ব্যবস্থা করা হইয়াছে যে, মার্কিন যুক্তরাষ্ট্রে সমস্ত ইউরোপীয় রাষ্ট্রের যে সব টাকা পয়সা আছে, তাহা আটক রাখা হইবে। প্রেসিডেন্ট রুজভেল্ট বলেন যে, অকস্মাৎ প্রয়োজন হইতে পারে তাহার জন্য প্রস্তুত থাকিবার উদ্দেশ্যেই সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে এই আদেশের খসড়া করা হইয়াছে। ব্রিটেনকে মার্কিন নৌ-বহর দেওয়া এবং পাহারা দিয়া বৃটিশ জাহাজকে আটলাণ্টিক পার করিয়া দিবার আলোচনাকে তিনি চাঁদের উপর দিয়া সকল লম্ফ দিবার মত অসম্ভব কাহিনী বলিয়া বর্ণনা করেন।

আটলাণ্টিকে ফরাসী জাহাজ আটক

কমন্স সভায় নৌ-সচিব মিঃ আলেকজাণ্ডার ঘোষণা করেন যে, আটলাণ্টিক মহাসাগরে একটি ব্রিটিশ রণতরী ফরাসী জাহাজ মেকোলাকে আটক করিয়াছে। মেকোলা জাহাজটি ব্রিটিশ অবরোধ এড়াইয়া দক্ষিণ আমেরিকা হইতে ইউরোপে আসিবার চেষ্টা করিতেছিল। শ্রমিক দলের মিঃ ওয়েজ উক্ত ফরাসী জাহাজটি ছাড়িয়া দিবার প্রস্তাব করেন। প্রস্তাব-প্রসঙ্গে তিনি জিজ্ঞাসা করেন যে, দক্ষিণ আমেরিকা উপকূলে ফরাসী জাহাজের সহিত এরূপ লুকোচুরি খেলা আর কতদিন চলিবে। উত্তরে মিঃ আলেকজাণ্ডার মিঃ ওয়েজউডকে স্মরণ করাইয়া দেন যে, যে সমস্ত রাষ্ট্রের জাহাজ আটক করা হয় আন্তর্জাতিক আইন কেবলমাত্র ঐ সমস্ত রাষ্ট্রের উপরই প্রযুক্ত হয় না। পরন্তু যে সমস্ত রাষ্ট্র বৃটেনের বন্ধুভাবাপন্ন তাহাদের উপর এই আইন প্রযুক্ত হয়।

লণ্ডনে চেক ইন্‌ষ্টিটিউটের উদ্বোধন

ইংলণ্ডে প্রায় ১০ হাজার চেক আছেন। লণ্ডনে একটি কেন্দ্রীয় চেকোশ্লোভাক ইন্‌ষ্টিটিউট গঠন করা হইয়াছে। এই ইন্‌ষ্টিটিউটের উদ্বোধনের সময় রাজা যে বাণী দিয়াছেন তাহাতে বলা হইয়াছে যে, এই প্রতিষ্ঠান উভয় দেশের মিলন এবং মৈত্রীর সম্বন্ধ আরও মধুর করিবে।

বক্তৃতা-প্রসঙ্গে মিঃ ইডেন বলেন যে, চেকোশ্লোভাকিয়া শীঘ্রই আবার স্বাধীন হইবে।

ইঙ্গ-চেক সম্পর্ক আরও ঘনিষ্ঠতর হইবে বলিয়া ডাঃ বেনেস বক্তৃতা করেন।

———

কলিকাতা সহরের মানচিত্র

কলিকাতা সহরের মানচিত্র বা নক্সাপত্রের সহায়তা লাভ, এমন সমস্ত কাগজপত্র যাহাতে শত্রু পক্ষের হস্তগত না হয়, তৎপ্রতি লক্ষ্য রাখিবার জন্য কলিকাতা ইম্প্রুভমেন্ট ট্রাষ্ট হইতে কাগজ পত্রাদি অফিস হইতে বাহির করিবার সময় পরীক্ষা করিবার নির্দেশ দেওয়া হইয়াছে। এই নির্দেশানুযায়ী কলিকাতা ইম্প্রুভমেন্ট ট্রাষ্ট বিভাগীয় অফিসারদের প্রতি সার্কুলার জারী করিয়াছেন।

সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে ট্রাষ্ট বাৎসরিক রিপোর্টে কলিকাতার মানচিত্র প্রকাশ বন্ধ রাখিবার সিদ্ধান্ত করিয়াছেন।

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে বঙ্গদেশ তথা দেশের অন্যান্য প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাঁহার শুদ্ধভক্তিসিদ্ধান্তময় সদুত্তরসমূহ এই গ্রন্থে গ্রথিত হইয়াছে। শ্রীশ্রীবরূপ রূপানুগবরসিদ্ধান্তবর্ণনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণ স্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুসন্ধিৎসু ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তন্ত্রমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ। ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা, বিবর্ত্তের আলেখ্য, ভূমিকা ও সূচীসহ অনুরূপপূর্ব্ব সৌষ্ঠবপূর্ণ নব সংস্করণরূপে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীনবকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
অধ্যাপক শ্রীপাদ [illegible] দাস এম-এ, বি-এল,
পুরাণাপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৷০
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমদ্ভাগবত শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বাহ্মণ-আদর্শ ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয়গীতিকা ৷৶০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মূল-ভাষা ।০
২৭। বৃন্দাবনলীলা গুণসৌরভঃ (সানুবাদ) ১৲
২৮। বেদান্তসূত্রসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিন-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৶১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগোদ্রুমচন্দ্রপরিক্রমা ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী ১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। [illegible]
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)
৪৯। [illegible]
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ র্থ)
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ
৫৪। পুরুষার্থ-বিনির্ণয়
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ
৫৭। ঈশোপনিষৎ (ভাষাবিবৃতি)
৫৮। শ্রীকৃষ্ণবিজয়
৫৯। সিদ্ধান্তদর্পণ
৬০। সাধনবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিভূতিঃ
৬৩। নবীন-শিক্ষাষ্টকম্
৬৪। তত্ত্বসূত্রম্
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ
৬৭। মায়াবাদখণ্ডনম্

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত
৭০। [illegible]
৭১। বেদান্ত—ইটস মরফলজি অ্যাণ্ড অন্টলজি
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স
৭৩। [illegible]
শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। [illegible]
৭৫। [illegible] গৌড়ীয়মঠ [illegible]
৭৬। দি ভাগবত
৭৭। [illegible]
[illegible]
৭৮। [illegible]
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য
উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু
৮৩। গীতাবলী
৮৪। শরণাগতি

জার্ম্মাণ ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

গীতিমালিতো শ্রীভক্তি-বিনোদ
—∗∗—
শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুষ্ঠুভাবে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৸০ আনা
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা
—∗—
বিশিষ্ট স্তব ও গদ্যাদি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ আনা
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৫ বর্ষ } ১৫ মাঘব ৪৫৪ গৌরাব্দ ১৫ই মাঘ বঙ্গাব্দ ১৩৪৭, ২৮শে জানুয়ারী ইং ১৯৪১, মঙ্গলবার ২৭০তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৫ মাঘব মাধু প্রহর গৌরাব্দ ৪৫৪

হরিকথা-প্রসঙ্গ

——::∗::——

শরণাগতি বা নির্ভরতাই দরকার। বিষয়ভক্তির প্রতি নির্ভরতাই অ-বন্ধো-বস্থা, আর ভগবৎপাদপদ্মে সম্পূর্ণ নির্ভরতাই মুক্তাবস্থা বা ভক্তি। শরণাগত ব্যক্তি তাঁহার ভবিষ্যতের কথা কিছুই চিন্তা করেন না; কারণ, উহা সকলই ভগবানের হাতে। যদি কেহ শরণাগত বলিয়া পরিচয় দিয়া আখেরের কথা চিন্তা করেন, তাহা হইলে তাঁহার শরণাগতি নাই জানিতে হইবে। বর্ত্তমানে কপালক্রমে যাহা সংঘটিত হইতেছে, তাহা পূর্ব্বকর্ম্মেরই ফল। সুতরাং তাহাতে অস্থির না হইয়া সমস্তই কৃষ্ণের কৃপা বলিয়া উপলব্ধি করিতে যত্ন করা উচিত। যাঁহারা অকপটে শরণাগত হইয়াছেন, ভগবানই যে তাঁহাদিগকে চালাইতেছেন, তাহা তাঁহারা স্পষ্টই বুঝিতে পারেন। যত দুঃখ-কষ্টই আসুক, আমি কিছুতেই ভগবানের সেবা ছাড়িব না,—এইরূপ দৃঢ় সংকল্প আমাদের সকলের হৃদয়ে থাকা উচিত। যে কোন অবস্থায় আসুক না কেন, জীবনে মরণে ভক্তিসেবা ছাড়িতে হইবে না। সকলের মূলে ভগবান্ আছেন, ইহা উপলব্ধি হইলেই মঙ্গল। কিন্তু তৎপরিবর্ত্তে যদি 'নিজ কর্ত্তৃত্ব' উপলব্ধি হয়, তাহা হইলে অসুবিধা। প্রীতি বা আপনজ্ঞান থাকিলে ভগবানের দেওয়া দুঃখকেও সুখ বলিয়া মনে হইবে। বিপদ্ বা কষ্টের মধ্যে রাখিয়াই যদি কৃষ্ণের সুখ হয়, তাহাই বরণীয়—ইহাই ভক্তের বিচার।

———

অকিঞ্চন না হইলে শরণাগত হওয়া যায় না। শরণাগত সাধুগণ সকিঞ্চনকে সঙ্গে নেন না। বহুধকাম-ই কিঞ্চনতা, আর কৃষ্ণসুখকামনাই অকিঞ্চনতা। সকিঞ্চন ইন্দ্রিয়তর্পণপথের পথিক, আর অকিঞ্চন সর্ব্বেন্দ্রিয়তর্পণপথের—কৃষ্ণের পথের পথিক। এই দুইটী রাস্তা পরস্পর উল্টা। সুতরাং সাধুগণ কি করিয়া আমাকে সঙ্গে নিবেন? আর না গেলে, তাঁহাদের প্রদর্শিত পথে না চলিলে তাঁহারা আর কি করিবেন? সেইজন্য মঙ্গল চাহিলে কিঞ্চনতা ছাড়িয়া অকিঞ্চনতা-ধর্ম্মে দীক্ষিত হইতে হইবে—নিজেকে 'কৃষ্ণের আমি' বলিয়া জানিতে হইবে। আমি কৃষ্ণের—আর নিত্যানন্দের, ইহা দাম্ভিকতা নহে, ইহাই কৃপাবলি-মূলী তা। এই শুদ্ধ অহঙ্কারে বা চিন্ময় অভিমানে সিদ্ধি লাভ করিতে হইবে। ইহাই বাস্তাভিমান। আমি শুদ্ধবৈষ্ণবের দাস, এই উপলব্ধি যাঁহার যে পরিমাণে আছে, তিনি সেই পরিমাণে মুক্ত। ভক্তাসাভিমানই বৈষ্ণবী প্রতিষ্ঠা। এই চিন্ময় অভিমানের সংসারমুক্তি হয়। শ্রীল বৃন্দাবন-দাস ঠাকুর বলিয়াছেন,—

আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥
সুখেতে যে জন বলে 'নিত্যানন্দ-দাস'।
সে অবশ্য দেখিবেক চৈতন্যপ্রকাশ॥
জগতের প্রেমদাতা যেন নিত্যানন্দ।
তান প্রভু যেন সর্ব্ব প্রভু গৌরচন্দ্র॥
সংসারের পার হই ভক্তির সাগরে।
যে ডুবিবে সে ভজুক নিতাই-চাঁদেরে॥

———

সাধুর প্রসন্নতাবিধানই মঙ্গললাভের উপায়। কোনপ্রকারে তাঁহার অসন্তোষ উৎপাদন করিলে পারমার্থিক মৃত্যু অনিবার্য্য। জীব—কৃষ্ণদাস কৃষ্ণদাস্য ভুলিয়াই জীবের অবিদ্যারূপ জড়বন্ধন। জীবের যে পরিমাণে ভগবদ্বিমুখতা, তাঁহার চেতন সেই পরিমাণ আবৃত। নীতিশূন্য অপেক্ষা নিরীশ্বর-নৈতিক, নিরীশ্বর নৈতিক অপেক্ষা সেশ্বর নৈতিক অবস্থা ভাল বটে, কিন্তু তাহারা কেহই ভগবদুন্মুখ নহে। সাধন-ভক্তিময় জীবনে কিছু উন্মুখতা দেখা যায়। ভাবভক্ত-জীবনের পূর্ব্বাবস্থাই সাধক জীবন। শ্রদ্ধাসহকারে সাধুসঙ্গে ভজনপ্রভাবে অনর্থ নষ্ট হইলে নিষ্ঠা, রুচি ও আসক্তি হয়। ভাবভক্ত-জীবনই জীব-জীবনের পূর্ণপ্রকাশ। তাহাই পূর্ণ-বিকশিত চেতন-অবস্থা।

মুক্ত অবস্থাতেই কৃষ্ণভজন হয়। অনর্থ থাকাকালে গুরুভজন কি করিয়া হইবে? প্রশ্নের উত্তরে মহাজনগণাদ্রবে একন আছে করিয়া জড়ভোগবাসনামূলক কপটতারূপ অনর্থ নিবৃত্তির জন্য যত্ন করিতে হইবে। ইহাই বদ্ধাবস্থার ভজন। কৃপালাভের জন্য যত্নই সাধন। সাধন ব্যতীত সিদ্ধি হয় না। পূর্ব্ব স্বরূপ হয় সহিত সাধন করিতে হবে—কৃপালাভের জন্য যত্ন করিতে হবে, তাহা হইলেই সিদ্ধিলাভ হবে—'আমি কৃষ্ণের' ইহা বুঝা যাইবে।

———

ভগবদ্ভজনেই জীবের চরম কল্যাণ। [illegible] ভজনের অর্থাৎ সেবার ধারা। যে অবস্থায় [illegible] হওয়া যায়, তাহাই ভাগবতের উ[illegible]। [illegible] আত্মাতীত ব্যাপার। [illegible] ব্যাপারে বর্ণাশ্রমধর্ম্মের উপযোগিতা নাই। [illegible] বয়সে কৃষ্ণসেবার উপ[illegible] পুজাদি করিয়া থাকেন, [illegible] করেন না। প্রকৃত বৈষ্ণব [illegible]। তাঁহার অবস্থা আশ্রমাতীত, তিনি পরমহংস। তাঁহার এ[illegible], [illegible], বৈশ্য, শূদ্র বা ব্রাহ্মণ, [illegible] নাই। [illegible] আমি [illegible]। [illegible] থাকিয়াই হরিভজন করিতে [illegible] হরিভজন-হীন [illegible] বৈরাগ্য হইয়া থাকে। [illegible] পূর্ণ গৃহেই [illegible]। [illegible] হরিভজন করিলে তাঁর [illegible] থাকেন। তিনিই আমাদের আদর্শ

শ্রীল আচার্য্যদেবের উপদেশের মর্ম্ম

(শ্রীচৈতন্যমঠ, ২৮।২।৪০, অপরাহ্ন)

মনের পারমার্থিক উন্নতির আকাঙ্ক্ষা না হ'লে উন্নতি হয় না। যে ভক্তিরে লোকের ... নাই, সেই গৃহস্থ ... তাঁরা ধর্ম্মের নামে ... পেয়েছেন পুনঃ পুনঃ তাঁরা ... করছে। ... অভাবে তাঁদের এই অবস্থা হ'য়েছে। তাঁরা ভোগের ... সুখময় মনে ক'রে অন্যায় কার্য্যে প্রবৃত্ত হ'চ্ছে। তাঁদের কৃষ্ণে রতি হ'বে না। সেই গৃহাসক্তগণের শুদ্ধবৈষ্ণবের মুখে কথা শুনেও সুবিধা হ'বে না। তাঁরা ইন্দ্রিয়সুখপ্রদায়িনী প্রাকৃত সঙ্গ ছাড়তে পারে না। তাঁরা ইন্দ্রিয়সুখ-বিধায়ক মনকে শোধন ক'রতে চায় না। তাঁরা ঐ ভাবেই থাকবে, প্রতিজ্ঞা ক'রেছে। শোধন না হ'লে সুবিধা কি ক'রে হ'বে?

ভগবানের দয়ার অভাব বা দয়া-বিতরণে কার্পণ্য নাই। তাঁর দয়া গ্রহণে আমার ইচ্ছা হ'চ্ছে কি? যদি না হয়, তবে সেখানে দুর্ভাগ্য অনিবার্য্য। যেখানে কৃপা-ভিক্ষার ইচ্ছা নাই, সেখানেই দুর্ভাগ্য। যেখানে ইচ্ছা কম, সেখানে উহা বাড়া'তে যত্ন করতে হ'বে। হ'ল না ব'লে অভাববোধ থাকা দরকার। বহির্মুখতা কতটা পেয়ে ব'সেছে, যা'তে কৃষ্ণকথা বা কৃষ্ণের জন্য ব্যাকুলতা আসছে না, তা' কোনদিন চিন্তা করি কি? কি সর্ব্বনাশ! কত অভিনিবেশ—দারা প্রভৃতি!

আমাদের দশের ন্যায় বুদ্ধি হ'য়ে গিয়েছে। যাঁকে বেশী কৃপা করবেন ব'লেছেন। বৈষ্ণব হরিসেবায় দক্ষ। কৃষ্ণের ভোগবিলাসের প্রতি বৈরাগ্য এবং নিজের ভোগবিলাসের প্রতি যত্ন এত বে'ড়েছে যে, এত সাধুর দাগ বসছে না। এ'তে হয় দুর্ভাগ্য, না হয় বিষ্ঠাতেও মত ক্ষণিক একটু একটু ইচ্ছা হ'চ্ছে।

মঙ্গলের মধ্যে কৃপা। মূলে যদি শ্রদ্ধা বা শরণাগতিলক্ষণা প্রবৃত্তি না থাকে, তবেই গোলমাল।

কোন ভাগ্যে কোন জীবের শ্রদ্ধা যদি হয়।
তবে সেই জীব সাধুসঙ্গ করয়॥

সেবার প্রতি লোভই—অনুরাগ। কারণার্ণবশায়ী বিষ্ণুর কৃপা-কটাক্ষ হ'লে সেবার সুযোগ লাভ হয়। ভাব—অভিধেয়, তা'র ফলে সম্বন্ধ ও প্রীতি হ'বে। কৃষ্ণভক্তিই কৃষ্ণ (সম্বন্ধ) দেবে। অভিধেয়ই সম্বন্ধ ও প্রয়োজন দেয়। সম্বন্ধ যত দৃঢ় হ'বে, অভিধেয় তত দৃঢ় হ'বে। হরিকথা-শ্রবণ হ'চ্ছে কিন্তু যদি সম্বন্ধজ্ঞান না হয়, তবে শ্রবণের ফলটা হ'চ্ছে না। কৃষ্ণের প্রতি আস্থা হ'লে কৃষ্ণেতর বস্তুর প্রতি বিরাগ হ'বে। আলোর প্রতি রুচি হ'লে অন্ধকারের প্রতি অরুচি স্বাভাবিক। অনেকে অন্ধকার পছন্দ করে, আলোর প্রতি তাঁদের রুচি নাই— যেমন বাদুড়, ছুঁচো, পেচক প্রভৃতি। কৃষ্ণ-ধারণা ও কৃষ্ণেতর-ধারণা যুগপৎ এক সঙ্গে থাকে না। কৃষ্ণবিমুখিনী ভোগ ও ত্যাগ-প্রবৃত্তি যেখানে, সেখানে আবার সেবা পর্য্যন্ত কোথায়? যেখানে ভক্তি, সেখানে ভোগত্যাগের প্রতি বিরক্তি স্বাভাবিক। মনের বৃত্তি বিশ্লেষণ ক'রে গুরু-প্রদত্ত বাণীর আলোকে (টর্চলাইট দিয়ে) দে'খতে হ'বে —কি অসুবিধা হ'চ্ছে? শ্রীগুরু-বৈষ্ণবের অনায়াস কৃপালাভে উদাসীন হ'লে চলবে না।

বহু জন্ম করে যদি শ্রবণ-কীর্ত্তন।
তথাপি না পায় কৃষ্ণপদে প্রেমধন॥

গুরুকৃপা একটি positive বস্তু। তাঁরা কৃপা ক'রে—জাগ্রত যা'চ্ছে। কিন্তু আমি তাঁদের কৃপা গ্রহণ করতে পারছি না, এটা উপলব্ধি করা দরকার। আত্মীয়-স্বজনের কথা একটু শুনি, অন্ততঃ রোগ থেকে আগে বাঁচি, সংসারে প'ড়েছি যাহা অন্ততঃ একটু বুঝি, তা' হ'লে ত' মঙ্গল হ'বে। পাগলের common sense না থাকুক, কিন্তু ক্ষুধার জ্ঞান ত' আছে। আমাদের কি কোন কিছু বোধ থাকবে না? আমরা কি এতই জড় পদার্থ হ'য়েছি?

কিছুই যখন না থাকে, সুবিধা কি ক'রে হ'বে? 'আর ত' তোমার জন্য',—ইহা জানা দরকার। আমি সাধুগুরুর কথা ছাড়া আর কা'রও কথা শুনব না, কাউকে বিশ্বাস ক'রব না। যদি বিশ্বকে বিশ্বাস করি, তা' হ'লে আমাকে ঠকতে হ'বে।

কৃপা is essential. Wrong initiative অপস্বরূপ, আর Right initiative—ভক্তি। গুরুর কাছ থেকে দয়া, আর আমাদের দিক্ থেকে ভক্তি বা দাস্য। শুদ্ধ দাসাভিমান হ'লেই মঙ্গল হ'লো।

স্ত্রী-জাতীয় প্রাণীর গর্ভে জন্মগ্রহণের নাম জন্ম ... এর জন্ম যখন হয়, তখন গুরুর কৃপা ও ভজন প্রবৃত্তি আরম্ভ হয়। তখনই দীনতার উপলব্ধি হয়, হ'ল না ব'লে একটা অভাববোধ হয়। কৃষ্ণের কৃপা মূর্ত্তি ধ'রে সদ্গুরুরূপে বিশ্বে অবতীর্ণ হ'য়েছেন,—তা দেখা যায়। সেবোন্মুখ জীব তখন ত্রিপাদবিভূতির দিকে—অশোক রাজ্যের দিকে যা'চ্ছে। তখন পরাক্ থেকে প্রত্যক্ দিকে অভিযান অর্থাৎ স্ব স্বরূপ-পুনঃপ্রাপ্তির আশা পা'চ্ছে। নির্ম্মল হৃদয়ে সচ্চিদানন্দ প্রভুর প্রকাশ হয়। এ'টা বলদেবের চাষ, —সন্ধিনীশক্তির প্রাকট্য। এখানে জড়ানন্দ, ব্রহ্মলোকে ব্রহ্মানন্দ আর পরব্যোমে সেবানন্দ। তখন বহির্জ্জগতের ব্যাপার স্বপ্নের ন্যায় মনে হ'বে। ইহা positive —কৃষ্ণেতর বিষয়ে অভিনিবেশ নাই, কৃষ্ণে অভিনিবেশ হ'চ্ছে। বিষয় হ'তে চিত্তকে আকর্ষণ ক'রে বাস্তবস্তুর যে যত বেশী নিকটে থাকতে পারে, সে তত অগ্রসর হ'চ্ছে। 'শক্তির সহিত শক্তিমান্' অর্থাৎ শ্রীগুরু সহিত শ্রীগৌর—এই শ্রীগুরু-গৌরাঙ্গের অধিষ্ঠিতি যাঁ'র যত, তাঁ'র তত নিত্যমঙ্গল।

বিষয়ে অভিনিবেশ বেশী হয়। মহামন্ত্রের উচ্চারণ—বিরহোদ্দীপক। বিপ্রলম্ভই একমাত্র ভজন প্রণালী। বিরহ—গাঢ় অভিনিবেশের প্রকাশ। বিরহে উদ্দীপনা বেশী। যত বিরহের স্ফূর্ত্তি হয়, তত উদ্দীপনা হয়। এই অভিনিবেশ জিনিসটি স্মরণ। যৎকিঞ্চিৎ মনের দ্বারা অনুসন্ধানই স্মরণ। ভগবৎকৃপার মূর্ত্তি—সাধু। গুরুদেব গৌরকরুণাশক্তিবিগ্রহ। গুরুপুরুষগণই আমাদের আত্মীয়স্বজন। সুস্থ হ'য়ে তাঁদের সঙ্গে বিলাস করা দরকার। নামপরায়ণ বৈষ্ণবই মূল। বৈষ্ণবের সঙ্গে নাম নিরন্তর হ'লে অনর্থের অবকাশ হ'বে না। ক্রমে দৃঢ় যত্ন ও নিয়ম ক'রে দৃঢ়নিষ্ঠার সহিত অগ্রসর হ'তে হ'বে। অভিনিবেশ, সরলতা ও দৃঢ়তা—এই তিনটি হ'লেই মঙ্গল হ'য়ে যা'বে। যাঁ'র একটি কম, তা'র সুবিধা হ'বে না। যে কোন একটি না থাকলেই অসুবিধা।

অশোকরাজ্য ব্রহ্মলোক। বিরজাও অশোক, সেখানে কেবল চিন্মাত্র-প্রতীতি। প্রকৃতির পার হ'লেই অশোকরাজ্যে যাওয়া যায়। সেখানে ইন্দ্রিয়ের দ্বারা বিষয় গ্রহণ বা ইন্দ্রিয়ের সংযত বিষয়ের পরিবর্ত্ত নাই। সেখানে বিষয়লিপ্সাও নাই। জড়বিলাস ত্যাগ—নিরপেক্ষ অবস্থা সেখানে। অভয়রাজ্য—বৈকুণ্ঠ। অভয়রাজ্যে বিলাস আছে। সেখানে Personality আছে। কিন্তু অশোকরাজ্যে কোন রূপ নাই। অভয়রাজ্যে বিলাস, আনন্দ আছে, সেখানে আশ্রয়ের নিকৃষ্ট-অভিমান ও বিষয়ের মর্য্যাদা-জ্ঞান প্রবল। অমৃতলোকে—ব্রজে ঠিক তা'র উল্টো। উন্মনমোহনের পাদপদ্ম আশ্রয় না ক'রলে পঙ্গু হ'য়ে থাকতে হ'বে—চলা যা'বে না। ব্রহ্মলোকে আশ্রয় নাই। সুতরাং আবার এখানে আসতে হ'বে।

দশমূল

(২)

নয়টি প্রমেয়

১। শ্রীহরিই একমাত্র পরতত্ত্ব। সচ্চিদানন্দ-বিগ্রহ শ্রীকৃষ্ণই হরি। কৃষ্ণই পরমেশ্বর, অনাদি, সর্ব্বাদি, গোবিন্দ ও সর্ব্বকারণকারণ। কৃষ্ণ অন্য-নিরপেক্ষ স্বয়ংরূপ ভগবান্। তিনিই মূল পরাৎপর-তত্ত্ব। শ্রীকৃষ্ণ হইতে যাবতীয় বিষ্ণুতত্ত্ব প্রকাশিত। সমস্ত বিষ্ণুতত্ত্বের মূল-আকর শ্রীবলদেব প্রভুও সর্ব্বকারণকারণ শ্রীকৃষ্ণের প্রকাশ। শ্রীকৃষ্ণ ব্রজেন্দ্রনন্দন—রাধানাথ। ব্রহ্ম শ্রীহরির অঙ্গপ্রভা মাত্র। শ্রীকৃষ্ণ হইতে তিনি পৃথক্ তত্ত্ব নন। আর পরমাত্মা শ্রীহরির অংশ, যাঁহার ঈক্ষণে প্রকৃতি এই বিশ্ব সৃষ্টি করেন। ব্রহ্ম, পরমাত্মা আদি গৌণনাম। উহাতে স্বরূপের পরিচয় নাই। ব্রহ্ম-শব্দ জড়ভিন্নত্ব নির্ব্বিশেষ-ভাব। পরমাত্মা-শব্দ জগতের সম্বন্ধগত অন্তঃপ্রবিষ্ট একদেশস্থিত চিদ্বিভূতিবিশেষ। শ্রীকৃষ্ণই বেদ্য বাস্তববস্তু অদ্বয়জ্ঞান। তিনি চিদ্বিলাসী—পুরুষোত্তম। শ্রীনারায়ণ তাঁহার বিলাস-বিগ্রহ। শ্রীহরিই একমাত্র প্রভু, আর সকলেই তাঁহার দাস। তিনি অধোক্ষজ।

শ্রীকৃষ্ণের দেহ-দেহীতে ভেদ নাই। কৃষ্ণ-স্বরূপ একস্থানস্থিত মধ্যমাকার হইলেও সর্ব্বত্র পূর্ণরূপে অবস্থিত। শ্রীকৃষ্ণ সকল অবতারের অবতারী। শ্রীকৃষ্ণ পরমাত্মা ও ব্রহ্মের আশ্রয়। শ্রীকৃষ্ণই যে স্বয়ং-ভগবান্ এ কথা সকল শাস্ত্রই তারস্বরে কীর্ত্তন করিয়াছেন।

২। শ্রীকৃষ্ণ সর্ব্বশক্তিসম্পন্ন—স্বরূপ-শক্তিমান্। শক্তি ও শক্তিমান্ অভিন্ন। শক্তিরহিত হইয়া ভগবানকে দর্শন করিলে নির্ব্বিশেষ ব্রহ্মদর্শন হয়। বস্তুতঃ নিঃশক্তিক নির্ব্বিশেষ ভগবদ্ভাবই ব্রহ্ম এবং শক্তিমান্ সবিশেষ ব্রহ্মই ভগবান্। অদ্বয়জ্ঞানের অস্ফুট ও নিঃশক্তিক প্রতীতিই ব্রহ্ম। অন্তর্য্যামী প্রবিষ্ট দৃষ্ট আংশিক প্রতীতিই পরমাত্মা। আর অদ্বয়জ্ঞানের পূর্ণ সবিশেষ-প্রতীতিই ভগবান্। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

রাধা—পূর্ণশক্তি, কৃষ্ণ—পূর্ণ শক্তিমান্।
দুই বস্তু ভেদ নাহি, শাস্ত্রপরমাণ॥
মৃগমদ, তার গন্ধ—ঐছে অবিচ্ছেদ।
অগ্নি, জ্বালাতে যৈছে কভু নাহি ভেদ॥
রাধাকৃষ্ণ ঐছে সদা একই স্বরূপ।
লীলারস-আস্বাদিতে ধরে দুই রূপ॥
কৃষ্ণের স্বাভাবিক তিন শক্তি পরিণতি।
চিচ্ছক্তি, জীবশক্তি আর মায়াশক্তি

ভক্তি করি' যে শুনে চৈতন্য-অবতার। সেই সব জন সুখে পাইবে নিস্তার॥

শ্রীহরির একটী অচিন্ত্যশক্তি আছে, তাঁহার নাম পরা শক্তি। সেই পরা শক্তির চিচ্ছক্তি, জীবশক্তি ও মায়াশক্তি—এই তিনটী প্রকার। এই তিনটী শক্তি দ্বারা চিজ্জগৎ, জড়জগৎ, জীব-জগৎ সৃষ্ট হইয়াছে। শক্তিতে প্রকারে সন্ধিনী (বল), সম্বিৎ (জ্ঞান), হ্লাদিনী (ক্রিয়া) এই তিনটী দেখা যায়। চিদ্ধাম, চিদ্বস্তু, চিদ্গণ, কৃষ্ণনাম, কৃষ্ণরূপ, কৃষ্ণগুণ ও কৃষ্ণলীলা। ... সন্ধিনীবৃত্তির কার্য্য। ... সম্বিদ্বৃত্তির কার্য্যস্বরূপ সমস্ত চিদ্ভাব প্রকাশিত হয়। চিচ্ছক্তির যে হ্লাদিনী বৃত্তি, তাহাতে প্রেমানন্দানুশীলন হয়। জীবশক্তিতে যে সন্ধিনী তাহাতে জীবের চিন্ময় সত্তা ও বাসাদি হইয়াছে। তাহাতে যে সম্বিদ্বৃত্তি, তাহার কার্য্যস্বরূপ ব্রহ্মজ্ঞানাদির উদয় হয়। তাহাতে যে হ্লাদিনীবৃত্তি তাহাতে ব্রহ্মানন্দ লাভ হয়। অষ্টাঙ্গ-যোগীদের সমাধিসুখ বা কৈবল্যসুখও তাহার কার্য্যবিশেষ। মায়াশক্তিতে সন্ধিনীর কার্য্যস্বরূপ চতুর্দ্দশভুবন, বদ্ধজীবের জড়দেহ ও লিঙ্গদেহ, বদ্ধজীবের জড়ী নাম, জড়ীয় রূপ, জড়ীয় গুণ ও জড়ীয় কার্য্য প্রভৃতি। মায়াতে যে সম্বিদ্বৃত্তি, তাহাতে বদ্ধজীবের চিন্তা, আশা, বিচার ও কল্পনা প্রভৃতি উদিত হয়। মায়াতে যে হ্লাদিনীবৃত্তি তাহারা স্থূল জড়ানন্দ ও স্বর্গাদিগত জড়ানন্দ উদিত হইয়াছে। চিচ্ছক্তির দ্বারা বৈকুণ্ঠাদি তত্ত্ব, মায়াশক্তির দ্বারা অনন্তকোটি ব্রহ্মাণ্ড এবং জীবশক্তির দ্বারা অনন্তকোটি জীব উৎপন্ন হইয়াছে।

৩। চতুঃষষ্টি গুণে কৃষ্ণ রসসমাবৃত স্বরূপ। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর—এই পঞ্চবিধ রস। সকল রসের মধ্যে মধুর-রসই সর্ব্বশ্রেষ্ঠ। কৃষ্ণের ব্রজলীলায় সেই মধুররসের বিশুদ্ধভাবে নিত্য অবস্থান।

৪। জীব শ্রীহরির বিভিন্নাংশ। অণুচৈতন্য জীব সূক্ষ্ম চিৎকণ। তাহার স্বাধীনতা যোগ্যতা আছে। স্বতন্ত্রতার অপব্যবহারবশতঃ সে কৃষ্ণবিমুখ হইয়া মায়াক্রান্ত হয়। কৃষ্ণাধীন থাকিলে সে মায়া হইতে মুক্ত হয়। স্বভাব চিৎপ্রবিষ্ট। তাহাতে শ্রীকৃষ্ণের ৫০টী গুণ বিন্দু বিন্দুরূপে আছে। সেই গুণসকল চিন্ময়। জড়ভাবে মায়িক বর্ণ বা গুণ নাই। জীব স্বরূপতঃ ভগবানের সেবক, কৃষ্ণের তটস্থা শক্তি। যে শক্তি চিৎ ও অচিৎ উভয় দিকে যাইবার উপযোগী, তাহারই নাম তটস্থা। জীবের জড়জগৎ ও চিজ্জগৎ এই দুইটি স্থান, সে সন্ধিস্থানে থাকিয়া জড়বিশ্ব ও চিদ্বিশ্ব উভয় স্থানই দেখিতে পায়। উভয়-স্থল দেখিতে দেখিতে ভোগেচ্ছার উদয় হইলে জীব কৃষ্ণবহির্ম্মুখ হয়।

৫। জীব চিৎকণ। তটস্থজীব বদ্ধদশায় মায়া-কবলিত।

কৃষ্ণ ভুলি' সেই জীব অনাদি-বহির্ম্মুখ।
অতএব মায়া তারে দেয় সংসারাদি দুঃখ॥

ঈশবিমুখতা হইতে জীবের দ্বিতীয়াভিনিবেশ আসে। জীবের তখন স্বরূপোপলব্ধি থাকে না। তখন অবিদ্যা মায়া চিৎস্বরূপের উপর স্থূল দেহ ও সূক্ষ্মদেহ এই দুইটি আবরণ দেন। মায়িক অহঙ্কার, মায়িক চিত্ত, মায়িক বুদ্ধি ও মায়িক মন, এই সূক্ষ্মদেহ কর্ত্তৃক লিঙ্গদেহ। জড়াভিমান প্রবল হওয়ায় জীবের শুদ্ধ চিদ্ভাব বা কৃষ্ণদাস্য তখন আচ্ছাদিত হইয়া যায়। তখন সে দুর্গতিতে ভোগে প্রবৃত্ত হয়। কৃষ্ণবিস্মৃত জীব মায়াকবলিত হইয়া কেবল কষ্ট পায়।

৬। মায়ামুক্ত জীব প্রথম হইতেই হয় ভগবদুন্মুখ, না হয় ভগবদ্বিমুখ। সেই কার্য্যই প্রথম কার্য্য। অতি সূক্ষ্মভাবতঃ জীব স্বতন্ত্র। কৃষ্ণের পরতন্ত্র হইলে তাঁহার স্বরূপ থাকে না এবং পরমানন্দ লাভ হয়। নিজ ভোগবাঞ্ছাবশতঃ কৃষ্ণবহির্ম্মুখ হওয়া জীব মায়া দ্বারা আবদ্ধ হয় এবং কখনও স্বর্গাদি লোক এবং কখনও নরকাদি ভোগক্রমে চৌরাশী লক্ষ যোনি ভ্রমণ করে। জীব বদ্ধ হইলেও স্বভাবতঃ চিৎস্বরূপ, সুতরাং মায়া হইতে মুক্ত হইবার যোগ্য। মায়িক কোন কার্য্য এবং পুণ্যকর্ম্ম দ্বারা মুক্তলাভ হয় না। সাধুসঙ্গ করিতে করিতে সুপ্রায় কৃষ্ণদাস্যভাব উদয়ের সঙ্গে সঙ্গে মুক্তিরূপ আনন্দ ফলও উপস্থিত হয়। যিনি স্ব স্বভাব আশ্রয় করিতে ইচ্ছা করেন, তিনি পূর্ব্ব জন্মের সুকৃতি ক্রমে ভগবচ্চরণে কিঞ্চিৎ পরিমাণে শ্রদ্ধা লাভ করেন। ইহাই একটী ঘটনা। সেই সুকৃতিবলে তাঁহার কোন উপযুক্ত সাধুসঙ্গ হয়, ইহাই দ্বিতীয় ঘটনা। সাধুসঙ্গে হরিনামাদির অনুশীলন করিতে করিতে ভাবোদয় হয় এবং ক্রমে প্রেমোদয় হইয়া থাকে। স্বরূপাবস্থান বা ভগবৎপার্ষদত্ব লাভই মুক্তি। জীব যখন ইহা নিশ্চয় করিতে পারেন যে, মায়িক সংসার আমার কারাগৃহ স্বরূপ হয় এবং কর্ম্মকাণ্ড, নির্বিশেষ জ্ঞানকাণ্ড ও ঐশ্বর্য্য বা কৈবল্যজনক যোগাদি আমার জীব স্বভাবকে নিশ্চয়রূপে আনিতে পারে না, তখন কৃষ্ণভক্তির প্রতিকূল যাহা কিছু হয়, তাহা বর্জ্জনপূর্ব্বক কৃষ্ণই একমাত্র রক্ষাকর্ত্তা ও প্রতিপালক, ইহা বিশ্বাস করত কৃষ্ণেচ্ছার অনুগত ও অকিঞ্চনভাবে কৃষ্ণের চরণে শরণাগত হন। ইহাই বিশুদ্ধ শ্রদ্ধার লক্ষণ। শ্রদ্ধাই ভক্তিলতার বীজ। শ্রদ্ধা নিশ্চয় আবশ্যক। কারণ, শ্রদ্ধা না হইলে সাধুসঙ্গ হইবে না এবং সাধুকৃপা না হইলে চৈতন্যের উন্মেষও হইবে না।

৭। জীব ও জড় সমস্তই কৃষ্ণ হইতে যুগপৎ ভেদ ও অভেদ। ভগবান্ প্রভু আর জীব দাস, ইহাই সম্বন্ধজ্ঞান। জীব ভগবানের সহিত কোন-কোন বা কোন-অংশে অভেদ। ভগবান্ও চেতন, জীবও চেতন, সুতরাং অভেদ; ভগবান বিভু, জীব অণু, ভগবান প্রভু জীব দাস, ভগবান্ মায়াধীশ জীব মায়াবশ, ইহাই ভেদ। কৃষ্ণের অচিন্ত্য শক্তিক্রমে জীবসমূহ এবং অখিল বিশ্ব তাঁহা হইতে নিত্য পৃথক্ ও অপৃথক্ এই তত্ত্বজ্ঞানই আমার নিত্য অবস্থা-জ্ঞান নহে, ... এই জ্ঞান হইতে অনন্য কৃষ্ণভক্তিতে শ্রদ্ধা অর্থাৎ দৃঢ়বিশ্বাস হয়।

৮। সাধুগুরু-কৃপায় সম্বন্ধজ্ঞান হইয়াছে এবং সাধুসঙ্গক্রমে অনন্য কৃষ্ণভক্তিতে শ্রদ্ধাও হইয়াছে। এখন কি করিলে সাধুগুরু প্রসন্ন হন, এই চিন্তার উদয়ে জীব সদ্গুরুর নিকট সদুপায় জিজ্ঞাসা করেন। প্রভুপাদ জীবকে উক্ত অধিকারী জানিয়া সদ্গুরু তাঁহাকে কৃষ্ণভক্তি শিক্ষা দেন। ভগবানের সুখবিধানই ভক্তি। প্রতিকূলতার পরিত্যাগ করিয়া জীবনের সমস্ত ক্রিয়া, মনন ও বাক্যকে ভজনের অনুকূল করিয়া কৃষ্ণানুশীলনই কর্ত্তব্য। ভোগবাঞ্ছা, মোক্ষবাঞ্ছা থাকিলে ভক্তি হইবে না। অপরাধ হইতে সাবধান থাকিয়া সাধুদের সহিত হরিকথা-শ্রবণ ও কীর্ত্তনাদি করিতে হইবে। চতুঃষষ্টি অঙ্গের মধ্যে কতকগুলি বিধি-লক্ষণ ও কতকগুলি নিষেধ-লক্ষণ। বিধি লক্ষণের মধ্যে হরিনাম, হরিধামে বাস, শ্রীবিগ্রহ-সেবন, হরিজন-সেবা ও ভাগবতচর্চ্চা—এই পাঁচটী মুখ্য। দৃঢ়তার সহিত অসৎসঙ্গ সম্পূর্ণভাবে পরিত্যাগ করিয়া সদাচারের প্রতি বিশেষভাবে লক্ষ্য রাখিতে হইবে। শ্রীহরিনাম সংকীর্ত্তন অপর সকল অঙ্গ অপেক্ষা শ্রেষ্ঠ। শাস্ত্রশাসনে সাধন হইলে সেই সাধনভক্তিকে বৈধী ভক্তি বলে। বৈধভক্ত শ্রদ্ধার সহিত সদ্গুরুর ভজন করিতে করিতে ভাবভক্ত হন। সাধনভক্তি আর একপ্রকার আছে, তাহা অসাধারণ। তাহাকে রাগানুগা ভক্তি বলে। ব্রজবাসীদিগের শ্রীকৃষ্ণের প্রতি রাগময়ী ভক্তি স্বতঃসিদ্ধা। তাহা দেখিয়া কোন সুকৃতি জীবের তদনুসরণে লোভ হইলে তাহার সাধনভক্তিকে রাগানুগা ভক্তি বলা হয়। ইহাতে শাস্ত্রযুক্তির অপেক্ষা নাই। একমাত্র লোভোৎপত্তি তাহার কারণ। এই দুই প্রকার সাধনভক্তিতেই অনিষ্টের স্বরূপভ্রম প্রথমেই দূর হওয়া আবশ্যক, স্বরূপভ্রম একেবারে যায় না। উহা কৃষ্ণানুশীলনক্রমে দূর হয়। 'আমি কৃষ্ণদাস'—এই অভিমানই জীবের স্বরূপজ্ঞান। এই অভিমানের সহিত কৃষ্ণানুশীলনই প্রকৃত কৃষ্ণানুশীলন। গুরুকৃপায় সম্বন্ধজ্ঞান উদিত হয়। আত্মস্বরূপ অবগত হইলেও জড় বিশেষ যত্ন না থাকিলে স্বরূপভ্রমরূপ প্রথম অনর্থ দূরীকৃত হয় না। এই ক্রমে অনর্থ যত দূর হইতে থাকে, অন্যান্য অনর্থও সেই পরিমাণে কমিতে থাকে। সাধুসঙ্গ ভক্তিলাভের উপায়। সাধুসঙ্গ বিনা ভক্তি হইতে পারে না।

৯। কৃষ্ণপ্রেমই প্রয়োজন। সাধনভক্তি পরিপক্ব হইলে ভাব হয়, তাহাই প্রেমের অঙ্কুর। তাহাতে কৃষ্ণের অনুকূলতা সংযুক্ত হইলে প্রেম হয়, এই রসের নাম ভক্তিরস। অধিকারভেদে দাস্য, সখ্য, বাৎসল্য, মধুরসম্পৃক্ত প্রেমরস লাভ হয়। শৃঙ্গাররস বা মধুররসই সর্ব্বোপরি রসবিশেষ। কৃষ্ণপ্রেমই জীবের প্রয়োজন।

মেদিনীপুরে প্রচার

বিশ্বব্যাপক শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী কতিপয় ব্রহ্মচারী সহ শ্রীশ্রীভক্তিবিনোদ-গৌরবাণী-বৈভবের মহিমা প্রচারার্থ মেদিনীপুর সহরের বিভিন্ন স্থানে পাঠ, কীর্ত্তন ও বক্তৃতামুখে শ্রৌতবাণীর অনুকীর্ত্তন করিতেছেন।

গত ৮ই হইতে ১০ই জানুয়ারী পর্য্যন্ত প্রত্যহ রাত্রে ভক্তিশাস্ত্রী শ্রীযুক্ত মোহন বন্দ্যোপাধ্যায় মহাশয়ের পাটনা বাজারস্থ শ্রীমহাপ্রভুর মন্দিরে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে 'শ্রীসনাতনশিক্ষা' পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তিত হয়। গত ১১ই হইতে ১২ই জানুয়ারী পর্য্যন্ত শ্রীযুক্ত যতীন্দ্রনাথ নন্দী মহাশয়ের গৃহে শ্রীমদ্ভাগবত হইতে 'অজামিল উপাখ্যান' পাঠ হয়।

১৩ই তারিখ স্থানীয় বিখ্যাত শ্রীশ্রীজগন্নাথমন্দিরের সেবকগণের বিশেষ আগ্রহে ব্রহ্মচারীজী শ্রীমদ্ভাগবত হইতে 'পুরঞ্জন উপাখ্যান' সম্বন্ধে পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

১৪।১।৩৬ বিখ্যাত জোড়াদীঘি শ্রীগৌড়ীয়সংঘে প্রচার চলিতেছে। প্রাতে ৭ ঘটিকা হইতে ৯ ঘটিকা পর্য্যন্ত, বিকালে ২ ঘটিকা হইতে ৩ ঘটিকা পর্য্যন্ত যথাক্রমে কীর্ত্তন, শ্রীচৈতন্যভাগবত পাঠ, রাত্রি ৮ ঘটিকা হইতে ১০ ঘটিকা পর্য্যন্ত শ্রীচৈতন্যচরিতামৃত হইতে 'শ্রীসনাতনশিক্ষা' পাঠ ও ব্যাখ্যা হইতেছে।

শুদ্ধভক্ত-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅপ্রমেয় ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৩নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১০
সেবক—শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ ভক্তিশাস্ত্রী বি-এল্

(৩) শ্রীযোগপীঠ মায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগুরুবিলাস ভক্তিশাস্ত্রী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগবান্দাস ব্রজবাসী

(৭) কাজির সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

(৮) অণুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তনাথ ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীতনয় দাস অধিকারী

(১৩) রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকমলাকান্ত দাস ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গোকুলপুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয়মঠ
ছাউতলা। (শ্রীনৃসিংহদেবের মন্দির নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীকৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅমৃতানন্দ সেবাবিলাস

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদবালি, (নদীয়া)
সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট
চাঁচড়াপলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

(২১) নিরাপাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীরাধাচরণ ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চাকদহ পরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
বাবুবাজার পোঃ ওয়ারি ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা
সেবক—শ্রীব্রজপতিদাস ব্রজবাসী

(২৫) গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবানন্দবিগ্রহ বিদ্যারত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া। আসাম।
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ। আসাম।
সেবক—শ্রীবিনোদ দাসাধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাবাজার, দার্জ্জিলিং
সেবক—শ্রীরূপমোহন ব্রহ্মচারী

(৩০) সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ কাঁথার, জেঃ লক্ষ্ণৌ, ইউ, পি
সেবক—শ্রীবিজ্ঞানানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
চৌহাট্টা পাটনা।
সেবক—শ্রীনিখিলপ্রভু দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
রমনা রোড গয়া
সেবক—শ্রীপদ্মলোচনপ্রভু দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতন গৌড়ীয় মঠ
৮।১৭ বড় গণেশ, বেনারস সিটি
সেবক—শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
কি ব সর্ব্বতোভাবে অসৎসঙ্গ ত্যাগ করিয়া প্রতি নিশ্বাসে প্রশ্বাসে কৃষ্ণভজন করিতেছেন, কৃষ্ণ তাঁহাকেই আত্মসাৎ করিয়াছেন— আপনজন বলিয়া গ্রহণ করিয়াছেন। অন্তর্যামী ঠাকুরটিকে ফাঁকি দিয়া সন্তুষ্ট করা যাইবে না। আমি সত্য সত্য তাঁহাকে চাই কিনা, তাঁহার অকপট কৃপালাভের জন্য আমার আন্তরিক ইচ্ছা হইয়াছে কিনা, আমি নিজ সুখশান্তির জন্য তাঁহার সেবাপ্রার্থী, না তাঁহার সেবার জন্য তাঁহার সেবাপ্রার্থী, ভগবানের তাহা জানিতে বাকী নাই, সুতরাং হরিভজনের মৌখিকতা দেখাইয়া ভক্তকে সুখী করা যাইবে না। এত জানিয়া শুনিয়াও, এত শিখিয়া, এত বলিয়াও যদি আবার কাজের বেলায় ভুল করি, তাহা হইলে আমি বঞ্চিত হইব না ত' আর বঞ্চিত হইবে কে? এরূপ হইবার কারণ কি? জানিয়া শুনিয়া ত' কেহ বিষ খায় না, কিন্তু আমি খাইতেছি কেন? কোন বৈষ্ণব-অপরাধ এই দুর্ব্বুদ্ধি ঘটাইয়াছে? শ্রীগুরুপাদপদ্মে আমার সুদৃঢ় বিশ্বাস হয় নাই, আমার অর্থলোভনতায় ঘটিতেছে, সেইজন্যই আজ এই অবস্থা। সেইজন্যই মনে হইতেছে আজ হইতে খুব সতর্ক হওয়া দরকার। অপরাধের কথাগুলি চিন্তা করিয়া তাহা নিবারণে যত্ন করা দরকার। অর্জ্জন করিয়াও আমার অর্জ্জন-সিদ্ধ হয় নাই। অর্জনসিদ্ধ হইলে ত' সুখে ভজনাধ হইত। তা' ছাড়া সাধুমুখে হরি-কথা-শ্রবণে আমার স্পৃহা নাই, ইহাও একটী রোগ। অসৎসঙ্গে আমার এখনও অরুচি হয় নাই। আমি হৃদয়দৌর্ব্বল্যকে বিশেষ বাধাজনক মনে করি নাই। হৃদয়দৌর্ব্বল্য না কমাইতে পারে, এরূপ ব্যাধি নাই। হৃদয়দৌর্ব্বল্যই সমস্ত ব্যাধির জনক—হৃদরোগা রোগ—কপটতার জনক, ইহা আমি এক-দিনও চিন্তা করি নাই। এইজন্যই আমার সর্ব্বনাশ হইয়াছে ও হইতেছে। মনোযোগ-সহকারে সাধুর হরিকথা শ্রবণ না করার ফলেই আমার এই অজ্ঞনতা আসিয়াছে। এখন যদি সদ্গুরুর নিকট প্রণত হইয়া হরিকথা শুনি, তাহা হইলেই সব হইবে নতুবা 'সব' হইতে হবে। আগে শুনিতে হইবে, আগে দেখিতে হইবে না বা আগে আর কিছু করিতে হইবে না। শ্রবণ বাদ দিয়া আগে আর কিছু করিতে গেলেই ঠকিতে হইবে।

শ্রবণ না করার ফলেই জীবের অসুবিধা হয়। শুদ্ধ শ্রবণ হইলে,—শিষ্য হইয়া শ্রবণ করিলে শ্রবণ আমাকে আত্মসাৎ করিবে, শ্রবণই প্রভু—স্বরাট্ হইয়া পড়িবে, শ্রবণই চক্ষুদান করিবে। শ্রবণই আমার চিত্ত শুদ্ধ করিয়া হৃদয়ে তাঁহার আসন রচনা করিবে। শ্রবণই আমার নিজবের জয় করিয়া স্বরূপ-সিদ্ধি করাইয়া বস্তুসিদ্ধি করাইবে। শ্রবণ এত বড় জিনিষ! কিন্তু আমি 'শ্রবণ'কে প্রভু করিয়া দেখিয়াছি কি? সমনস্ক হইয়া শ্রবণ করিয়াছি কি? শ্রবণকে আমার নিয়ামক ও চালক করিয়াছি কি? তা'ত ত' করি নাই। আমি ত' শ্রবণ করিবার পূর্ব্বেই—আচরণ করিবার পূর্ব্বেই কীর্ত্তনকারী হইয়া পড়িয়াছি। শিষ্য না হইয়াই—আত্মনিবেদন না করিয়াই—উপদেশগুলি হৃদয়ে ধারণ না করিয়াই পরোপদেশে পণ্ডিত সাজিয়াছি। তাই আজ আমার এই দুর্দ্দশা, শ্রবণের সময় অন্য চিন্তা—হরিকথা-শ্রবণকালে আলস্য বা নিদ্রা। হরিকথা-শ্রবণকালে যাহার ঘুম আসে, সে এ-জন্মে বা পরজন্মে অজগর হইবেই। এ কথা ত' আমার হৃদয়ে একদিনও আঘাত করে নাই। যদি করিত, তাহা হইলে কি আমি শ্রবণের সময় অন্যমনস্ক হইতে পারিতাম, প্রাণপণোদ্যত বা সরল 'সৎ' জীবনযাপন করিতে যত্ন করিতাম

শ্রবণের পথই একমাত্র বাঁচিবার পথ। শ্রবণের পথই ও' কৃষ্ণপ্রাপ্তির পথ

মানুষকে কৃষ্ণভক্তে আস্থা যদি হয়। ভক্তিফল 'প্রেম' হয়, সংসার যায় ক্ষয়॥

—ভক্তিপথ—সাধ্যের পথ, আর শ্রবণ ব্যতীত অন্যান্য বাহ্যেন্দ্রিয় পথই ত' আমার ইন্দ্রিয়তর্পণের পথ—আমার প্রভুত্বের পথ, ইহা আমি কবে বুঝিব? শ্রবণের পথে প্রভুত্ব চলিবে না বলিয়াই বোধ হয় আমি শ্রবণের পথ স্বীকার করিতে চাহি না। এই শ্রবণের পথ বা শ্রৌতপথানুসরণই ত' মঠবাস। শ্রবণ সর্বক্ষণ হরিকথা-শ্রবণার্থই শ্রীচৈতন্যমঠ ও শ্রীচৈতন্যমঠাচার্যের কৃপাধার। মঠ-মন্দির, মহোৎসব, ধর্মশালা, গোষ্ঠ, বিদ্যালয়, বহির্মুখ লোকের সহিত আলাপ-ব্যবহার, অর্থসংগ্রহ, দেশ পর্যটন, মুদ্রাযন্ত্র, বৈদ্যুতিক আলোক, পুষ্পোদ্যান, মঠবাস, বেশভূষা, গৃহসংস্কার, অর্চন-পূজন সকলেরই মূল উদ্দেশ্য—মূল প্রয়োজন শ্রীচৈতন্যকথা কীর্তন—শ্রীচৈতন্যবাণীর প্রতিষ্ঠা। মঠের মধ্যে বা মহোৎসবে যদি অনুক্ষণ হরিকীর্তন না হয় এবং আমি যদি অকপটে হরিকথা শ্রবণ ও ভজনকীর্তন করিতে না পারি, তাহা হইলে আমার মঠবাস হইবে কি করিয়া? নিজেকে শ্রীচৈতন্যমঠ—শ্রীগুরুপাদপদ্ম-শ্রবণানুকীর্তনপীঠ করিতে না পারিলে ত' গৃহব্রত ধর্ম ঘুচিবে না। সেইজন্যই বলিতেছি, অনুক্ষণ নিষ্কপটে শ্রীগুরুপাদপদ্ম হইতে শ্রীচৈতন্যবাণী শ্রবণ কীর্তনকারীই মঠবাসী বা শ্রীচৈতন্যমঠ। জানি না, এরূপ নিষ্কপট মঠসেবকের সঙ্গ ও সেবাতেই কবে আমি আমার অনুক্ষণ কৃত্য বলিয়া জানিতে পারিব।

সাধু কীর্তন না করিলে আমি শ্রবণ করিতে পারি না। সুতরাং শ্রবণ সাধুকৃপাসাপেক্ষ শ্রবণই কৃপা—শ্রবণই বল। দুর্বল আমি—কৃপাবঞ্চিত আমি যদি এই কৃপাবলগ্রহণে উদাসীন থাকি অর্থাৎ শ্রবণে অমনোযোগী থাকি, তাহা হইলে আমার মঙ্গল কি করিয়া হইবে? চিত্তে বলীয়ান্ না হইলে ত' হরিভজন হইবে না। সুতরাং আমরা বলগ্রহণের জন্য সর্বক্ষণ উৎকর্ণ থাকিব, তাহা হইলেই ভগবৎকৃপায় ভগবদ্বস্তু আমাদের হৃদয়ে প্রকাশিত হইবে। শ্রবণে আনুগত্য। যেখানে স্বতন্ত্রতা, সেইখানেই শ্রবণের প্রতি অমনোযোগিতা। কিন্তু স্বতন্ত্র থাকিলে ত' চলিবে না। সাধুর আনুগত্য না করিলে—সাধুর কথা না শুনিলে বল কি করিয়া পাইব? আমরা দুর্বল, তাই শক্তি-লাভের জন্য যত্ন করি, কিন্তু নিজচেষ্টার দ্বারা সফলকাম হইতে পারি না। তাই শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—'তৃণাদপি সুনীচ হও, বৃক্ষের ন্যায় সহনশীল হও, নিজের চেষ্টায় বলবান্ হইবার দুর্বুদ্ধি না করিয়া যিনি বলদাতা, সেই বলদেব-প্রভুর আশ্রয় গ্রহণ কর। তাহা হইলেই তোমাদের মঙ্গললাভ হইবে।' কিন্তু হতভাগ্য, অলস, অপরাধী আমি তাঁহার কথা শুনিতেছি কই? অবশ্য কেউ আমায় বক্তা বলিয়া বরণ করিতেছি কই? সেইজন্যই বলিতেছি, আমি 'শ্রবণ'কে প্রভু করিয়া দেখি কি?'

ভৃগু

—:০:—

পূর্বকালে সরস্বতী নদীর তটে ঋষিগণ এক মহাযজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন। সেই যজ্ঞে সমুপস্থিত ঋষিগণের মধ্যে ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্র—এই তিনজনের মধ্যে কে শ্রেষ্ঠ, সে-বিষয়ে নানাপ্রকার বিতর্কের উদয় হইল। কেহ কেহ বলিলেন, সৃষ্টিকর্তা ব্রহ্মাই শ্রেষ্ঠ, কেহ কেহ বলিলেন, পালনকর্তা বিষ্ণুই শ্রেষ্ঠ, আবার কেহ কেহ বলিতে লাগিলেন, সংহারকর্তা রুদ্রই শ্রেষ্ঠ। তাঁহারা এ প্রশ্নের মীমাংসা তাঁহাদের মধ্যে কিছুতেই করিতে পারিলেন না। অবশেষে তাঁহারা ব্রহ্মার পুত্র ভৃগুকে এ বিষয় অনুসন্ধানার্থ প্রেরণ করিলেন।

ভৃগু—ব্রহ্মার জ্যেষ্ঠ তনয়। ঋষিগণ-কর্তৃক প্রেরিত ভৃগু সর্বপ্রথমে নিজ পিতৃদেব ব্রহ্মার সভায় উপস্থিত হইলেন। পুত্রের কর্তব্য পিতাকে দণ্ডবৎ-প্রণামাদি দ্বারা সন্তুষ্ট করা। কিন্তু ভৃগু ব্রহ্মার পুত্র হইয়াও তাঁহাকে দণ্ডবৎ-প্রণামাদি বা কোনরূপ স্তুতিবাক্য উচ্চারণ করিলেন না। পুত্র হইয়া পিতার গৌরব হানি করা কোনক্রমেই কর্তব্য নহে, তথাপি ব্রহ্মাকে পরীক্ষা করিবার জন্য ভৃগু ঐরূপ অসৌজন্য প্রকাশ করিলেন। ব্রহ্মা তদ্দর্শনে অতিশয় ক্রুদ্ধ হইয়া ভৃগুকে শাপে ভস্মসাৎ করিতে উদ্যত হইলেন, কিন্তু স্বতনয়ের অনুনয়বিনয়ে ব্রহ্মা সেই ক্রোধ সংবরণ করিলেন। ইহাতে ভৃগু বুঝিতে পারিলেন যে, ব্রহ্মা সর্বকারণ-কারণ ভগবান্ নহেন, কেবল ব্রহ্মাণ্ডের অধিকারী। ব্রহ্মাতে যে ভগবানের গুণসমূহ সম্পূর্ণভাবে নাই, ইহা ভৃগু বুঝিতে পারিলেন।

তদনন্তর ভৃগু তথা হইতে কৈলাসধামে গমন করেন। মহেশ ভৃগুকে দর্শন করিয়া কনিষ্ঠজ্ঞানে উঠিয়া আলিঙ্গন করিতে উদ্যত হইলেন। তখন ভৃগু রুদ্রকে "তুমি অতিশয় উন্মার্গগামী" এইরূপ ভর্ৎসনাবাক্যে রুদ্রের আলিঙ্গন গ্রহণে অসম্মত হইলেন। কনিষ্ঠ ভৃগু জ্যেষ্ঠ মহেশ্বরের প্রতি ঐরূপ অশ্রদ্ধ ব্যবহার করায় তাঁহার ক্রোধের উদয় হইল। রুদ্র সংহারমূর্তিতে তীক্ষ্ণধার হস্তে ত্রিশূল লইয়া ভৃগুকে বধ করিতে উদ্যত হইলেন। তখন পার্বতীদেবী রুদ্রের পদযুগল ধারণ করিয়া অনেক অনুনয়-বিনয় সহকারে তাঁহাকে শান্ত করিলেন। ভৃগু রুদ্রতত্ত্ব বুঝিতে পারিয়া তদনন্তর বৈকুণ্ঠে বিষ্ণুর নিকট গমন করিলেন।

ভৃগু তথায় গিয়া দেখিলেন যে, ভগবান্ শ্রীনারায়ণ অনন্ত-শয্যায় শায়িত আছেন এবং শ্রীলক্ষ্মীদেবী তাঁহার পাদসম্বাহন করিতেছেন। ভৃগু শ্রীবিষ্ণুর দর্শনমাত্রেই তাঁহার বক্ষে পদাঘাত করিলেন। ভৃগুর পদাঘাত প্রাপ্ত হইয়া ভগবান্ বিষ্ণু কিন্তু ব্রহ্মা ও রুদ্রের ন্যায় ক্রুদ্ধ হইলেন না। ভগবান্ বিষ্ণু তখন সসম্ভ্রমে শয্যা হইতে উত্থিত হইয়া অবনত মস্তকে মুনিবরকে প্রণাম করিলেন এবং অপরাধ-ক্ষমার্থ তাঁহার নিকট প্রার্থনা করিতে লাগিলেন—"হে মুনিবর, আপনার সুখে আগমন হইয়াছে ত'? হে ব্রহ্মন্, এই আসনে কিছুকাল উপবেশন করুন। হে প্রভো, আমরা আপনার আগমন জানিতে পারি নাই। তজ্জন্য যে অপরাধ হইয়াছে, তাহা নিজগুণে ক্ষমা করুন। আপনার পাদোদক প্রসিদ্ধ তীর্থসমূহকেও বিশুদ্ধ করে, আপনি তাদৃশ পাদোদক দ্বারা আমাকে এই বৈকুণ্ঠলোককে এবং আমার আশ্রিত লোকপালগণকে পবিত্র করুন। হে ভগবন্, অদ্য আমি লক্ষ্মীদেবীর একমাত্র আশ্রয় হইলাম। আপনার পাদস্পর্শে সর্বপাপ বিনষ্ট হওয়ায় লক্ষ্মীদেবী অতঃপর আমার বক্ষঃস্থলে নিশ্চলা হইয়া বাস করিবেন।"

এই যে তোমার শ্রীচরণচিহ্ন।
বক্ষে রাখিলাম আমি হই' কুতূহলী॥
লক্ষ্মীসনে নিরবধি রহে এই ঠাম।
যে হেতু 'শ্রীবৎস-লাঞ্ছন' বলে নাম॥
(চৈঃ ভাঃ)

—এই বলিয়া ভগবান্ বিষ্ণু অনেক অনুনয়-বিনয়-সহকারে ভৃগুর পাদসম্বাহন করিতে লাগিলেন। ভগবানের এইরূপ ব্যবহার দর্শনে ভৃগু অশ্রুপূর্ণনয়নে ও ভক্তিবিহ্বলচিত্তে মৌনাবলম্বন পূর্বক অবস্থান করিতে লাগিলেন।

শুনিয়া প্রভুর বাক্য, বিনয় ব্যবহার।
কাম ক্রোধ লোভ মোহ—সকলের পার॥
দেখি' মহাভৃগু পাইলেন চমৎকার।
লজ্জিত হইয়া বাক্য না স্ফুরেন আর॥
(চৈঃ ভাঃ)

অনন্তর ভৃগু তথা হইতে পুনর্বার যজ্ঞস্থানে ফিরিয়া আসিয়া মুনিগণের নিকট সমস্ত বৃত্তান্ত বর্ণন করিলেন। মুনিগণ ভৃগুর বাক্য শ্রবণ করিয়া বিস্মিত ও সন্দেহশূন্য হইয়া যাঁহা হইতে শান্তি, অভয়, ধর্ম, জ্ঞান, বৈরাগ্য, অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্য ও নিখিল পাপবিনাশন যশঃ উৎপন্ন হয়, যিনি রাগদ্বেষশূন্য, সমবুদ্ধিসম্পন্ন, শান্তচিত্ত, মুনিধর্মযুক্ত, অকিঞ্চন সাধুগণের পরমগতি-রূপে শাস্ত্রাদিতে কীর্তিত হইয়া থাকেন, যিনি বিশুদ্ধসত্ত্ববিগ্রহ প্রভু, ব্রাহ্মণগণ যাঁহার প্রিয়হেতু ইষ্টদেবতুল্য আদরণীয় এবং প্রিয়, শান্তবুদ্ধি বিপ্রগণ যাঁহার সেবা করিয়া থাকেন, সেই বিষ্ণুকেই দেবত্রয়ের মধ্যে সর্বশ্রেষ্ঠরূপে নির্ণয় করিলেন।

ব্রহ্মার পুত্র ভৃগু লোকতঃ যে সর্বাপেক্ষা গর্হিত কার্য করিলেন, উহা ভক্তজনোচিত নহে; পরন্তু যাহারা আপাতত মুগ্ধভাবে হরি-হর-বিরিঞ্চির মধ্যে বিষ্ণুর পরমদেব উৎকর্ষ বুঝিতে পারে না তাহাদের মঙ্গলের জন্যই আবেশাবতার-রূপে ঐরূপ অনুষ্ঠান করিয়াছিলেন। ভগবান্ বিষ্ণুর শ্রেষ্ঠত্ব প্রতিপাদন জন্য ভৃগুতে স্বয়ংই আবিষ্ট হইয়াছিলেন। ভৃগু-শরীরে ভগবান্ প্রবেশ করিয়া ভক্তমহিমা প্রকাশ করিবার জন্য ঐরূপ অনুষ্ঠান করিয়াছিলেন। ভৃগুর যথাযথভাবে থাকাকালে কখনও ঐরূপ অনুষ্ঠান করিতে সাহস হইত না। জনগণের ভ্রম বিদূরিত করিবার জন্যই ভগবান্ ঐরূপ লীলা প্রকাশ করিয়াছিলেন।

শ্রীল সাগর মহারাজের হরিকথা

(প্রাপ্ত)

সাধুর শ্রীমুখবিগলিত হরিকথা আমরা শরণাগত হইয়া শ্রবণ করিতেছি না; আমাদের অকপটতার গলদ রহিয়াছে, সেইজন্যই হরিকথার তাৎপর্য আমরা গ্রহণ করিতে পারিতেছি না। হরিকথা-শ্রবণ করিবার অভিনয় করিয়া আমরা কখনও ভোগের আশায় কখনও বা ত্যাগের বহুমানন করিতেছি। উহা প্রকৃতপক্ষে হরিকথা-শ্রবণের লক্ষণ নহে।

অনেকের মধ্যেই এরূপ একটি সিদ্ধান্ত অবশ্যই প্রবল হইয়া উঠিতে দেখা যাইতেছে যে, সম্যক্‌ভাবে বৈরাগ্য শিক্ষা করা দরকার। এই বিচারটি শুদ্ধভক্তিসিদ্ধান্ত-সম্মত নহে। বৈরাগ্য চেষ্টা করিয়া শিক্ষা করিবার দরকার হয় না। যেখানে বৈরাগ্য চেষ্টা করিয়া অভ্যাস করিবার প্রয়োজন হয়, সেখানে উহা ফল্গুবৈরাগ্য মাত্র। কেহ যদি এরূপ বিচার করিয়া

ভক্তি করি' যে শুনে চৈতন্য-অবতার। সেই সব জন সুখে পাইবে নিস্তার॥

…ন যে, বৈরাগ্য শিক্ষা করিতে করিতে ক্রমশঃ ভক্তিলাভ হইবে, তাহা হইলে ঐরূপ বিচার গ্রহণ করিতে আমরা প্রস্তুত নহি। আমরা কাহারও বৈরাগ্য চেষ্টা দেখিয়া মুগ্ধ হইব না, আমরা দেখিব—তাঁহার সত্য সত্যই ভক্তি বা সেবাপ্রবৃত্তি কতটুকু পরিমাণে আসিল। বৈরাগ্যদ্বারা ভক্তিলাভ হয়, এ শিক্ষা আমরা শ্রীগুরুপাদপদ্ম হইতে লাভ করি নাই। আমাদের শ্রীশ্রীল প্রভুপাদপদ্ম সর্ব্বত্র যুক্তবৈরাগ্যের কথা বলিয়াছেন; ভক্তির উদয় হইলে অন্য বিষয়ে আপনা হইতেই সহজভাবে বৈরাগ্য আসিয়া যায়, এই কথাই পুনঃ পুনঃ কীর্ত্তন করিয়াছেন, সুতরাং আমরা সেই শিক্ষাই শিক্ষাসাররূপে গ্রহণ করিব।

এই যে কৃত্রিম বৈরাগ্যচেষ্টা, ইহার মূলে ভক্তির কি কথা আছে? যদি ইহার মূলে ভক্তিই থাকিত, তাহা হইলে ভক্তিবিগ্রহ শ্রীগুরুদেব ইহা দ্বারা আকৃষ্ট হইতেছেন না কেন? এইপ্রকার চেষ্টায় ভক্তির কোন কথা নাই, ইহার মূলে আছে কেবলমাত্র অনুকরণ-প্রবৃত্তি। শ্রীগুরুবৈষ্ণব যেন এই প্রকার আচরণ করিতেছেন, তখন আমরাও উহা করিব—এইপ্রকার অনুকরণ-স্পৃহার পশ্চাতে দাম্ভিকতা ও স্বতন্ত্রতাপ্রিয়তা ব্যতীত আর কিছুই নাই।

অনেকে মনে করেন—শ্রীল আচার্য্যদেবের এই সকল কঠোর ব্যবস্থা পূর্ব্ব-গুরুবর্গের আচরণের ও শিক্ষার প্রতিকূল। শ্রীল প্রভুপাদ ত' কই নিজেও এই প্রকার তীব্র বৈরাগ্যের আদর্শ প্রদর্শন করেন নাই বা কাহাকেও ঐরূপ করিবার উপদেশ দান করেন নাই। তাঁহার ব্যবস্থানুসারে চলিয়া কি কাহারও ভক্তি হয় নাই? যদি হইয়া থাকে, তাহা হইলে আবার এই সকল নূতন ব্যবস্থা কেন?

আবার আর একদল লোকের বিচার হইয়াছে এই যে, বৈরাগ্য না করিলে কখনও হরিভজন হইতে পারে না। শ্রীল প্রভুপাদের সময় যে-প্রকার ব্যবস্থা ছিল, উহা দ্বারা সকলে ভোগে লিপ্ত হইবার সুযোগই লাভ করিত। শ্রীল আচার্য্যদেব যে ব্যবস্থা করিয়াছেন, ইহাই ঠিক হইয়াছে। এই প্রকার বিচার করিয়া ইঁহারা শ্রীল আচার্য্যদেবের অভিসন্ধি আচরণের তাৎপর্য্য গ্রহণ করিতে না পারিয়া উহার অবৈধ অনুকরণ আরম্ভ করিয়া দিয়াছে। ইঁহাদের মনের ভাব এই যে—শ্রীল প্রভুপাদ খুব বিলাসী বা ভোগী ছিলেন, তাই ভোগের ব্যবস্থা দিয়া গিয়াছেন, উহাতে হরিভজন হয় না। কিন্তু সত্যই কি শ্রীল প্রভুপাদের ভোগে খুব ছিল বা তাঁহার বৈরাগ্য কিছু কম ছিল? শ্রীল আচার্য্যদেব যে শ্রীল প্রভুপাদের প্রকটকালে বা তাঁহার অপ্রকট-লীলাবিষ্কারের পরেও প্রায় তিন বৎসর কাল পর্য্যন্ত এরূপ তীব্র বৈরাগ্যের আদর্শ প্রদর্শন করেন নাই, ইহা দ্বারা কি ইহাই বুঝিতে হইবে যে, শ্রীল আচার্য্যদেব তখন বৈরাগী ছিলেন না, এখনই তাঁহার বৈরাগ্য বাড়িয়া গিয়াছে? অনেকেই শ্রীল আচার্য্যদেবের অনুকরণ করিয়া জুতা, ছাতা, গরম-বস্ত্র প্রভৃতি ব্যবহার করিতেছেন না, কিন্তু শ্রীল আচার্য্যদেব যদি আবার ঐ সকল দ্রব্য স্বীকার করেন, তাহা হইলে ইঁহারা কি করিবেন? তখন শ্রীল আচার্য্যদেবকেই ভোগী বলিয়া পরিত্যাগ করিবেন, না আবার ছাতা, জুতা আরম্ভ করিবেন?

প্রকৃতপক্ষে গুরুবর্গের আচরণ বা শিক্ষা পরস্পর বিরোধী নহে। শ্রীল প্রভুপাদের সময় হরিভজনের সুযোগ ছিল না, এখন হইয়াছে, অথবা তখনই ছিল, এখন আর নাই, এইপ্রকার কুবিচার মহা অপরাধজনক। যে শ্রীশ্রীল প্রভুপাদ সাক্ষাৎ শ্রীরূপের অভিন্নবিগ্রহ, কৃষ্ণকীর্ত্তনের মূর্ত্তিমান্ বিগ্রহস্বরূপ, যিনি ভক্তিদাতা, যাঁহার মিশন-প্রতিষ্ঠাদি কার্য্য তাঁহার অমন্দোদয়দয়ার সর্ব্বশ্রেষ্ঠ নিদর্শন, সেই শ্রীশ্রীল প্রভুপাদপদ্ম ভক্তি শিখান নাই—এ কথা স্বপ্নেও হৃদয়ে স্থান দেওয়া চরম পাষণ্ডতার পরিচয়। গুরুবর্গের ব্যবস্থায় দোষ নাই, তাঁহারা ঠিক আছেন, তাঁহাদের সব ভাল। শ্রীল প্রভুপাদ বলিতেন—'গৌরের আমার সব ভাল।' শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন—'গুরুদেবের আমার সব ভাল।' সুতরাং দোষ তাঁহাদের নহে, দোষ আমাদের, আমাদেরই ভাগ্য অতিশয় মন্দ।

ইঁহারা কতটুকু ভোগ-ত্যাগের আদর্শ দেখাইতেছেন? ইহা অপেক্ষা বহু গুণে কঠোরতর বৈরাগ্যময় আচরণ আমাদের পূর্ব্বজীবনে দেখা গিয়াছে। শ্রীল তীর্থ-মহারাজের আদর্শ আচরণ ও বীর্য্যবতী তেজস্বিনী আমাদের হৃদয়ে একটা বিপ্লবের সৃষ্টি করিয়াছিল। তাঁহাকে শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের অভিন্ন-বিগ্রহরূপে দর্শন করিতাম, এইজন্য সর্ব্বদা তাঁহার সঙ্গলাভের জন্য ব্যাকুল থাকিতাম। কিছু দিনের জন্য শ্রীল গোস্বামী মহারাজের পার্শ্বচর্য্য করিবার সৌভাগ্য আমরা প্রাপ্ত হইয়াছিলাম। অন্যান্য সমস্ত সন্ন্যাসিগণের আচরণ আমাদের নিকট রুচিকর হইত না বলিয়া যথাসাধ্য উঁহাদের সঙ্গ বর্জ্জন করিয়া চলিতাম। ইহাতে উঁহারা অসন্তুষ্ট হইয়া এরূপ বিচার করিল যে শ্রীল গোস্বামী মহারাজের প্রতি আমাদের অত্যধিক আসক্ত হইয়া যাইতেছে (এই বিচারটি তখনও কাহারও কাহারও অন্তরে স্থান পাইয়াছিল), সুতরাং আমাদিগকে অন্যত্র প্রেরণ করাই উচিত। শ্রীল গোস্বামী মহারাজের সঙ্গরহিত হইতে হইবে জানিয়া দুঃখিত হইয়াছিলাম, তথাপি উহাই শ্রীগুরুবৈষ্ণবের অভিপ্রায় জানিয়া কোন প্রকার প্রতিবাদ করি নাই। যে স্থানের সেবা করিবার ভারপ্রাপ্ত হইয়াছিলাম, সে স্থানটি তখন অতি দুর্গম, অস্বাস্থ্যকর, জনমানবহীন, নানাপ্রকার অসুবিধাপূর্ণ ছিল। সেখান হইতে ৫।৬ মাইল হাঁটিয়া সহরে আসিয়া প্রত্যহ মাধুকরী ভিক্ষা করিতে হইত। ভিক্ষা, অর্চ্চন, ভোগরন্ধন, পাঠকীর্ত্তন সমস্তই একাকী করিতে হইত, কারণ সেখানে আমাদের সাহায্য করিবার জন্য যিনি ছিলেন, তিনি বেশীদিন ঐ প্রকার স্থানে থাকিতে পারেন নাই। সেই স্থানে যখন ছিলাম, তখন আমাদিগকে অত্যন্ত কঠোরতার সহিত দিন যাপন করিতে হইত, কিন্তু তজ্জন্য কোনপ্রকার ক্লেশবোধ হয় নাই। আমাদের একমাত্র উদ্দেশ্য ছিল—কিপ্রকারে শ্রীগুরু-বৈষ্ণবের সন্তোষবিধান করিব। ইহা লক্ষ্য করিয়া দেখিয়াছি—শ্রীগুরুবৈষ্ণব আমাদের ঐ প্রকার চেষ্টায় সন্তুষ্ট হইয়াছেন, ইহা তাঁহাদের অহৈতুকী কৃপা।

ভক্তিপথে বিচার বড় সূক্ষ্ম। শরণাগতি হইলে সবই সহজ হইয়া যাইবে। শ্রীগুরু-বৈষ্ণবের অকপট আনুগত্য থাকিলে সব ঠিক থাকিবে; নতুবা একটু এদিক্ ওদিক্ হইলেই হয় ভোগ, না হয় ত্যাগের মধ্যে পড়িতে হইবে। ইন্দ্রিয়ের অনাসক্ত হইতে হইবে বটে, কিন্তু তাই বলিয়া কৃষ্ণকার্য্য-সম্বন্ধে অনাসক্ত হইলে চলিবে না। শ্রীগৌরসুন্দর, তদীয় ভক্ত, তদীয় ধাম, তদীয় সেবোপকরণসমূহ, শ্রীগৌরসুন্দরের ভোগ-সামগ্রী, শ্রীগৌরসুন্দরের সংসারের গাভী প্রভৃতিতে আসক্তি বৃদ্ধি পাওয়াই মঙ্গলের লক্ষণ, উহাই প্রকৃত অনাসক্তি বা বৈরাগ্য।

বেশীদিন শ্রীধামে থাকিলে শ্রীধামে আসক্ত হইয়া যাইবে, বেশী দিন শ্রীধামের গাভীর সেবা করিলে উহাতে আসক্ত হইবে; শ্রীগৌরসুন্দরের ভোগের নিমিত্ত তরকারীর বাগান করিলে উহাতে আসক্ত হইয়া যাইতে হইবে, সুতরাং ঐ সকল সেবা কার্য্যে একজনের পক্ষে বেশী দিন করিবার প্রয়োজন নাই, এই প্রকার বিচার সুষ্ঠু নহে। ঐ প্রকার বিচার অবলম্বন করিলে হৃদয় ক্রমশঃ শুষ্ক হইয়া যাইবে, ফল্গুবৈরাগ্য বা নির্ব্বিশেষবাদই এখন প্রবল হইয়া উঠিবে। ক্রমশঃ এইরূপ বিচার হইতে থাকিবে যে, বেশীদিন শ্রীগুরুবৈষ্ণবের পরিচর্য্যা করিলে শ্রীগুরুবৈষ্ণবে আসক্তি আসিয়া যাইবে, সুতরাং উহা না করাই উচিত। এই প্রকার বিচার করিয়া শ্রীগুরুবৈষ্ণবের সেবায় অনাসক্ত বা বিরাগযুক্ত হইয়া পড়িলে সম্পূর্ণ নির্ব্বিশেষবাদী হইতে হইবে; সুতরাং এই বিষয়ে আমাদের খুব সাবধান হওয়া দরকার। খুব লক্ষ্য করিয়া দেখিতে হইবে যে, ইতর বিষয়ে অনাসক্তি যে পরিমাণে হইতেছে বলিয়া মনে হইতেছে, সেই পরিমাণে শ্রীগৌরসুন্দর, শ্রীগুরুদেব, শ্রীবৈষ্ণব, শ্রীধাম ও তদীয় বস্তুতে আসক্তি বাড়িতেছে কিনা? যদি তাহা না হইয়া থাকে, তাহা হইলে ঐ প্রকার বৈরাগ্যকে মর্কট বৈরাগ্য জানিয়া উহা সম্পূর্ণভাবে কায়মনোবাক্যে বর্জ্জন করিতে হইবে।

যদি কেহ ব্যক্তিগতভাবে বৈরাগ্যের সহিত জীবনযাপন করিতে চাহেন, তাহা হইলে অবশ্য আমাদের কিছু বলিবার নাই। নিজে ভাল না খাওয়া এবং ভাল না পরাই উচিত। কিন্তু আমি নিজে বৈরাগ্য করিব বলিয়া শ্রীগৌরসুন্দরকেও বৈরাগ্য করাইব, তাঁহাকে কোন ভাল জিনিষ ভোগ দিব না—ইহা বিশুদ্ধ মায়াবাদীর বিচার। নিজে ভাল খাইব না—এ বিচার ভাল; কিন্তু নিজে ভাল না খাইলেও শ্রীগৌরসুন্দরকে ভাল ভাল জিনিষ ভোগ দিতে হইবে, শ্রীগুরুদেব, শ্রীবৈষ্ণবের সেবা করিতে হইবে। শ্রীগুরু-বৈষ্ণবকে বৈরাগ্য করাইতে হইবে না। শ্রীগৌরসুন্দরের প্রসাদে শ্রীগুরুবৈষ্ণবেরই অধিকার—ইহা জানিয়া শ্রীগুরুবৈষ্ণবের সেবায় সর্ব্বস্ব দিতে হইবে। মিশনের সেবা [illegible] সেবা, মিশনের অন্তর্ভুক্ত থাকার অর্থই বৈষ্ণবের আনুগত্য থাকা। যদি বৈষ্ণবের প্রতি লক্ষ্য না থাকে, অথবা বৈষ্ণবকে জোর করিয়া বৈরাগ্য করাইতে বা করাইবার চেষ্টা হয়, তাহা হইলে মিশন থাকিবে না; ক্রমশঃ প্রত্যেক [illegible] হইয়া ব্যক্তিগতভাবে [illegible] বিচার আসিয়া যাইবে। যদি লক্ষ্য থাকে, তাহা হইলে কনিষ্ঠাধিকারে অবস্থান হইতে পারে; নতুবা ক্রমশঃ নাস্তিকতা আসিয়া অধঃপতন লাভ হইবে।

কেহ যদি শ্রদ্ধাপূর্ব্বক শ্রীগৌরসুন্দরের সেবার জন্য কোন জিনিষ দেন, তাহা হইলে তাহা অবজ্ঞা [illegible] করিতে হইবে না। [illegible] হইবে, উহা প্রকৃত শ্রদ্ধার সহিত দেওয়া হইয়াছে কি না। শ্রীপুরুষোত্তম-মঠে থাকাকালে একটি স্ত্রীলোক অনেকগুলি সুন্দর সুন্দর ফল [illegible] ভোগ দিবার জন্য আনিয়াছিল। হঠাৎ তাঁহার এইরূপ সেবা করিবার প্রবৃত্তি কেন হয়, তাহা জানিবার জন্য আমরা তাঁহাকে জিজ্ঞাসা করিলাম—"আপনি কেন আজ শ্রীমন্মহাপ্রভুর ভোগের জন্য এত জিনিষ

আসিয়াছেন ?" উত্তরে স্ত্রীলোকটি জানাইলেন—তিনি কোন কারণে মানস করিয়াছিলেন, সেইজন্য আজ ভোগ লইয়া আসিয়াছেন। আমরা তাঁহাকে বুঝাইলাম যে, শ্রীগৌরসুন্দরের এবং তাঁহার ভক্তগণের সেবার উদ্দেশ্যেই কোন জিনিষ লইয়া আসিলে তাহা ভোগ দেওয়া যাইতে পারে; কিন্তু রোগনিবৃত্তি বা অন্য কোন উদ্দেশ্যে ঠাকুরের নিকট মানস করিয়া উদ্দেশ্য সিদ্ধ হইলে যদি ভোগ দিতে আসেন, তাহা হইলে তাহা ঠাকুর গ্রহণ করেন না। এই ভোগসামগ্রীগুলি শ্রীগৌরসুন্দরের সেবার জন্য আনীত হয় নাই উহাতে নিজের স্বার্থ রহিয়াছে। সুতরাং তিনি উহা ফিরাইয়া লইয়া যান, উহা আমরা ঠাকুরের সেবা হবে না। স্ত্রীলোকটি তখন নানাপ্রকার কাকুতিমিনতি করিতে লাগিলেন। আমরা তাঁহাকে অবশেষে জানাইলাম যে, উহা শ্রীবিগ্রহকে ভোগ দেওয়া হইবে, কিন্তু ভোগ দেওয়া হইলে সমস্ত প্রসাদ তাঁহাকে প্রত্যর্পণ করা হইবে, উহা মঠে রাখা হইবে না; কারণ স্ত্রীলোকটি বৈষ্ণবসেবার উদ্দেশ্যে ঐ সকল দ্রব্য আনেন নাই। তাহাতেও তিনি আমাদিগকে অত্যন্ত নির্ব্বন্ধ সহকারে অনুরোধ করিতে লাগিলেন। তখন আমরা মঠসেবককে বলিলাম—শ্রীমন্মহাপ্রভুকে ভোগ দিয়া কিছু প্রসাদ যেন মঠে রাখা হয় এবং অধিকাংশ প্রসাদই ঐ স্ত্রীলোকটির বাড়ীতে দিয়া আসা হয়।

অনেকে নানাপ্রকার মানস করিয়া মানস সফল হইলে ঠাকুরকে ভোগ দিবার জন্য নানা জিনিষ আনে। অনেকে আসিয়া কোন জিনিষ দিয়া অর্চ্চনকারীকে বলে—এটি ভোগ দিয়া দিন্ ত'। ভোগ দেওয়া হইলে তাহারা উহা লইয়া যায়। ইহাদের বৈষ্ণবসেবার বিচার নাই। বৈষ্ণবসেবার দিকে ইহাদের দৃষ্টি নাই বলিয়া ইহারা যাহা ঠাকুরকে ভোগ দিবার জন্য লইয়া আসে, সেই সকল প্রাকৃত দ্রব্য ঠাকুর গ্রহণ করেন না। কাজেই এই সকল লোকের দেওয়া জিনিষ গ্রহণ করিতে হইবে না; করিলে বিপরীত আচরণ করা হইবে। কিন্তু তাই বলিয়া যদি কোন ভক্ত শ্রদ্ধাপূর্ব্বক কোন বস্তু লইয়া আসেন, তাহা হইলে তাহা প্রত্যাখ্যান করিতে হইবে না। ভাল খাওয়া বা ভাল পরার দিকে লক্ষ্য রাখিতে হইবে না বটে; কিন্তু কোন বৈষ্ণবের শ্রদ্ধার প্রদত্ত দ্রব্য প্রসাদজ্ঞানে স্বীকার না করিয়া, উহাতে আমার বৈরাগ্য কম হইয়া যাইবে, এই বলিয়া উহা গ্রহণ না করিলে অপরাধ হইবে। বৈষ্ণবের প্রদত্ত দ্রব্যাদি শ্রীগুরুগৌরাঙ্গের ভোগ দিয়া সেই প্রসাদ গ্রহণ করিতে হইবে, তাহাতে কোন দোষ হইবে না।

অনেক লোক আছে, তাহারা এরূপ কপট ও খল-স্বভাব যে, তাহারা সর্ব্বদা বৈষ্ণবের ছিদ্র অন্বেষণেই ব্যস্ত থাকে। তাহারা মুখে বৈষ্ণবের প্রতি খুব শ্রদ্ধা ও আনুগত্য প্রদর্শন করে; কিন্তু অন্তরে অন্তরে তাহারা সর্ব্বক্ষণ বৈষ্ণবকে ঝাঁ'পরা লইবার চেষ্টা করে। এরূপ প্রকৃতির লোকগুলি কখনও কখনও শ্রীগুরুদেব বা বৈষ্ণবঠাকুরের সেবার জন্য নানাপ্রকার সামগ্রী লইয়া আসে। যাহাতে শ্রীগুরুবৈষ্ণব উহা গ্রহণ করেন, তজ্জন্য অনেক প্রকার নির্ব্বন্ধাতিশয্য করিয়া থাকে। কিন্তু যদি তাঁহারা উহা গ্রহণ করেন, তাহা হইলে তখন আবার তাঁহাদের নিন্দা করিতে থাকে—"সত্যই ত' ভাল হইলে গুরুবৈষ্ণবেরও ত' ভাল জিনিষ খাইবার লোভ আছে।" ইহারা রামচন্দ্রপুরীর অনুচর। যে কোনও ছল করিয়া গুরুবৈষ্ণবের নিন্দা কুৎসা রটনা করিয়া বেড়ানই ইহাদের কাজ। কিন্তু গুরুবৈষ্ণবও ত' কম চতুর নহেন। তাঁহারা এই সকল ছলনা বেশ বুঝিতে পারেন; সেইজন্য তাঁহারা ঐ সকল লোকের প্রদত্ত কোন দ্রব্য গ্রহণ করেন না।

শ্রীগুরুবৈষ্ণব যাহাতে তাহাদের জিনিষ গ্রহণ করেন, এজন্য কতকগুলি লোক অত্যন্ত ব্যস্ত হইয়া পড়ে। শ্রীগুরুদেব গ্রহণ করিবেন না, তথাপি তাঁহাকে জোর করিয়া নিজের কোন দ্রব্য গ্রহণ করান চাই-ই। তাহারা শ্রীগুরুদেবের সেবকের নিকট গিয়া নানা দ্রব্য দিয়া আসে, আবার গুরুদেব সেটি গ্রহণ করিলেন কিনা তজ্জন্য অত্যন্ত কৌতূহল প্রদর্শন করে। গুরুদেব গ্রহণ করিলেন কিনা, তাহা জিজ্ঞাসা করিবার প্রয়োজন কি? উহাদের মনে সন্দেহ থাকে—কি জানি গুরুদেব গ্রহণ করিবেন কিনা। যেখানে সেব্য সেবাগ্রহণ করিবেন কিনা এরূপ সন্দেহ থাকে, বুঝিতে হইবে, সেখানে নিশ্চয়ই কোনপ্রকার গলদ আছে।

সেবকের সেবাই ধর্ম্ম। সেব্য তাহা গ্রহণ করিলেন কি না, তজ্জন্য অযথা কৌতূহল প্রদর্শন করা সেবকের কর্ত্তব্য নহে। সেব্যবস্তুটি স্বতন্ত্র; তিনি ইচ্ছা করিলে গ্রহণ করিতেও পারেন, না করিতেও পারেন। যদি আমার সেবায় কোন কপটতা না থাকে, তাহা হইলে তিনি তাহা অবশ্যই কৃপাপূর্ব্বক গ্রহণ করিবেন। অনেকের সেবা-প্রবৃত্তি এমন যে, শ্রীগুরুবৈষ্ণবের দিক্ হইতে যদি কখনও একটু নিরপেক্ষতা দেখা যায়, অমনি তাহাদের সমস্ত উৎসাহ চলিয়া যায়। শ্রীগুরুদেব যখন খুব আদর বা প্রশংসা করিলেন না, তখন আমার আর কিছু হইল না"—এই মনে করিয়া হতাশ হইয়া পড়ে। এই লক্ষণ ভাল নহে। যদি শ্রীগুরুদেব কাহারও কোন সেবার আদর কোন কারণে না করেন, তাহা হইলে হৃদয়ে তীব্র দুঃখ আসা দরকার। ইহা নিশ্চয় সত্য যে, আমাদের সেবায় খুব তীব্র গলদ না থাকিলে শ্রীগুরুবৈষ্ণব তাহা কখনও উপেক্ষা করেন না, সুতরাং যাহাতে আমাদের সেবা শুদ্ধ হয়, তজ্জন্য তীব্র দুঃখ, দৈন্য ও আর্ত্তি আসিবে, নিখুঁতভাবে সেবা করিবার জন্য অত্যন্ত ইচ্ছা ও উৎসাহ হইবে, তাহা হইলেই মঙ্গল হইবে। কিন্তু তাহা না হইয়া যদি উৎসাহহীন, মনমরা হইয়া সেবায় শৈথিল্য প্রদর্শন করি, তাহা হইলে ক্রমশঃ শ্রীগুরুবৈষ্ণবের শ্রীপাদপদ্মে অপরাধ আসিয়া যাইবে। তখন মনে হইবে—ইনি অত্যন্ত দাম্ভিক ও অবিচারক। ইনি যখন আমার এত বড় চেষ্টার মূল্য কিছুই বুঝিলেন না, তখন আর ইঁহার আনুগত্য করিব না।

আবার অনেকে এরূপ আছে যে, যদি শ্রীগুরুবৈষ্ণব কৃপা করিয়া তাহাদের দেওয়া কোন জিনিষ গ্রহণ করেন, তাহা হইলে তাহাদের মন দম্ভে পরিপূর্ণ হইয়া উঠে। আমি কত সেবাপর, কত বাহাদুর, কেন না গুরুদেব কাহারও দ্রব্য গ্রহণ করেন না, অথচ আমার জিনিষটী গ্রহণ করিয়াছেন—ব্যক্ত বা অব্যক্তভাবে তাহারা এইভাবে গর্ব্ব করিয়া থাকে। এই উভয়প্রকার বিচারই অমঙ্গলজনক।

সর্ব্বদা মনে রাখিতে হইবে—শ্রীল প্রভুপাদের মিশন ও শ্রীল প্রভুপাদ অভিন্ন। শ্রীগুরুদেবের সর্ব্বাপেক্ষা অন্তরঙ্গ সেবা-জ্ঞানে মিশনের সেবায় কায়মনোবাক্য সমর্পণ করিতে হইবে। নির্জ্জন-ভজন বা বৈরাগ্যের প্রতি আগ্রহবিশিষ্ট হইয়া মিশনের সেবায় উদাসীন হইলে কোন মঙ্গল হইবে না। সকলের যাহাতে উপকার হয়, সেদিকে বিশেষ দৃষ্টি রাখিতে হইবে। বৈষ্ণবের সেবা ব্যতীত কৃষ্ণসেবা হয় না। সেই বৈষ্ণবসেবার সুযোগ দিবার জন্যই মিশন। বৈষ্ণবঠাকুর যখন কাহারও সেবা গ্রহণ করেন, তখন তাহার প্রতি করুণা করিতেছেন, ইহা আন্তরিকভাবে উপলব্ধি করিয়া বৈষ্ণবসেবায় যত্নবান্ হইতে হইবে। মিশনের অন্তর্ভুক্ত প্রত্যেক ব্যক্তি যাহাতে হরিভজনের পূর্ণ সুযোগ পান, সেজন্য চেষ্টা করিতে হইবে। নিজের ভজনসুখের দিকে না তাকাইয়াও জীবে দয়া করিতে হইবে; তাহা হইলেই শ্রীনিত্যানন্দের কৃপা পাওয়া যাইবে। অনর্থগ্রস্ত অবস্থায় নির্জ্জন ভজনের ছলনা করিলে শ্রীনিত্যানন্দ তাহার প্রতি বিমুখ হইয়া যাইবেন।

আমরা যেন এরূপ কথা কখনও মনে না করি যে, শ্রীল আচার্য্যদেব মিশনের সম্পর্ক ত্যাগ করিয়া নির্জ্জন-ভজনে নিযুক্ত আছেন, সুতরাং আমরাও মিশনের সেবায় উদাসীন হইয়া নির্জ্জন-ভজনে লাগিয়া যাই। শ্রীল আচার্য্যদেব শ্রীল প্রভুপাদের মিশন কখনও পরিত্যাগ করিতে পারেন না। তিনি যদি মিশনের সকল সম্পর্ক পরিত্যাগ করিতেন, তাহা হইলে তাঁহার প্রত্যেক পত্রে কি করিলে মিশনের সেবা অক্ষুণ্ণ থাকিবে, কি করিলে মিশন রক্ষা পাইবে, সে সম্বন্ধে শত শত উপদেশ প্রদান করিতেন না। তাহা হইলে তিনি আমাদিগকেও তাঁহার নিকট ডাকিয়া লইতেন, যাহাতে মঠমন্দিরাদি সর্ব্বক্ষণ শ্রীনামে মুখরিত থাকে, তজ্জন্য যত্ন ও চেষ্টা করিতে আদেশ দিতেন না। তাঁহারই আদেশে আমরা সকলের উপকার করিবার ক্ষীণ প্রয়াস করিতেছি। শ্রীল আচার্য্যদেব মিশন ত্যাগ করেন নাই বা কোন দিন করিবেন না; তবে আমরা যদি সেবা ছাড়িয়া স্বতন্ত্রতা অবলম্বন করি, তাহা হইলে তিনি আমাদিগকে পরিবর্জ্জন করিবেন, ইহা ধ্রুব সত্য।

লক্ষ্ণৌতে প্রচার

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা লক্ষ্ণৌ শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ গত ১৭ই জানুয়ারী অপরাহ্ণ ৩॥০ ঘটিকার সময় শ্রীযুক্ত অবধচন্দ্র রায় মহোদয়ের সাদর আহ্বানে তাঁহার গৃহে উপস্থিত হন। সেবকবৃন্দ তাঁহার ভবনে প্রায় ১॥০ ঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন করেন।

গত ১৮ই জানুয়ারী শ্রীপাদ সেবানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু রায়সাহেব শ্রীযুক্ত কে, এন, চৌধুরী মহোদয়ের সহিত সাক্ষাৎ করিয়া সমগ্র বিশ্বে শ্রীমন্মহাপ্রভুর দানের বৈশিষ্ট্য সম্বন্ধে অনেকক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করেন। তৎপর দিবস ভক্তিশাস্ত্রীজী শ্রীযুত বি, এন ভার্গব, শ্রীযুত পি, সি, মুখার্জি বি-এস্-সি, শ্রীযুত জে, এন, কপূর প্রভৃতি সম্ভ্রান্ত ব্যক্তিগণের সহিত সাক্ষাৎ করিয়া শ্রীগৌড়ীয়মঠের প্রচার-বৈশিষ্ট্য, মানবজীবনেই হরিভজনের একমাত্র সুযোগ এবং ইহজীবনের ক্ষণভঙ্গুরতা সম্বন্ধে হরিকথা কীর্ত্তন করেন। লক্ষ্ণৌএর সম্ভ্রান্ত ব্যক্তিগণ মঠের সেবকগণের মুখে শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ ও হরিকথা-শ্রবণের অত্যন্ত আগ্রহ প্রকাশ করেন।

কর্ত্তা হর্ত্তা রক্ষিতা সবার নারায়ণ। নিঃসন্দেহে ভজ গিয়া তাঁহার চরণ।

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে স্বদেশ তথা বিদেশের সমাজসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনীষী সত্যানুসন্ধিৎসুগণ যে সমস্ত প্রশ্ন করিয়াছিলেন, তাঁহার শুদ্ধভক্তিসিদ্ধান্তপূর্ণ সদুত্তরসমূহ এই গ্রন্থে গ্রথিত হইয়াছে। শ্রীশ্রীরূপ রঘুনাথানুগসিদ্ধান্তস্থাপনে ও অপসিদ্ধান্তখণ্ডনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণ-স্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

অণুভাষ্যম্

চতুঃঅধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'অণুভাষ্য' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য সহ মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ। ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা, বিস্তৃত আলোচনা, ভূমিকা ও সূচীসহ অপূর্ব্ব সর্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয়-মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
শ্রীযুক্ত সুধাংশুরঞ্জন নাথ এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—প্রথম ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৭৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাগবত বিভাষা শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৩০৲
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৷০
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। দৈববর্ণ ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। বৈষ্ণবোপনিষৎ ৷০
১৮। ব্রাহ্মণ-আচার্য্য ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৵০
২২ ভজন রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) অবাঁধা)
২৬ গীতার কেবল মায়া-ভাষ্য
২৭ দুর্জ্জনাদিকা অপসৌরভম্ (সানুবাদ) ২৲
২৮ বেদান্তসার (সানুবাদ) ৷০
২৯ প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০ দীপ-বিশ -দর্শন ৵০
৩১ সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩ নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫ গীতমালা ⁄১০
৩৬ নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ⁄১০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷০
৪৩। সাধনতত্ত্ব
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)
৪৯। অর্চ্চনকথা
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড)
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৹
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৹
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণবেদ ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৹
৬০। সাংখ্যবাণী ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২ সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। নবীন-শিক্ষাদশমূলম্ ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ⁄০
৬৭। সারাংশবর্দ্ধন ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। বাবতত্ত্ব ⁄০
৭১। বেদান্ত—ইটস মরফলজী অ্যাণ্ড অন্টোলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম ৷০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ⁄০
৭৬। দি ভাগবত
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনয়ালয়েড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা ৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু ⁄১০
৮৩। গীতাবলী ⁄১০
৮৪। শরণাগতি ৵০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৸০

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শুদ্ধভক্তি-মঠসমূহ

(শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅপবর্গ ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩১১০
সেবক—শ্রীনরহরিদাস ভক্তিশাস্ত্রী বি-এল্

(৩) শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগুরুবিলাস ভক্তিশাস্ত্রী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভগবানদাস ব্রজবাসী

(৭) কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীযজ্ঞনন্দন ব্রহ্মচারী

(৮) অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনঙ্গদাস ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশ্রীধর দাস অধিকারী

(১৩) রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গোদ্রুমপুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি - (শ্রীবাসদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীসুন্দরকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক- শ্রীমধুসূদন সেবাবিলাস

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়ি, (নদীয়া)
সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট
চাকদহপল্লি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীরবিকিশোর ব্রজবাসী

(২১) শ্রীরাধাঘাট গৌড়ীয়মঠ লয়
সেবক—শ্রীরাধাচরণ ব্রহ্মচারী

(২২) পুড়া গৌড়ীয়মঠ
চাকদহ নদীয়া
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) শ্রীমাধবগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারী, ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালজীমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রীহরিদাস ব্রজবাসী

(২৫) গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রদাস অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ
সূত্রাপুর, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীবিশ্বম্ভরানন্দ বিদ্যারত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া। আসাম।
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ আসাম।
সেবক—শ্রীতারতোষণ দাসাধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাঝোরা, দার্জ্জিলিং
সেবক—শ্রীমদনমোহন ব্রজবাসী

(৩০) সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ চারঘাট, জঃ সাতক্ষীরা, চট্ট. পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাহাড় গৌড়ীয়মঠ
মীরাপুর পাহাড়।
সেবক—শ্রীনিখিলপ্রভু দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
ফল্গু রোড, গয়া
সেবক—শ্রীঅনুপমানন্দ দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতন গৌড়ীয় মঠ
৮।১১ বড় শহরতলী, এলাহাবাদ সিটি
সেবক—শ্রীজয়দেব ব্রহ্মচারী

(৩৪) শ্রীকৃষ্ণ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

৩৫) পুরুষোত্তম মঠ,
পোঃ বিষ্ণুপুর, শ্রীক্ষেত্র চট্ট. পি)
শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

৩৭ । শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
বৃন্দাবন, শ্রীধাম বৃন্দাবন মথুরা
সেবক—শ্রীনীলমোহন ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীবনমালী দাসাধিকারী

(৩৯) ব্রজস্বানন্দ সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রীকৃষ্ণদাস দাসাধিকারী

(৪১) রাধাকুণ্ড, আগরতলী
সেবক—শ্রীরামচরণ ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীবিনোদিনী দাস

(৪৩) সংকেত বিহারী মঠ
নন্দগ্রাম, মথুরা।
সেবক—শ্রীরাধাচরণ দাস

(৪৪) গোবিন্দবিহারী মঠ—সেবাশ্রমী
পোঃ তেজপুর, জেলা দরং, আসাম
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

৪৫ । ব্যাস গৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
সেবক —শ্রীবিশ্বপাবন ব্রহ্মচারী

(৪৬ । দিল্লী গৌড়ীয় মঠ
১৩নং কুতুব রোড দিল্লী
সেবক— শ্রীমধুসূদন ভক্তিশাস্ত্রী

(৪৭ । কাশী গৌড়ীয়মঠ
গোধূলিয়া রোড , বেনারস
জং রোড ২৬
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৪৮) কামাখ্যা গৌড়ীয়মঠ
পোঃ কামাখ্যা আসাম
সেবক – শ্রীরেবতীরমণ ব্রহ্মচারী

(৪৯) বৃন্দাবন গৌড়ীয়মঠ
পোঃ কটক, পুরী রোড, বাজার
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

৫০ । প্রকাশ গৌড়ীয়মঠ
আলালনাথ পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীগদাধর দাস অধিকারী

৫১ । পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত পোঃ পুরী উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

৫২ । [illegible]
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী
৫৩ সাক্ষীগোপাল
সেবক—শ্রীরঘুনাথ দাসাধিকারী

(৫৪) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর পুরী
সেবক শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ
বালেশ্বর, পোঃ বালেশ্বর (উড়িষ্যা)
সেবক—শ্রীআনন্দ দাসাধিকারী

(৫৬) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

৫৭) শ্রীব্রহ্মগৌড়ীয়-প্রকাশ-মঠ
পোঃ ব্রহ্মকুণ্ড, মাদ্রাজ
সেবক—শ্রীবলরাম ব্রহ্মচারী

(৫৮) কাবুর গৌড়ীয় মঠ
চিতলিয়া, পোঃ লক্ষ্মীপুর, মেদিনীপুর
সেবক শ্রীদীনহীন দাসাধিকারী

(৫৯) কাশীর গৌড়ীয়মঠ
পোঃ কাশী, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ দাসাধিকারী

৬০) কাঁথি গৌড়ীয় প্রপন্নাশ্রম
পোঃ কাঁথি (বর্দ্ধমান)
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

৬১ । চৈতন্য গৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ [illegible] (মাদ্রাজ
সেবক শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী

৬২ । রেঙ্গুন গৌড়ীয়মঠ
৭০১ নং স্ট্রীট, রেঙ্গুন।
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

(৬৩) লণ্ডন গৌড়ীয়মঠ
প্লাট নং ২
৫১, [illegible]
[illegible], লণ্ডন, ইং ৫
সেবক—স্বামী বিনোদবাণী দাস

৬৪। গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ অফিস
আলিপুর, ঢাকা (চট্ট-পি)
সেবক শ্রীসেবানন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিজ্ঞানবিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
[illegible]পুর (পঞ্জাব)
সেবক—শ্রীবিলাসানন্দ দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
সিতাপুর (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোর ভক্তিভূষণ অধিকারী

(৭১) গ্রন্থাগার
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রীঋষিকেশ ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীতারকব্রহ্ম ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

-প্রকাশ-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৴০	।০
" " ইঞ্চি	২৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৩৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	২।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক "	৩৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা [illegible] বিশেষ সংখ্যার মূল্য [illegible]।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গবেষণাপূর্ণ আলোচনা-গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিপূর্ণ বারটী অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিলাসসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

নবযুগ প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ [illegible], ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ভাবের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন তাহা এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—নবযুগ প্রিন্টিং ওয়ার্কস, পোঃ [illegible], [illegible], ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

বিশ্লেষক সুযুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ, ইহাতে পদার্থজ্ঞানক্রমে [illegible] মানবগণের সম্প্রদায়, সমন্বয়, [illegible], [illegible], [illegible] প্রভৃতি সম্বন্ধে সাম্প্রদায়িকতা-নিরসনমূলক যৌক্তিক ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবজাতির সাধারণ [illegible], ভক্তিমূলক সংসিদ্ধান্তসকল প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—নবযুগ প্রিন্টিং ওয়ার্কস, পোঃ [illegible], ঢাকা

অথবা

শ্রীগোপীনাথ [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌স্টিটিউট"—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

[illegible]—[illegible] বিদ্যালয় ও বোর্ডিং এর [illegible]। শিক্ষকগণ অভিজ্ঞ ও [illegible]। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তিলাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌স্টিটিউট শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা [illegible] আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু সম্বন্ধে [illegible] চরিত্র [illegible] সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ [illegible] শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৫৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত [illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ [illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যাভূষণ মহামহোপদেশক অধ্যাপক শ্রীল [illegible] ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় [illegible] শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব [illegible] সংস্করণ প্রকাশ করিয়া গীতার আদর্শ [illegible] প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অপূর্ব্ব। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক [illegible] গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে [illegible] অন্বয় ও [illegible] শ্রীল [illegible] শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর কৃত সারার্থবর্ষিণী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, [illegible] প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। [illegible] আকারে প্রায় [illegible] পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান- শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ [illegible] শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রয়োজনমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা দেড় টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ গ্রন্থপাত্র বিবরণ-নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী সম্বলিত গৌড়ীয়মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা গুরুবৈষ্ণবগণের একটি অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে মুদ্রিত।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত সরলাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা। ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল, পুরাণাপল্টন, পোঃ রমণা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৩৬	৬-২১	৭ ১৪	১১-৬	১৩-১৬	১৬-৫৬	১৭-৫৬	২২ ৫
রাণাঘাট	৪-৫৬	৬-৩১	৭-২৮	১০-১৮	১৩-৫০			২২
রাণাঘাট পৌঃ	৬-১৭	৮ ১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-৫৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৯	১২-৩৯	১৫-৫	১৮-৪৯	১৯-৪০	২-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১৩-১৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-৫১

(বদল) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৮	১০-১১	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
রাণাঘাট..	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬ ১	৮-৬	১১-৪	১৩-৯২	১৬-৮	১৮-৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮-৫৩	১১-৪৭	১৫-১০	১৬ ৫৭	১৯-২২	২০-৪৬	২-৩১
রাণাঘাট পৌঃ	৭ ৪৫	৯-২৫	১২ ২৭	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১ ১৯	৪-১০
(বদল) ছাঃ	৭-৫৩	৯ ৩০	১২-৩৬	৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৫	৪-১৮
রাণাঘাট		১১-৮		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২৩-৭	
কলিকাতা পৌঃ	৯ ২১	১১ ২০	১৪ ১৬	১৭ ৪৬	২১-৪০	২৩ ১৫	৬ ১৬	

"অমৃতবটী"

(ভারত-সরকারের দ্বারা রেজেষ্টারীকৃত)

গরীবদিগের শরীর নীরোগকারী আসল গৃহচিকিৎসক

ছোট, বড়, কঠিন, নূতন, পুরাতন—সব রকম রোগের মূল উৎপাটন করিয়া স্বাস্থ্যসম্পন্ন করে; পায়খানা পরিষ্কার করে; পেটের লিভার ঠিক করে; অম্বল হজম করিয়া নূতন পরিষ্কার রক্ত সঞ্চার করে; ধাতুপুষ্টি সাধন করে; বল, বীর্য্য, কান্তি আনয়ন করে; পুরাতন জ্বর ম্যালেরিয়া, নূতন ও পুরাতন spleen, খারাপ জ্বর, নিমোনিয়া, প্লেগ, বসন্ত, পেটের হজম ও দাস্ত পরিষ্কার না হওয়া, কোষ্ঠ-কাঠিন্য, অর্শ, হাঁপানী প্রভৃতি রোগে আশু ফলপ্রদ।

সুস্থ অবস্থায় সেবন করিলে ম্যালেরিয়া ইত্যাদি কোনপ্রকার রোগ হয় না। নবপ্রসূত শিশুকে ইহা খাওয়াইলে সকলপ্রকার রোগ হইতে মুক্ত থাকিবে ও সর্ব্বক্ষণ শরীর নীরোগ থাকিবে।

দাম—১শিশি (৩২ বটী)—১৲ ডাক্তার

একত্রে ১০০ বটী—৩৲ বৈদ্যনাথ

(চারি আনার টিকেট পাঠাইয়া নমুনা আনাইয়া দেখুন)

"জনসে-সুটীভবন"

যোগাভ্যাসী মনোমোহন প্যারে বৈদ্য, প্রধান চিকিৎসক, স্থাপক ও অধ্যক্ষ। জেনারেল ম্যানেজার ও এসিস্টেন্ট চিকিৎসক—ব্রহ্মচারী পণ্ডিত গোপালকৃষ্ণ পাণ্ডে

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———::•::———

১। শ্রীনবদ্বীপপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এইস্থান হইতে একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" নিত্য ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

২৪৪ কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর গোয়াড়ীতে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় ... অত্যন্ত আবশ্যক। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা? ছোট বোতল ৷৷০ দশ আনা বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র

—১১নং, উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

শাখা—খোলা, ৬৪ পরগণা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

REGD NO.

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ } ২২ মাধব ৪৫৪ গৌরাব্দ ২২শে মাঘ বঙ্গাব্দ ১৩৪৭, ৪ঠা ফেব্রুয়ারী ইং ১৯৪১, মঙ্গলবার { ২৭৫ ৭৬তম সংখ্যা

শ্রীগৌড়ীয়মঠ-প্রকাশিত শ্রীভক্তি-বিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীমদ্ভগবদ্গীতার ভাষ্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দরভাবে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৸০ আনা

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ আনা

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ধামে শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর আবির্ভাব-মহোৎসব

গত ১লা ফেব্রুয়ারী শনিবার শ্রীগৌর-আবির্ভাব-ভূমি শ্রীধাম-মায়াপুরস্থ শ্রীযোগপীঠে পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে ও গৌড়ীয়দিগের ভক্তিবিনোদ—শ্রীবিনোদ সাক্ষাৎ প্রেমভক্তি-স্বরূপিণী শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর আবির্ভাব মহোৎসব বিরাট ভক্তসংকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে। আবির্ভাব উৎসবের অধিবাস-দিবস সন্ধ্যারাত্রিকান্তে শুক্লবৈষ্ণব-মেলা, পঞ্চতত্ত্ব, মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনের পর উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্যপুরাণ-ভাগবতার্থ, ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীমুখবিগলিত বিদ্যা ও অবিদ্যা এবং শ্রীবিষ্ণুপ্রিয়াতত্ত্বের কথা গৌড়ীয় হইতে কিছুক্ষণ পাঠ করিয়া শ্রীচৈতন্যভাগবত পাঠ করেন। পাঠের পর মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

উৎসব-দিবস ভক্তগণ শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের বিপুল জয়ধ্বনিসহকারে কীর্ত্তনমুখে মঙ্গলারাত্রিক সমাপন করেন। অনন্তর শুক্লবৈষ্ণব-মেলাতে শ্রীযোগপীঠের একনিষ্ঠ সেবক শ্রীপাদ ভক্তিবিনোদ দাসাধিকারী প্রভু শ্রীচৈতন্য-ভাগবত পাঠ ও ব্যাখ্যা করিলে পর ভক্তগণ বিচিত্রবর্ণের পতাকা, খোল, করতাল, শঙ্খ, ঘণ্টা প্রভৃতি বিবিধ বাদ্যসহ উচ্চসংকীর্ত্তন করিতে করিতে শ্রীমায়াপুর পরিক্রমা করিয়া শ্রীযোগপীঠে প্রত্যাবর্ত্তন করেন। অপরাহ্নে তথায় একটী বক্তৃতা সভার অধিবেশন হইলে পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীভক্তিরত্নাকর গ্রন্থ হইতে শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর কৃপার কথা অনেকক্ষণ যাবৎ কীর্ত্তন করেন। ভোগারাত্রিকের পর প্রায় দুইশত ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

অপরাহ্নেও ভক্তগণ ইষ্টগোষ্ঠীমুখে হরিকথা আলোচনা করেন। সন্ধ্যারাত্রিকের পর মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু প্রায় একঘণ্টাকাল হরিকথা কীর্ত্তন করেন। এতদ্ব্যতীত শ্রীধামস্থ অন্যান্য মঠেও শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর কথা আলোচিত হয়।

ভক্তবর্গের কৃপা ও সেবকগণের আন্তরিক যত্নাগ্রহ ও সেবা চেষ্টায় উৎসবটী সাফল্যমণ্ডিত হইয়াছে দেখিয়া সকলেই আনন্দিত।

অন্যোন্যর মধ্যে শ্রীপাদ শচীনন্দন ভক্তিপ্রমোদ, শ্রীপাদ কিশোরীমোহন ভক্তিবান্ধব বি এল, হেডমাষ্টার; মহোপদেশক শ্রীপাদ জীবনকৃষ্ণ দাসাধিকারী ভক্তিবিশারদ, অবসরপ্রাপ্ত সুপারিন্টেণ্ডিং ইঞ্জিনিয়ার; শ্রীপাদ অবধূতবন্ধু দাসাধিকারী ভক্তিশাস্ত্রী বি-এল, দৈনিক-নদীয়া-প্রকাশের সম্পাদক শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ জগন্মোহন ভক্তিবান্ধব বি এ, মহোপদেশক শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার, শ্রীপাদ অখিলবন্ধু ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ উদ্ধব-নীলমণি ভক্তিশাস্ত্রী বি-এ, শ্রীপাদ অনুভবানন্দ সেবাবিলাস, ভক্তিশাস্ত্রী প্রমুখ বহু ভক্ত উৎসবে যোগদান করিয়াছিলেন।

শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াদেবী গৌরসুন্দরের গৃহিণী। তাঁহার কৃপা ও অনুগতজনের সৌভাগ্য হইলে জীবের সংসার বাসনা দূর হইয়া গৌরসুন্দরে প্রবেশাধিকার লাভ হয়। ভূ-শক্তিস্বরূপিণী শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী শ্রীগৌরনারায়ণের অপ্রাকৃত বৈভবশক্তি। শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী—আচার্য্যা। তাঁহার কৃপায় লেশমাত্র লাভ হইলে জীব কৃতার্থ হইতে পারে, তাঁহার নামভজনে নিষ্ঠা বর্দ্ধিত হয়। শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী শ্রীগৌরসুন্দরের বিপ্রলম্ভ লীলায় নাম-ভজন-শিক্ষাদাত্রী আদর্শ আচার্য্যা। শাস্ত্রে শুনা যায়, শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী তণ্ডুলে সংখ্যা রাখিয়া নামগ্রহণ করিতেন এবং সংখ্যা রাখিতে গিয়া যে কয়টী তণ্ডুল হইত, তাহা রন্ধন করিয়া মহাপ্রভুকে ভোগ দিয়া তাহার কিয়দংশ প্রসাদ মাত্র গ্রহণ করিতেন। প্রসাদ-গ্রহণকালেও তিনি বিপ্রলম্ভের সহিত নামগ্রহণ করিতেন। এইরূপে তাঁহার দিবারাত্রি নামভজনে অতিবাহিত হইত। শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী শুদ্ধা সরস্বতী। বৈধমার্গে গৌরভক্তগণ শ্রীগৌরনারায়ণ ও শ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর অর্চ্চন করিয়া থাকেন। অদ্যাপি শ্রীধামমায়াপুরে শ্রীযোগপীঠে তদ্ভাবে শ্রীগৌরবিষ্ণুপ্রিয়াদেবীর অর্চ্চন হইতেছে। ভজনমার্গে শ্রীগৌরগদাধর ও অর্চ্চনমার্গে শ্রীগৌরবিষ্ণুপ্রিয়া পূজিত হন।

ব্রহ্মদেশে প্রচার

আকিয়াবস্থ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা রেঙ্গুন শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে ও কৃপাশীর্ব্বাদে ব্রহ্মদেশের বিভিন্ন স্থানে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের বাণী প্রচার করিতেছেন।

গত ১৫ই জানুয়ারী মঠসেবকবৃন্দ চাঙ্গমা নিবাসী শ্রীযুক্ত বি, সি, লাহিড়ী মহোদয়ের ভবনে উপস্থিত হইয়া শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। তৎপর দিবস শ্রীযুক্ত হিমাংশুবিমল রায় চৌধুরী মহোদয়ের গৃহে শ্রীমদ্ভাগবত হইতে শ্রীঅজামিল-উপাখ্যান পাঠ হয়। পাঠের পর মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ১৮ই জানুয়ারী সেবকবৃন্দ নিম্ন ব্রহ্মদেশের সমুদ্রতটবর্ত্তী পিয়াপোন বন্দরে উপস্থিত হন। তাঁহারা ঐ দিবস রাত্রে স্থানীয় অ্যাডভোকেট শ্রীযুক্ত নিশিকান্ত রায় চৌধুরী মহোদয়ের ভবনে ছায়াচিত্রযোগে শ্রীকৃষ্ণলীলা প্রদর্শন করেন। সভায় বহু লোক উপস্থিত ছিলেন। তন্মধ্যে ডাঃ এস, সি, দে; ডাঃ মাতুল চন্দ্র দত্ত, মিঃ এস, এন, মুখার্জ্জি, উকিল, মিঃ প, এন, ব্যানার্জ্জি উকিল, এ, এন, বসু, উকিল, মিঃ পি. সি, চ্যাটার্জ্জি, উকিল, মিঃ বীরেন্দ্রনাথ রক্ষিত, এডভোকেট, মিঃ ইন্দুভূষণ চক্রবর্ত্তী, ডাঃ এস, আর, কে, শীল, মিঃ ধীরেন্দ্রনাথ দাস, মিঃ ডি, আর, কে, স্বামী ও মিঃ মানিকলাল প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য।

"প্রত্যেক মুহূর্ত্ত যেন বৃথা বাহিত না হ'য়ে আশ্রয়বিগ্রহ ও আশ্রয় বিগ্রহের নিষ্কপট সেবকগণের সঙ্গে তাঁ'দের সেবায় যাপিত হয় তজ্জন্য সর্ব্বদা সতর্ক থাকা উচিত। তাঁ'দের কৃপা হ'লে তাঁ'দের প্রাণাপেক্ষা দয়িত বিষয়-বিগ্রহের সেবালাভ করবার সৌভাগ্য হ'বে।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২২ মাঘব ·যাপু প্রদ্যুম্ন ·গৌরাব্দ ৪৪৩

শ্রীনাম

এই প্রপঞ্চে জীবগণ ইন্দ্রিয়ের সাহায্যে জ্ঞান সংগ্রহ করিয়া কর্ম্ম জগতে ভ্রমণ করেন। তাদের জ্ঞানেন্দ্রিয়ে চক্ষু, কর্ণ, নাসা, জিহ্বা ও ত্বক্ দ্বারা রূপ, শব্দ, গন্ধ, রস ও স্পর্শ এই পাঁচটী বিষয় ধারণা করেন। ইন্দ্রিয়জ জ্ঞানে আত্মানাত্ম বিষয়গুলির যোগ্যতা গৃহীত হয় না। স্থূল বস্তুর তাৎপর্য্য ইন্দ্রিয়জ-জ্ঞানের আধারে সংগৃহীত হইয়া চেতনের সান্নিধ্যলাভ করেন। প্রকৃতপ্রস্তাবে রূপ, রস, গন্ধ, শব্দ ও স্পর্শ প্রভৃতি বিষয় চেতনের সান্নিধ্যলাভ করিবার যোগ্য হইলেও চেতনের যে অংশ নশ্বর প্রপাঞ্চিক বিষয়গ্রহণে সমর্থ অর্থাৎ অচিৎএর অভিভাবক সূত্রে যে সমস্ত নশ্বরভাব ধারণা করে, তাহা চিদাভাস 'চিত্ত' এবং স্থূলভাবে সেই বস্তুই 'মন'রূপে নির্দ্দিষ্ট হয়। মন, বুদ্ধি বা অহঙ্কার চিদাভাস হইলেও তাহাদের সহিত অচিৎএর সম্বন্ধ আছে, কিন্তু সেই সকল আবরণাবরর্জ্জিত নিরুপাধিক চেতন বস্তুই জীব পদবাচ্য। সেই জীব—পূর্ণ চিদ্বস্তুর অংশবিশেষ বা খণ্ডাংশবিশেষ। বহিঃপ্রজ্ঞা-চালনা করে বাহ্য জগতের নাম, রূপ, গুণ, ক্রিয়া ও বস্তু—একই বস্তুর উদ্দেশ্যে বিভিন্ন পরিচয়মাত্র। জাগতিক নশ্বর ভোগ্য ব্যাপারসমূহ মনের অধীনে সম্বন্ধবিশিষ্ট হয়। সম্বন্ধের প্রথম সোপানে নাম বা সংজ্ঞা,সংজ্ঞা দ্বারা সংজ্ঞিত বস্তুর আহ্বান, অপর চারিটী ইন্দ্রিয় দ্বারা এবং ইন্দ্রিয়সমষ্টি দ্বারা সমন্বিত হইলে তাহাই 'সত্তা'রূপে প্রতিভাত হয়। পরিমেয় জগতে পরিচ্ছিন্ন ধর্ম্ম বর্ত্তমান থাকায়, ইন্দ্রিয়জ-জ্ঞান জড়ভিত্তিক ব্যাপার আবৃত করিতে অসমর্থ। মায়িক জগতে বস্তুবিষয়ক জ্ঞান প্রথমেই নাম বা সংজ্ঞা দ্বারা পরিচয় লাভ করে, কিন্তু বৈকুণ্ঠ-নাম —প্রাকৃত বা মায়িক নাম হইতে সম্পূর্ণ স্বতন্ত্র-ধর্ম্মবিশিষ্ট। মায়িক বা প্রাকৃত নামমাত্রেই যে বস্তুকে নির্দ্দেশ করে, তাহা জীবের অপর ইন্দ্রিয়জ-জ্ঞান দ্বারা সমর্থিত কিন্তু প্রকৃতির অতীত রাজ্যের নাম দ্বারা উদ্দিষ্ট বস্তু মায়িক বস্তুর ন্যায় ভোগ্যরূপে পরিগত হইবার অযোগ্য। তজ্জন্য বৈকুণ্ঠবস্তুকেই 'অধোক্ষজ' বলা হয়। অক্ষজ-ধারণার দ্বারা কিছু পরিজ্ঞাত হওয়া যায়, উহা 'অধোক্ষজ' সংজ্ঞালাভের অযোগ্য; আবার অধোক্ষজবস্তু বৈকুণ্ঠ হওয়ায় উহা পরিমেয় জগতের বস্তুবিশেষ হইতে পারে না। তজ্জন্য শাস্ত্র বলেন,—

"নাম চিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্যরসবিগ্রহঃ।
পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তোঽভিন্নত্বা-
ন্নামনামিনোঃ॥"

যাহারা বৈকুণ্ঠ-বস্তুকে প্রাপঞ্চিকজ্ঞানে জ্ঞাত হইবার যোগ্য জ্ঞান করেন তাহারাই 'ভক্তি' ও 'জ্ঞান' এই শব্দদ্বয়ের তাৎপর্য্য বুঝিতে অনভিজ্ঞ। নাম এবং নামী—বৈকুণ্ঠ-ব্যাপারে অভিন্ন'বস্তু প্রপঞ্চে নামের সহিত নামীর ভেদ আছে, এই জন্যই অচিজ্জগৎকে—'ভেদ জগৎ' এবং চিজ্জগৎকে 'অভেদ জগৎ' বলা হয়। চিন্ময় অধোক্ষজ জগতে যে বিচিত্রতা আছে, তাহাতে ভেদের বোধ সংঘটিত করিতে পারা যায় না। তথায় নাম এবং নামী অভিন্ন বলিয়া চিন্ময় নামের সহিত চিন্ময় রূপের ভেদ নাই, চিন্ময় গুণের ভেদ-নাই, চিন্ময় পরিকর-বৈশিষ্ট্যের ভেদ নাই, চিন্ময়ী লীলায় ভেদ নাই। অচিজ্জগতেই পরস্পর ভেদ ও ভেদতা বর্ত্তমান; যেহেতু বৈকুণ্ঠ-নামীর অপূর্ব্ব বিচিত্রতা সত্ত্বেও অভেদের অভেদতা ও ভেদের ভেদতা অথবা অচিৎ অভেদের ভেদতা ও চিন্ময় ভেদের অভেদতা অবস্থিত, তাহাতে বৈকুণ্ঠ-নাম ভোগ্য জগতের বস্তুনির্দ্দেশক সংজ্ঞার সহিত 'এক' হইতে পারে না; তজ্জন্য নিত্য, শুদ্ধ, পূর্ণ ও মুক্ত চৈতন্যরসবিগ্রহ চিন্তামণি বস্তুই বৈকুণ্ঠ-নাম। জীবের বৈকুণ্ঠ প্রতীতির অভাবদর্শনে পরমকৃপাবশে জগতে বৈকুণ্ঠ-নাম অবতীর্ণ হন এবং উপাধির বিনির্ম্মুক্ত চিন্ময় জীবই সেই বৈকুণ্ঠ নামের সহিত সম্বন্ধ বিশিষ্ট হইতে সর্ব্বতোভাবে যোগ্য। দুঃসঙ্গে আত্মীয়বোধহেতু জীবের হরিবিমুখতা বা তদসেবাবৈমুখ্য উপাধিক ও 'সহজ' বলিয়া বিবর্ত্তবুদ্ধি হইতেছে, কিন্তু প্রকৃতপ্রস্তাবে অনাত্ম-মনোকার্য্যের সঙ্গ হইতে বিচ্ছিন্ন শুদ্ধ জীবাত্মা আত্মবিদের সঙ্গপ্রভাবেই স্বীয় স্বরূপের উপলব্ধি করিতে পারেন।

বৈকুণ্ঠনাম এবং মায়িক নামের মধ্যে তটস্থ জীবের একটী তটস্থভাব আছে। বৈকুণ্ঠনামের আভাস—মধ্যবর্ত্তী স্থানে অবস্থিত। একদিকে অপরাধ, অপরদিকে পূর্ণ বিশুদ্ধ, মধ্যস্থিতভাবে অপরাধ-নির্ম্মুক্তিরূপ নামাভাস অর্থাৎ একদিকে 'নাম', অপরদিকে নামাপরাধ মধ্যে নামাভাস। নামের সেবা করিতে গিয়া প্রপঞ্চে যা ইতরযোগে নামাপরাধ এবং উহার ও পর যোগের মধ্যবর্ত্তিস্থানে নামাভাস এবং বৈকুণ্ঠে নাম অবস্থিত। নামাপরাধ—নামসেবা নহে, নামাভাস নামসেবা নহে, নামের সেবাও অপরাধ বা অবৈহিত আভাসমাত্র নহে। প্রপঞ্চে অপরাধযুক্ত জীবগণ অপরাধকেই নামসেবা বলিয়া ভ্রান্ত হয়। নামাপরাধের অভাব হইলে নামাভাস হয়, কিন্তু নামাভাসের পরম যে পরব্যোমস্থ'যে নামসেবা অবস্থিত। অতএব আমরা নামসাধন করিতে গিয়া তিনটী বৈশিষ্ট্য লক্ষ্য করি। "নিরপরাধে নাম লৈলে পায় প্রেমধন"—এই শ্রৌতবাণী হইতে জানা যায় যে, অনর্থযুক্ত অবস্থায় নামাভাস বা নামের অবস্থিতি নাই। অপরাধযুক্ত অবস্থায় এবং নামভজনে যোগ্যতাভাবাপন্ন সম্বন্ধজ্ঞানাভাবে যে নামোচ্চারণ, তাহাই নামাভাস শব্দে উদ্দিষ্ট হয়। নামাপরাধ-ফলে ত্রৈবর্গিক ফলপ্রাপ্তি বা ফলের অপ্রাপ্তিরূপ ভুক্তফল লাভ করা যায়।

প্রাপঞ্চিক জীবের ভোগময় অবস্থানে অর্থাৎ বদ্ধাবস্থায় নামগ্রহণ-যোগ্যতা হয় না; নামাভাস করিবার যোগ্যতায়. অপরাধ হয় না। এইজন্যই শ্রীল বিশ্বনাথচক্রবর্ত্তী ঠাকুর বলেন,—বৈকুণ্ঠনাম সর্ব্বাগ্রে উচ্চারিত হইবামাত্রেই সকল পাপ বিনষ্ট হয় এবং সর্ব্বপাপের প্রায়শ্চিত্ত সাধিত হয়। তাহার পর নামগ্রহণে প্রেমোদয় হয়। নামে নয়ের পূর্ব্বে নামাভাস হয় অর্থাৎ নামাভাসের পরে নামোদয় হয়, তবে যে নামাভাস হইবার পর জাগতিক দর্শনে মুক্তপুরুষের চরিত্রে বহুভাব প্রাপঞ্চিক নয়নে দৃষ্ট হয়, তাহা বাস্তব নহে, উহা ভক্তির পরিপোষক। উঃ মুক্ত পুরুষের চরিত্রে যখন প্রতিভাত হইতেছে, তখন তাহাকে অপরাধের ফল বলিয়া গ্রহণ করিতে হইবে না। কিন্তু তাই বলিয়া বাস্তবীয় নামাপরাধী তাহাদের প্রথম উচ্চারিত নামকেই 'নামাভাস' জানে আপনা'দিগকে "মুক্তবৈষ্ণব অধ্যাসিত মনে করিয়া স্ব-স্ব অপরাধকেই ভক্তির পরিপোষক জ্ঞান করিবেন না, করিলে নামবলে পাপ-প্রবৃত্তি-হেতু সত্যই নিরয়ে পতিত হইবেন।

শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের বিচারপ্রণালী অবলম্বন করিয়া প্রাকৃত সহজিয়া-সম্প্রদায়ের অবধন অবশ্যম্ভাবী। তাহা হইতে তাহাদিগকে রক্ষা করিবার উদ্দেশ্যেই শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর বলেন,—"যদিও অজামিলের প্রথম নামোচ্চারণে সর্ব্ব-প্রায়শ্চিত্তকর. সর্ব্বানর্থনাশক নামাভাস সম্বন্ধে শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের বিচারপ্রণালীতে পরিদৃষ্ট হয় এবং কালপ্রভাবে বীজ হইতে বৃক্ষের ফলধারণ কাল পর্য্যন্ত যে ব্যবধান, তাহা অনন্তকাল-বিচারে নিতান্ত অল্প. তথাপি নামাভাসের অব্যবহিত পরেই নামসেবা আরম্ভ না হইয়া আর কিছু সংঘটিত হইলেই তাহাকে ভক্তি-পরিপোষক বলিয়া স্বীকার করা হইবে না। সকলেই 'অজামিল' নহেন এবং বহির্দৃষ্টিতে অজামিলের কর্ম্মানুষ্ঠান অযুক্তপুরুষের সমদর্শনে দৃষ্ট হইলে শুদ্ধ নামোচ্চারণে বিলম্ব হইয়া যাইবে সুতরাং প্রথম নামোচ্চারণ তাঁহার নামাভাস হইলেও নামোচ্চারণের পূর্ব্ববর্ত্তী নামই ভগবৎসেবার সুপ্ত বা অঙ্কুর উৎপাদন করিবে। যদিও অজামিলের আদি নামোচ্চারণরূপ নামাভাসফলে ভগবান্ প্রসন্ন হইয়া জীবগণকে অনুগ্রহ করিবার জন্য বিষ্ণুদূতগণকে প্রেরণ করিয়াছেন এবং অজামিলের দ্বারা ভগবৎপ্রপন্নাক্রমে নানাবিধ পাপাচার নামভজনের অন্তরায়রূপে প্রদর্শিত হইয়াছিল. তথাপি অজামিল ব্যতীত অন্যান্য পরবর্ত্তী সাধক যে সেই ক্রিয়া-ফলে আপনাদের সহিত অজামিলের সমতা-প্রয়াস এবং আপনাদিগের পাপাচারগুলিকে অপরাধ না জানিয়া ভক্তিপরিপোষকরূপে উপলব্ধি-হেতু অপরাধ না হয় তজ্জন্য প্রথম নামোচ্চারণ হইতে আরম্ভ করিয়া প্রেমোদয় কালের পূর্ব্ব পর্য্যন্ত যে শেষ নামোচ্চারণকেই 'নামাভাস' সংজ্ঞা দিলে প্রাকৃতসহজিয়াদের সহজ বিচার-বিষয়ে অসুবিধা হয় না। নামাপরাধে ত্রৈবর্গিক ফললাভ ঘটে, নামাভাসে মোক্ষলাভ ঘটে এবং নামভজনে কৃষ্ণপ্রেমের উদয় হয়। "ন প্রাকৃতত্বমিহ ভক্তজনস্য পশ্যেৎ" বা "অন্যথাত্ব ভক্তানাং" প্রভৃতি শ্লোকে 'ভক্ত' শব্দের প্রয়োগে বা "অপি চেৎ সুদুরাচারো" শ্লোকে 'অনন্যভাক্' শব্দের প্রয়োগে সেবাবৈমুখ্যকেই ভক্তিরস-জ্ঞানরূপ ভ্রান্তি হইতে রক্ষা পাইতে হইলে জানা উচিত—'অনন্য ভক্ত' শব্দের অর্থ চতুর্ব্বর্গাকাঙ্ক্ষা-সন্ধানপ্রিয়তার আবদ্ধ নহে, পরন্তু তাদৃশ চতুর্ব্বর্গাকাঙ্ক্ষা'ন হইতে ব্যতিরেকভাবে জীবকূলকে নিবেধ করিবার উদ্দেশ্যেই ভগবদিচ্ছাক্রমে বিহিত। যদি কেহ স্বীয় অনর্থযুক্ত অবস্থায় আপনাকে ভক্ত বলিয়া অভিমান করেন, তাহা হইলে তাঁহার মঙ্গলের সম্ভাবনা নাই।"

শ্রীল চক্রবর্ত্তি ঠাকুরের মতে অজামিলের প্রথম নামোচ্চারণের পরে তাঁহার যে সকল দুষ্কার্য্যের উল্লেখ আছে ইন্দ্রিয়তর্পণপর সেই গুলি আবরণের সহিত একত্রীকৃত বা আত্মীয়-গৃহীত নহে; পরন্তু ব্যতিরেক বিচারে তাহাই

তাহাদের পরিহার করা কর্ত্তব্য। মুক্ত-পুরুষের ঐ রূপ লোকের বিঘ্ন না হইলেও অমুক ব্যক্তির পক্ষে উহা কখনই 'আদর্শ' হইতে পারে না। ঐ সকল কথা বিচার করিতে গেলে সংক্ষেপে এইমাত্র বলা যাইতে পারে যে, নামাপরাধ, নামাভাস, ও পরে শুদ্ধনাম এতচ্ছ্রেণীর মহাজনের কথা, আবার অপর শ্রেণীর মহাজনের কথা এই যে, প্রথমেই মুক্ত পর্য্যায়ে নামাভাস ও মুক্তি, তৎপরে নাম বা শুদ্ধনাম উদয়ে সমতাৎপর্য্য-বিশিষ্ট হইলেও শেষোক্ত মতের তাৎপর্য্য এই যে, সর্ব্বাগ্রে নামাভাস, পরে কোনরূপ দর্পবর্জ্জিত ভগবদ্বিগ্রহরূপে ছুৎমার্গাদি অপরাধপ্রতিম অনুষ্ঠানের দোষদর্শন পরিহার পূর্ব্বক উহাকেই 'ভক্তিপোষক' বলিয়া জ্ঞান হইলেও উহা ফলোদয়কালাপেক্ষা মাত্র, তৎফলে ঐ অবস্থা হইতে পরিত্রাণকালে তাদৃশ অবস্থার অনুষ্ঠানে নামভজনারম্ভ দৃষ্ট হয়। এতদুভয় মতই পরস্পর এক উদ্দেশ্য-বিজ্ঞাপক। এ বিষয়ে ভাষা ও বিচারের পার্থক্যের প্রতি লক্ষ্য না করিয়া উভয়ের এক তাৎপর্য্য গ্রহণ করিলেই সাধক সাধনভজনপথে অগ্রসর হইতে পারিবেন। আর একটী বিষয় এই যে, অজামিলের নামোচ্চারণকালে অর্থবোধ বা অর্থকল্পনারূপ 'সাক্ষাৎ অপরাধ' ছিল না, সুতরাং ঐ অপরাধের অপরাধী অনভিজ্ঞ সার্ব্বভৌমের বহুজন্মব্যাপি কোটী কোটী নামোচ্চারণের সহিত অজামিলের নামোচ্চারণ কখনই এক পর্য্যায়ে বিচারাধীন হইতে পারে না।

শ্রীল সাগর মহারাজের হরিকথা

(২)

যাহাতে আমরা শ্রীল আচার্য্যদেবের মনোহভিপ্রায় করিতে পারি, সেজন্য সকলেরই যত্নবান হওয়া দরকার। ইহা নিশ্চিতভাবে জানিবেন যে, শ্রীগুরুদেবের সাক্ষাৎ শাসন ও সঙ্গ না পাইলে সতত অনর্থযুক্ত বদ্ধজীব কখনও হরিভজনের পথে অগ্রসর হইতে পারে না। শ্রীল আচার্য্যদেব চুপ করিয়া থাকিবার জন্য জগতে আসেন নাই। শ্রীরূপ-রঘুনাথের বাণী প্রচার করিবার জন্যই তিনি জগদ্গুরুলীলা প্রকট করিয়াছেন, কিন্তু আমাদিগকে অত্যন্ত অপরাধী, মঙ্গলগ্রহণে নিতান্ত অনিচ্ছুক দেখিয়া তিনি দূরে সরিয়া আছেন। কীর্ত্তন-বিগ্রহ আজ কীর্ত্তন হইতে বিরত হইবার লীলা প্রদর্শন করিতেছেন, ইহা আমাদের পক্ষে কত বড় দুর্দ্দিন, তাহা চিন্তা করিয়া দেখা দরকার। অনেক দিন অনেক বৃথা কার্য্যে, বৃথা কথায়, বৃথা চিন্তায় নষ্ট করা গিয়াছে। আর সময় নাই—হরিভজনের কথাটা সময় থাকিতে বুঝিয়া লওয়া দরকার। যিনি হরিভজন করাইবার মালিক, তাঁহার শ্রীপাদপদ্মসঙ্গ পাইবার জন্য আমাদের হৃদয়ে নিষ্কপট আর্ত্তি জাগুক, আমাদের সকল প্রকার দুর্বুদ্ধি দূর হউক, আমাদের বুদ্ধি ভাল হউক; শ্রীল আচার্য্যদেব যখন কৃপা করিয়া এখানে আসিবেন, তখন আমাদের চিত্তবৃত্তি দর্শন করিয়া তিনি যেন সুখী হন—ইহাই এখন আমাদের একমাত্র প্রার্থনীয় বিষয়। শ্রীল আচার্য্যদেব পুনরায় আগেকার মত আমাদিগকে তাঁহার শ্রীপাদপদ্মের সঙ্গ দান করিয়া কৃতকৃতার্থ করুন, পূর্ব্বের ন্যায় হরিকথার বন্যা প্রবাহিত করুন—ইহাই তাঁহার শ্রীপাদপদ্মে কাঙ্গালগণের প্রার্থনা। তিনি ব্যতীত আর আমাদের কে আছেন?

কখনও কাহারও কোনপ্রকার সমালোচনা করিতে হইবে না। সর্ব্বদা স্মরণ রাখিতে হইবে—আমার ন্যায় অধম ও পতিত আর কেহ নাই। আমি সকলেরই দয়ার পাত্র। সকলকে গুরুবুদ্ধি করিলে আর কাহারও সমালোচনা করিবার প্রবৃত্তি হইবে না। যদি বৈষ্ণব কাহারও কোন জিনিষ গ্রহণ না করেন, তাহা হইলে মনে যেন অসূয়া বা ক্ষোভের উদয় না হয়। আমার নিশ্চয়ই কোন দোষ আছে বা হইয়াছে, তাহার জন্য শ্রীগুরুবৈষ্ণব আমার দ্রব্য গ্রহণ করিলেন না—ইহাই মনে রাখিতে হইবে। বৈষ্ণবকে কোন জিনিষ দেওয়া কি খুব সহজ কথা? ভাগ্য কত ভাল হইলে তবে বৈষ্ণব কাহারও কোন জিনিষ গ্রহণ করিয়া কৃপা করিবেন। বৈষ্ণব যদি কাহারও কোন দ্রব্য গ্রহণ করেন, তাহা হইলে তাহার শ্রীনামে রুচি হয়। নামে রুচি না হইলে বুঝিতে হইবে, বৈষ্ণব সেবা গ্রহণ করেন নাই। যাহার নামে রুচি নাই, তাহার কোন দ্রব্য বৈষ্ণব গ্রহণ করেন না।

কোন বিষয়ে খুব বেশী কৌতূহল থাকা ভাল নয়। অনেকেই শ্রীল বংশীদাস বাবাজী মহারাজকে দর্শন করিবার জন্য ব্যস্ত হইয়াছেন। কিন্তু তাঁহারা কি দর্শন করিবেন? দর্শনশক্তি না থাকিলে বৈষ্ণবদর্শন হয় না। যে শ্রীগুরুপাদপদ্ম আমাকে শ্রীচরণে আশ্রয় প্রদান করিয়াছিলেন, তিনি জন্মে জন্মে আমার নিত্যপ্রভু। তিনি দর্শন দিয়া আমাদিগকে উদ্ধার করিবার জন্যই আসিয়াছিলেন, তাঁহার শ্রীপাদপদ্ম-দর্শনের জন্য আমার লোভ হইল না, তাঁহার দর্শন পাইলাম না, তাঁহার কীর্ত্তিত হরিকথা সেবোন্মুখ কর্ণে শ্রবণ করিলাম না, তাঁহার সেবা করিতে পারিলাম না, আমি কি করিয়া বৈষ্ণবের দর্শন পাইব? বৈষ্ণব ত' অন্তর্য্যামী, তাঁহারা সকলের অন্তর জানেন। আমার ন্যায় গুরুসেবাবিমুখকে বৈষ্ণব কেন দর্শন দিবেন? অনেকেই বাহিরের ঐশ্বর্য্য দেখিয়া মুগ্ধ হইয়া যান। যেটী দুর্লভ, তাহার উপরেই লোকের বেশী ঝোঁক হয়। শ্রীল বংশীদাস বাবাজী মহারাজকে দর্শন করিবার শক্তি সকলের নাই। মহাভাগবত বৈষ্ণব সব সময় নিজ ভাবানন্দে বিভোর থাকেন। তাঁহার বাহ্যদশা থাকে না। তাঁহার আচরণ, চরিত্র, সবই অলৌকিক; কি বলেন, কি করেন, কিছুই বুঝা যায় না। অনেক সময় তাঁহাকে দর্শন করিতে গিয়া আমাদের মঙ্গলের পরিবর্ত্তে অমঙ্গলই হইয়া যায়। সেই জন্য ঐ প্রকার আধ্যক্ষিক চেষ্টায় বৈষ্ণব-দর্শনে না দৌড়াইয়া যাঁহারা আমাদিগকে সাক্ষাদ্ভাবে অযাচিত কৃপা করেন, তাঁহাদের সঙ্গলাভের যত্ন করাই বিশেষ দরকার। সেই শ্রীগুরুবৈষ্ণবের শ্রীপাদপদ্মের দর্শন কোন না কোন জন্মে যদি পাই, তজ্জন্যই চেষ্টাবিশিষ্ট হইতে হইবে, নতুবা মঙ্গল হইবে না। কিন্তু আমাদের চোখে দেখিবার স্পৃহার প্রবৃত্তিই অত্যন্ত প্রবল। শ্রীগুরুবৈষ্ণব আমাদের নিকট সুলভ হইয়া পড়িয়াছেন কি না, সেইজন্য তাঁহাদিগকে আর আমাদের ভাল লাগিতেছে না, একঘেয়ে হইয়া গিয়াছেন। এখন নূতন একটা কিছু হওয়া দরকার।

শ্রীগুরুদেবের মধ্যেই সমস্ত বৈষ্ণবগণ অবস্থান করেন। যাঁহার শ্রীগুরুপাদপদ্ম দর্শন হইয়াছে, তাঁহার দর্শনের স্পৃহা আর থাকে না। আমরা এই সার কথাটি বুঝি না যে, আমরা যদি এখানে থাকিয়া শ্রীগুরুবৈষ্ণবের সেবা করি, তাহা হইলেই শ্রীল বংশীদাস বাবাজী মহারাজের সেবা ও দর্শন হইবে। এখান হইতে ছুটাছুটি করিয়া নবদ্বীপে গেলে তাঁহার দর্শনলাভ হইবে না। শ্রীল প্রভুপাদের প্রকটকালে আমাদের কখনও শ্রীল বাবাজী মহারাজের দর্শন করিবার চেষ্টা হয় নাই। তখন আমাদের এইরূপ বিচার হইয়াছিল যে, যিনি আমাকে দর্শন দান করিবার জন্য জগতে অবতীর্ণ হইয়াছেন, সেই শ্রীগুরুপাদপদ্মেরই যখন দর্শন পাইলাম না, তখন আমার বৈষ্ণবদর্শন কি প্রকারে হইবে? বৈষ্ণব দর্শন করিবার জন্য চিত্ত ব্যাকুল হইলে গুরুবৈষ্ণবের আনু-গত্যেই দর্শন করা উচিত। কীর্ত্তনমুখে বৈষ্ণবদর্শন করিতে হয়। বৈষ্ণব কীর্ত্তন শ্রবণ করিলে বড় সন্তুষ্ট হন ও কীর্ত্তনকারীর সকলপ্রকার অযোগ্যতা ক্ষমা করিয়া থাকেন এরূপ নহে যে—গুরুবৈষ্ণবের নিকট কীর্ত্তন করিতে হইবে না। গুরুবৈষ্ণবই ত' কৃষ্ণের কথা শুনেন। তাঁহারা যেরূপ কৃষ্ণকথার আদর করেন, এরূপ আর কেহ করে কি?

শ্রীগুরুদেব দর্শন দানে দূরে সরিয়াই থাকুন বা উদাসীনতাই প্রদর্শন করুন, অথবা শাসনই করুন, কখনও এরূপ মনে করিতে হইবে না যে, শ্রীগুরুদেব আমাদিগকে দয়া করিতে বিরত হইয়াছেন, আমরা শ্রীগুরুদেবের সেই কৃপালাভে বঞ্চিত হইয়াছি। এরূপ বিচার যেন এক মুহূর্ত্তের জন্যও চিত্তে স্থান না পায়। শ্রীগুরুদেবের কৃপার কথা, স্নেহের কথা সর্ব্বদা স্মরণ করিতে হইবে। তিনি কখন কি প্রকারে বিশেষভাবে আমাদিগকে দয়া করিয়াছেন, তাহা মনে মনে সর্ব্বক্ষণ চিন্তা করিতে হইবে। ইহা নিশ্চিত যে, আমার যত দোষই থাকুক না কেন, সেজন্য আমার প্রতি তাঁহার স্নেহ কখনও হ্রাস হয় নাই। অনর্থগ্রস্ত সাধক আমরা, আমাদের আর কি ভরসা আছে? শ্রীগুরুপাদপদ্মের স্নেহ ও করুণাই ত' আমাদের একমাত্র সম্বল, একমাত্র ভরসা। সেই ভরসা যদি না থাকে, তাহা হইলে হতাশা আসিয়া যাইবে, আর ভজনে উৎসাহ থাকিবে না। যাহাতে সেই করুণা ও স্নেহ আবার সাক্ষাদ্ভাবে পাই, তজ্জন্য উৎকণ্ঠা ও আর্ত্তি থাকা প্রয়োজন।

হরিভজন হইল না বলিয়া তীব্র দুঃখ ও আর্ত্তি হওয়া দরকার। আমাদের হরিভজনের জন্য আর্ত্তি কোথায়? আমরা বেশ নিশ্চিন্তে আরামে দিন কাটাইতেছি। ভাল খাওয়া, ভাল পরা, দেহের আরামটি যাহাতে কোন আনা বজায় থাকে, সেই দিকেই আমাদের সম্পূর্ণ লক্ষ্য রহিয়াছে। ভোগের দিকে নজর থাকিলে হরিভজন হবে না। বিরহ না হইলে ভজন আরম্ভ হয় না। আমাদের বিরহবোধ কোথায়? শ্রীল প্রভুপাদ আমাদিগকে ছাড়িয়া গিয়াছেন, আবার শ্রীল প্রভুপাদের পর যাঁহাকে আশ্রয়রূপে পাইলাম, তিনিও দূরে সরিয়া রহিলেন, সেজন্য আমাদের হৃদয়ে সত্যকার দুঃখ একটুও আছে কি? বিরহের সামান্য আভাসও যদি জাগে, তাহা হইলে আর দেহসুখের প্রতি অভি-নিবেশ থাকে কি? যাহার স্বামী অথবা পুত্রবিয়োগ হইয়াছে, তাহার কি আর ভাল খাওয়া পরার দিকে, আমাদের দিকে লক্ষ্য থাকে? গুরুবৈষ্ণব আমার জিনিষ কেন গ্রহণ করিবেন? আমার চিত্তবৃত্তি ত' তাঁহাদের অজানা নাই। আমরা মুখে হয়ত' অনেক সময় অনেক দুঃখ প্রকাশ করি, কিন্তু কার্য্যতঃ তাহার আবার দেহের আরামে ভুলিয়া যাই, ইহা ত' প্রকৃত দুঃখের লক্ষণ নহে। শ্রীল আচার্য্যদেব কিরূপ বিপ্রলম্ভময় গুরুবৈষ্ণবসেবার আদর্শ প্রদর্শন করিতেছেন, আমরা কিনা

দেহগেহে পড়িয়া থেকে আবদ্ধ হইয়া রহিয়াছি এ দুঃখ ও বেদনা রাখিবার স্থান নাই।

অবশ্য কৃত্রিমভাবে কিছু করিতে হইবে না। যদি সত্য সত্যই বিরহ না জাগিয়া থাকে, তাহা হইলে কপটবৈরাগ্য-চেষ্টা করিয়া কোন লাভ নাই। কৃত্রিম চেষ্টার ফল এই হইবে যে, দু'দিনেই শরীর অসুস্থ হইয়া পড়িবে, তখন আবার ঐ দেহের সেবা ব্যাপারে লিপ্ত হইতে হইবে। মহাভাগবতগণ যে তীব্র বৈরাগ্যময়ী লীলা প্রদর্শন করেন তাহাতে তাঁহারা কোনপ্রকার রোগগ্রস্ত হন না; কারণ তাঁহাদের অপ্রাকৃত দেহ প্রাকৃত গুণের অধীন নহে। ভগবদ্ভক্তের জন্য বিরহ জাগিলে তখন দেহের প্রতি আপনা হইতেই অভিনিবেশ চলিয়া যাইবে। ভগবদ্ভক্তের জন্য বিরহ দেখাইয়া বৈরাগ্য করিতে গিয়া যদি শরীর অসুস্থ হইয়া পড়ে, তাহা হইলে বুঝিতে হইবে, প্রকৃত বিরহ হয় নাই। যতদিন সেই বিরহ না জাগে, ততদিন শরীর রক্ষার জন্য যাহা প্রয়োজন, তাহা গ্রহণ করিতে হইবে, তবে উহা সাবধানে করিতে হইবে।

বিরহ বোধশূন্য যে বৈরাগ্যচেষ্টা উহাতে প্রাকৃতাভিনিবেশ থাকিয়াই যায়। কিন্তু বিরহ জাগিলে তখন আমি ভাল খাইতেছি না মন্দ খাইতেছি—ইহার কোন দিকেই লক্ষ্য থাকে না। তখনই প্রকৃতপক্ষে ইন্দ্রিয়াভিনিবেশ দূর হইয়া থাকে। শরীরের প্রতি অভিনিবেশ আছে বলিয়াই উহার অসুখ হইলে বোধ হয়। অপ্রাকৃত-অভিনিবেশ হইলে আর দেহ কোন প্রকার বিদ্রোহ করে না, উহা তখন অনুকূল হইয়া যায়।

'কবে খণ্ড গৃহেতে, মাগিয়া খাইব, পিব সরস্বতী জল। পুলিনে পুলিনে গড়াগড়ি দিব করি কৃষ্ণ কোলাহল"— এই অবস্থাই আমাদের লক্ষ্য। তবে তাহা কৃত্রিমভাবে করিবার চেষ্টা করিলে হইবে না। যাহা কিছু হয়, তাহার সহিত জোর করিতে গেলে সে বলিবে—"থাক্ ও বৈরাগী, তোমাকে মজা দেখাইতেছি"। তাহার শক্তির সহিত আমরা নিজের বলে কখনও যুঝিয়া উঠিতে পারিব না। তাই বাঁচিবার একমাত্র পথ হইতেছে—শরণাগতি বা আত্মনিবেদন। শরণাগত হইয়া এই প্রার্থনা জানাইতে হইবে,—

কুলদেবী যোগমায়া মোরে কৃপা করি'।
আবরণ সম্বরিবে কবে বিশোদরী॥

ভক্তের ভক্ত হইতে হইবে

(প্রাপ্ত)

আমরা ভক্তের মাহাত্ম্য সর্ব্বত্রই শুনিতে পাই। শাস্ত্র, স্মৃতি, পুরাণাদিতে সর্ব্বত্রই উচ্চস্বরে ভক্তের মহিমা গীত হইয়াছে। ভক্তের নিকটই অজিত ভগবান্ জিত হইয়াছেন। ভক্ত ছাড়া ভগবান্ থাকিতে পারেন না, আবার ভক্তও ভগবান্ ছাড়া থাকেন না। ভক্তের ভগবান্ই ধন-প্রাণ, আবার ভক্তকে লইয়াই ভগবানের সব। ভক্তের হৃদয়ই ভগবানের বিশ্রামস্থল। ভক্তই আমাদিগকে বৈকুণ্ঠবার্ত্তা জানাইতে পারেন, ভক্তই আমাদিগকে ভক্তিদেবীর সন্ধান দিতে পারেন, ভক্তই আমাদিগকে ভগবানের কাছে লইয়া যাইতে পারেন। এই ভক্তকে অতিক্রম করিয়া কেহই ভগবানের কাছে যাইতে পারে না।

শ্রীভগবানের কথা অর্থাৎ তাঁহার নাম, রূপ, গুণ, লীলা, চরিতাদি যেরূপ জীবের পক্ষে পরমমঙ্গলবিধায়ক, তদ্রূপ ভক্তের কথা শ্রবণ, কীর্ত্তন, স্মরণাদিও জীবের পক্ষে অশেষ কল্যাণকর। ভক্তসেবা বা ভক্তের কথা বাদ দিয়া আমরা সোজাসুজি ভগবানের কথা শ্রবণ করিয়া ভগবৎসেবা লাভ করিতে পারি না। যেরূপ ভগবানের কথা শ্রদ্ধাসহকারে শ্রবণ-কীর্ত্তন করিতে হইবে, সেইরূপ শ্রীগুরুবৈষ্ণবগণের কথাও শ্রদ্ধা সহকারে শ্রবণ-কীর্ত্তন করিলে আমরা ভক্তসেবাফলে ভগবানের সেবালাভ করিতে পারি। শাস্ত্র বলেন,—

পিবন্তি ভগবতঃ আত্মনঃ সতাং
কথামৃতং শ্রবণপুটৈঃ সম্ভৃতম্।
পুনন্তি তে বিষয়-বিদূষিতাশয়ং
ব্রজন্তি তচ্চরণসরোরুহান্তিকম্॥

যাঁহারা সাধু উপাসকরূপ এবং ভগবান্ শ্রীহরি ও তদীয় ভক্তবৃন্দের কথামৃত শ্রবণপুটে সংস্থাপিত করিয়া পান করেন, তাঁহারা বিষয়দূষিত অন্তঃকরণকে পবিত্র করেন এবং শ্রীভগবানের পাদপদ্ম সমীপে উপনীত হন।

ভক্তসেবা বাদ দিয়া ভগবানের সেবা করিতে গেলে তাহা দাম্ভিকতাই হইয়া থাকে। এ বিষয়ে শ্রীশ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"মূল বস্তু ভগবানের সেবা অপেক্ষা তদীয় সেবকের সেবা অধিক লাভজনক। তদীয় সেবাতেই আমাদের অধিকতর সুবিধা হইবে। শুদ্ধবৈষ্ণবের সেবা করাই আবশ্যক। তাঁহাদের সেবা করিলে পতিত জীবের উদ্ধার হয়। বৈষ্ণবসেবা কি? বিষ্ণুসেবা ব্যতীত বৈষ্ণব আর কিছু করেন না। তাঁহার সেবা করার অর্থ—তাঁহাকে কৃষ্ণসেবায় সহায়তা করা। বৈষ্ণবকে বাদ দিয়া নিজে কৃষ্ণসেবা করিবার দাম্ভিকতা করিলে অসুবিধা।"

ভক্ত ভগবানের অতি প্রিয়জন। ভক্তের ডাকে তিনি যেরূপ সাড়া দেন, আমাদের ডাকে সেরূপ দেন না। তাই আমাদিগকে ভক্তের আনুগত্যেই ভগবান্কে ডাকিতে হইবে। এ জগতে যেরূপ কোন বড় লোকের সহিত সাক্ষাৎ করিতে হইলে তাঁহার কোনও বিশ্বস্ত অনুচরের সুপারিশ হইলে তাহা সহজ হইয়া থাকে এবং সেই অনুচর বা প্রিয়জনের সুপারিশে অসাধ্যও সাধন হইয়া থাকে, তদ্রূপ আমার প্রার্থিত বস্তু আমি চাহিলে না পাইলেও পারি, কিন্তু কাহারও প্রিয়জন কাহারও জন্য কোনও আবেদন বা আব্দার করিলে মমত্বের বা প্রীতির খাতিরে যেরূপ তাহা না করিয়া পারে না, সেইরূপ আমরা যদি ভক্তের চরণ দৃঢ় করিয়া আঁকড়াইয়া ধরিতে পারি, তবে ভক্তের ইচ্ছায় আমরা যে নিশ্চয়ই ভগবৎসেবা লাভ করিতে পারিব তাহাতে কোন সন্দেহ নাই।

জীবের ভোগবাঞ্ছা উদিত হইবার সঙ্গে সঙ্গে কৃষ্ণবিস্মৃতি অর্থাৎ এই জগৎ এবং জগতের যাবতীয় বস্তু কৃষ্ণভোগ্য, কৃষ্ণই একমাত্র অদ্বিতীয় ভোক্তা, তিনিই একমাত্র সেব্যতত্ত্ব আর সব তাঁহার সেবক, এই কথা বিস্মরণ হইয়াছে। তাই ভগবদ্ভক্তগণ সর্ব্বক্ষণই কৃপাপূর্ব্বক আমাদিগকে জানাইয়া দিতেছেন যে, তুমি ক্ষুদ্র জীব, সেবকতত্ত্ব, তুমি নিজেকে সেব্য-অভিমান করিয়া প্রভুভোগ্য বস্তুতে ভোগবুদ্ধি করিয়া অমঙ্গল বরণ করিয়াছ। এখন নিজের চেষ্টায় তাহা হইতে উদ্ধার লাভ করিবার উপায় নাই সাধুর কৃপা ব্যতীত। নিজের স্বরূপবিস্মৃতির জন্য যে অপরাধ ঘটিয়াছে তাহার জন্য অনুতপ্ত হইয়া সাধুর চরণে শরণাগত হও, তবেই স্ব-স্বরূপে অবস্থিত হইয়া নিত্য আনন্দ লাভ করিতে পারিবে।

আমরা প্রায় শতকরা শতজনই এইরূপ বিচার করিয়া থাকি যে, জগতের বস্তুগুলি ভোগ করিতে গিয়াই যখন আমাদের অসুবিধা সৃষ্টি হইয়াছে তখন দূর হইতে ত্যাগ করিলেই বোধ হয় সুবিধা হইবে। তাই আমরা ভোগের চেয়ে ত্যাগকেই বহুমানন করিয়া থাকি। ভোগী-সম্প্রদায়ই ত্যাগীর বহুমানন করিয়া থাকে। কিন্তু ভগবদ্ভক্ত বলেন, ভোগেও ভগবানের সেবার কথা নাই, ত্যাগেও ভগবানের সেবার বার্ত্তা নাই।

যেখানে সেবার কথা নাই, সেখানেই অসুবিধা। এ কথা প্রকৃত সাধু বা ভক্ত ব্যতীত অন্য কাহারও জানাইবার সাধ্য নাই। তাই আমরা সাধু-গুরুর আশ্রয় ব্যতীত কোন প্রকারেই উদ্ধার লাভ করিতে পারি না। ভক্তই আমাদিগকে বুভুক্ষা ও মুমুক্ষার কবল হইতে রক্ষা করিতে পারেন, ভক্তই আমাদিগকে ভোগাদর্শ বা বৈরাগ্যাদর্শ হইতে ছুটি করাইয়া সেব্যদর্শন, ভজনদর্শন বা সুদর্শন করাইতে পারেন। ভক্তই আমাদিগকে সেবাধিকার দান করিতে পারেন। ভক্ত কোন বস্তু ভোগও করেন না, ত্যাগও করেন না, তিনি চিদ্বিলাসী। জগতের সমস্ত বস্তুকে ভগবানের সেবায় লাগাইবার কৌশল একমাত্র ভক্তই জানেন।

জড় জগতের রূপ, রস, শব্দ, গন্ধ, স্পর্শ ভোগ করিতে গিয়া জীবের যে অসুবিধা প্রতি নিয়তই সংঘটিত হইতেছে, তাহা আমরা পতঙ্গ, ভৃঙ্গ, মৎস্যাদির ভোগ করিতে গিয়া প্রাণ হারান দেখিয়া স্পষ্টই অনুভব করিতে পারি। জড়ের ধর্ম্ম যেরূপ জড়বস্তুকে আকর্ষণ করে, চেতনের ধর্ম্মও তদ্রূপ চেতন বস্তুকে আকর্ষণ করিয়া থাকে। সূক্ষ্মচেতন বৃহচ্চেতনের আকর্ষণে সর্ব্বক্ষণই আকৃষ্ট হইবার যোগ্য। এই জগতের রূপ, রস, শব্দ, গন্ধ, স্পর্শ যেরূপ আমাদের দেহ-মনকে আকর্ষণ করিতেছে, সেইরূপ নিত্য-জগতের বস্তু ভক্ত বা সাধু অণুচেতন জীবকে ভগবৎকথার দ্বারা সর্ব্বদাই আকর্ষণ করিতেছেন। তাই সাধুমুখে শুনিতে পাই, ভক্তমুখবিগলিত শ্রীকৃষ্ণকথাই কৃষ্ণের বংশীধ্বনি। সেই গানতে আকৃষ্ট হইতে পারিলে—আকর্ষকের আকর্ষণে পড়িয়া গেলে আর মৃত্যু নাই। নতুবা ইতরপ্রাণীর ন্যায় জগদ্ভোগের দুর্বুদ্ধিবিশিষ্ট হইলে শ্রেষ্ঠ মনুষ্যজাতি হইয়াও মুহূর্ত্তে মুহূর্ত্তে প্রাণ হারাইতে হইবে।

সকল শাস্ত্রই ভগবানের সেবা হইতেও ভক্তের সেবা বড় বলিয়া জানাইয়াছেন। ভক্ত কখনও বলেন না যে, আমার সেবা কর। তিনি কাহারও প্রদত্ত কোন দ্রব্যই নিজে আত্মসাৎ করেন না। সেব্যের সহিত সেবকের যোগসূত্র স্থাপন করিতে ভক্তই দক্ষ। ভগবদ্ভক্তই ভোগ-ত্যাগ এবং ত্যাগ-ত্যাগ করাইয়া সেবার আলোকদ্বারে সেবককে সেবকত্বে সুপ্রতিষ্ঠিত করিতে পারেন। তাই বলিতেছিলাম যে, আমাদিগকে ভক্তের ভক্ত হইতে হইবে। সর্ব্বপ্রকার দক্ষতা পরিহার পূর্ব্বক বৈষ্ণবদাসানুদাস হইবার আকাঙ্ক্ষা আমাদের অন্তরে জাগুক্, ইহাই প্রার্থনা।

ছিনু তব নিত্যদাস, গলে বাঁধি মায়াপাশ,
সংসারে পাইনু নানা ক্লেশ।
এবে পুনঃ করি আশ, হৈলা তব দাসের দাস
ভক্তি পাই তব ভক্তিলেশ॥

ভক্তি করি' যে শুনে চৈতন্য অবতার। সেই সব জন সুখে পাইবে নিস্তার॥

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষান্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর ভক্তিতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। শ্রীগৌড়ীয় গৌরবিহার[illegible] প্রভৃতি বৈষ্ণবের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বহুদেশ তথা বিদেশের সদেশসমূহের সর্ব্বশ্রেষ্ঠ পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দগণ যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তাঁহার তত্ত্বসিদ্ধান্তপূর্ণ উত্তরসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইল। শ্রীশ্রীমদ্ রূপানুগ-ভক্তিসিদ্ধান্তবাণী ও শুদ্ধভক্তিসিদ্ধান্ত স্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌড়ীয়গণ জগদ্গুরু আচার্য্যবরের 'সত্যানুভূতি' অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থখানি সত্যানুরাগী সজ্জনগণমাত্রেরই অবশ্য সংগ্রহণীয়।

ভিক্ষা—৸৹ আনা মাত্র

অণুভাষ্যম্

চতুঃশ্লোকীভাষ্য ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমদ্ভাগবতানুরূপ শ্লোকাকারে অতি সংক্ষেপে অর্থ ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'গোবিন্দভাষ্য' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য সমেত মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ। ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা, বিস্তারিত আলোচ্য ভূমিকা ও সূচীসহ অপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয়-মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৶৹ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুধাংশুমোহন রায় এম-এ, বি-এল,
পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

প্রকাশকদের প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৪৮৲
দশম স্কন্ধ— ৮৲

২। ভাগবত বিভাগ শ্রীচৈতন্যভাগবত (অর্ধাংশ) ৮৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲

৪। সরস্বতী-জয়শ্রী (অর্ধাংশ) ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸৹
৪র্থ খণ্ড—৸৹

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸

৭। শ্রীচৈতন্যদেব ১৷৹

৮। সৎক্রিয়াসার দীপিকা সংস্কার দীপিকা ১৷৹

৯। বৈষ্ণবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।৹

১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয় তত্ত্ব

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹

১৭। চৈতন্যোপনিষৎ ।৹

১৮। ব্রাহ্মণ-আত্মবত ।৹

১৯। তত্ত্ববিবেক ।৹

২০। গৌড়ীয়-গৌরব ।৶৹

২১। গৌড়ীয়সাহিত্য ।৶৹

২২ ভজন রহস্য ।৹

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অর্ধাংশ) ১৲

২৬। গীতার কেবল মাত্র-ভাষ্য ।৹

২৭। শ্রীকৃষ্ণকর্ণামৃত গৌরগোবিন্দ (সানুবাদ) ২৲

২৮। বেদান্তদর্শন (সানুবাদ) ।৹

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸৹

৩০। জৈব-ধর্ম -দর্শন ৶৹

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶৹

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।৹

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹

৩৫। গীতমালা ।৹

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶৹

৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৶৹

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ

৩৯। শ্রীগোদ্রুমকল্পাটবী

৪০। শরণাগতি ৶৹

৪১। গীতাবলী ৷৹

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা

৪৩। নাম-ভজন

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা

। নবদ্বীপশতক

৪৬। সর্ব্বসম্বাদ

৪৭। সদাচারস্মৃতিঃ

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)

৪৯। অর্চ্চনপদ্ধতি

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড)

৫১। ব্রহ্মসংহিতা

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৹

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹

৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।৹

৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী

৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶৹

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।৹

৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶৹

৫৯। সিদ্ধান্তদর্পণ ৹

৬০ সাংখ্যবাণী /৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।৹

৬২ সিদ্ধান্ত-সরস্বতী বিবিধাঃ ।৹

৬৩। নবীন-শিক্ষাসমূহম্ ।৹

৬৪। তত্ত্বসূত্রম্ ।৹

৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶৹

৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ /৹

৬৭। সারাংশবর্ণনম্ ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৹

৬৯। এ কিউ ওয়ার্ড ন আর বেদান্ত ।৹

৭০। শ্রীমদ্ভাগবত /৹

৭১। বেদান্ত—ইট্স মরফলজী অ্যাণ্ড অন্টোলজি ।৹

৭২। সিলেক্টেড ওয়ার্ক্‌স ।৶৹

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।৹

৭৪। বৈষ্ণবীজম্ ।৹

৭৫। কোয়াট গৌড়ীয়মঠ ইজ ফুইং /৹

৭৬। দি ভাগবত ।৹

৭৭। থিয়োটিক ফিলজফি অ্যাণ্ড অ্যানাল্যাইজ্‌ড ডিকোয়ারস

৭৮। ব্রহ্মসংহিতা ।৹

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম ভাগ) ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।৶

৮১। সাধন-পথ ।৹

৮২। কল্যাণ-কল্পতরু ৷৹

৮৩। গীতাবলী ৷৹

৮৪। শরণাগতি ৶৹

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৸

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬এ, কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১০
সেবক—[illegible] দাস ভক্তিশাস্ত্রী বি-এল

(৩) শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তবিলাস ভক্তিশাস্ত্রী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভগবান্‌দাস ব্রজবাসী

(৭) কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমদনানন্দ ব্রহ্মচারী

(৮) অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীকৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ [illegible] (নদীয়া)
সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট
[illegible], পোঃ চাকদা (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

(২১) শ্রীরাধাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
চটক পর্বত
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) শ্রীমাধবগৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রীহরিদাস ব্রজবাসী

(২৫) গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী, (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রদাস অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ
[illegible], পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] বিদ্যারত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া। আসাম।
সেবক—শ্রীপুরুষোত্তম দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ। আসাম।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রীমদনমোহন ব্রহ্মচারী

(৩০) সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
রমনা রোড গয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতনগৌড়ীয় মঠ
৮।১৭ [illegible]
সেবক—শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ গৌড়ীয়মঠ, [illegible]
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

(৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible] (ইউ পি)
শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
[illegible], মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য [illegible]
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীমহাবীর দাসাধিকারী

(৩৯) ব্রজস্বানন্দ সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

(৪০) কুঞ্জবিহারী মঠ - শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৪১) রাধাকুণ্ড [illegible]
সেবক—শ্রী[illegible]

(৪২) শ্রীগোবর্দ্ধন [illegible]
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রী[illegible] দাস

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রীরাধাচরণ দাস

(৪৪) গোপীবিহারী মঠ—[illegible]
পোঃ [illegible]
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

(৪৫) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] দিল্লী
সেবক—শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible]
[illegible] বোম্বে ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা মাদ্রাজ
সেবক—শ্রীবেঙ্কটরমণ ব্রহ্মচারী

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫০) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] (পুরী)
সেবক—শ্রীগদাধর দাস অধিকারী

(৫১) [illegible]
[illegible] পোঃ পুরী উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫২) [illegible]
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৫৩) [illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৪) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ কৃষ্ণদেব পুর
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible]। কুমিল্লা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(৫৭) শ্রী[illegible] গৌড়ীয়-প্রপন্ন-আশ্রম
পোঃ [illegible], আসাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ
চিকনিয়া, পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রীদীনহীন দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible]
সেবক—শ্রীকৃষ্ণচরণ দাসাধিকারী

(৬০) [illegible]
পোঃ [illegible] (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] গৌড়ীয়মঠ
৭০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

(৬৩) [illegible] গৌড়ীয়মঠ
প্লট নং ২
৫১. [illegible]
[illegible]
সেবক—শ্রী[illegible]

(৬৪) গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৬।১, কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ অফিস
আমিনাবাদ, লক্ষ্ণৌ (ইউ-পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়মঠ অফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

(৭১) [illegible]
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৶০	।০
" " ইঞ্চি ২৲			১৷০	১৲
সিকিকলম ৫৲		৩৲		৩৲
অর্দ্ধকলম ৮৲		৬৲	৬৲	৫৲
" এক কলম ১২৲		১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩৲	২॥০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮
" এক কলম ৩৫৲	

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুল সহ)	
ষাণ্মাসিক "	৩৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	

প্রতি সংখ্যা /০, বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিপূর্ণ আপত্তি খণ্ডনে বিশেষ। ইহাতে বহু চিত্র (Chart সহ) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

নবযুগ প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের কথা দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—নবযুগ প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, বাংলা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

বিশ্লেষক যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ, ইহাতে গণসাম্প্রদায়িকতাস্রোতে ভাসমান মানবগণের সমন্বয়, সমন্বয়, সমন্বয়, অভিনব, একাধিক, বৈষ্ণব ও তৎসম্বন্ধে ভ্রান্তধারণা-নিরসনমূলক শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে সাধারণের সাধারণ ভ্রমসমূহ, ভক্তিমূলক সৎসিদ্ধান্তসকল প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—নবযুগ প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচ্ছন্ন খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তিলাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট উচ্চ বিদ্যালয়, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব গ্রন্থ বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, ও চরিত্র সংক্ষিপ্তভাবে লিপিবদ্ধ হইয়াছে। এই গ্রন্থ প্রতিপক্ষী শ্রীমৎ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ২৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ব্রহ্মচারী, শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যাবিনোদাদিবহু মহামহোপাধ্যায় অধ্যাপক শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এবং মহোদয় ইঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব সংস্করণ সম্পাদনপূর্ব্বক সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের সারাংশ, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক ও তৎপরে শ্লোক অনুসারে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে অন্বয় অর্থ ও ব্যাখ্যা তাহার প্রতিশব্দ তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সহিত বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর; ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান- শ্রীনন্দকিশোর ব্রহ্মচারী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা ৩০ টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, নবদ্বীপের পাঁচপোয়া বিষয় নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী সংগ্রহ সহিত গৌড়ীয়মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের একটি অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজ আকারে মুদ্রিত।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত সরলাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা। ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীযুগলকিশোর নাগ এম-এ, বি-এল, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৩-৫৬	৬-২১	৭-১৪	১১-৩	১৩-১০	১৬-৫৬	১৭-৫৬	২২-২
দমদম „	৩-৫৬	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩-২০			২২
রাণাঘাট পৌঃ	৬-১৩	৮-১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৪	০-৫৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৩	১১-৩৩	১৪-৫	১৮-৭৯	১৯-৪০	২-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১০-১৭	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-৫১

(বদল) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-১৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম „	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৬	১১-৪	১৪-২২	১৬-৮	১৮-৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮ ৫২	১১-৪৭	১৫-১০	১৬ ৫৬	১৯-২২	২০-৪৬	০-৩১
রাণাঘাট পৌঃ	৭ ৪৪	৯-২৫	১২ ২৬	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১-১৯	৪-১০
(বদল) ছাঃ	৭-৫০	৯-৩০	১২-৩৬	৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৫	৪-১৮
দমদম		১১-৮		১৭-৩৬	১৯-২	২১-২৬	২৩-৩	
কলিকাতা পৌঃ	৯ ২১	১১ ২০	১৪ ১৬	১৭ ১৮	১৯-৪০	২৩ ১৫	৬ ১৬	

"অমৃতবটী"

(ভারত-সরকারের দ্বারা রেজেষ্টারীকৃত)

গরীবদিগের শরীর নীরোগকারী আসল গৃহচিকিৎসক

ছোট, বড়, কঠিন, নূতন, পুরাতন—সব রকম রোগের মূল উৎপাট করিয়া স্বাস্থ্যসম্পন্ন করে; পায়খানা পরিষ্কার করে; পেটের ক্রিয়া ঠিক করে; অন্নমণ্ড হজম করিয়া নূতন পরিষ্কার রক্ত সঞ্চার করে ধাতুপুষ্টি সাধন করে; বল, বীর্য্য, কান্তি আনয়ন করে; পুরাতন জ্বর ম্যালেরিয়া, নূতন ও পুরাতন spleen, খারাপ জ্বর, নিমোনিয়া, প্লেগ, বসন্ত পেটের হজম ও দাস্ত পরিষ্কার না হওয়া, কোষ্ঠ-কাঠিন্য, অর্শ, বাত প্রভৃতি রোগে আশু ফলপ্রদ।

সুস্থ অবস্থায় সেবন করিলে ম্যালেরিয়া ইত্যাদি কোনপ্রকার রোগ হয় না। নবপ্রসূত শিশুকে ইহা খাওয়াইলে সকলপ্রকার রোগ হইতে মুক্ত থাকিবে ও সর্ব্বক্ষণ শরীর নীরোগ থাকিবে।

দাম—১শিশি (৩২ বটী)—১৲ ডাক্তার

একত্রে ১০০ বটী—২৲ বৈদ্যনাথ

(চারি আনার টিকেট পাঠাইয়া নমুনা আনাইয়া দেখুন)

"কমল-কুটীরভবন"

যোগাভ্যাসী মনোমোহন প্যারে বৈদ্য, প্রধান চিকিৎসক, স্থাপক ও অধ্যক্ষ। জেনারেল ম্যানেজার ও এসিস্টেণ্ট চিকিৎসক—ব্রহ্মচারী পণ্ডিত গোপালকৃষ্ণ পাণ্ডে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এইস্থে নিত্য একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৬।৪ কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর রাজবাটীতে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হই

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

... পাচন

... অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় যুবক, পল্লীবাসীর প্রাণরক্ষায় একমাত্র উপায় ... হজম করায় ক্ষুধা বৃদ্ধি অত্যন্ত আধিক। লিভার প্লীহা সংযুক্ত কামালা এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ বৃথা খরচ হয় কিনা। ছোট বোতল ৸৵০ দশ আনা বড় বোতল ১৶০ আঠার আনা। পাইকারী ও দর স্বতন্ত্র

—১১নং ওয়েলিংটন রোড, কলিকাতা।

লালা গোয়ালা, ৩১ পরগণা।

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD NO 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বঙ্গের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

সত্যপ্রসূনমালা
—:০:—
শ্রীল প্রভুপাদের রচিত বিবিধ পদ্যাবলী শ্রীশ্রীল ভক্তগণেরও বিরচিত 'গৌড়' কাব্যসহ প্রকাশিত হইয়াছে। ইহাতে অনেক অমূল্য উপদেশ আছে। মূল্য আট আনা।
প্রাপ্তিস্থান—
মঙ্গলা প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—আড়ারী, ঢাকা।

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই। ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৫শ খণ্ড শ্রীমায়াপুর ২৩শে মাঘ ১৩৪৭, ৫ই ফেব্রুয়ারী, ১৯৪১, বুধবার ; ২৭৭তম সংখ্যা

নানা-সংবাদ

—:০:—

১৯৩৯ সালে যুদ্ধ আরম্ভ হওয়ার কারণ হিটলারের দুঃস্বপ্ন

হিটলার বর্তমানে সায়বিক বিকৃতিতে ভুগিতে থাকিয়াও অসীম সহনশীলতা প্রদর্শন করিতেছেন। তাঁহার চিকিৎসকেরা তাঁহাকে এই উপদেশ দিয়েছে যে, সকল দায়িত্ব নিজের স্কন্ধে না বহন করিয়া সহকারীদের উপর তাঁহার আরও দায়িত্ব ছাড়িয়া দেওয়া কর্তব্য। তাঁহাদের মতে হিটলার অল্পেতে যে মানসিক অবসাদের দ্বারা আক্রান্ত হইতেছেন, তাহা সায়বিক অবসাদের লক্ষণ ছাড়া আর কিছুই নহে। হিটলার কথায় কথায় বলেন যে, তিনি আর বেশী দিন বাঁচিবেন না। যুদ্ধের পূর্বে তাঁর বেভিন বেস্তোরান্ বলিয়ে [illegible] ডাক্তার ছিলেন। তিনি বলেন, হিটলার ১৯৩৯ সালে যুদ্ধ আরম্ভ করিবেন বলিয়া পূর্বেই স্থির করিয়াছিলেন, কারণ তাঁহার আশঙ্কা এই যে, যদি যুদ্ধ আরম্ভ করিতে আরও তিন-চার বৎসর পিছাইয়া দেওয়া হয়, তবে জার্মানীর পক্ষে যুদ্ধ পরিচালনা করিতে তিনি হয়ত আর বাঁচিয়া না থাকেন।

গোয়েরিংকেও সম্প্রতি নৌবিভাগের কাজ হইতে বিশ্রাম লইতে হইয়াছে। তাঁহার নাকি প্রচুর সত্ত্বেও গোয়েরিং স্নায়ুর রোগে কষ্ট পান। সকলেই অবগত আছেন যে, তিনি এক সময়ে মাদকদ্রব্যে আসক্ত ছিলেন। কিছুদিন হইতেই তাঁহার ওজন হ্রাস হইতেছে; বর্তমানে তিনি স্নায়বিক অবসাদে ভুগিতেছেন।

কর্ডেল হালের উক্তিতে জার্মাণ সংবাদপত্রের সমালোচনা

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রসচিব মিঃ কর্ডেল হাল্ সম্প্রতি যে বিবৃতি দিয়াছেন, বার্লিনের সংবাদপত্রগুলি তাহা তীব্র ভাষায় সমালোচনা করিতেছে।

"বর্সেন্ জেটুং" নামক সংবাদপত্রটি লিখিয়াছে, "সমগ্র বক্তৃতাটি পড়িয়া মনে হয় যে, হাল্ আমেরিকার নিজের কুযুক্তিকেই ইউরোপের "আইন ও শৃঙ্খলা" রক্ষার ভিত্তি বলিয়া প্রমাণ করিতে চাহেন। যদি হয়, হাল্ সত্য সত্যই বিশ্বাস করেন যে, জার্মানী, ইতালী বা জাপান যাহাই করুক না কেন, তাহা মন্দ এবং ব্রিটেন যাহা করে তাহাই উত্তম উদার এবং গণতান্ত্রিক। কিন্তু বৃটেন যে সকল জাতিকে পদানত করিয়া রাখিয়াছে, এই আইন শৃঙ্খলার ব্যাখ্যা শুনিয়া তাঁহারা কি বলিবেন?"

"এংগ্রিফ" নামক পত্রিকাটি লিখিয়াছে "হালের বিবৃতিটি যেন বালুকার ভিত্তির উপর প্রতিষ্ঠিত একটি তর্কের প্রাসাদ।"

———

জার্মাণ ও ইতালীয় বাহিনীর পরীক্ষা

সম্প্রতি হিটলার ও মুসোলিনীর মধ্যে যে সাক্ষাৎকার হয় অন্যান্য বারের মত তাহা জার্মানী ও ইতালীর সীমান্তের কোনও স্থানে না হইয়া হিটলারের শৈলাবাস বার্খটেসগাডেনে হইয়াছে। ইহা দ্বারা আরও স্পষ্ট করিয়া বুঝা যাইতেছে, অ্যাক্সিস্'র অংশীদারিতে মুসোলিনীর স্থান কতটা নীচে নামিয়া গিয়াছে।

মুসোলিনীর মুখপাত্র সিনর গাইডা এই সাক্ষাৎকার সম্পর্কে একটি প্রবন্ধে সম্প্রতি লিখিয়াছেন যে, "ইহা দ্বারা জার্মানী ও ইতালীর মধ্যে আরও ব্যাপক সহযোগিতা এবং কার্যতঃ অ্যাক্সিস্দের অংশীদারদের সৈন্যবাহিনীগুলির এক অবিভক্ত বাহিনী হিসাবে ও এক উদ্দেশ্যে যুদ্ধপরিচালনা সম্ভব হইবে।" অবশ্য বাহিরের দিক হইতে অ্যাক্সিস্-বাহিনীর যুদ্ধপরিচালনার অর্থ ইতালীর বাহিনীর উপরেও জার্মানীর কর্তৃত্ব স্থাপন মাত্র।

চেকোশ্লোভাকিয়ায় জার্মাণ-বিরোধী পত্রিকা

জার্মাণ-অধিকৃত চেকোশ্লোভাকিয়া হইতে সংবাদ পাওয়া গিয়াছে যে, "ভ্বোজ" (সংগ্রাম) নামক বে-আইনী চেক সংবাদ পত্রটি সাধারণে বহুল প্রচারিত হওয়ার ফলে "গেষ্টাপো" (জার্মাণ গুপ্তচর পুলিশ) সম্প্রতি বহু ধরপাকড় করিয়াছে। অন্যান্য বহু লোকের সঙ্গে প্রাগ্ বিদ্যুৎ-সরবরাহ কোম্পানীর ৩২ জন কর্মচারী, বোহেমিয়ার বিভিন্ন সহরের পেট্রোলের বহু উচ্চ এবং নিম্নপদস্থ কর্মচারী এবং চেকোশ্লোভাকিয়ার এবং [illegible] সোকোল দলের [illegible] সদস্যকেও গ্রেপ্তার করা হইয়াছে। পুস্তিকা ও পত্রিকাদি প্রচারে সাহায্য করিবার অজুহাতেই তাহাদের ধরা হইয়াছে। এই পত্রিকার মুদ্রণ প্রভৃতি খবর ও ইংলণ্ডের বেতার-সংবাদের কার্য্যাবলীর সংবাদ নিয়মিতভাবে প্রকাশিত হয়।

আমেরিকার বিরুদ্ধে জাপানী পত্রিকার বিষোদ্গার

আমেরিকার যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রসচিব মিঃ কর্ডেল হাল্ সম্প্রতি যে বিবৃতি প্রকাশ করিয়াছেন, তাহাতে জাপানী সংবাদপত্রে ইতোপূর্বে আর কখনও এমন তীব্র ভাষায় আমেরিকাকে আক্রমণ করা হয় নাই। 'জাপান' নামক সংবাদপত্রটি ইহাকে "ঔদ্ধত্যপূর্ণ ভাষাভাষার চূড়ান্ত নিদর্শন এবং বুদ্ধিমত্তার দিক হইতে সম্পূর্ণ বাজে" বলিয়া অভিহিত করিয়াছে। গালাগালির কথা ছাড়িয়া দিলে সম্পাদকীয় প্রবন্ধগুলির প্রধান প্রতিপাদ্য বিষয় এই যে, যে ক্ষেত্রে জাপানের আধিপত্য করার প্রকৃত অধিকার আছে সেই সকল ক্ষেত্রে আমেরিকা আধিপত্য স্থাপন করিতে চেষ্টা করিতেছে। ইহার সহিত সেই পুরাতন অভিযোগটিও আছে যে, জাপানের নীতি বাস্তবসম্মত চিত্তে উপলব্ধি করিতে পারিতেছে না।

গ্রীসে বড়লাটের উপহার

প্রকাশ, বড়লাট গ্রীসকে ভারতবর্ষ হইতে পাঁচলক্ষ টাকা মূল্যের কার্পাস দ্রব্য উপহার প্রদান করিবেন। এই অর্থ যুদ্ধ-তহবিল হইতে সরবরাহ করা হইবে।

বিভিন্ন প্রদেশের কটন মিলের উৎপন্ন সংখ্যার অনুপাতে অর্ডার বণ্টন করা হইবে।

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। ভাগবত—উড়িষ্যার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত ... বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছেন। গৌড়ীয় গৌরবিহিত অপ্রাকৃত বৈষ্ণবের মুখনিঃসৃত পরমার্থবাণী ... ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত ... প্রতিষ্ঠিত পণ্ডিত ও মহামনী ... যে সকল পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার ভক্তিসিদ্ধান্তপূর্ণ সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রকটিত হইয়াছে। শ্রীশ্রীমদ্ ... ও ... মহাত্মাগণের ... গৌড়ীয় ... আচার্য্যবরের সিদ্ধান্তপুষ্টিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই পাঠ ও সেবনীয়।

ভিক্ষা—৸৹ আনা মাত্র

অণুভাষ্যম্

চতুর্ব্বেদাত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকৃত শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য প্রভৃতি যুক্ত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ। ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কবির' টীকা, বিস্তৃত আলোচনা, ভূমিকা ও সূচীসহ অত্যুৎকৃষ্ট এন্টিক কাগজে নব সংস্করণে গৌড়ীয়-মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছেন।

ভিক্ষা—৴৹ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
অধ্যাপক সুধাংশুরঞ্জন নাথ এম্-এ, বি-এল্,
পুরাণাপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাগবত বিভাগ শ্রীচৈতন্যভাগবত (অধীন) ৯৲
৩। ভাগবত শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সরস্বতী জয়শ্রী (অধীন) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸৹
৪র্থ খণ্ড—৸৹
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ১৷৹
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা
৯। বৈষ্ণব
১০। গৌড়ীয় কণ্ঠহার
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (যন্ত্রস্থ)
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (যন্ত্রস্থ) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।৹
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।৹
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷৹
১৭। চৈতন্যোপনিষৎ ।৹
১৮। প্রমেয়-রত্নাবলী ।৹
১৯। তত্ত্ববিবেক ।৹
২০। গৌড়ীয় গৌরব ।৵৹
২১। গৌড়ীয়গীতিকা ।৵৹
২২। ভজন রহস্য ।৹
২৩। শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীনবদ্বীপধাম (যন্ত্রস্থ) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ৩৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ১৲
(অধীন) ১৲
২৬। গীতার কেবল বাংলা অনুবাদ ৷৹
২৭। মুক্তিবিজ্ঞান সঙ্গসোপান (সাকুল্যে) ১৲
২৮। বেদান্ত ... (সাকুল্যে) ।৹
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)
(যন্ত্রস্থ) ৷৷৹
৩০। দীপ-বিষ্ণু-দর্শন ৵৹
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵৹
৩২। গোস্বামী রঘুনাথ দাস (যন্ত্রস্থ) ।৹
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵৹
৩৫। গীতমালা ৴১৹
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵৹
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৹
৩৯। শ্রীগোদ্রুমকল্পতরু ।৹
৪০। শরণাগতি ৵৹
৪১। গীতাবলী ৴১৹
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৷৹
৪৩। সাধনরত্ন ৴৹
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। উপাখ্যানে উপদেশ (পঞ্চম সংস্করণ)
৪৯। ভক্তিরত্ন
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড)
৫১। রহস্যকল্পিকা
৫২। মণিমঞ্জরী (সাকুল্যে) ৹
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷৹
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।৹
৫৫। ভক্তমালাবলী বা সারাৎসারসংগ্রহ
৫৬। জাহ্নবা ও বসুধার ৴৹
৫৭। ঈশোপনিষৎ (ভাষাবিবৃতি) ।৹
৫৮। শ্রীকৃষ্ণতত্ত্ব ৴৹
৫৯। সিদ্ধান্তদর্পণ ৹
৬০। সাধ্যসাধন ৴৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।৹
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিবৃতিঃ ।৹
৬৩। সঙ্গীত-শিক্ষাবলম্বনম্ ।৹
৬৪। তত্ত্বসূত্রম্ ।৹
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৴৹
৬৬। গৌড়ীয়সম্প্রদায়বিচারঃ ৴
৬৭। সারার্থবর্ষিণী ৴৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৹
৬৯। এ ভিজিট ব্রাদার্স ইন দ্য বেঙ্গল ।৹
৭০। সার্ভেন্টস ৴৹
৭১। বেদান্ত—ইটস মরফলজি এণ্ড অর্গানিকস ।৹
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ।৵৹
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।৹
৭৪। বেদান্তদর্শন ।৹
৭৫। গোল্ডেন গৌড়ীয়মঠ ইন ফুটোস ৴৹
৭৬। দি হারমোনিষ্ট ।৹
৭৭। ইংলিশ ক্রিশ্চিয়ান এণ্ড আবদালেন্স রিজেকশন ।৹
৭৮। ভক্তিতত্ত্ব ১৷৹
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অনুদিত)

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।৹
৮১। সাধন-পথ ৷৹
৮২। প্রমেয়-রত্নাবলী ৴১৹
৮৩। গীতাবলী ৴১৹
৮৪। শরণাগতি

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৸

প্রাপ্তিস্থান— শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ } ২৩ মাধব ৪৫৪ গৌরাব্দ ২৩শে মাঘ বঙ্গাব্দ ১৩৪৭, ৫ই ফেব্রুয়ারী ইং ১৯৪১, বুধবার { ২৭৭তম সং

গীতিসাহিত্যে শ্রীভক্তি-বিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দররূপে প্রকাশিত হইয়াছে। উহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৫০ আনা

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

নিত্যস্তব ও গীতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৫০ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

"প্রত্যেক মুহূর্ত্ত যেন বৃথা ব্যয়িত না হ'য়ে আশ্রয়বিগ্রহ ও আশ্রয় বিগ্রহের নিষ্কপট সেবকগণের সঙ্গে তাঁ'দের সেবায় যাপিত হয় তজ্জন্য সর্ব্বদা সতর্ক থাকা উচিত। তাঁ'দের কৃপা হ'লে তাঁ'দের প্রাণাপেক্ষা দয়িত বিষয়-বিগ্রহের সেবালাভ করবার সৌভাগ্য হ'বে।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৩ মাধব বুধ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫৪

শ্রীঅদ্বৈত প্রভু

পঞ্চতত্ত্বাত্মক শ্রীগৌরসুন্দরের এক অঙ্গ শ্রীনিত্যানন্দ আর এক অঙ্গ শ্রীঅদ্বৈত। উভয়েই বিষ্ণুতত্ত্ব হইয়াও শ্রীমন্মহাপ্রভুর দাসাভিমানে প্রমত্ত। শ্রীঅদ্বৈত প্রভু মহা-বিষ্ণুর অবতার। তিনি ভক্তি-শিক্ষক। সেই ভক্তিশিক্ষক শ্রীঅদ্বৈত প্রভুর শ্রীচরণাশ্রয় ব্যতীত জীবের গৌরকৃষ্ণ-ভক্তিলাভের অন্য উপায় নাই। শ্রীঅদ্বৈত প্রভু কোটি-ব্রহ্মাণ্ডের কর্ত্তা হইয়াও কখনও বহির্ম্মুখ হন না। কারণার্ণবশায়ী মহাবিষ্ণু নিমিত্তরূপে এবং মহাবিষ্ণুর অবতার সদাশিব শ্রীঅদ্বৈত প্রভু উপাদানরূপে মায়াকে নিয়ামক থাকিয়া জগৎসৃষ্ট্যাদি কার্য্য করিলেও মায়াধীনতা বস্তুতঃ মায়াধীনতা স্বীকার করেন না।

ভক্তাবতার শ্রীঅদ্বৈতপ্রভু নিখিল ভক্ত বা বৈষ্ণবজগতের গুরু। জগৎকে ভক্তি-উপদেশ করাই তাঁহার একমাত্র কার্য্য। বৈষ্ণবগণ তাঁহার আচরণ অনুসরণ করিয়াই স্বয়ংপ্রকাশ-বিগ্রহ বলদেবাভিন্ন জগদ্গুরু শ্রীনিত্যানন্দে ভক্তিমান্ হন।

অদ্বৈত আচার্য্য গোসাঞি সাক্ষাৎ ঈশ্বর।
যাঁহার মহিমা নহে জীবের গোচর॥
এক মহাপ্রভু আর প্রভু দুইজন।
দুই প্রভু সেবে মহাপ্রভুর চরণ॥
চৈতন্যগোসাঞিকে আচার্য্য করে 'প্রভু'-জ্ঞান।
আপনাকে করেন তাঁর 'দাস'-অভিমান॥
সেই অভিমান-সুখে আপনা পাসরে।
'কৃষ্ণদাস হও' জীবে উপদেশ করে॥
কৃষ্ণদাস-অভিমানে যে আনন্দসিন্ধু।
কোটি-ব্রহ্মসুখ নহে তার একবিন্দু॥
মুঞি যে চৈতন্যদাস, আর নিত্যানন্দ।
দাস ভাব-সম নহে অন্যত্র আনন্দ॥
(চৈঃ চঃ)

কৃষ্ণপ্রেমের এমনই অদ্ভুত স্বভাব যে, গুরু-সম ব্যক্তিকেও লঘু করায়। শ্রীনারায়ণের বক্ষোবিলাসিনী লক্ষ্মীদেবী, বিষ্ণুপার্ষদগণ, ব্রহ্মা, শিব, নারদ, শুকাদি, নারদাদির শ্রীদাস প্রভৃতি সকলেই ভগবদ্দাস্য-কামনা করেন। বৎসল-রসাশ্রিত নন্দ-যশোদার বাৎসল্যরসে, সখ্যরসাশ্রিত শ্রীদামাদি গোপালের সখ্যরসে, মধুররসে, এমন কি, মহাভাবস্বরূপিণী সাক্ষাৎ শ্রীরাধারাণীর কান্তরসেও কৃষ্ণদাস্য বর্ত্তমান। মহিষীগণেরও কৃষ্ণদাস্য, স্বয়ংপ্রকাশ বলদেব নিত্যানন্দেরও কৃষ্ণদাস্য, শেষরূপী অনন্তের সঙ্কর্ষণেরও কৃষ্ণদাস্য, সদাশিবেরও কৃষ্ণদাস্য,—সকলেই কৃষ্ণদাস্যের কাঙ্গাল। এই কৃষ্ণদাস্যপদবীর ন্যায় উচ্চ পদবী আর নাই।

কৃষ্ণের সমতা হৈতে বড় ভক্তপদ।
আত্মা হৈতে কৃষ্ণের ভক্ত হয় প্রেমাস্পদ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ সর্ব্বেশ্বরেশ্বর হইয়াও তাঁহার সেবকভক্তকে তাঁহা অপেক্ষাও বড় করিয়া মানেন। ভক্তও ভগবান্ ছাড়া আর কাহাকেও বড় করিয়া জানেন না। শ্রীঅদ্বৈতপ্রভু জগদ্গুরু কেবল জগজ্জন শিক্ষা প্রদানের জন্য স্বয়ং সম্প্রদায় স্বীকার করিয়া গুরুপাদাশ্রয়ের লীলা প্রদর্শন করিয়াছিলেন। শ্রীল মাধবেন্দ্র পুরীপাদের শিষ্য শ্রীঈশ্বর পুরীপাদ ও শ্রীঅদ্বৈত প্রভু। শ্রীঅদ্বৈতাচার্য্যের অচ্যুতানন্দ, কৃষ্ণমিশ্র, গোপাল, বলরাম, স্বরূপ ও জগদীশ এই ছয়টী পুত্র। ইহাদের মধ্যে প্রথম তিনজন গৌরভক্ত নিযুক্ত ছিলেন আর শেষোক্ত তিনজন গৌর-বিমুখ স্মার্ত্ত বা মায়াবাদী, সুতরাং অবৈষ্ণব ছিলেন।

শ্রীঅদ্বৈত প্রভু শ্রীহট্ট নিকটবর্ত্তী নবগ্রামবাসী শ্রীকুবের মিশ্রের গৃহে তদীয় পত্নী শ্রীনাভাদেবীর গর্ভসিন্ধু হইতে মাঘ মাসের শুক্লা সপ্তমী তিথিতে এ জগতে আবির্ভূত হন। শুনা যায়, বৈষ্ণবশ্রেষ্ঠ মহাদেবের নিত্য ভক্তকেশর কুবের কোন সময় শিবের আরাধনা করেন। মহাদেব তাঁহার আরাধনায় সন্তুষ্ট হইয়া তাঁহাকে বর প্রার্থনা করিতে বলিলে কুবের মহাদেবের নিকট "আপনি আমার পুত্র হউন" এই প্রার্থনা করেন। শ্রীঅদ্বৈত প্রভু পূর্ব্ববঙ্গের লীলা প্রকাশ করিয়াছিলেন। মাতাপিতার পরলোকগমনের পর শ্রীঅদ্বৈত শ্রীবৃন্দাবনে গমন করিয়া কৃষ্ণারাধনায় নিমগ্ন হন, পরে শ্রীমন্মহাপ্রভুর প্রকটের কিছু পূর্ব্বে শান্তিপুরে আগমনপূর্ব্বক তথায় বাস করেন। শান্তিপুরে বাসকালে গঙ্গাতীরে তাঁহার আবাসবাটীর সৃষ্টি নির্ম্মাণ করাইয়া দেন এবং তাঁহার সম্মতিক্রমে বিশিষ্ট লোকসকল নিজ নিজ কন্যা 'শ্রী' ও 'সীতা' নাম্নী দুইটী সর্ব্বগুণযুক্তা কন্যার সহিত তাঁহার বিবাহ দেন। যোগমায়া এবং তদীয় সর্ব্বগুণযুক্তা সীতা ও শ্রী-রূপে অবতীর্ণা হইয়া তাঁহার সহধর্ম্মিণী হন। শ্রীমন্মহাপ্রভু যখন শ্রীধামমায়াপুরে অবতীর্ণ হন, তখন শ্রীঅদ্বৈত প্রভু ও তাহার পত্নী শ্রীশান্তিপুর নিবাস শান্তিপুরে ছিলেন। শ্রীঅদ্বৈত প্রভু শ্রীমায়াপুরে শ্রীবাস পণ্ডিতের আঙ্গিনার সন্নিকটে একটী বাসস্থান নির্ম্মাণ করাইয়া বাস করেন। সেইস্থানে তিনি ভক্তগণকে লইয়া কৃষ্ণকথার আলোচনা করিতেন। সেই শ্রীঅদ্বৈত-ভবন অদ্যাপি শ্রীঅদ্বৈত প্রভু ও শ্রীমন্মহাপ্রভুর স্মৃতিচিহ্ন বক্ষে ধারণ করিয়া শোভা পাইতেছেন।

এই শ্রীঅদ্বৈত প্রভুর মহিমা শ্রীমন্মহাপ্রভু স্বয়ং শ্রীমুখে কীর্ত্তন করিয়াছেন। ইঁহার বিস্তৃত মহিমা এবং কথার কথা শ্রীচৈতন্যভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃতে বিশেষভাবে লিখিত আছে।

সাধুসঙ্গে কৃষ্ণভক্ত্যে শ্রদ্ধা যদি হয়। ভক্তিফল 'প্রেম' হয়, সংসার যায় ক্ষয়॥

যৎকিঞ্চিৎ

——০::(০)::০——

বস্তুত ভগবানেরই স্বেচ্ছাচারিতা থাকিবে, কিন্তু বদ্ধ জীবের স্বেচ্ছাচারিতা থাকা উচিত নয়। স্বেচ্ছাচারিতাই স্বেচ্ছাচারিতা দুর্গতির কারণ। স্বেচ্ছাচারিতা ত্যাগ করে, তাহা কাপুরুষতা। সেইজন্যই শাস্ত্রাদি সর্বপ্রথমে শ্রীগুরু-পাদপদ্মে শরণাগতি এবং তাঁহাদের অনুগত হইবার উপদেশ দিয়াছেন। উপযুক্ত বস্তুর নিকট আত্মসমর্পণ না করিলে তাঁহার বিষয় কিছুই জানা যায় না। নিষ্কপটে submit করিলে admission নিশ্চয়ই পাওয়া যাইবে, করুণাময় গুরুবৈষ্ণবগণ নিষ্কপটকে নিশ্চয়ই আত্মসাৎ করিবেন। সর্বক্ষণ প্রসাদপ্রার্থী হইতে হইবে। শ্রীচৈতন্য ও শ্রীচৈতন্য ভক্তগণের দয়া ছাড়া স্বেচ্ছাচার হইতে রক্ষা পাইবার অন্য উপায় নাই। হরিকথা-প্রসাদ ও মহাপ্রসাদ দুইই গ্রহণ করিতে হইবে, তাহা হইলে আমাদের মঙ্গল হইবে। মহাপ্রসাদসেবনে আমার মঙ্গল হয়—আমরা ভগবানের উন্মুখ হই। ভগবদ্ভক্তের দয়া মহাপ্রসাদ নহে, পরন্তু তাহা অমোঘবস্তু। তাঁহাদের অহৈতুকী দয়া বদ্ধজীবের অজ্ঞানতাকে নাশ করিয়া তাহাদিগকে কৃষ্ণোন্মুখ হইবার সহায়তা করে। কোটি কোটি বস্তু বা কোটি কোটি দুর্ভিক্ষ প্রপীড়িত ব্যক্তিকে সাহায্য অপেক্ষা যদি একটী ব্যক্তিকেও মহাপ্রসাদ দেওয়া যায় ও তাঁহার নিকট হরিকথা কীর্ত্তন করা যায়, তাহা হইলে তাহাই সর্বাপেক্ষা অধিক জীবে দয়া ও ধর্ম।

অনাসক্তি বা অভিনিবেশ ত্যাগ ও কৃষ্ণের প্রতি আভিনিবেশই প্রকৃত বৈরাগ্য। তত্ত্ব-গৃহস্থের ন্যায় ভোগী নহেন এবং ফল্গু বৈরাগীর ন্যায় ত্যাগী নহেন। জগতের যে যে বস্তুকে যথা প্রসাদরূপে গ্রহণ করা যায়, তাহাকে ভোগ বলা যায় না, তাহাই ভক্তি। অন্যান্য অভিনিবেশের সহিত বিষয় ভোগকেই ভোগ বলে। অভিনিবেশ পরিত্যাগ পূর্বক বিষয়গ্রহণকে বিরাগকে শব্দার্থতা বলে। ভোগী কনক-কামিনীকে নিজ ভোগের উপকরণ মনে করে, কিন্তু শুদ্ধ-বৈষ্ণব অপ্রাকৃতবুদ্ধিতে ঐ দুইটিকে কৃষ্ণকার্ষ্ণ-সেবার উপকরণ বলিয়া জানেন। তিনি ঐ দুইটিকে নিজে ভোগ না করিয়া কৃষ্ণসেবায় নিযুক্ত করেন। তিনি জানেন,—

> তোমার কনক ভোগের জনক,
> কনকের দ্বারে সেবহ মাধব।
> কামিনীর কাম নহে তব ধাম
> তাহার মালিক কেবল যাদব॥

ফল্গুবৈরাগী বা শুষ্কত্যাগী কৃষ্ণসম্বন্ধীয় বস্তুকে জড়জ্ঞানে পরিত্যাগ করিয়া আপনাকে বৈরাগী বা ত্যাগী বলিয়া পরিচয় দেয়, অর্থাৎ শাস্ত্র, শ্রীমূর্ত্তি, শ্রীনাম মহাপ্রসাদ বা কৃষ্ণ সেবার অনুকূল বস্তুগুলিকেও নিজ ইন্দ্রিয় তর্পণের প্রতিকূল জানিয়া দূরে পরিত্যাগ করে না। কিন্তু বৈষ্ণব ঐ গুলিকে প্রাকৃত জড়বস্তু না জানিয়া কৃষ্ণ বা কার্ষ্ণ অর্থাৎ বিষয়জাতীয় সেবা বা আশ্রয়জাতীয় সেবা-জ্ঞানে তাঁহাদের সেবা করিয়া থাকেন।

শ্রীল তীর্থ মহারাজের হরিকথার মর্ম্ম

——::(০)::——

মঠ সর্ব্বদা শ্রীহরিনামে মুখরিত থাকা দরকার। কেবলমাত্র কতকগুলি নিয়মবাঁধা কাজ সকলে মিলিয়া সুশৃঙ্খলার সহিত করিয়া গেলেই যে মঠের সেবা অর্থাৎ মঠে শ্রীগুরুপাদপদ্মে) অবস্থান করিয়া শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের সেবা হইল, তাহা নহে। যদি মঠবাস করিয়াও কোন ব্যক্তির জিহ্বায় শ্রীহরিনাম স্ফূর্ত্তিপ্রাপ্ত না হন, তাহা হইলে জানিতে হইবে যে, সেবা করিবার প্রবৃত্তিতে সে মঠে আসে নাই, নিশ্চয়ই অন্যাভিলাষ বা ভোগ-বাসনাকে প্রশ্রয় দিয়েছে। এক কবিয়া বলিয়া দেওয়া হইয়েছে যে,—এই যে মঠ, ইহা শ্রীচৈতন্য বাণীর ভাণ্ডার; শ্রীগুরুদেব ইহার ভাণ্ডারী। শ্রীচৈতন্য-বাণীর আদেশ,—"কি শয়নে, কি ভোজনে, কিবা জাগরণে। অহর্নিশ 'চিন্ত কৃষ্ণ, বলহ বদনে॥" শ্রীগুরুদেব শ্রীচৈতন্যমনোঽভীষ্টপরিপূরক। তিনি নাম ছাড়া আর কিছু জানেন না; তাঁহার বাণীর জ্বলন্ত প্রমাণ—"নাম বিনা কিছু নাহিক আর চৌদ্দভুবন মাঝে॥" কিন্তু তবু ত' কই আমাদের মুখে শ্রীনামের আবির্ভাব হইতেছে না! যদি নামের আবির্ভাব না হয়, তাহা হইলে শ্রীনাম-প্রচারক গুরুবর্গের পরিত্যক্ত ভাণ্ডারের অর্থাৎ মঠের সেবা কি করিয়া হইবে? যদি বল, সেবা কাজ ত' আমি হাতে-কলমে ঠিক ঠাকই করিতেছি, তাহা হইলে উত্তর দেওয়া হইবে তুমি সেবা করিতেছ না, তুমি শ্রীরূপ গোস্বামীর শ্রীচরণে অপরাধ করিতেছ। তিনি বলিয়াছেন,—"সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ"— সেবোন্মুখ হ'লে তাঁহাকে ত' বলিয়া শিখাইয়া দিতে হয় না! তাঁহার নিকট সকল তত্ত্ব আপনা হইতেই স্ফূর্ত্তিপ্রাপ্ত হয়। আর সেবা-কার্য্যে নিযুক্ত থাকিয়াও বলিয়া ও শিখাইয়া দিবার পরও যেখানে নামের স্ফূর্ত্তি নাই, সেখানে অপরাধ কতটা, সেটা একবার চিন্তা করা দরকার নয় কি? যদি বল, 'মনে মনে নাম করি', তাহা হইলেও শ্রীল জীবীপ্রভু এবং বিশেষ করিয়া শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীপদে' বিশেষ অপরাধ হইবে। শ্রীশ্রীজীব গোস্বামী প্রভু বলিয়াছেন,—"যদ্যপ্যন্যা ভক্তিঃ কলৌ কর্ত্তব্যা তদা কীর্ত্তনাখ্যা-ভক্তিসংযোগেনৈব।" আর শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,— "জীবদিবদান, কীর্ত্তনেতে প্রাণ, কর উচ্চৈঃস্বরে হরিনাম-রব।" শ্রীল প্রভুপাদের আশা অর্থাৎ মনোহভীষ্ট কি? উচ্চৈঃস্বরে শ্রীহরিনাম কীর্ত্তন—বাড়ী, ঘর, দুয়ার, মার্বেল-পাথরের মঠ-মন্দিরাদি, খাওয়া থাকার, জাঁকজমক ইত্যাদি নয়। তাঁহার সমস্ত চেষ্টাই কেবল বিশ্বাসমূর্ত্তীবন শ্রীনাম-সংকীর্ত্তন-যজ্ঞে আহুতি দিবার কৌশল। যদি নামকীর্ত্তন না থাকে, তাহা হইলে মঠের প্রাত্যহিক অনুষ্ঠানগুলির সহিত সংসারী গৃহস্থ ও অন্যান্য সেবাশ্রমের ক্রিয়াকাণ্ডাদির কি বৈশিষ্ট্য থাকে? এখানে ভিক্ষাদি হয়, ভোগ প্রস্তুত হয় এবং প্রসাদ সম্মান হয়। অনৈতিক-গৃহস্থও অর্থোপার্জ্জন করে, রান্না করে ও খাওয়া-দাওয়া থাকে। এখানে যে আরতি-অর্চ্চনাদি হয়, অন্য দেবালয়ের সহিত তাহার বৈশিষ্ট্য কোথায়? আমরা না হয়, প্রসাদ সম্মানের সময় একবার "শরীর অবিদ্যাজাল' বলিয়া অনুভূতিহীন আবৃত্তি করি, অথবা আরতির সময় মহাজনপদাবলী গান করি, কিন্তু তাহাদ্বারা হৃদয়ে শ্রীনামের স্ফূর্ত্তি হইতেছে কোথায়?

সমস্ত অনুষ্ঠানের মধ্যে প্রাণ আনা দরকার। প্রাণ কি? 'প্রাণ মোর যুগলকিশোর"—ইহাই শ্রীগুরুবর্গের কথা। যুগলকিশোর-অর্থে যুগল নাম (শ্রীচৈতন্য-মহাপ্রভু)। যদি এই প্রাণের স্পন্দন অর্থাৎ শ্রীনামের অনুভূতি বা পরেশানুভূতি ও অন্যত্র বিরক্তি যুগপৎ না জাগে, তাহা হইলে কি আমরা শ্রীগুরুবর্গের সন্তোষ বিধান করিতে পারিব? ভক্তি, পরেশানুভূতি ও বৈরাগ্য—এককালে ওগুলা দরকার পরেশানুভূতি ও বৈরাগ্য শিক্ষা করা যায় না। ভক্তিবৃত্তি সহজ হওয়ায় সত্যাপত্তি-মূলা বলিয়া তাহা দিয়া শিক্ষণীয় ভক্তি-অর্থে সেবা। প্রকৃত সেবকের সেবার মূলে না থাকিলেও সেবার প্রতি গাঢ় প্রীতি থাকায় তিনি সেবা করিয়া কখনই তৃপ্ত হইতে পারেন না; কাজেই নিজের সেবাকে তিনি কখনই নিখুঁৎ মনে করেন না; অতএব তিনি সর্ব্বদাই অন্য সেবকের নিকট সেবা শিক্ষা করিবার জন্য ব্যগ্র হইয়া পড়েন। এইজন্য ভক্তিমার্গে শিক্ষা ও অনুশীলন দরকার। নামানুশীলন জাগতিক বা কাল্পনিক নহে। সেবা-কার্য্যে যত বড় ও অভিনিবেশ হইবে, ততই শ্রীনামের অনুভূতি ও ইতর বিষয়ে অর্থাৎ দেহ-মন বা ব্রহ্মাণ্ড-সম্বন্ধীয় বিষয়ে বৈরাগ্য দেখা যাইবে।

শ্রীচৈতন্যমঠ ও শ্রীগৌড়ীয়মঠসমূহ ভক্তি-শিক্ষা দিবার স্থান। এই শিক্ষালাভ করিয়া পরেশানুভূতি বা প্রাণের স্পন্দন হইতেছে কিনা—ইহাই লক্ষ্যের বিষয়। প্রত্যেক মঠবাসী আনুগত্যে নিজের ও অপরের মঙ্গল কামনামূলে পরস্পর পরস্পরকে এই বিষয়ে সাহায্য করিবেন। এই দিকে লক্ষ্য না রাখিয়া অর্থাৎ শ্রীনামের অনুভূতির দিকে লক্ষ্য না রাখিয়া চলিলে অনেক সেবা-কার্য্যের মধ্যে কর্ত্তাভিমানের আবাহন করিবেন এবং অপরকেও তাহাতেই প্ররোচনা দিয়া নরকের যাত্রী করিবেন। যদি শুষ্কবৈরাগ্য লক্ষ্যের বিষয় হয়, তাহা হইলে আরও বিপদ্। কারণ, তাহাতে ক্রমে সেবা-শিক্ষায় বৈরাগ্য আসিয়া যাইবে। তখন বিচার হইবে, আমিই গুরুবর্গের সেবা হইব, তাঁহাদের মাধুকরীলব্ধ দ্রব্যাদি গ্রহণ করিয়া আমি নিষ্ক্রিয় থাকিব এবং প্রতিষ্ঠা নিয়া থাকিব। শিক্ষণীয় বিষয় বা লক্ষ্যের বিষয়—বৈরাগ্য নহে; সেবা শিক্ষাদ্বারা শ্রীনামের উত্তরোত্তর অনুভূতি হইতে থাকিবে, কারণ আমরা পূর্ব্বেই বলিয়াছি,—"সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ"। নিজের অনুভূতি হইল কিনা এবং সেবা-কার্য্যাদি সুষ্ঠুরূপে পরিচালনকালে অপরেরও এই অনুভূতি জাগিল কিনা—এই বিষয়ে লক্ষ্য রাখিতে হইবে। শ্রীগুরু-বৈষ্ণবের নিকট হইতে যাঁহারা শ্রীমঠের সেবা-কার্য্যাদি-পর্য্যবেক্ষকের সেবা-পদ লাভ করিয়াছেন, তাঁহাদের এই কার্য্যটি করিতে হইবে। এ-বিষয়ে উদাসীন হইলে তাঁহাদের ভক্তিশিক্ষার ব্যাঘাত হইবে—সেবায় বৈরাগ্য আসিবার আশঙ্কা তাঁহাদের পক্ষে খুব বেশী হইয়া পড়িবে। নিরপেক্ষতা বা উদাসীনতা অজ্ঞানদিগকেই আচরণে দেখা যায়। গোড়ামনা শ্রীগুরু-বর্গের শ্রীপাদপদ্মে আসিলে সাধক জীবের পক্ষে অন্তর্যামী গুরুবর্গের অনুকরণ করিলে শ্রীনিত্যানন্দের কৃপালাভের আশা সুদূরবর্ত্তী হইয়া পড়ে। নিজের অনুভূতি না থাকিলে অপরের অনুভূতি বুঝা যায় না। কাজেই যদি ঐরূপ সেবাভারপ্রাপ্ত কোন সেবক বলেন যে, আমার অনুভূতি নাই; অতএব আমি উহা পারিব না, তাহা হইলেও তাঁহাকে সমর্থন করা যাইবে না; কারণ গুরুবর্গের নিকট

'আমার অনুভূতি নাই, অতএব আমি সেবা করিতে পারিব না'—এরূপ বলা শরণাগতি-শিক্ষার ফল নহে; পরন্তু—

"গুরুদেব!
কৃপাবিন্দু দিয়া, কর এই দাসে,
তৃণাপেক্ষা অতি হীন।
সকল সহনে, বল দিয়া কর,
নিজ-মানে স্পৃহাহীন॥
সকলে সম্মান, করিতে শকতি,
দেহ নাথ, যথাযথ।
তবে ত' গাইব, হরিনাম সুখে,
অপরাধ হ'বে হত॥
কবে হেন কৃপা, লভিয়া এ জন,
কৃতার্থ হইবে নাথ।
শক্তি-বুদ্ধিহীন, আমি অতি দীন,
কর মোরে আত্মসাৎ।
যোগ্যতা বিচারে, কিছু নাহি পাই,
তোমার করুণা সার।
করুণা না হৈলে, কাঁদিয়া কাঁদিয়া,
প্রাণ না রাখিব আর॥"

—এই বলিয়া সেবাবল প্রার্থনা করাই প্রকৃত শরণাগতি শিক্ষা। সেবায় বাধা আছে, অতএব সেবা করিব না—এই কথা না বলিয়া 'সেবাই করিব' বলিয়া সেবার প্রতিকূলতাকে শ্রীগুরু-কৃপাবলে অনুকূল ক'রে শ্রীগুরুদেবের শ্রীপাদপদ্মে পড়িয়া এই মুহূর্ত হইতেই তাঁহার কৃপাপ্রার্থী হইয়া অনুকূলতায় শ্রীগুরুবর্গের অর্পিত সেবাভার বরণ করি না কেন?

স্থূলটা নাড়ি বাছিয়া বৈরাগ্য করিয়া দেখান যায় না; উহা ব্যক্তিগত। ক্ষুধাটা যেমন ব্যক্তিগত, তুষ্টিও সেইপ্রকার ব্যক্তিগত। তুষ্টি, পুষ্টি—সমস্তই সেই প্রকার। সেইরূপই আবার সেবোন্মুখতা বা ভক্তি, পরেশানুভূতি ও বৈরাগ্য—সবই ব্যক্তিগত। তবে এইমাত্র বলিয়া দেওয়া যায় যে, অবিদ্যাদিদোষে আহারে অর্থাৎ প্রসাদসেবায় আচরণে কোনও ক্ষতি নাই, তবে আহারের সহিত সুবিধামত নিবেদন প্রভৃতি গ্রহণ কর এবং নিজের সহিত বৈষ্ণব-সেবা বা নিজের সেবাবল বিশেষ প্রয়োজন, সর্বদা স্মরণ কর, তাহা হইলে অবিদ্যাদোষ দূরীভূত হইবে। সর্বক্ষণই কীর্তন-মুখে সেবায় নিযুক্ত থাকিতে হইবে। বৈষ্ণব-সেবা ও অর্চনাদি করিবার সময় কীর্তন ও মহাপ্রসাদ-গ্রহণ করিতে হইবে। প্রসাদ পাইবার সময় প্রত্যেক সর্বক্ষণ প্রসাদের প্রসাদ-প্রার্থনা করিতে হইবে যে, "আপনি প্রসাদ, অচ্যুত কৃপাময়, এই সময় আপনার কৃপায় প্রাকৃত-বস্তুর সুযোগ পাইবার ভোগবুদ্ধির সকল অপরাধ অবিচারে প্রাপ্ত হইতেছি—আপনাকে স্বরূপাদি জ্ঞান করিয়া কখনও দান, কখনও মন্দ বিচার করিতেছি। আপনি এই অধমকে কৃপা করুন।" প্রসাদ কাহার?—পঞ্চতত্ত্বাত্মক শ্রীমন্মহাপ্রভুর প্রসাদ। কে দিয়াছেন?—প্রসাদ শ্রীগুরুদেব। অতএব প্রসাদ সম্মানের সঙ্গে সঙ্গে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের উপাসনা হওয়া উচিত। গুরুবর্গ যদি আদেশ করেন, তবে নিজের অযোগ্যতার বিচার না করাইয়া পাঠ-কীর্তনাদি করিতে হইবে। তবে যেন 'কীর্তনীয়া'-অভিমান, 'বক্তা' বা গায়ক অথবা লোকরঞ্জনকারিণী যোগ্যতা-অর্জন-চেষ্টা প্রবৃত্ত না থাকে। কিন্তু মনে রাখিতে হইবে শ্রোতৃরূপে সর্বদাই গুরুবর্গের সেবা যেন আমার দ্বারা হয়,—এই বলিয়া শ্রীগুরুবর্গের নিকট সেবাবল ভিক্ষা করিতে হইবে। পাঠক-গায়কেরা মনে রাখিবেন যে, পাঠ কীর্তনে যে তাঁহাদের অধিকার দেওয়া হয়, তাহা কেবল তাঁহাদের সংশোধনের জন্য। শ্রোতৃবর্গ তাঁহারা কিরূপ ধরিতে পারিয়াছেন, তাহা তাঁহাদের কীর্তনে ধরা পড়িবে। তাঁহাদের গলদ শ্রীগুরুদেব ধরিয়া দিবেন। চুপ করিয়া থাকিলে সে সুবিধা হইবে না। পরীক্ষা দিতে হইবে। সুদক্ষ বিদ্যার বিদ্যার্থীদের বিদ্যালয়ের পরীক্ষায় পাশ করা যায় না। প্রত্যেকে পাঠ-কীর্তনের সুযোগে বাড়িতে সাহস প্রাপ্ত হইয়া আত্ম-সংশোধনের সুযোগ গ্রহণ ও শ্রোতৃ গুরুবর্গের সেবা করিবার জন্য শ্রীগুরুবর্গের নিকট সেবাবল প্রার্থনা করিবেন। প্রার্থনা নিষ্কপট হইলে তাঁহারা যাহাই বলাইবেন, তাহাই বলা যাইবে।

শ্রীনাম, শ্রীধাম ও শ্রীকাম ছাড়া জগতে গৌড়ি (চতুর্থ) বস্তু নাই। শ্রীকাম-অর্থে সেবা বা ভক্তি। হৃদয় হইতে নিরন্তর শ্রীনামের স্বতঃস্ফূর্তি পরেশানুভব এবং অন্যত্র বৈরাগ্যই শ্রীনামে, শ্রীধামে অবস্থিতি ও শ্রীনামের বিলাস। শ্রীধামে অবস্থিতি স্বরূপাবস্থিতি। "অন্যথা রূপং হিত্বা স্বরূপেণ ব্যবস্থিতিঃ"—ইহাই মুক্তি বা শ্রীধামে অবস্থান। অন্য রূপ বা বিরূপ-ত্যাগই বৈরাগ্য। স্বরূপে—শ্রীধামে বাস না হইলে তাহা সম্ভব নয়। বৈরাগ্য বলিতে কেবল প্রয়োজন সংকোচ ও ভোগত্যাগ বুঝায় না, আসক্তি-ত্যাগই—'বৈরাগ্য'। যদি পরেশানুভূতি না হয়, তবে ইতরাসক্তি যাইবে না। পরেশানুভূতির স্বরূপবিহীন বৈরাগ্য চেষ্টা কেবল ফল্গু বৈরাগ্য। এই প্রকার ফল্গু বৈরাগ্য-চেষ্টাকেই "কর্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসা স্মরন্। ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে॥" বলিয়া গর্হণ করিয়াছেন। ভক্তির বাধা অর্থাৎ শ্রীগুরুবর্গ বা প্রভু গুরুদেবের মনোহভীষ্টপূরণের বাধাস্বরূপ দৈহিক ও মানসিক ভোগ ও ত্যাগ-পিপাসাকে পর্যন্ত দূর করা দরকার; পরেশানুভূতির লক্ষণ সেবা-প্রবৃত্তি। সেবক যখন সেব্যের অনুভূতি লাভ করেন, তখন কি হয়?—তাঁহার সেবোন্মাদনা জাগিয়া উঠে না কি? নিষ্কপট সেবকে হৃদয়ে যতই পরেশানুভূতি হইবে, ততই সেবার প্রেরণা জাগিবে। সেবা-লক্ষ্য করিবার জন্য প্রবল পিপাসা হওয়ায় সকল আর্তি ও মনোযোগের সহিত সেবা শিক্ষাদাতা শ্রীগুরুবর্গের বাণী শ্রবণ করিয়া তৎক্ষণাৎ তিনি তাহা হৃদয়ে গাঁথিয়া লইবেন। সেবার পিপাসা প্রবল হওয়ায় নিজের দেহ-গেহ ভুলিয়া যাইবেন, তখন তাঁহার সেই বৈরাগ্য-শ্রী শ্রীগুরুপাদপদ্মের শোভাবর্ধন করিতে পারিবে।

প্রত্যেক ব্যক্তি যেমন ভোজনের সঙ্গে সঙ্গে তুষ্টি, পুষ্টি ও ক্ষুন্নিবৃত্তি অনুভব করিতে পারেন, তদ্রূপ শ্রীগুরুপাদপদ্মে শরণাগত বা আশ্রিত ভক্তগণের প্রতি পদবিক্ষেপে প্রতি নিঃশ্বাসে-প্রশ্বাসে ভক্তি, পরেশানুভূতি ও অন্যত্র বিষয়ে বিরক্তি অংশতঃই উপলব্ধির বিষয় হইবে।

প্রত্যেক ভক্তগণ তাঁহার বৈরাগ্যে আত্মার তুষ্টি, তাঁহার পরেশানুভূতিতে অর্থাৎ গৌরকৃষ্ণনাম, গৌরকৃষ্ণধাম ও গৌরকৃষ্ণকামে আত্মার পুষ্টি এবং তাঁহার দৈনন্দিন সেবা কার্য বা ভজনের অনুষ্ঠানে আত্মার ক্ষুন্নিবৃত্তি অনুভব করিতে পারিবেন। অর্থাৎ তিনি শ্রীহরিগুরুবৈষ্ণব সেবা করিতে করিতে অনর্থমুক্ত হন এবং হইতে নিবৃত্তি লাভ করিবেন এবং তাঁহার অন্য কোনও ফলের কামনা বা বাসনা হৃদয়ে স্থান পাইবে না।

আমার মনে (?) যে গুরুভক্তি, তাহাই সর্বক্ষণ গৌড়ীয় মঠের সর্ব অনুষ্ঠানে প্রকাশিত হয়। যদি শ্রীচৈতন্যমঠে ও তৎশাখামঠসমূহে আনুষ্ঠানিক ক্রিয়াকলাপে গুরুভক্তির অনুশীলন না হয়, তাহা হইলে উহা ফলধর্মময় মঠে পর্যবসিত হইবে।

কল টিপেন শ্রীকৃষ্ণ, যন্ত্র বাজান শ্রীকৃষ্ণ, তিনি যন্ত্রী, আমরা যন্ত্র, যেমন নাচান তেমন আমরা নাচি। অজ্ঞ লোক পুতুল নাচের অন্তরালে একটী লোক বসিয়া তার সংযোগে যে পুতুল নাচায়, তাহা দেখিতে পায় না। সে ঐ লোকটীকে দেখিতে পায় না বলিয়া পুতুল আপনি নাচে, এইরূপ বিচার করিয়া থাকে।

গুরুবৈষ্ণব-আনুগত্যই জীবের মঙ্গলের সারাৎসার। যেখানে শ্রীগুরুবৈষ্ণবের আনুগত্য নাই, সেখানে শাস্ত্রজ্ঞ ও সাধন সংযোগে আত্মশ্লাঘা, লোকবঞ্চনা, শঠতা কপটতা, হিংসা, গুরুবৈষ্ণব-নিন্দাচরণ, কনক-কামিনী-প্রতিষ্ঠাশা প্রভৃতি উপদ্রব সদা বর্তমান।

চক্ষুর ক্রিয়া দর্শন। দর্শন আবার আলো ছাড়া হয় না। অর্থাৎ অন্ধকারে চক্ষু খোলা থাকিলেও বস্তুর রূপদর্শন হয় না। অন্ধকাররূপ আবরণ চক্ষুর উপর পড়িয়া চক্ষের দর্শনক্রিয়াকে বাধা দেয়। কিন্তু যেই মুহূর্তে আলো আসে, তৎক্ষণাৎ আলোর প্রভাবে অন্ধকাররূপ আবরণ দূরীভূত হয় এবং সঙ্গে সঙ্গে চক্ষু দর্শনক্রিয়া লাভ করিয়া বস্তুর রূপ দর্শন করে। তদ্রূপ সেবাভিমান বা পুরুষাভিমানরূপ অজ্ঞান অন্ধকারে শ্রীকৃষ্ণাভিন্ন শ্রীনাম প্রভু, শ্রীকৃষ্ণাভিন্ন শ্রীগুরুবর্গ, শ্রীগুরুবৈষ্ণব শ্রীবৈষ্ণববৃন্দ, তাঁহাদের চেতন স্বরূপ শ্রীধাম বা মঠ এবং সেই ধামে অবস্থিত হইয়া শ্রীহরি গুরুবৈষ্ণববৃন্দের সেবা বা চিদ্বিলাস প্রভৃতি বৈকুণ্ঠের দর্শন লাভ হয় না।

যেই মুহূর্তে শ্রীগুরুদেব দীক্ষা অর্থাৎ দিব্যজ্ঞান বা সম্বন্ধজ্ঞানের আলো প্রদান করেন এবং শিক্ষাগুরুবর্গ সেই দিব্যজ্ঞানের আলো বিস্তার করিয়া নামভজন শিক্ষা দেন, সেই মুহূর্তে আমাদের হৃদয়াকাশের সেবাবৃত্তিরূপ অজ্ঞান-অন্ধকার, শ্রীগুরু-বৈষ্ণব বিদ্বেষরূপ অপরাধ, শ্রীকৃষ্ণবিগ্রহ-রূপ অপরাধ, ধাম অর্থাৎ মঠকে ইট-কাঠ-পাথর-জ্ঞানরূপ অপরাধ, মঠবাসী ভক্তগণকে মনুষ্যবুদ্ধিরূপ অপরাধ, মঠবাসীগণের সেবা-পূজা-তত্ত্বাদিকে কর্মকাণ্ড বলিয়া 'ব্যবহার'রূপ অপরাধ এবং সম্বন্ধজ্ঞান বিশিষ্ট 'বহু দিন-জীবন' শ্রীকৃষ্ণকীর্তনকে অনর্থ বলিয়া অপরাধরূপ অন্ধকার বা তুচ্ছ করা মায়াদেবীর ইন্দ্রজাল দূরীভূত হয়।

লক্ষ্ণৌতে প্রচার

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্যদেবের কৃপায় লক্ষ্ণৌ শ্রীগৌড়ীয়মঠ অধিবেশ সেবকবৃন্দ পরমোৎসাহের সহিত শ্রীমঠে প্রত্যহ প্রাতে মঙ্গলারাত্রিকের পর শ্রীশ্রীগুরুবৈষ্ণব-নামে শ্রীচৈতন্যভাগবত পাঠ, মধ্যাহ্নে ইষ্ট-গোষ্ঠী-মুখে শ্রীনবদ্বীপ-ধাম-মাহাত্ম্য (?) ও গৌড়ীয় পাঠ এবং সন্ধ্যারতির পর শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করিয়া থাকেন। লক্ষ্ণৌতে মঠসেবকগণ সংকেত বিশিষ্ট প্রকাশ্য ভক্ত সজ্জনগণের নিকটও শ্রীমন্মহাপ্রভুর কথা কীর্তন করিতেছেন।

ভক্তি করি' যে ভজে চৈতন্য অবতার। সেই সব জন সুখে পাইবে নিস্তার॥

শুদ্ধভক্ত-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, তাকপর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅদ্বয়ন ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১০
সেবক—শ্রীঅবধূতজন দাস ভক্তিশাস্ত্রী বি-এস

(৩) শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীসুভবিলাস ভক্তশাস্ত্রী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তিচরণ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী

(৭) কাজির সমাধি পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীনন্দন মধুর ব্রহ্মচারী

(৮) অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅবদ্ধদাস ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীসচ্চিদানন্দ দাস অধিকারী

(১৩) ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীবিশ্বরূপদাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গোড়পাড়া, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীমুনিজয়দেব স্মৃতির নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅনন্তবাসুদেব সেবাবিলাস

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ ডাকঘর [illegible] (নদীয়া)
সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট
চাকদহ [illegible], পোঃ চাকদহ (নদীয়া)
সেবক শ্রী[illegible] ভক্তশাস্ত্রী

(২১) শ্রীরামঘাট গৌড়ীয়মঠ-শ্রয়
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রীমথুরানাথ দাসাধিকারী

(২৩) শ্রীমাধবগৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] ঢাকা।
সেবক—শ্রীসন্ন্যাসকৃষ্ণ বিদ্যাভূষণ

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
সেবক—শ্রীরাসবিহারী ব্রহ্মচারী

(২৫) গয়া গৌরাঙ্গমঠ
পোঃ [illegible]. (ঢাকা)
সেবক—শ্রীভূপেন্দ্রনাথ অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীবিশ্বনাথ বিগ্রহ বিদ্যাবিনোদ বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ সরভোগ, কামরূপ, আসাম।
সেবক—শ্রীভক্তিতোষ দাস অধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩২নং লাদেন লা রোড, দার্জ্জিলিং
সেবক—শ্রীঅপরাধভঞ্জন ব্রহ্মচারী

(৩০) সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ. পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা)
সেবক—শ্রীনিত্যানন্দপ্রভু দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড গয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতনগৌড়ীয় মঠ
৮।১৭ বড় [illegible], [illegible] সিটি
সেবক—শ্রীভক্তমন ব্রহ্মচারী

(৩৪) শ্রী[illegible] গৌড়ীয়মঠ [illegible]
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

(৩৫) [illegible] মঠ
পোঃ [illegible], [illegible] ইউ পি।
শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ
[illegible] শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রীবনবীর দাসাধিকারী

(৩৯) ব্রহ্মানন্দ [illegible]
পোঃ রাধাকুণ্ড, মথুরা)
সেবক—শ্রীপ্রাণবল্লভ ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড
সেবক—শ্রীউদ্ধব দাসাধিকারী

(৪১) রাধাকুণ্ড [illegible]
সেবক—শ্রীবামনদেব ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন [illegible]
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীরাধিকানন্দ দাস

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রীরাধারমণ দাস

(৪৪) গোপীবিহারী মঠ—দেওয়ালী,
পোঃ [illegible], জেলা [illegible] (পাঞ্জাব)
সেবক—শ্রীভক্তিবিলাস ব্রহ্মচারী

৪৫। ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর [illegible], (পাঞ্জাব)
সেবক—শ্রীকৃষ্ণ রূপাধর ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible] রোড [illegible] দিল্লী
সেবক—শ্রীসনাতন ভক্তিশাস্ত্রী

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible]
বম্বে নং ২৬
সেবক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৪৮) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ [illegible] মাদ্রাজ
সেবক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ কভূর, জেলা গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

৫০। [illegible] গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] (পুরী)
সেবক—শ্রীসদানন্দ দাস অধিকারী

৫১। [illegible]
[illegible] পোঃ পুরী উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

৫২। [illegible]
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

৫৩ [illegible]
সেবক—শ্রীঅমৃতমণি দাসাধিকারী

(৫৪) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible] পুরী
সেবক শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

৫৫। [illegible] মঠ
[illegible], পোঃ [illegible] (উড়িষ্যা)
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

৫৭। শ্রী[illegible] গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ
চিরমিরি, পোঃ [illegible]পুর, গোদাবরী
সেবক শ্রীদীনহীন দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], গোদাবরী
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

৬০। আলালনাথ গৌড়ীয় [illegible]
পোঃ [illegible] (বৰ্দ্ধমান)
সেবক—শ্রীগদাধর চৈতন্য দাসাধিকারী

৬১। চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (মানভূম)
সেবক শ্রীঅবতারণ ব্রহ্মচারী

৬২। রেঙ্গুন গৌড়ীয়মঠ
[illegible] ষ্ট্রীট, রেঙ্গুন।
সেবক—শ্রীবনবিহারী ব্রহ্মচারী

(৬৩) লণ্ডন গৌড়ীয়মঠ
[illegible]
[illegible]
[illegible]
সেবক—স্বামী বিনোদবাণী দাস

৬৪। গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরিধারী গোবর্দ্ধন ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ আফিস
আমিনাবাদ, লক্ষ্ণৌ (ইউ-পি)
সেবক শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ আফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবকিশোরদাস অধিকারী

(৭১) [illegible]
সেবক—শ্রী[illegible] অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীপৌরেন্দু ব্রহ্মচারী

(৭৩) পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রীভক্তিশেখর ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্যামসুন্দর ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীবনমালী বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-কর্ত্তৃক
শ্রীনবকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	।০
„ „ ইঞ্চি	৫৲		১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲		৫৲
„ এক কলম	১৪৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	৷৷০
„ সিকি কলম ১৫৲	১৪৲
„ অর্দ্ধকলম ২৫৲	১৩৲
„ এক কলম ৩০৲	৪০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক „	৩৲
ত্রৈমাসিক „	২৷০
মাসিক „	১৲

প্রতি সংখ্যা ৫ পয়সা। নিয়মিত সংখ্যার মূল্য অগ্রিম দেয়।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিপূর্ণ আলোচনা সহকারে লিখিত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মদুরা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও স্বপ্নের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোহর। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা।

প্রাপ্তিস্থান—মদুরা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ, ইহাতে সর্বসম্প্রদায়িকতাদোষে আবদ্ধ মানবগণের মতবাদ, সমন্বয়, মহাজন, অবতার, একায়ন, বহুমত ও ভক্তগণের প্রকৃত সমন্বয়-বিচারসমূহে শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবজাতির সাধারণ ভ্রমসমূহ, অভিনব সংসিদ্ধান্তসকল প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মদুরা প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

উচ্চ শ্রেণীর ইংরাজী বিদ্যালয়

স্বাস্থ্য অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে, বিদ্যালয় ও বোর্ডিং এর পরিচালনায় যোগ্য। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তিলাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত: এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতিসুন্দরভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতিসুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সম্পাদক। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ মন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যালীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব আকারে সর্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ সংশোধিত পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশিক্ষা তৎপরে মোটা অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটি সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান- শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদবাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা ৩ তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসূচীর অর্থ, গাথা, শব্দসূচী প্রভৃতি বিষয়-নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মঠ কর্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের একটি অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে মুদ্রিত।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত সরলভাবে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা। ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৪-৫৬	৬-২১	৭ ১৪	১১-৬	১৩-১৬	১৬-৫৬	১৭-৫৩	২২ ৫
দমদম	৪-৫৯	৬-৩১	৭-২৮	১০-১৮	১৩-৫০			১২
রাণাঘাট পৌঃ	৬-১৩	৮ ১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৪	০-৫৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৩	১৩-৩৩	১৫ ৫	১৮-৩৯	১৯-৪০	২-৩৩
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১৩-০৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	৩-৪১

(বদল) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৮	১০-১৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম..	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (ন্যারো গেজ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৬	১১-৪	১৪-২২	১৬-৮	১৮-৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৩	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮-৫২	১১-৪৭	১৫-১০	১৬ ৫৬	১৯-২২	২০-৪৬	৪-৩১
রাণাঘাট পৌঃ	৭ ৪৫	৯-২৫	১২ ২৬	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১-১৯	৪-১০
(বদল) ছাঃ	৭-৫৩	৯-৩০	১২-৩৬	৫-৫৫	১৭-৫২	২০-১১	২১-২৫	৪-১৮
দমদম		১১-৮		১৭-৩৬	১৯-২	২১-১৬	২৩-১	
কলিকাতা পৌঃ	৯ ২১	১১ ২০	১৪ ১৬	১৭ ৪৩	২১-৪০	২৩ ২৫	৩ ১৬	

(ভারত-সরকারের দ্বারা রেজেষ্ট্রীকৃত)

গরীবদিগের শরীর নীরোগকারী আদর্শ গৃহচিকিৎসক

ছোট, বড়, কঠিন, সূক্ষ্ম, পুরাতন—সর্ব্বপ্রকার রোগের মূল উৎপাটন করিয়া স্বাস্থ্যসম্পন্ন করে; পায়খানা পরিষ্কার করে; পেটের লিভার ঠিক করে; অম্বল হজম করিয়া নূতন পরিষ্কার রক্ত সঞ্চার করে; ধাতুপুষ্টি সাধন করে; বল, বীর্য্য, কান্তি আনয়ন করে; পুরাতন জ্বর ম্যালেরিয়া, নূতন ও পুরাতন spleen, খারাপ জ্বর, নিমোনিয়া, প্লেগ, কলেরা, পেটের হজম ও দাস্ত পরিষ্কার না হওয়া, কোষ্ঠ-কাঠিন্য, অর্শ, বাধী প্রভৃতি রোগে আশু ফলপ্রদ।

সুস্থ অবস্থায় সেবন করিলে ম্যালেরিয়া ইত্যাদি কোনপ্রকার রোগ হয় না। নবপ্রসূত শিশুকে ইহা খাওয়াইলে সকলপ্রকার রোগ হইতে মুক্ত থাকিবে ও সর্ব্বক্ষণ শরীর নীরোগ থাকিবে।

দাম—১শিশি (৩২ বড়ি)—১৲ ডাক্তার

একত্রে ১০০ বড়ী—২৲ বৈদ্যনাথ

(চারি আনার টিকেট পাঠাইয়া নমুনা আনাইয়া দেখুন)

"জঙ্গল-বুটীভবন"

যোগাভ্যাসী মনোমোহন স্যান্ন্যালে বৈদ্য, প্রধান চিকিৎসক, স্থাপক ও অধ্যক্ষ। জেনারেল ম্যানেজার ও এসিস্টেন্ট চিকিৎসক—ব্রহ্মচারী-পণ্ডিত গোপালকৃষ্ণ পাণ্ডে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——::০::——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস

এইস্থানে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৩।১ কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় বৃদ্ধ, পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বাজারে উহার কাটতি অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত কালাজর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৸৹ দশ আনা বড় বোতল ১৶৹ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র

—১১নং উডষ্টাফিল্ড রোড, কলিকাতা

(নোয়াখোলা, ২৪ পরগণা)।

ফোন—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম শ্রীমায়াপুর

[illegible] —ঃ— [illegible] সহিত [illegible] উক্তি অধ্যায়ের বিভিন্ন 'গৌড়ীয়' আকারে প্রকাশিত হইয়াছে। ইহাতে অনেক অমূল্য উপদেশ আছে। মূল্য আট আনা।

প্রাপ্তিস্থান— [illegible] প্রিন্টিং ওয়ার্কস, [illegible]—[illegible], ঢাকা।

REGD NO 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—ঃ০ঃ—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে ইহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
ভিক্ষা ১।০

প্রাপ্তিস্থান—
শ্রীগোপীনাথ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৫শ খণ্ড শ্রীমায়াপুর ২৪শে মাঘ ১৩৪৭, ৬ই ফেব্রুয়ারী, ১৯৪১ বৃহস্পতিবার ২৭৮তম সংখ্যা

নানা-সংবাদ

—ঃ(০)ঃ—

কুইনমার্কা টাকা ও আধুলী প্রত্যাহার

গবর্ণমেন্ট কুইনমার্কা টাকা ও আধুলী বাজার হইতে তুলিয়া লইতেছেন। এগুলি ১৯৪১ সালের ৩০শে মার্চ পর্য্যন্ত চলতি অর্থাৎ 'লিগেল টেণ্ডার' (আবশ্যকভাবে গ্রহণীয়) থাকিবে, তবে তাহার পর আরও কয়মাস কাল অর্থাৎ ১৯৪১ সালের ৩০শে সেপ্টেম্বর পর্য্যন্ত সরকারী ট্রেজারি (কোষাগার) ও পোষ্টাফিসগুলিতে উহা বদলাইয়া উহার পরিবর্তে অন্য চলতি মুদ্রা দেওয়া হইবে। এ সম্পর্কে ১৯৪০ সালের ১১ই অক্টোবর তারিখেই এক বিজ্ঞপ্তি প্রকাশ করা হইয়াছিল। ১৯৪১ সালের ১লা অক্টোবরের পর হইতে পুনর্বিধি না দেওয়া পর্য্যন্ত কুইনমার্কা টাকা ও আধুলী কলিকাতা ও বোম্বাইয়ের রিজার্ভ ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়ার ইস্যু ডিপার্টমেন্ট কর্ত্তৃক বদলাইয়া দেওয়া হইবে। সুতরাং যাহাদের নিকট কুইনমার্কা টাকা বা আধুলী আছে তাহাদের পক্ষে এগুলি যথাসম্ভব শীঘ্র বদলাইয়া লওয়াই সুবিধা।"

আমেরিকা কর্ত্তৃক চীনকে সাহায্যদান

ওয়াশিংটনস্থ হোয়াইট হাউসের (প্রেসিডেন্টের বাসাবাস) সংবাদে প্রকাশ যে, প্রেসিডেন্ট রুজভেল্টের অন্যতম সহকারী মিঃ লাফলিন কুরী জাপানের বিমানযোগে চীনের বর্ত্তমান রাজধানী চুংকিং যাত্রা করিয়াছেন। ওয়াকিবহাল মহলের ধারণা এই যে, চীনাদের সহায়তা করাই তাহার এই যাত্রার উদ্দেশ্য; আমেরিকা চীনকে অর্থসাহায্য করিতেছে তাহা যাহাতে উপযুক্তভাবে ব্যয়িত হয় তিনি সে বিষয়ে চীন-সরকারকে পরামর্শ দান করিবেন।

মিঃ কুরীর সহিত যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভ ব্যাঙ্কসমূহের অন্যতম অভিজ্ঞ অর্থনীতিবিদ্ মিঃ এমিল ডেসপ্রেস্ গিয়াছেন। মিঃ কুরী প্রেসিডেন্ট রুজভেল্টের নিকট হইতে চিয়াংকাইশেকের নিকট একটি ব্যক্তিগত বাণীও বহন করিয়াছেন।

ভূমধ্যসাগরে স্পেনের গুরুত্বপূর্ণ অবস্থিতি

বিলাতের 'ইকনমিষ্ট' পত্রিকা সম্প্রতি একটি প্রবন্ধে লিখিয়াছেন :—

মনে হইতেছে, ব্রিটেনকে ভূমধ্যসাগরে একটি বড় রকম যুদ্ধের জন্যই প্রস্তুত হইতে হইবে। ফলে, স্পেনবাসীরা জেনারেল ফ্রাঙ্কোর দুর্দশা এবং ব্রুটেনের উপর নাৎসীদের অথবা ফ্যাসিষ্টগণের দরুণ যে শাস্তি ভোগ করিতে সমর্থ হইয়াছিল, তাহা হইতে বঞ্চিত হইবে এবং স্পেন পুনর্বার কূটনৈতিক কৌতূহলের বিষয় হইয়া উঠিবে। আটলান্টিক সমুদ্রের যুদ্ধে স্পেনের সহায়তা মূল্যবান্ সন্দেহ নাই, কিন্তু ভূমধ্যসাগর হইতে ব্রিটিশকে বিতাড়িত করিতে হইলে স্পেনের পোতাশ্রয় ও বিমানক্ষেত্রগুলি শুধু উপযোগী নহে, নিতান্ত অপরিহার্য।

কিন্তু লক্ষণ দেখিয়া মনে হয়, স্পেন জার্ম্মানীর "বাঁচিবার জন্য স্থান প্রসারের" (লেবেনস্রম) প্রকৃত তাৎপর্য্য হৃদয়ঙ্গম করিতে সমর্থ হইয়াছে। ইতোমধ্যেই সে আমেরিকা হইতে সাহায্যলাভের বন্দোবস্ত করিয়াছে। দক্ষিণ আমেরিকার আর্জেণ্টিনা তাহাকে গম ধার দিতেছে; যুক্তরাষ্ট্র ইতোমধ্যেই স্পেনকে ১কোটি ৩৫ লক্ষ ডলার ঋণদান করিয়াছে এবং আরও একটি বড় রকম ঋণদানের কথা শোনা যাইতেছে। ব্রিটেনও স্পেনকে সাহায্য করে নাই, এমন নহে। ব্রিটেন যে ২০ লক্ষ পাউণ্ড ঋণ দিয়াছে তাহা দ্বারা স্পেন যে সকল এলাকায় পাউণ্ড-ষ্টার্লিং দ্বারা দ্রব্য ক্রয় করা সম্ভব সে সমস্ত বাজার হইতে পণ্য ক্রয় করিতে পারিবে। স্পেন যদি উপযুক্ত রকম পণ্য রপ্তানী করিতে সমর্থ হয়, তবে ব্রিটেন হয়ত তাহাকে আরও ঋণদান করিতে পারে।

———

যুদ্ধে জার্ম্মাণীর ক্ষতির পরিমাণ

গত ১৯৪০ সালের ৩০শে সেপ্টেম্বর যে আর্থিক বৎসরের হিসাব নিকাশ শেষ হইয়াছে, সেই সময় যে আর্থিক বিবৃতি প্রকাশিত হইয়াছে, তাহা হইতে পরিষ্কাররূপে জানা যায় যে, যুদ্ধের ফলে জার্ম্মাণী কিভাবে ক্ষতিগ্রস্ত হইতেছে এবং কিভাবে সে টাকা সংগ্রহ করিতেছে। ইহা হইতে স্পষ্ট প্রতীয়মান হয় যে, যদিও ১৯১৪-১৮ সালের যুদ্ধ হইতে বর্ত্তমান যুদ্ধে অধিকাংশ সময়ই ট্যাক্স হইতে আদায় করা হইতেছে এবং যদিও গত যুদ্ধের চেয়ে বর্ত্তমান যুদ্ধে ট্যাক্স দ্বারা আদায়কৃত রাজস্বের পরিমাণ অধিক, তথাপি জার্ম্মাণী ঋণে ভারাক্রান্ত হইয়া পড়িয়াছে এবং বর্ত্তমানে দেখা যায় যে, ট্যাক্স দ্বারা যে টাকা আদায় করা হইয়াছে, তাহা অপেক্ষা ঋণের পরিমাণ অধিক। এতদ্ব্যতীত কাগজী নোটের এত বেশী প্রচলন হইয়াছে যে, একমাত্র আর্থিক দুর্গতির সময় ব্যতীত ইহা সম্ভবপর হয় নাই।

গত ১৯১৪-১৮ সালে জার্ম্মাণী তাহার যুদ্ধের খরচের শতকরা পাঁচভাগ মাত্র ট্যাক্স দ্বারা তুলিয়াছিল। বর্ত্তমানে উহার পরিমাণ বহুগুণ বেশী। গত ১৯৪০ সালের ৩১শে মার্চ্চ যে আর্থিক বৎসর শেষ হইয়াছে, সেই সময় জার্ম্মাণীর রাজস্বের পরিমাণ ছিল ২৩, ৭৫০ লক্ষ মার্ক। উহার পূর্ব্ব বৎসর উক্ত রাজস্বের পরিমাণ ছিল ১৭, ৭১০ লক্ষ মার্ক। এইকালে উক্ত অর্থের [illegible] স্থাপন করিয়াছিল।

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

২। ভাগবত — উড়িষ্যার একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ মাত্র।

শ্রীশ্রীমদ্‌-আচার্য্যসংলাপ

প্রথম খণ্ড

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয় বৈষ্ণববিশ্বের অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত অধ্যাপক ও বিদ্বৎসমাজের সম্প্রতিষ্ঠিত পণ্ডিত ও সন্ন্যাসী সজ্জনবৃন্দগণ যে সকল পারমার্থ কথা বলিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্বলিত সারমর্ম্ম এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীমদ্ রূপানুগ বর্দ্ধিত শ্রবণে ও উন্নতকৃত সিদ্ধান্তজ্ঞানে অপরিহার্য্য। গৌড়ীয়গণ স্বরূপ আচার্য্যবর্গের সিদ্ধান্তপুষ্টির অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা— ৸৹ আনা মাত্র

অণুভাষ্যম্

চতুর্দ্ধশাধ্যায় ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকৃত শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ বিরচিত 'সূক্ষ্মা' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য ক্রমে মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ। ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের গানাবলী ও 'কণিকা' টীকা, তিরোভাবের পূর্ব্বে অমূল্য ও সুচিন্তিত অমুদ্রিত পরিচয় সহ নব সংস্করণে গৌড়ীয়-মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৶৹ আনা মাত্র

প্রাপ্তিস্থান

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া,

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,

অধ্যাপক গোপালচন্দ্র সাধু এম্-এ, বি-এল্,

পুরাণপল্টন পোঃ রমনা, ঢাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত, —প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত ৩৮৲
দশম স্কন্ধ— ৯
২। ভাষায় বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৭
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড —৸৹
৪র্থ খণ্ড —৸৹
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড —৸৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড —৸৹
৭। শ্রীচৈতন্যদেব ৷৹
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷৹
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।৹
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত তত্ত্ব ।৹
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹
১৭। চৈতন্যোপনিষদ ।৹
১৮। বাহন-আবরণ ।৹
১৯। তত্ত্ববিবেক ।৹
২০। গৌড়ীয়-গৌরব ।৴৹
২১। গৌড়ীয়মাধুর্য্য ।৴৹
২২। ভজন রহস্য ।৹
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতক (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কোন্ বাণী ভাষা
২৭। প্রাকৃতরসশতদূষণী (সানুবাদ) ১৲
২৮। প্রেমবিবর্ত (সানুবাদ) ।৹
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸৹
৩০। দীপ-নির্ণয় ৶৹
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৴৹
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।৹
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৷৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹
৩৫। গীতমালা ৵১৹
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৹
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা ।৹
৪০। শরণাগতি ৶৹
৪১। গীতাবলী ৵১৹
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৹
৪৩। সাধনতত্ত্ব ৴৹
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনকণ
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)
৪৯। অর্চ্চনকণ
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪ খণ্ড)
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।৹
৫৫। কর্তব্যকার্য্যনী বা শ্যামানন্দপদ্ধতি
৫৬। ভাগবত ও ভক্তিভব ৶৹
৫৭। ঈশোপনিষদ (ভাষ্যাদিসহ) ।৹
৫৮। শ্রীগুরুদেবের ৶৹
৫৯। সিদ্ধান্তদর্পণ ৹
৬০। সাধনদায়ী ৴৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতম্ ।৹
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিনিশ্চয়ঃ ।৹
৬৩। সটীক-সিদ্ধান্তরত্নম্ ।৹
৬৪। ভক্তসেবন ।৹
৬৫। সাত্বত সিদ্ধান্তম্ ৶৹
৬৬। গৌড়ীয়বৈষ্ণবদর্শনম্ ৴
৬৭। মায়াবাদদর্শনম্ ৶৷৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৹
৬৯। এ পিপ অ্যাট দি বেদান্ত
৭০। নামভজন
৭১। বেদান্ত—ইট্স মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।৹
৭২। ভিজিটিং ব্যাপটিজম ।৴৹
৭৩। শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভু ।৹
৭৪। বেদান্তীনস ৹ ।৹
৭৫। সোসাইটি গৌড়ীয়মঠ ইন্ ভুবন ৴৹
৭৬। দি ভাগবত ।৹
৭৭। রিলিজিয়াস ফিলজফি অ্যাণ্ড আর্য্যসমাজের বিরোধ ।৹
৭৮। ব্রহ্মসংহিতা ৷৹
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অন্য খণ্ড) ২৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।৹
৮১। সাধন-পথ ।৹
৮২। কল্যাণ-কল্পতরু ৵১৹
৮৩। গীতাবলী ৵১৹
৮৪। শরণাগতি ৶৹

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান— শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের [illegible]

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দররূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷৹ আনা

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীশ্রীস্তবরত্নমালা

[illegible] এই [illegible] সুন্দর অক্ষরে অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ আনা

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৫ বর্ষ ১৪ মাধব ৪৫৪ গৌরাব্দ ২৪শে মাঘ বঙ্গাব্দ ১৩৪৭, ৬ই ফেব্রুয়ারী ইং ১৯৪১, বৃহস্পতিবার { ২৭৮তম সংখ্যা

"প্রত্যেক মুহূর্ত্ত যেন বৃথা ব্যয়িত না হ'য়ে আশ্রয়বিগ্রহ ও আশ্রয়বিগ্রহের নিষ্কপট সেবকগণের সঙ্গে তাঁ'দের সেবায় যাপিত হয় তজ্জন্য সর্ব্বদা সতর্ক থাকা উচিত। তাঁ'দের [illegible] না হ'লে তাঁ'দের প্রাণাপেক্ষা দয়িত [illegible] বিগ্রহের সেবালাভ করবার সৌভাগ্য হ'বে।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

[illegible] আদি [illegible] গৌরাব্দ ৪৫৪

হরিকথা-প্রসঙ্গ

——::o:——

শ্রীচৈতন্যমঠ কি, শ্রীচৈতন্যমঠ কোথায়, শ্রীচৈতন্যমঠের বৈশিষ্ট্য কি? ইহা সকলেরই জানা দরকার; নতুবা শ্রীচৈতন্যমঠে বাস বা শ্রীচৈতন্যমঠবাসীর সেবা করা সম্ভব হইবে না। অচেতন কখনও শ্রীচৈতন্যমঠ [illegible] উপলব্ধি করিতে পারে না। চেতনের বিকাশ না হইলে শ্রীচৈতন্যমঠের উপলব্ধি কি করিয়া হইবে? শ্রীচৈতন্যমঠ [illegible] বা [illegible] স্থান নহে, তাহা বৈকুণ্ঠ। [illegible] ভগবানের সেবা ছাড়া [illegible] আর কিছু নাই। শ্রীচৈতন্যমঠবাসি-[illegible] শ্রীচৈতন্য ও শ্রীচৈতন্য-নিজজনের কথা কীর্ত্তন করেন। শ্রীচৈতন্যবিমুখ ব্যক্তি শ্রীচৈতন্যমঠে বাস করিতে পারে না। অতএব হরিকীর্ত্তনই শ্রীচৈতন্যমঠের প্রাণ। শ্রীচৈতন্যবাণীই শ্রীচৈতন্যমঠ বা শ্রীগৌড়ীয়মঠ। শ্রীচৈতন্যবাণীর সংস্পর্শে আসিয়া প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তির সহিত শ্রীচৈতন্যমঠের অনুসন্ধান করিলে তবেই শ্রীচৈতন্যমঠ-দর্শনের চক্ষু লাভ হয়। বস্তুতঃ প্রকৃত দীক্ষা না হইলে শ্রীচৈতন্যমঠ দর্শন বা শ্রীচৈতন্যমঠে বাস করা যায় না। জগতের যাবতীয় অচৈতন্যমঠের সহিত শ্রীচৈতন্যমঠের কোনও আপোষ নাই। চেতনের সহিত জড়ের কখনও আপোষ হইতে পারে না। জড়ানুভূতি বা জড়াসক্তি ছাড়িয়া শুদ্ধবুদ্ধি লাভ হইলে তবে শ্রীচৈতন্যমঠ দর্শন হয়। শ্রীগুরুপাদপদ্মের কৃপায় শ্রীচৈতন্যমঠ-দর্শনের চক্ষুলাভ হয়। অকপটে সর্ব্বোতোভাবে শ্রীচৈতন্যবাণীর শ্রবণ-কীর্ত্তন-মননে [illegible] শ্রীচৈতন্যমঠের সেবা।

আমি কিছু করিতে পারি, ইহাই কর্ত্তৃত্বাভিমান। প্রকৃতি হইয়া যে প্রকৃতিসম্ভোগলিপ্সা, ইহাই প্রভুত্বাভিমান বা পুরুষাভিমান। যেখানে কর্ত্তৃত্বাভিমান সেখানে ভক্তি নাই। কর্ত্তৃত্বাভিমান পরিত্যাগ করাই শরণাগতির লক্ষণ। শরণাগতজন কর্ত্তৃত্বকে পরিহার করিয়া শ্রীকৃষ্ণকে গোপ্তৃত্বে বরণ করেন। আশ্রিত ব্যক্তির কর্ত্তৃত্বের আবশ্যক হয় না। জড়াভিমান না ছাড়িতে পারিলে হরিভজন হইবে না। যে কোন উপায়েই উহা ব্রহ্মাণ্ড অতিক্রম করিতেই হইবে। শ্রীগুরুদেবের পাদপদ্ম—[illegible] বিচারে প্রতিষ্ঠিত হওয়াই সর্ব্বাপেক্ষা [illegible] বিষয়। আমরা যে পর্য্যন্ত অকপটভাবে হরিগুরু বৈষ্ণবে আমাদের কাতর প্রার্থনা না জানাইব, সে পর্য্যন্ত আমাদের অনর্থের হাত হইতে রক্ষা পাইবার উপায় নাই।

———

প্রকৃত চৈতন্যমঠবাসী শ্রীগুরুপাদপদ্মে শরণাগত। তাঁহার প্রভুত্বাভিমান নাই। তিনি নিজেকে গুরুবৈষ্ণবপাদপদ্মের ধূলি বলিয়াই জানেন। তিনি সাধুসঙ্গে নিরন্তর হরিকীর্ত্তনপরায়ণ। শ্রীচৈতন্যমঠবাসীর ভোগবুদ্ধি নাই। শরণাগত ব্যক্তি [illegible] সকল অসুবিধাকে নিষ্কণ্টক বলিয়া বরণপূর্ব্বক কায়মনোবাক্যে ভগবানে উৎসর্গ করেন শরণাগত হন। [illegible] অসুবিধাগুলিকে ভগবানের কৃপা বলিয়াই বরণ করেন।

শ্রীমতীর সঙ্গ অপেক্ষা জগতে অনর্থকর আর কিছুই নাই। শ্রীমদ ও শ্রীমতীর সঙ্গই যত অনর্থের মূল। শ্রীমল্লালসা অত্যন্ত খারাপ। আবার শ্রীমতী-সঙ্গীর সঙ্গ তদপেক্ষা আরও খারাপ। যোষিৎ ও যোষিৎসঙ্গী ব্যক্তির সঙ্গফলে জীবের যেরূপ মোহ ও বন্ধন হয়, অন্য কোন বস্তুর সংস্পর্শে সেরূপ সর্ব্বনাশ হয় না।

———

সকলেই শ্রীমদ, সকলে জগতের ভোক্তা, সকলেই কর্ত্তৃত্বাভিমানে বিষয়ভোগ করে। যখন আমাদের চেতনের বৃত্তি [illegible] নিত্য-ভোগ করতে ব্যস্ত থাকে, তখনই [illegible] না বলে। এই মনই আমাদের আত্মার সর্ব্বপ্রধান শত্রু। সাধুসঙ্গে হরিকথা-শ্রবণের দ্বারা এই মনকে নিগ্রহ করা আবশ্যক। [illegible] চৈতন্যবিগ্রহাশ্রিত কৃষ্ণদাস। যখন সাধু গুরু-বৈষ্ণবের কৃপায় আমরা অনর্থমুক্ত হই অর্থাৎ আমাদের স্বরূপজ্ঞানের উদয় হয়, তখনই আমরা কৃষ্ণসেবার জন্য ব্যস্ত হইতে পারি। তখন আমাদের [illegible] প্রথমতঃ [illegible] হইয়া আসে এবং আমরা নিজেকে কৃষ্ণের নিত্যদাস বলিয়া জানিতে পারি। তখন [illegible] সমস্ত বস্তুই ভগবানের সেবার উপকরণ বলিয়া আমাদের নিকট প্রতিভাত হয়। সাধুসঙ্গপ্রভাবে আমরা জড়াভিমান পরিত্যাগপূর্ব্বক ভগবানের পাদপদ্মে উপনীত হইতে পারি।

সর্ব্বতোভাবে [illegible] হইয়া সর্ব্বক্ষণ আনুকূল্যে কৃষ্ণানুশীলনই মুক্ত। [illegible] মুক্তাবস্থা আর অন্য কিছুই নহে। ষড়্‌গোস্বামীগণ [illegible] [illegible] থাকে না। তিনি তখন নিরন্তর কৃষ্ণকীর্ত্তন করেন। [illegible] কৃষ্ণকীর্ত্তন হয় না। [illegible] কৃপায় [illegible] [illegible] [illegible] উদয় হন [illegible] [illegible] [illegible] [illegible]

———

সাধুসঙ্গে কৃষ্ণকথা শ্রদ্ধা যদি হয়। ভক্তিফল 'প্রেম' হয়, সংসার যায় ক্ষয়॥

ল তীর্থ মহারাজের হরিকথা

(শ্রীগৌড়ীয়মঠ, ২৫।১।৩১)

জীবে দয়া কথাটা আমরা বহুবার শ্রবণ করিয়াছি এবং এ বিষয়ে লোকদের বহু উপদেশও দিয়াছি। কিন্তু জীবের প্রতি প্রকৃত দয়া জিনিষটা কি, তদ্বিষয়ে আমাদের যথার্থ উপলব্ধি হয় নাই, আমাদের প্রাণ হৃদয়ে সত্য সত্য এ প্রবৃত্তি দেখা দেয় নাই। যদি থাকিত, তবে আমরা প্রকৃতপক্ষে জীবে দয়া করিতে পারিতাম।

ভারতভূমিতে হৈল মনুষ্যজন্ম যা'র।
জন্ম সার্থক করি' কর পর-উপকার॥

এখানে যে পরোপকারের কথা বলা হইয়াছে, তাহারই নাম জীবে দয়া। 'পরোপকার' শব্দের পূর্বে 'জন্ম সার্থক করি' বলিয়া একটী কথা আছে। উহা দ্বারা বুঝা যাইতেছে, সর্বাগ্রে নিজের জন্ম সার্থক করিতে হইবে—নিজে জাগিতে হইবে, তৎপরে পরোপকার—অপরকে জাগান সম্ভব। নিজে না জাগিলে অপরকে জাগান যায় না। দয়া করিতে হইবে আত্মার প্রতি। দেহমনের প্রতি যে দয়া, তাহার নাম প্রকৃত পক্ষে 'জীবে দয়া' নহে। 'জীবতি ইতি জীবঃ' অর্থাৎ যাঁহার জীবন আছে, যিনি চেতনধর্মবিশিষ্ট, তিনিই জীব। বাহিরে যে আকার বা খোলসটা বর্তমানে দেখা যাইতেছে, সেটা জীব নহে। ভিতরে যাহা অবস্থিত, সেই চেতন আত্মাই জীব। বাহিরের আকারটী পোষাকমাত্র। এই জড় দেহে যে আত্মবোধ করে, সে গোখর। জগদ্গুরু আমাদিগকে গোখরত্বের হাত হইতে উদ্ধার করিবার জন্য কৃপাপূর্বক অবতীর্ণ হইয়াছেন। প্রকৃত 'আমি' বস্তুটি কে? এ জগতের যে সম্বন্ধ, তাহা দেহসম্পর্কীয়। যেহেতু জড়দেহ আশ্রয় করিয়া—মায়ার পোষাক পরিয়া চেতন জীব জগতে দুঃখভোগ করিতে আসে। সেজন্য সেই দেহের এই সম্বন্ধ অনিত্য। সুতরাং জড়ে জড়ে প্রীতি হয় না, নিত্য সম্বন্ধও স্থাপন হয় না। প্রকৃত সুহৃদের অন্বেষণ বিশেষ দরকার ও তাহার কি কৃপা, তাহা শ্রীমন্মহাপ্রভুর পার্ষদ শ্রীল শ্রীবাস পণ্ডিত দেখাইয়াছেন। তাঁহার পুত্রের অপ্রকটকালে পাছে শ্রীমন্মহাপ্রভুর কীর্তনে ব্যাঘাত হয় এজন্য তাঁহাকে পুত্রবিয়োগের সংবাদ না জানাইয়া কীর্তনে উন্মত্ত রহিলেন। গৌরসুন্দরের প্রতি তাঁহার এতটা লক্ষ্য। জড় সম্পর্কের প্রতি তিনি একেবারে উদাসীন।

জীবে দয়া বা জীবের কল্যাণ সাধন প্রণালী কৃষ্ণকথা-কীর্তন দ্বারা। তৃণাদপি সুনীচ, তরোরপি সহিষ্ণু, অমানী ও মানদ না হইলে কৃষ্ণকথা কীর্তন করা যায় না। 'আমি গুরুবৈষ্ণবের পদধূলি'—এই অভিমান হৃদয়ে পোষণ করার নামই তৃণাদপি সুনীচতা। সকলের নিন্দা বা গালাগালি বা আত্মপ্রশংসা—এ সমস্ত বিষয়ে অস্থির না হইয়া সর্বাবস্থায় সমভাবে থাকিতে হইবে। বরং নিন্দা বা গালাগালিকে কৃষ্ণকৃপা বলিয়া জানিতে হইবে। উহারই নাম তরোরপি সহিষ্ণুতা। কৃষ্ণের দাসী আমাদের সকলকে যথাযোগ্য মান দিতে হইবে। স্বরূপে সকল জীবই কৃষ্ণের অনুগত—সকলেই কৃষ্ণের সেবক, অতএব আমার গুরু—সর্বক্ষণ এই বিচার রাখিতে হইবে।

''সকলেরে মাতৃরূপে বৈসে কৃষ্ণশক্তি।
তাই' মনে করে সেবা, তাহাতে সে ভক্তি॥
মাতৃ সংজ্ঞা—কৃষ্ণশক্তি রূপে সবার।
দেখ,—ইহা বুঝ,—আছয়ে শক্তি ক'র?
যাবৎ আছয়ে প্রাণ দেহে আছে শক্তি।
তাবৎ কর কৃষ্ণপাদপদ্মে ভক্তি॥''

যদি আমাদের সম্বন্ধজ্ঞান ঠিক না হয়, তবে প্রকৃত দৈন্য হইবে না। দৈন্যের আবরণে দাম্ভিকতাই আসিয়া উপস্থিত হইবে। সেই সম্বন্ধজ্ঞানের কথা বা আত্মপরিচয়ের কথা শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি বৈশ্যো ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমানন্দপূর্ণামৃতাব্ধে-
র্গোপীভর্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ॥

গোপীভর্তা—কৃষ্ণ। তাঁহার পাদপদ্মের দাস শ্রীগুরুপাদপদ্ম। আমরা তাঁহার দাসানুদাস। এই সম্বন্ধজ্ঞান ঠিক না থাকিলে সবই কর্মকাণ্ড হইয়া যাইবে।

কলিকালে নামরূপে কৃষ্ণ-অবতার।
নাম হৈতে হয় সর্ব জগৎনিস্তার॥

কলিকালে কৃষ্ণই নামরূপে অবতীর্ণ হইয়াছেন। নাম ও নামী অভিন্ন। সেই নাম প্রচার করিলেন শ্রীরাধা-কৃষ্ণমিলিততনু শ্রীগৌরসুন্দর। তিনি নিজের নাম নিজে আচরণ করিয়া বিতরণ করিলেন। জীবের প্রতি তাঁহার কত কৃপা!

নাম বিনা কিছু নাহিক আর,
চৌদ্দভুবন মাঝে।

কলিকালে হরিনামকীর্তন ছাড়া আর কোন দ্বিতীয় ধর্ম নাই। এই সনাতন ধর্ম ব্যতীত যত কিছু ধর্ম চলিতেছে, সমস্তই দেহমনের ধর্ম বা অনিত্যধর্ম।

পৃথিবীতে যত কথা ধর্ম নামে চলে।
ভাগবত কহে তাহা পরিপূর্ণ ছলে॥

শ্রীমন্মহাপ্রভুর আচরিত ও প্রচারিত বিমল প্রেমধর্ম ছাড়া যে অন্য কিছু মানে, তাহার আর গতি নাই—গতি নাই—গতি নাই।

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥

দার্ঢ্য লাগি' 'হরের্নাম'—উক্তি তিনবার।
জড়লোক বুঝাইতে পুনঃ এব-কার॥
'কেবল'-শব্দে পুনরপি নিশ্চয়করণ।
জ্ঞান-যোগ-তপ আদি কর্ম-নিবারণ॥
অন্যথা যে মানে তার নাহিক নিস্তার।
নাহি, নাহি, নাহি—তিন উক্ত 'এব'কার॥

কলিকালে কেবল এক হরিনাম কীর্তন দ্বারাই সত্যযুগের ধর্ম ধ্যান, ত্রেতাযুগের ধর্ম যজ্ঞ ও দ্বাপরযুগের ধর্ম অর্চন প্রভৃতি কোন ধর্মের দ্বারা কৃষ্ণকে পাওয়া যাইবে না এবং এ সমস্ত কলিকালের জীবের পক্ষে সম্ভব নয়।

হরিনাম সাধারণ শব্দ নয়। হরিনাম সাক্ষাৎ হরি; চেতনবস্তু সচ্চিদানন্দ-রূপ পরমেশ্বর। তিনি চিন্ময়—আনন্দময় বস্তু।

ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ।
অনাদিরাদির্গোবিন্দঃ সর্বকারণকারণম্॥

যাহা প্রকৃত ধর্ম, তাহা প্রোজ্ঝিত-কৈতব। তাহাতে আত্মসুখের লেশমাত্র নাই। ধর্মকামনা, অর্থকামনা, কামকামনা ও মোক্ষকামনা যেখানে অবাধিত, সেখানে কেবল কৈতব,ধর্ম বলিয়া কোন কথা সেখানে নাই। যখন সম্পূর্ণরূপে কৈতবরহিত হওয়া যায়, তখনই নামকীর্তন সম্ভব, তৎপূর্বে নহে। না হয় দু'বৎসর পরেই নামকীর্তন করিতে হইবে। গৌড়ীয়মঠ নামাপরাধ ত' দূরের কথা, নামাভাসের কথাও কীর্তন করেন না—শুদ্ধনামকীর্তন করিবার উপদেশ দেন। ইহাও গৌড়ীয়মঠের একটি বৈশিষ্ট্য।

শ্রীগুরুদেব যে মঠ প্রতিষ্ঠা করিয়াছেন, সেই মঠ বৈকুণ্ঠবস্তু। সেই মঠে বাস করা অর্থ শ্রীগুরুপাদপদ্মে বাস করা। মঠবাসী গণকে 'গুরু বৈষ্ণব, অতএব গুরুবস্তু' এই দর্শন যে করে না, সে নারকী। গৌড়ীয় মঠের সিদ্ধান্তে মাঝামাঝি কোন কথা নাই—হয় 'সতের আমি', না হয় 'অসতের আমি' থাকিতেই হইবে—হয় সতী নারী, না হয় অসতী নারী হইতেই হইবে। সতী ও অসতীর কোন রূপ compromise হয় না। সৎ ও অসতের মধ্যে মাঝামাঝি কিছু অবস্থা নাই এবং তাহাদের মধ্যে কখনও মিলন হয় না। তবে অসৎ সৎ হইবার জন্য সতের সঙ্গ ও যত্ন করিতে পারে মাত্র। যাহারা মিশ্রভজনবাদ-বাদী, তাহারাও নারকী।

এই ভারতভূমিতে ভগবানের অবতারগণ আবির্ভূত হইয়াছেন। এখানেই কলিযুগপাবনাবতারী শ্রীকৃষ্ণচৈতন্যদেব যেরূপ প্রতিপাদ্য-বিষয় শ্রীরাধাগোবিন্দের যে নাম তাহা জগৎকে বিতরণ করিবার জন্য কৃপা করিয়া সপার্ষদে আসিয়াছিলেন। শ্রীবলি মহারাজও এই ভারতে অবতীর্ণ হইয়া ভগবৎপাদপদ্মে সর্বাত্মসমর্পণের লীলা প্রকাশ করিয়াছেন। শ্রীরাম নৃসিংহাদি অবতারগণও এই ভারতে জীবমঙ্গলের জন্য আবির্ভূত হইয়াছিলেন।

বিষ্ণু সাক্ষাৎ নারায়ণ। তিনি অধোক্ষজ বস্তু। তিনি নিজেকে নিজে না জানাইলে কেহ অক্ষজের ধারণা ও চেষ্টা দ্বারা তাঁহাকে জানিতে পারে না। Human beings are limited. তাহাদের মন খুব চঞ্চল। তাই গীতা বলেন,—

চঞ্চলং হি মনঃ কৃষ্ণ প্রমাথি বলবদ্দৃঢ়ম্।
তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুষ্করম্॥

আদর্শ কখনও মানবের প্রতিষ্ঠিত নয়। চঞ্চল মানবের ইন্দ্রিয়গুলি ও তৎকৃত ক্রিয়াগুলি সবই চঞ্চল। তদ্দ্বারা নিত্যাদর্শ প্রতিষ্ঠিত হওয়া কোনকালেই সম্ভব নয়। আমরা চিন্ময়ী বৈকুণ্ঠবস্তু। সেই বৈকুণ্ঠবস্তুর একমাত্র কর্তা বৈকুণ্ঠনাথ, বৈকুণ্ঠধাম ও বৈকুণ্ঠনাথের সেবায় নিত্যকাল অবস্থিত থাকা। আদর্শ একমাত্র ভগবান্ ও ভক্তিরক্ষকগণই প্রতিষ্ঠা করিতে পারেন। সেই ভগবদ্ভক্তগণ শ্রীগুরুবর্গ যেখানে একত্র হইয়া সর্বক্ষণ গৌরসুন্দরের সংকীর্তনযজ্ঞে মহা-আনন্দভাবে নৃত্যগীত করিতেছেন ও সকলকে সেই শিক্ষায় শিক্ষিত করিয়া আনন্দসাগরে ডুবাইয়া রাখিবার জন্য যত্ন করিতেছেন, সেই স্থানই মঠ। মঠবাসিগণের মধ্যে যদি পরস্পর অনুভূতি না থাকে, যদি নিজেকে গুরুবৈষ্ণব-ভগবানের অপ্রাকৃত শ্রীপাদপদ্মের ধূলি বলিয়া উপলব্ধি না হয়, তবে সে দোষ কাহার? তজ্জন্য ত' শ্রীগুরুদেব দায়ী হইবেন না। আমরা শ্রীগুরুদেবের আদেশ লঙ্ঘন করিলে গুরুদেব কেন দায়ী হইবেন? আমরা খেয়ালী হইয়া কেন তাঁহার আদেশ লঙ্ঘন করি, কেন 'শ্রীগুরুপাদপদ্মের দাস' অভিমান রাখি না? আলোর দিকে চাহিলে তবে ত' আলো দেখিতে পাইব। আলোর দিকে পশ্চাৎ করিলে ত' ছায়া বা অন্ধকার অর্থাৎ কেবল মায়াই দেখিতে পাইব। যেমন সূর্যের সহিত আমাদের চোখের যোগ থাকায় আমরা সূর্যের আলোকে

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

সময় মত দেখিতে পাই, সেইরূপ যদি আমাদের ব্যবহারের সহিত সমস্ত ঠিক থাকে, তাহা হ'লে তাঁহার আলোচনার যে শুভফল, গুরুপাদপদ্ম তাঁহার কৃপায় সমস্ত অপ্রাকৃতত্বদর্শন হইবে।

স্বাধীনতা ও স্বতন্ত্রতার সদ্ব্যবহার হয় গুরুবাক্যপালনে। যে গুরুবাক্য সর্বতোভাবে পালন করিতে যত্নবান, সে-ই ভাগ্যবান্। শ্রদ্ধা হইলে সাধুসঙ্গে শ্রবণকীর্তন হয়। তৎপরে ভজনক্রিয়া, নিষ্ঠা, রুচি প্রভৃতি ক্রমে প্রেমভক্তি লাভ হয়। মূলে শ্রদ্ধা না থাকিলে বাহিরে যতই সেবাকার্যের ভাণ দেখাই, সবই কর্মকাণ্ড হইবে। আমাদের প্রত্যেকের ঘরে আগুন লাগিয়াছে। সর্বাগ্রে নিজের আগুন নিভাইয়া তবে অপরের ঘরের আগুন নিভাইতে হইবে। আগে নিজের মঙ্গল সাধন করিয়া—পরে জাগ্রত হইয়া অপরের মঙ্গল বিধান করিতে হইবে। নতুবা পরিশেষে পুড়িয়া মরিতেই হইবে।

জীবে দয়ার অর্থ মদ্যের সেবা নয়, altruism দয়া নয়—সেটা নিষ্ঠুরতার অপর নাম। জগতের লোক মাটির জন্য যুদ্ধ করিতেছে; কৃষ্ণসেবাকামী আমাদের বৈকুণ্ঠে পৌঁছানর জন্য কীর্তন-অস্ত্রের সাহায্যে struggle করিতে হইবে। জড় জগতের যে যুদ্ধ তাহা আত্মবিবেক ধ্বংস করিতে পারে না।

শুদ্ধবৈষ্ণবের কোন ক্রিয়াকলাপ, হাব ভাব ও আচার ব্যবহারে প্রাকৃতবুদ্ধি করিতে হইবে না। যদি তাঁহাদের কার্যগুলি বাহিরে দেখিতে প্রাকৃতের ন্যায় প্রতীত হয়, তাঁহারা সবই কৃষ্ণসুখের জন্য করেন। তাঁহারা অপ্রাকৃত, অতএব তাঁহাদের কার্যগুলিও অপ্রাকৃত, সাধারণ কর্মকাণ্ড নয়। সর্বদা মনে রাখিতে হইবে—আমি মায়ায় আছি, যাঁহারা অপ্রাকৃত আমার নিকটে আছেন, আমি যত কিছু কার্য করিতেছি ও কথাবার্তা বলিতেছি সবই তাঁহাদের সুখের জন্য, তাঁহারা সবই দেখিতেছেন ও শুনিতেছেন। তাঁহারা প্রতিমুহূর্তে আমাকে অভক্তির পথ হইতে আকর্ষণ করিয়া ভক্তিপথে রাখিতেছেন। তাঁহাদের সমস্ত আদেশ আমাকে সর্বতোভাবে পালন করিবার জন্য যত্নশীল হইতে হইবে। নতুবা তাঁহারা অসন্তুষ্ট হইবেন। কায়মনোবাক্যে তাঁহাদের সেবা করিতে হইবে। গুরুকৃষ্ণসুখবিধানের কার্য ছাড়া যত কিছু কার্য করা যাউক না কেন, সবই কর্ম। আত্মেন্দ্রিয়তর্পণের চেষ্টার শেষ বা অবকাশ পর্যন্ত সেবা হইবে না—খাটাখাটুনি হইতে পারে। 'নোৎপাদয়েদ্ যদি রতিং শ্রম এব হি কেবলম্।'

চারি বর্ণাশ্রমী যদি কৃষ্ণ নাহি ভজে।
স্বকর্ম করিতে সে রৌরবে পড়ি' মজে॥

নিজসুখের জন্য আমরা যাহাই করি, তাহা সবই আমাদিগকে নরকে লইয়া যাইবে। সুতরাং আমাদের সমস্ত কার্য গুরুকৃষ্ণের সুখের জন্য হওয়া উচিত—যাঁ'র যাঁ'র চিত্তে নাই। তাঁহাদের সুখবিধান যাহারা করে না, তাঁহাদের সুখের যাহারা বিরোধী তাহাদের সঙ্গ ত' দূরের কথা, তাহাদের মুখও দেখিব না।
"গৌরাঙ্গ-বিরোধী জনার মুখ না দেখিব।"

যৎকিঞ্চিৎ

——:::(o):::——

প্রীতির পাত্র একমাত্র শুদ্ধবৈষ্ণব-ভগবান্। এতদ্ব্যতীত অন্য কোন বস্তুতে প্রীতি হইলে আমাদের সংসারাসক্তি যায় না। প্রপঞ্চের অন্তর্গত বস্তুর সঙ্গে সম্বন্ধ বা আসক্তি থাকিলে সংসার-বাসনা [illegible] করিবে না। শুদ্ধবৈষ্ণবভগবানের প্রতি অভিনিবেশ হইলে আর অন্য কোন উপভোগ্য বস্তুর আকর্ষণে পড়িতে হয় না। আমাদের উদ্দেশ্য ভুল হওয়ার জন্যই আমরা ভক্তিপথে অগ্রসর হইতে পারি না। শুদ্ধবৈষ্ণবে যদি অভিনিবেশ না হয়, তবে তাঁহাদের কৃপাকর্ষণে পড়িতে পারা যাইবে না, তাহাতে মঙ্গল হইতে পারে না। আমরা যে জড় মঠে আসিয়াছি বা সংসার ত্যাগ করিয়াছি, তাহা ভুল হওয়ার জন্যই আমাদের বর্তমানে গতিহীন, নিষ্পন্দ অবস্থা লাভ হইয়াছে। গতিহীন নিষ্পন্দভাবে চেতন অবস্থান করিতে পারে না। চেতন গতিশীল - ক্রিয়াশীল। যে ক্রিয়াটি কৃষ্ণকে আকর্ষণ করে এবং কৃষ্ণপাদপদ্মে আকৃষ্ট করে, তাহাই চেতনের ক্রিয়া, তাহা ভক্তি। ভক্তি—আকর্ষণী-বৃত্তি; ভক্তি সেব্য ও সেবক পরস্পরের মধ্যে একটা আকর্ষণ, টান, প্রীতি বা মমতা আনয়ন করে। যেখানে এই আকর্ষণ নাই বুঝা যায়, সেখানে ভক্তি বা প্রীতি বলিয়াও কোন কথা নাই। ভক্তি একাধারে জ্ঞানময়ী ও ক্রিয়াময়ী। যেখানে জ্ঞান নাই, উপলব্ধি নাই, প্রীতি নাই, মমতা নাই, সেখানে ভক্তিও নাই, সেখানে অভক্তির কার্য—মায়ার কার্য। মায়ার কার্য চেতনকে আবৃত করা ও চেতনের বৃত্তিকে বিক্ষিপ্ত করিয়া দেওয়া। মায়া অজ্ঞান। মায়াবশীভূত থাকাকাল পর্যন্ত ভক্তির কোন কথাই বুঝা যায় না। মায়াবদ্ধ অবস্থায় চেতনের গতি রুদ্ধ—গতিহীন। উপলব্ধিরহিত সেবার অভিনয় মায়ারই কার্যবিশেষ। মায়া প্রীতির বস্তু একমাত্র শুদ্ধবৈষ্ণবভগবান্‌কে জানিতে দেয় না। তখন সেব্যবস্তু শুদ্ধবৈষ্ণবে অভিনিবেশ না হইয়া ভোগ্যবস্তুতে আসক্তি হয়। অনেকেই আমাদিগকে শ্রদ্ধা বা ভক্তির ভাণ প্রদর্শন করিয়া তাহাদের প্রতি আকৃষ্ট করিতে চেষ্টা করে, কেহ বা শরণাগত বা অনুগত হইবার ভাণ প্রদর্শন করিয়া আমাদিগকে তাহার অনুগত করিবার যত্ন করে। ইহা মায়ার চালাকী।

জীবাত্মার স্বভাব—শরণাগত থাকা। শুদ্ধভক্তে শরণাগতিই জীবের স্বরূপের বৃত্তি। আমরা কাহারও সেব্য বা প্রীতির পাত্র নহি। শরীরের অনিত্য জড় ভোগ্যবস্তুর প্রতি কত প্রীতি! দু'দিনের পরিচয় পরিবেশ তার অনিত্য বস্তুর প্রতি তাহাদের কি মমতা! সেব্যবস্তুর প্রতি প্রীতিই জীবের কার্য। সেব্যের প্রতি মমতাভিমানের নামই প্রীতি। সুতরাং গুরুকৃষ্ণ ব্যতীত প্রীতির পাত্র কেহ হইতে পারে না। তাঁহাদিগকে বাদ দিয়া অন্য বস্তুতে আসক্ত হইয়া থাকিলে মঙ্গলের আশা নাই। সেব্যবস্তুতে প্রীতি ছাড়া তাঁহাদের কৃপা পাইবার আশা নাই।

কেহ কেহ মনে করেন, জীবনের শেষকালে হরিভজনের যত্ন করা যাইবে। কিন্তু মঙ্গলাকাঙ্ক্ষী আমাদের সকলেরই মনে রাখা উচিত যে, জীবনের অবসানকাল আসন্নপ্রায়। জীবন কখন শেষ হইবে তাহার নিশ্চয়তা নাই। নিশ্বাসের বিশ্বাস নাই। সুতরাং সত্বর সন্ধান পাইবামাত্র তাঁহার সেবায় নিযুক্ত হইতে যত্ন করা উচিত। জীবনের যে শুভমুহূর্তগুলি চলিয়া যাইতেছে, জগতের যাবতীয় অর্থ একত্র করিলেও তাহার একটিকেও আর পাওয়া যাইবে না। যে সুযোগ একবার হারান যায়, পুনরায় সেই সুযোগ পাওয়া অত্যন্ত কঠিন। এই সকল লক্ষ্য করিয়া সুদুর্লভ মনুষ্যজীবনের ক্ষণকালও বৃথা যায় না করিয়া হরিভজনের যত্নচেষ্টা করা কর্তব্য।

যিনি যে পরিমাণে কায়মনোবাক্যে শুদ্ধবৈষ্ণব দাসানুদাস হইতে পারিবেন, তাঁহার মঙ্গলও তত অধিক হইবে। বৈষ্ণব-সেবকেরও গুরুত্ব স্বীকার করিতে হইবে এবং তাঁহাদের অনুগমন করিতে হইবে। বৈষ্ণবসেবায় বিচার ছাড়িয়া গুরুতে আত্মমন পশুত্বের পরিচায়ক, কারণ তাহার তাদৃশ আত্মাভিমানকে চূর্ণ-বিচূর্ণ করিবেন। বৈষ্ণবকে কৃষ্ণের বিলাসের উপকরণ জানিলেই তাঁহার উপর প্রাকৃত বিচার আসিবে না।

কাহারও দোষ দেখা উচিত নহে। সকলের গুণ গ্রহণ করাই কর্তব্য। লোকের দোষ খুঁজিয়া বেড়ান ঠিক নয়, তাহা হইলে আমরা সারগ্রাহী হইতে পারিব না। সারগ্রাহী ও সত্যানুসন্ধিৎসু হইলে সত্যের সন্ধান পাওয়া যায়। সত্যবস্তু এ জগতে অবতরণ করিয়াছেন। অনুসন্ধান করিলে সত্যবস্তু অবশ্য মিলিবেই। এই সত্যবস্তু লাভের একমাত্র পথ আত্মসমর্পণ বা শ্রীগুরুপাদপদ্মাশ্রয়। গুরুপাদপদ্মে প্রপত্তি হওয়া ব্যতীত অন্য কোন উপায়ে সত্যবস্তু লাভ করা যায় না। তাঁহার আনুগত্য ব্যতীত সহজভাবে সাফল্যলাভ করা যায় না। শুদ্ধ বৈষ্ণবানুগত্য ছাড়িয়া সত্যের অনুসন্ধান করিতে গেলে মায়াবাদীর বশীভূত হইতে হয়। নিজের মঙ্গল ও অমঙ্গলের বিচার করাই কর্তব্য। তাহা না করিয়া যাঁহারা পর-নিন্দাচর্চায় রত থাকিয়া নিজের অমঙ্গলের প্রশ্রয় দেন, তাঁহাদের কোনকালেই সুবিধা হয় না। পরহিংসা-প্রবৃত্তিকে মৎসরতা বলে। নির্মৎসর না হইলে পর-উপকার বা দয়া করা যায় না। জীবে দয়া আত্ম-হিতের লক্ষণ। মৎসর আত্মহিতের জন্য অবসর পায় না। পরচর্চক কখনও নিজ মঙ্গলামঙ্গলের বিষয় অনুধাবন করিবার যত্ন করিতে পারে না। আত্ম-সংশোধন করিবার একমাত্র উপায় গুণগ্রাহী হওয়া। গুণগ্রাহী না হইলে কখনও নিজের দোষগুলি দেখা যায় না।

শ্রীশ্রীঅদ্বৈতপ্রভুর আবির্ভাব-মহোৎসব

শ্রীধাম মায়াপুরস্থ শ্রীঅদ্বৈতভবনে পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য-দেবের কৃপায় মহাবিষ্ণুর অবতার শ্রীশ্রীঅদ্বৈত-প্রভুর আবির্ভাব-মহোৎসব হরিসংকীর্তনমুখে সুসম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে শ্রীধাম-বাসী ভক্তবৃন্দ প্রাতঃকাল হইতে শ্রীঅদ্বৈতভবনে শুদ্ধৈশ্বর্যবন্দনা, পঞ্চতত্ত্ব ও বিগ্রহ মহাজন-পদাবলী কীর্তন করিতে থাকেন। অতঃপর বেলা ৯ ঘটিকার পর পণ্ডিত শ্রীপাদ রাধা-গোবিন্দ ব্রহ্মচারী কাব্য-পুরাণ-রত্নতীর্থ ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীঅদ্বৈতপ্রভুর মহিমা ও ঠাকুর ভক্তিবিনোদ ইন্স্টিটিউটের প্রধান শিক্ষক মহোদয়ের কৃপায় কিশোরীমোহন ভক্তিশাস্ত্রী প্রভু গৌড়ীয় হইতে পরম আরাধ্য শ্রীশ্রীল আচার্য-দেবের শ্রীমুখবিগলিত শ্রীঅদ্বৈততত্ত্ব কথা পাঠপূর্বক আলোচনা করেন। উক্ত-সংকীর্তনমুখে ভোগারাত্রিক কীর্তন হইলে পর সমাগত প্রায় দুই শতাধিক লোককে মহা-প্রসাদ বিতরণ করা হয়। [illegible] মঠগৃহে শ্রীচৈতন্যমঠে শ্রীযোগপীঠে শ্রীমন্দিরে ও শ্রীনবদ্বীপধামপ্রচারিণী সভার বিভিন্ন মঠসমূহে ও শ্রীশ্রীঅদ্বৈতপ্রভুর কথা আলোচিত হইয়াছে।

ভক্তি করি যে শুনে চৈতন্য অবতার। সেই সব জন সুখে পাইবে নিস্তার॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠরাজ
শ্রীধাম নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩১১০
সেবক—শ্রী[illegible] দাস ভক্তিশাস্ত্রী বি-এল্

(৩) শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

(৬) মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] দাস ব্রজবাসী

(৭) কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৮) অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৩) ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

(১৪) জয়দেব গৌড়ীয়মঠালয়
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গোকুলপুর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয়মঠ
উত্তরা-(শ্রীবল্লালদেবের ঢিবির নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

(১৭) শ্রীকৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীমদনগোপাল ব্রহ্মচারী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২০) মহেশ পণ্ডিতের পাট
চাকদহ, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিবিনোদ ব্রজবাসী

(২১) শিয়ালদহ গৌড়ীয়মঠ [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(২২) পুরী গৌড়ীয়মঠ
[illegible]
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

(২৩) শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
[illegible] পোঃ ওয়ারী ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

(২৪) গোপালজীউমঠ
[illegible] পোঃ ঢাকা
সেবক—শ্রী[illegible] দাস ব্রজবাসী

(২৫) গদাই গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটি। (ঢাকা)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ
[illegible] পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] বিদ্যারত্ন বি-এ

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া। আসাম।
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ [illegible], কামরূপ। আসাম।
সেবক—শ্রীহরিভোগ দাসাধিকারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩০) সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ [illegible], জেঃ [illegible], ইউ. পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
[illegible] পাটনা।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩২) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৩) শ্রীসনাতনগৌড়ীয় মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৪) শ্রীরূপ-গৌড়ীয়মঠ [illegible]
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

(৩৫) [illegible] মঠ,
পোঃ [illegible], [illegible] (ইউ পি)
শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

(৩৬) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

(৩৭) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
[illegible], শ্রীধাম বৃন্দাবন মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ
[illegible], বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৩৯) [illegible]
পোঃ [illegible], মথুরা)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪০) কুঞ্জবিহারী মঠ—[illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৪১) [illegible]
সেবক—শ্রী[illegible] ভক্তিলোচন

(৪২) শ্রীগোবর্দ্ধন-মঠালয়
[illegible], মথুরা
সেবক—শ্রী[illegible] দাস

(৪৩) [illegible] বিহারী মঠ
[illegible], মথুরা।
সেবক—শ্রী[illegible] দাস

(৪৪) গোকুলবিহারী মঠ—[illegible]
পোঃ [illegible], জেলা [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৫) [illegible] গৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], [illegible], পাঞ্জাব
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৬) দিল্লী গৌড়ীয় মঠ
[illegible]
সেবক—শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী

(৪৭) বোম্বে গৌড়ীয়মঠ
[illegible] রোড, [illegible]
[illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৮) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible] মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible], মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

(৫০) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] পোঃ [illegible] (পুরী)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(৫১) [illegible] মঠ
[illegible] পোঃ পুরী [illegible]
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫২) [illegible]
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৫৩) [illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৪) [illegible]-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

(৫৫) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible] বাঁকুড়া।
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

(৫৬) [illegible] গৌড়ীয়মঠ [illegible]
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

(৫৭) শ্রী[illegible] গৌড়ীয়-[illegible]
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫৮) [illegible] মঠ
[illegible], পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬০) [illegible]
পোঃ [illegible]। [illegible]।
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬১) চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible], [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬২) [illegible] গৌড়ীয়মঠ
[illegible] ষ্ট্রীট, [illegible]
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৩) লণ্ডন গৌড়ীয়মঠ
[illegible]
[illegible]
[illegible]
সেবক—[illegible]

(৬৪) গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
[illegible], কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট.
কলিকাতা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৫) গৌড়ীয়মঠ অফিস
[illegible], [illegible] (ইউ-পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৬) শ্রীবিদ্যানিধি গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৬৭) শ্রীগৌড়ীয়মঠ অফিস,
[illegible] (গয়া)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

(৬৮) পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ [illegible]

(৬৯) পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
[illegible] (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭০) ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

(৭১) শ্রী[illegible]
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

(৭২) নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৩) [illegible] প্রিন্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৭৪) শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০		।৵০	।০
" " ইঞ্চি	২৲		১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲		৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৪৫৲	৪০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক "	৫৲
	২৸০
ত্রৈমাসিক "	
মাসিক "	১৲

প্রতি সংখ্যা [illegible] বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—:o:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

—::o::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। দরিদ্র ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তিলাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ মহোদয় রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা-গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে বারটী অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মডার্ণ প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ বোধগম্য করিবার জন্য প্রদান করিবেন তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মডার্ণ প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, বাংলা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ সুযুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ, ইহাতে সম্প্রদায়নিরপেক্ষে জগতের যাবতীয় মানবগণের সম্প্রদায়, সমন্বয়, [illegible], [illegible], একায়ন, বহুায়ন ও ভক্তগণের প্রকৃত ধারণা-বিষয়সমূহে শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবজাতির সাধারণ ভ্রমসমূহ, ভক্তিপথের সংশয়সমূহও প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মডার্ণ প্রিন্টিং ওয়ার্কস, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

চৈতন্যমহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু নামে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র বিস্তৃতভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ প্রকাশ করেন শ্রীমৎ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীযুক্ত নন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যালীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শাস্ত্রানুশীলনের পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অনির্বচনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক অর্থের সহিত অন্বয়ে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ এবং প্রাঞ্জল অনুবাদ [illegible] শ্রীল বিশ্বনাথচক্রবর্ত্তী ঠাকুরকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। [illegible] পাঠ করিয়া সকলেই প্রচুর আনন্দ লাভ করিতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থটী সম্পূর্ণ হইয়াছে। [illegible] ভিক্ষা মাত্র ৩৲ টাকা। প্রাপ্তিস্থান শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীযোগপীঠ পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

———

শ্রীশ্রীভক্তিবিনোদবাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা দুই টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, গৌড়মণ্ডল পরিক্রমার বিষয়-নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মঠ কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের একটি অমূল্য বস্তু। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে মুদ্রিত।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত গদ্যাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা। ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীসুশান্তিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্, প্লিডার, পোঃ রমনা, ঢাকা।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্ট্যাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৩-৫৬	৬-২১	৭ ১৪	১১-৬	১৩-১০	১৬-২৬	১৭-৫৬	২২ ২	
দমদম „	৪-৫৬	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩-২০			২২	
রাণাঘাট পৌঃ	৬-১৭	৮-১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-২৮	
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৩	১৩-৪৩	১৫-৫	১৮-৫৯	১৯-৪০	২-৩৬	
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১০-০৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-৪১	

(বদল) ছাঃ	৭-১০	১০-১১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-১৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১-৬
দমদম „ ১১-১৮
রাণাঘাট পৌঃ ১-৫৫
ছাঃ ১৩-৮
শান্তিপুর পৌঃ ১৩-২৮
(বদল) ছাঃ ১৩ ৩৩ (লাইট্ রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-১৯

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৮-৬	১১-৪	১৪-২২	১৬-৮	১৮-৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬-৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮-৫৭	১১-৪৭	১৫-১০	১৬ ৫৬	১৯-২১	২০-৪৬	১-০১
রাণাঘাট পৌঃ	৭ ৪৫	৯-২৫	১২ ২৬	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১-১৯	৪-১০
(বদল) ছাঃ	৭-৫৩	৯-৩০	১২-৩৬	৫-৫৫	১৭-৪২	২০-৩১	২১-২৫	৪-১৮
দমদম		১১-৮		১৭-৩৬	১৮-৯	২১-২৬	২৩-১	
কলিকাতা পৌঃ	৯ ২১	১১ ২০	১৪ ১৬	১৭ ৪৬	২১-৪০	২৩ ১৫	৬ ১৬	

"অমৃতবটী"

(ভারত-সরকারের দ্বারা রেজেষ্ট্রীকৃত)

গরীবদিগের শরীর নীরোগকারী আসল গৃহচিকিৎসক

ছোট, বড়, কঠিন, নূতন, পুরাতন—সব রকম রোগের মূল উৎপাটন করিয়া স্বাস্থ্যসম্পন্ন করে; পায়খানা পরিষ্কার করে; পেটের লিভার ঠিক করে; অন্নমল হজম করিয়া নূতন পরিষ্কার রক্ত সঞ্চার করে; ধাতুপুষ্টি সাধন করে; বল, বীর্য্য, কান্তি আনয়ন করে; পুরাতন ও ম্যালেরিয়া, নূতন ও পুরাতন spleen, খারাপ জ্বর, নিমোনিয়া, প্লেগ, কলেরা, পেটের হজম ও দাস্ত পরিষ্কার না হওয়া, কোষ্ঠ-কাঠিন্য, অর্শ, বা প্রভৃতি রোগে আশু ফলপ্রদ।

সুস্থ অবস্থায় সেবন করিলে ম্যালেরিয়া ইত্যাদি কোনপ্রকার রোগ হয় না। নবপ্রসূত শিশুকে ইহা খাওয়াইলে সকলপ্রকার রোগ হইতে মুক্ত থাকিবে ও সর্ব্বক্ষণ শরীর নীরোগ থাকিবে।

দাম—১শিশি (৩২ বটী)—১৲ ডাক্তার
একত্রে ১০০ বটী—২৲ বৈদ্যনাথ

(চারি আনার টিকেট পাঠাইয়া নমুনা আনাইয়া দেখুন)

"জঙ্গল-কুটীরবন"

যোগাভ্যাসী মনোমোহন প্যারে বৈদ্য, প্রধান চিকিৎসক, স্থাপক অধ্যক্ষ। জেনারেল ম্যানেজার ও এসিস্টেন্ট চিকিৎসক—ব্রহ্মচারী পণ্ডিত গোপালকৃষ্ণ পাণ্ডে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এইস্থে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৪।৪ কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর গাড়িঘাটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" প্রকাশিত হইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাঁচন

সর্ব্ববিধ প্রমেহের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। বাজারে চলার কাচ ভিত অত্যন্ত অধিক। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থ ব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৷৵০ দশ আনা বড় বোতল ১৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—৯৯নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

পুনঃ মোহরা, মূল্য স্বতন্ত্র।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

'THE DAILY NADIA PRAKASH'

[illegible] হইতে প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ } ২৬ মাধব ৪৫৪ গৌরাব্দ ২৬শে মাঘ বঙ্গাব্দ ১৩৪৭, ৮ই ফেব্রুয়ারী ইং ১৯৪১, শনিবার ২৭১ ৮০তম সংখ্যা

গৌড়ীয় সাহিত্যে শ্রী ভক্তি-বিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দরভাবে প্রকাশিত হইয়াছে। ইহা সকল ভক্তেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৮০ আনা

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ আনা

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

২৬ মাধব অবদ শ্রীগৌরপাদ্মী গৌরাব্দ ৪৫৪

শ্রীমন্নিত্যানন্দ প্রভু

শ্রীনিত্যানন্দ প্রভু সন্ধিনীশক্তির প্রভু, তিনি শক্তিমান্, শক্তি নহেন। শ্রীনিত্যানন্দ-প্রভু বিষ্ণুবিগ্রহ। তিনি গুরুস্বরূপ। তিনি শক্তিমদ্‌বিগ্রহ হইয়াও নিরন্তর সেবকাভিমানী। তিনি বিভুসত্ত্বের আকর। তিনিই শ্রীবলদেবে প্রকাশিত। শ্রীনিত্যানন্দ প্রভুকে ধরিলেই শ্রীগৌরসুন্দরের বিলাসাদি বা লীলা সব। এই শ্রীনিত্যানন্দ প্রভুকে ধরিতে পারিলে তাঁহার কৃপায় শ্রীমহাপ্রভুকে ও শ্রীনাম প্রভুকে পাওয়া যায়, শ্রীগদাধরের ও শ্রীরূপসনাতনাদি আচার্য্যের কৃপা পাওয়া যায়। শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন, "পঞ্চতত্ত্বের মধ্যে শ্রীগৌরসুন্দর ও শ্রীগদাধর ব্যতীত আর সবই নিত্যানন্দ। শ্রীগৌরসুন্দর শক্তিমদ্‌বিগ্রহ এবং শ্রীগদাধর হ্লাদিনী শক্তি। শ্রীনিত্যানন্দ সন্ধিনীশক্তিমদ্‌বিগ্রহ। মহাপ্রভু ও গদাধর ব্যতীত আর তিনজনই সান্ধ্যী। তাঁহারা নিত্যানন্দ হইতে অভিন্ন।"

শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপা ছাড়া জীবের মঙ্গলাভের আর কোন উপায় নাই। তাঁহার কৃপাতেই কাম দূর হয়, সংসারবাসনা তুচ্ছ বোধ হয় এবং মদনমোহন শ্রীনাথের সেবা পাওয়া যায়। শ্রীনিত্যানন্দ প্রভু সাক্ষাৎ শ্রীবলদেব। সমস্ত বিষ্ণুতত্ত্বের মূল আকর মূল শ্রীনিত্যানন্দ বলদেব প্রভু। একমাত্র মধুর রস ব্যতীত অন্য সকল রসের আশ্রয় শ্রীনিত্যানন্দ প্রভু হইতে প্রকটিত। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীচৈতন্যশিক্ষামৃতে ২০২ পৃষ্ঠায় লিখিয়াছেন,—"সকল রসেই ভগবান্ স্বয়ং সেব্য হইয়া একভাগ ও সেবকরূপে অন্যভাগ গ্রহণ করিয়া সেই অন্যভাগগত স্বরূপকে তত্তদ্রসসেবীদিগের আদর্শ-স্বরূপ করিয়া অচিন্ত্যলীলা বিস্তার করিয়াছেন। শৃঙ্গারে শ্রীমতী রাধিকা, বাৎসল্যে শ্রীনন্দ-যশোদা, সখ্যে সুবল ও দাস্যে রক্তক— ইঁহারা তত্তদ্রসগত ভগবানের সেবকভাব-বিশেষ। ইহার মধ্যে এইটুকু ভেদ আছে যে, শৃঙ্গারে শ্রীমতী সাক্ষাৎ স্বরূপ ভগবদ্‌বিভাগবিশেষ, অন্যান্য রসে শ্রীবল-দেবই একমাত্র সাক্ষাদ্‌বিভাগ। তাঁহার অংশস্বরূপ শ্রীনন্দ-যশোদা, সুবল ও রক্তককে জানিতে হইবে।"

শ্রীনিত্যানন্দের কৃপা ছাড়া গতি নাই। কাঙ্গাল না হইলে তাঁহার কৃপা পাওয়া যায় না। তিনি কাঙ্গালকেই দয়া করেন। শ্রীনিত্যানন্দ প্রভু পাত্রাপাত্র বিচার করেন না, কেবল অকপটে তাঁহার শ্রীচরণে শরণ লইলেই হইল। শরণাগত বা অকিঞ্চনতাই স্বরূপ। শরণাগত বা অকিঞ্চনই কাঙ্গাল। কাঙ্গালের মনের মত আর রূপ নাই, সেই রূপেই শ্রীনিত্যানন্দ প্রভু আছেন। শ্রীনিত্যানন্দের কৃপা হইলে সচ্চিদ্বিগ্রহ শ্রীকৃষ্ণের ও তৎপরে শ্রীরাধিকার কৃপা লাভ হয়। তাই গৌরপার্ষদ শ্রীল নরোত্তম ঠাকুর গাহিয়াছেন,—

আর কবে নিতাইচাঁদ করুণা করিবে।
সংসারবাসনা মোর কবে তুচ্ছ হ'বে॥
বিষয় ছাড়িয়া কবে শুদ্ধ হ'বে মন।
কবে হাম হেরব শ্রীবৃন্দাবন॥
হা হা প্রভু নিত্যানন্দ প্রেমানন্দ-সুখী।
কৃপাবলোকন কর আমি বড় দুঃখী॥
নিতাইপদকমল, কোটিচন্দ্রশীতল,
যে ছায়ায় জগৎ জুড়ায়।
হেন নিতাই বিনে ভাই,
রাধাকৃষ্ণ পাইতে নাই,
দৃঢ় করি' ধর নিতাইএর পায়॥

শ্রীগৌরসুন্দর শ্রীনিত্যানন্দের প্রেমদাতা। শ্রীগুরুদেবই শ্রীনিত্যানন্দতত্ত্ব। শ্রীনিত্যানন্দ প্রভু শ্রীমহাপ্রভুর নিত্য সঙ্গী। তিনি আদ্যাচার্য্য। শ্রীমহাপ্রভু অপেক্ষাও তাঁহার দয়া বেশী। শ্রীনিত্যানন্দের প্রভু গৌরসুন্দরের নিত্যসুহৃৎ। তাঁহাতে তাঁহার প্রীতি, তিনিই গৌরসুন্দরের প্রিয়। তাঁহার আর শ্রীচৈতন্যের প্রিয় আর কেহ নাই। শ্রীমহাপ্রভু নিরন্তর শ্রীনিত্যানন্দ-সঙ্গে বিহার করেন। শাস্ত্র বলেন,—

সংসার-দয়াপ্রভু প্রকাণ্ড শরীর।
চৈতন্যচন্দ্রের সংসারে দয়া ধীর॥
অলৌকিক চৈতন্যের নিত্য বাহির আর।
নিরবধি সেই দেহে করেন বিহার॥
তাঁহার চরিত্র যে বা শুনে শুনে, গায়।
শ্রীকৃষ্ণচৈতন্য তাঁরে পরম সহায়॥

শ্রীচৈতন্য—সেই কৃষ্ণ, শ্রীনিত্যানন্দ রাম।
নিত্যানন্দ পূর্ণ করেন চৈতন্যের কাম॥
প্রভু বলে, এই নিত্যানন্দ-স্বরূপেরে।
যে করয়ে ভক্তি-শ্রদ্ধা সে করে আমারে॥
ইঁহার চরণ শিব-ব্রহ্মার বন্দিত।
অতএব ইঁহারে করিহ সবে প্রীত॥
তিলার্দ্ধেক ইঁহারে যা'র দ্বেষ রহে।
ভক্ত হইলেও সে মোর প্রিয় নহে॥
ইঁহার বাতাস লাগিবেক যার গায়।
তাহারে কৃষ্ণ না ছাড়িবেক সর্ব্বথায়॥

শ্রীনিত্যানন্দ প্রভু মূল-সঙ্কর্ষণ। শ্রীনিত্যানন্দ প্রভুতে বিষ্ণুবিগ্রহের অধিষ্ঠান থাকিলেও তিনি আশ্রয়লীলার আদর্শ। শ্রীনিত্যানন্দ প্রভু সর্ব্বতোভাবে সকলপ্রকারে শ্রীকৃষ্ণের সেবা করিয়া থাকেন। তিনি মহাসঙ্কর্ষণ, কারণার্ণবশায়ী, গর্ভোদশায়ী, ক্ষীরোদশায়ী ও শেষ এই পঞ্চরূপে, শ্রীধামরূপে, অনন্ত সেবকরূপে, পিতামাতা-বন্ধুবান্ধব-আত্মীয়স্বজনরূপে, ছত্র, পাদুকা, শয্যা, উপাধান, বসন, ভূষণ, আহার (উপবন বা বাগান), আবাস, যজ্ঞসূত্র ও সিংহাসন— এই দশদেহে গৌরকৃষ্ণের সেবা করিয়া থাকেন। শ্রীনিত্যানন্দের আর চরিত্রাবলী ও অলৌকিক চেষ্টা সাধারণ জীবের ধারণার অতীত ব্যাপার। এই শ্রীনিত্যানন্দের চরণে অপরাধ হইলে নিস্তার নাই, সুতরাং এ বিষয়ে আমাদের প্রত্যেকেরই সাবধান হওয়া উচিত, নতুবা আমরা ভগবৎসেবা হইতে চিরতরে বঞ্চিত হইব।

মানুষকে কৃষ্ণভক্তো শ্রদ্ধা যদি হয়। ভক্তিফল 'প্রেম' হয়, সংসার যায় ক্ষয়॥

শ্রীনিত্যানন্দপাদপদ্মে সংশয় হইলে সর্বনাশ অনিবার্য। যিনি একমাত্র রক্ষক, একমাত্র উদ্ধারকর্তা, তাঁহাতেই যদি বিশ্বাস না হয়, তাহা হইলে সে দুর্ভাগাকে আর রক্ষা করিবে কে? তাঁহার অলৌকিক কৃপার কথা উপলব্ধি করিতে না পারিয়া অনেকে অন্যরূপ মনে করিয়া থাকে। কোন কোন আধুনিক ব্যক্তি জগাইমাধাইর উদ্ধারের কথা শুনিয়া বলিয়া থাকে—"নিত্যানন্দ প্রভু যদি ভগবান্ই হইবেন এবং তাঁহার দেহ অপ্রাকৃতই হইবে, তবে মাধাইয়ের মুটকির আঘাতে তাঁহার অঙ্গ হইতে রক্ত পাত হইল কিরূপে?" অপ্রাকৃত ভগবানের লীলাতত্ত্বে অনভিজ্ঞ ব্যক্তিগণের ঐ সকল মূর্খতাব্যঞ্জক প্রলাপ কিছু বিচিত্র নহে। জগাইমাধাই বৈকুণ্ঠের দ্বারপাল জয়-বিজয়। তাঁহাদের কখনও গুরু বা ভগবানের প্রতি বিদ্বেষভাব থাকিতে পারে না; কিন্তু পূর্বে যেরূপ ভগবান্ নিজ যুদ্ধস্পৃহা চরিতার্থ করিবার উদ্দেশে সনকাদি ঋষির দ্বারা প্রেরণাদ্বারা জয়-বিজয়ের প্রতি অভিশাপ প্রদানপূর্বক বিপক্ষরূপে তাঁহাদিগকে পৃথিবীতে অবতীর্ণ করাইয়াছিলেন, সেইরূপ করুণাময়ী গৌরলীলায় যাহা ব্রহ্মাদিরও দুর্লভ শ্রীকৃষ্ণ নামের সুখের প্রদান করেন নাই, তাঁহাদিগকে সেই সুদুর্লভ প্রেম প্রদান করিবার জন্য শ্রীনিত্যানন্দ প্রভু মাধাইয়ের হৃদয়ে প্রেরণা দ্বারা নিজ মস্তকে মুটকী নিক্ষেপলীলা ও তজ্জনিত রক্তপাতাদি অভিনয় প্রদর্শন করিয়া এবং তদ্দ্বারা জগাইয়ের আপনার প্রতি প্রীতির উদ্রেক করাইয়া জগাইকে গৌরসুন্দরের প্রীতিভাজন করাইয়াছিলেন। 'দৈবে সে পড়িল রক্ত দুঃখ নাহি পাই।' শ্রীনিত্যানন্দ প্রভুর এই বাক্যেই প্রকৃত তত্ত্বের ইঙ্গিত রহিয়াছে। বস্তুতঃ মাধাই শ্রীনিত্যানন্দ প্রভুর অঙ্গে আঘাত করেন নাই বা সেই আঘাত শ্রীনিত্যানন্দ প্রভুর অপ্রাকৃত দেহও স্পর্শ করে নাই। প্রাকৃত ইন্দ্রজালপ্রদর্শনে যখন কোন ব্যক্তির শিরশ্ছেদন ও তজ্জনিত রক্তপাত প্রভৃতি মিথ্যা ঘটনা লোকচক্ষে সত্যের ন্যায় প্রতিভাত হয়, তখন অঘটনঘটনপটীয়সী যোগমায়া চিচ্ছক্তির শক্তিমত্তত্ত্ব ভগবানের লোকচক্ষে এই ঘটনা প্রদর্শন কিছু বিচিত্র নহে। এইরূপ সিদ্ধান্তে কেহ হয় ত' বলিতে পারেন, যদি রক্তপাতাদি ব্যাপার সত্য না হয়, তাহা হইলে শ্রীমহাপ্রভু উক্ত ব্যাপার সত্যে দর্শন করিলেন কিরূপে? ব্যাসাবতার ঠাকুর শ্রীল বৃন্দাবনও বা উহা বর্ণন করিলেন কেন? শ্রীমহাপ্রভু ও শ্রীনিত্যানন্দ প্রভু বিভিন্ন বিগ্রহ হইলেও একই বস্তু। তাঁহারা উভয়েই উভয়ের হৃদগত ভাব অবগত আছেন। সুতরাং লোকচক্ষে একজনের আচরণ-প্রদর্শন ও অন্য জনের দর্শন—এই দুই কার্য্যই অচিন্ত্য। শ্রীকৃষ্ণলীলায় যাহা 'মৌষল লীলা' নামে কথিত হইলেও নিত্য' বলিয়া যেরূপ শ্রীমদ্ভাগবতে লিপিবদ্ধ করিয়াছেন, শ্রীচৈতন্যলীলায় ব্যাসের লিখিতও তদ্রূপ জানিতে হইবে।

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর শ্রীনিত্যানন্দ প্রভুর নিত্য সঙ্গপার্ষদ। তাঁহার কৃপা হইলে আমরা শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপালাভ করিতে পারিব। যাঁহারা শুদ্ধ হইয়া অকপট-চিত্তে শ্রীচৈতন্যভাগবত পাঠ করেন, তাঁহারা শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের কৃপায় শ্রীগৌর-নিত্যানন্দের কৃপালাভ করিবেনই। শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের ন্যায় এইরূপ শ্রীগুরু-পাদপদ্মে নিষ্ঠা আর দেখা যায় না। কি করে তাঁহার নগণ্য পদধূলি লইয়া জানিতে পারিলে আমাদের জীবন সার্থক হইবে, শ্রীনিত্যানন্দের শুভদৃষ্টি আমাদের উপর পড়িবে। গৌড়ীয়কুলপাবন শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভুর স্বনিয়মদশকের 'অনাদিঃ সাদির্বা' শ্লোকে গুরুনিষ্ঠার কথা প্রকাশিত হইয়াছে। তিনি বলিয়াছেন, এই ব্রজরাজ-নন্দন শ্রীকৃষ্ণ অনাদি অর্থাৎ কারণরহিত সর্বাবতারী স্বয়ং ভগবান্ই হউন, অথবা সাদি অর্থাৎ কারণযুক্ত অবতারীই হউন, সর্বাংশে নিপুণই হউন অথবা অনিপুণই হউন, তিনি করুণাময়ই হউন অথবা করুণা-রহিতই হউন, পরব্যোমাধিপতি নারায়ণ অপেক্ষা উৎকৃষ্টই হউন অথবা নরাধমই হউন, আমার এ সমস্ত বিচারে আবশ্যক নাই, পরন্তু তিনি প্রতিজন্মে আমার আরাধ্য প্রভুরূপে প্রকাশিত হউন। ঐকান্তিক গুরুনিষ্ঠা শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরে দেখিতে পাওয়া যায়। শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর শ্রীচৈতন্যভাগবত অন্ত্য খণ্ড ৬ষ্ঠ অধ্যায়ে লিখিয়াছেন,--

সংকর্ষণ নিত্যানন্দ কলেবর।
চৈতন্যের কৃপা বিনা জানিতে দুষ্কর॥
কেহ বলে, নিত্যানন্দ যেন বলরাম।
কেহ বলে, চৈতন্যের বড় প্রিয় ধাম॥
কেহ বলে, মহাতেজী অংশ অধিকারী।
কেহ বলে, কোনরূপ বুঝিতে না পারি॥
কিবা যতি নিত্যানন্দ, কিবা ভক্ত জ্ঞানী।
যার যেন মত ইচ্ছা না বলয়ে কেনি।
যে সে কেনে চৈতন্যের নিত্যানন্দ নহে।
তাঁর পাদপদ্ম মোর রহুক হৃদয়ে॥
যে আমার প্রভু, আমি জন্ম জন্ম দাস।
সবার চরণে মোর এই অভিলাষ॥

কৃপাবতার শ্রীনিত্যানন্দ প্রভু রাঢ়দেশের বীরভূম জিলার অন্তর্গত শ্রীএকচক্রা গ্রামে শ্রীহাড়াই পণ্ডিত নামক ব্রাহ্মণের গৃহে আবির্ভূত হন। তাঁহার জননীর নাম শ্রীপদ্মাবতী দেবী। শ্রীনিত্যানন্দপ্রভু সমস্ত বিষ্ণু ও বৈষ্ণবতত্ত্বের আদি এবং জগতের পালনকর্তা মূল সত্তা হইয়াও শ্রীপদ্মাবতীর পুত্ররূপে তাঁহাদের গৃহে লীলা বিলাস করিয়াছেন। শ্রীহাড়াই-পদ্মাবতীর নিত্য পুত্র তিনি। তাঁহারা তাঁহার নিত্য জনক জননী। জীবহৃদয়ে ভগবদাবির্ভাবের নামই ভগবানের জন্মলীলা। জীবহৃদয়ে ভগবদাবির্ভাবের পূর্বে জীবের স্বরূপের উদ্বোধ হয়। শ্রীগুরু-নিত্যানন্দের কৃপায় স্বস্বরূপের উদ্বোধ হইলে জীব আপনাকে ভগবানের নিত্য সেবক বলিয়া জানিতে পারেন এবং সঙ্গে সঙ্গে সেবাবিগ্রহ শ্রীগুরুনিত্যানন্দও সেই হৃদয়ে উদিত হন। তৎপরে জীবহৃদয়ে পরম সেব্য ভগবানের আবির্ভাব হয়। সেবকের শুদ্ধ হৃদয়ে সেব্য ও সেবাবিগ্রহের এই আবির্ভাব বা জন্ম নিত্য। শুদ্ধচিত্তে শ্রীগুরুগৌরাঙ্গের আবির্ভাব হয়। শ্রীগুরুনিত্যানন্দের কৃপাতেই চিত্ত শুদ্ধ হয়। সুতরাং যে হৃদয় শ্রীগুরুপাদপদ্মের চিন্তায় ভরপুর নহে, সেখানে ভগবদাবির্ভাব বা ভগবদ্ভক্তির বেশ কি করিয়া হইবে?

শ্রীনিত্যানন্দের পাপজীবকুল কলিমল-বিধ্বংসিনী ও কৃষ্ণপ্রেমপ্রদায়িনী অমন্দোদয়-দয়ার সহিত কোন দয়ার তুলনা হয় না। এই দয়া জীবকে কৃষ্ণলালসার কবোষ্ণ—শ্রীনামামৃত পান করাইয়া অমৃতলোকে অবস্থান করায়। সেই দয়া নির্মলা, অমলা ও অসমা। শ্রীনিত্যানন্দপ্রভু ব্রজের শ্রীবলদেব। তিনি শ্রীকৃষ্ণের বৈভবপ্রকাশ-বিগ্রহ। তাঁহার পার্ষদবৃন্দ সকলেই ব্রজের গোপালভাবাশ্রিত সখ্যরসের ভক্ত। তাঁহাদের মধ্যে দ্বাদশ গোপাল সর্বপ্রধান। যথা—১। শ্রীঅভিরাম ঠাকুর, ২। শ্রীউদ্ধারণ ঠাকুর, ৩। শ্রীকমলাকর পিপলাই, ৪। শ্রীকালাকৃষ্ণ দাস ৫। শ্রীগৌরীদাস পণ্ডিত ৬। শ্রীধনঞ্জয় পণ্ডিত, ৭। শ্রীপরমেশ্বরী দাস, ৮। শ্রীপুরুষোত্তম দাস, ৯। শ্রীপুরুষোত্তম পণ্ডিত, ১০। শ্রীমহেশ পণ্ডিত, ১১। শ্রীশ্রীধর, ১২। শ্রীসুন্দরানন্দ ঠাকুর।

শ্রীনিত্যানন্দ প্রভু শক্তিমত্তত্ত্ব, শক্তিতত্ত্ব নহেন। তিনি সার্বভৌম আশ্রয় প্রভু হইলেও শ্রীকৃষ্ণের জ্ঞানলীলাক্ষেত্রের সহিত সম্বিচ্ছক্তিমানের সত্তাপ্রদায়ক অনুগ সেবক। তিনি স্বয়ং বিষয়বিগ্রহ হইয়াও আশ্রয়জাতীয় সেবকলীলা প্রকট করেন বলিয়া তিনি জগদ্‌গুরু। আশ্রয়বিগ্রহ শ্রীগুরুদেব শ্রীনিত্যানন্দ প্রভুর আশ্রয়বিগ্রহ। শ্রীগুরুদেব শ্রীনিত্যানন্দ হইতে অভিন্ন হইলেও বিষয়জাতীয় আশ্রয়বিগ্রহ নহেন। তিনি কৃষ্ণাভিন্ন-সেবক-ভগবান্ শ্রীগুরুদেব ভোক্তা নহেন। তিনি শ্রীকৃষ্ণের সর্বশ্রেষ্ঠ সেবক। যাঁহারা শ্রীগুরুদেবকে নিত্যানন্দ বলিতে চাহেন না, তাঁহারা গুর্ব্বজ্ঞাক্রমে মায়াবাদী। জগদ্‌গুরু শ্রীনিত্যানন্দ ও তাঁহার অভিন্নবিগ্রহ শ্রীগুরুদেবের পাদপদ্মাশ্রয়েই নিঃশ্রেয়স লাভ হইয়া থাকে। শ্রীগুরুনিত্যানন্দের করুণাই জীবকে জড়ানন্দ হইতে মুক্ত করিয়া অপ্রাকৃত ভজনানন্দের প্রদর্শন করে। তাই শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর লিখিয়াছেন,—

সংসারের পার হৈয়া ভক্তির সাগরে।
যে ডুবিবে সে ভজুক নিতাইচাঁদেরে॥

আগামী ১০ই ফেব্রুয়ারী ২৮শে মাঘ সোমবার আমাদের পরমারাধ্য মাঘী শুক্লা গৌড়ত্রয়োদশী তিথিতে জগদ্‌গুরু শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাব-বাসর। ঐ দিবস শ্রীনিত্যানন্দকৃপাভিখারী ভক্তগণ দিবারাত্র নিরম্বু উপবাস থাকিয়া নিরন্তর সপরিকর শ্রীগৌরনিত্যানন্দের গুণগরিমাকীর্তনমুখে জগদ্গুরুর কৃপা ভিক্ষা করিবেন। এতদুপলক্ষে গত ১০ই ফেব্রুয়ারী সোমবার হইতে শ্রীধাম মায়াপুর প্রাচীন নবদ্বীপে শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর জন্মতিথি উপলক্ষে শ্রীনামযজ্ঞ অনুষ্ঠিত হইবেন।

কি ত্যাগ করা যায় না?

যাহা অপ্রয়োজনীয়, তাহাই লোকে ত্যাগ করিয়া থাকে। দেহের পুষ্টি-তুষ্টির জন্য সুখাদ্য গ্রহণীয় এবং কুখাদ্য পরিত্যাজ্য। কুখাদ্য পরিত্যাগ না করিলে শরীর নষ্ট হয়। আত্মশরীর বা চিন্ময় শরীরের পক্ষেও সেইরূপ গ্রহণ ও ত্যাগের কথা আছে। যাহা চেতন শরীর বা আত্মার স্বাস্থ্যের পক্ষে প্রয়োজনীয় তাহাই পরমার্থ, আর যাহা আত্মার স্বাস্থ্যের পক্ষে অনাবশ্যক, তাহাই অনর্থ। সুতরাং আত্মার স্বাস্থ্য রক্ষা করিতে হইলে অনর্থই ত্যাগের বস্তু। সকল অনর্থের মধ্যে প্রতিষ্ঠাই সব চেয়ে বড় অনর্থ; ইহা সহজে যাইতে চাহে না। ভক্ত কখনও ভগবৎসেবা ও ভগবান্‌কে ত্যাগ করিতে পারেন না। অতএব নিজ চেষ্টার দ্বারা প্রতিষ্ঠা ছাড়িতে পারে না। মানুষ অনেক সময় কনক-কামিনী ত্যাগ করিতে পারেন, কিন্তু তিনি যে কামিনী-কাঞ্চন ত্যাগ করিয়া ত্যাগী হইয়াছেন, এই প্রতিষ্ঠাটি ত্যাগ করিতে পারেন না। প্রতিষ্ঠার জন্য লোক প্রাণ দিতেও কুণ্ঠিত হয় না। প্রতিষ্ঠা এমনিই জিনিষ।

ভক্তি করি' যে শুনে চৈতন্য অবতার। সেই সব জন সুখে পাইবে নিস্তার॥

সেবা তাদের বস্তু নহে, সেবায় বাধাই তাদের বস্তু। বিষয়কে ত্যাগ করিতে হইবে না, বিষয়ের প্রতি আসক্তিই ত্যাগ করিতে হইবে। কিন্তু বিষয়াদির সেবার উপকরণ। তাই ভক্তগণ কনক, কামিনী বা প্রতিষ্ঠা কোন কিছুই পরিত্যাগ করেন না; তাঁহারা সকল বস্তুকে হরিসেবার উপকরণ করিয়া কনক, কামিনী ও প্রতিষ্ঠাকে হরিসেবায় নিযুক্ত করিয়া থাকেন, উহারই নাম বৈষ্ণবী প্রতিষ্ঠা। তাহাতেই নিষ্ঠা করিতে হইবে তাহাতে নিষ্ঠা না হইলে কখনও ভোগের, কখনও বা নাস্তিকতার তাদের গোলাম হইতেই হইবে। 'আমি হরিসেবকগণের জুতা বহনায়'—এই প্রতিষ্ঠা যাহার হৃদয়ে সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয় নাই, যিনি অন্যান্য অনর্থ ত্যাগের সঙ্গে সঙ্গে এরূপ হরিসেবার অভিমানকে অনর্থের অন্যতম মনে করিয়া ত্যাগ করিবার জন্য প্রস্তুত, তিনি কখনও মধুর প্রকার ভক্তি ও হরিসেবাকে একমাত্র প্রয়োজন বলিয়া বরণ করেন নাই। কৃষ্ণের সেবক-অভিমানই প্রকৃত গৌরব। এই গৌরব বা এই প্রতিষ্ঠা মায়িক বৈভব নহে। যেখানে জড় প্রতিষ্ঠা, সেইখানেই মৎসরতা। আমাদের জড়প্রতিষ্ঠা পাছে খর্ব হইয়া পড়ে, এই ভয়ে পরের ভাল আমরা শুনিতে পারি না। হরিভজনের জন্য আসিয়া হরিভজনে কাহারও উন্নতি দেখিলে আমি প্রফুল্ল হইবার পরিবর্তে দুঃখিতই হই। এখানেই আমার ছিদ্রটি। ইহা দ্বারা স্পষ্ট বুঝা যাইতেছে যে, আমার বৈষ্ণবী প্রতিষ্ঠার লেশমাত্রও নাই, আমার পাপময় হৃদয় জড়প্রতিষ্ঠায় পরিপূর্ণ আছে।

প্রতিষ্ঠাচণ্ডালিনী বা কনক-কামিনী হৃদয়ে স্থান পাইলে হরিভজন কি করিয়া হইবে? শ্রীনিত্যানন্দপ্রভু ও তাঁহার সেবক বৈষ্ণবগণের সেবা ও কৃপাবলে এই প্রতিষ্ঠারূপা মহাশত্রুর কবল হইতে নিস্তার পাওয়া যায়। তাই জগদ্গুরু শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভু মনঃশিক্ষায় লিখিয়াছেন,—

প্রতিষ্ঠাশা-ধৃষ্টা শ্বপচরমণী মে হৃদি নটেৎ
কথং সাধুপ্রেমা স্পৃশতি শুচিরেতন্ননু মনঃ
সদা ত্বং সেবস্ব প্রভু-দয়িতসামন্তমতুলং
যথা তাং নিষ্কাশ্য ত্বরিতমিহ তং
বেশয়তি সঃ॥

যে হেতু, প্রতিষ্ঠারূপা ধৃষ্টা শ্বপচরমণী আমার হৃদয়ে নৃত্য করিতেছে, অতএব বিশুদ্ধ সাধু-প্রেম কিরূপে হৃদয়কে স্পর্শ করিবে? তুমি সর্বদা শ্রীকৃষ্ণের একরূপ অতুলনীয় সামন্তগণের সেবা কর, যাহাতে তিনি সেই প্রতিষ্ঠারূপা ধৃষ্টা শ্বপচরমণীকে হৃদয় হইতে অপসারিত করিয়া সাধু-প্রেমকে তথায় প্রবিষ্ট করাইবেন।

বর্তমানে আমাদের মঙ্গলপথে কেবলই বাধা। এই বাধা অপসারিত করিতে হইলে শ্রবণ আবশ্যক। কর্ণই সর্বাগ্রে নিত্যমঙ্গল বরণ করিতে পারে। ভগবানের কথা কেহ কীর্তন না করিলে শ্রবণ করা যায় না, আবার শ্রবণ না করিলে মঙ্গলও হয় না। সেইজন্য মঙ্গলের পথে সাধুর কৃপাই প্রথম। সাধু যখন কীর্তন করেন, তখন শ্রদ্ধালু ব্যক্তি না শুনিয়াও পারেন না। আবার তিনি যখন শ্রবণ করেন তখন কীর্তন না করিয়াও থাকিতে পারেন না; আবার কীর্তনকারী স্মরণ না করিয়াও পারেন না। সুতরাং শ্রবণ, কীর্তন ও স্মরণ যে একতাৎপর্যপর, তাহা বলাই বাহুল্য। যদি তাহা একতাৎপর্যপর না হয়, তাহা হইলে জানিতে হইবে, শ্রবণ-কীর্তন প্রভৃতির অনুশীলন হয় নাই, প্রণতি, শরণাগতি বা শ্রদ্ধার অভাবে শ্রবণ-কীর্তনাভিনয়ই হইয়াছে। সাধুর সঙ্গ হইলে সর্বেন্দ্রিয়েই ভগবানের সেবায় নিযুক্ত হইবার সুযোগ পায়। সাধুর উপদেশ যদি আমার উপর প্রভুত্ব করে, অর্থাৎ আমি যদি সাধুর উপদেশ পূর্ণ মনোযোগসহকারে শ্রবণ করিয়া তাহা নিজ জীবনে পালনপূর্বক কীর্তন করি, তাহা হইলে কৃষ্ণচিন্তা বা কৃষ্ণাভিনিবেশ নিশ্চয়ই হইবে। তাহাতে সমস্ত অসুবিধা চিরতরে বিদূরিত হইয়া মঙ্গলের পথ দেখা যাইবে। সেইজন্য সাধুগণ কীর্তনবিগ্রহ শ্রীগুরুদেবের চরণাশ্রয় করিয়া তাঁহার শিক্ষানুসারে অবিরত অনুকীর্তন করিতে বলেন। কারণ, অনুকীর্তনের দ্বারাই জীবনের সমস্ত সমস্যার সমাধান হয়। উহার দ্বারা পরের মঙ্গল ও নিজের মঙ্গল পূর্ণ বেশী পরিমাণে হইয়া থাকে। অতএব কীর্তনই শ্রবণের একমাত্র পরিচালক।

শ্রীগুরুপাদপদ্মাশ্রিতকে বাসই শ্রীধামবাস। নিজেকে শ্রীগুরুপাদপদ্মের সম্মুখে বলিয়া উপলব্ধিই প্রকৃত সম্বন্ধ বা চিন্ময়ী প্রতিষ্ঠা। এই প্রতিষ্ঠায় প্রতিষ্ঠিত না হইলে জড় প্রতিষ্ঠার হাত হইতে রক্ষা পাওয়া যায় না। প্রকৃত শ্রীধামবাসী বা গুরুসেবকগণই জড় প্রতিষ্ঠার কবল হইতে নির্মুক্ত। শ্রীধামবাসে নিজেন্দ্রিয়তর্পণ চেষ্টা লেশমাত্রও নাই। সর্বক্ষণ কৃষ্ণের প্রীতিপ্রদ চেষ্টা লইয়া সাধুসঙ্গে হরিকথা শ্রবণ-কীর্তন করিতে করিতে কৃষ্ণানুশীলন—শ্রীগুরুপাদপদ্মে স্বাভাবিকী প্রীতির সহিত বাসই যথার্থ শ্রীধামবাস। কনক-কামিনী-প্রতিষ্ঠার প্রতি যেখানে লোভ, সেখানে শ্রীনিত্যানন্দপাদপদ্মের প্রতি লোভ কি করিয়া থাকিবে? যেখানে সৎসঙ্গ সেখানে প্রতিষ্ঠাশা নাই। সাধুর প্রকৃত অনুসরণই ভক্তি। অনুকরণের দ্বারা প্রতিষ্ঠাশা সংগ্রহ হয় মাত্র, তাহাতে নিত্যমঙ্গল হয় না, পরন্তু পূর্বসঞ্চিত মঙ্গল হইতেও অধঃপতিত হইতে হয়।

প্রতিষ্ঠাকামীর শরণাগতি নাই। সুতরাং তাহার মঙ্গল হইবে কি করিয়া? যেখানে শরণাগতির অভাব, সেখানেই অমঙ্গল। সেইজন্যই ভক্তগণ মূল মালিকের উপর নির্ভর করিয়া নিশ্চিন্ত হন। যে মুহূর্তে আমরা শরণাগত হইব, সেই মুহূর্তে আমরা মঙ্গল লাভ করিতে পারিব। শরণাগতি বা আনুগত্য ছাড়িয়া অন্য উপায়ে মঙ্গল হয় না। যেখানে শরণাগতি নাই, সেখানে কর্তৃত্ব আছেই। এই কর্তৃত্বাভিমানই সমস্ত অমঙ্গল ও ক্লেশের মূল। গুরুবর্গ আমাদের মঙ্গলের জন্য সর্বক্ষণ উপদেশ দিতেছেন। তাঁহাদের সেই পরমমঙ্গলময়ী বাণীতে শ্রদ্ধা হইলেই আমাদের কর্তৃত্বাভিমান—অমঙ্গল দূর হইতে পারে; নতুবা নহে।

চাঞ্চল্য

(শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

চাঞ্চল্য মনের ধর্ম। বহির্মুখ মন সর্বক্ষণই জল্পনা কল্পনা লইয়া ব্যস্ত আছে। মন কখনও ভোগে প্রমত্ত, আবার কখনও ত্যাগে চঞ্চল হইয়া রহিয়াছে। ভগবদ্ভক্তগণ শান্ত, ধীর, স্থির। ভক্তগণ নির্মৎসর, সুতরাং শান্ত। অপ্রাকৃত ব্যক্তিগণের চঞ্চলতা নাই। তাঁহারা ভগবৎপাদপদ্মে সুপ্রতিষ্ঠিত বলিয়া তাঁহাদের অস্থিরতা নাই। তাঁহাদের ভগবৎসুখতাৎপর্য ব্যতীত অন্য কোন কামনা বাসনা নাই। তাঁহারা ভগবৎসেবার ঐকান্তিক। তাঁহারা একায়নপন্থী। তাই ভক্তের ভগবৎসুখানুসন্ধান-পথে জাগতিক অন্য কোন বস্তু বা বাধা আসিয়া চাঞ্চল্য উপস্থিত করিতে পারে না। ভগবৎপ্রকাশবিগ্রহ শ্রীগুরুচরণের একান্ত আশ্রিতজনই ভক্ত। শ্রীগুরুপাদপদ্ম ব্যতীত এ জগতে আশ্রয়স্থল আর কিছু নাই। সেই শ্রীগুরুপাদপদ্মে যিনি আশ্রয় লইয়াছেন—যিনি তাঁহাকে একমাত্র প্রভু বলিয়া বরণ করিবার সৌভাগ্য পাইয়াছেন—যিনি সর্বক্ষণ তাঁহার কৃপা-আশায় জীবনযাপন করিতেছেন, তাঁহার চঞ্চলতা নাই, তিনি ধীর, স্থির, অচল, অটল। তিনি শ্রীগুরুপাদপদ্মসেবাসুখে নিরন্তর ভগবৎসেবারত আছেন। তিনি মনোধর্মী নহেন। যতদিন আমরা মনোধর্ম দ্বারা চালিত হইব, ততদিন মনোধর্ম হইতে নানাপ্রকার অসুবিধা আসিয়া উপস্থিত হইবে।

একনিষ্ঠ হইতে না পারিলেই বিপদ। শ্রীগুরুপাদপদ্মে একনিষ্ঠার অভাববশতঃই মনের নানাপ্রকার চঞ্চলতা আসিয়া ভজন হইতে আমাদিগকে বিচ্যুত করিয়া ফেলে। শ্রীগুরুপাদপদ্মে একনিষ্ঠ হইতে না পারা পর্যন্ত আমাদের গুরুসেবা বস্তুতঃ হইবে না। তখন সেবা করিতে পারে না। ভজন অন্য ভাবে সম্পূর্ণ থাকিলে, নানাপ্রকার চেষ্টা লইয়া ব্যস্ত থাকিলে শ্রীহরিগুরু-বৈষ্ণবপাদপদ্ম বিস্মরণ স্বাভাবিক। 'আমি গুরুদেবের, গুরুদেব আমার'—এই জ্ঞান লাভ না হওয়া পর্যন্ত চঞ্চলতা যাইতে পারে না। 'আমি গুরুদেবের, গুরুদেব আমার'—ইহাই সম্বন্ধজ্ঞান। এই সম্বন্ধজ্ঞান লাভ হইলে—প্রকৃত শরণাগত হইতে পারিলে মনের চাঞ্চল্য থামিয়া যাইবে। মনের চঞ্চলতা না যাওয়া পর্যন্ত স্থিরতা হয় না। চাঞ্চল্য ও অভিনিবেশ দুইটি পৃথক জিনিষ। চাঞ্চল্য থাকিতে অভিনিবেশের সম্ভাবনা নাই। শ্রীগুরুপাদপদ্মে অভিনিবেশ না হইলে অর্থাৎ সর্বক্ষণ শ্রীগুরুপাদপদ্ম স্মরণ না হইলে তাঁহার সেবা হইতে পারে না। মনঃসংযোগ ব্যতীত সেবা হয় না। যেখানে সেবা, সেখানে সেবা সর্বক্ষণ স্বতঃস্ফূর্ত আছেই। আমি যাঁহার সেবা করি, তাঁহার কথা ভুলিয়া যাই—এ কথা হয় না। অদ্বিতীয় বস্তু শ্রীগুরুদেবে অভিনিবেশের অভাবই চাঞ্চল্য-নিবন্ধনের কারণ। দ্বিতীয়াভিনিবেশ সমস্ত অসুবিধার মূল। দ্বিতীয়াভিনিবেশ হইতেই ভয়, সংশয় ইত্যাদি নানাপ্রকার অভিজ্ঞতার উদয় হইয়াছে। ইহা হইতেই ক্রমশঃ নাস্তিকতা—ভগবদ্বিরোধিতায় জীবকে পৌঁছাইতে হয়।

ভগবান এক, শ্রীগুরুপাদপদ্ম এক—অদ্বিতীয়। সুতরাং আমাদের পথও এক, লক্ষ্য একই। আমরা একের সেবক, একের সুখানুসন্ধানই আমাদের একমাত্র কৃত্য। এক প্রভুর সেবা না হইয়া যদি বহু সেবা আসিয়া সেবকের সেবাপথে দাঁড়ায়, সেখানে সেবক স্থির থাকিতে পারে না। সেখানে চঞ্চলতা আসিয়া সেবককে বিচলিত করে। সেখানে ঐকান্তিকতার অভাব। বহু বিষয়ে আকৃষ্ট সে কি করিয়া অচঞ্চল থাকিবে? তাহার মনের গতি বহুমুখী বলিয়া সে একান্ত মর্যাদা হারায়। অসুখ-কামনা বা অন্য স্পৃহা ছাড়ে না। অসুখ-কামনাই কাম নহে। সে ভুক্তিমুক্তিকামী। কামনা থাকিলে কাম পূরণের স্পৃহা থাকিবেই। শ্রীগুরুদেবের নিজসুখকামনা না থাকায় এবং সেবাসুখকামনায় সতত তৎপর থাকায় তিনি সর্বক্ষণ সেবাসুখ বাঁধে তৎপর। সেবার বিনা অবসর, তাঁহার অবসর সেবাতেই; প্রভুর সুখের জন্য তিনি সব করিতে পারেন।

শান্ত, অচঞ্চলতা, নিরপেক্ষতা প্রভৃতি ভক্তের ধর্ম, কিন্তু বর্তমানে মনের ধর্ম এতই প্রবল হইয়াছে যে, সে আমার উপর এমন নিজ প্রভাব বিস্তার করিয়াছে।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে শিখান আপনে॥

এখন একমাত্র শ্রীমাদের কৃপা ব্যতীত আর উপায় নাই। শ্রীল [illegible] বলিয়া ছেন,—"বাদের এমন [illegible] আছে, তাহার [illegible] আছ সমস্ত ই [illegible] ক্রিয়াকলাপকে ছাপাইয়া যায়। মনটা অনেক সময় নানা প্রকার বহুরূপী করে, সংশোধন দেখায়, কল্পনা করে [illegible] পড়ে, কি করিব —কিছুই [illegible] পায় না। সেই সময় জীবন-সমর [illegible] নাম [illegible] আমি [illegible] কেন্দ্রিতে [illegible] [illegible] যায় না [illegible] পথ দেখা দেন [illegible] সময় [illegible] না [illegible] করিয়া দিবেন। তখন [illegible] দেখা যাইবে। তাঁহারা দয়া করেন। তাঁহারা এমন কিছু আর নাই যে দয়া করিবেন না। অকিঞ্চন কাঙ্গাল হইলে তাঁহারা অবশ্যই দয়া করিবেন, কিন্তু [illegible] হইবে না।"

ভক্তগণের এই সকল কথা যদি মনে যান [illegible] তবে [illegible] ঠিক হয় —তাঁহার [illegible] আমাদের [illegible] হয়, তাহা হইলে আমাদের মনের চাঞ্চল্য আর থাকিবে না। [illegible] হইলে তাঁহাদের সুবিধাদের জন্য ব্যস্ত হলেই মনের চঞ্চল আপনা হইতেই কমিয়া যাইবে। এতদ্ব্যতীত মনের চাঞ্চল্য কিছুতেই কমিবে না।

অহৈতুকের [illegible] —শ্রীনাম, শ্রীধাম, শ্রীবিগ্রহ, [illegible] প্রতি অবিশ্বাস, অনন্য প্রভৃতি সব মনের ধর্ম। নির্মল অনাবৃত আত্মার এই সকল দোষ নাই। শুদ্ধ-আত্মা পরমাত্মার নিত্য শুদ্ধ সেবক। [illegible] বশতঃ আত্মার সেই সেবাবৃত্তি লুপ্তপ্রায় হইয়াছে। এখন আত্মার বৃত্তি মায়ার দ্বারা আবৃত ও বিক্ষিপ্ত হইয়া পড়িয়াছে। তাই অচেতনের নানা প্রকার ক্রিয়া জীবে লক্ষিত হইতেছে। সেবক আত্মা এখন নিদ্রিত। মনটা বহির্মুখ বিষয়েই একটা বস্তু, বিষয়ের সহিত তাহার মিত্রতা ও আসক্তি। চঞ্চল মন আমাদের প্রভুতারাধনই করিয়া থাকে। চঞ্চল মনের সহিত আমাদের চিরশত্রুতা। যদিও কখনও কখনও দুইজন আমাদিগকে অভিভূত করিয়া ফেলে তথাপি আমরা কখনও তাহার নিকট আত্মসমর্পণ করিব না, তাহাকে বিশ্বাস করিব না। যতদিন মনের সাহচর্য থাকিবে, যতদিন মনের ভাল লাগা না লাগার মধ্যে থাকিব, ততদিন আমাদের সাধুসঙ্গ হইবে না, অহৈতুকের সেবা হইবে না। তাঁহাদের আদেশ পালন করিতে পারিব না, এ দিন সংসারেই পড়িয়া থাকিতে হইবে। মন চঞ্চলতাবেশে কখনও ভাল থাকিবে আবার খারাপ হইবে।" [illegible] নিজের আশ্রয় নিত্যা-

নন্দ শ্রীগুরুনিত্যানন্দের পাদপদ্মের আশ্রয়, আর্তি, দম, শমনা ও সহিষ্ণুতা ব্যতীত অন্য কোন কথা শুনিব না, চঞ্চল মনের সহিত বন্ধুত্ব রাখিব না। শ্রীগুরুপাদপদ্মের আশ্রয় লইয়া —তাঁহার হইয়া দয়া মনকে শাসন করিব। আরাধনোপযোগী বৃত্তাবর্জন শ্রীগুরুপাদপদ্মে সমর্পণ করিয়া মনকে শোধন করিতে হইবে। মন মধ্যের আশ্রয় না পাইলে মনকে শোধন করা যায় না—অন্যপ্রকারে প্রতিষ্ঠিত করা যায় না।

অহৈতুক-কৃপাময় কে ?

——:০:(×):০:——

মানুষের কর্মফলে যে সকল দৈহিক ও মানসিক কষ্ট হয়, তাহা মানকে বাধা না এবং লওয়া উচিত। মানুষের জন্য অহৈতুকের অতিরিক্ত কোন কথা নাই, তাহাতে মানুষই আছে, তাহাই সাধন। এই সাধনবলে নিত্যলাভ হয়। মানুষ দুঃখকার ও বহুবিধ আমাদের দুঃখকার পাইয়া আছে। সেই দুঃখকার বাহিরে হইলে এই জীবন কাটাতেই হইবে। এই দুঃখ-কষ্ট জীবের অবিদ্যাবন্ধন ছিন্ন করে—অজ্ঞানতাকে বিদূরিত করে। মানুষ দুঃখকার বাধা সহিয়া, তাহা বাধ্য নত্বেই যাহাই হইতে পারে। নতুবা অন্যের চেষ্টায় কিছুই হইবে না। মানুষকে [illegible] হইলে কাম নিয়াই দেখিতে হয় [illegible] হইলে কাম দিয়াই [illegible] হয়। কি নিকট কি দূরে যে কোন কারণ ঠিক না কেন, সর্বাত সকল সময় সময়ের মধ্যে সংকর্ম না করিতে হইবে, সব ছাড়া হবেন নিজ্জালেন অভিভূত হইতে হইবে।

শ্রীগুরুনিত্যানন্দ শ্রীচৈতন্যমনোহভীষ্ট-পূরণকারী। 'নিত্যানন্দ পূর্ণ করেন চৈতন্যের কাম।' স্বয়ং-ভগবান্ শ্রীগৌর-প্রভু শ্রীনামসংকীর্তন প্রবর্তনের জন্য এ জগতে প্রকটিত হইয়াছিলেন। তাঁহার এই মনোহভীষ্ট-পূরণ করেন—শ্রীনিত্যানন্দ প্রভু। শ্রীনামসংকীর্তন যজ্ঞের হোতা, উদ্গাতা, অধ্বর্যু ও ব্রহ্মা—শ্রীনিত্যানন্দ প্রভু। কলিকালের যজ্ঞ—শ্রীনামসংকীর্তন। এই যুগধর্মপ্রচারকারী শ্রীনামপ্রচারাচার্য শ্রীগুরু নিত্যানন্দপাদপদ্ম। শ্রীগুরুনিত্যানন্দ কৃপাপরবশ হইয়া আবাহন-পতাকা দ্বারা 'তুমি নন্দনন্দনের সেবক'—এই দিব্যজ্ঞান দিবার জন্য—আমরা কর্তাবুদ্ধি ভুলিয়া—অকর্মবিদ্ধ হইয়া যে নশ্বর দর্পণে মত্ত হইয়াছিলাম এবং তাহাকেই কর্তব্য মনে করিয়াছিলাম, আমাদের সেই অহঙ্কারকে বিদূরিত করিবার জন্য জগতে উদিত হইয়াছেন।

অহৈতুকভাবে সপরিকর শ্রীভগবানের সেবা ব্যতীত অন্য যে কোন কৃত্য বা লক্ষ্য থাকা আমাদের কাহারও উচিত নহে। কিন্তু সেই ভগবানের সেবা কি আমরা করিতে পারি? মনোহভীষ্ট পূরণই ত' সেবা। ভগবন্মনোহভীষ্ট পূরণ করিতে কি আমরা পারি? আমাদের শ্রীগুরুনিত্যানন্দপাদপদ্মই ত' ভগবন্মনোহভীষ্টপূরণকারী। শ্রীগুরুপাদপদ্ম ত' সর্বক্ষণ সর্বেন্দ্রিয়ে অনুকূলভাবে শ্রীভগবানের সেবা করিতেছেন। তিনিই ত' একান্ত ভগবৎসেবক। শ্রীগুরুপাদপদ্মের শ্রীভগবানের সেবা ব্যতীত একমুহূর্তও অন্য কোন কথা নাই। তাঁহার হৃদয়নিরেই ভগবান্ নিত্য আবদ্ধ। স্বয়ংরূপ কৃষ্ণের প্রিয়তম সেবক, শ্রেষ্ঠ, নিজজন যিনি ভগবন্মনোহভীষ্ট-পূরণের জন্য জগতে উদিত হইয়াছেন যিনি আমাদিগকে তাঁহাদের ন্যায় কৃপাপরবশ হইয়া শ্রীকৃষ্ণসেবার কথা জানাইলেন—তদ্ব্যতীত জীবসকলের অন্য কোন উপায় নাই—তাহাই জীবের সাধ্য ও সাধন, একথা জানাইলেন, তিনিই শ্রীগুরুনিত্যানন্দ।

১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸
৭। শ্রীচৈতন্যদেব ।৹
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।৹
৯। বৈষ্ণবশ্রী ১৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ১৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।৹
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত তত্ত্ব ।৹
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৹
১৭। চৈতন্যোপনিষৎ ।৹
১৮। বামন-আশ্রম ।৹
১৯। অর্থবিবেক ।৹
২০। গৌড়ীয়-গৌরব ।৶৹
২১। গৌড়ীয়-গীতা ।৶৹
২২ ভজন-রহস্য ।৹
২৩। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপশতক বাঁধা। ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মূল-ভাষা ৹
২৭। পঞ্চদশ্যাঃ অপসারিতঃ (সাধ্যায়) ১৲
২৮। বেদান্তসার (সাধ্যায়) ।৹
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸৹
জীব-ধর্ম -র্ম্ম ৶৹
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶৹
৩২। গোস্বামী রঘুনাথ দাস বাঁধা) ।৹
৩৩। নবদ্বীপধাম-প্রমাণ ৷৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹
৩৫। গীতমালা ৴১৹
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগৌরাঙ্গ স্মরণমঙ্গলস্তোত্র
৪০। শরণাগতি ৶১
৪১। গীতাবলী ৴১
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা
৪৩। সাধনতত্ত্ব
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক
৪৬। অর্চ্চনপদ্ধতি
৪৭। মহাজনগীতিঃ
৪৮ [illegible] (নূতন সংস্করণ)
৪৯। অর্চ্চনকণ
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম ও ২য় খণ্ড)
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সাধ্যায়)
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ
৫৪। পুরুষার্থ-নির্ণয় ।৷
৫৫। স্তবমালা বা সাধকাভরণচন্দ্রিকা
৫৬ বাক্যসার ও ভক্তিবন্ধ ৶৷
৫৭। ঈশোপনিষৎ (ভাষাটিকা) ।
৫৮। শ্রীকৃষ্ণদেব ৶৷
৫৯। সিদ্ধান্তদর্পণ ৴৹
৬০। সাংখ্যবাণী ৴৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।৹
৬২ সিদ্ধান্ত সরস্বতী বিজিতম্ ।৹
৬৩। নৌকা-বিলাসনম্ ।৹
৬৪। তত্ত্বসূত্রম্ ।৹
৬৫। সাত্বত সিদ্ধান্তম্
৬৬। গৌড়ীয়বৈষ্ণবাভিধানম্
৬৭। সারগ্রাহিতত্ত্বম্ ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৹
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।৹
৭০। ব্রহ্মসূত্র ৴৹
৭১। বেদান্ত—ইটস মরফলজী এণ্ড অণ্টলজি ।৹
৭২। বিলেটিং ওয়ার্ক্স
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। শ্রীকৃষ্ণকীর্ত্তন
৭৫। গোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং
৭৬। দি ভাগবত
৭৭। ইভোলিউশন এণ্ড ডিক্লিনেশন অব ম্যানকাইণ্ড ৹
৭৮। ব্রহ্মসংহিতা ।৹
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।৹
৮১। সাধন-পথ ৹
৮২। কল্যাণ-কল্পতরু ১৹
৮৩। গীতাবলী ১৹
৮৪। শরণাগতি ৶৹

আসামী অক্ষরে প্রকাশিত

৮৫। শরণাগতি ৶৹

তেলেগু ভাষায় প্রকাশিত

শ্রীভাগবত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

বঙ্গের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

শ্রীভক্তিসাহিত্যে শ্রীভক্তি-বিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীভিক্ষু-সূক্তের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দর রূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তি-মাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

দ্বিতীয় স্তব ও গ্রন্থাদি এই গ্রন্থ সুন্দর স্বরূপ অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৫ বর্ষ ১০ গোবিন্দ ৪৫৪ গৌরাব্দ ১০ই ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৭, ২২শে ফেব্রুয়ারী ইং ১৯৪১, শনিবার ২১০তম সংখ্যা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১০ গোবিন্দ অব্দঃ শ্রীগৌরাব্দ ৪৫৪

শ্রীগৌড়ীয়মঠে সংকীর্ত্তন-মহোৎসব

——:: ০ ::——

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে ও পৃষ্ঠপোষকতায় ভক্তিবৃন্দের উদ্যোগে গত ১৬ই ফেব্রুয়ারী রবিবার ও তৎপরবর্ত্তী দিবস শ্রীশ্রীব্যাসপূজা ও শ্রীল ভক্তিসুধাকর প্রভুর বিরহ-মহোৎসব নিরন্তর হরিকীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে।

শ্রীশ্রীব্যাসপূজা

শ্রীশ্রীব্যাসপূজার অধিবাস-দিবস সন্ধ্যারাত্রিক-কীর্ত্তনের পর গুর্ব্বষ্টকবন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদ কীর্ত্তন হইলে ভক্তবর্গের নির্দ্দেশক্রমে শ্রীভক্তিবিলাস দাস ভক্তিশাস্ত্রী শ্রীব্যাসপূজা কাহাকে বলে, পূজার অধিকারী কে, শ্রদ্ধা, শরণাগতি ও আত্মনিবেদন এবং শ্রীগুরুপাদপদ্মের কৃপার কথা অনেকক্ষণ যাবৎ কীর্ত্তন করেন।

তৎপরদিবস ব্রাহ্মমুহূর্ত্ত হইতে শ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনি-সহকারে গুর্ব্বষ্টকবন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন হয়। তৎপরে শ্রীভক্তিবিলাস দাস ভক্তিশাস্ত্রী শ্রীগুরুপাদপদ্মে আত্মদান সম্বন্ধে অনেকক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করেন। প্রাতে ৬ ঘটিকার সময় কীর্ত্তনমুখে শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিক সম্পন্ন হইলে পর ভক্তগণ সংকীর্ত্তনমুখে শ্রীমন্দির পরিক্রমা করেন। শ্রীসারস্বত-শ্রবণ-সদনে পূর্ব্ব হইতে শ্রীশ্রীল প্রভুপাদ, শ্রীশ্রীল গৌরকিশোর প্রভু, শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ও শ্রীশ্রীল আচার্য্যদেবের আলেখ্যার্চ্চা বিবিধ কারুকার্য্যখচিত সিংহাসনে সুগন্ধি পুষ্পমাল্য দ্বারা সুসজ্জিত করা হয়। বেলা ৭ ঘটিকা হইতে ১২ ঘটিকা পর্য্যন্ত শ্রীপাদ নবগোপাল ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ নবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ কবিভূষণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রমুখ ভক্তগণ শ্রীল প্রভুপাদের হরিকথা, পত্রাবলী ও অন্যান্য গ্রন্থ হইতে হরিকথা আলোচনা করেন। মধ্যে মধ্যে কীর্ত্তন হয়। মধ্যাহ্নে ভোগারাত্রিক-কীর্ত্তনান্তে সমাগত ভক্তগণকে মহাপ্রসাদ প্রদান করা হয়।

অপরাহ্ণ ৩ ঘটিকা হইতে ৫॥ ঘটিকা পর্য্যন্ত পুনরায় নাটমন্দিরে শ্রীশ্রীব্যাসপূজা-সংখ্যা গৌড়ীয় ও নদীয়া-প্রকাশ পাঠ ও ব্যাখ্যা হয়। অনন্তর সন্ধ্যারাত্রিক কীর্ত্তনের পর গুর্ব্বষ্টকবন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী শ্রীল প্রভুপাদের জগদ্‌গুরুত্ব, তাঁহার অসমোর্দ্ধ-বৈশিষ্ট্য ও করুণাময়ত্ব, জগতের প্রতি তাঁহার মহাদান ও পরদুঃখদুঃখিতা, তাঁহার অবতারত্ব ও গৌরকৃষ্ণ-শ্রেষ্ঠত্বের কথা প্রায় দেড় ঘণ্টাকাল আলোচনা করেন। পাঠের পর মহাজন-পদাবলী কীর্ত্তন হইলে শ্রীবিগ্রহের সন্ধ্যারাত্রিক কীর্ত্তনান্তে সমাগত প্রায় ৩০০ শত ব্যক্তিকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়।

শ্রীল ভক্তিসুধাকর প্রভুর বিরহ-মহোৎসব

গত ১৭ই ফেব্রুয়ারী, সোমবার পরমপূজ্যপাদ শ্রীল ভক্তিসুধাকর প্রভুর বিরহ-উৎসব-দিবস ব্রাহ্মমুহূর্ত্তে শ্রীশ্রীগুর্ব্বষ্টকবন্দনা, পঞ্চতত্ত্ব ও মহাজন-পদাবলী কীর্ত্তনের পর শ্রীপাদ নবগোপাল ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীল ভক্তিসুধাকর প্রভুর আদর্শচরিত্র, শ্রীগুরুপাদপদ্মে ঐকান্তিকতা ও নিষ্ঠার কথা প্রায় ১॥ ঘণ্টাকাল কীর্ত্তন করেন। তৎপরে শ্রীমঠে প্রশ্নোত্তরমুখেও অনেকক্ষণ যাবৎ হরিকথা আলোচিত হয়। মধ্যাহ্নে শ্রীপাদ নবকিশোর ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ কবিভূষণ ব্রহ্মচারী, শ্রীপাদ [illegible] প্রমুখ ভক্তগণ পাঠকীর্ত্তনমুখে শ্রীল ভক্তিসুধাকর প্রভুর গুণমহিমা কীর্ত্তন করেন। নাটমন্দিরে গুরুবর্গের আলেখ্যের সহিত শ্রীল ভক্তিসুধাকর প্রভুর আলেখ্য সুগন্ধি পুষ্পমাল্যের দ্বারা সুসজ্জিত করা হয়।

সন্ধ্যারাত্রিকের পর গুর্ব্বষ্টকবন্দনান্তে শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী শ্রীকৃষ্ণচৈতন্য-ভগবানের কৃপাভিক্ষা করিয়া শ্রীল ভক্তিসুধাকর প্রভুর গুরুসেবাপরতা, অলৌকিক শরণাগতি, কায়মনোবাক্যে সর্ব্বস্ব দিয়া শ্রীগুরুগৌরাঙ্গের সেবা, তাঁহার সেবানন্দ আদর্শ, দৃঢ়তা ও নির্ভীকতা, শ্রীগুরুপাদপদ্মে তাঁহার অকৃত্রিম সহজ আত্মনিবেদন ও অন্যান্য অপ্রাকৃত গুণের কথা বহুক্ষণ যাবৎ কীর্ত্তন করেন। তৎপরে মহাজন-পদাবলী কীর্ত্তন হইলে সমাগত বহু ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। বিভিন্ন স্থান হইতে বহু গৃহস্থভক্ত ও সজ্জন ব্যক্তি উৎসবে যোগদান করিয়াছিলেন।

উৎসবোপলক্ষে শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ কবিভূষণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী পুরুষোত্তমদাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রমুখ ভক্তবৃন্দের সেবাচেষ্টা প্রশংসার্হ।

শ্রীল সাগর মহারাজের হরিকথার মর্ম্ম

(৩)

যদি এরূপ দেখা যায় যে, কোন ব্যক্তি হরিকথার প্রতি শ্রদ্ধাবিশিষ্ট হইল না, হরিকথা শ্রবণ করিল না বা কোন ব্যক্তি শ্রীগোবর্দ্ধনে বা তৎসমকক্ষ বস্তুতে নিষ্ঠামাত্র অর্থাৎ না দিয়েই পোষণ করে, তাহা হইলে তাহারা কোন দ্রব্য দিলেও গ্রহণ করিতে হইবে [illegible] তাহাদের সঙ্গ সর্ব্বতোভাবে বর্জ্জন করিয়া চলিতে হইবে। আবার যে এক মুষ্টি দিল, তাহাকে খুব প্রশংসাদি করিয়া সেই এক মুষ্টিতে সন্তুষ্ট থাকিলে বা তাহাকে সন্তুষ্ট রাখিলে হইবে না। যাহাতে তাহার সেবা প্রবৃত্তি দিন দিন বৃদ্ধিপ্রাপ্ত হয়, তজ্জন্য চেষ্টা করিতে হইবে। তাহাকে বুঝাইতে হইবে যে সর্ব্বস্ব-সমর্পণই প্রকৃত সেবা। সর্ব্বস্ব দিবার প্রবৃত্তি না থাকিলে সেবা হয় না। মোট কথা, যাহাতে সকলের প্রকৃত মঙ্গল হয়, সেই দিকে লক্ষ্য রাখা দরকার। কিন্তু লাভের প্রত্যাশায় বা উদরপূরণ যাহাতে সম্পাদন হয়, সেই দিকে লক্ষ্য রাখিতে গিয়া কাহাকেও বঞ্চনা করিতে বা প্রকৃত শ্রীকৃষ্ণপথভ্রষ্ট হইতে হইবে না।

কি করিলে শ্রীগুরুবৈষ্ণবের প্রীতি লাভ হয়, সে দিকে তীব্র দৃষ্টি রাখা দরকার। শ্রীগুরুবৈষ্ণবকে কেবল সেবা দ্বারা—ভাল ভাল দ্রব্য দিয়া সুখী করা যায়, এরূপ কিছু ধারণা নহে। খুব আহারী করিয়া বৈরাগ্য দেখাইলেই যে তাঁহারা সন্তুষ্ট হইবেন, তাহা নহে। তাঁহারা চান যে, কেবল যদি কঠোর

বৈরাগ্যের সহিত দিনযাপন করে, না খাইয়া দেহপাত করে, তথাপি তাঁহারা তাহার প্রতি ফিরিয়াও তাকাইবেন না। আমাদের কৃচ্ছ্রতার বাহাদুরী দেখিয়া যে তাঁহারা আমাদের প্রতি প্রসন্ন হইবেন, তাহা নহে; বরং ঐরূপ বৈরাগ্যচেষ্টা দেখিয়া তাঁহারা আমাদের প্রতি আরও ঔদাসীন্য অবলম্বন করিবেন, নিরপেক্ষ হইয়া থাকিবেন। কেবল শরণাগতি, দৈন্য, আর্ত্তি ও বিজ্ঞপ্তি—ইহা ছাড়া আর কোন উপায় নাই। সর্ব্বক্ষণ কাঁদিয়া কাঁদিয়া জানাইতে হইবে—"আমার মত পতিত অধম আর নাই; আমি আমার দেহ মনকে দমন করিতে পারিলাম না। অনেক চেষ্টা করিয়া দেখিয়াছি, উহা আমার দ্বারা হইল না। আমার শ্রীনামে, শ্রীবৈষ্ণবে, শ্রীগুরুদেবে, শ্রীধামে রতি হয় নাই। আমার অনন্ত দোষের কথা আর কি বলিব, বলিতেও লজ্জা হয়; আর সে সকলই ত' তুমি জান। আমার দোষগুণ দেখিয়া ন্যায় করিবে? সে চেষ্টায় লাভ কি? দোষ দেখিতে গেলে দোষের কি অন্ত পাইবে? আমি নিষ্কপটে, মুক্তকণ্ঠে স্বীকার করিতেছি—আমার কোন গুণ নাই, কোন যোগ্যতাও নাই। তথাপি আমাকে দয়া করিতেই হইবে, শ্রীপাদপদ্মে স্থান দিতেই হইবে। এ জন্মে না হউক, পরজন্মে, শত জন্ম পরেও আমাকে দয়া করিতে হইবে, তাহা না হইলে আমি ছাড়িব না। দয়া করিতেই যখন আসিয়াছ, উদ্ধার করিতেই যখন আসিয়াছ, তখন দয়া করিবে না কেন? যোগ্যতা নাই বলিয়া দয়া হইল না—ইহা কে কোথায় শুনিয়াছে বা দেখিয়াছে? তুমি কি কেবল যাহারা নিষ্কপট, যাহারা সত্য সত্যই ভজন চাহে, যাহারা সাধন-তৎপর তাহাদিগকেই দয়া করিবে? আর যে অত্যন্ত অপরাধী, পতিত, পাষণ্ডী, সাধনভজনবিহীন, তাহাকে দয়া করিবে না? তাহার তাহা হইলে কি গতি হইবে? সে কাহার আশ্রয় লইবে, তুমিই বলিয়া দাও। আমাকে নিষ্কপট হইবার পরামর্শ দিতেছ। নিগূঢ়ভাবে সাধন করিতে উপদেশ দিতেছ। কিন্তু আমি ত' তাহা পারি না। আমি শত শত বার প্রতিজ্ঞা করিয়াছি—আজ হইতে ভাল হইব, শত শত বার সে প্রতিজ্ঞা আমার ব্যর্থ হইয়াছে, শত শত সাধন করিতে মন করিয়াছি, তাহা সফল হয় নাই, শত শত বার নাকে হাত দিয়া নিষ্কপট হইবার, আনুগত্য করিবার, দম্ভ, আত্মপ্রতিষ্ঠা প্রভৃতি সহস্র সহস্র দোষ পরিহার করিবার সঙ্কল্প পাঠ করিয়াছি; কিন্তু সে সঙ্কল্প থাকে নাই; কাজেই আমার পক্ষে সে সব চেষ্টা বৃথা। আমি স্পষ্টই বলিতেছি, আমার দিক্ দিয়া কোন কিছু হইবার আশা নাই; কিন্তু তাহা হইলেও আমাকে বাদ দিলে হইবে না, তাহাও বলিয়া রাখিতেছি। আমাকে উদ্ধার করিলে ত' তোমার কিছু ক্ষতি হইবে না, তবে করিবে না কেন? আমি ত' তোমার শত্রু নই, আমি তোমারই দাস, কি এমন ক্ষতি তোমার করিয়াছি যে, আমাকে উপেক্ষা করিবে? আমি কোন কথা শুনিব না, আমাকে দয়া না করিলে ছাড়াছাড়ি নাই।" এই প্রকার খুব দৃঢ় হইয়া লাগিয়া থাকিলে, দয়াল ঠাকুর কতদিন চুপ করিয়া থাকিতে পারেন? ভিখারীদের দেখেন নাই? গৃহস্থ তাহাদের তিরস্কার করে, ভয় দেখায়, খাটিয়া খাইবার উপদেশ দেয়—কিন্তু তাহারা ঠিক আছে। যে শেষ পর্য্যন্ত টিকিয়া থাকে, তাহাকে গৃহস্থ আর কিছু না দিয়া পারে না। তেমনই আমরাও শেষ পর্য্যন্ত জেদ ধরিয়া থাকিতে পারিলে শ্রীভগবান্ একবিন্দু করুণা ভিক্ষা দিয়া দিবেন। যোগ্যতা নাই বলিয়া হতাশ হইয়া পড়িতে নাই। ভিখারীর কি যোগ্যতা থাকে না কি? কিন্তু তাহারা ত' সেজন্য যায় না। 'করুণা না পাইলে ছাড়িব না' এই বলিয়া সত্যাগ্রহ করিয়া জেদ ধরিয়া বসিয়া থাকিতে হয়, তাহা হইলেই কৃপা পাওয়া যায়।

শ্রীগুরুবর্গের চিত্তবৃত্তি অনুসরণ করিবার জন্য লোভী হওয়া দরকার। শ্রীগুরুবর্গ শ্রীরূপের অভিন্নবিগ্রহ। উজ্জ্বল রস—যাহার একচেটিয়া ভাণ্ডারী শ্রীরূপপ্রভু, সেই রস আস্বাদন ও বিতরণের মালিক একমাত্র স্বরূপাভিন্ন শ্রীরূপগণ। শ্রীগুরুপাদপদ্ম হইতে সেই সুগুপ্ত মহাধনের এক কণিকা লাভই তাঁহার আশ্রিতের একমাত্র আশা। শ্রীগুরুদেব যেভাবে শ্রীরাধাগোবিন্দের সেবা করেন, সেইভাবে লোভ হওয়া চাই। সেই সেবার কাঙ্গাল হওয়া চাই। কেবল কতকগুলি বিধি-নিষেধ লইয়া সন্তুষ্ট থাকিলে হইবে না। অনর্থযুক্ত অবস্থায় বিধির প্রয়োজনীয়তা ও উপকারিতা আছে বটে, কিন্তু কেবল বিধিই চরমকথা নয়। দেখিবেন বিধির প্রতি অত্যাসক্তি যেন শ্রীরূপাভিন্নবিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের অন্তরঙ্গ-সেবালাভের পক্ষে অন্তরায় হইয়া না দাঁড়ায়। আমাদের কত বড় সৌভাগ্য যে, আমরা শ্রীরূপের শ্রীপাদপদ্মতটে আসিয়া উপনীত হইয়াছি। আমরা বুঝি আর না বুঝি, জানি আর না জানি, আমাদের শ্রীগুরুপাদপদ্ম ত' শ্রীরূপ ব্যতীত অপর কেহ নহেন। সেই শ্রীরূপের কৃপায় শ্রীরূপের প্রাণেশ্বর, শ্রীরূপের শ্রীরাধা-গোবিন্দের সেবা লাভ করা দরকার। জড়দর্শন ও তটস্থদর্শন দূর হইয়া সর্ব্বদা স্বরূপ ও অন্তরঙ্গশক্তি স্বরূপের যে রূপ—রূপ আশ্রয়বিগ্রহ শ্রীস্বরূপ গোস্বামী প্রভুর অভিন্নস্বরূপ যে শ্রীরূপ গোস্বামী প্রভু, তাঁহারই বৈভব অর্থাৎ বৈষ্ণবদর্শন সর্ব্বদা হওয়া দরকার। শ্রীরূপ শ্রীগৌরসুন্দরের প্রিয়স্বরূপ, দয়িতস্বরূপ; তিনি শ্রীগৌরসুন্দরেরই রূপ। শ্রীগৌরসুন্দরের রূপ বিস্তৃত, তাঁহার বৈভব দর্শন হইলেই আমাদের জড়দর্শন ও তটস্থদর্শন দূর হইবে।

দীনের অঞ্জলি

(প্রাপ্ত)

আজ জগদ্গুরু কৃপাময় শ্রীশ্রীল প্রভুপাদের আবির্ভাব-তিথি। জগদ্গুরু আচার্য্যবর্গের প্রকটতিথি নিত্য স্মরণীয়, বন্দনীয়। মহাজনগণ এই তিথিকে সুমেধ-তিথি বলিয়াছেন। এই শুভবন্দ্য তিথিবরের প্রকৃত বন্দনা অকপটে করিলে অনর্থগ্রস্ত জীবের অনর্থ বিদূরিত হইয়া অর্থপ্রবৃত্তি হয়, চেতনতা লাভ হয়, প্রয়োজনলাভে আসক্তিশীলতা উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হয়। অনর্থগ্রস্ত, অচেতন, হতভাগ্য জীবকুলকে কৃপা করিবার জন্যই এই শুভবন্দ্যতিথি বৎসরান্তে জগতে উদিত হয়; কিন্তু কয়টি জীব-জন্তু এই তিথিবরের কৃপালাভের জন্য ব্যাকুল হয়।

"বৈষ্ণবের গুণগান করিলে জীবের ত্রাণ, শুনিয়াছি সাধুগুরুমুখে"—এই মহাজনবাণীর দোহাই দিয়া, অন্তরে অন্তরে প্রতিষ্ঠালাভের আকাঙ্ক্ষা গোপন আবরণে রাখিয়া, শ্রীব্যাসপূজাবাসরে শ্রীব্যাসাভিন্ন শ্রীল প্রভুপাদের বন্দনা করিবার যে হীন প্রয়াস, তাহা শ্রীল প্রভুপাদপদ্মে পৌঁছায় না। তাহা গতানুগতিক নিয়মরক্ষা বা প্রতিষ্ঠাকাঙ্ক্ষার নিজেন্দ্রিয়ের পরিতৃপ্তি। যেখানে কপটতা নিজের প্রাপ্য, সেখানে সেবার কোন কথা নাই, পরন্তু পরিপূর্ণ ভোগের কথাই আছে। সেব্যের প্রীতিবিধানচেষ্টাই সেবা বা পূজা। বৈষ্ণবের গুণগানের অনধিকারী—দাম্ভিক। দাম্ভিকের কোন পূজা শ্রীল প্রভুপাদ স্বীকার করেন না, ইহাই সাধুমুখে শ্রবণ করিয়াছি।

শ্রীল প্রভুপাদের শুভবন্দনবিধায়িনী শিক্ষালাভ করিয়া যিনি বা যাঁহারা প্রেমকে বরণ করিতে পারিয়াছেন, তাঁহাদের হৃদয়ে শ্রীল প্রভুপাদের অনন্ত গুণাবলী সর্ব্বক্ষণ বিরাজমান থাকিয়া তাঁহাদিগকে শ্রীল প্রভুপাদপদ্মে নিরন্তর অধিকতর আকৃষ্ট করিতেছে। কেবলমাত্র আবির্ভাব-তিথিতে নয়, সর্ব্বক্ষণ—প্রতিমুহূর্ত্তে তাঁহারা শ্রীল প্রভুপাদের রূপ, গুণ ও লীলা-বৈশিষ্ট্যের কীর্ত্তন করিয়া শ্রীল প্রভুপাদের প্রীতিবিধান করিতেছেন। শ্রীল প্রভুপাদের আবির্ভাব-তিথিপূজার যোগ্য উপাদান তাঁহারাই আহরণ করিয়াছেন। নিখিল সকল অচেতন সত্তার উপেক্ষা করিয়া ঐরূপ একটি চেতন প্রাণদ্বারাই শ্রীল প্রভুপাদের প্রকৃত পূজা হইয়া থাকে। প্রাণের সহিত, চেতনের সহিতই শ্রীল প্রভুপাদ যোগযুক্ত। যেখানে প্রাণ নাই বা চেতন নাই, সেখানে আছে কেবল বাহ্য অনুষ্ঠানের আড়ম্বরমাত্র। শ্রীল প্রভুপাদ তাঁহার বাণীতে জানাইয়াছেন—"প্রাণ আছে যাঁর সেহেতু প্রচার, প্রতিষ্ঠাশাহীন কৃষ্ণগাথা সব"। এখানেও জানা যায়,—যিনি প্রাণ বা চেতনে উদ্বুদ্ধ, তিনিই প্রকৃত শ্রীহরিগুরুবৈষ্ণবের রূপ, গুণ, লীলা ও পরিকরবৈশিষ্ট্যের কীর্ত্তনকারী। তাঁহার বন্দনাগীতিই শ্রীল প্রভুপাদপদ্মের নিকট পৌঁছায়। তিনিই অধিকার এই শ্রীব্যাসপূজাবাসরে শ্রীল প্রভুপাদের পূজা করিবার অধিকারী। তাঁহাদের বন্দনাগীতি কষ্টকল্পনা নয়, সেই গীতিকীর্ত্তনে জোর করিয়া আকাশ-পাতাল আলোড়ন করিতে হয় না, সেব্যের প্রীতিবিধানের জন্য সেবকের অন্তরের অন্তস্তল হইতে অবিশ্রান্ত তৈলধারার ন্যায় নিরন্তর সেই বন্দনাগীতি কীর্ত্তিত হইতেছে। নিত্যকাল ইহা বর্ত্তমান এবং ক্রমবর্দ্ধনশীল, কালচক্র এই গীতি থামাইতে পারে না।

গৌড়ীয়ের বাণীতে আমরা জানিতে পারিয়াছি—"শ্রী রূ পা ভি ন্ন বি গ্র হ শ্রীশ্রীল প্রভুপাদ প্রাকৃত ঐশ্বর্য্য, সৌন্দর্য্য, পাণ্ডিত্য বা আভিজাত্যের বাস্তবতা তাঁহার অন্তরঙ্গ অনুগামিগণকে দান করেন নাই। শ্রীল প্রভুপাদ নিষ্কিঞ্চন-শিরোমণি শ্রীল গৌরকিশোর প্রভুর শিষ্য ও অন্তরঙ্গ শ্রীল গৌরকিশোর মহাপ্রভুর শ্রেষ্ঠ নিজজন। শ্রীরূপের শ্রীপাদপদ্মের ধূলি শ্রীভক্তিবিনোদ-পদরজঃ হৃদিস্থ নিজগণকে বিতরণের জন্যই তাঁহার কৃপাবতার। ধূলিরই জীবের জীবত্ব বা স্বরূপ। তিনি জীবকে জীবত্ব বা জীবন দান করিয়াছেন—স্বরূপ দান করিয়াছেন অর্থাৎ স্বরূপে প্রকাশিত করিয়াছেন।" শ্রীল প্রভুপাদ জীবের প্রাণ বা জীবন দান করিবার জন্যই এই তিথিতে প্রপঞ্চে অবতীর্ণ হইয়াছিলেন। যিনি পার্থিব কোন বিত্ত বা দত্ত দান করেন নাই, যিনি জীবের শবত্ব দূর করিয়া জীবত্ব বা অপ্রাকৃত তত্ত্ব প্রকাশিত করিয়াছেন, যাঁহার অনন্ত গুণাবলী শুকদেব অনন্তমুখে কীর্ত্তন করিয়াও সীমা পান না,—সঙ্কল্প-বিকল্পাত্মক মনোধর্ম্মী জীব তাহার অহঙ্কৃতিপুষ্ট ইন্দ্রিয়জ্ঞান দ্বারা কতটুকু তাঁহার মহিমা কীর্ত্তন করিতে পারিবে। অচেতনের দ্বারা চেতনের সেবা হয় না—বিজাতীয় বা বিপরীত-ভাব-পুষ্টিতে চেতনের উপলব্ধি হয় না। সুতরাং সেই প্রাণহীন উপাদান শ্রীল প্রভুপাদ গ্রহণ করিবেন, দাম্ভিকের চিত্তে এ কথা স্থান লাভ করিলেও সজ্জনগণ ইহার মূল্য দেন না।

শ্রীল প্রভুপাদ শ্রীগৌরকরুণাশক্তি, তিনি অকরুণ নহেন। যোগ্যকে তিনি যেমন গ্রহণ করিয়াছেন, অযোগ্যকেও সেই প্রকার তাঁহার কোটিচন্দ্র-সুশীতল শ্রীপাদপদ্মতলে স্থান দান করিতে কৃপণতা করেন নাই। "প্রেমে মত্ত নিত্যানন্দ কৃপা-অবতার। উত্তম অধম কিছু না করে বিচার"। ইহাই তাঁহার মহা-বদান্যলীলা। "যে যত পতিত হয় তব দয়া তত তায়" এই বাণীর মূর্ত্তবিগ্রহ শ্রীল প্রভুপাদ। সর্ব্বতোভাবে অযোগ্য ব্যক্তিও যদি নিষ্কপট হয়—যদি সর্ব্বান্তঃকরণে কৃপাপ্রার্থী হয়, তবে তাহাকে তিনি কৃপা করেন। ইহা অভিজ্ঞাত সত্য, যিনি শ্রীল প্রভুপাদের কৃপার এক বিন্দু কণাও

ভর্তা কর্তা রক্ষিতা সবার নারায়ণ। নিঃসন্দেহে ভজ গিয়া তাঁহার চরণ॥

অকপটে প্রার্থনা করিয়াছেন—তিনি জানেন ইহা বাস্তবসত্য। মাদৃশ কৃপা শোচ্যতম জীবের প্রতিও তাঁহার অহৈতুকী অপার করুণা শতধারে বর্ষিত হইয়াছে। কিন্তু মন্দভাগ্য অভক্তের চরণে অপরাধের ফলস্বরূপ আমি এমনই দুর্দৈবগ্রস্ত যে পরিপূর্ণ করুণাসিন্ধু শ্রীপাদপদ্মতলে থাকিয়াও আমি শুষ্কাই রহিয়া গেলাম, একবিন্দু কৃপাগ্রহণ করিলাম না। অকপট কৃপাকাঙ্ক্ষু হইলে কৃপা পাওয়া যায়, এই আশাবদ্ধ হৃদয়ে ধারণ করিয়া এই পরমপবিত্রা ভক্তি-স্বরূপিণী তিথিতে শ্রীল প্রভুপাদের অভিন্নবিগ্রহ নিত্যাভীষ্ট শ্রীশ্রীল আচার্য্য-পাদপদ্মে ইহাই পুনঃ পুনঃ প্রার্থনা জানাই-তেছি—অকপট হওয়ার জন্য আমি যেন অভিলাষাবিশিষ্ট হইতে পারি। জন্ম-জন্মান্তর কাটিয়া যায় যাউক্ তথাপি দম্ভ-দৈত্যের হাত হইতে নিষ্কৃতি লাভ করিয়া অকপটচিত্তে যেন শ্রীগুরুপাদপদ্মে আশ্রয় গ্রহণ বা শরণাগত হইতে পারি।

গুরুদেব,! আমি ত' তোমার জন।
তোমারে ছাড়িয়া সংসার ভজিয়
ভুলিয়া আপন ধন।
গুরুদেব! আমার উপায় নাই।
তুমি কৃপা করি' আমারে লইলে
সংসারে উদ্ধার পাই।

শ্রীশ্রীব্যাসপূজা

(প্রাপ্ত)

অচৈতন্যবাণী-মুখর ভুবনে
বিলাতে চেতনশীতি,
করুণা করিয়া আসে বার বার
শ্রীব্যাসপূজন-তিথি।
অনুভূতিহীন কঠিন পাষাণে
জাগে না স্পন্দ না সাড়া।
(তবু) শবের সমাজে সেবা সঞ্জীবনী
বিতরিছে ব্যাসধারা॥
জয় শ্রীআচার্য্যদেব প্রিয় পরিকর,
জয় জয় সেবাব্রত চরিত সুন্দর।
গৌড়ীয়গগনরবি, ব্যাসপূজা-নিষ্ঠ,
জয় জয় শ্রীআচার্য্য প্রভুপাদ-শ্রেষ্ঠ।
ব্যাসপূজা-রীতি যিনি সবে শিখাইয়া,
ভূলোকে গোলোক-বার্ত্তা দিলেন আনিয়া।
জয় জয় বৃন্দাদেবী, তুলসী মহারাণী,
কৃষ্ণভক্তিপ্রদায়িনী বান্ধব-তোষিণী।
জয় জয় গৌরবাণী পতিতপাবন,
জয়তু পাবনী লীলা অতি অনুপম।
অভিন্ন শ্রীনিত্যানন্দ করুণার সিন্ধু!
এ পতিতে বরিষণ কর কৃপাবিন্দু।
সাক্ষাৎ বৈরাগ্যমূর্ত্তি শ্রীগৌরকিশোর,
নিত্য তব স্মরণানে চিত্ত হউ ভোর।
ভাগবতভক্তিজীবন, প্রচার-প্রমোদ,
জয় জয় জয় জয় ভকতিবিনোদ।
জয় শ্রীসাহিত্যরাজি, মুনিগণজন,
যাঁ'দের করুণা-বলে ভক্তি'লাভ হয়।
জয় বৈষ্ণবসার্ব্বভৌম জগন্নাথ প্রভু,
তোমাদের কৃপা বিনা গতি নাই কভু।
জয় জয় কল্দেব, জয় বিশ্বনাথ,
জয় ঠাকুর নরোত্তম, কৃষ্ণদাস-নাথ।
জয় জীব-রঘুনাথ রূপঅনুগজন,
জয় জয় শ্রীগোস্বামী রূপ-সনাতন।
জয় জয় গৌরপ্রেষ্ঠ স্বরূপ-দামোদর,
কৃষ্ণভক্তিসিদ্ধান্তের পরীক্ষকবর।
জয় স্বরূপ-রূপানুগ ভাগবতগণ,
সবে মিলি সেবা-ধন কর বিতরণ।
গুরুকৃপাবলে পাই হরি-সেবা-ধন,
শ্রীকৃষ্ণচৈতন্য দিতে তাঁ'র আগমন।
জয় পঞ্চতত্ত্বময় শ্রীগৌরসুন্দর,
জয় আর যত সব নিত্য পরিকর।
জয় নামাচার্য্যবর ঠাকুর হরিদাস,
নাম-নিষ্ঠা শিক্ষা দিতে যাঁহার প্রকাশ।
জয় নবদ্বীপবাসী ভকতসমাজ,
ব্যাসতিথি আরাধিতে আসি যেহ' আজ।
জয় জয় জয় বৃদ্ধ বৈষ্ণব মহাচার্য্য,
জয় জয় জয় জয় ব্যাসগুরুবর্য্য।
জয় শ্রীজাহ্নবা মা, সীতা-ঠাকুরাণী;
জয় জয় শুভচিত্তা দেবী শ্রীমালিনী।
জয় জয় ব্রতবতী গৌরাঙ্গ-সেবিকা,
জয় শ্রীমাধবীদেবী গৌর আরাধিকা।
জয় শ্রীআচার্য্যকন্যা দেবী হেমলতা,
হু..বিদি..য়ে ও -বৈষ্ণবতা।
জয় কীর্ত্তনরাসস্থলী শ্রীবাস-অঙ্গন,
যথা কৃষ্ণ কৈলা সুখে কীর্ত্তন-নর্ত্তন,
নিত্য যথা গৌরাঙ্গের নর্ত্তন-কীর্ত্তন।
জয় জয় প্রেমময় আচার্য্য আলয়,
নিত্য যথা গৌরহরির প্রেমসেবা হয়।
জয় জয় অন্যথা শ্রীচৈতন্য-মঠ,
যেখানে আশ্রয় লয় সেবা-অকপট।
শ্রীবাসের ভ্রাতৃকন্যা জয় নারায়ণী,
ব্যাসাভিন্ন বৃন্দাবন দাসের জননী।
জয় বিষ্ণুপ্রিয়াদেবী ভক্তিস্বরূপিণী,
গৌরনারায়ণ শক্তী,—নিত্য বিরহিণী
কৃষ্ণভক্তিশিক্ষবিধি! কর গো করুণা,
তোমার চিত্তপুরে জাগায়ে চেতনা।
জয় জয় যত সব বৈষ্ণব-গৃহিণী,
সেবাকার্য্যে ভর্ত্তার সহধর্মিণী।
জয় জয় সেবাপ্রাণা বাঠীর জননী,
গৌরসেবাবিষয়ে যিনি সাক্ষাৎ জননি।
জয় নীলাচল-ধাম, করুণা-সাগর,
যথা অবতীর্ণ গৌরবাণী প্রভুবর।
জয় জয় গৌরধাম যোগ-মায়াপুর,
অশেষ করুণা যার, উদার মধুর।
জয় জয় সুরধুনী হরি-পাদোদ্ভূতা,
ব্রহ্মদ্রবস্বরূপময়ী নিত্যপ্রবাহিতা।
জয় জয় শ্রীমথুরা, জয় মহাবন,
জয় জয় শ্রীমথুরা জয় বৃন্দাবন।
জয় জয় শ্রীব্রজের প্রতি লীলাস্থলী,
রাধাকুণ্ড, গোবর্দ্ধন, জয় রাসস্থলী।
জয় গৌরব্রজবনের অপ্রাকৃত ধূলি,
জয় জয় সে ধেনুতে, যাঁরা সেবা-বলী।
যেখানে যতেক আছে, বিষ্ণু-বৈষ্ণবভক্ত,
তাঁ, সবার পদে যেন হই অনুরক্ত।
বামন হইয়া চাঁদ ধরিবারে যাই,
শক্তি নাই, তবু যশ গাহিবারে চাই।
মূকের প্রয়াস যেন বাণী উচ্চারিতে,
সেই মত চেষ্টা মোর, জয়ধ্বনি দিতে।
অশেষ পাতকে মগ্ন এ পতিত জন,
শ্রীগুরু-করুণা-রসে না ডুবিল মন।
ব্যাস-আরাধন দিনে আজি বার বার,
ব্যাস-কৃপা-প্রবাহেরে কার নমস্কার।
জয় জয় প্রভুপাদ করুণাসাগর!
শ্রীচরণ-রেণুদানে তার' এ পামর।
অসীম করুণা-লীলা না বুঝিয়া হায়,
মায়াবশে চিত্ত মোর বিপথেতে ধায়।
জয় জয় গুরুদেব! আনন্দ-মূরতি,
একবিন্দু ভক্তিদানে ঘুচাও দুর্গতি।
জয় জয় কৃষ্ণসেবার উপচার যত,
অপ্রাকৃত বুদ্ধ্যে যেন তা'তে হই রত।

সাময়িক-প্রসঙ্গ

শ্রীসচ্চিদানন্দমঠে শ্রীনিত্যানন্দাবির্ভাব-মহোৎসব

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে কটক শ্রীসচ্চিদানন্দমঠের সেবকগণ কর্ত্তৃক শ্রীভৈমী-একাদশী, শ্রীবরাহ-দ্বাদশী ও শ্রীমন্নিত্যানন্দাবির্ভাব ত্রয়োদশী তিথিত্রয় উপবাস ও কীর্ত্তনমুখে সুচারুরূপে প্রতি-পালিত হইয়াছে

গত ২৬শে মাঘ শ্রীভৈমী-একাদশী তিথিতে ত্রিসন্ধ্যায় শ্রীবিগ্রহের আরতি-কীর্ত্তন, শ্রীগুর্ব্বৈষ্ণববন্দনা, মহাজনপদাবলী কীর্ত্তন, প্রাতে শ্রীচৈতন্যভাগবত, মধ্যাহ্নে ইষ্টগোষ্ঠী ও সন্ধ্যায় শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা হয়।

গত ২৭শে মাঘ শ্রীবরাহদ্বাদশী তিথিতে প্রাতে,মধ্যাহ্নে ও সন্ধ্যায় শ্রীবিগ্রহের আরতি কীর্ত্তন, গুরুবন্দনা, পঞ্চতত্ত্ব, দশাবতারস্তোত্র, মহাজনপদাবলী কীর্ত্তন ও শ্রীমদ্ভাগবত হইতে শ্রীবরাহদেবের আবির্ভাব ও লীলা-বিষয়ক আলোচনামুখে উক্ত তিথি পালন করা হ।

গত ২৮শে মাঘ শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাব-তিথিতে ব্রাহ্মমুহূর্ত্তে মঙ্গলারাত্রিকান্তে পাঠকীর্ত্তন ও শ্রীমন্দির পরিক্রমা হয়। তৎপরে শ্রীচৈতন্যভাগবত সমস্ত দিনব্যাপী পারায়ণ হইয়া থাকে। সন্ধ্যারাত্রিকের পর শ্রীগুরুবন্দনা, পঞ্চতত্ত্ব, 'নিতাই গুণমণি আমার', 'নিতাইপদ কমল' প্রভৃতি গীতি কীর্ত্তন ও শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীনিত্যানন্দপ্রভুর আবির্ভাব সম্বন্ধে আলোচনা ও মহামন্ত্রাদি কীর্ত্তন হইয়া থাকে।

পরদিবস সন্ধ্যারাত্রিকের পর নাট্য-মন্দিরে একটী মহতী সভার অধিবেশন হয়। সভায় শ্রীশ্রীমন্নিত্যানন্দপ্রভুর তত্ত্ব ও মহিমা সম্বন্ধে আলোচনা হয়। সভা-ভঙ্গের পর সমবেত সকলকে শ্রীমহাপ্রসাদ বিতরণ করা হয়।

পুরীতে প্রচার

গত ৮ই ফেব্রুয়ারী শ্রীপুরুষোত্তমমঠের সেবক শ্রীপাদ গৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু বালেশ্বরের অন্তর্গত চোলসাহির মন্দিরে শ্রীযুক্ত মন্মথনাথ প্রধান মহোদয়ের সহিত প্রায় ১ ঘণ্টাকাল ইংরাজীতে শ্রীগৌড়ীয়মঠের প্রচার্য্য-বিষয় সম্বন্ধে আলোচনা করেন।

গত ৯ই ফেব্রুয়ারী তারিখে ভক্তি-শাস্ত্রীজী কলিকাতা-নিবাসী শ্রীযুক্ত শান্তি-প্রসাদ ঘোষ ব্যারিষ্টার মহোদয়ের সাদর আহ্বানে তদীয় বাসভবনে গমন করতঃ শ্রীমদ্ভাগবত হইতে নারদমুনি কর্ত্তৃক শ্রীভগবানের স্তব পাঠ ও ব্যাখ্যা করেন। সভায় বহু শ্রোতার সমাবেশ হইয়াছিল।

গত ৯ই ফেব্রুয়ারী রাত্রি ৭ ঘটিকা হইতে ৯ ঘটিকা পর্য্যন্ত ভক্তিশাস্ত্রীজী শ্রীযুক্ত দীনবন্ধু পট্টনায়ক হেডক্লার্ক মহোদয়ের গৃহে শ্রীমদ্ভাগবত হইতে প্রহ্লাদ মহারাজের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হয়। শ্রোতৃবৃন্দের আগ্রহে শ্রীপুরুষোত্তমমঠের সেবকবৃন্দের আরও দুই দিন ঐ স্থানে পাঠ-কীর্ত্তন হয়।

মেদিনীপুরে প্রচার

মেদিনীপুর শ্রীগৌড়ীয়মঠাশ্রমের সেবকবৃন্দ গত ২৭শে মাঘ ৯ই ফেব্রুয়ারী রবিবার মাণিকপুর-নিবাসী অবসরপ্রাপ্ত নাজির শ্রীযুক্ত বাবু লক্ষ্মীনারায়ণ দাস ও তাঁহার সুযোগ্য পুত্র শ্রীযুক্ত বাবু অবিনাশ দাস এম-এ, বি-এল, উকিল মহোদয়গণের সাদর আহ্বানে তাঁহার গৃহে গমন পূর্ব্বক পাঠকীর্ত্তন ও হরিকথা আলোচনা করেন। শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তি-শাস্ত্রীজী শ্রীমদ্ভাগবত হইতে শ্রীধ্রুব মহারাজের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠ-শ্রবণে বিশেষ প্রীতিলাভ করিয়া তাঁহারা আরও দুইদিন উক্ত বিষয় বর্ণনের জন্য অনুরোধ করেন। তাঁহাদের অনুগ্রহে তথায় আরও দুইদিন ঐ বিষয়ে পাঠ ও ব্যাখ্যা হয়।

২৭শে মাঘ রবিবার দিবস শ্রীপাদ নব-যোগেন্দ্র দাসাধিকারী মহোদয়ের আহ্বানে ব্রহ্মচারীজী তাঁহার গৃহে অপরাহ্নে উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। প্রত্যহ পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তিপ্রদীপ ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন –বড়বাজার ৩০১৫
সেবক—শ্রী ভক্তবিনোদ দাস অধিকারী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

অদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক শ্রীজগদানন্দদাস ব্রজবাসী

কাজির সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীকমলবিলাস ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীমধুগোপাল ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীপতিতপাবন দাস অধিকারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাউগাছি (ই-বি-আর এর পারার নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅনুপ্রসন্ন সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া),
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

শ্রীরাধাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

পুড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
বারদী, পোঃ ঐবার্দি, ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদয়াল দাস ব্রজবাসী

মদন-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবদাস ভক্তিপ্রভা বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাশাংবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীজগমোহন ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ দিঠাপুর পাটনা
সেবক—শ্রীনিত্যপ্রভু দাসাধিকারী

গয়া গৌড়ীয়মঠ
চন্দ্রা রোড, গয়া
সেবক—শ্রীপতিতপাবনপ্রভু দাসাধিকারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।২৭ এক গর্ত্তায়ার, বেনারস সিটি
সেবক—শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপাবলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলমতন ব্রহ্মচারী

কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীজগদীশ দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক শ্রীপ্রেমদাস দাসাধিকারী

রাধাকুণ্ড গোর্দ্ধবাটী
সেবক—শ্রীমিশ্রসদন পাঁচগোলো

শ্রীগোবর্দ্ধন-মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীবড়িগঙ্গা দাস

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণ, মথুরা।
সেবক—শ্রীরামচরণ দাস

গোষ্ঠবিহারী মঠ
শেখপাড়া
পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয় ভাগবতাচার্য

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং
নং বোম্বে ২৬
সেবক—শ্রীনিত্যানন্দদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
সেবক—শ্রীকেশবমোহন ব্রহ্মচারী

রায়রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী জেলা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীমাধব দাস অধিকারী

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীমধুসূদন দাসাধিকারী

শিক্ষাগুরু-গৌড়ীয়মঠ
পোঃ কুজং-পুর, পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বালিগলি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

ঢাকেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীসনাতন ব্রহ্মচারী

শ্রীব্রজমাধবগৌড়ীয়-প্রপন্নাশ্রম
পোঃ কমলকুণ্ডা, পঞ্জাব
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীদীনবন্ধু দাসাধিকারী

অমর্ষি-গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণদাস দাসাধিকারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীপদাব্জচৈতন্য দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুমুরদুহা, পোঃ চিংড়া (মানভূম)
সেবক—শ্রীকমলাকান্ত ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২, ৫১, ভাউনরোড ক্ল্যাপহাম,
লণ্ডন, ই ৫
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
আমিনাবাদ, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী

শ্রীবিশ্ববিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাসপ্রভু দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীপ্রাণগোবিন্দ ভক্তিতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধর অঙ্গন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রীঅখিলেশ্বর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীআনন্দময় ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনন্দগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

-:::-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১৷০	১৲
" " সিকি কলম	৫৲	৪৲	৪৲	৩৲
" " অর্দ্ধ কলম		৯৲	৯৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪॥০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধ কলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গৌরগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান — শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুরা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের হৃদয়-বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন, তাহা এই গ্রন্থে। অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ০৲ টাকা

প্রাপ্তিস্থান — মধুরা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; বেদ হইতে আরম্ভ করিয়া বর্ত্তমান মানবগণের রচনায় সর্ব্বত্র মহাজন, অবতার, এতিহ্য, বহুধর্ম্ম ও ভক্তসম্বন্ধে ভ্রান্ত ধারণা-নিরসনমূলে প্রাচীন ও আধুনিক বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবজাতির সাধারণ ভ্রমসমূহ, ভক্তিমার্গ সর্ব্বসম্মত সমন্বয় প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান — মধুরা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

——(:o:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্"—

——::o::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর — গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও অধ্যবসায়ী। বিদেশী ছাত্রগণের প্রায় বিনা ব্যয়ে অধ্যয়নের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৮।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র জলপানি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কনসেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব গ্রন্থ [illegible], গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

চৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর শ্রীমহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে লিপিবদ্ধ হইয়াছে। এই গ্রন্থখানা শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান —

শ্রীনন্দকিশোর ব্রহ্মচারী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রী শ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক [illegible] শ্রীল নন্দকিশোর ভক্তিভূষণ, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সংস্করণ প্রকাশিত করেন। তাঁহার আদর্শ [illegible] পাঠকগণ প্রদান করিয়াছেন। শ্রীগীতার সম্যক্ জ্ঞান প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে বৈশিষ্ট্য, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে তাহা অন্যত্র [illegible] প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের সম্বন্ধ [illegible] গীতার মূল শ্লোক সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ, তৎপরে শ্রীল শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তীর সারার্থবর্ষিণী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। [illegible] প্রভু লাভবান হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট [illegible] আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ছাপা বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৬৲ টাকা।

প্রাপ্তিস্থান —

শ্রীনন্দকিশোর ভক্তশ্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

শ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরচ্ছলে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা ২॥০ টাকা।

প্রাপ্তিস্থান — শ্রীযোগপীঠ মন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অনুবাদ, ব্যাখ্যা, বঙ্গানুবাদ, প্রাঞ্জল বিষয় নির্দ্দেশ, স্থানাদি বিবরণ, স্থান ও ব্যক্তির সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের এক অমূল্য রত্ন। [illegible] ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র [illegible] টাকা।

প্রাপ্তিস্থান — শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত প্রবন্ধাকারে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের সহিত [illegible]। ভিক্ষা চারি আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীগুপ্তকিঙ্কর দাস এম্ [illegible] পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম)

আপ

কলিকাতা ছাঃ	[illegible]	৬-২১	৭ ১৪	[illegible]	[illegible]	[illegible]	১৭-৫৩	[illegible]
দমদম	৪-২৬	[illegible]	৭-২৮	[illegible]	[illegible]			২২
রাণাঘাট পৌঃ	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
(বদল) ছাঃ	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
কৃষ্ণনগর পৌঃ	[illegible]	৮-৪০	১০-৬	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	১-৬১

(বদল) ছাঃ	৭-১০	[illegible]	[illegible]	২০-৩
নবদ্বীপঘাট পৌঃ	৭ ৫৮	১০-১৯	[illegible]	২৩-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১ ৬
দমদম”	১১ ১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
” ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩ ৩৩ (ছোট. রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৬

ডাউন

ছাড়িবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
কৃষ্ণনগর পৌঃ	[illegible]	৮-৪৪	[illegible]	[illegible]	[illegible]	[illegible]

ছাঃ	৭ ১০	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
রাণাঘাট পৌঃ	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
(বদল) ছাঃ	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
দমদম		[illegible]		[illegible]	[illegible]	[illegible]	[illegible]	
কলিকাতা পৌঃ	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ [illegible] বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত [illegible] বিদ্যাসাগর [illegible] বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। [illegible] শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য ও যুগাচার্য্য বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল-ভক্তিপ্রদীপ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত [illegible] ধরণের এবং বহুতর প্রশ্নসমূহের [illegible] সহিত [illegible] সমস্ত সারগর্ভ [illegible], তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীমন্ [illegible] প্রতিষ্ঠাপনে অপ্রতিদ্বন্দ্বী [illegible] আচার্য্যবরের সিদ্ধান্তপুষ্টি অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই [illegible]।

ভিক্ষা— ৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট. পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে [illegible] প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেতালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্লীহা-যকৃৎ জীর্ণশীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি এত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে [illegible]। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৷০ [illegible]। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডাঙ্গা, কলিকাতা

পোঃ [illegible] ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—দৈনিক শ্রীমায়াপুর

REGD. NO C. 1944

শতপ্রশ্নমালা
—০—
শ্রীল প্রভুপাদের রচিত বিভিন্ন পত্রাবলী শ্রীশ্রীল আচার্য্যদেবের বিরচিত "সৌধ" আকারে প্রকাশিত হইয়াছে। উহাতে অনেক অমূল্য উপদেশ আছে।
ভিক্ষা আট আনা।
প্রাপ্তিস্থান —
মঠ প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—জোয়ারী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—০—
বঙ্গ ভাষায় শ্রীচৈতন্য মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে উহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান:—
শ্রীচৈতন্য মঠ,
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৫শ] খণ্ড শ্রীমায়াপুর ১২ই ফাল্গুন ১৩৪৭ ২৪শে ফেব্রুয়ারী ১৯৪১ সোমবার [২৯১তম সংখ্যা

নানা-সংবাদ

—০—

ফ্রাঙ্কো-পেঁতা আলোচনা

জেনারেল ফ্রাঙ্কোর সহিত সাক্ষাৎ করিয়া গত ১৩ই তারিখে মার্শাল পেঁতা ভিশিতে প্রত্যাবর্তন করিলে ফ্রান্স একথা বিশেষভাবে উপলব্ধি করিতে পারিল যে, ভবিষ্যতের বিভীষিকাময় সংবাদ লুকায়িত তাহার হাতে আছে। জেনারেল ওয়েগাঁর সৈন্যবাহিনী এবং ফরাসী উত্তর আফ্রিকার নৌ-ঘাঁটিগুলিই এই ব্যবহারের মূল।

মার্শাল পেঁতা যখন ফ্রাঙ্কোর সহিত গোপন আলোচনা করিতেছেন তখন সহকারী আডমিরাল দার্লা ও স্পেনের পররাষ্ট্রসচিব সেনর সুনারের সঙ্গে আলোচনা চালান। এই আলোচনা ৩০ মিনিটকাল স্থায়ী হয়। এই আলোচনায় কোনরূপ চুক্তি সম্পাদন সম্ভব বলিয়া মনে হয় না।

এই সাক্ষাতের সময়ে মুসোলিনীর পক্ষ হইতে পর্য্যবেক্ষক হিসাবে ইটালীর আণ্ডার সেক্রেটারী অব ষ্টেট ভিশিতে উপস্থিত ছিলেন এবং মুসোলিনীকে এ সম্পর্কে সকল বিবরণ জানাইয়াছেন। ইহা হইতে মনে হয়, গত সপ্তাহে ফ্রাঙ্কো ও মুসোলিনীর মধ্যে বর্ডিঘেরাতে যে সাক্ষাৎকার হয়, সেই সম্পর্কেই মার্শাল পেঁতা ও জেনারেল ফ্রাঙ্কোর মধ্যে মঁপেলিয়ারে এই সাক্ষাৎকার ঘটিয়াছে।

বল্কান অঞ্চলে সহস্র বিমানপোত

ব্রিটেনের কর্তৃপক্ষদের ধারণা বল্কান অঞ্চলে হিটলারকে কয়েক সহস্র বিমান মজুত করিতে হইয়াছে বলিয়াই বর্তমানে ব্রিটেনের উপর জার্মান-বিমানের আক্রমণ মন্দীভূত হইয়াছে। বল্কান আক্রমণই যদি হিটলারের উদ্দেশ্য হয় তবে সে আক্রমণের জন্য এক সঙ্গে দুইহাজার বিমানপোত ব্যবহার করিবে। পোল্যাণ্ডের ক্ষেত্রে ইহা যেমন কার্য্যকরী হইয়াছিল এক্ষেত্রেও সেইরূপ হইবে বলিয়া হয়ত সে আশা করে। সেখানে হিটলারের বোমারু, জঙ্গী এবং সৈন্যবাহক বিমানপোত সংখ্যা মোট অন্ততঃ ৪ হাজার বিমানপোত জমা রাখিতে হইবে, কারণ যে পরিমাণ বিমানপোত নষ্ট হইবার কথা এবং যে পরিমাণ হইতে মজুত রাখিতে হয়, তাহার হিসাব ধরিলে একসঙ্গে ২ হাজার বিমান ব্যবহার করিতে হইলে অন্ততঃ তাহার দ্বিগুণ বিমানের প্রয়োজন।

বল্কান অভিযানের ব্যবস্থা সম্পূর্ণ এবং আবহাওয়ার উন্নতি হইলে আবার ব্রিটেনের উপর তীব্র আক্রমণ আরম্ভ হইবার সম্ভাবনা। এবারে লণ্ডন এবং অন্যান্য নগরগুলির উপর আক্রমণের পরিবর্তে বিশেষভাবে বন্দর এবং শিল্পকেন্দ্রগুলির উপরই আক্রমণ চলিবে বলিয়া মনে হয়।

যুদ্ধের ভবিষ্যৎ পরিণতি

হিটলারের আক্রমণ আসন্ন বলিয়া গত ১৩ই ফেব্রুয়ারী লণ্ডনে বিষম গুজব রটিয়াছিল। জনসাধারণের ধারণা এই যে, হিটলার যখন আক্রমণ আরম্ভ করিবে তখন বিভিন্ন দিক হইতে আক্রমণ পরিচালনার ব্যবস্থা করিবে। জাপান মালয় বা ডাচ ইষ্ট ইণ্ডিজ আক্রমণ করিবে। জার্মানী বল্কানের মধ্য দিয়া পূর্ব-ভূমধ্যসাগরের দিকে অগ্রসর হইবে; স্পেন অথবা জার্মানের ফ্রান্স পশ্চিম ভূমধ্যসাগর আটকাইবার চেষ্টা করিবে এবং জার্মান বিমান ও সাবমেরিনগুলি ব্রিটেনের উপর আরও তীব্রভাবে আক্রমণ আরম্ভ করিবে।

লক্ষণ দেখিয়া মনে হয় জাপানের পররাষ্ট্রসচিব মিঃ মাৎসুয়োকা জাপ-সরকারকে যুদ্ধে যোগদানের জন্য প্ররোচিত করিতেছেন। তবে জাপানে অনেকের আশঙ্কা এই যে, জাপান দক্ষিণ দিকে আক্রমণ চালাইতে থাকিলে রাশিয়া আবার পিছন হইতে তাহাকেই না আক্রমণ করিয়া বসে। কাজেই একটা রুশ-জাপান চুক্তি না হওয়া পর্য্যন্ত জাপান একদিকে অগ্রসর হইতে পারিবে না। তাহা ছাড়া জাপানের যুদ্ধে লিপ্ত হওয়ার আর একটি প্রতিবন্ধক আছে। ইহা তাহার খাদ্যাভাব। বাহির হইতে এমন কি, যে অঞ্চল আক্রমণ করিবার তাহার অভিপ্রায় সেখান হইতেই তাহার চাউল আমদানী করা প্রয়োজন। যুদ্ধ আরম্ভ হইলে বাণিজ্য অবরোধ অবশ্যম্ভাবী। তাহা বেশীদিন সহ্য করিয়া টিকিয়া থাকা জাপানের পক্ষে সহজ নহে।

এদিকে জেনারেল ওয়াভেল পূর্ব-ভূমধ্যসাগর অঞ্চল হইতে শত্রুপক্ষকে প্রায় অপসারিত করিতে সমর্থ হইয়াছেন। হিটলার যদি বল্কান অঞ্চলের মধ্য দিয়া পূর্ব-ভূমধ্যসাগরে পৌঁছিতে পারে তবে অবশ্য ওয়াভেলকে ঐ ঘাঁটির যুদ্ধে লিপ্ত হইতে হইবে। কিন্তু এই হিটলারের পক্ষেও ঐ অভিযানের বিপদ অনেক।

ফ্রাঙ্কোর সহিত মুসোলিনী ও পেঁতার কি আলাপ-আলোচনা হইয়াছে, তাহা সঠিক না জানা পর্য্যন্ত ফ্রান্সের মনোভাব সম্বন্ধে কিছু বলা চলে না। তবে স্পেন গভর্ণমেণ্টের অনেকে এখনও মনে মনে হিটলারের অনুগত; জিব্রাল্টার স্পেনকে ফিরাইয়া দেওয়ার প্রলোভন দেখাইয়া হিটলার তাহাদিগকে অনেক কিছু করাইতে পারে।

ব্রিটেনের উপর জার্মানীর অভিযান সম্বন্ধে এইটুকু বলা চলে যে, হিটলারের এ অভিযানের জন্য ব্রিটেন সম্পূর্ণ প্রস্তুত হইয়াই আছে।

নিরপেক্ষ দেশের পোতাশ্রয়ে শত্রুপক্ষের জাহাজ

লণ্ডনে সর্বশেষ যে হিসাব করা হইয়াছে তাহাতে দেখা যায়, নিরপেক্ষ দেশগুলির বিভিন্ন বন্দরে মোট ১০ লক্ষ টন ওজনের অন্ততঃ ২০০টি শত্রুপক্ষীয় জাহাজ আশ্রয় লইয়াছে। যুক্তরাষ্ট্রের বন্দরগুলিতে মোট ২৭টি জাহাজ আশ্রয় লইয়াছে। তাহার মধ্যে ১০টি ইটালীর জাহাজ। মেক্সিকোতে ১৫টি আশ্রয় লইয়াছে। তাহার মধ্যে ১০টি ইটালীর। আর্জেন্টাইনে আশ্রয় লইয়াছে মোট ২০টি। তাহার মধ্যে ১৭টি ইটালীয়দের।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্ এ মহোদয়ের গৌড়ীয়গবেষণা এবং পরিণত লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একেবারে ধন্য এবং ভক্ত ও ভগবানের লীলাচরিত-পাঠে মত্ত হউন। এই বিরাট্ অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই [illegible] অধ্যায়ে সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত শব্দসূচী (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকৃত শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য সহ মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা' টীকা, বিবৃতি আলেখ্য ভূমিকা ও সূচীসহ অত্যুৎকৃষ্ট সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয়-মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত [illegible] দাস এম্-এ, বি-এল্,
পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ব্রজমণ্ডলপরিক্রমা (১ম খণ্ড)

শ্রীমথুরা হইতে রাধাকুণ্ড পর্য্যন্ত এই খণ্ডে পরিক্রমা-বিবরণ প্রকাশিত এবং কয়েকটী চতুরঙ্গা চিত্র, স্থান, পাত্র ও বিষয়সূচী সংযোজিত হইয়াছে। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের লিখিত সংক্ষিপ্ত ভূমিকা-সহিত। ভিক্ষা ৸০

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী,
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

— — —

ভারতবর্ষ ও ভক্তিপথ

ইহাতে দৈববর্ণাশ্রম সম্বন্ধে যাবতীয় বিচারধারা এবং শ্রীচৈতন্যদেবের বর্ণাশ্রম বিষয়ক সিদ্ধান্ত সম্বন্ধে যে সকল ভ্রান্তমত আধুনিক সমাজকে গ্রাস করিয়াছে, তাহার শাস্ত্রযুক্তিমূলে সমালোচনা হইয়াছে। যথার্থ দৈববর্ণাশ্রমের স্বরূপ ও তৎসম্বন্ধে শ্রীচৈতন্যদেবের প্রকৃত সিদ্ধান্ত এই গ্রন্থে সুস্পষ্টভাবে ব্যক্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম হইতে নবম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অর্দ্ধাংশ) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অর্দ্ধাংশ) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড ১৲; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড ৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১০
৯। দৈববর্ণ ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (সম্পূর্ণ সংস্করণ) ৸০
১৪। সাধন-কণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। [illegible] ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়গীতিকা ।৵০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (বলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল বাঙ্গালা ।০
২৭। দুর্গমসঙ্গমনী সহ ভঃ রঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তকঃ (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ)
(অর্দ্ধবাঁধা ৸৵০ বাঁধা ৸০)
৩০। [illegible] ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৵০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৵০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৴১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীল [illegible] (১ম খণ্ড) [illegible]
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴১০
৪৫। নবদ্বীপশতকম্
৪৬। অর্থপঞ্চক
৪৭। সদাচারস্মৃতিঃ
৪৮। কল্যাণকল্পতরু
৪৯। অর্চ্চনপথ
৫০। বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি
(চতুর্থ খণ্ড একত্রে)
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ
৫৪। পুরুষার্থ বিনির্ণয়
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ)
৫৮। শ্রীকৃষ্ণসংহিতা
৫৯। সিদ্ধান্তদর্পণ
৬০। [illegible]
৬১। শ্রীচৈতন্যমঙ্গল
৬২। শ্রীভক্তিসন্দর্ভ

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী [illegible]
৬৫। [illegible]
৬৬। তত্ত্বসূত্রম্
৬৭। [illegible] শিক্ষাষ্টকম্
৬৮। গৌড়ীয়কণ্ঠ [illegible]
৬৯। সারার্থবর্ষিণী

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত
৭২। নামভজন
৭৩। বেদান্ত ইট্‌স্ মর্ফলজী এণ্ড [illegible]
৭৪। [illegible]
৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু
৭৬। বৈষ্ণবীজম্
৭৭। [illegible] গৌড়ীয়মঠ ইন [illegible]
৭৮। দি ভাগবত
৭৯। [illegible]
৮০। ব্রহ্মসংহিতা
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য

[illegible] প্রকাশিত

৮৪। শ্রীহরিনামচিন্তামণি
৮৫। সাধনপথ
৮৬। কল্যাণকল্পতরু
৮৭। গীতাবলী
৮৮। শরণাগতি
৮৯। [illegible]
৯০। শ্রীগৌড়ীয়বাণী

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASI

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

গীতিসাহিত্যে শ্রীভক্তি-বিনোদ

'শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দর রূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তি-মাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷৷০ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভজনরহস্যমালা

বিভিন্ন পদ ও শ্লোক এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৷০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির-
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

১৫ বর্ষ } ১২ গোবিন্দ ৪৫৪ গৌরাব্দ ১২ই ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৭, ২৪শে ফেব্রুয়ারী ইং ১৯৪১, সোমবার { ২৯১তম সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

মেদিনীপুরে

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক শ্রীপাদ মাধবানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু কতিপয় ব্রহ্মচারী সহ গত ২০শে মাঘ, রবিবার দিবস মেদিনীপুর জেলার চন্দ্রা নামক গ্রামে শ্রীযুত ধরণীধর দাস মহাশয়ের ভবনে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে সনাতনশিক্ষা পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। তৎপরদিবস গ্রামবাসী ভক্তগণের আগ্রহে অপরাহ্ন ৩॥০ ঘটিকা হইতে সন্ধ্যা প্রায় ৬ ঘটিকা পর্য্যন্ত নগরসংকীর্ত্তন হয়। সন্ধ্যার পর শ্রীপাদ মাধবানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্যচরিতামৃত হইতে নামাপরাধ, নামাভাস ও শুদ্ধনামের মহিমা এবং নগর-সংকীর্ত্তনের মহিমা বিষয়ে কীর্ত্তন করেন।

গত ২২শে মাঘ, ৫ঠা ফেব্রুয়ারী চন্দ্রাকেন্দ্র গ্রামের সুপ্রসিদ্ধ ধনাঢ্যব্যক্তি শ্রীযুত গণেশচন্দ্র মান্ন মহাশয় প্রচারকগণকে তাঁহার বাড়ীতে সাদরে আহ্বান করিয়া লইয়া যান। প্রচারকগণ তাঁহার বাড়ীতে দুই দিন অবস্থান করিয়া শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদিতে ও অন্তে বিভিন্ন মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ২৩শে মাঘ, ৬ই ফেব্রুয়ারী প্রচারকগণ নারায়ণবাড়ি নামক গ্রামে শ্রীযুত হারাধন মাইতি মহাশয়ের বাড়ীতে গমন করেন। তথায় শ্রীপাদ মাধবানন্দ প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ২৫শে মাঘ, ৭ই ফেব্রুয়ারী প্রচারকগণ বৈচার নামক গ্রামে শ্রীযুত গুণধর জানা মহাশয়ের বাড়ীতে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ২৮শে মাঘ, ১০ই ফেব্রুয়ারী প্রচারকগণ জয়রাম বাটী নামক গ্রামে শ্রীযুত হারাধন ভুঁঞা মহাশয়ের বাড়ীতে গমন করেন। তথায় প্রচারকগণ শ্রীভৈমী একাদশী, শ্রীবরাহদ্বাদশী ও শ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাব-তিথি নিরম্বু উপবাসী থাকিয়া শ্রীহরিকীর্ত্তনমুখে প্রতিপালন করেন। শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর জন্মদিবসে সন্ধ্যার শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীনিত্যানন্দ-জন্মলীলা পাঠ-কীর্ত্তন করা হয়। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

আসামদেশে

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে গত ১১ই জানুয়ারী তারিখে রেঙ্গুণ শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ নিম্নবঙ্গ-দেশের সমুদ্রতীরবর্তী সিরাজগঞ্জ নামক নগরে উপনীত হইয়া তত্রস্থ শ্রীকৃষ্ণনিকেতনে শ্রীশ্রীহরিকথা-কীর্ত্তন করেন। ১৮ই জানুয়ারী স্থানীয় উকিল শ্রীযুক্ত জিতেশ্বর রায় চৌধুরী মহাশয়ের ভবনে ছায়াচিত্রযোগে শ্রীকৃষ্ণলীলা ও শ্রীহরিসংকীর্ত্তন হয়। ১৯শে তারিখে স্থানীয় ট্রাঙ্করোড নিবাসী ডাক্তার শ্রীযুত সুরেশচন্দ্র দে মহাশয়ের ভবনে শ্রীমদ্ভাগবত হইতে অজামিল-উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা এবং ২০শে ও ২১শে তারিখে স্থানীয় ডাক্তার শ্রীযুক্ত সাধু, দীন মহাশয়ের ভবনে ছায়াচিত্র-যোগে গৌরলীলা প্রদর্শিত হয় এবং শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা হয়। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

গত ২২শে জানুয়ারী সেবকবৃন্দ গোয়ালন্দ নামক নগরে উপনীত হইয়া উক্ত দিবস স্থানীয় শ্রীকৃষ্ণমন্দিরে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন এবং তৎপরদিবস তথায় ছায়াচিত্র-যোগে শ্রীশ্রীকৃষ্ণলীলা প্রদর্শন ও গৌড়ীয়মঠের প্রচারবিষয়ের কথা কীর্ত্তন করেন। ঐ দিবস স্থানীয় ট্রাঙ্করোড নিবাসী পোষ্টমাষ্টার শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র মজুমদার মহাশয়ের গৃহে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা হয়।

গত ২৪শে জানুয়ারী হইতে ২৮শে [illegible] পর্য্যন্ত [illegible] কে, ব্যানার্জি মহাশয়ের ভবনে [illegible] শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ ছায়াচিত্রযোগে শ্রীকৃষ্ণলীলা প্রদর্শন এবং শ্রীমদ্ভাগবত ও শ্রীচৈতন্যভাগবত ধারাবাহিকভাবে পাঠ ও ব্যাখ্যা করেন।

তাঁহারা গত ২৯শে তারিখ হইতে ২রা ফেব্রুয়ারী পর্য্যন্ত [illegible] নামক স্থানে কোর্ট এ, বি, এন্, চৌধুরী (মার্চেন্ট) ও ডাক্তার বি, বি, ভট্টাচার্য্য মহাশয় প্রভৃতির ভবনে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা, মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করেন।

৩রা তারিখ হইতে ৫ই ফেব্রুয়ারী পর্য্যন্ত সেবকবৃন্দ উক্ত স্থান হইতে [illegible] ৩০ মাইল দূরবর্তী [illegible] মহকুমার উপকণ্ঠে স্থানীয় ঠাকুরবাড়ী [illegible] প্রাঙ্গণে শ্রীমদ্ভাগবত-পাঠ [illegible] ছায়াচিত্রযোগে শ্রী[illegible] ও [illegible] শিক্ষোপদেশ এবং ভগবান্ শ্রীকৃষ্ণের লীলাবলীর বিষয় বক্তৃতামুখে কীর্ত্তন করেন। প্রত্যেক স্থানেই স্থানীয় বহু গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। আদি ও অন্তে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

ইন্দ্রপ্রস্থে

আকর[illegible] শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা দিল্লী শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ যোগ-করতঃ গত ২৫শে, ৮ই ফেব্রুয়ারী শনিবার শ্রীভৈমী-একাদশী দিবস শ্রীকৃষ্ণ[illegible] গণের পূর্ব্বলীলাক্ষেত্র যমুনাতটবর্ত্তী ইন্দ্রপ্রস্থ ক্ষেত্রে গমন করেন। তাঁহাদের সহিত প্রকাশ [illegible] ডাঃ শ্রীযুক্ত হরিপদ দাস ও [illegible] সরকার বি ক মহোদয়দ্বয়ও গমন করেন। তথায় পৌঁছিয়া গৌড়ীয়-মঠের [illegible] উপদেশক শ্রীপাদ [illegible] ভক্তিশাস্ত্রী প্রভু ইন্দ্রপ্রস্থের মাহাত্ম্য কীর্ত্তন করেন।

পাঠের পূর্ব্বে ও পরে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

কাশীতে

আকর[illegible] শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা কাশী শ্রীসনাতন-গৌড়ীয়মঠের সেবকবৃন্দ পরমারাধ্যতম শ্রীল আচার্য্যদেবের [illegible] সহিত সোনারপুর [illegible]। তথায় প্রত্যহ প্রাতে, মধ্যাহ্নে ও সন্ধ্যায় নিয়মিতভাবে পাঠ-কীর্ত্তনাদি হইতেছে। [illegible] সেবকগণের মধ্যে হরিকথার [illegible] মধ্যে তাঁহারা সহরের কোন কোন [illegible] হরিকথা কীর্ত্তন করেন।

মানুষকে কৃষ্ণভক্তি প্রদান যদি হয়। তত্তিক্ষণ 'প্রেম' হয় সংসার ধার ক্ষয়

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১২ গোবিন্দ সর্ব্বাণীর সংস্করণ শ্রীগৌরাব্দ ৪৪৩

ধামে আহ্বান

——::(০)::——

জীবন ক্ষণস্থায়ী, কোন্ মুহূর্ত্তে যে আমাদিগকে এ জগৎ ছাড়িয়া যাইতে হইবে তাহার স্থিরতা নাই। যখন জন্মগ্রহণ করিয়াছি, তখন মৃত্যু হইবেই—এ জগৎ ছাড়িতে হইবেই, ইহা ধ্রুবসত্য। জীবনের প্রতি-মুহূর্ত্তে দেহের অনিত্যতা, ত্রিতাপের আক্রমণ অনুভূত হইলেও আমরা জাগতিক অভিমান বা আসক্তি কিছুতেই ছাড়িতে চাহি না। মায়ার প্রতি আমাদের এমনি অনুরাগ বা নেশা! এই অজ্ঞতা, মোহ বা দুঃখের মূলীভূত কারণ — কৃষ্ণবিমুখতা, এ কথা শাস্ত্র ও সাধুমুখে ভগবান্ নিজেই ঘোষণা করিতেছেন। কিন্তু আমরা তাঁহার সেই উপদেশের প্রতি এখনও বিমুখ রহিয়াছি। সুতরাং আমাদের এখন কি করিতে হইবে? শ্রীভগবানের নাম, ধাম ও কামসেবাই আমাদের নিত্যমঙ্গলাদের একমাত্র উপায়। ইহাই জীবের ভবরোগ-নিবৃত্তির একমাত্র মহৌষধি। সাধুসঙ্গ ও সেবা ছাড়া জীবের নিত্যশান্তিলাভের অন্য রাস্তা নাই। সেবার আনুকূল্যেই চিত্ত-চাঞ্চল্য দূর হইয়া মন শান্ত হয়, সেবার সাহচর্য্যে কৃষ্ণকার্ষ্ণসেবার উন্মুখতা বা প্রীতি বর্দ্ধিত হইতে থাকে। আমাদের প্রায় ত্রিতাপক্লিষ্ট দুঃখী জীবগণকে নিত্যশান্তি বা পরমমঙ্গল প্রদানের জন্য ভগবানের নিজজন শ্রীশ্রীল আচার্য্যদেব ও তদনুগ বৈষ্ণবগুরু ভক্তসিদ্ধান্তী শ্রীধাম-পরিক্রমার বিরাট আয়োজন করিয়া আমাদিগকে সাধুসঙ্গ ও সাধুসঙ্গে শুদ্ধভক্তিকথা-শ্রবণের পরমসুযোগ প্রদান করিতেছেন। সাধারণ প্রায়, তাঁহারা আমাদিগকে শ্রীগৌরধামে শ্রীগৌরধামবাসীদের কোটিগুণশ্রেষ্ঠ পরমতম প্রদান করিয়া বাস্তবশান্তির আস্বাদন উপলব্ধি করাইবার জন্য গৌরনিজজন কৃপাপূর্ব্বক শ্রীগুরুদেব আমাদিগকে শ্রীধাম-পরিক্রমা ও শ্রীগৌরজন্মোৎসবে যোগদানের জন্য আহ্বান করিতেছেন। শ্রীগৌরাঙ্গের নিজজন জগদ্গুরু শ্রীশ্রীল আচার্য্যদেব জগতের সকলকে নবধা ভক্তির পীঠস্থান স্বরূপ শ্রীনবদ্বীপধামে আবির্ভাবের জন্য শ্রীগৌর-জন্মভূমি শ্রীনবদ্বীপ শ্রীধাম-মায়াপুরে আহ্বান করিতেছেন। আমাদের যাঁহারা সেবোন্মুখ অর্থে যে জনেরা সেই কালে আমাদের সঙ্গে এইবার সেবাপ্রা[illegible] তাহার : আমাদের বহু দুর্ভাগ্য জীবনের আমাদের যদিও উক্ত বুঝিতে না পারিলেও তাঁহারা এ বিষয়ে একটু প্রণিধান করুন—আত্মমঙ্গলের সন্ধান লউন, ইহাই আমাদের কাতর প্রার্থনা ও আবেদন।

আমাদের সর্ব্বসৌভাগ্য করিয়া শ্রীফাল্গুনী-পূর্ণিমায় শ্রীগৌরসুন্দরের আবির্ভাব। শ্রীগৌর-ধামে শ্রীগৌরধামাশ্রিতগণের আনুগত্যে শ্রীগৌরহরির প্রবর্ত্তিত সংকীর্ত্তনযজ্ঞে আত্মার্পণ প্রদানেই শ্রীগৌর-আরাধনা সম্যক্-রূপে হইয়া থাকে। নতুবা লোকব্যবহারানু-যায়ী অবৈধ্রুবতর্পণরূপা আনুষ্ঠানিক ক্রিয়ামাত্র সার হয়। গৌরজন শ্রীগুরু-পাদপদ্মে আত্মসমর্পণে জীবের নিত্যমঙ্গল লাভ হয়। সাধুমুখনিঃসৃত কৃষ্ণকথামৃত-পানে জীবের শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ পূর্ব্বক ভগবদ্ভজনের স্পৃহা বলবতী হয়। কীর্ত্তনাখ্য-ভক্তিসংযোগে ভগবদ্ভজনই আমাদের মঙ্গলোপায় জানিয়া শ্রীশ্রীল আচার্য্যদেব আমাদের সকলকে সংকীর্ত্তনের মূল আকরস্বরূপ শ্রীধামে আশ্রয় গ্রহণ করিবার জন্য আহ্বান করিয়াছেন। এই সুযোগ জীবনে বহুবার হয় না, একবার ইহা হারাইলে আর একবার কবে হইবে তাহার কোনও স্থিরতা নাই। এবং বুদ্ধিমান্ ব্যক্তিমাত্রেরই গৌরজনের আহ্বানে সাড়া দিয়া শ্রীধামে নামসংকীর্ত্তনযজ্ঞে যোগদান করা যে একান্ত কর্ত্তব্য তাহা বলাই বাহুল্য।

আগামী ১৮ই ফাল্গুন, ২রা মার্চ্চ শ্রীশ্রীধামপরিক্রমার সংকীর্ত্তনাধিবাস-বাসর। আগামী ১৯শে ফাল্গুন, ৩রা মার্চ্চ সোমবার হইতে নব দিবসব্যাপী শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার পরিচালক-সমিতির সেবোদ্যোগে শ্রীগৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য গৌরনিজজন ও বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে ও সংকীর্ত্তন সেবানুকূল্যে শ্রীধামনবদ্বীপের নবটী দ্বীপ পরিক্রমা হইবে। আগামী ২৮শে ফাল্গুন, ১২ই মার্চ্চ বুধবার শ্রীগৌরজন্মোৎসবের অধিবাস কীর্ত্তন উৎসব ২৯শে ফাল্গুন ১৩ই মার্চ্চ বৃহস্পতিবার শ্রীগৌরপ্রকট-পৌর্ণমাসী হইতে দিবসত্রয় শ্রীধাম-মায়াপুর-শ্রীযোগপীঠে শ্রীশ্রীগৌরজন্মোৎসব হইবে।

শ্রীধামপরিক্রমাকারী ভক্তগণ শ্রীগুরু-বৈষ্ণবের আনুগত্যে নবধা ভক্তির পীঠস্বরূপ শ্রীনবদ্বীপধাম-পরিক্রমা করিয়া পুনরায় আত্ম-নিবেদনের পীঠ শ্রীমায়াপুরে আগমন করিবেন। একান্ত সেবাব্রতগণ আত্মনিবেদনকে কোন সময়েই পরিত্যাগ করিবেন না, তাহা হইলে নবধা ভক্তির শুদ্ধভাবে সেবা হইবে। এই সেবাযজ্ঞের পূর্ণাহুতি শ্রীগৌরপূর্ণিমা-দিবসে হইয়া থাকে। শ্রীগৌরজন্মোৎসবের দিবস শ্রীচৈতন্যমঠে কিশোরী-পরীক্ষাও গৃহীত হইবে।

শ্রীশ্রীল প্রভুপাদ এই ভুবনমঙ্গল শ্রীধাম-পরিক্রমার পুনঃ প্রবর্ত্তন করিয়াছেন। বুদ্ধি হইতে উদ্ধার করিয়া শ্রীগৌরনাম, শ্রীগৌরধাম ও শ্রীগৌরকামের সেবায় নিযুক্ত করিবার জন্যই শ্রীনবদ্বীপ-পরিক্রমার আবির্ভাব। এই অমন্দোদয়দয়াবতার শ্রীনবদ্বীপ-পরিক্রমার সেবায় গৃহাসক্ত, গৃহস্থ ও সন্ন্যাসীর সমভাবে মঙ্গলের অধিকার আছে, ইহাই শ্রীধামপরিক্রমার ঔদার্য্য ও মহত্ত্ব। ইহা গৃহাসক্তের গৃহাসক্তিকে নষ্ট করিয়া, জীবকে গৃহপরিক্রমা, সংসারপরিক্রমা, ভোগ্য-বস্তুর পরিক্রমা হইতে বিরত করিয়া কৃষ্ণগৃহ-পরিক্রমা, কৃষ্ণসংসার-পরিক্রমা, কৃষ্ণধাম-পরিক্রমা, কৃষ্ণভক্ত-পরিক্রমায় প্রবৃত্ত করিতে পারেন। এই শ্রীধামপরিক্রমাই জীবকে দুঃসঙ্গের কবল হইতে রক্ষা করিয়া শ্রীমহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীনামব্রহ্ম ও শ্রীবৈষ্ণবে বিশ্বাস ও রুচি জন্মাইতে পারেন। স্ত্রী-পুরুষ, বালক-বৃদ্ধ, ধনী-নির্ধন, শিক্ষিত-অশিক্ষিত সকলকে একসঙ্গে হরিসেবার অধিকার এই পরমকৃপাবতার শ্রীধাম-পরিক্রমাই প্রদান করিতে পারেন। সুতরাং সকলেরই সর্ব্বস্ব লইয়া শ্রীধামপরিক্রমায় যোগদান করা যে একান্ত কর্ত্তব্য তাহা বলাই বাহুল্য। এই শ্রীধামপরিক্রমায় গুরুবৈষ্ণব-ভগবানের সেবার অপূর্ব্ব সুযোগ। সুতরাং সকলেই সেবোপযোগী উপাদান লইয়া শ্রীধাম-পরিক্রমায় যোগদান করুন। শ্রীধাম-পদধূলি—শ্রীধাম-সুধাকর শ্রীগৌরচরণে যথাসর্ব্বস্ব অর্পণ প্রদানই প্রকৃত শ্রীধাম-পরিক্রমা। শ্রীধাম-পরিক্রমায় বিবিধ সেবার মধ্যে কেহ কেহ অদ্বৈত, নিত্যানন্দ, হরিদাস, বক্রেশ্বর, শ্রীবাস-রাঘব ও পণ্ডিত গদাধরের আনুগত্যে সংকীর্ত্তন-নৃত্যসেবা করিতে পারেন। শিবানন্দ সেনের ঘাঁটি সমাধানের ন্যায় শিবা-নন্দ সেনের এই সেবায় আনুগত্য করিবার ভারও কেহ কেহ গ্রহণ করিতে পারেন। কেহ কেহ স্বরূপ, জগদানন্দ, কাশীশ্বর, শঙ্কর, রাঘব, দামোদরের আনুগত্যে প্রসাদ-পরিবেশন-সেবায় আনুগত্য করিতে পারেন, আবার শ্রীধামপরিক্রমাকালে কেহ বলবান কাশীশ্বরের আনুগত্য করিয়াও মহাপ্রভুর প্রীতি উৎপাদন করিতে পারেন।

পরমকরুণ শ্রীগুরুদেব নিত্যমঙ্গল বরণ করিবার জন্য আমাদের সকলকে শ্রীধামে আহ্বান করিতেছেন। আমরা যেন ভুবন-মঙ্গল আচার্য্যের এই আহ্বান শ্রবণ করি। শ্রীনবদ্বীপধাম-পরিক্রমায় সেবাবৃত্তির সহিত যোগদান করিয়া আমরা যেন আমাদের আত্মার মঙ্গল বরণ করিতে পারি। আমাদের হাতায় যেটুকু যথা-সর্ব্বস্ব আছে, যাহার যা উপায় ও উপকরণ আছে, অকপটে যেন আমরা সেই যথাসর্ব্বস্ব লইয়া শ্রীধাম-পরি-ক্রমায় সেবায় যোগদান করিতে পারি। আমাদের একমাত্র বান্ধব ও পরমাত্মীয় শ্রীহরিগুরুবৈষ্ণব আমাকে যোগদানে চান, একথা যেন সর্ব্বক্ষণ মনে রাখি, আত্মীয়কে অনাত্মীয় ও শ্রীধামকে গ্রাম মনে না করি, ইহাই একমাত্র প্রার্থনা।

তন্ত্র। কর্ত্তা বঞ্চিতা নগর নারায়ণ। 'সংসারেতে ভক্ত দিয়া তাঁহার চরণ॥

বন্ধু কে?

[শ্রীউজ্জ্বলনীলমণি ভক্তিশাস্ত্রী, বি-এ]

মাদৃশ পতিত জীবের বন্ধু কে, তাহা স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু জানাইয়াছেন,—

সেই সে পরম-বন্ধু সেই পিতা-মাতা।
শ্রীকৃষ্ণচরণে যেই প্রেমভক্তি-দাতা॥

অর্থাৎ যিনি কৃষ্ণ দিতে পারেন, কৃষ্ণ যাঁহার প্রেমবশীভূত, তিনিই জীবের একমাত্র বন্ধু। তাঁহারই পদাঙ্ক অনুসরণ করিবার জন্য শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন,—

কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার
তোমার শকতি আছে।
আমি ত' কাঙ্গাল কৃষ্ণ কৃষ্ণ বলি'
ধাই তব পাছে পাছে॥

পরমপূজনীয় শ্রীল ভক্তিসুধাকর প্রভু ১৯৩১ সনের শ্রীব্যাসপূজার অঞ্জলিতে জানাইয়াছেন যে, কৃষ্ণপ্রদাতা শ্রীগুরুপাদপদ্মই মাদৃশ পতিতের একমাত্র বন্ধু এবং যাঁহারা বলেন, শ্রীগুরুপাদপদ্ম ভিন্ন মাদৃশ পতিতের আর কোন বন্ধু আছে, তাঁহারাই মাদৃশ দুর্ব্বল জীবের শত্রু। তিনি আরও জানাইয়াছেন যে, ইহাই বন্ধু ও শত্রু চিনিবার কষ্টিপাথর। শ্রীল ভক্তিসুধাকর প্রভু তাঁহার অভীষ্টদেব ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদকে সম্বোধন করিয়া যাহা বলিয়াছেন, তাহা এই,—

' It is only necessary to know You as the only Friend. Anything short of this is not to know You at all. Because, You are always apprehended as the only Friend. Those who tell me that I have any other friends besides You, are my real enemies. By this test also I have found a great many real friends after I' made yous acquaintance. They are the only other friends besides Yourself, that I have."

শ্রীল ভক্তিসুধাকর প্রভু কৃপাপূর্ব্বক ঐ শ্রীব্যাসপূজা-অঞ্জলিতে আরও জানাইয়াছেন, শ্রীগুরুপাদপদ্মের মধ্য দিয়াই শ্রীগুরুসেবক বৈষ্ণববৃন্দের সহিত সম্বন্ধ হয় এবং শ্রীগুরু-কৃপাতেই শ্রীগুরুসেবক বৈষ্ণববৃন্দকে চিনিতে পারা যায় ও শ্রীগুরুসেবক বৈষ্ণববৃন্দের কথা শ্রবণে ও আচরণ দর্শনে শ্রীগুরুপাদপদ্মের সহিত আন্তরিক সম্বন্ধজ্ঞান দৃঢ়ীভূত হয়। যথা,—

"You are the link between me and your other servants. It is You who made me know them as they really are. They are dear to me because they enable me by every

. act of theirs, to know You more and more intimately."

. শ্রীমদ্ভাগবত কৃপাপূর্ব্বক জানাইয়াছেন যে, যিনি কৃষ্ণ প্রদান করিয়া মৃত্যু-সংসার হইতে উদ্ধার করিতে পারেন না, তিনি গুরু নহেন—বন্ধু নহেন—আত্মীয় নহেন। যথা,—

গুরুর্ন স স্যাৎ স্বজনো ন স স্যাৎ
পিতা ন স স্যাজ্জননী ন সা স্যাৎ।
দৈবং ন তৎ স্যান্ন পতিশ্চ স স্যাৎ
ন মোচয়েদ্ যঃ সমুপেতমৃত্যুম্॥

অর্থাৎ ভক্তিপথের উপদেশদ্বারা যিনি সমুপস্থিত মৃত্যুরূপ সংসার হইতে মোচন করিতে না পারেন, সেই গুরু 'গুরু' নহেন, সেই স্বজন 'স্বজন'-শব্দবাচ্য নহেন, সেই পিতা 'পিতা' নহেন, সেই জননী 'জননী' নহেন, সেই দেবতা 'দেবতা' নহেন, সেই পতি 'পতি' নহেন। অর্থাৎ যাঁহারা জীবসমূহকে ভগবদ্বৈমুখ্যজনিত অনর্থ হইতে মোচন করিতে পারেন না, তাদৃশ গুর্ব্বাদিকে পরিত্যাগ করিবে।

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর কৃপাপূর্ব্বক জানাইয়াছেন যে, শ্রীগুরুনিত্যানন্দের কৃপাতেই শ্রীগৌরসুন্দরকে জানা যায়, বৈষ্ণবগণকে চিনিতে পারা যায়, অপরাধ মোচন হয় ও বিষ্ণুভক্তি লাভ হয়। যথা—

নিত্যানন্দ-প্রসাদে সে গৌরচন্দ্র জানি।
নিত্যানন্দ-প্রসাদে সে বৈষ্ণবেরে চিনি।
নিত্যানন্দ-প্রসাদে সে নিন্দা যায় ক্ষয়।
নিত্যানন্দ-প্রসাদে সে বিষ্ণুভক্তি হয়

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু কৃপাপূর্ব্বক জানাইয়াছেন যে, মাদৃশ পতিতকে একমাত্র শ্রীগুরুনিত্যানন্দই কৃপা করেন। যথা—

এমন 'নির্ঘৃণ' মোরে কেবা কৃপা করে
এক 'নিত্যানন্দ' বিনু জগৎ ভিতরে॥

শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু কৃপাপূর্ব্বক আরও জানাইয়াছেন যে, শ্রীগুরু-নিত্যানন্দের দয়াতেই বৈষ্ণব-পাদপদ্ম লাভ হয়। যথা—

সে বৈষ্ণবের পদরেণু, তাঁ'র পদছায়া।
অধমেরে দিল প্রভু নিত্যানন্দ দয়া॥

শ্রীল নরোত্তম ঠাকুর তাই কৃপাপূর্ব্বক বলিয়াছেন,—

হেন নিতাই বিনে ভাই,
রাধাকৃষ্ণ পাইতে নাই
দৃঢ় করি' ধর নিতাইর পায়॥

পরমারাধ্যতম পতিতপাবন শ্রীল আচার্য্যদেব কৃপাপূর্ব্বক শ্রীগুরুনিত্যানন্দের দয়ার কথা জানাইয়াছেন,—"জীবের প্রতি দয়া করিবার-জন্য সর্ব্বদা প্রস্তুত থাকিতে হইবে। বালিশ, অজ্ঞ, সরল, মূর্খ যাঁহারা, তাঁহাদের প্রতি কৃপা করিতে উন্মুখ হইলেই শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপা হইবে। দয়া কাঙ্গাল নিতাই-চাঁদের। অন্যকে দয়া করাই সর্ব্বাপেক্ষা হইয়াছে শ্রীনিত্যানন্দ বা শ্রীগুরুপাদপদ্মের mission-এ যোগদান করা। শ্রীগুরুদেবের mission নিয়া নিজেকে অকপটভাবে জীবে দয়া করিবার প্রবৃত্তি হইলে শ্রীগুরুপাদপদ্ম হইতে ভজনবল লাভ হয়

নিত্যানন্দ-পাদপদ্মে অবস্থিত হইতে পারিলে বাহিরে যে কোন স্থানেই অবস্থান করা যাইতে পারে, তাহাতে ভজনের কোন [illegible] হয় না। যতক্ষণ নিত্যানন্দের পাদপদ্ম একমাত্র আশ্রয় বলিয়া বরণ করিতে না পারিতেছি, ততক্ষণ অতি সাবধানে বহির্মুখ সঙ্গ বর্জ্জন করিতে হইবে। যতক্ষণ দেহাদ্যহং-বুদ্ধি আছে, ততক্ষণ দেহসম্পর্কীয় বস্তু বা ব্যক্তিতে মমতা আছে এবং ততক্ষণই সংসার আমাদের নিকট ভয়ানক পরীক্ষার স্থল; কিন্তু বস্তুতঃ সমস্তই ত' নিত্যানন্দের, তাঁরই সংসার। নিতাইএর হইয়া যাইতে পারিলে তখন সকল অবস্থায় সকল স্থানে সকলেরই সুবিধা হইয়া যায়। শরণাগত হইতে পারিলে আর কোন চিন্তা নাই। নিজের বল বা স্বতঃ চেষ্টা এবং অপরের বল বা চেষ্টার প্রতি ভরসা ছাড়িয়া নিতাইকে গোপ্তৃত্বে বা পালকত্বে বরণ করিতে হইবে।

সকলে নিত্যানন্দের হইয়া যান। তখন তাঁহার জিনিষের ভাবনা তিনি ভাবিবেন। কৃপা করা—রক্ষা করা—উহা'র কর্ম তাঁহার কাজ; আমাদের কাজ নিজেকে দিয়ে দেওয়া—বলি দেওয়া—শরণাগত হওয়া।"

গুরুবৈষ্ণব ছাড়া বিশ্বে প্রকৃত বান্ধব বা আপনার বলিতে আর কেহ নাই। বন্ধুহীন জীবন ভয়াবহ ও মৃত্যুসদৃশ। গুরুবৈষ্ণবে আপনজ্ঞান যাঁহার হয়, তিনিই সংসার বা মৃত্যুর হস্ত হইতে রক্ষা পান। তাই এই অধমাধম আজ নিরুপায় হইয়া শ্রীগুরুবৈষ্ণব-পাদপদ্মে কাতরভাবে কৃপাভিক্ষা করিতে করিতে তাঁহাদের শরণাগত হইবার জন্য আকাঙ্ক্ষা করিতেছে। তাঁহারা এই অযোগ্যকে অঙ্গীকার কৃপা করুন।

NOTICE.

The first annual General Meeting of the members of the Gaudiya Mission (Society registered under Act XXI of 1860) will be held at 8 A. M, on Thursday, the 13th March, 1941 (Gaur-Janmotsab day) at Sree Chaitanya Math, Sree Mayapur, Nadia.

All members are respectfully requested to be present.

The following subject will be taken up for consideration.

Agenda

1. Allegiance and Homage to Srila Acharyadev.
2. Report of the Governing Body.
3. Report regarding the Visva-Vaishnab-Raj Sabha.
4. Report regarding the Nabadwip-Dham-Pracharini-Sabha.
5. Accounts.
6. Appointment of Auditor.
7. Working of the Governing Body.
8. Byelaws and Regulations for the administration of the Society.
9. Any other subject that may be transacted at the Congregation.

Sree Gaudiya math,
P. o. Baghbazar Calcutta.
The 23. 1941

Sundarananda Vidyavinode.
Secretary,
THE GAUDIYA MISSION,

মেদিনীপুর শ্রীগৌড়ীয়মঠালয়ে শ্রীশ্রীব্যাসপূজা-মহোৎসব

গত ৪ঠা ফাল্গুন, ১৬ই ফেব্রুয়ারী রবিবার মেদিনীপুর সহরের [illegible] শ্রীগৌড়ীয়-মঠালয়ে গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য [illegible] পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিপ্রদীপ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে ও গৌড়ীয়বিগ্রহের পরিচর্য্যায় বিশেষ উৎসাহে শ্রীশ্রীব্যাসপূজা মহোৎসব সংকীর্ত্তনমুখে মহা-সমারোহের সহিত সম্পন্ন হইয়াছে।

উক্ত দিবস ব্রাহ্মমুহূর্ত্তে শ্রীশ্রীগুরু গৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীজীউর মঙ্গল আরাত্রিকের পর মঠসেবকগণ [illegible] শ্রীগুরুবৈষ্ণববন্দনা, [illegible], পঞ্চতত্ত্ব, উষঃকীর্ত্তন ও [illegible] কীর্ত্তনাদি করেন। [illegible] অধিকারীজী শ্রীচৈতন্য [illegible] করেন

বেলা ৭ ঘটিকায় [illegible] সংকীর্ত্তন [illegible] নগরসংকীর্ত্তন [illegible] হইয়া মেদিনীপুর সহরের [illegible], কর্ণেলগোলা, [illegible], শাহাজাদপুর, মুভাগঞ্জ, জগন্নাথমন্দির, পাটনাবাজার, [illegible], [illegible] প্রভৃতি স্থানসমূহ পরিভ্রমণ করিয়া বেলা ১০ ঘটিকায় শ্রীমঠালয়ে প্রত্যাবর্ত্তন করেন। মেদিনীপুরবাসী বহু সজ্জন-সাধারণ উক্ত শোভাযাত্রায় যোগদান করিয়াছিলেন।

অপরাহ্ণ ৫ ঘটিকায় শ্রীমঠালয়ের বিস্তৃত প্রাঙ্গণে একটী মহতী সভার অধিবেশন হয়। পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদের আলেখ্য একটি সুরম্য মঞ্চোপরি পুষ্পমালিকা দ্বারা সুসজ্জিত করা হয়। অতঃপর [illegible], [illegible] ও মহাজনপদাবলী কীর্ত্তন হইতে থাকে। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারী-জীউর সন্ধ্যারাত্রিক কীর্ত্তনাদির পর উপ-দেশক শ্রীপাদ মহাপুরুষদাস ভক্তিশাস্ত্রী প্রভু 'গৌড়ীয়' হইতে 'প্রভুপাদ' [illegible] পাঠ করেন ও শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী ভক্তি-শাস্ত্রী প্রভু গৌড়ীয় অষ্টাদশবর্ষ ব্যাসপূজা সংখ্যা হইতে 'গৌড়ীয়গণের পূজাই প্রকৃত ব্যাসপূজা' প্রবন্ধ পাঠ করেন।

অতঃপর শ্রীপাদ মহাপুরুষ প্রভু শ্রীব্যাস-পূজা তাৎপর্য্য সম্বন্ধে [illegible] প্রায় এক ঘণ্টাকাল বক্তৃতা করেন। তৎপরে শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় [illegible] নিত্য প্রয়োজনীয়তা সম্বন্ধে [illegible] গুরুর লক্ষণ, শিষ্যের লক্ষণ, গুরুকরণের আবশ্যকতা, অসদ্গুরু ও সদ্গুরু কাহাকে বলে, অসদ্গুরুর নিত্য-[illegible] [illegible] নিতান্ত সম্বন্ধে [illegible] প্রায় [illegible] বক্তৃতা প্রদান করেন। [illegible] ও প্রকৃত [illegible] বৈশিষ্ট্য সম্বন্ধেও এক কথা বলেন।

অতঃপর শ্রীপাদ পতিতপাবন দাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী শ্রীল প্রভুপাদের [illegible] এক কথা কীর্ত্তন করেন। তৎপরে মহাজনপদাবলী কীর্ত্তনান্তে সমাগত ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

তৎপরদিবস শ্রীমঠালয়ে নিত্যলীলা-প্রবিষ্ট শ্রীশ্রী [illegible] আবির্ভাব [illegible] মহোৎসব [illegible] কীর্ত্তনমুখে সম্পন্ন হইয়াছে। [illegible]

নিবেদন

শ্রীনবদ্বীপ-প্রকাশের গ্রাহকগণকে জানান যাইতেছে যে, তাঁহারা যেন নবদ্বীপ-প্রকাশের টাকা বা পত্রাদি শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী প্রভুর নামে পাঠান।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৮০১৫
সেবক—শ্রী[illegible] দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

অদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ [illegible]

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক শ্রীভগবানদাস ব্রজবাসী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধর মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌরপুর নদীয়া
সেবক—শ্রী[illegible] অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
[illegible] (... নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিনোদ

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁচড়াপাড়া, পোঃ [illegible] (নদীয়া),
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

শ্রীরাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীসুরেন্দ্রনাথ দাসাধিকারী

শ্রীমাধবগৌড়ীয়মঠ
বালিয়াটী, পোঃ [illegible], ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিনোদ অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিমোহন দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাগলাঝোরা রোড, দার্জ্জিলিং
সেবক—শ্রীরূপমোহন ব্রহ্মচারী

সারস্বত গৌড়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর পাটনা
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গণেশ, বেনারস সিটি
সেবক—শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলমণি ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
বিশ্রামপুর, বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক শ্রী[illegible] দাসাধিকারী

রাধাকুণ্ড গৌড়বাটী
সেবক—শ্রী[illegible]

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন মথুরা
সেবক—শ্রী[illegible] দাস

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণ, মথুরা।
সেবক—শ্রী[illegible] দাস

গৌরবিহারী মঠ
সেবাকুঞ্জ
পোঃ হোডাল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, [illegible] বিল্ডিং
নং বোম্বে ২৬
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ [illegible], মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

ভক্তিকুটি
স্বর্গদ্বার
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

লীলাকুটি
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

ভক্তি-গৌড়ীয়মঠ
পোঃ কুমারহাট পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
[illegible], পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-প্রচার-ভবন
পোঃ [illegible], পঞ্জাব
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

অমর্ষি-গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রণডীহা (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
[illegible], পোঃ [illegible] (মানভূম)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রী[illegible] ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২, ৫১, ভাইনরোড [illegible],
লণ্ডন, ডবলিউ ৫
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৬।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা।
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
আমিনাবাদ, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
[illegible], চট্টগ্রাম
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস,
বহরমপুর (পঞ্জাব)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ [illegible]

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

শ্রীনবজীবন
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীবনমালী গোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

-:০:-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	৷০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১৷০	১৷০	১৲
" " সিকি কলম	৫৲			৩৲
" " অর্দ্ধ কলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬৲	৩৷০
" সিকি কলম ১০৲	১২৲
" অর্দ্ধ কলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		
ষাণ্মাসিক	"	
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

-:০:-

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

-:০:-

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৮।০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ গবেষণাপূর্ণ ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি শাস্ত্রসমূহের বহু অধ্যায়ে বিভিন্ন ইহাতে বহু চিত্র (charts) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র দুই আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন, তাহা এই গ্রন্থে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে সম্প্রদায়ভেদে ভগবান মানবগণের সম্প্রদায়, সমন্বয় মহাজন, অবতার, একায়ন, ধর্ম্ম ও ভক্তসম্বন্ধে ব্যাখ্যা-বিবরণসমূহে গৌড় ও গাঙ্গেয় বিচার ও সম্প্রদায় প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবজাতির সাধারণ ধারণাসমূহ, ভক্তিসিদ্ধান্ত সর্ব্বসহকারে খণ্ডন প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয় সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভুর শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবেশিত হইয়াছে। এই গ্রন্থ 'ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর অধিকারী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যাবিনোদ মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নবকিশোর ভক্তিভূষণ, অধিকারী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার সংকল্পের পূর্ণ শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ সম্পাদকীয় পরিশ্রম প্রদর্শন করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে বৈশিষ্ট্য, অভিনবত্ব ও বৈচিত্র্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মূলশ্লোক তৎপরে শ্লোক অন্বয় গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গানুবাদ তাহা, অনুবাদ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে সন্নিবেশিত পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর আনন্দ লাভ করিতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে উত্তম কাভার বোর্ডে বাঁধান আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর অধিকারী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রী ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ, প্রতিশ্লোকে বিষয় নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও ব্যক্তি সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। [illegible] গৌড়ীয়বৈষ্ণবসমাজের এক অমূল্য রত্ন। ৪০। ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ২॥০ টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী কাব্যোপাখ্যান আকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের জীবনের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা [illegible] দাস এম্, এ, বি-এল, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেনের সময়-তালিকা

(হাওড়া হইতে)

আপ

কলিকাতা ছাঃ	৬-৫৬	৬-২২	৭ ১৫	১০	.৩ ১০	১৬-৫৩	১৭-৫০	৫০
দমদম	৪-৫৬	৬-৬	৭-২৮	১১	০ .৩ ১০			২২
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮ ১	৯ ১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-৫৮
(বদল) ছাঃ	৮ ২৮	৮-৬	৯ ৩১	১৩-৩৩	১৫ ৫	১৮-৪২	১৯-৩০	১-৩০
কৃষ্ণনগর পৌঃ	৭-২	৮-৪০	১০-৬	১৩-৫৪	১৫-৫১	১৯-১৬	২০-১৫	১-

(বদল) ছাঃ	৭-১০	১০-৩১	১৭-০৮	২০-৪০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৫৮	১০-৫৯	১৮-১০	২১-২০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১ ৭
দমদম "	১১ ১৮
রাণাঘাট পৌঃ	১২-৫৪
"	[illegible]
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩-৩০ (ছোট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৫

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	[illegible]	[illegible]	[illegible]			১৮-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪৯	[illegible]	১৪-	১৬	৯	১৯-১১

ছাঃ	৭-১০	৮ ৫৩	১১ ৫৭	১৪-১০	১৫ ৫১	১৯ ২২	২০-৫৬	১-০২	
রাণাঘাট পৌঃ	৮৪	৯-২৫	১২ ২৮	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১ ১৯	৪ ১০	
(বদল) ছাঃ	৭-৫৭	৯ ৩০	১২-৩৬	৫-৫৫	১৭ ৪২	২০-১১	২১-২৫	৪-১৮	
দমদম		১০-৮		১৭ ৩৬	১৯ ৯	২২-১৮	২৩ ৩		
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২৫	১৪-১৬	১৭-৫০	২২ ৫০	২৩-১৫	৬-১৬		

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৭, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১, টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত মধুসূদন বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। ঢাকা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈষ্ণবসার্ব্বভৌম মূর্ত্তিমান পরমহংসাবতার ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত সদস্য তথা দেশের সুধীমণ্ডলীর সহিত ও বহু বিখ্যাত মনীষিগণের সহিত যে সকল হরিকথা করিয়াছিলেন, তাহার শুদ্ধভক্তিসিদ্ধান্তগত সন্দর্ভসমূহ এই গ্রন্থে প্রকটিত হইয়াছে। শ্রীশ্রীরূপ সনাতনাদি গোস্বামিবর্গ ও তদনুগ সিদ্ধান্তাচার্য্যগণের প্রতিভূ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই অবশ্যপাঠ্য।

ভিক্ষা—৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা 'দৈনিক নদীয়া-প্রকাশ' ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

১৩৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়াছে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণ রোগীর মুমূর্ষু অবস্থায় প্রাণরক্ষার একমাত্র উপায়। [illegible] অদ্বিতীয়। লিভার, প্লীহা সংযুক্ত জ্বরাদির এবং নূতন পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আমাদের কথা সার্থক কি না। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৸০ আঠার আনা। প্যাকিং [illegible] স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
ষ্ট—শ্রীধাম শ্রীমায়াপুর

REGD. NO C. 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের পবিত্র স্থান প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

পঞ্চপ্রসূনমালা
—:০:—
শ্রীল প্রভুপাদের রচিত বিভিন্ন প্রবন্ধাবলী শ্রীশ্রীল আচার্য্যদেবের বিবৃতি "গৌরব" ভাষ্যসহ প্রকাশিত হইয়াছে। ইহাতে অনেক অমূল্য উপদেশ আছে। ভিক্ষা আট আনা।
প্রাপ্তিস্থান—
মধুর, প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সুন্দরভাবে উহাতে লিপিবদ্ধ হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই। ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৫শ] খণ্ড — মায়াপুর ১৩ই ফাল্গুন ১৩৪৭, ২৫শে ফেব্রুয়ারী ১৯৪১ মঙ্গলবার [২৯২তম সংখ্যা

নানা-সংবাদ

——::(০)::——

বল্কান সম্পর্কে তুরস্কের মনোভাব

"ম্যানচেষ্টার গার্ডিয়ান" পত্রিকার কূটনৈতিক সংবাদদাতা লিখিয়াছেন,—তুরস্ক তাহার বিভিন্ন প্রতিবেশী রাজ্যগুলির সহিত সম্প্রতি যে বুঝাপড়ার চেষ্টা করিতেছে, তাহা কতটা সাফল্যমণ্ডিত হইবে বলা যায় না। তবে আঙ্কারা হইতে প্রাপ্ত সংবাদে মনে হয় যে, এইরূপ একটা সহযোগিতার ব্যবস্থা করিতে পারিলে আশু বিপদ নিবারণ হইতে পারে বলিয়া সেখানকার কর্তৃপক্ষগণের ধারণা। এই সহযোগিতার চুক্তি অনেকটা পূর্বের বল্কান আঁতাতের অনুরূপ হইবে, তবে এইবার রুমানিয়ার বদলে বুলগেরিয়াকে অন্তর্ভুক্ত করা হইয়াছে। গ্রীস যে সর্বাগ্রে ইহাতে রাজী হইবে তাহাতে সন্দেহ নাই। বুলগেরিয়া সম্পর্কেই যাহা কিছু সংশয়। কারণ বুলগেরিয়ার সীমান্তে যে ভাবে জার্মান-সৈন্য মোতায়েন করা হইয়াছে এবং বুলগেরিয়ার সামরিক গুরুত্বপূর্ণ ঘাঁটিগুলি যে ভাবে জার্মান বিশেষজ্ঞগণের কর্তৃত্বাধীনে দিয়াছে তাহাতে বুলগেরিয়া কোন ব্যাপারে নিজের ইচ্ছা অনুযায়ী কাজ করিতে পারিবে কি না তাহা সন্দেহের বিষয়। তাহা ছাড়া বুলগেরিয়ার সামরিক কর্তৃপক্ষের মধ্যে এমন অনেকে আছেন যাঁহারা তুরস্কের সহিত একযোগে জার্মানীর বিরুদ্ধে অস্ত্রধারণ করা অপেক্ষা বরং জার্মানীর হইয়া তুরস্ককে আক্রমণ করিতেও দ্বিধা করিবে না। রাজনীতিকদের মধ্যে যাহারা জার্মানীর সমর্থক তাহারাও বলিতেছেন যে, একমাত্র জার্মানীর সহিত সহযোগিতা দ্বারাই বুলগেরিয়ার মাটি হইতে যুদ্ধকে দূরে রাখা সম্ভব। অবশ্য রাশিয়ার গতিবিধির উপরেও বুলগেরিয়ার আচরণ অনেকটা নির্ভর করিবে। কিন্তু রাশিয়া বুলগেরিয়ার জার্মানীর অধিকারে যাওয়াটা মনে মনে যতই অপছন্দ করুক, জার্মানীর সহিত প্রকাশ্যে বিবাদ বাধান অপেক্ষা চুপ করিয়া থাকাটাই বোধ হয় সে নিরাপদ মনে করিবে। সম্প্রতি তুরস্কের সহিত বুলগেরিয়া একটি অনাক্রমণমূলক চুক্তি করিয়াছে। কিন্তু উহার পশ্চাতে পূর্ব্বকথিত সম্মিলিত প্রচেষ্টার উদ্দেশ্য কতখানি আছে, তাহা বলা কঠিন।

ভারতের অস্ত্রাগার

জনৈক প্রত্যক্ষদর্শী বলেন,—ভারতবর্ষে বর্তমানে অতিশয় দ্রুতগতিতে যুদ্ধোপকরণ প্রস্তুত হইতেছে। ঐগুলিকে মজুত রাখিবার জন্য উপযুক্ত অস্ত্রাগার প্রয়োজন। এমন স্থানে অস্ত্রাগার নির্মাণ করিতে হইবে যেন তাহা শত্রুর আক্রমণ হইতে রক্ষা পাইতে পারে এবং প্রয়োজনানুসারে সহজেই সেখান হইতে যুদ্ধক্ষেত্রে অস্ত্র প্রেরণ করা চলে। ভারতবর্ষের সামরিক কর্তৃপক্ষ এই বিষয়ে বিশেষ তৎপর হইয়াছেন। সম্প্রতি ভারতবর্ষের কোনও এক স্থানে এমনই একটি অস্ত্রাগার দেখিবার সৌভাগ্য হইয়াছে যে, সেখানে অস্ত্র-শস্ত্র মজুত করিবার ও পাঠাইয়া দিবার যে সকল বৈজ্ঞানিক ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে, তাহা বিশেষ প্রশংসার্হ।

ভারত-সরকারের পূর্বপ্রকাশিত পরিকল্পনা অনুসারে ভারতবর্ষের কোনও এক স্থানে পার্বত্য অঞ্চলের মধ্যে এই বিরাট অস্ত্রনির্মাণ কারখানা ও অস্ত্রাগার তৈয়ারি হইতেছে। এক বৎসর পূর্বেও এই পার্বত্য অঞ্চলে দালানকোঠা বা চাষবাস কিছু ছিল না, কিন্তু আজ এইখানে ভারতবর্ষের বৃহত্তম ও আধুনিকতম অস্ত্রনির্মাণ কারখানা স্থাপিত হইয়াছে। কারখানাটি এখনও একেবারে সম্পূর্ণ হয় নাই, তবে ইতোমধ্যেই উহাতে কাজ আরম্ভ হইয়া গিয়াছে। যে দিকেই যাই, দেখি দালানের ভিত্তি খনন হইতেছে, রাস্তা তৈরী হইতেছে, কোথাও বা দালান অনেকটা গাঁথা হইয়া গিয়াছে। ২০ হাজার কুলি নাকি এই কাজের জন্য নিযুক্ত হইয়াছে।

অস্ত্রাগারে প্রবেশ করিবার পূর্বে কারখানার মাঝামাঝি এক উঁচু জায়গায় লইয়া যাওয়া হয়। এখান হইতে সমস্ত কারখানাটির একটা চমৎকার দৃশ্য পাওয়া যায়। পাহাড় এবং উপত্যকার বহুদূর পর্যন্ত এই অস্ত্রকারখানার সীমা বিস্তৃত, সবগুলি ১০ ফুট উঁচু রেলিং দিয়া ঘেরা হইয়াছে। কেহ যে বাহির হইতে চুপে চুপে ভিতরে ঢুকিয়া পড়িবে, তাহার জো নাই। দূরে দূরে পাহাড়ের উপর বহু পাহারার ঘাঁটি দেখা গেল। ঐগুলি হইতে অস্ত্রনির্মাণ কারখানাটির উপর দৃষ্টি রাখা চলে। অস্ত্রাগারগুলি পাহাড়ের গায়ে বেশ সুকৌশলে সাজানো। পাহাড় বড় হইয়া উঠিলে ঐগুলিকে আকাশ হইতে প্রায় দেখাই যাইবে না। শুনিলাম, এই অস্ত্রাগারগুলি এমনভাবে তৈয়ারী যে বোমা পড়িলেও উহাদের কোনও ক্ষতি করিতে পারিবে না। এগুলি হইতে অনেকটা দূরে অনেকগুলি ছোট ছোট দালান। এগুলিতে গোলাগুলি তৈয়ারি হইবে।

অস্ত্রাগার চতুর্দিকের বৃক্ষরাজি জঙ্গল করিয়া আগুন লাগিবার সম্ভাবনা কমান হইল। কয়েক শত গজ অর্থাৎ বহু দূর পর্যন্ত থামিয়া গেল শুনিলাম, কারখানায় দমকলের যে ব্যাপক ব্যবস্থা করা হইয়াছে, আমাকে তাহার পরিচয় দিবার জন্যই সঙ্কেতধ্বনি করা হইয়াছে। দালানের ভিতরকার তাপ একটা নির্দিষ্ট মাত্রার উপরে গেলে আপনা হইতে সঙ্কেতধ্বনি হয় এবং সঙ্গে সঙ্গে তাপ হ্রাসের ব্যবস্থাও আছে।

অতঃপর আমি একটি অস্ত্রাগারের অভ্যন্তরে নীত হইলাম। ইস্পাতের মত একটা দরজা পার হইয়া ভিতরে ঢুকিলাম কংক্রিটের মস্ত বিশাল কক্ষ; চতুর্দিকের দেওয়াল ধবধবে সাদা—উজ্জ্বল আলোকে চতুর্দিক উদ্ভাসিত। যে দিকেই তাকাই দেখি কেবল স্তূপ স্তূপ এরোপ্লেনের বোমা থাকে থাকে সাজান রহিয়াছে। এইগুলির অধিকাংশই মারাত্মক রকম শক্তিশালী। শুনিলাম, বিভিন্ন অস্ত্রাগারগুলিতে বিভিন্ন প্রকারের অসংখ্য বস্তু আছে। প্রত্যেকটির মধ্যে গাড়ী যাইবার জন্য রেললাইন আছে এবং মালগাড়ী আসিয়া ঐ কামরা হইতে মাল বোঝাই করিয়া ...... লাইনের সঙ্গে ...... যোগ রাখিয়া প্রতিষ্ঠিত আছে।

ভারতবর্ষের ...... অগ্রসর হইতেছে, এখানে ...... বিষয়ে আর কোনও সন্দেহ থাকে না।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক বিশালীলা প্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভব আচার্য্য, এম্ এ মহোদয়ের শ্রৌতপন্থাবলম্বনে এবং পরিণত লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট্ গবেষণাপূর্ণ অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দার্শনিক দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩টী অধ্যায়ে সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থ শেষভাগে বর্ণানুক্রমে সংস্কৃত শব্দার্থ সূচীপত্র (Index Glossary) সহ প্রথম প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয় মঠ রায়পেট্টা, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্য কর্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে গ্রথিত ও শ্রীপাদ রাঘবেন্দ্র যতি-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য সমেত মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'গীতি'টীকা, বিষয়ের আলোচ্য ভূমিকা ও সূচীসহ অদ্ভুতপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয়-মিশন কর্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা,
শ্রীযুক্ত সুশীলরঞ্জন দাস এম-এ, বি-এল্,
পুরাণাপল্টন, পোঃ রমণা, ঢাকা।

শ্রীব্রজমণ্ডলপরিক্রমা (১ম খণ্ড)

শ্রীমথুরা হইতে রাধাকুণ্ড পর্য্যন্ত এই খণ্ডের পরিক্রমা-বিবরণ প্রকাশিত এবং কয়েকটী দুষ্প্রাপ্য চিত্র, স্থান, পাত্র ও বিবরণসূচী সংযোজিত হইয়াছে। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের লিখিত সংক্ষিপ্ত ভূমিকা-সংযুক্ত। ভিক্ষা ৸০

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী,
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভারতবর্ষ ও ভক্তিপথ

দৈবাদৈববর্ণাশ্রম সম্বন্ধে ভারতীয় বিচারপ্রণালী এবং শ্রীচৈতন্যদেবের বর্ণাশ্রম বিষয়ক সিদ্ধান্ত সম্বন্ধে যে সকল ভ্রান্তমত আধুনিক সমাজকে গ্রাস করিয়াছে, তাহার শাস্ত্রযুক্তিপূর্ণ সমালোচনা হইয়াছে। যথার্থ দৈববর্ণাশ্রমের স্বরূপ ও তৎসম্বন্ধে শ্রীচৈতন্যদেবের প্রকৃত সিদ্ধান্ত এই গ্রন্থে সুস্পষ্টভাবে ব্যক্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১।	শ্রীমদ্ভাগবত (সমগ্র)	৪০৲
	প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত—	২৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২।	ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা)	৬৲
৩।	ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত	৬৲
৪।	সরস্বতী জয়শ্রী (অবাঁধা)	৪৲
৫।	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী ১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—৲; ৩য় খণ্ড—৸০	
৭।	শ্রীচৈতন্যদেব	১।০
৮।	সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা	
৯।	বৈষ্ণবধর্ম্ম	
১০।	গৌড়ীয়-কণ্ঠহার	
১১।	শ্রীচৈতন্য শিক্ষামৃত	২৲
১২।	শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪।	সাধক-কণ্ঠমালা (দ্বিতীয়-সংস্করণ)	॥০
১৫।	বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব	।০
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	
১৭।	চৈতন্যোপনিষদ্	
১৮।	[illegible]	॥০
১৯।	তত্ত্ববিবেক	।০
২০।	গৌড়ীয়-গৌরব	।৵০
২১।	গৌড়ীয়সাহিত্য	।৵০
২২।	ভজন রহস্য	॥০
২৩।	শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)	১৲
২৪।	গীতা (বলদেব-টীকা সহ)	১৲
২৫।	গীতা (চক্রবর্ত্তী টীকাসহ)	১৲
২৬।	গীতা কেবল মাত্র ভাষা	॥০
২৭।	[illegible] (সানুবাদ)	২৲
২৮।	[illegible] (সানুবাদ)	।০
২৯।	প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ।৵০ বাঁধা ৸০)	
৩০।	দীন-দিগ্দর্শিনী	৶
৩১।	সাধনপথ (তৃতীয় সংস্করণ)	৶
৩২।	গোস্বামী শ্রীরঘুনাথ দাস	॥০
৩৩।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
৩৪।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা)	৶০
৩৫।	গীতমালা	৴১০
৩৬।	নবদ্বীপধাম-মাহাত্ম্য (ছোট)	৶০
৩৭।	ঐ প্রমাণ খণ্ড	৶০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।০
৩৯।	শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ	।০
৪০	শরণাগতি	৶০
৪১।	গীতাবলী	৴১০
৪২।	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸০
৪৩।	শ্রীভক্তিরত্নাকর (১ম খণ্ড)	॥০
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	৴১০
৪৫।	নবদ্বীপশতক	৴১০
৪৬।	অর্থপঞ্চক	৴১০
৪৭।	সদাচারস্মৃতিঃ	৴১০
৪৮।	কল্যাণকল্পক	৴১০
৪৯।	অর্চ্চনকণ	১১
৫০।	বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (চারিখণ্ড একত্রে)	৬৲
৫১।	ব্রহ্মসংহিতা	॥০
৫২।	মণিমঞ্জরী (সানুবাদ)	।০
৫৩।	গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪।	পুরুষার্থ বিনির্ণয়	।০
৫৫।	[illegible]	।০
৫৬।	ভারতবর্ষ ও ভক্তিপথ	৶০
৫৭।	ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ)	।০
৫৮।	[illegible]	৶০
৫৯	সিদ্ধান্তদর্পণ	৴০
৬০।	সাংখ্যবাণী	৴০
৬১।	শ্রীচৈতন্যমঙ্গল	২॥০
৬২।	[illegible]	৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩।	শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	॥০
৬৪।	সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ	।০
৬৫।	সটীক শিক্ষাষ্টকম্	।০
৬৬।	তত্ত্বসূত্রম্	।০
৬৭।	সানুবাদ শিক্ষাষ্টকম্	৶০
৬৮।	গৌড়ীয়মঠস্য পাঠক্রমঃ	৴০
৬৯।	সারার্থবর্ষিণম্	৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০।	রায় রাম নন্দ	।০
৭১।	এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত	।০
৭২।	নাম ভজন	৴০
৭৩।	বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অণ্টোলজী	।০
৭৪।	রিলেটিভ ওয়ার্ল্ডস্	।৵০
৭৫।	লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্য মহাপ্রভু	।০
৭৬।	বৈষ্ণবীজম্	।০
৭৭।	হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং	৴০
৭৮।	দি ভাগবত	।০
৭৯।	[illegible]	।০
৮০।	ব্রহ্মসংহিতা	।০
৮১।	শ্রীমদ্ভগবদ্গীতা	২৲
৮২।	শ্রীচৈতন্যমহাপ্রভু	৫
৮৩।	শ্রীকৃষ্ণচৈতন্য	১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪।	শ্রীহরিনামচিন্তামণি	৸০
৮৫।	সাধনপথ	।০
৮৬।	কল্যাণকল্পতরু	৴১০
৮৭।	গীতাবলী	৴১০
৮৮।	শরণাগতি	৴০
৮৯।	[illegible]	।৵০
৯০।	শ্রীগৌড়ীয়বাণী	।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১।	শরণাগতি	

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ | ১০ গোবিন্দ ৪৫৪ গৌরাব্দ ১৩ই ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৭, ২৫শে ফেব্রুয়ারী ইং ১৯৪১, মঙ্গলবার | [illegible]

শ্রীভক্তিসিদ্ধান্তে শ্রীভক্তিবিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থাবলী-সমূহের তাৎপর্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দর রূপের প্রকাশিত হইয়াছে ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৮০ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও গীতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৮০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বিভিন্নমঠে শ্রীশ্রীব্যাসপূজা-মহোৎসব

মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠে

গৌড়ীয়বৈষ্ণবাচার্যবর্য্য পরমারাধ্যতম পতিতপাবন ওঁবিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে গত ১৬ই ফেব্রুয়ারী রবিবার দিবস শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম শাখা মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠে নিত্যলীলা-প্রবিষ্ট জগদ্গুরু ওঁবিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সপ্তষষ্টিতম লোকপাবনী আবির্ভাব-তিথি হরি-সংকীর্তনমুখে উদ্‌যাপিত হইয়াছেন।

ঐ দিবস শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্বিকাগিরিধারী-জীউর মঙ্গলারাত্রিকের পর হরিগুরুবৈষ্ণব-বন্দনা,'শ্রীগুরুপরম্পরা','পঞ্চতত্ত্ব', 'গুরুদেব! কৃপাবিন্দু দিয়া কর এই দাসে তৃণাপেক্ষা অতি হীন,' 'ওহে! বৈষ্ণব-ঠাকুর দয়ার সাগর' ও 'দুষ্ট মন তুমি কিসের বৈষ্ণব'প্রভৃতি মহাজনপদাবলী কীর্তনের পর শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীবাস-অঙ্গনে শ্রীশ্রীব্যাসপূজা প্রসঙ্গ পাঠ হয়।

শ্রীশ্রীল প্রভুপাদের সুবৃহৎ আলেখ্যার্চা শ্রীসংকীর্তন হলে উচ্চ-মঞ্চোপরি বিচিত্র-বর্ণের বস্ত্র ও মাল্যাদির দ্বারা সুসজ্জিত করা হয়। বেলা প্রায় ৯১ ঘটিকার সময় পুনরায় শ্রীহরিগুরুবৈষ্ণবগণের জয়ধ্বনি ও বন্দনার পর 'শ্রীগুরুচরণপদ্ম কেবল ভকতি-সদ্ম' ও 'পঞ্চতত্ত্ব' কীর্তনের পর সেবকগণ শ্রীশ্রীল প্রভুপাদের বন্দনা-কীর্তন সহযোগে তাঁহার আলেখ্যার্চার শ্রীপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করেন। তৎপরে কীর্তন-মুখে শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীবিগ্রহগণের ভোগারাত্রিক সম্পন্ন হয়। তৎপর আহূত প্রবাসু সজ্জনগণকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। পরে বেলা ৩ ঘটিকা হইতে সন্ধ্যা রাত্রিকের পূর্ব পর্য্যন্ত শ্রীশ্রীল প্রভুপাদের পত্রাবলী প্রথম হইতে পারায়ণ হইতে থাকে। অতঃপর শঙ্খ-ঘন্টা-খোল-করতাল ও কীর্তন-সংযোগে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারীজীউর সন্ধ্যারাত্রিক সম্পন্ন হয়। পরে হরিগুরুবৈষ্ণববন্দনা, গুর্বষ্টক, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্তন হইলে পর শ্রীশ্রীল প্রভুপাদের পত্রাবলী পারায়ণ সমাপ্ত হয়। পরে মহামন্ত্র কীর্তন হয়।

শ্রীপরমহংসমঠে

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা নৈমিষারণ্যস্থ শ্রীপরমহংসমঠে শ্রীশ্রীব্যাসপূজা-মহোৎসব পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে হরিকীর্তনমুখে সম্পন্ন হইয়াছে। উৎসবোপলক্ষে ঐ দিবস ভক্তগণ মঙ্গলারাত্রিক-কীর্তনান্তে গুরুবন্দনা, গুর্বষ্টক, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব ও কৃপাপ্রার্থনাসূচক বিভিন্ন মহাজন-পদাবলী কীর্তন করেন। পরে শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীবাসঅঙ্গনে শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর ব্যাসপূজা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা হয়। অতঃপর শ্রীমন্দির পরিক্রমান্তে বেলা ১২ ঘটিকা পর্য্যন্ত শ্রীচৈতন্যভাগবত পাঠ হয়। মধ্যাহ্নে ভোগারাত্রিক-কীর্তনান্তে সমাগত ভক্তবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। দ্বিপ্রহরে ইষ্টগোষ্ঠীমুখে ১৭শ খণ্ড গৌড়ীয় হইতে 'শ্রীশ্রীব্যাসপূজা'-প্রবন্ধ পাঠ ও ব্যাখ্যা হয়। বেলা ৪ ঘটিকার পর ভক্তগণ গোমতী-তীরে শ্রীশ্রীব্যাসদেবের পাদপীঠে গমনপূর্বক গুরুবন্দনা, গুর্বষ্টক, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব ও বিভিন্ন মহাজন-পদাবলী কীর্তনান্তে শ্রীব্যাসদেবের মন্দির পরিক্রমা করেন। তথা হইতে ভক্তগণ শ্রীসূত গোস্বামি পাদপীঠে গমনপূর্বক তাঁহার স্তববন্দনা কীর্তন করেন।

সন্ধ্যারাত্রিকের পর [illegible] হয়। তৎপরে গুরুবন্দনা, গুর্বষ্টক, পঞ্চতত্ত্ব, 'নিতাইপদ-কমল' [illegible] কীর্তনান্তে গৌড়ীয় হইতে শ্রীল প্রভুপাদের হরিকথা আলোচিত হয়। [illegible] শ্রী [illegible] সুধাকর প্রভুর বিরহ-মহোৎসব উপলক্ষে [illegible] করেন।

শ্রীনিত্যানিধি-গৌড়ীয়মঠে

পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে গত ৮ই ফাল্গুন রবিবার-দিবস চট্টগ্রামস্থ শ্রীনিত্যানিধি-গৌড়ীয় মঠে সংকীর্তনমুখে শ্রীশ্রীব্যাসপূজা [illegible] সম্পন্ন হইয়াছে।

উক্ত দিবস মঙ্গলারাত্রিকের পর 'শ্রীগুরুচরণপদ্ম', গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব, 'গুরুদেব কৃপাবিন্দু দিয়া' প্রভৃতি [illegible] কীর্তনান্তে শ্রীচৈতন্যভাগবত হইতে [illegible] শ্রীশ্রীব্যাসপূজা [illegible] পাঠ ও ব্যাখ্যা হয়। বেলা ৯ ঘটিকা হইতে [illegible] পাঠ আরম্ভ হইয়া [illegible] চলিতে থাকে। [illegible] পাদপদ্মে অঞ্জলি-প্রদান [illegible] শ্রীমহাপ্রসাদ [illegible] ১ ঘটিকা হইতে আরম্ভ [illegible] সংখ্যা নদীয়াপ্রকাশ [illegible] ও শ্রীশ্রীল প্রভুপাদের [illegible] "শ্রীশ্রীব্যাসপূজার প্রতিসম্ভাষণ" [illegible] পাঠ হয়।

[illegible] 'নিতাইপদ কমল', [illegible] প্রভৃতি কীর্তনান্তে ১৮শ বর্ষ গৌড়ীয় [illegible]

কটকে

[illegible] শ্রীশ্রীল [illegible] পুষ্পাঞ্জলি [illegible] শ্রীশ্রীল [illegible] করেন। [illegible] মহাজন [illegible] প্রদান করা হয়। [illegible] সমাপ্ত [illegible] প্রভুপাদের [illegible]

আনুগত্যে কৃষ্ণভক্ত্যে শ্রদ্ধা যাঁর হয়।' তাঁহাকেই 'প্রেম' হয় সংসার যাঁর ক্ষয়॥

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ পৌষিক বাবু, পঞ্চম পৌষার ৫৫৪

হরিকথা-প্রসঙ্গ

——::(১)::——

যতক্ষণ বহির্ভাব দর্শন, ততক্ষণ তাঁহার প্রতি দয়াই কর্তব্য, আর সুদর্শনে সেবাই কৃত্য। মহাভাগবতের গো-গর্দ্ধভ-শ্বপাক সর্বত্র সম বা বৈষ্ণবদর্শন। তিনি সকলকেই ভগবৎসেবক জানিয়া—বৈষ্ণব জানিয়া সেবা করিতে ব্যস্ত। এই সুদর্শনের অনুকরণ না করিয়া অনুসরণ করিতে হইবে—ইহাকেই আদর্শ করিতে হইবে।

হরিভক্তবৈষ্ণবের সেবার কথা এবং বদ্ধজীবে দয়া করার কথা শাস্ত্রে দেখিতে পাই। মধ্যমাধিকারী ভক্তাধিকারী বৈষ্ণবের সেবা করিবেন, তাঁহার সুখ-সাধনার্থ শুশ্রূষা করিবেন। বদ্ধজীবের ইন্দ্রিয়তর্পণ করিতে যাইবেন না, তাহাতে নিজের বা পরের কাহারও নিত্য-উপকার বা মঙ্গল হইবে না। সদজ্ঞানের সহিত আত্মার নিত্যা বৃত্তি যে সেবা, উহার একমাত্র পাত্র—শ্রীহরি, শ্রীগুরু ও শ্রীবৈষ্ণব অর্থাৎ নিত্যসিদ্ধ বৈষ্ণব ভগবৎস্বরূপ ও ভক্ত-বৈষ্ণব—জীব বা প্রধান নহে। অজ্ঞ বিস্মৃতির জন্য বা দেহাত্মবুদ্ধি-নিবন্ধন দেহ ও মনের দ্বারা যে সেবা, উহা জড়েন্দ্রিয়তর্পণমূলক ভোগেরই নামান্তর; উহার পাত্র—ভগবান্ না ভক্তগণ। তবে বিমুখ বদ্ধজীব এবং প্রধান, তত্ত্বজ্ঞ বৈকুণ্ঠের নহেন। তাদৃশ কৃষ্ণ-বিমুখ জীবগণকে কৃষ্ণোন্মুখীকরণই তাঁহাদের প্রতি পরমদয়া।

কনিষ্ঠাধিকারী বা কোমলশ্রদ্ধ শ্রীমূর্ত্তির উপাসনা প্রকৃত প্রস্তাবে বুঝিতে পারেন না। শ্রীমূর্ত্তিতে তাঁহার প্রাকৃতবুদ্ধি সম্পূর্ণ যায় না। তিনি বৈষ্ণবের প্রকৃত তত্ত্ব ও মহিমা অবগত নহেন। এইজন্য মধ্যমাধিকারী কোমলশ্রদ্ধকে শুদ্ধবৈষ্ণবের সঙ্গ করিবার জন্য বলেন। বৈষ্ণবসঙ্গ ব্যতীত কখনও মানবের নিত্য বাস্তব চরম মঙ্গল হইতে পারে না বা শ্রীমূর্ত্তির যথার্থ পূজা হয় না। অধোক্ষজের সেবা দ্বারাই আত্মা একমাত্র সুপ্রসন্ন হন। মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তিগণ সত্য সত্য Living Source হইতে পরমার্থের কথা শ্রবণ করিলেন, তাহা হইলে তাঁহাদের নিত্য বাস্তব চরম মঙ্গল হইবে। নতুবা তাঁহারা প্রতিপদক্ষেপে বিপথগামী হইতে পারেন।

সর্ব্বজীবপ্রভু শ্রীভগবান্ই জীবকুলকে মঙ্গল করিতেছেন, এই শরণাগতিমূলক বিশ্বাস-বাহিত্যের নামই বাস্তব বা অদ্বয়জ্ঞান। এই বিষয়ে যাঁহার হৃদয়ে যত বেশী ব্যাঘাত করিয়াছে, তিনি ততই ভগবৎকৃপা হইতে বঞ্চিত হইয়াছেন। শ্রীভগবান্ শ্রীমদ্ভাগবত ও ভক্তভাগবতরূপে জীবের ত্রিতাপ-ক্লেশ নিবারণের যে সকল উপায় উদ্ভাবন করিয়াছেন, তাহা স্বীকার না করিয়া জীবগণ যতই স্বকপোলকল্পনা সহকারে পন্থান্তরে প্রবৃত্ত হইতেছেন, ততই মায়া আসিয়া তাঁহাদিগকে আরও পীড়া প্রদান করিতেছেন।

যে সকল জীব ভগবান্ ও তাঁহার ভক্তকেই একমাত্র বিপদ্ধারণ বান্ধবজ্ঞানে তাঁহাদের পাদপদ্মে শরণাগত স্বীকারপূর্ব্বক তাঁহাদের প্রদত্ত ব্যবস্থা অবনতমস্তকে মানিয়া চলিতেছেন, তাঁহারাই ক্লেশমুক্ত হইতেছেন। কিন্তু যাঁহারা সেই বান্ধবের বিশ্বাস স্থাপন করিবার বৈর্য্যধারণ করিতে না পারিয়া নিজেরাই মঙ্গলামঙ্গলের নির্ণয় বা দুঃখনিবারণের ভার লইতেছেন, তাঁহারা দুঃখমুক্ত হ— দূরের কথা, আরও গভীর দুঃখগ্রস্ত হইতেছেন, এক দুঃখ দূর করিতে যাওয়ায় শত সহস্র দুঃখ আসিয়া তাঁহাদিগকে বিপর্য্যস্ত করিতেছে। ইহারই নাম আরোহপন্থা। এই সর্ব্বনাশকর পন্থানুসরণে জীবগণ অহঙ্কার-বিমূঢ় হইয়া প্রকৃতির গুণদ্বারা ক্রিয়মাণ সমস্ত কার্য্যকেই 'আমার কার্য্য' জ্ঞানে 'আমি কর্ত্তা' এই অভিমান করিতেছে। ইহাতে সর্ব্বেশ্বর কর্ত্তা ও ভোক্তা ভগবান্‌কে যে অগ্রাহ্য করা হয়, তাহা প্রাণহীন আমরা কিছুতেই বুঝিব না। এমনই দৈন্য!

কৃষ্ণবহির্ম্মুখতা দিন দিন যত বেশী বাড়িতেছে জীবের অস্থবিধাও তত বেশী হইতেছে। সুতরাং সেই মূল-অসুবিধা কৃষ্ণবহির্ম্মুখতা দূর না হইলে অর্থাৎ কৃষ্ণ পাদপদ্মে প্রপত্তি স্বীকারপূর্ব্বক কৃষ্ণসেবোন্মুখ না হইলে জগতের কোন অসুবিধাই দূর হইবে না। হরিকথার সু-বহুল প্রচার হইতে জগজ্জীবের সর্ব্বপ্রকার অনর্থ দূরীভূত হইবে। হরিকথাতে সর্ব্বজীবের সর্ব্বমঙ্গল নিহিত। হরিকথা-শ্রবণ হইতেই জীবের সর্ব্বনাশের মূল যে অবিদ্যা, তাহা বিনষ্ট হয়। তখন জীব শুদ্ধনামকীর্ত্তনফলে কৃষ্ণপ্রেমধন-লাভের অধিকারী হন। কৃষ্ণ যাঁহার কর্ণে শব্দব্রহ্মরূপে উদিত হইয়া নাম স্বরূপে কীর্ত্তিত হন, তাঁহার হৃদয়ে মায়িক ভোগপর অবিশ্বাসমূহ কিছুতেই অবস্থান করিতে পারে না। কারণ হৃদয়েই জীবের ভোগবাসনা হয় আবার ভোগ-বাসনা হইতেই অনর্থ অসুবিধার সৃষ্টি। কিন্তু কৃষ্ণনাম শ্রবণ কীর্ত্তন দ্বারা সেবিত হইলে নামী কৃষ্ণ স্বপ্রকাশ চৈতন্যস্বরূপে উদিত হইয়া জীবহৃদয়ের সমুদয় পাপবাসনা সমূলে বিনষ্ট করেন। অহর্নিশ কৃষ্ণকীর্ত্তনেই সকলের সদ্ব্যবহার হয়। জগতে কৃষ্ণকথা-শ্রবণ-কীর্ত্তনের প্রচুর আয়োজন হউক তাহা হইলেই বিশ্বের মঙ্গল হইবে।

শ্রীকৃষ্ণপাদপদ্মসেবাই মানবজীবনের একমাত্র উদ্দেশ্য—এই কথাটী যতদিন আমরা প্রকৃষ্টরূপে উপলব্ধি করিতে না পারিব, ততদিন পর্য্যন্ত সাধুসঙ্গে ভগবৎকথা-শ্রবণ, সাধুর শ্রীমুখোক্ত উপদেশের কীর্ত্তন, সাধুর নির্দ্দিষ্ট শাস্ত্রসমূহের পঠন, পাঠন ও সাধু-সেবাদি কোন ব্যাপারেই আমাদের আন্তরিক স্পৃহা বা উৎসাহ থাকা সম্ভব নহে। শ্রবণ-কীর্ত্তনাদি ভক্ত্যঙ্গানুষ্ঠানে আমরা বাহিরে যতই আন্তরিকতা প্রদর্শন করি না কেন, অনিত্য জগতের অনিত্য দেহ ও মনোধর্ম-সম্বন্ধীয় ব্যাপারে আগ্রহ থাকায় আমাদের সে আন্তরিকতার কপটতা স্বতঃই প্রমাণিত হইয়া পড়ে। যিনি পশ্চিমদিকে মুখ করিয়া দাঁড়াইয়াছেন, তিনি কেমন করিয়া ঠিক সেই সময় পূর্ব্বদিকে মুখ করিয়া দাঁড়াইতে পারেন? একই সময়ে উভয়দিকে দৃষ্টিপাত যেমন এক ব্যক্তির পক্ষে অসম্ভব, একটী না একটী দিক্ পশ্চাতে পড়িবেই, সেইরূপ কৃষ্ণেতরবিষয়ে অভিনিবেশ থাকা অবস্থায় কৃষ্ণবিষয়ে অভিনিবিষ্ট হওয়া কখনই সম্ভবপর হয় না। কৃষ্ণবিষয়ে অভিনিবিষ্ট হইতে হইলে কৃষ্ণেতরবিষয়ে অভিনিবেশ সম্পূর্ণরূপে পরিত্যাগ করিতে হইবে। তাহা হইলে জীব কৃষ্ণকৃপালাভে সমর্থ হইবে।

কৃষ্ণসেবাকেই জীবনের মুখ্য উদ্দেশ্য বলিয়া যাঁহারা স্থির করিয়াছেন, কৃষ্ণকথা-শ্রবণকীর্ত্তনাদি-বিষয়ে তাঁহাদেরই ঐকান্তিকী নিষ্ঠা দেখা যায়, তখন আর জীবের কৃষ্ণসেবায় শৈথিল্য থাকে না। অগ্নিকুণ্ডের মধ্যে থাকিয়া অগ্নিজ্বালা হইতে নিষ্কৃতি লাভের চেষ্টা যেমন নিরর্থক, সেইরূপ দ্বিতীয় বস্তু যে মায়া, সেই মায়াতে অভিনিবিষ্ট থাকা অবস্থায় ভবভয়, শোক ও মোহ হইতে ত্রাণ পাইবার চেষ্টাও সেইরূপ অসম্ভব। শ্রীভগবৎপাদপদ্মই আমাদের প্রাপ্য হইতে হইবে—এইরূপ ব্যবসায়াত্মিকাবুদ্ধি হৃদয়ে স্থান পাইলেই মায়িক জগতের যাবতীয় অভাব-অসুবিধা অমঙ্গলের সেই ভগবৎপ্রপত্তির অন্তর্ভুক্ত হইয়া পড়ে। কৃষ্ণকেও চাই, আবার মায়াকেও সন্তুষ্ট রাখিতে চাই, কৃষ্ণসুখও চাই আবার নিজসুখও চাই, এরূপ হয় না। এইরূপ চিত্তবৃত্তিতে নিজের ইন্দ্রিয়সুখ হইতে পারে কিন্তু কৃষ্ণকার্য্যের সুসম্বিধান হইবে না। আমাদের মঙ্গল হইতেছে না, আমরা ভক্তিপথে অগ্রসর হইতে পারিতেছি না এইরূপ কথা অনেকেই অনেক সময় বলিয়া থাকেন। ইহার কারণ-অনুসন্ধানে জানা যায়, কৃষ্ণসেবাকে আমরা জীবনের মুখ্য উদ্দেশ্য করিতে পারি না বলিয়াই বহুকাল ধরিয়া কৃষ্ণকথা-শ্রবণ-কীর্ত্তন করিয়াও কিছুমাত্র লাভবান্ হইতে পারি না। বরং জড়বিষয়াসক্তিই উত্তরোত্তর বৃদ্ধি পাইতে থাকে। নতুবা কৃষ্ণকেই যদি আমাদের একমাত্র ভজনীয় বস্তু বলিয়া জানি, তাহা হইলে তাঁহার সেবা ব্যতীত অন্য কর্ত্তব্য আমাদের মনের মধ্যে উদিত হইবে কি প্রকারে? কেন? কৃষ্ণ ও কৃষ্ণপ্রেষ্ঠ ভক্তদেবের যাহাতে প্রীতি, তাহাতে আমার প্রীতি হয় না কেন? গৌড়ায় গলদ্ রাখিয়া যত কিছুই করি না কেন, সে সবই যেন ভক্তদেবের প্রতি উপহাস-মাত্রে পর্য্যবসিত হয়। সেইজন্যই আমাদের মঙ্গল হয় না।

অধিকার-লঙ্ঘন ভীষণ অপরাধ

[শ্রীউপেন্দ্রনাথমণি ভক্তিশাস্ত্রী বি.এ]

অনধিকারচর্চ্চা করা উচিত নহে, ইহা কোন আত্মহিতকামী ব্যক্তি অস্বীকার করিতে পারেন না। বুদ্ধিমান্দ্যরোগে পীড়িত ব্যক্তিগণ অনধিকারচর্চ্চাতে আনন্দ বোধ করে। যতই তাহাদিগকে অনধিকারচর্চ্চা করিতে নিষেধ করা যায়, ততই তাহাদের অনধিকারচর্চ্চা করিবার উত্তেজনা বৃদ্ধিপ্রাপ্ত হয়। মস্তিষ্ক-বিকৃত পাগল যেমন বুঝিতে পারে না যে, সে রোগগ্রস্ত, সেরূপ অনধিকারচর্চ্চাকারীও নিজের বুদ্ধিহীনতা বা মূর্খতা বুঝিতে পারে না, বরং অনধিকারচর্চ্চা করাই বুদ্ধিমত্তার পরাকাষ্ঠা বলিয়া দম্ভ করিয়া থাকে। যথা অধিকারে অবস্থান করা ইহাদের নিকট মূর্খতা, দুর্ব্বলতা ও অসভ্যতার পরিচায়ক বলিয়া মনে হয়। ইহারা বলিতে কোন প্রকার লজ্জা বা দ্বিধাবোধ করে না যে, যিনি যত বেশী অধিকার লঙ্ঘন করিয়া অনধিকারচর্চ্চা করেন, তিনি তত বুদ্ধিমান্, বীর ও আধুনিক সভ্য। অনধিকারচর্চ্চাকারী ব্যক্তিগণ নিজদিগকে স্বাধীন বলিয়া গর্ব্ব করিয়া থাকেন, আর যাঁহারা অধিকার লঙ্ঘন করেন না, তাঁহাদিগকে পরাধীন বলিয়া ঘৃণা করিয়া থাকেন

ভবরোগের চিকিৎসক সুবিজ্ঞ সাধু-বৈদ্যগণ কৃপাপূর্ব্বক জানাইয়া দেন, অবিদ্যা বা অনধিকারচর্চ্চা করার প্রবৃত্তিই ভবরোগের মূলকারণ। জীব যে অবিদ্যা দ্বারা আবৃত হইয়া সংক্লেশ-নিকরে আবদ্ধ হইয়াছে, তাহার মূলে 'অনধিকারচর্চ্চা'। অনধিকারচর্চ্চা করার প্রবৃত্তিই অবিদ্যা। সুবিজ্ঞ সাধু-বৈদ্যগণ এই অনধিকারচর্চ্চা করার প্রবৃত্তির মূল-কারণ নির্দ্দেশ করিয়া দিয়াছেন। তাঁহারা কৃপা করিয়া জানাইয়াছেন যে, 'কৃষ্ণ-বিমুখতাই' এই অনধিকারচর্চ্চা-প্রবৃত্তিরূপ ব্যাধির মূলকারণ। সাধুবৈদ্যগণ বলেন, যে, 'হরিবিমুখতাই' সর্ব্বমূল-ব্যাধি ও ইহাই অধমতম অপরাধ। সাধুবৈদ্যগণ বলেন, শ্রীকৃষ্ণই সকল জীবের একমাত্র প্রভু ও পতি। জীব কৃষ্ণ নহে—জীব কৃষ্ণের দাস ও ভোগ্য। নিত্যপ্রভু ও নিত্যপতি কৃষ্ণকে ভুলিয়া যাওয়াই অধিকারলঙ্ঘনরূপ ভয়ানক অপরাধ।

—"জনার আরাধন।" জিতেন্দ্রিয়েহে ভজ দিয়া তাঁহার চরণ

জীব যখনই কৃষ্ণকে ভুলিয়া কৃষ্ণদাসী মায়ার প্রতি অভিনিবেশ করিয়াছে, তখনই কৃষ্ণদাসী মায়া অপরাধী জীবকে শাস্তি দিবার জন্য পুরুষাভিমান অর্থাৎ ভোক্তাভিমান দ্বারা তাঁহার স্বরূপ আবৃত করিয়া তাঁহাকে জড়-দেহরূপ কারাগারে আবদ্ধ করিয়া ফেলিয়াছে। জীব কিন্তু স্বরূপতঃ পুরুষ বা ভোক্তা নহেন। স্বরূপতঃ সে কৃষ্ণভোগ্য—কৃষ্ণের শক্তি অর্থাৎ সেবক। তাঁহার ভোগ করিবার শক্তি নাই। নিজের 'কৃষ্ণভোগ্য' স্বরূপ ভুলিয়া পুরুষাভিমানে কৃষ্ণদাসী মায়ার প্রতি ভোগবুদ্ধি বা অভিনিবেশ করা অতি, অধম, অন্যায্য ও অকথ্য অপরাধ।

শ্রীকৃষ্ণ পূর্ণশক্তিমান্ ও শ্রীরাধা কৃষ্ণের পূর্ণশক্তি। জীব পূর্ণশক্তিমান্ শ্রীকৃষ্ণ বা তাঁহার পূর্ণশক্তি শ্রীরাধা নহেন। জীব নিঃশক্তিক ও অধীন তত্ত্ব। সে কখনও শ্রীরাধা বা শ্রীকৃষ্ণ হইতে পারে না। স্বরূপ-শক্তি শ্রীগুরুদেবের দাস্যে অবস্থিত হইয়া শ্রীকৃষ্ণভজন করাই জীবের নিজ অধিকারে অবস্থান। স্বরূপশক্তির দাস্য পরিহার করিয়া শ্রীকৃষ্ণের প্রতি পশ্চাৎ দিয়া নিজের কৃষ্ণভোগ্য বহিরঙ্গ-স্বরূপ ভুলিয়া নিজেকে পুরুষ বা কৃষ্ণ মনে করিয়া কৃষ্ণদাসী মায়ার প্রতি অভিনিবেশ বা ভোগবুদ্ধি করা ভীষণ অনধিকারচর্চ্চা—অপরাধ। এই অপরাধের গুরুত্ব ও ভয়ঙ্করত্ব মর্ম্মে মর্ম্মে উপলব্ধি হওয়া প্রয়োজন। সতীর পরপুরুষের প্রতি অভিনিবেশ করা যেমন দোষের, মাতার প্রতি সন্তানের ভোগবুদ্ধি করা যেমন দোষের, সেইরূপ শ্রীকৃষ্ণকে ভুলিয়া পুং-অভিমানে কৃষ্ণদাসী মায়ার প্রতি ভোগবুদ্ধি করাও দোষের. অধিকার-লঙ্ঘন ও অনধিকারচর্চ্চা ভিন্ন আর কিছুই নহে। কোন পতি যদি তাঁহার পত্নীকে সম্পূর্ণ স্বাধীনতা দেন, তবে স্বাধীনতা পাইয়া সে কি বেশ্যাবৃত্তি অবলম্বন করিবে, না 'আমি তোমার' এই অভিমানে আরও দৃঢ়ভাবে পতিসেবায় প্রতিষ্ঠিত হইবে? কোন পিতা যদি তাঁহার পুত্রকে সম্পূর্ণ স্বাধীনতা দেন, তবে সেই পুত্র কি জননীর প্রতি ভোগবুদ্ধিতে ধাবিত হইবে, না 'আমি তোমার নিত্য দাস' এই অভিমানে প্রতিষ্ঠিত হইয়া জননীর আনুগত্যে পিতৃসেবা করিবে? সুতরাং পরম-করুণাময় শ্রীকৃষ্ণ দয়া করিয়া জীবকে স্বাধীনতা দিয়াছেন বলিয়া সে কি স্বাধীনতার অপব্যবহার অর্থাৎ অনধিকারচর্চ্চা করিবেই—মায়াভিনিবেশরূপ বেশ্যাবৃত্তি অথবা বদমাইসি করিবেই। কৃষ্ণকে ভুলিয়া মায়াতে অভিনিবেশ বা ভোগবুদ্ধি করার সহজ ও সরল অর্থই হইতেছে 'বেশ্যা হওয়া অথবা বদমাইস্ হওয়া'। এই অপরাধের গুরুত্ব কি জীব বুঝিবে না?

চিন্ময় হইয়া জীবের মায়াভিরমণ।
অতি তুচ্ছ জুগুপ্সিত অনন্ত পতন

শ্রীকৃষ্ণ কৃপা করিয়া স্বাধীনতা দিয়াছেন বলিয়া জীব কি স্বাধীনতার সদ্ব্যবহার করিয়া নিত্যপতি ও নিত্যপ্রভু শ্রীকৃষ্ণের ভজন করিয়া সতীত্ব বা সাধুত্ব লাভ করিবে না? জীব কি মায়াতে অভিনিবিষ্ট হইবার অর্থাৎ বেশ্যাবৃত্তি বা বদমাইসি করার বাহাদুরীতেই মত্ত থাকিবে? জীব কি কিছুতেই সাধুদিগের কথা শুনিবে না? "আর কত নিদ্রা যাও মায়া-পিশাচীর কোলে"—এই শব্দ কি তাঁহার কর্ণে প্রবেশ করিবে না? জীব কৃষ্ণকে ভুলিয়া মায়াতে অভিনিবেশ করিয়া যে ভীষণ অপরাধ করিয়াছে, তাহার একমাত্র প্রায়শ্চিত্ত—তীব্র অনুতাপের অনলে অনুক্ষণ দগ্ধ হওয়া ও নিরন্তর "হরে কৃষ্ণ" বলিয়া ক্রন্দন করা।

কোন প্রজা যদি অধিকার লঙ্ঘন করিয়া রাজা সাজিতে চায়, তবে তাঁহার যেমন মৃত্যু-দণ্ড লাভ হয়, সেইরূপ নিত্য কৃষ্ণদাস অণু-চৈতন্য জীব যদি গোস্বামী করিয়া পুরুষ অর্থাৎ কৃষ্ণ সাজিতে চায়, তবে মায়ানির্ম্মিত জড়দেহে 'আমি-আমার'-বুদ্ধি-রূপ মৃত্যুদণ্ড প্রাপ্ত হয়। জড়দেহ জীব নহে। জড়দেহ অপরাধী জীবের শাস্তিভোগ করিবার কারাগার। জীব যতদিন শ্রীকৃষ্ণপাদপদ্মে শরণাগত না হইবে—শ্রীকৃষ্ণভজন করিবার জন্য ব্যাকুল না হইবে, ততদিন জড়-স্থূল-লিঙ্গদেহরূপ মায়ার কারাগারে শাস্তিভোগ করিতেই হইবে। "আমি শ্রীকৃষ্ণের নিত্য দাস"—শ্রীকৃষ্ণভজন পরিত্যাগ করিয়াই আমার সর্ব্বনাশ হইয়াছে। হে কৃষ্ণ, আমার অপরাধ ক্ষমা কর, আমাকে সর্ব্বক্ষণ তোমার ভজনে নিযুক্ত রাখ—আর আমি নিজ অধিকার অর্থাৎ তোমার ভজন পরিত্যাগ করিয়া অধিকার-লঙ্ঘন করিব না—আর অনধিকারচর্চ্চা করিয়া পুরুষ বা কৃষ্ণ সাজিয়া মায়ার প্রতি অভিনিবেশ করিব না"—এইরূপ সর্ব্বক্ষণ নিষ্কপটে ব্যাকুলভাবে ক্রন্দন, বিজ্ঞপ্তি ও প্রার্থনা করিলে শ্রীকৃষ্ণের কৃপায় শ্রীকৃষ্ণ-ভজনপ্রদাতা, শ্রীকৃষ্ণের স্বরূপশক্তি শ্রীগুরু-পাদপদ্মে আশ্রয় লাভ হইবেই। যিনি শ্রীকৃষ্ণকৃপায় সর্ব্বতোভাবে শ্রীগুরুপাদপদ্মে আশ্রয় লাভ করিয়াছেন, তিনি শ্রীকৃষ্ণভজন-রূপ নিজ অধিকার প্রাপ্ত হইয়াছেন—অনধিকারচর্চ্চা করার প্রবৃত্তিরূপ ভীষণ ব্যাধি ব অপরাধ তাঁহাকে আর স্পর্শ করিতে পারে না।

"নিত্যকৃষ্ণদাস জীব তাহা ভুলি' গেল।
সেই দোষে মায়া তার গলায় বান্ধিল॥
তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥"

NOTICE.

The first annual General Meeting of the members of the Gaudiya Mission (Society registered under Act XXI of 1860) will be held at 9 A. M. on Thursday, the 13th March, 1941 (Gaur-Janmotsab day) at Sree Chaitanya Math, Sree Mayapur, Nadia.

All members are respectfully requested to be present.

The following subject will be taken up for consideration.

Agenda

1. Allegiance and Homage to Srila Acharyadev.
2. Report of the Governing Body.
3. Report regarding the Visva-Vaishnab-Raj-Sabha.
4. Report regarding the Nabadwip-Dham-Pracharini Sabha.
5. Accounts.
6. Appointment of Auditor.
7. Working of the Governing Body.
8. Byelaws and Regulations for the administration of the Society.
9. Any other subject that may be transacted at the Congregation.

Sree Gaudiya math,
P. o. Baghbazar Calcutta,
The 22. 2. 1941

Sundarananda Vidyavinode.
Secretary,
THE GAUDIYA MISSION

নিবেদন

শ্রীনদীয়া-প্রকাশের গ্রাহকগণকে জানান যাইতেছে যে, তাঁহারা যেন নদীয়া-প্রকাশের টাকা বা পত্রাদি শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী প্রভুর নামে পাঠান।

ন ভক্তিসুধাকর প্রভুর অপ্রকট-মহোৎসব

মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠে

গত ১৭ই ফেব্রুয়ারী সোমবার পরম-পূজ্যপাদ মহামহোপদেশক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর প্রভুর অপ্রকটতিথি নিরন্তর হরিকথাশ্রবণ-কীর্ত্তন ও ভক্তিগ্রন্থ-পারায়ণ-মুখে উদ্‌যাপিত হয়। ঐ দিবস প্রত্যূষে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারী-জীউর মঙ্গলারাত্রিকান্তে গুরুবৈষ্ণববন্দনা, 'শ্রীগুরু-চরণপদ্ম, কেবল ভকতিসদ্ম', পঞ্চতত্ত্ব, 'বৈষ্ণবী কৃপা সাগর' প্রভৃতি বৈষ্ণব-মহিমাসূচক পদাবলী কীর্ত্তনের পর 'মহা-মহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর' গ্রন্থখানি পারায়ণ আরম্ভ হয়। মধ্যাহ্নে ইষ্টগোষ্ঠী-মুখে তাঁহার চরিতকথা আলোচিত হয় এবং সন্ধ্যারাত্রিকান্তে উক্ত গ্রন্থখানি পারায়ণ শেষ হয়।

শ্রীসচ্চিদানন্দমঠে

গত ৫ই ফাল্গুন সোমবার নিত্যলীলা-প্রবিষ্ট মহামহোপদেশক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর প্রভুর প্রথম বার্ষিক বিরহ-মহোৎসব কটক শ্রীসচ্চিদানন্দমঠের সেবকগণ কর্ত্তৃক বিশেষভাবে অনুষ্ঠিত হইয়াছে।

উক্ত দিবস ব্রাহ্মমুহূর্ত্তে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-বিনোদপ্রাণজীউর মঙ্গলারাত্রিকান্তে শ্রীগুরু-বৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও 'প্রভু, বৈষ্ণব ঠাকুর' প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তনের পর "মহা-মহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর" গ্রন্থ পাঠ ও ব্যাখ্যা এবং মহামন্ত্র কীর্ত্তন-সহকারে শ্রীমন্দির পরিক্রমা করা হয়।

সন্ধ্যারাত্রিকান্তে শ্রীমঠে একটী মহতী সভার অধিবেশন হয়। উক্ত সভায় শ্রীগুরু-বন্দনা, পঞ্চতত্ত্ব ও প্রার্থনাসূচক পদাবলী কীর্ত্তন হইবার পর মঠসেবকগণ বঙ্গ ও উৎকল ভাষায় শ্রীল ভক্তিসুধাকর প্রভুর অতিমর্ত্ত্য সেবাদর্শের কথা, শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণের কথা, শ্রীআচার্য্যপাদপদ্মে ঐকান্তিক নিষ্ঠা, তাঁহার অমূল্য উপদেশাবলী, তাঁহার শ্রীনামপূজার আদর্শ প্রভৃতি [illegible] আলোচনা হয়। মঠসেবকগণ সমস্ত দিবস-ব্যাপী শ্রীল ভক্তিসুধাকর প্রভুর [illegible] কথা [illegible]। [illegible] ও মহামন্ত্র কীর্ত্তন [illegible] বিতরণ করা হয়।

পাটনা শ্রীগৌড়ীয়মঠে

গত ১৭ই ফেব্রুয়ারী পাটনা শ্রীগৌড়ীয়মঠে শ্রীল প্রভুপাদ ও শ্রীগুরু আচার্য্য-দেবের সেবক শ্রীল নারায়ণদাস ভক্তি-সুধাকর প্রভুর অপ্রকটতিথিপূজা উপলক্ষে প্রভাতে ও রাত্রে 'মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর' গ্রন্থ হইতে তাঁহার জীবনী পাঠ হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅক্ষয়বন ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪০১৫
সেবক—শ্রীনবকৃষ্ণ দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তিবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক শ্রীভগবানদাস ব্রজবাসী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীনৃসিংহ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীনন্দন দাস অধিকারী

রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রী[illegible] গৌড়ীয়মঠ
রাউহার, (অনু সংবেদ গঙ্গার নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅচ্যুতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীনবীনমদন ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

শ্রীরাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীদয়ালদাস ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিনোদ অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
বুড়নবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সম্ভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীহরিতোষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৩নং পাথারবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীজগমোহন ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর পাটনা
সেবক—শ্রীনিখিলপ্রভু দাসাধিকারী

গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গম্ভীরাম, বেনারস সিটি
সেবক—শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক শ্রীব্রজেশ দাসাধিকারী

রাধাকুণ্ড গোষ্ঠবাটী
সেবক—শ্রীনিমাইচরণ [illegible]

শ্রীগোবর্দ্ধন মঠালয়
গোবর্দ্ধন মথুরা
সেবক—শ্রীবঙ্কিমচন্দ্র দাস

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণ, মথুরা।
সেবক—শ্রীব্রজমঙ্গল দাস

গোষ্ঠবিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীবিলাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং হনুমান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীঅপ্রমেয় ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং,
নং বোম্বে ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীমাধব দাস অধিকারী

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রাণ ব্রহ্মচারী

ভক্তিকুটি
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী

লীলাকুটি
সেবক—শ্রীমধুসূদন দাসাধিকারী

জিয়ড়-গৌড়ীয়মঠ
পোঃ স্বর্গদ্বার, পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাদামবাড়ি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীভগবান ব্রহ্মচারী

শ্রীব্রজনাথগৌড়ীয়-প্রপন্ন-সদন
পোঃ [illegible], গঞ্জাম
সেবক—শ্রীঘনশ্যাম ব্রহ্মচারী

ভাগবতজনানন্দমঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীদীনহীন দাসাধিকারী

অমর্ষি-গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণদাস দাসাধিকারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
সেবক—শ্রীগদাধর-চৈতন্য দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ঝুমুরচুড়া, পোঃ চিরকুন্ডা (মানভূম)
সেবক—শ্রীভবতারণ ব্রহ্মচারী

রেঙ্গুন গৌড়ীয়মঠ
৩০১ নং মিন্টন ষ্ট্রীট, রেঙ্গুন
সেবক—শ্রীনবনীহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্লাট নং ২, ৫১, ডারহাম রোড, ক্লাপটন,
লণ্ডন, ইং
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
আমিনাবাদ, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীসেবানন্দ ব্রহ্মচারী

শ্রীবিদ্যানিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীসনাতনকৃষ্ণ ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস,
জলন্ধর (পঞ্জাব)
সেবক—শ্রীবিলাসচন্দ্র দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দগোপালদাস অধিকারী

কীর্ত্তনভজন
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রীঅখিলেশ্বর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভাগবতদাস ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৸/০	৷৵০	।০
" " ইঞ্চি	২\	১৷০	১৷০	১\
" " সিকি কলম	৫\	৪\	৩\	২\
" " অর্দ্ধ কলম	৮\	৭\	৬\	৫\
" এক কলম	১২\	১০\	১০\	৮\

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬\	৪৷০
" সিকি কলম	১৫\	১২\
" অর্দ্ধ কলম	২৫\	১৮\
" এক কলম	৩৬\	৩০\

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯\
ষাণ্মাসিক "	৫\
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১\

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বিভিন্ন অবতারসম্বন্ধে বিশদ শ্রৌতগবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রযুক্তিমূলে দশটি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (chart এর) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান - শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ জয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিয়াছেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১\ টাকা

প্রাপ্তিস্থান—মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ জয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে সনাতনধর্মিকাদ্যোতে অসমান মানবগণের সম্প্রদায়, সর্ব্বর মহাজন, অবতার, একালন, বহুবাদ ও তাহাসম্বন্ধে ভ্রান্তধারণা-নিরসনমূলে শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবজাতির সাধারণ ভ্রমসমূহ, তত্ত্বিবাদক সর্ব্বসিদ্ধান্ত সকলও প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মধুবা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ জয়ারী, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭৷০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬৷০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয়-সম্পাদক-সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন-চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২\ দুই টাকা।

চৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু সম্বন্ধে শ্রীবিশ্বাসপ্রভুর কথা, শিক্ষা ও চরিত অতি সুন্দরভাবে সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থ ত্রিদণ্ডস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪\ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর অধিকারী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিদ্যালীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্-এ মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এক অপূর্ব্ব অভিনব সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ প্রকাশিত করিয়া তাঁহার আদর্শ শরণাগতির পরিচয় প্রদান করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে মৌলিকত্ব, অভিনবত্ব ও বৈশিষ্ট্য আছে, তাহা অদ্বিতীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক অধ্যায়ের মুখবন্ধ তৎপরে শ্লোকসংখ্যা গীতার মূল শ্লোক-সমূহ, প্রত্যেক শ্লোকের নিম্নে তাহার অন্বয় ও বঙ্গভাষায় তাহার প্রতিশব্দ, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল-শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বহু বিষয় এই সংস্করণে দেখিতে পাওয়া যায়। এই গীতা পাঠ করিয়া সকলেই প্রচুর লাভবান্ হইতে পারিবেন, সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩\ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর অধিকারী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রতিপাদ্য বিষয় নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের এক অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ৯।০ টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত গল্পাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীভূপতিরঞ্জন দাস এম্‌ এ, বি-এল, পুরাণাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই. বি. রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৫৬	৬-২১	৭-১৪	১১-৬	১৩-১০	১৬-১৬	১৭-৫৬	২২-০
দমদম "	৫-৫৬	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩-৪০			২২
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮-১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-৫৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৩	১৩-৩৩	১৫-৫	১৮-৪৯	১৯-৪০	১-৩৮
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১৩-৫৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	১-৫১

(বদল) ছাঃ	৭-১০	১০-০১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-১৯	১৮-১০	২০-৫০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
দমদম "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
" ছাঃ	১৩-৭
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩-৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

ডাউন

শনিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	৭-৬	৯-১-৪	১১-২২	১৩-০	১৮-৩৩
কৃষ্ণনগর পৌঃ	৬-৫৯	৮-৪৪	১১-৪২	১৫-৩	১৬-১৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮-৫৭	১১-৪৭	১৫-১০	১৯-৫৯	১৯-২২	২০-৪৬	৪-৩১
রাণাঘাট পৌঃ	৭-৪৫	৯-২৫	১২-২৬	১৫-৫০	১৭-৩০	২০-৩	২১-১১	৪-৯০
(বদল) ছাঃ	৭-৫৩	৯-৩০	১২-৩৬	৫-৫৫	১৭-৪২	২০-১১	২১-২৫	৪-১৮
দমদম		১১-৮		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২৩-৫	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪-১৬	১৭-৪৬	২১-৪০	২৩-১৪	৬-১৬	

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয়-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত রমানাথ বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্‌-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয় সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্য জগদ্‌গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণান্তিকে সমবেত বহু বহু সন্দেহবাদীর প্রশ্নসমূহের সমাধান ও বহু দেশীয় পণ্ডিত ও মনীষী সজ্জনবৃন্দের সহিত তিনি যে সকল সংলাপ করিয়াছিলেন, তাহার তত্ত্বসিদ্ধান্তপূর্ণ সারমর্ম্মসমূহ এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীরূপ সনাতনাদির সিদ্ধান্তসমূহের ও তদনুগ সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী শ্রীগৌরকৃষ্ণশক্তিস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—ঃ০ঃ—

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় দুর্ব্বল পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায়। ইহার কার্য্যকারিতা অত্যন্ত অধিক। শিশু, স্ত্রী, পুরুষ সকলেই এবং নূতন-পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

ফোন নং ২৪ বড়বাজার

শ্রীশ্রীগৌরাঙ্গৌ জয়তঃ

Regd. No. C. 310.

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়াজেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ | ১৫ গোবিন্দ ৪৫৪ গৌরাব্দ ১৫ই ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৭, ২৭শে ফেব্রুয়ারী ইং ১৯৪১, বৃহস্পতিবার | ২১৩-২১৪তম সংখ্যা

শ্রীভজনরহস্যে শ্রীভক্তি-বিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দর রূপে প্রকাশিত হইয়াছে। ইহা ভজনাকাঙ্ক্ষী ব্যক্তি-মাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷৹ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীস্তবরত্নমালা

বিভিন্ন স্তব ও প্রণতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৹ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

বিশ্ববিশ্রুত শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক যাতিবর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তি-প্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ তদীয় গুরু-বর্গের কৃপাদেশে শুদ্ধভাগবত্ভক্তি-সম্মত-ভাষ্য-সম্বলিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা ইংরাজী ভাষায় সংকলন ও সম্পাদন করিয়া বহুদিনের একটি অভাব পূর্ণ করিয়াছেন। শ্রীমদ্ভগবদ্-গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্ত-সম্মত ব্যাখ্যা সহ শ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী ভাষায় এই প্রথম প্রকাশ।

গৌড়ীয়মিশনের সেক্রেটারী মহামহো-পদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় এই গ্রন্থের প্রকাশক। তিনি এই গ্রন্থের জন্য একটি সুন্দর উপোদ্ঘাত লিখিয়া দিয়াছেন। গ্রন্থের 'অবতরণিকা' গ্রন্থের সংকলনকর্ত্তা ও সম্পাদক স্বয়ংই লিখিয়াছেন। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়ের সার-মর্ম্ম সন্নিবেশিত হইয়াছে। সরল সত্যানুসন্ধিৎসুগণের বোধ-সৌকর্য্যার্থে সমস্ত কঠিন শ্লোকসমূহের প্রাঞ্জল ব্যাখ্যা যথাস্থানে স্থান লাভ করিয়াছে। গ্রন্থের অন্তভাগে দুর্ব্বোধ্য শব্দসমূহের সরল অর্থ দেওয়া হইয়াছে।

গীতা-শাস্ত্রে আঠারটি অধ্যায়; তন্মধ্যে প্রথম ছয় অধ্যায়ে 'কর্ম্ম', দ্বিতীয় ছয় অধ্যায়ে 'ভক্তি' ও তৃতীয় ছয় অধ্যায়ে 'জ্ঞান' পৃথক্ পৃথক্-রূপে বিচারিত হইয়া চরমে ভক্তিরই শ্রেষ্ঠতা নির্দ্দিষ্ট হইয়াছে। ভক্তি—অত্যন্ত গুহ্যতম; অথচ জ্ঞান ও কর্ম্মের জীবনস্বরূপ ও সর্ব্বসারক বলিয়াই ভক্তিবিষয়ক বিচারকে মধ্যস্থিত ছয় অধ্যায়ে সন্নিবিষ্ট করা হইয়াছে।

এতদ্ব্যতীত বিভিন্ন স্থলে শ্রীগীতাশাস্ত্রে 'জীবের চরম উদ্দেশ্য' বলিয়া উপদিষ্ট হইয়াছে। শ্রীমদ্ভগবদ্গীতার চরমে "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য" শ্লোকে 'ভগবৎ-শরণাপত্তিই' যে 'সর্ব্বগুহ্যতম' উপদেশ, ইহা পরিজ্ঞাত হইবে। পাঠকগণ ভক্তিপূত-অন্তঃকরণে শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী, শ্রীল বলদেব বিদ্যাভূষণ ও শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর প্রমুখ শুদ্ধ-গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যগণের ভাষ্য অনুযায়ী সংকলিত ও সম্পাদিত শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ করত জীবন সফল করুন।

উৎকৃষ্ট কাগজে ডবল-ক্রাউন ষোল পেজী আকারে প্রায় ৩৯৮ পৃষ্ঠায় এই শ্রীমদ্ভগবদ্গীতা-গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। গ্রন্থের ভিক্ষা দুই টাকা। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীচৈতন্যদেব

(তৃতীয় সংস্করণ)

এ বৎসর শ্রীশ্রীব্যাসপূজার সময় গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় রচিত শ্রীচৈতন্যদেব গ্রন্থের ৩য় সংস্করণ পরিবর্দ্ধিত আকারে প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থে শ্রীচৈতন্যদেবের আনুপূর্ব্বিক চরিত-কথা, সমসাময়িক অবস্থা ও শিক্ষার কথা সরল সহজ ভাষায় লিখিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসু সজ্জনমাত্রেই এই গ্রন্থ পাঠ করিয়া পরমানন্দিত ও পরমোপকৃত হইয়াছেন ও হইতেছেন। এ সংস্করণে বহু স্থান পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইয়াছে। শ্রীচৈতন্যদেবের দার্শনিক সিদ্ধান্ত ও মহাবদান্যতার কথা দুইটী পৃথক্ অধ্যায়ে বর্ণিত হইয়াছে। গ্রন্থখানি ১০২টী অধ্যায়ে ৪২৫ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে। ইহাতে বহু আলেখ্য, মেজর জেনেরেল্ ক্রস্ কৃত ও জিঃ জন্ ষ্টর্টিন্ কর্ত্তৃক প্রকাশিত বঙ্গের প্রাচীনতম দুষ্প্রাপ্য দুইটী মানচিত্র ও অন্যান্য মানচিত্রাদি এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। এই গ্রন্থের কাগজ খুব উৎকৃষ্ট এবং বাঁধাই খুব সুন্দর। ভিক্ষা মাত্র ১৷০। প্রাপ্তিস্থান—সত্যা প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

শ্রীসচ্চিদানন্দবাণী

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে শ্রীসচ্চিদানন্দ-গ্রন্থমালার ২য় খণ্ডরূপে উৎকল ভাষায় এই গ্রন্থ প্রকাশিত হইয়াছে। প্রকাশক—শ্রীমাধবেশ্বর ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী। এই গ্রন্থটী ১৪টী প্রসঙ্গে বিভক্ত। শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সংক্ষিপ্ত চরিত, নামাপরাধ, শ্রীল ঠাকুরের অপ্রকটলীলার কথা, ১৪-টী প্রশ্নোত্তর, তাঁহার দশমূলশিক্ষা প্রভৃতি বহু কথা আলোচিত হইয়াছে। উৎকলভাষায় এই জাতীয় গ্রন্থ আর পূর্ব্বে প্রকাশিত হয় নাই। এই গ্রন্থ ১২৪ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে। ইহাতে শ্রীগুরুবর্গের কয়েকটী আলেখ্য এবং শ্রীচৈতন্যমঠ ও শ্রীযোগপীঠের আলেখ্য সংযুক্ত হইয়াছে। এই গ্রন্থ সত্যানুসন্ধিৎসু সজ্জন-মাত্রেরই চিত্তাকর্ষণ করিবে, সন্দেহ নাই। ইহার ভিক্ষা মাত্র দশ আনা। প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দমঠ, কটক।

EROTIC PRINCIPLE AND UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীশ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর প্রভু প্রণীত "Erotic Principle and Unalloyed Devotion" নামক গ্রন্থের নবসংস্করণ গুরুবর্গের ইচ্ছায় মান্দ্রাজ হইতে প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থে শ্রীশ্রীল প্রভুপাদের লিখিত ভূমিকা ও নূতন সংস্করণ প্রকাশক শ্রীযুক্ত সজ্জনসুহৃৎ গুরুবান্ধব এম-এ, বি-এল মহোদয় লিখিত গ্রন্থকারের পরিচয় সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থে বহু শিক্ষণীয় বিষয় আছে। ইহা মনোযোগের সহিত পাঠ করিলে প্রত্যেক সজ্জনমাত্রেই উহার আলোকে বাস্তব-সত্যের সন্ধান স্ব-স্ব যোগ্যতানুসারে অবশ্যই পাইবেনই। গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হওয়ায় বিশেষ চিত্তাকর্ষক হইয়াছে। এই গ্রন্থ পাঠ করিয়া সত্যানুসন্ধিৎসু ব্যক্তিমাত্রেই পরমোপকৃত হইবেন, সন্দেহ নাই।

শ্রীপুরুষোত্তমমঠে শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাব-মহোৎসব

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে গত ১০ই ফেব্রুয়ারি শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা শ্রীপুরুষোত্তমমঠে মহোৎসব হরিকীর্ত্তনমুখে শ্রীনিত্যানন্দপ্রভুর আবির্ভাব-মহোৎসব সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে প্রাতে মঙ্গলারাত্রিকান্তে মহাজন-পদাবলী কীর্ত্তনের পর শ্রীচৈতন্য [illegible] হইতে শ্রীনিত্যানন্দ প্রভুর মহিমা [illegible] হয়। "দয়াল নিতাই চৈতন্য বলে নাচ রে আমার মন", "নিতাইপদকমল কোটিচন্দ্র সুশীতল" প্রভৃতি মহাজন পদাবলী কীর্ত্তন হইবার পর উপদেশক শ্রীপাদ গৌরচন্দ্র ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু [illegible] শ্রীমদ্ভা[illegible] হইতে [illegible] করেন। [illegible] শ্রীনীলা প্রকাশ [illegible] সন্ধ্যারাত্রিকের পর পুনরায় গুরুবন্দনা, তুলসীকীর্ত্তন, পঞ্চতত্ত্ব ও অন্যান্য মহাজনপদাবলী কীর্ত্তনান্তে ভক্তিশাস্ত্রী শ্রীগুরুপাদপদ্মের কথা আলোচনা করেন। তৎপরে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

সাধুসঙ্গে কৃষ্ণভক্ত্যে শ্রদ্ধা যদি হয়। ভক্তিফল 'প্রেম' হয় সংসার যায় ক্ষয়॥

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৫ গোবিন্দ ম.দি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫৪

চেতনতা

চেতনতাই জীবের জীবন। দেহ ও মন চেতন নহে। আত্মাই চেতন। চেতন-শক্তি কৃষ্ণভাগা। কৃষ্ণভাগা দর্শনই চেতনদর্শন। স্থূল ও সূক্ষ্ম দেহ জীবাত্মা নহে। জড়দর্শনে বিশ্ব, আর চেতনদর্শনে গোলোক। জীব হরির সহিত অচিন্ত্য ভেদাভেদ-সম্বন্ধযুক্ত। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—

জীব কভু জড় নয়, হরি কভু নয়।
হরি সহ জীব-চিন্ত্য ভেদাভেদময়॥
দেহ কভু জীব নয়, নহে ভোক্তা নয়।
দাস ভোগ্য জীব, কৃষ্ণ প্রভু ভোক্তা হয়॥

হরিই ভগবান্। তিনি স্বরূপশক্তি, জীবশক্তি ও মায়াশক্তির আশ্রয়। কৃষ্ণই একমাত্র ভোক্তা। চেতনদর্শনে নিজেকে প্রভু বা বৈষ্ণব বলিয়া অভিমান নাই। সেখানে নিজেকে প্রভু-অভিমানের পরিবর্ত্তে তৃণাধিক দীনজ্ঞান সর্ব্বভাবে প্রকাশিত। ভক্তিই চেতনতা। সর্ব্বেন্দ্রিয়ের অনুকূলভাবে কৃষ্ণপ্রেমের আনুগত্য অনুশীলনের অনুশীলনই শুদ্ধভক্তি। ভক্তি বা সেবায় সেবকাভিমান ব্যতীত অন্য অভিমান বিন্দুমাত্রও থাকিতে পারে না। ভক্তিতে কর্ত্তৃত্বের লেশমাত্রও নাই। শুদ্ধভক্তিতে ভোগ ত্যাগ ও ত্যাগ-ত্যাগ এই দুই প্রকার চাপই আছে। এককথায় সেখানে ভোগময় বা ত্যাগময় শঠ বা প্রচ্ছন্ন কোনপ্রকার অস্বচ্ছতা নাই। যেখানে চেতনতা, সেইখানেই সেবোন্মুখতা। বহির্ম্মুখতাই অচেতনত্ব। সেখানে ভোগদর্শন, সেখানে চেতনতার স্বরূপের প্রকাশ নাই। সাধুগুরু-কৃপায় চক্ষুষ্মান্ চেতনদর্শন বা সেবাদর্শন লাভ করিলে জড়দর্শন বা ভোগদর্শনের হাত হইতে নিষ্কৃতি পাওয়া যায় প্রকৃত স্বাস্থ্য লাভ হয়।

সেবোন্মুখ ইন্দ্রিয়ে কীর্ত্তনই চেতনতার লক্ষণ। কৃষ্ণকীর্ত্তন সেবোন্মুখতাই স্বাস্থ্য বা চেতনত্ব। সেবোন্মুখতাই অচেতনতা বা অজ্ঞতা। তাই শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—

কৃষ্ণসেবিগণ, প্রচারক মন,
প্রতিষ্ঠাভিক্ষুক তাঁ'রা নহে পর।
প্রাণ আছে যাঁ'র, সে হেতু প্রচার,
প্রতিষ্ঠাশাহীন কৃষ্ণগাথা সব॥
মায়াবাদে যদি, ছাড় ভোগ অহি,
প্রতিষ্ঠাশা নহে কীর্ত্তন-গৌরব।
মায়ানিভজন, তাহা ছাড়ি মন,
কেন বা নির্জ্জন-ভজন কৈতব।
শ্রীদয়িত দাস, কীর্ত্তনেতে আশ,
কর উচ্চৈঃস্বরে হরিনাম-রব।
-প্রভাবে, স্মরণ হইবে,
সেকালে ভজন নির্জ্জনে সম্ভব॥

দেহ ও মন চেতনের আবরণ। ইহারা চেতন নহে। চৈতন্যই দেহমনের মালিক ভগবানই চেতনতার কারণ। চেতনতা—জীবাত্মা। এই জীব বা আত্মা গৃহে রক্ষিত আলোর ন্যায়। আলোর সাহায্যে যেরূপ গৃহের অনুশীলন সম্পন্ন হয়, তদ্রূপ চেতনতার সাহায্যে শরীর ও মনের অনুশীলন সম্পন্ন হইয়া থাকে। চেতনতা ব্যতীত শিল্পচর্চ্চা, বিজ্ঞানচর্চ্চা বা অন্য কোন চর্চ্চাই সম্পন্ন হইতে পারে না। চেতনই মূল। কিন্তু আমরা চেতনকে বাদ দিয়া অন্যান্য কার্য্যে ব্যস্ত হইয়া পড়িয়াছি। আমরা গৃহীকে বাদ দিয়া গৃহকে—দেহীকে বাদ দিয়া দেহকে সাজাইতে দ্বিধা-আশঙ্কা না করিয়া দেহ-রক্ষার জন্য উদ্গ্রীব হইয়াছি। চেতনকে বাদ দিয়া অচেতনের আলোচনায় আমার অমূল্য সময় কেবল বৃথা নষ্ট হইয়া যাইতেছে। কিন্তু সেদিকে আমার দৃষ্টিপাত আছে কি?

চেতনেরই সহিত চেতনের সম্বন্ধ—বিভুচৈতন্যের সহিতই জীব চৈতন্যের নিত্য সম্বন্ধ। জীব ভগবানের। ভগবান্ বৃহৎ-চেতন, জীব ক্ষুদ্র-চেতন। সুতরাং জীব ভগবানের অধীন। যতক্ষণ জীব ভগবানের সহিত সংযোগ থাকে, ততক্ষণই তাহার শুদ্ধতা, ততক্ষণই তাহার উপাদেয়তা। স্ফুলিঙ্গ যতক্ষণ বৃহৎ অগ্নিতে থাকে, ততক্ষণ ইহা পূর্ণ অবস্থায় থাকে, কিন্তু বাহিরে আসিলে ইহা বাতাসে নিভিয়া যায়, এমন কি, অঙ্গারে পরিণত হইতে পারে। আমরাও সেইরূপ ভগবদ্রূপ বৃহৎ অগ্নি হইতে বাহিরে আসিয়া—ভগবানকে ভুলিয়া আমাদের শক্তি হারাইয়াছি, অঙ্গারবৎ হইয়া পড়িয়াছি। আমরা আজ চেতনের ধর্ম্ম হারাইয়া আহার, নিদ্রা, ভয় ও মৈথুন এই চারি পশুর অনুরূপ হইয়া পড়িয়াছি। আমি কে, আমার কর্ত্তব্য কি, এ সকল কিছুই আমি বর্ত্তমানে বুঝিতে পারিতেছি না। এই অজ্ঞতাই জড়ের ধর্ম্ম, এই অজ্ঞতাই চেতন-সংসর্গ-রাহিত্যের ফল—মায়া। আমরা এখন স্বভাব ভুলিয়া স্বভাবগ্রস্ত। তাই আমাদের এত দুর্দ্দশা। এই দুরবস্থার কথা—এই অজ্ঞতার কথা—এই বিপদের কথা যিনি আমাদিগকে জানাইয়া দেন, তিনিই সাধু, তিনিই সদ্গুরুরূপী ভগবান্। সেইজন্য অন্তর্যামী সদ্গুরুর চরণাশ্রয়ের আবশ্যকতা আছে। কয়লা যেমন জ্বলন্ত অগ্নির সংস্পর্শে জ্বলিয়া উঠে, তদ্রূপ বদ্ধজীব—অভাবগ্রস্ত জীব পূর্ব্বের সাধুগুরুর সংস্পর্শে আসিয়া নিজ স্বভাব ফিরিয়া পায়। শ্রীগুরুদেবই সম্বন্ধজ্ঞানরূপ অগ্নি-সংযোগ করিয়া দেন। তখনই জীব অচেতনের সংসর্গ ছাড়িয়া—জাড্য ছাড়িয়া চেতনময় উপদেশ-বাতাসের সহায়তায় পুনরায় ভগবৎসেবাচেষ্টায় জ্বলিয়া উঠে। সাধুগুরুর সংসর্গ ব্যতীত চেতনতার উদ্বোধন অসম্ভব। জড়ের অনুশীলন চেতনতার উদ্বোধন করিতে পারে না। চৈতন্যই চেতনতার একমাত্র উদ্বোধক, চৈতন্যই চেতনতার একমাত্র নিয়ামক।

ভগবান্ পরমদয়াল। তাঁহার দয়ার তুলনা নাই। জীব যখন তাঁহাকে ভুলিয়া এখানে আসে, তখন সর্ব্বজীবনাথ ভগবান্ তাঁহাকে উদ্ধার করিবার জন্য—নিদ্রিত তাঁহাকে জাগাইবার জন্য এই প্রপঞ্চে অবতীর্ণ হন। তখন ভগবান্ ও ভগবদ্ভক্তের নিজের আনুগত্যে আমরা চেতনতায় উদ্বুদ্ধ হইতে পারি। চেতনের আনুগত্য, চেতনের সঙ্গ, চেতনে প্রীতি, চেতনে আপনজ্ঞান, নিজ চেতনত্বের উপলব্ধি ও চেতনের প্রতি অভিনিবেশ চেতন সাধুর কৃপায় লাভ না হইলে অচেতনাভিনিবেশ যাইবে না, জড়াভিমান কাটিবে না।

জীব ও জীবের বন্ধন

(প্রাপ্ত)

এই বিশ্বে আমরা যে কোনও একটী দেহ ধারণ করিয়া রক্তমাংস-গঠিত দেহকেই 'আমি' মনে করি এবং পিতা-মাতা-প্রদত্ত কোনও একটী নামকেই আমাদের স্বরূপ মনে করিয়া থাকি। কিন্তু আমাদের জড়দেহের অভ্যন্তরে যে চেতন বা আত্মা আছে তাহার খোঁজ আমরা কেহই রাখি না। চৈতন্য বা আত্মা আছে বলিয়াই জীবের জীবত্ব, নতুবা 'জীব'শব্দের কোনই মূল্য থাকে না। আমাদের রক্তমাংসের অনিত্য সম্বন্ধে বা স্থূল-পরিচয়ে যেরূপ আমি অমুক পিতামাতার সন্তান, আমার পিতৃ-মাতৃ-সেবাই ধর্ম্ম, অথবা আমি পিতা অথবা মাতা, আমার পুত্র-কন্যা-লালন-পালনাদিই ধর্ম্ম অথবা আমি অমুক স্বামীর পত্নী, আমার পতিসেবাই ধর্ম্ম, অথবা আমি অমুক পত্নীর স্বামী, আমার পত্নীকে রক্ষণাবেক্ষণই ধর্ম্ম বা কর্ত্তব্য, অথবা ব্রহ্মাণ্ডের পারিপার্শ্বিক নানাপ্রকার কর্ত্তব্য যথা—দেশসেবা, জনসেবা প্রভৃতি ধর্ম্ম বা কর্ম্ম আমাদের একান্ত কর্ত্তব্য বলিয়া আমরা যেরূপ তাহা করিতে বাধ্য হই, তদ্রূপ আমাদের স্বরূপের পরিচয় বা নিত্য সম্বন্ধে আমরা দেখিতে পাই যে, আমরা চেতনস্বরূপ—আত্মবস্তু। আমরা শ্রীকৃষ্ণের নিত্যদাসানুদাস। অতএব আমাদের নিত্যসম্বন্ধ বা নিত্য-পরিচয়ে শ্রীভগবান্ ও ভগবদ্ভক্তের সেবাই আমাদের ধর্ম্ম বা কর্ত্তব্য বলিয়া পরিগণিত হয়। জীব কৃষ্ণের তটস্থা শক্তি। ভগবান্ হইতে নিত্য ভেদ এবং নিত্য অভেদ-প্রকাশ। তটস্থধর্ম্মবশতঃ জীব কৃষ্ণ ও মায়া যে কোনও দিকে মুখ ফিরাইতে পারে। জীবের অবস্থান-বিষয়ে শাস্ত্র বলিয়াছেন, "তস্য বা এতস্য পুরুষস্য দ্বে এব স্থানে ভবত ইদঞ্চ পরলোকস্থানঞ্চ সন্ধ্যং তৃতীয়ং স্বপ্নস্থানং। তস্মিন্ সন্ধ্যে স্থানে তিষ্ঠন্নেতে উভে স্থানে পশ্যতীদঞ্চ পরলোকস্থানঞ্চ।" এই জীবাত্মার দুইটী স্থান আছে—ইহলোক ও পরলোক। জাগ্রত ও সুষুপ্তির সন্ধিরূপ 'স্বপ্নস্থান' তৃতীয়। তিনি (জীবাত্মা) সন্ধিরূপ তৃতীয় স্থানে থাকিয়া জাগ্রদ্রূপ পরলোক এবং সুষুপ্তিরূপ ইহলোক, এই উভয় স্থানই অবলোকন করেন।

জীবের স্বতন্ত্রতারূপ একটী মহামূল্য রত্ন আছে। এই স্বতন্ত্রতার সদ্ব্যবহার এবং অপ-ব্যবহার করিবার শক্তি জীবের আছে। শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণবসেবা বা তাঁহাতে ভক্তিই জীবাত্মার স্বাভাবিক-বৃত্তি। কিন্তু অনাত্মপরিচয়ে সেই বৃত্তি আবৃত হইয়া পড়িয়াছে। জলের স্বাভাবিক ধর্ম্ম তরলতা কিন্তু কোন ঔপাধিক প্রক্রিয়ার দ্বারা যেরূপ তাহা বরফ আকারে কাঠিন্যপ্রাপ্ত হইয়া থাকে, তদ্রূপ জীব ঔপাধিক আবরণে স্বরূপবিস্মৃত হইয়া বিরূপের অভিমানকেই সত্য বলিয়া মনে করিতেছে। তাই শাস্ত্র বলিয়াছেন,—

যয়া সম্মোহিতো জীব আত্মানং ত্রিগুণাত্মকম্।
পরোঽপি মনুতেঽনর্থং তৎকৃতঞ্চাভিপদ্যতে॥

অর্থাৎ সেই মায়ার দ্বারা জীবের স্বরূপ আবৃত ও বিক্ষিপ্ত হইলে জীব স্বরূপতঃ এই ত্রিগুণের অতীত হইয়াও আপনাকে ত্রিগুণাত্মক অর্থাৎ সৃষ্টি, স্থিতি ও লয়ের অন্তর্গত 'প্রাকৃত' বলিয়া অভিমান করে। এই ত্রিগুণজাত প্রাকৃত-অভিমানবশতঃ উহার অনর্থ ঘটিয়া থাকে।

এই মায়িক বিশ্বে জীব মায়িক অভিমানে কখনও সুখী, কখনও দুঃখী, কখনও রাজা, কখনও প্রজা, কখনও ধনী, কখনও নির্ধন, কখনও স্ত্রী, কখনও পুরুষ, কখনও বালক, কখনও যুবা, কখনও প্রৌঢ়, কখনও বৃদ্ধ, কখনও বা নিজেকে জন্ম-মৃত্যুর অধীন বলিয়া মনে করে। কিন্তু শাস্ত্র বলেন, জীবাত্মা ষড়্‌বিকাররহিত। সুতরাং অজ অর্থাৎ জন্মরহিত। নিত্য অর্থাৎ সকল কালেই বর্ত্তমান। তাঁহার জন্মমৃত্যু নাই। পুনঃ পুনঃ তাঁহার উৎপত্তি কি বৃদ্ধি হয় নাই বা হইবে না। তাঁহার অপক্ষয় বা নাশ নাই। তিনি পুরাতন অথচ নিত্য-নবীন। জন্ম-মরণশীল শরীরের বিয়োগে তিনি হত হন না। জীবাত্মা অস্ত্রাদিতে ছিন্ন হন না, অগ্নিতে দগ্ধ হন না, জলে আর্দ্র হন না এবং বায়ু দ্বারা শুষ্ক হন না। ইনি অচ্ছেদ্য, অদাহ্য, অক্লেদ্য, অশোষ্য, নিত্য, সর্ব্বগত, স্থাণু ও অচল। ইনি সনাতন অর্থাৎ সদা বিদ্যমান। ভগবান্ নিত্যবস্তু; জীবও নিত্যবস্তু। ভগবান্ পূর্ণচেতন, জীব অণুচেতন। ভগবান্ ভোক্তা, জীব তাঁহার ভোগ্য। এই সেব্য-সেবকসম্বন্ধ-বিস্মৃত অনাত্ম-প্রতীতিই জীবের বন্ধন। মায়িক

ভর্ত্তা কর্ত্তা রক্ষিতা জগতাং জগন্নাথ। জিনয়েছে জন্ম দিয়া তাঁহার চরণ

জগতে এক দেহের সহিত অপর দেহের যে ঔপাধিক সম্বন্ধ বা বন্ধন তাহা কখনও প্রকৃত বন্ধন হইতে পারে না। সম্বন্ধ বা বন্ধনই আমাদিগকে বস্তুর সহিত যোগ বা সান্নিধ্য করায়। বস্তুর স্বরূপভ্রমই বন্ধনের বিপর্য্যয় করিয়াছে। বস্তুতঃ ভগবানের সহিত জীবের যে নিত্য সম্বন্ধ, তাহাই প্রকৃত বন্ধন। অন্যের বন্ধন অনিত্য, ক্ষণভঙ্গুর, হেয় ও দুঃখদায়ক। পূর্ণবস্তুর বিকৃত-প্রতিফলন মায়া বা ছায়ার সহিত সম্বন্ধ স্থাপন করিয়া আমরা দুঃখকেই সুখ বলিয়া মনে করি। কিন্তু মূলবস্তুর ছায়া বা মায়া কখনও জীবের আনন্দদায়ক হইতে পারে না। নিত্যসম্বন্ধবিস্মৃত হইয়া আমরা অনিত্য বন্ধনে জড়িত হইয়া যে দুঃখকে বরণ করিয়াছি, তাহা জীবদুঃখকাতর পতিতপাবন আচার্য্যবর শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর এইভাবে বর্ণন করিয়াছেন,—

জীব যবে হইলেন কৃষ্ণবহির্ম্মুখ।
মায়াদেবী তবে তাঁ'রে বাধিলেন সুখ॥
মায়াসুখে মত্ত জীব শ্রীকৃষ্ণ ভুলিল।
সেই সে অবিদ্যাবশে অবিদ্যা অমিল॥
অবিদ্যা হইতে দৈল মায়াভিনিবেশ।
তাহা হইতে অনন্ত রাগ আর দ্বেষ॥
এইরূপে জীব কর্মচক্রে প্রবেশিয়া।
উচ্চাবচ-গতিক্রমে ফিরেন ভ্রমিয়া॥
কোথা সে বৈকুণ্ঠানন্দ, শ্রীকৃষ্ণবিলাস!
কোথা মায়াগত সুখ, দুঃখ, সর্ব্বনাশ!!
চিত্তস্থ হইয়া জীবের মায়াভিমান।
অতি তুচ্ছ দুর্গন্ধিত অনন্ত পতন॥
মায়িক দেহের ভাবাভাবে ব্যস্ত করি'।
পতন জীবের কি কষ্ট আহা মরি!
ভ্রমিতে ভ্রমিতে যদি সাধুসঙ্গ হয়।
পুনরায় শুদ্ধ নিত্যধর্ম্মের উদয়॥
সাধুসঙ্গে কৃষ্ণকথা হয় আলোচন।
পূর্ব্বভাব উদি' কাটে মায়ার বন্ধন॥

জলের তরলতাই স্বাভাবিক ধর্ম্ম। সাময়িকভাবে তাহাকে বরফ আকারে কাঠিন্যপ্রাপ্ত হইতে দেখা যায় সত্য, তাই বলিয়া যদি কেহ বরফ দেখিয়া জলের তরলতা-ধর্ম্ম অস্বীকার করিয়া বলে যে বরফই জলের স্বরূপগত পরিচয়, তাহা যেরূপ নিরর্থক হয়, তদ্রূপ জীবেরও মায়িক অনিত্য পরিচয় ও ঔপাধিক-ধর্ম্ম নিরর্থক হয়। আমরা যাহাতে পুনঃ স্ব-স্বরূপে অবস্থান করিতে পারি তজ্জন্য শ্রীশ্রীগুরুবৈষ্ণবগণ অশেষ প্রেরণা প্রদান করিতেছেন, কিন্তু আমি চেতনবস্তু হইয়াও এতটা জড়ত্বপ্রাপ্ত হইয়াছি, জড়াভিনিবেশ আমার এত প্রবল হইয়াছে যে, চেতনের সামান্য স্পন্দনও আমি কোন সময়ের জন্য উপলব্ধি করিতে পারিতেছি না। অথচ একটু চিন্তা করিয়া দেখিলে দেখা যায় যে, চেতন না থাকিলে, দেহ হইতে আত্মা চলিয়া গেলে তাহাকে 'জীব' শব্দের পরিবর্ত্তে 'শব' আখ্যা দেওয়া হয়। তাই বলিতেছিলাম, আমি চেতনবস্তু হইয়াও সাধুগুরু ও শাস্ত্রের চেতনবাণী শ্রবণ করিয়া তাহা হৃদয়ে ধারণ করিতে পারিলাম না, তত্ত্ব, ভক্তি, জীব ও ভগবানের নিত্যত্ব উপলব্ধি করিতে পারিলাম না, তাই বিরূপের অভিমান ও মায়িক বন্ধন আমাকে জড়িত করিয়া ফেলিল, আমি নিত্য সম্বন্ধে প্রতিষ্ঠিত হইতে পারিলাম না। জীবের পক্ষে ইহা হইতে খেদের বিষয় আর কি আছে? তাই—

ঠাকুর বৈষ্ণবগণ, করি এই নিবেদন,
মো বড় অধম দুরাচার।
দারুণ সংসারনিধি, তাহে ডুবাইল বিধি,
কেশে ধরি' মোরে কর পার॥

বিভিন্নমঠে শ্রীশ্রীব্যাসপূজা-মহোৎসব

——:•:•:——

গয়ায়

গত ৪ঠা ফাল্গুন, ১৬ই ফেব্রুয়ারী, রবিবার শ্রীকৃষ্ণপঞ্চমী তিথিতে আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা গয়া শ্রীগৌড়ীয়মঠে গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের একান্ত আনুগত্যে নিত্যলীলা-প্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সপ্তাশীতিতমবর্ষপূর্ত্তি আবির্ভাব-তিথি-পূজা-মহোৎসব হরিকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে।

উক্ত দিবস প্রত্যুষে শ্রীগুরুবন্দনা, পঞ্চতত্ত্ব, 'গুরুদেব! কৃপাবিন্দু দিয়া' প্রভৃতি মহাজনগীতি-কীর্ত্তনান্তে শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিক কীর্ত্তন সম্পন্ন হয়। আরাত্রিকান্তে শ্রীশ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী ২য় খণ্ড পারায়ণ হইতে থাকে। পরে বর্ত্তমান বর্ষের "শ্রীশ্রীব্যাস-পূজাসংখ্যা নদীয়া-প্রকাশ" হইতে "শ্রীশ্রীল আচার্য্যদেবের হরিকথামৃত" ও "শ্রীশ্রীল প্রভুপাদের উপদেশামৃত" পাঠ করা হয়। তৎপরে পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদের আলেখ্যার্চ্চা একটী সুরম্য মঞ্চোপরি স্থাপনপূর্ব্বক বিচিত্রবর্ণের পত্র-পুষ্প-পল্লবাদি দ্বারা সুসজ্জিত করা হয়। সেবকগণ আলেখ্যার্চ্চার সম্মুখে উপবিষ্ট হইয়া শ্রীহরি-গুরুবৈষ্ণববন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব, 'গুরুদেব, কৃপাবিন্দু দিয়া', 'কৃপা কর বৈষ্ণব ঠাকুর' প্রভৃতি প্রার্থনামূলক গীতি কীর্ত্তন করেন। অতঃপর ভোগারতি-কীর্ত্তন সম্পন্ন হইবার পরে মঠসেবকগণ ও গৃহস্থভক্তগণ পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে বন্দনা ও প্রণতিস্তুতিকীর্ত্তনমুখে শ্রীশ্রীল প্রভুপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করেন। তৎপরে উপস্থিত ভক্তগণকে শ্রীমহাপ্রসাদ প্রদান করা হয়।

অপরাহ্ন ২ ঘটিকা হইতে সন্ধ্যা পর্য্যন্ত শ্রীশ্রীব্যাসপূজা-সংখ্যা গৌড়ীয়, নদীয়া-প্রকাশ ও শ্রীশ্রীল প্রভুপাদের পত্রাবলী পাঠ হয়। সন্ধ্যারাত্রিকান্তে বিভিন্ন মহাজনপদাবলী-কীর্ত্তনান্তে পুনরায় শ্রীশ্রীব্যাস-পূজা গৌড়ীয় পাঠ ও হিন্দিভাষায় ব্যাখ্যা হয়। অতঃপর 'এইবার করুণা কর' গীতি ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

——

পাটনা শ্রীগৌড়ীয়মঠে

গত ১৬ই ফেব্রুয়ারী রবিবার আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের শাখা পাটনা শ্রীগৌড়ীয়মঠে নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের সপ্তাশীতিতম-বর্ষপূর্ত্তি-আবির্ভাব তিথিপূজা পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে শ্রীশ্রীল প্রভুপাদের বাণী আলোচনা ও কৃপাপ্রার্থনামুখে অনুষ্ঠিত হইয়াছে। প্রত্যুষে মঙ্গলারাত্রিক, উষঃকীর্ত্তনাদি অন্তে শ্রীশ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী পারায়ণ আরম্ভ হয়। অপরাহ্নে শ্রীমঠের প্রবণসদনে একটি বিদ্বজ্জনমণ্ডিত-সভার অধিবেশন হয়। সন্ধ্যারাত্রিক, তুলসীপরিক্রমা, গুরুবৈষ্ণববন্দনা ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীশ্রীব্যাস-পূজা-সংখ্যা নদীয়া-প্রকাশ পাঠ হয়। তারপর শ্রীপাদ পঞ্চানন দাসাধিকারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যভাগবত মধ্য পঞ্চম অধ্যায় হইতে শ্রীব্যাসপূজা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা-প্রসঙ্গে শ্রীশ্রীব্যাসপূজার তাৎপর্য্য, গুরুপূজাই ব্যাস-পূজা প্রভৃতি বিষয় কীর্ত্তন করেন।

পাঠান্তে "গুরুদেব! কৃপাবিন্দু দিয়া কর এই দাসে" ও মহামন্ত্র কীর্ত্তন হয়। তারপর উপস্থিত প্রায় একশত শ্রোতৃবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

——

বোম্বে গৌড়ীয়মঠে

পরমারাধ্যতম পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের অহৈতুকী কৃপায় গত ১৬ই ফেব্রুয়ারী পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদের আবির্ভাব-তিথিতে বোম্বে গৌড়ীয়মঠে শ্রীশ্রীব্যাসপূজা-মহোৎসব সুচারুরূপে অনুষ্ঠিত হইয়াছে। ঐ দিবস মঙ্গলারাত্রিকান্তে শ্রীগুরুবন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব, "জয় রে জয় রে জয়" প্রভৃতি কীর্ত্তনের পর ১৬শ বর্ষ গৌড়ীয় হইতে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের লিখিত "আলো'র অনুসরণে" নামক প্রবন্ধটী শ্রীপাদ নিখিলপ্রভু দাসাধিকারীজী পাঠ করেন। অতঃপর কীর্ত্তন হয়।

পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীআলেখ্যার্চ্চা নাট্যমন্দিরে মঞ্চোপরি উপরে সুগন্ধি-পুষ্পমাল্য ও পল্লবাদি দ্বারা সজ্জিত করা হয়। পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপা শিরে ধারণ করিয়া পতিতপাবন শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করা হয়। বেলা তিন ঘটিকার পর গৌড়ীয় হইতে শ্রীব্যাসপূজা ও শ্রীগুরুতত্ত্ব সম্বন্ধে পাঠ হয়। সন্ধ্যারাত্রিকের পর শ্রীগুরুবন্দনা ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তনান্তে রাত্রি ৮ ঘটিকা হইতে ৯ ঘটিকা পর্য্যন্ত উপদেশক শ্রীপাদ নিত্যানন্দদাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী বাগ্মীবর প্রভু গৌরনিজজন শ্রীশ্রীল প্রভুপাদের অতিমর্ত্ত্য ব্যক্তিত্ব, শ্রীভগবান্ ও শ্রীগুরুবর্গের ইচ্ছাকৃত আবির্ভাব ও তিরোভাব এবং কর্ম্মফল-বাধ্য জীবের জন্ম-মৃত্যুর মধ্যে প্রভেদ, শ্রীশ্রীল প্রভুপাদের জীবমঙ্গলহেতু বিভিন্ন প্রকারে শ্রীচৈতন্যবাণী প্রচার এবং আচরণ করত প্রচার, তাঁহার শিক্ষাধার, শ্রীগুরুপরম্পরার নিত্যত্ব প্রভৃতি বিষয় ইংরাজী ভাষায় আলোচনা করেন। তৎপরে উপস্থিত সকলকেই শ্রীমহাপ্রসাদ প্রদান করা হয়।

——

শ্রীসচ্চিদানন্দমঠে

গত ৪ঠা ফাল্গুন রবিবার দিবস পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে কটক শ্রীসচ্চিদানন্দমঠে নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস ১০৮শ্রী শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের সপ্তাশীতিতমবর্ষপূর্ত্তি-আবির্ভাববাসরে শ্রীব্যাসপূজা-মহোৎসব হরি-সংকীর্ত্তনমুখে সম্পন্ন হইয়াছে।

প্রাতে শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিক, গুরু-বন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তনাদির পর শ্রীল প্রভুপাদ ও শ্রীল আচার্য্যদেবের হরিকথা আলোচনা হয়। তৎপরে মহামন্ত্র কীর্ত্তন সহকারে শ্রীমন্দির পরিক্রমা হয়। বেলা ১০ ঘটিকার সময় বন্দনা ও কীর্ত্তনমুখে শ্রীল প্রভুপাদের অন্তর-দৃষ্টিতে সুসজ্জিত শ্রীল আচার্য্যদেব ও শ্রীল প্রভুপাদের আলেখ্যের শ্রীপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করা হয়।

সন্ধ্যারাত্রিকের গুরুবন্দনা ও কীর্ত্তনাদির পর সমুপস্থিত ব্যক্তিগণের নিকট শ্রীল প্রভুপাদের মহিমা কীর্ত্তিত হয়। পরে মহাজনপদাবলী ও মহামন্ত্র-কীর্ত্তনান্তে উপস্থিত ব্যক্তিগণকে শ্রীমহাপ্রসাদ বিতরণ করা হয়।

রেঙ্গুন গৌড়ীয়মঠে

গত ১৬ই ফেব্রুয়ারী শ্রীগৌড়ীয়মঠাচার্য্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে রেঙ্গুন শ্রীগৌড়ীয়মঠের সেবকবর্গ পরমারাধ্যতম নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সপ্তাশীতিতম আবির্ভাব-তিথিপূজা-মহোৎসব হরিকথা-শ্রবণ-কীর্ত্তন-মুখে সুসম্পন্ন করেন। এতদুপলক্ষে ব্রাহ্মমুহূর্ত্ত হইতে শ্রীমঠে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর মঙ্গলারাত্রিক-কীর্ত্তন ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে "শ্রীসরস্বতীসংলাপ" গ্রন্থ পারায়ণ হইতে থাকে। মধ্যাহ্নে শ্রীশ্রীগুরু গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর অভিষেক, ভোগরাগ ও বিচিত্র পুষ্পশৃঙ্গারাদি

দুই। সেবকগণ শ্রীশ্রীল আচার্য্যদেবের আলেখ্যে পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদকে পুষ্পাঞ্জলি প্রদান করেন। শ্রীল প্রভুপাদের শ্রীআলেখ্যার্চ্চা বিচিত্র বস্ত্র ও সুগন্ধি পুষ্পমাল্যাদি দ্বারা একটী উচ্চাসনে সুসজ্জিত করা হইয়াছিল।

উৎসব দিবস প্রায় শতাধিক ব্যক্তিকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়।

শ্রীপ্রপন্নাশ্রমমঠে

পরমারাধ্যতম ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের পূর্ব্বাহ্নদত্তো তাঁহার কৃপায় আমলাযোড়া প্রপন্নাশ্রমমঠে শ্রীশ্রীব্যাসপূজা মহোৎসব কীর্ত্তনমুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে।

গত ৪ঠা ফাল্গুন প্রত্যূষে মঙ্গলারাত্রিকান্তে শ্রীগুরুবৈষ্ণববন্দনা, অর্চ্চনপূজা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীনিত্যানন্দ প্রভুর শ্রীব্যাসপূজা-প্রসঙ্গ পাঠ করা হয়। তাহার পর একটী উচ্চবেদীতে শ্রীল প্রভুপাদের আলেখ্য বিচিত্র বর্ণের বস্ত্র ও পত্র-পুষ্পাদির দ্বারা সুসজ্জিত করা হয়। মঠবাসী, গৃহস্থ ও উপস্থিত ভক্তগণ পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করেন। তাহার পর পঞ্চতত্ত্ব ও বিবিধ পদাবলী কীর্ত্তনান্তে শ্রীগৌড়ীয় হইতে শ্রীল প্রভুপাদের শ্রীব্যাসপূজা-প্রসঙ্গ পাঠ করা হয়। অতঃপর মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনান্তে সমাগত আহূত ও অনাহূত বহু সজ্জন ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে দার্জ্জিলিং গৌড়ীয়মঠে গত ১৩ই ফেব্রুয়ারী জগদ্গুরু ও বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সপ্তষষ্ট-বর্ষ-পূর্ত্তি-আবির্ভাব-তিথিপূজা হরিসংকীর্ত্তনমুখে মহাসমারোহে অনুষ্ঠিত হইয়াছে

ঐ দিবস মঙ্গলারাত্রিকান্তে গুরুবন্দনা, অর্চ্চনপূজা, পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীচৈতন্যভাগবত পাঠ হয়। মধ্যাহ্নে শ্রীবিগ্রহের ভোগারাত্রিক কীর্ত্তন হয়। তৎপরে নদীয়াপ্রকাশ পাঠমুখে ইংরাজি করা হয়। সন্ধ্যায় গুরুবন্দনা, কর্ণাটক, পঞ্চতত্ত্ব ও রূপানুগভজনমূলক মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীশ্রীব্যাসপূজা-সংখ্যা গৌড়ীয় ও নদীয়াপ্রকাশ পাঠ হয়। পরে মহাজনপদাবলী ও মহামন্ত্র-কীর্ত্তনান্তে উপস্থিত সজ্জন বিশিষ্ট সম্ভ্রান্ত ভদ্রমহোদয়গণকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

NOTICE.

———:o:(o):o:———

The first annual General Meeting of the members of the Gaudiya Mission (Society registered under Act XXI of 1860) will be held at 8 A. M. on Thursday, the 13th March, 1941 (Gaur-Janmotsab day) at Sree Chaitanya Math, Sree Mayapur, Nadia.

All members are respectfully requested to be present.

The following subject will be taken up for consideration.

Agenda

1. Allegiance and Homage to Srila Acharyadev.
2. Report of the Governing Body.
3. Report regarding the Visva-Vaishnab-Raj-Sabha.
4. Report regarding the Nabadwip-Dham-Pracharini-Sabha.
5. Ants.
6. Appointment of Auditor.
7. Working of the Governing Body.
8. Byelaws and Regulations for the administration of the Society.
9. Any other subject that may be transacted at the Congregation.

Sree Gaudiya math,
P. o. Baghbazar, Calcutta.
The 22. 2. 1941

Sundarananda Vidyavinode.
Secretary,
THE GAUDIYA MISSION

ল ভক্তিসুধাকর প্রভুর অপ্রকট-মহোৎসব

——:o:(o):o:——

দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে

শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে পরমপূজনীয় শ্রীল ভক্তিসুধাকর প্রভুর অপ্রকট-তিথি-পূজা মহোৎসব নিরন্তর হরিসংকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে।

এতদুপলক্ষে গত ১৭ই ফেব্রুয়ারী সন্ধ্যারাত্রিকের পর গুরুবৈষ্ণববন্দনা, পঞ্চতত্ত্ব ও বিরহসূচক মহাজনপদাবলী কীর্ত্তনের পর মঠসেবকগণ শ্রীল ভক্তিসুধাকর প্রভুর সংক্ষিপ্ত জীবনী ও শ্রীশ্রীব্যাসপূজা-সংখ্যা গৌড়ীয় হইতে 'শ্রীশ্রীব্যাসপূজার অঞ্জলি' প্রবন্ধ পাঠ ও ব্যাখ্যা করেন। তৎপরে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তনান্তে উপস্থিত শ্রোতৃমণ্ডলীকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

লক্ষ্ণৌতে

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় গত ১৭ই ফেব্রুয়ারী লক্ষ্ণৌ শ্রীগৌড়ীয়মঠ অফিসে মহামহোপদেশক শ্রীশ্রীল ভক্তিসুধাকর প্রভুর অপ্রকট-তিথি "মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভু", নদীয়া-প্রকাশে প্রকাশিত তাঁহার পত্রাবলী প্রভৃতি আলোচনামুখে সম্পূজিত হন। ঐ দিবস সন্ধ্যায় শ্রীপাদ সেবানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী শ্রীল ভক্তিসুধাকর প্রভুর শ্রীশ্রীগুরুপাদপদ্মে শরণাগতির কথা আলোচনামুখে প্রায় এক ঘণ্টাকাল তাঁহার ভক্তিনিষ্ঠ চরিত্রের কথা আলোচনা করেন।

গয়া শ্রীগৌড়ীয়মঠে

গত ১৭ই ফেব্রুয়ারী, সোমবার পরমপূজ্যপাদ শ্রীল ভক্তিসুধাকর প্রভুর অপ্রকটোৎসব গয়া শ্রীগৌড়ীয়মঠে মাধুকরী ভিক্ষা ও নিরন্তর শ্রীগুরুবৈষ্ণবমহিমাকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে। উক্ত দিবস প্রত্যূষে উষঃকীর্ত্তনান্তে শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থ পাঠ হইবার পর শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিক কীর্ত্তন হয়। অতঃপর মহামহোপদেশক শ্রীল ভক্তিসুধাকর প্রভু পারায়ণ হইতে থাকে। অপরাহ্নে চতুর্দ্দশ বর্ষ নদীয়াপ্রকাশ হইতে শ্রীল ভক্তিসুধাকর প্রভুর পত্রাবলী ও গত বৎসরের শ্রীভক্তিসুধাকর-বিরহ-সংখ্যা গৌড়ীয়, শ্রীল ভক্তিসুধাকর প্রভুর বিরহে শ্রীশ্রীল আচার্য্যদেব কর্ত্তৃক তাঁহার মহিমা-বর্ণন প্রভৃতি প্রসঙ্গ পাঠ হয়। রাত্রিতেও শ্রীব্যাসপূজা-সংখ্যা গৌড়ীয়ে প্রকাশিত 'শ্রীব্যাসপূজার অঞ্জলি'-শীর্ষক প্রবন্ধ অবলম্বনে তাঁহার মহিমা কীর্ত্তন করা হয়। পাঠের আদ্যন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

মেদিনীপুর শ্রীগৌড়ীয়মঠে

গত ১৭ই ফেব্রুয়ারী মেদিনীপুর গৌড়ীয়মঠে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্ম ও শ্রীশ্রীল প্রভুপাদপদ্মের একনিষ্ঠ সেবকবর নিত্যলীলা-প্রবিষ্ট শ্রীল মায়াবাদাস ভক্তিসুধাকর প্রভুর প্রথম বার্ষিক বিরোভাব-মহোৎসবে সংকীর্ত্তন, ভোগরাগ, হরিকথা, শ্রীল ভক্তিসুধাকর গ্রন্থ পারায়ণ হয় এবং গৌড়ীয়, নদীয়াপ্রকাশ হইতেও তাঁহার অভিনির্ভর সেবাদর্শের কথা আলোচিত হয়। সমাগত প্রায় দেড়শতাধিক ব্যক্তিকে শ্রীশ্রীমহাপ্রসাদ বিতরণ করা হয়।

শ্রীশ্রীনিত্যানন্দপ্রভুর আবির্ভাবোৎসব

——::(o)::——

গয়া শ্রীগৌড়ীয়মঠে

গত ৯ই ফেব্রুয়ারী, রবিবার, গয়া শ্রীগৌড়ীয়মঠে শ্রীবরাহদ্বাদশী দিবস মঠসেবকগণ কীর্ত্তনমুখে শ্রীবরাহদেবের প্রকট-তিথির সম্মান করেন। উক্ত দিবস অপরাহ্নে শ্রীমদ্ভাগবত হইতে শ্রীবরাহদেবের আবির্ভাব, পৃথিবী উদ্ধার, হিরণ্যাক্ষবধ প্রভৃতি প্রসঙ্গ পাঠ হয়। রাত্রিতে শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীমুরারিগুপ্তের গৃহে শ্রীমহাপ্রভুর বরাহমূর্ত্তি-প্রকটপ্রসঙ্গ পাঠ হয়।

গত ১০ই ফেব্রুয়ারী, সোমবার শ্রীশ্রীমন্নিত্যানন্দপ্রভুর প্রকটতিথিপূজা পাঠ, কীর্ত্তন ও হরিকথা-আলোচনামুখে সুসম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে মঠসেবকগণ শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিকের পর বিভিন্ন মহাজনপদাবলী-কীর্ত্তনান্তে শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর চরিত পাঠ করেন। অপরাহ্নে ১॥ ঘটিকার পর ১৫শ বর্ষের নদীয়াপ্রকাশ হইতে "শ্রীশ্রীনিত্যানন্দ প্রভু" শীর্ষক প্রবন্ধ আলোচনা করা হয়। অতঃপর শ্রীচৈতন্যভাগবতের আদি ও মধ্যখণ্ড হইতে শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাবলীলা-প্রসঙ্গ পাঠ হয়। রাত্রিতেও অন্তলীলার পঞ্চম অধ্যায় হইতে শ্রীশ্রীনিত্যানন্দ-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা হয়। পাঠের আদি ও অন্তে 'নিতাই গুণমণি' ও 'নিতাইপদকমল' প্রভৃতি পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

লক্ষ্ণৌ শ্রীগৌড়ীয়মঠালয়ে

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় লক্ষ্ণৌ গৌড়ীয়মঠালয়ে সেবকবৃন্দ শ্রীভৈমী-একাদশী, শ্রীবরাহ-দ্বাদশী ও শ্রীনিত্যানন্দত্রয়োদশী—এই দিবসত্রয় নিরম্বু উপবাসী থাকিয়া সর্ব্বক্ষণ গুরুবৈষ্ণবগণের কথাশ্রবণ, ভক্তিগ্রন্থ পাঠ, 'গৌড়ীয়' 'নদীয়া-প্রকাশ' আলোচনা, মহাজনপদাবলী কীর্ত্তন প্রভৃতি বিভিন্ন ভজনানুষ্ঠানমুখে এই মাঘী তিথিত্রয়ের যথাবিহিত সম্মান করেন।

শ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাব-দিবস অহোরাত্র নিরম্বু উপবাসমুখে শ্রীচৈতন্যভাগবত পারায়ণ হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনবকিশোর ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন -ং বড়বাজার ৩.১৫
সেবক—শ্রীঅবধূতভক্তি দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীভক্তবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

অদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক শ্রীভগবানদাস ব্রজবাসী

কাজির সমাধি-পাট
বামনপুকুর, শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীকমলনিধি ব্রহ্মচারী

অনুকূল-কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধর মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীনন্দন দাস অধিকারী

ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

জহ্নুদ্বীপ,গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীঅক্ষয়ানন্দ দেবাধিকারী

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীরাধারমণ ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

শ্রীরাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী

পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ-পরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

শ্রীমাধবগৌড়ীয়মঠ
বালিয়াটী, পোঃ বালিয়াটী, ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীহরিপদ ব্রজবাসী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবগদাধর বিদ্যারত্ন বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীভক্তিজীবন দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
এনং পাণ্ডাবিল্ডিং, দার্জ্জিলিং
সেবক—শ্রীজগমোহন ব্রহ্মচারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর পাটনা
সেবক—শ্রীনারদপ্রভু দাসাধিকারী

গয়া গৌড়ীয়মঠ
চান্দচৌরা রোড, গয়া
সেবক—শ্রীপতিতপাবন দাসাধিকারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গণেশ, বেনারস সিটি
সেবক—শ্রীজনার্দ্দন ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক শ্রীনবীননাথ ব্রহ্মচারী

শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীজীবন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীনবদ্বীপ দাসাধিকারী

শ্রীরাধাকুণ্ড মঠ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক শ্রীসুন্দর দাসাধিকারী

রাধাকুণ্ড গৌড়বাটী
সেবক—শ্রীনিতাইচরণ ভক্তলোচন

শ্রীগোবর্দ্ধন-মঠালয়
গোবর্দ্ধন, মথুরা
সেবক—শ্রীহরিচরণ দাস

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা, মথুরা।
সেবক—শ্রীরামচরণ দাস

গৌড়বিহারী মঠ
শেষশায়ী
পোঃ হোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
সেবক—শ্রীকিতিপাবন ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৩নং রাইসিনা রোড, নিউ দিল্লী
সেবক—শ্রীজয়প্রেম ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং,
নং বোম্বে ২৬
সেবক—শ্রীনিতাইদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীরেবতীরমণ ব্রহ্মচারী

রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী জেলা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীগদাধর দাস অধিকারী

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

ভক্তিকুটি
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

লীলাকুটি
সেবক—শ্রীমধুমঙ্গল দাসাধিকারী

ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ কুমার পর, পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বাঁশপাড়া, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীপতিতপাবন ব্রহ্মচারী

শ্রীব্রজনাথগৌড়ীয়-প্রপন্ন-ভবন
পোঃ রম্ভপুরা, গঞ্জাম
সেবক—শ্রীব্রজনাথ ব্রজবাসী

ভাগবতজনানন্দমঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীদীনহীন দাসাধিকারী

অমর্ষি-গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণচরণ দাসাধিকারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)
সেবক—শ্রীগদাধরচৈতন্য দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ভুবনেশ্বর, পোঃ চিকাকোল (মাদ্রাজ)
সেবক—শ্রীব্রজরাজ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং লিউইস ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনবিহারী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২, ৫১, ডাউন্‌রোড হ্যাম্পষ্টেড,
লণ্ডন, ই ৫
সেবক—কুমারী বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
১৩।১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগিরীন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
আমিনাবাদ, লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীনেত্রানন্দ ব্রহ্মচারী

শ্রীবিভাবিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস,
বহরমপুর (গঞ্জাম)
সেবক—শ্রীবিলাস দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রশরণ ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধাম-প্রচার
সেবক—শ্রীহরিবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রীরাজশেখর ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্যামসুন্দর ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত ও শ্রীঅনন্তবাসুদেব ব্রহ্মচারী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

ঢাকা জেলা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক বিদ্যালঙ্কারপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্ এ মহোদয়ের মৌলিকগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট্ অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৬০৩ অধ্যায়ে সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়াপেট্টা, মাদ্রাজ ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য শ্রীমন্মধ্বাচার্য্যকর্ত্তৃক শ্লোকাকারে অতি সংক্ষেপে অঙ্কিত ও শ্রীপাদ মাধবের ভক্তি-বিরচিত 'তত্ত্বমুক্তা' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য সহ মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ৩৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা নির্দেশ আলেখ্য ভূমিকা ও সূচীসহ অদৃষ্টপূর্ব্ব সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া ;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা ;
শ্রীযুক্ত দুর্গাচরণ রায় এম্-এ, বি-এল্,
পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ব্রজমণ্ডলপরিক্রমা (১ম খণ্ড)

শ্রীমথুরা হইতে রাধাকুণ্ড পর্য্যন্ত এই খণ্ডের পরিক্রমা-বিবরণ প্রকাশিত এবং কয়েকটী দুষ্প্রাপ্য চিত্র, স্থান, পাদ ও বিষয়সূচী সংযোজিত হইয়াছে। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের লিখিত সংক্ষিপ্ত ভূমিকা-সহিত। ভিক্ষা ৸০

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী,
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভারতবর্ষ ও ভক্তিপথ

ইহাতে বৈষ্ণবশাস্ত্র সম্বন্ধে যাবতীয় বিচারধারা এবং শ্রীচৈতন্যদেবের সর্ব্বোত্তম বিমল শিক্ষার সম্বন্ধে যে সকল ভ্রান্তমত আধুনিক সমাজকে গ্রাস করিয়াছে, তাহার নাতিদীর্ঘ সমালোচনা হইয়াছে। যথার্থ বৈষ্ণবধর্ম্মের স্বরূপ ও তৎসম্বন্ধে শ্রীচৈতন্যদেবের প্রকৃত শিক্ষা এই গ্রন্থে সুস্পষ্টভাবে ব্যক্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সজ্জনতোষণী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (তৃতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। বামন আলবার ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়সাহিত্য ৷৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (বলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতার বেদান্ত মাহাত্ম্য ।০
২৭। মুক্তিফলকো ভাগসোঁথঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসারঃ (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ৷৵০ বাঁধা ৸০)
৩০। দীন-দিগ্দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য (ছোট) ৵০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী /১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তসন্দর্ভ (প্রথম) ৵।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /১০
৪৫। নবদ্বীপশতক /১০
৪৬। অর্চ্চনপদ্ধতি /১০
৪৭। সদাচারস্মৃতিঃ /১০
৪৮। কল্যাণকল্পতরু /১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ১১
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। উপদেশামৃত (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণশ্রেষ্ঠ ৵০
৫৯। শিক্ষাষ্টকদর্পণ /০
৬০। সাংখ্যবাণী /০
৬১। শ্রীচৈতন্যদর্শন ২।০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৩৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৫। সন্নিকা শিক্ষাষ্টকম্ ।০
৬৬। শুদ্ধসত্ত্বম্ ।০
৬৭। সাধ্যসাধন শিক্ষাষ্টকম্ ৵০
৬৮। গৌড়ীয়মঠ পরিচয়ঃ /০
৬৯। সারার্থবর্ষিণী ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ।০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ।০
৭২। নামভজন /০
৭৩। বেদান্ত ইট্‌স্ মরফলজী এণ্ড অন্টোলজী ।০
৭৪। বিদেশীয় ওয়ার্ডস্ ৷৵০
৭৫। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৬। বৈষ্ণবীজম্ ।০
৭৭। রোয়াট গৌড়ীয়মঠ স্ট্যাণ্ডস্ ফর /০
৭৮। দি ভাগবত ।০
৭৯। রিলেটিভ ওয়ার্ল্ডস্ এণ্ড অ্যাবসলিউট ।০
৮০। ব্রহ্মসংহিতা ।০
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা ২৲
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু ১
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীশ্রীনামাচিন্তামণি ৸০
৮৫। সাধনপথ ।০
৮৬। কল্যাণকল্পতরু /১০
৮৭। গীতাবলী /১০
৮৮। শরণাগতি /০
৮৯। নামভজনবাণী ৷৵০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।০

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৩৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতি পংক্তিতে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১৷০	
" " সিকি কলম				৩৲
" " অর্দ্ধ কলম		৬৲	৬৲	
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲		৪॥০
" সিকি কলম ১৫৲		১২৲
" অর্দ্ধ কলম ২৪৲		১৮৲
" এক কলম ৩৬৲		৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়-রচিত বাংলা অবতারসম্বন্ধে বিশদ প্রৌঢ়গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ; এই গ্রন্থখানি শাস্ত্রানুকূলে কয়টি অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্রের (Charts) দ্বারা অবতারী হইতে অবতারগণের বৈভব ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র ছয় আনা।

প্রাপ্তিস্থান — শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

অথবা

মধুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ রমনা, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক উপাখ্যান, গল্প, প্রবাদ ও কাহিনী মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের সহজ-বোধগম্য করিবার জন্য প্রদান করিতেন, তাহা এই গ্রন্থদ্বয়ে অতি সরল ভাষায় বহু চিত্রের সহিত প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থদ্বয়ের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ১৲ টাকা

প্রাপ্তিস্থান — মধুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ রমনা, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ যুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে পৃথগ্ভিন্ন দৃষ্টিকোণে ভাসমান মানবগণের সম্প্রদায়; সমন্বয় মহাজন, অবতার, একায়ন, বহুয়ন ও তাহাদের ভ্রান্ত ধারণা-নিরসনমূলক শ্রৌত ও শাস্ত্রীয় বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ-সম্বন্ধে মানবজাতির সাধারণ জনসমূহ, জানিবার সংসিদ্ধান্ত সকলই প্রদত্ত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মধুয়া প্রিন্টিং ওয়ার্কস্, পোঃ রমনা, ঢাকা

অথবা

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর —গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক্ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ১০ম শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭॥০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৬॥০ টাকা। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৩৩৯ এবং ১৩৪০ সালে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কন্‌সেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয়-সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবন চরিত, সিদ্ধান্ত ও শিক্ষা অতি সুন্দরভাবে আলোচিত হইয়াছে। ইহা এক অপূর্ব মৌলিক বিরাট্ গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

ইংরাজী ভাষায় প্রকাশিত শ্রীচৈতন্য-মহাপ্রভু গ্রন্থে শ্রীমন্মহাপ্রভুর কথা, শিক্ষা ও চরিত্র অতি সুন্দরভাবে সন্নিবেশিত হইয়াছে। এই গ্রন্থ বিশ্ববিখ্যাত স্বামী ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ লিখিত। ইহার ভিক্ষা মাত্র ৪৲ টাকা।

প্রাপ্তিস্থান —
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

নিত্যলীলাপ্রবিষ্ট মহামহোপদেশক অধ্যাপক শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য প্রভুবর মহোদয় তাঁহার অপ্রকটের পূর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতার এই অপূর্ব সংস্করণ সম্পাদনপূর্ব্বক স্বয়ং প্রকাশিত করিয়া গীতার পাঠক সম্প্রদায়ের পরিতৃপ্তি সাধন করিয়াছেন। গীতার অসংখ্য সংস্করণ প্রকাশিত থাকিলেও এই সংস্করণে যে যে বিশেষত্ব ও বৈচিত্র্য আছে, তাহা অতুলনীয়। প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে অধ্যায়ের কথাসার, প্রত্যেক শ্লোকের মনঃশিক্ষা তৎপরে দেবনাগর অক্ষরে গীতার মূল শ্লোকসমূহ, প্রত্যেক শ্লোকের অন্বয়, অর্থ ও বঙ্গভাষায় তাহার ব্যাখ্যা, তৎপরে শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, ঐ টীকার সরল বঙ্গানুবাদ, মূল শ্লোকের বঙ্গানুবাদ প্রভৃতি বিষয় এই সংস্করণে পাওয়া যায়। এই গীতা পাঠ করিলে সকলেই প্রচুর লাভবান হইবেন সন্দেহ নাই। উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোড়শাংশী আকারে প্রায় সহস্র পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৩৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট্ সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের ব্যাখ্যা, বঙ্গানুবাদ প্রতিপাদ্য বিষয় নির্দ্দেশ, অধ্যায়-বিবরণ, স্থান ও সূচী প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা শুদ্ধবৈষ্ণবসমাজের এক অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ২॥০ টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত গল্পাকারে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীভূপতিরঞ্জন নাগ এম্ এ, বি-এল্, পুরাণাপল্টন, পোঃ রমণা, ঢাকা।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

আপ

কলিকাতা ছাঃ	৫-৫৬	৬-২১	৭-১৪	১১-৬	১৩-১০	১৬-২৬	১৭-৫১	২২-০
[illegible]	৪-৫৬	৬-৩১	৭-২৮	১১-১৮	১৩-৫০			২২
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮-১	৯-১৮	১৩-২৮	১৪-৫৭	১৮-৩১	১৯-৩৫	০-২৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৩৩	১৩-৩৩	১৫-৫	১৮-৪৯	১৯-৪০	২-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১৩-৫৪	১৫-৪১	১৯-১৫	২০-১৫	৩-৮১

(বদল) ছাঃ	৭-১০	১০-২১	১৭-৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-১৯	১৮-১০	২০-১০

(আপ—শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ	১১-৬
[illegible] "	১১-১৮
রাণাঘাট পৌঃ	১-৫৫
" ছাঃ	১৩-০
শান্তিপুর পৌঃ	১৩-২৮
(বদল) ছাঃ	১৩-৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ	১৪-১৪

ডাউন

সর্ব্বিবার

নবদ্বীপঘাট ছাঃ	৬-১	-৬	১১-৪	১৭ ২৯	১৬-৬	১৮-৩৪
কৃষ্ণনগর পৌঃ	৬-৩৯	৮-৪৪	১১-৪২	১৪-০	১৬-৪৬	১৯-১১

ছাঃ	৭-১০	৮ ৫৪	১১-৪৭	১৫-১০	১৬ ৫৭	১৯-২২	২০-৪৬	৫-৩১
রাণাঘাট পৌঃ	৭-৪৫	৯-২৫	১২ ২৬	১৫-৫০	১৭-৯০	২০-৩	২১ ১৯	৪ ১০
(বদল) ছাঃ	৭-৫২	৯-৩০	১২-৩৬	৫-৫৫	১৭ ৪২	২০-১১	২১-২৫	৪-১৮
[illegible]		১১-৮		১৭-৩৬	১৯-২	১৯-২৬	২৩-৩	
কলিকাতা পৌঃ	৯-২১		১১-২০	১৪ ১৬	১৭-৪৬	২১-৪০	২৩-১৫	৬-১৬

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

২। ভাগবত—তিব্বিতাবাহ একমাত্র পারমার্থিক মাসিক পত্র পাটনা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয়—পণ্ডিত শ্রীযুক্ত নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-গৌরবশিখামণি অপ্রাকৃত বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ পরমারাধ্যতম জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত বঙ্গদেশ তথা বঙ্গেতর প্রদেশসমূহের লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত ও মনস্বী সজ্জনমণ্ডলীগণ সমস্ত পরিপ্রশ্ন করিয়াছিলেন, তাহার তত্ত্বভক্তিসিদ্ধান্তপর সদুত্তরসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীস্বরূপ রূপানুগবিরুদ্ধসিদ্ধান্তখণ্ডনে ও তদনুকূল সিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী গৌরকৃষ্ণাভিন্নস্বরূপ আচার্য্যবরের সিদ্ধান্তসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সত্যানুরাগী ও আত্মমঙ্গলকামীরই অবশ্যসেবনীয়।

ভিক্ষা—৸০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

১৩।৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হ'তেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। লিভার, প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৸০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

বেহালা, ২৪ পরগণা।

শ্রীশ্রীগৌরাঙ্গৌ জয়তঃ

REGD NO. C. 154

শ্রীভক্তিসাহিত্যে শ্রীভক্তি-বিনোদ

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দর-রূপে প্রকাশিত হইয়াছে। ইহা কল্যাণকামী ব্যক্তি-মাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৷৷০ আনা।

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

দৈনিক নদীয়া-প্রকাশ

THE DAILY NADIA PRAKASH

শ্রীশ্রীভগবদ্‌গীতা

বিভিন্ন অব ও পর্ব্ব ও শ্রী এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৷৷০ মাত্র

প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৫ বর্ষ | ১৭ গোবিন্দ ৪৫৪ গৌরাব্দ ১৭ই ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৭, ১লা মার্চ্চ ইং ১৯৪১, শনিবার | ২১৫-২৬তম সংখ্যা

শ্রীশ্রীগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১৭ গোবিন্দ অব্যয় ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫৪

সকল দেবতা কি সমান ?

পঞ্চোপাসনায় শক্তি, সূর্য্য, গণেশ, শিব ও বিষ্ণু এই পাঁচটী দেবতার কথা এবং ইন্দ্রবরুণাদি আরও বহু দেবতার কথা শাস্ত্রে শুনা যায়। বিষ্ণুই শক্তিমান্ এবং অন্যান্য দেবতা তাঁহার শক্তিতেই শক্তিশালী হইয়া কার্য্য করিয়া থাকেন। কিন্তু এই কথা অনেকে অভ্যভিলাষের বশবর্ত্তী হইয়া স্বীকার করেন না। বিষ্ণুকে যাঁহারা সর্ব্বেশ্বরেশ্বর বলিয়া স্বীকার করে না, শাস্ত্র তাঁহাদের পাষণ্ডী বলিয়াছেন। মায়াবাদ হইতে সকল দেবতাই সমান, এই মতবাদের সৃষ্টি হইয়াছে। এই সমন্বয়বাদিগণ বলিয়া থাকেন যে, শাস্ত্র-সকল তাঁহাদেরই মত মূর্খতাবশে নিজ নিজ মত পোষণের জন্য এক একটী শাস্ত্রে এক একটী দেবতার প্রাধান্য বা পরতত্ত্ব কীর্ত্তন করিয়াছেন, যেমন শিবপুরাণে শিবকে পরতত্ত্ব, ভাগবতে কৃষ্ণকে পরতত্ত্ব, দেবীপুরাণে দেবীকে পরতত্ত্বরূপে উল্লেখ করা হইয়াছে। সুতরাং একতাবস্থায় তাঁহাদের [illegible] মূলে ইহাই অভ্যেষ যে, সকল দেবতাই এক অর্থাৎ এক ভগবানেরই বিভিন্ন নামান্তর। এইরূপ মতবাদ মাত্র। ভগবান্ অধিকারী-বিশেষের জন্য বিভিন্ন অধিকারের শাস্ত্র রচনা করিয়াছেন। কিন্তু তিনি প্রত্যেক শাস্ত্রেই যে চরম অধিকার বা চরম সিদ্ধান্তের কথা বলিয়াছেন, তাহা নহে। বালক যখন পাঠশালায় অধ্যয়ন করে, তখন সে তাহার পাঠশালার গণ্ডীর মধ্যে যে প্রথম শ্রেণী, উহাকেই সর্ব্বোচ্চ শ্রেণী বলিয়া ধারণা করে। আবার যখন সেই বালকই উচ্চ প্রাইমারী বিদ্যালয়ে যায়, তখন তাহার গণ্ডীর মধ্যে যেটী সর্ব্বপ্রথম শ্রেণী তাহাকেই সর্ব্বোচ্চ শ্রেণী বলিয়া জানে। আবার যখন সেই বালকই উচ্চইংরাজী বিদ্যালয়ে পড়ে, তখন তথাকার প্রথম শ্রেণীকে সর্ব্বোচ্চ শ্রেণী জ্ঞান করে। যখন কলেজে ভর্ত্তি হয়, তখন সে আরও উচ্চ অধিকারের সন্ধান পায়। নিম্ন প্রাইমারী বিদ্যালয়ের ছাত্রের নিকট যেটী তাহার গুরু মহাশয় কর্ত্তৃক সর্ব্বোচ্চ শ্রেণী বলিয়া কীর্ত্তিত হয়, আর কলেজের ছাত্রের নিকট যেটী সর্ব্বোচ্চ শ্রেণী বলিয়া কীর্ত্তিত হয়, তাহা বিদ্যালয় হিসাবে একজাতীয় বস্তু হইলেও তাহাদের মধ্যে তারতম্য আছে। তামসিক শাস্ত্র, রাজসিক শাস্ত্র, সাত্ত্বিক শাস্ত্র ও নির্গুণ শাস্ত্রোক্তি বিষয়ের মধ্যে তারতম্য রহিয়াছে। তামসিক লোকের নিকট যেটী সর্ব্বোচ্চ তত্ত্ব, রাজসিক প্রকৃতির লোকের নিকট যেটী সর্ব্বোচ্চ তত্ত্ব, সাত্ত্বিক প্রকৃতির ব্যক্তির নিকট সেটী সর্ব্বোচ্চ তত্ত্ব নহে। সুতরাং শ্রীমদ্ভাগবতের উদ্দিষ্ট পরতত্ত্ব ও তামসিক পুরাণাদির উদ্দিষ্ট পরতত্ত্ব কখনও এক হইতে পারে না। এই উভয়ের সমন্বয় করিতে গেলে চিন্তামণি বা মুক্তাশুক্তি এক করা হইবে।

অনেকে বলেন, ভগবদ্ভক্তগণও ত' দেবতার পূজা করিয়াছেন শুনা যায়। উত্তর এই যে, ভগবৎপার্ষদ নন্দাদি যে অম্বিকাবনে অম্বিকার সহিত মহেশকে, গোপকন্যাগণ কাত্যায়নীকে, শ্রীরাধা প্রভৃতি সূর্য্যকে আরাধনা করিয়াছেন, সেই সেই স্থলে অন্তর্য্যামী শ্রীকৃষ্ণই তাঁহাদের লক্ষ্য ছিল। সেখানে শ্রীকৃষ্ণকে পরমতত্ত্ব ও অন্যান্য দেবতার শ্রীকৃষ্ণের অধীন তত্ত্বরূপে আরাধ্যতা-তাৎপর্য্য বুঝিতে হইবে। উহা পরতত্ত্বাভিলাষী সেবকগণের কৃষ্ণসুখ-তাৎপর্য্যেই পর্য্যবসিত এবং উহা কৃষ্ণ-সেবকগণের ঐকান্তিকতারই পরিচায়ক। ইহার দ্বারা অন্য দেবতার পারম্য প্রমাণিত হয় নাই বরং তদ্দ্বারা দেবতান্তরের অধীনত্ব এবং কৃষ্ণনিষ্ঠা-প্রচারার্থ পার্ষদগণের লীলা প্রকাশিত হইয়াছে। ভগবান্, ভগবৎপার্ষদ বা আচার্য্যগণ যে দেবতান্তরের প্রতি সম্মান প্রদর্শন বা নমস্কারাদি বিধান করেন, তাহা তত্তৎ দেবতার অধীনত্ব প্রচারের জন্য অর্থাৎ বিষ্ণুই সর্ব্বেশ্বরেশ্বর এবং অন্যান্য দেবতাগণ তাঁহার অংশ, ইহা বুঝাইবার জন্য। সুতরাং অংশীর অংশ বলিয়া তদীয় সম্বন্ধে তাঁহারা গণ্য। যে সকল অধিষ্ঠাত্রী দেবতা জীবের বহির্ম্মুখ প্রবৃত্তি উদয় করাইয়া থাকেন, তাঁহাদের অধিষ্ঠান এ জড়জগতেই বর্ত্তমান, তাঁহারা ছায়াশক্তি বলিয়া খ্যাত। গোলোকস্থ মন্ত্রময়ী কৃষ্ণদাসী চিন্ময়ী দুর্গা স্বরূপশক্তির অংশ বলিয়া ভগবদ্ভক্তের পূজ্যা, কিন্তু সেই চিন্ময়ী কৃষ্ণদাসীর ছায়ারূপিণী দেবীধামের অধিষ্ঠাত্রী মহামায়া দুর্গা জীবগণকে নিরন্তর বিমোহিত করায় দরুণ কৃষ্ণবহির্ম্মুখ গমন করিতে বিলম্বমানা। সুতরাং তিনি ভগবদ্ভক্তের আদরের পাত্র নহেন। বৈষ্ণবী দুর্গাই ভগবদ্ভক্তের আরাধ্যা। আর জীবসম্মোহন-কারিণী অধিষ্ঠাত্রী ছায়ারূপিণী দুর্গা ইন্দ্রিয়তর্পণ বিধায়িনী বলিয়া জগতের বহির্ম্মুখ লোকের নিকট বহুমানিতা। ভগবদ্ভক্তগণ বৈষ্ণবাগ্রগণ্য শম্ভুকে তদীয় বা ভগবৎপ্রিয়তম সম্বন্ধে পূজা করিয়া থাকেন। কিন্তু যে শিব তাঁহার বৈষ্ণবস্বরূপ গোপন করিয়া বহির্ম্মুখ জীবের কামনানুসারে স্বীয় রুদ্রত্ব অর্থাৎ সংহারত্ব ধর্ম্ম বা নির্ব্বিশেষগতি প্রদানরূপ ধর্ম্ম প্রকট করেন, তিনি কখনই ভগবদ্ভক্তের আরাধ্য হইতে পারেন না। কৃষ্ণসেবারূপ মঙ্গলপ্রদানকারী শিবই ভক্তগণের আরাধ্য আর কৃষ্ণসেবা হইতে বিচ্যুত করিয়া নির্ব্বিশেষগতিপ্রদানকারী রুদ্র অভক্তগণের পূজনীয়। সর্ব্বেশ্বরেশ্বর ভগবান যে দেবতান্তরে সম্মান দেখাইয়া থাকেন, তাহা নিজপ্রিয় ভক্তের প্রতি বিগ্রহ সম্মানমাত্র—তৎপ্রিয়ভক্তের প্রভুভাবে আরাধ্যতা প্রচারের জন্য।

বিষ্ণু শক্তিমান, আর দেবতাগণ তাঁহার সেবক। শক্তি বা সেবক স্বতন্ত্র নহেন, তিনি শক্তিমান বা সেব্যের অধীন। শক্তিমানের ইচ্ছাতেই শক্তি ক্রিয়াবতী হয়। যেমন ধনবানের অধীন ধন, তেমনই শক্তিমানের অধীন শক্তি। শক্তি শক্তিমানকে [illegible] বস্তুর গুণ না থাকিলে কখনও [illegible] থাকিতে পারে না। অতএব [illegible] উর্দ্ধশক্তি [illegible] হিসাবে [illegible] সেই [illegible] কারণ [illegible] [illegible] শক্তি তাঁহার সম্মুখে [illegible] দেবতাগণ [illegible] তাঁহার নিকট প্রেরণ করেন। এক ঋষির পরিচয় ও সামর্থ্য জিজ্ঞাসা করিলে অগ্নি বলিলেন যে, তাঁহার এই বিশ্বব্রহ্মাণ্ডের যাবতীয় বস্তু দগ্ধ করিবার ক্ষমতা আছে। বক্ষ ঋষির নিকট একটি তৃণ সংস্থাপন

মানুষের কৃষ্ণভক্তে শ্রদ্ধা যদি হয়। ভক্তিপথ প্রেম' হয়সংসার বাহ্য ক্ষয়।

করিয়া দগ্ধ করিতে বলিলে অগ্নি তাঁহার সমস্ত শক্তি প্রয়োগ করিয়াও তৃণটিকে দগ্ধ করিতে পারিলেন না। দেবতাগণ পুনর্ব্বার ঐ প্রাদুর্ভূত পুরুষের স্বরূপ জানিবার জন্ত তাঁহার নিকট বায়ুদেবকে প্রেরণ করিলেন। ব্রহ্মকর্তৃক জিজ্ঞাসিত হইয়া বায়ুদেব তাঁহার আত্মপরিচয় ও শক্তির কথা বর্ণন করিয়া বলিলেন, তিনি বিশ্বব্রহ্মাণ্ডের সমস্ত বস্তুকে গ্রহণ করিতে পারেন। ব্রহ্ম বায়ুর নিকট একটী তৃণ স্থাপন করিয়া উহাকে গ্রহণ করিতে বলিলে বায়ু তাঁহার সমস্ত শক্তি প্রয়োগ করিয়াও উহাকে বিন্দুমাত্রও বিচলিত করিতে পারিলেন না। তৎপরে দেবতাগণ ব্রহ্মের নিকট দেবরাজ ইন্দ্রকে প্রেরণ করিলেন। ব্রহ্ম ইন্দ্রের নিকট হইতে অন্তর্হিত হইলেন। ইন্দ্র দেখিতে পাইলেন, সেই আকাশে স্ত্রীরূপা বহুশোভা-সম্পন্না হিমালয়-দুহিতা উমা আবির্ভূতা। দেবরাজ উমাদেবীকে ঐ পূজনীয় পুরুষের পরিচয় জিজ্ঞাসা করিলে দেবী বলিলেন, সেই পূজনীয় পুরুষই পরব্রহ্ম। ইঁহার শক্তিতেই দেবতাগণ গৌরব লাভ করিয়াছেন। উমাদেবী আরও বলিলেন যে, তিনিও সেই ব্রহ্মেরই শক্তি। তাঁহারও স্বতন্ত্রতা নাই। শাস্ত্রের এই উপাখ্যান দ্বারা স্পষ্ট বুঝা যাইতেছে যে, ভগবান্ শ্রীবিষ্ণুই সকলের একমাত্র কর্ত্তা, নিয়ামক ও চালক।

একলা ঈশ্বর কৃষ্ণ আর সব ভৃত্য।
যারে যৈছে নাচায় সে তৈছে করে নৃত্য॥

মনুষ্য যখন অজ্ঞজ্ঞানে চালিত হইয়া শক্তির স্বতন্ত্রতা আছে কল্পনা করিয়া শক্তিকে আকর্ষণকারিণী ও আনন্দদায়িনী মনে করেন, তখন তাঁহারা চতুর্ব্বর্গের অন্তর্গত কামের উপাসক হইয়া পড়েন। কামকামিগণই শক্তির উপাসনা করেন। পরাধীনাকে স্বাধীনা মনে করায় কৃষ্ণমায়াকে কৃষ্ণ মনে করায় তাঁহাদের কৃষ্ণোপাসনা অবিধিপূর্ব্বক হইয়া যায়। সেখানে কৃষ্ণের উপাসনা হইলেও উহা কৃষ্ণের উপাসনা নহে; উহা অবিধিপূর্ব্বক পূজা।

এই ত' গেল শক্ত্যুপাসকগণের কথা। সূর্য্যোপাসকগণ মনে করেন যে, জড়ের মধ্যে উত্তাপশক্তি শ্রেষ্ঠ ও আশ্চর্য্য ক্ষমতার নিদান। উত্তাপশক্তির সংযোগে কত মহৎকার্য্য হইতেছে আবার কত তীক্ষ্ণ ব্যাপারও সংঘটিত হইতেছে। এই উত্তাপের মূলাধার—সূর্য্য। সূর্য্য না থাকিলে সমস্ত বস্তু উত্তাপহীন হইয়া যাইত। সুতরাং এই সূর্য্যই উপাস্য। এইরূপ বিচারে যাঁহারা সূর্য্যে আকর্ষণীশক্তা ও মঙ্গলপ্রদা অনুভব করিয়া সূর্য্যকে স্বতন্ত্র ঈশ্বর বলিয়া পূজা করেন, তাঁহারাও কৃষ্ণেরই উপাসনা করেন, কিন্তু প্রকৃত প্রস্তাবে তাহাতে কৃষ্ণের উপাসনা হয় না—অবৈধ পূজা হইয়া যায়। উত্তাপের আবশ্যকতা স্বীকার করা গেলেও চেতনের প্রেরণা ব্যতীত কিছুই হইতে পারে না। উত্তাপকে স্বীকার করিয়া চেতন-প্রেরণা অস্বীকার করা কেবল আত্মবঞ্চনামাত্র। আকর্ষণ বা উত্তাপ কখনও স্বতঃসিদ্ধ গুণ হইতে পারে না। চেতন বস্তু পিতা-স্বরূপ এবং আকর্ষণাদি বিভিন্নাংশ। অতএব পিতাকে অস্বীকারপূর্ব্বক বিধি স্বীকার করা যুক্তিযুক্ত নহে। শ্রীকৃষ্ণ গীতায় বলিয়াছেন, সূর্য্য, চন্দ্র ও অগ্নির যে তেজ অখিল জগৎকে প্রকাশিত করে, সে তেজ আমারই জানিবে। কৃষ্ণের এই সাক্ষাৎ উপদেশটী উল্লঙ্ঘন-পূর্ব্বক চতুর্ব্বর্গের অন্তর্গত ধর্ম্মের কামনায় সূর্য্যের স্বতন্ত্রতা যাঁহারা স্বীকার করেন, তাঁহারা কৃষ্ণপূজা করিলেও তাঁহাদের প্রকৃত কৃষ্ণপূজা হয় না—অবিধিপূর্ব্বক হইয়া যায়।

কেহ কেহ উত্তাপকেও জড় বলিয়া পঞ্চ চৈতন্যের শ্রেষ্ঠতা স্বীকার করিয়া থাকেন। যাহারা জীব এই জগতে গণশক্তির অবস্থা লক্ষ্য করিয়া বিঘ্নবিনাশার্থ চতুর্ব্বর্গান্তর্গত অর্থ-প্রাপ্তির লালসায় গণপতিকেই পরমেশ্বর বলিয়া জ্ঞান করেন। কামনামূলে তাঁহাতেই শ্রদ্ধা হওয়ায় গণপতির স্বতন্ত্রতা বিচার করিয়া তাঁহার আরাধনায় নিযুক্ত হন। ইঁহারা কৃষ্ণের উপাসনা হইলেও প্রকৃতপক্ষে কৃষ্ণ উপাসিত হন না। কারণ, এইরূপ উপাসনা অবৈধ। আবার কেহ কেহ আত্মহত্যা বা ত্রিপুটীবিনাশরূপ মোক্ষকে পরমপ্রয়োজন মনে করেন। তখন পঞ্চ-চৈতন্যের পরিবর্ত্তে নরচৈতন্য তাঁহার আরাধ্য হয়। মোক্ষকামী হইয়া নরচৈতন্য রুদ্রের উপাসনায় ত্রিপুটীবিনাশ-চেষ্টা এবং তাহাতে আনন্দের অনুসন্ধান—অবিধিপূর্ব্বক কৃষ্ণেরই উপাসনা। আনন্দের আস্বাদ্য ও আস্বাদকের নিত্যত্ব না থাকায় কেবল আনন্দত্বের উপলব্ধি নাই। নপুংসক ও বন্ধ্যার যেমন পুত্র স্নেহের শক্তির নাই, আনন্দের আস্বাদ্য ও আস্বাদকের অভাবেও তদ্রূপ আনন্দত্বের উপলব্ধি নাই। কাহারও হৃদয়ে পরমচৈতন্যের উপাসনার আভাস স্থান পায়। মানব যখন স্বীয় অভিজ্ঞতাবাদের উপর একটু অধিক নির্ভর করে, তখন পরমচৈতন্যের উপাসনা-বুদ্ধির আভাস প্রতিবিম্ব-ছায়াভক্ত্যাভাসরূপে তাহার হৃদয়ে প্রতিফলিত হয়। পরমচৈতন্যের প্রতি এই প্রতিবিম্ব-ছায়াভক্ত্যাভাস পঞ্চোপাসকগণের নির্গুণোপাসনা বা রুদ্র-উপাসনা। ইহা কৃষ্ণের উপাসনা হইলেও প্রতিবিম্ব-ছায়াভক্ত্যাভাস থাকায় ইহাকে বৈধ কৃষ্ণোপাসনা বলা যায় না। ইহা সংকীর্ণ সাম্প্রদায়িক নিজ বিষ্ণু-আরাধনা বা নির্বিশেষবাদ নামে কথিত হইয়া থাকে। ইহাতে পরমচৈতন্যের পরমস্বতন্ত্রতা, সর্ব্বশক্তিমত্তা, নিরঙ্কুশ ইচ্ছা, চিদ্বিলাসত্ব, নিত্যত্ব, অন্বয়ত্ব স্বীকৃত না হওয়ায় এবং আরোহবাদমূলে পরমচৈতন্যের পরিপূর্ণ স্বাধীনতা ও নিত্যত্ব অস্বীকৃত হওয়ায় এইরূপ বিষ্ণু বা কৃষ্ণোপাসনাকেও বৈধ কৃষ্ণোপাসনা বলা যায় না। জীব যখন এই আরোহবাদে আস্থা পরিত্যাগ করিয়া অবরোহবাদ বা ভগবৎকৃপার অপেক্ষা করেন, তখন কনিষ্ঠাধিকারে অর্থাৎ প্রতিবিম্ব-ছায়াভক্ত্যাভাস বিদূরিত হইয়া ছায়া-ভক্ত্যাভাসযুক্ত পুরুষের হৃদয়ে যে বিষ্ণুপূজার চেষ্টা লক্ষিত হয়, তাহা কৃষ্ণের বৈধ উপাসনার সর্ব্বনিম্নস্তর মাত্র। মধ্যমাধিকারে কৃষ্ণের বৈধ উপাসক কার্ষ্ণগণের মাহাত্ম্য উপলব্ধি করিতে পারেন এবং তাঁহাদের পূজা করিতেও শিখেন এবং তখনই কৃষ্ণের প্রকৃত বৈধ উপাসনা আরম্ভ হয়। জীব বৈধ কৃষ্ণোপাসকগণের কৃপায় স্বরূপে অবস্থিত হইলে বুঝিতে পারেন যে, আরোহপন্থী নির্ব্বিশেষবাদী ব্রহ্মোপাসকগণ কৃষ্ণকে অনুসন্ধান করিলেও তাঁহাদের কৃষ্ণপূজা অবিধিপূর্ব্বক পূজা। আর কৃষ্ণকার্ষ্ণপাদপদ্মে শরণাগত হইয়া ভক্তাঙ্গসঙ্গে কৃষ্ণোপাসনাই প্রকৃত কৃষ্ণসেবা। কৃষ্ণের উপাসনা করিলেই অন্যান্য দেবতার পূজা হইয়া যায়, পৃথক্ করিয়া কাহারও পূজা করিবার আবশ্যক হয় না।

শুদ্ধভক্তি

আমরা যদি মঙ্গল চাই, তাহা হইলে আমাদের প্রত্যেককেই সর্ব্বপ্রথমে শ্রীগুরু-পাদপদ্মে প্রতিষ্ঠিত হইয়া নিজের মঙ্গল বরণ করিতে হইবে, নিজের চরিত্রকে আদর্শস্থানীয় করিতে হইবে। নিজে আচরণ না করিলে কাহারও প্রচার করিবার যোগ্যতা হয় না। আমি নিজে যাহা করি না, তাহা অপরকে বলিতে যাওয়া ধৃষ্টতামাত্র। আবার তাহা অপরেও বা শুনিবে কেন? তাই সর্ব্বপ্রথমে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তিসহকারে শ্রীগুরুবৈষ্ণবের উপদেশ ও শাস্ত্রবাক্য শ্রবণ করা দরকার। আত্ম-সংশোধন করিতে হইলে শ্রবণ আবশ্যক। কাহার নিকট শ্রবণ করিতে হইবে? -যিনি সংশোধিতাত্মা, যাঁহার অনর্থ নাই, এরূপ সাধুর নিকট। শ্রবণ আত্মসংশোধনের জন্ত হওয়া উচিত। পরকে উপদেশ দিবার উদ্দেশে শ্রবণ করিতে গেলে শিষ্য হওয়া যায় না, তাহাতে দম্ভই বাড়িতে থাকে। শিষ্য তার্কিক নহেন। তৃণাদপি সুনীচতা, তরু অপেক্ষা সহিষ্ণু ও অমানি-মানদত্বই সৎশিষ্যের লক্ষণ। নিজে ঐকান্তিকভাবে গুরুসেবা না করিলে অপর কেহই তাহার কথা শুনিবে না। কেহ আচারহীন প্রচার করিলেও তাহা কার্য্যকরী হয় না। যিনি নিজের ব্যক্তিগত ছিদ্রান্বেষণ করেন না, গুরুবৈষ্ণবের সেবা ও কৃপা দ্বারা আত্ম-শোধনের জন্ত যত্নপর হন না, তাঁহার দ্বারা স্ব-পরমঙ্গল হইতে পারে না। আত্মমঙ্গল-লাভে উদাসীনতা আসিলেই দেহাত্মবোধ বাড়ে। সাধুজনের কৃপায় দেহাত্মবোধ দূরীকৃত হয়। দেহাত্মবোধ যাহার যত বেশী, সে তত আত্মদোষ-দর্শনে অন্ধ। যাঁহার যত আত্মদোষ দর্শন হইবে এবং যিনি যে পরিমাণে সাধুজনের আদর্শ, আদেশ ও উপদেশানুসারে চলিতে যত্ন করিবেন, তাঁহার তত দেহাত্মবোধ কমিয়া গিয়া গুরুবৈষ্ণব-ভগবান্ ও ভগবৎসেবোপকরণে আত্মবোধ হইবে। অসৎ বা অচিদ্বস্তুতে সম্বন্ধই বন্ধন। অসতে প্রীতির নামই অভক্তি। অসদ্বস্তু হয় আমাদের ভোগের ইন্ধন যোগাইবে, না হয় তাহার গোলামী করাইবে। কিন্তু ভগবৎ-সেবোপকরণ আমাদিগকে ভগবানের সন্ধান প্রদান করেন। ভগবৎ-সম্বন্ধি হইতে সম্বন্ধ হওয়াই বাঞ্ছনীয়। জড়-সম্বন্ধ থাকাকাল পর্য্যন্ত শুদ্ধভক্তি লাভ হয় না।

শ্রীল শ্রীধর স্বামিপাদ বলিয়াছেন,—'আদৌ অর্পিতা সতী পশ্চাৎ ক্রিয়েত।' আগে আত্মনিবেদন, তারপরে ক্রিয়া। প্রথমে গুরু-কৃষ্ণের সহিত সম্বন্ধ লাভ হউক, তাহার পর যে ক্রিয়া, অভিধেয় বা ভক্তিযাজন, তাহাই শুদ্ধভক্তি। প্রাণ, অর্থ, বুদ্ধি ও বাক্য—এই চারিটীর দ্বারা সর্ব্বতোমুখী ভগবৎ-গুণ-সাধনচেষ্টাই প্রয়োজন। নিজের জন্ত ফলকামনা না থাকিলেই শুদ্ধা ভক্তি হইবে। প্রাণ, অর্থ, বুদ্ধি ও বাক্য চারিটী দ্বারাই ভগবৎ-সেবা করিতে হইবে—ইহাদিগকে ভগবৎ-সেবার উৎসর্গ করিতে হইবে। এই চারিটী দ্বারা সর্ব্বক্ষণ আত্মমঙ্গল ও পরমঙ্গলে অনুরাগী থাকিতে হইবে। প্রাণদানই সর্ব্বশ্রেষ্ঠ দান। প্রাণদান অর্থে সর্ব্বস্ব-দান, আত্ম-নিবেদন বা পূর্ণশরণাগতি। পূর্ণ শরণাগত হইয়া বাক্য দান করিলে অর্থাৎ আচরণমূলে বাক্যদান করিলে তদ্দ্বারা ভগবৎসেবাই হইয়া থাকে—নিজের ও পরের প্রকৃত মঙ্গল হইয়া থাকে। ভগবানের হইয়া গিয়া যিনি ভগবানের মহিমা প্রচারার্থ ভগবৎকথা কীর্ত্তন করেন—কীর্ত্তন করিয়া নিজে লাভ-পূজা-প্রতিষ্ঠা আকাঙ্ক্ষা করেন না, তিনিই শুদ্ধ-ভগবৎকথা-কীর্ত্তনকারী, তিনিই প্রচারক। তাঁহার কথায় চেতনতা আছে, প্রাণ আছে। তাঁহার প্রত্যেকটী বাণীই চেতনের সন্ধান দেন—পরমচেতন ভগবানের সেবায় উদ্বুদ্ধ করেন। তৎপরে অর্থ এবং বুদ্ধি দান করিতে হইবে, তাহা হইলে ভগবৎসেবা হইবে। প্রাণ, অর্থ, বুদ্ধি ও বাক্য ভগবানে নিবেদন করিয়া ভগবৎসেবা সর্ব্বতোভাবে করাই মনুষ্যজন্মের সার্থকতা। ইহাই শ্রীমদ্ভাগবত বলিয়াছেন।

এতাবজ্জন্মসাফল্যং দেহিনামিহ দেহিষু।
প্রাণৈরর্থৈর্ধিয়া বাচা শ্রেয় আচরণং সদা॥

সকল কার্য্যের কেন্দ্রস্থলে ভগবান্ অবস্থিত থাকিলেই প্রকৃতার্থক হইবে। শ্রীল প্রভুপাদ

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্য্যামিরূপে শিখান আপনে॥

বলিয়াছেন,—"আমাদের প্রত্যেক পদবিক্ষেপে, শ্রবণে, জাগরণে, শয়নে, তীর্থভ্রমণে, সমস্তকার্য্যকালে কৃষ্ণ যদি আমাদের স্মৃতিপথে না থাকেন, তা' হ'লে নিশ্চয়ই আমরা বিপথগামী হ'ব। ভগবান্‌কে কেন্দ্র ক'রে আমাদের সকল কাজ করতে হ'বে। আমরা ভগবানের ইন্দ্রিয়তর্পণের জন্য সকল চেষ্টা করব—আকাশপাতাল আয়োজন করব—প্রবল উৎসাহের সহিত ভগবৎসেবা করব। একমাত্র পারমহংস্যধর্মে অবস্থিত অর্থাৎ অহৈতুক সর্ব্বেন্দ্রিয়ে আনুকূল্যে কৃষ্ণানুশীলন ব্যতীত জীবের পূর্ণমঙ্গল নাই—নাই—নাই। কৃষ্ণের পূর্ণ শরণগ্রহণ ব্যতীত জীবের পূর্ণমঙ্গল নাই। 'আমি আমার' ভাব প্রবল থাকলে সুবিধা হ'বে না। 'আমরা ভোক্তা, জড়জগৎ ভোগ্য'—এই বুদ্ধিতে আচ্ছন্ন হ'য়ে গেলে আমরা অধঃপাতে চ'লে যা'ব। ঐজন্যই শ্রীগৌরসুন্দর ব'লেছেন,—

এত সব ছাড়ি' আর বর্ণাশ্রম-ধর্ম।
অকিঞ্চন হঞা লয় কৃষ্ণৈকশরণ॥

প্রত্যেক কার্য্যে যদি ঈশ্বরের সেবা না হয়, আর কোন উদ্দেশ্যে প্রবিষ্ট হ'য়ে যাই, তা' হ'লে সত্যের সেবা হ'বে না—কামক্রোধ-লোভ বৃদ্ধি হ'য়ে এক একটা দলাদলিতে সময় নষ্ট হ'বে। যাঁ'রা অদ্বিতীয় ভোক্তার ইন্দ্রিয়তর্পণের মহামহোৎসব পরিত্যাগ ক'রে নিজেরা ভোগ করতে যায়, তা'রা নিজেদের পাশেই নিজেরা আবদ্ধ হয়।" শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

শ্রদ্ধাবান্ জন হয় ভক্তি-অধিকারী।
'উত্তম', 'মধ্যম', 'কনিষ্ঠ'—শ্রদ্ধা অনুসারী॥

সদ্বস্তুর প্রতি শ্রদ্ধাবান্‌ই ভক্তি-অধিকারী। শ্রদ্ধা বলিতে শাস্ত্রবাণীতে বিশ্বাস—শাস্ত্রমূর্ত্তি সাধুগুরুর প্রতি বিশ্বাস। সাধু শাস্ত্রের মূর্ত্তবিগ্রহ। সৎশাস্ত্রের মধ্যে যেমন শুদ্ধভক্তি ব্যতীত অন্যকিছুর কোন কথা পাওয়া যায় না, তদ্রূপ সাধুর চরিত্রেও ভগবৎপ্রীতিবিধানচেষ্টা ব্যতীত অন্য কিছু লক্ষিত হয় না। সাধু চব্বিশ ঘণ্টার মধ্যে চব্বিশ ঘণ্টাই ভগবানের সেবা করেন। সেই সাধুর হইয়া যাইতে না পারিলে হরিভজনের আশা কেবল দুরাশা মাত্র। সেই সাধুতে আত্মা হওয়া দরকার। তাঁহার ইচ্ছার সহিত নিজের ইচ্ছা মিলাইয়া দেওয়া—নিজেকে বলি দেওয়া দরকার। বলদেবতা শ্রীগুরুদেবের শ্রীপাদপদ্মে আত্মবলি দিলে বলদেবতার সেবা-যোগ্যতা লাভ হয়। বলবলী অর্থাৎ অনিবেদিতাত্ম ব্যক্তি হরিভজন করিতে পারে না। শরণাগত হইলে বলদেব তাঁহার চিৎবল শরণাগত জনে সঞ্চারিত করেন। দুর্ব্বল জীবের নানাপ্রকার অনর্থ আছে, বাধা আছে। শরণাগতের যা' কিছু ভজনের বাধা আছে তৎসমুদয়ই তাঁহার কৃপায় দূরীভূত হয়। কর্ত্তা নিজেকে বলি দেওয়া যাইবে—ভগবানের সুখের উদ্দেশ্যে নিজের ভোগসুখ, বিদ্যা, বুদ্ধি,

ঐকান্তিকতা

অনেকেই ঐকান্তিকতাকে 'সাম্প্রদায়িকতা' ও সাম্প্রদায়িকতাকে 'ঐকান্তিকতা' মনে করিয়া ভ্রান্ত হন। বস্তুতঃ ঐকান্তিকতা ও সাম্প্রদায়িকতা দুইটী ভিন্ন বৃত্তি। অন্ধবিশ্বাস ও কু-বিশ্বাস হইতে 'অসৎ-সাম্প্রদায়িকতার' উৎপত্তি হয়; আর নিত্য বাস্তব-সত্যে স্বাভাবিক অনুরাগ, প্রীতি

পাণ্ডিত্য যিনি যতটা বিসর্জ্জন করিতে পারিবেন, তিনি ততটা শীঘ্র অগ্রসর হইতে পারিবেন—শ্রীনিত্যানন্দ তাঁহাকে ততটা আত্মসাৎ করিবেন। শ্রীগুরুপাদপদ্ম তাঁহাকে ভৃত্য বলিয়া গ্রহণ করিলেই মঙ্গল হইবে। ইহাই একমাত্র পথ—শুদ্ধভক্তিপথ।

সমস্ত ইন্দ্রিয়ের দ্বারা ভগবৎসেবায় নিযুক্ত থাকাই ভক্তি। ইন্দ্রিয়ের অধীশ্বর হৃষীকেশ ভগবান্ হইলেই মঙ্গল। ইন্দ্রিয়গুলি শুদ্ধভক্তিপথে চালিত করিতে হইলে শুদ্ধভক্তের আদর্শ, সঙ্গ, আনুগত্য ও কৃপা চাই। শুদ্ধভক্তগণ কি ভাবে সর্ব্বেন্দ্রিয়ে ভগবৎসেবা করেন, তাহা তাঁহাদের কৃপায় জানিতে পারিলে বদ্ধজীব শুদ্ধভক্তি-যাজন করিতে পারে। নতুবা জীবের কি সাধ্য যে, সে মায়ার প্রলোভনে প্রলুব্ধ না হইয়া সাধুগুরু-বৈষ্ণবের প্রীতিসাধন করিতে পারে। দেহ দ্বারা—ইন্দ্রিয়দ্বারা যে ভক্তির নিয়ম অনুষ্ঠান হয়, তাহাই সাধন। দেহ ও ইন্দ্রিয় দ্বারা ভজনে অগ্রসর হওয়াই সাধন। শ্রীল আচার্য্যদেব বলিয়াছেন,—"আগে নিজেকে জানিতে হইবে। 'কে আমি' প্রথমে জানা দরকার। নিত্যানন্দ প্রভুর সহিত মহাপ্রভুর সম্বন্ধ এবং আমি শ্রীনিত্যানন্দ-প্রভুর—শ্রীবাসের—শ্রীঅদ্বৈতের—শ্রীগদাধরের পদধূলি, এই সকল পরিচয় জানা দরকার। নিজের এই পরিচয় জানাই শ্রীনিত্যানন্দের কৃপার প্রথম পরিচয়। শ্রীগুরুবৈষ্ণবের বাণী হইতেই ইহা জানা যায়। শ্রীগুরুবৈষ্ণবের বাণীতে বিশ্বাসই শ্রদ্ধা। এই শ্রদ্ধাও নিত্যানন্দের কৃপার প্রথম পরিচয়। শ্রদ্ধা হইলেই সাধুসঙ্গে হরিকথা শ্রবণ হয়। সাধুসঙ্গে শ্রবণ-কীর্ত্তনই ভজন। ভজনক্রমে সমস্ত অনর্থ দূরীভূত হইলে নিষ্ঠা—নৈরন্তর্য্য উপস্থিত হয়, তারপরে রুচি, তারপরে আসক্তি। এই পর্য্যন্ত সাধনভক্তি, ইহার পর সাধ্যভক্তি ভাবের উদয় হয়। রতি হইতে শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর—এই পাঁচটী রসের মধ্যে যে-টী যে আত্মার নিত্য-স্বভাব তাহা প্রকাশিত হয়। এইটী ক্রমপন্থা—ইহাও নিত্যানন্দেরই কৃপার পথ।" গৌরনিত্যানন্দের কৃপা পাওয়াই ভক্তি। যে উপায়ে তাঁহাদের কৃপা লাভ হয়, যেরূপে তাঁহাদের সুখবিধান করা যায়, সেই উপায়ই সাধন এবং তৎপ্রীতিই শুদ্ধভক্তি।

ও নিষ্ঠা হইতে ঐকান্তিকতা-বৃত্তির আবির্ভাব হয়। শুদ্ধবৈষ্ণবগণ 'ঐকান্তিক' অর্থাৎ বাস্তবসত্যে একান্ত নিষ্ঠাযুক্ত। কিন্তু ভক্ত ও ভগবানে প্রীতিরহিত নির্ব্বিশেষবাদিগণ ভক্তের সেই প্রীতিময়ী নিষ্ঠা বা চেতনের শুদ্ধ নির্ম্মলা বৃত্তিকে অসৎ-সাম্প্রদায়িকতা বা অন্ধবিশ্বাস মনে করিয়া বঞ্চিত হইয়া থাকে। ঐকান্তিকতার বিকৃত প্রতিবিম্বই 'অসৎসাম্প্রদায়িকতা'। সৎসাম্প্রদায়িকতা ও ঐকান্তিকতা একই বৃত্তি। অন্যসঙ্গ কায়মনোবাক্যে সর্ব্বতোভাবে পরিত্যাগপূর্ব্বক সৎসঙ্গ-গ্রহণে যে প্রবৃত্তি হয়, তাহাই ঐকান্তিকতা বা সৎসাম্প্রদায়িকতা আর উহার অংশ বিকৃত অনুকরণ করিয়া অসদ্‌বস্তুর প্রতি যে অন্ধবিশ্বাস, তাহাই অসৎসাম্প্রদায়িকতা। শ্রীল [illegible] মহারাজ শ্রীরামচন্দ্রের প্রতি স্বাভাবিকী নিত্যসিদ্ধ ঐকান্তিকতা প্রদর্শন করিয়া বলিয়াছেন,—

শ্রীনাথে জানকীনাথে অভেদঃ পরমাত্মনি।
তথাপি মম সর্ব্বস্বঃ রামঃ কমললোচনঃ॥

অর্থাৎ শ্রীলক্ষ্মীপতি নারায়ণ ও শ্রীসীতাপতি রামচন্দ্রে তত্ত্বতঃ কোন ভেদ নাই; তাঁহাদের মধ্যে লীলাগত বৈচিত্র্য আছে। তথাপি আমি শ্রীভগবানের সেই অপ্রাকৃত রামলীলাকেই সর্ব্বস্বরূপে বরণ করিয়াছি।

শ্রীমহাপ্রভুর লীলায় শ্রীল হনুমানের অবতার শ্রীমুরারি গুপ্ত শ্রীরামচন্দ্রের পাদপদ্মে এইরূপ নিষ্ঠা প্রদর্শন করিয়াছিলেন। শ্রীরূপ-সনাতন গোস্বামী প্রভুদ্বয়ের অনুজ শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভুর পিতৃদেব শ্রীল অনুপম বাল্যকাল হইতেই শ্রীরামচন্দ্রের প্রতি দৃঢ়নিষ্ঠাযুক্ত ছিলেন। শ্রীল সনাতন ও শ্রীল রূপ গোস্বামী প্রভু তাঁহার নিষ্ঠা পরীক্ষা করিবার জন্য শ্রীকৃষ্ণের অপ্রাকৃত মাধুর্য্য ও সৌন্দর্য্যের কথা তাঁহার নিকট পুনঃ পুনঃ কীর্ত্তন করেন। তাহাতে শ্রীল অনুপম প্রথমে অগ্রজদ্বয়ের প্রতি গৌরব-নিবন্ধন কৃষ্ণভজন করিবার সম্মতি জ্ঞাপন করেন এবং তাঁহাদের নিকট কৃষ্ণমন্ত্র গ্রহণ করিবার ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু রাত্রিতে শ্রীরঘুনাথের পাদপদ্ম হইতে তাঁহার বিচ্ছেদের কথা চিন্তা করিয়া কিছুতেই স্থির হইতে পারিলেন না, সমস্ত রাত্রি ক্রন্দন করিতে লাগিলেন। শেষে শ্রীরঘুনাথের পাদপদ্ম ছাড়া অসম্ভব জানিয়া প্রাতে অগ্রজ দ্বয়ের নিকট কাঁদিতে কাঁদিতে জানাইলেন,—

"রঘুনাথের পাদপদ্মে বেচিয়াছোঁ মাথা।
কাড়িতে না পারি মাথা, পাঙ বড় ব্যথা॥
কৃপা করি' মোরে আজ্ঞা দেহ' দুইজন।
জন্মে জন্মে সেবোঁ রঘুনাথের চরণ॥
রঘুনাথের পাদপদ্ম ছাড়ান না যায়।
ছাড়িবার মন হইলে প্রাণ ফাটি যায়।"

শ্রীরঘুনাথের পাদপদ্মে তাঁহার ঐকান্তিকতার কথা শুনিয়া শ্রীল রূপ ও শ্রীল সনাতন গোস্বামী প্রভু অত্যন্ত সন্তুষ্ট হইয়াছিলেন

এবং তাঁহাকে শ্রীরামচন্দ্রের উপাসনা করিতে অনুমতি দিয়াছিলেন। নামাচার্য্য শ্রীল হরিদাস [illegible] শ্রীনামপ্রভুর প্রতিও এইরূপ ঐকান্তিক[illegible] আদর্শ প্রদর্শিত হইয়াছে। [illegible] হরিদাস [illegible] আবির্ভূত হইয়াছিলেন। তিনি অনুক্ষণ হরিনাম জপ করিতেন দেখিয়া পাষণ্ডী যবন সম্প্রদায় তাঁহার উপর নানা অত্যাচার করিতে লাগিল। [illegible] কাজীর নিকট শ্রীল ঠাকুর হরিদাসের নামে নালিশ করিয়া তাঁহাকে [illegible] বাইশ বাজারে নির্দ্দয়ভাবে প্রহার করিয়া [illegible] কাজাইল। কিন্তু [illegible] হরিদাস

[illegible]
[illegible] আমি বদনে না ছাড়ি॥

শ্রী[illegible] শ্রীল [illegible] শ্রীল অনুপম ও শ্রীল [illegible] প্রতি এইরূপ ঐকান্তিকতা [illegible] যদি [illegible]
[illegible]
লৌকিক [illegible] গ্রাম্য-দেবতা বা অনৈসর্গিক [illegible]
[illegible]
[illegible]

অনৈক গৌড়ামি বা অসৎ সাম্প্রদায়িকতা [illegible] [illegible] অভিনিবেশ [illegible] হইলেও দুইটী পৃথক্‌-বস্তু। অসৎসঙ্গে অন্ধবিশ্বাসকে ঐকান্তিকতা বলা যাইতে পারে না। [illegible] নিষ্ঠাযুক্ত [illegible] সে কি কখনও ঐকান্তিক হইবে? সৎ [illegible] নহে, [illegible] সেই সত্যে নিষ্ঠাযুক্ত ব্যক্তিই একমাত্র ঐকান্তিক।

নিত্যানন্দ-মহিমা

([illegible] দাস)

শ্রীনিত্যানন্দ [illegible] ভগবান্। [illegible] একমাত্র তাঁহার মহিমা [illegible] এবং তিনি কৃপাপূর্ব্বক যাঁহাকে [illegible] মহিমা জানান, তিনিই তা' [illegible] পারেন। [illegible] [illegible] তাঁহার শ্রীপাদপদ্ম [illegible] হইবে।

[illegible] প্রভু যখন শ্রীধাম-নবদ্বীপে [illegible] করিতেছিলেন, তখন [illegible] সন্ন্যাসী [illegible] পরিচিত থাকিলেও [illegible] ত্যাগ করিয়া উত্তম [illegible] ব্যবহার করিতেন। তাঁহার এই বিপরীত [illegible] অনৈক সরল ব্রাহ্মণ তাঁহার [illegible] হইয়াছিলেন। তিনি শ্রীনিত্যানন্দ প্রভুর [illegible] সামঞ্জস্য করিতে না পারিয়া শ্রীমহাপ্রভুর পাদপদ্মে [illegible] কথা [illegible]

ভক্তি করি যে ভজে চৈতন্য অবতার। সেই সব জন সুখে পাইবে নিস্তার॥

তাঁহার শ্রীমহাপ্রভুর শ্রীঅঙ্গে অচলা শ্রদ্ধা ছিল। শ্রীমহাপ্রভু তাঁহার সম্বন্ধে নিত্যানন্দ-পার্ষদ শ্রীমদ্ভাগবত হইতে প্রমাণ উল্লেখ পূর্ব্বক জানাইলেন যে, যিনি উত্তম অধিকারী, তাঁহাকে প্রাকৃত দৃষ্টিতে যে সকল দোষ বলিয়া মনে হয়, তাহা দোষ নহে। শ্রীমন্নিত্যানন্দ প্রভুর হৃদয়ে কৃষ্ণ সর্ব্বক্ষণ অবস্থান করেন। তিনিও সর্ব্বক্ষণ কৃষ্ণের সুখবিধানের জন্য ব্যস্ত। কৃষ্ণ তাঁহাতে অধিষ্ঠিত হইয়া তাঁহাকে সর্ব্বক্ষণ চালিত করেন। তাঁহার সমস্ত কার্য্যই কৃষ্ণসুখতাৎপর্য্যময়। শ্রীনিত্যানন্দ-চাঁদের বাৎসল্যের অগম্য, অচিন্ত্য এবং সর্ব্ববিধিনিষেধাতীত। অজ্ঞতাক্রমে যদি কেহ সেই নিত্যানন্দের কৃষ্ণসুখতাৎপর্য্যময় আচরণে দোষ দর্শন করে, সে ব্যক্তি ভক্তিশাস্ত্র অধ্যয়ন করিয়াও তাহা হইতে ভ্রষ্ট হয়। অভিন্ন-বলদেব শ্রীনিত্যানন্দ প্রভু বাহ্যদৃষ্টিতে যাহাই করুন, তথাপি তিনি ব্রহ্মারও বন্দ্য।

শ্রীমহাপ্রভুর শ্রীমুখ হইতে এই সব কথা শুনিয়া সেই সরল বিপ্রের সন্দেহ দূর হইল এবং তিনি শ্রীমন্নিত্যানন্দ প্রভুর নিকট ক্ষমাপ্রার্থনা করিয়া তাঁহার কৃপাপ্রাপ্ত হইলেন।

এই প্রসঙ্গের উপসংহারে শ্রীমন্নিত্যানন্দ প্রভুর শেষ ভৃত্য শ্রীচৈতন্যলীলার ব্যাস শ্রীল ঠাকুর বৃন্দাবন গাহিয়াছেন,—

কেহ বলে,—"নিত্যানন্দ যেন বলরাম।"
কেহ বলে,—"চৈতন্যের বড় প্রিয়ধাম॥"
কেহ বলে,—"মহা তেজী অংশ অধিকারী।
কেহ বলে,—"কোনরূপ বুঝিতে না পারি॥
কিবা জীব নিত্যানন্দ, কিবা ভক্ত জ্ঞানী।
যা'র যেন মত ইচ্ছা না বলয়ে কেনি॥
যে সে কেনে চৈতন্যের নিত্যানন্দ নহে।
তান পাদপদ্ম মোর রহুক হৃদয়ে॥
'সে আমার প্রভু, আমি জন্ম জন্ম দাস।'
সবার চরণে মোর এই অভিলাষ॥

কিরূপ প্রগাঢ় নিষ্ঠা তাঁহার শ্রীগুরু-নিত্যানন্দ-পাদপদ্মে! বিভিন্ন অধিকার হইতে বিভিন্ন প্রকার লোক শ্রীগুরুনিত্যানন্দ সম্বন্ধে যাহাই বলুক না কেন, তিনি তাঁহাদের সেই উক্তির প্রতি কর্ণপাত করিলেন না। 'যে যাহাই বলুক না কেন, আমি জন্ম জন্ম তাঁহার নিত্যকিঙ্কর এবং তিনি আমার একমাত্র নিত্য প্রভু।' শ্রীগুরুনিত্যানন্দের সম্বন্ধে জাগতিক মুখর ব্যক্তিগণের উক্তিতে তাঁহার তৎপাদপদ্মে নিষ্ঠা কমে নাই বরং আরও কোটিগুণ বৃদ্ধি পাইয়াছে। শ্রীগুরু-পাদপদ্মে নিষ্ঠায় এই আদর্শ আমাদের প্রত্যেকের লাভ হওয়া দরকার। তাহা একমাত্র শ্রীগুরুপাদপদ্মে সেইরূপ নিষ্ঠাযুক্ত বৈষ্ণবগণের কৃপায় ধারাই সম্ভব।

অন্যের ব্যক্তিগণের উক্তি ত' দূরের কথা, যদি নিত্য-বিগ্রহ শ্রীকৃষ্ণ ও যদি শ্রীগুরুপাদপদ্ম আমাকে পরীক্ষা করিবার জন্য কোনরূপ কথা বলেন, তাঁহাতেও সেবক বিশ্বাস শ্রীগুরুপাদপদ্ম হইতে বিচ্যুত হন না। শ্রীমন্নিত্যানন্দ প্রভু যখন শ্রীবাস পণ্ডিতের গৃহে বাল্যভাবে লীলাবিলাস করিতেন, তখন শ্রীমন্মহাপ্রভু একদিন শ্রীবাস পণ্ডিতকে তাঁহার নিত্যানন্দ-নিষ্ঠা পরীক্ষা করিবার জন্য ডাকিয়া বলিলেন যে, অজ্ঞাত-কুলশীল নিত্যানন্দের সহিত তাঁহার এত মিশামিশি করা ভাল নয়। তাহাতে শ্রীবাস পণ্ডিত দৃঢ়তার সহিত বলিয়াছিলেন,—

"আমারে পরীক্ষা প্রভু এ নহে উচিত॥
দিনেক যে তোমা ভজে, সেই মোর প্রাণ।
নিত্যানন্দ তোমার দেহ মো জানে প্রমাণ॥
মদিরা যবনী যদি নিত্যানন্দ ধরে।
জাতি-প্রাণ-ধন যদি মোর নাশ করে॥
তথাপি মোহার চিত্তে নহিব অন্যথা।
সত্য সত্য তোমারে কহিলুঁ এই কথা॥

শ্রীনিত্যানন্দ শ্রীগৌরসুন্দরেরই দেহ। তাঁহার সেবা ও শ্রীগৌরসুন্দরের সেবায় কোন ভেদ নাই। শ্রীনিত্যানন্দ প্রভু যদি তাঁহার জাতি নাশ করেন বা তাঁহাকে সংহার করিয়া তাঁহার সর্ব্বাদি অপহরণ করেন তথাপি শ্রীনিত্যানন্দের প্রতি তাঁহার সেবাপ্রবৃত্তি হ্রাস ... নিত্যানন্দ প্রভুর তিনি নিত্যকাল অনুগত। সামান্য লৌকিক সদাচার বিরোধী ভাব তাঁহাতে দেখা গেলেও তাঁহার প্রতি অনুরাগ নষ্ট হইবে না।

শ্রীনিত্যানন্দপাদপদ্মে তাঁহার ঐরূপ নিষ্ঠার কথা জানিয়া শ্রীগৌরসুন্দর তাঁহাকে বর দিয়াছিলেন যে, শ্রীলক্ষ্মীদেবীরও কোনদিন যদি অভাব হয়, তাহা হইলে শ্রীবাস পণ্ডিতের গৃহে অভাব হইবে না এবং তাঁহার আত্মীয়-স্বজন ত' দূরের কথা, তাঁহার বাড়ীর দাস-দাসী এমন কি, কুকুর-বিড়ালেরও তাঁহাতে অচলা ভক্তি থাকিবে।

প্রকৃতপক্ষে শ্রীমন্নিত্যানন্দ প্রভু পরম নৈষ্ঠিকের পরাকাষ্ঠা আদর্শ। তাঁহাতে নীতিবিরুদ্ধ কোন ব্যাপার দৃষ্ট হওয়া সম্ভব নহে। যদি কেহ তাঁহার অপ্রাকৃত গাম্ভীর্য্য-লীলার প্রবেশ না করিয়া তাঁহাকে নিন্দা করে বা তাঁহার প্রতি সংশয়যুক্ত হয়, তাহা হইলে তাহার পক্ষে শ্রীগৌরসুন্দরের কৃপালাভ অসম্ভব।

বিবেকে অভিন্ন-নিত্যানন্দ শ্রীগুরুপাদ-পদ্মের অযোগ্য ভৃত্য বলিয়া উপলব্ধি এবং তাঁহাকে গোপ্তৃরূপে—আপন প্রভুরূপে বরণই শরণাগত সেবকের লক্ষণ। শ্রীগুরুপাদপদ্মে "সে আমার প্রভু, আমি জন্ম জন্ম দাস" এই উপলব্ধি ভজনের মূল। শ্রীগুরু-বৈষ্ণবপাদপদ্মে যিনি যত অধিক নিষ্ঠাযুক্ত, তিনি তত অধিক শ্রীভগবানের প্রিয়পাত্র। শ্রীগুরুকৃপালাভই ভগবৎ-কৃপালাভ, শ্রীগুরু-সেবাপ্রাপ্তিই ভগবৎসেবাপ্রাপ্তি। শ্রীগুরু-দেবের চরণে শ্রীতিরহিত ব্যক্তির ভগবানের সেবালাভ অসম্ভব। শ্রীগুরুপাদপদ্মে প্রীতি হইলেই অন্যে প্রীতি—জড়দেহ-গেহে আত্মবোধ অপসারিত হইবে—বন্ধন মোচন হইবে। শ্রীগুরুপাদপদ্মে প্রীতিসম্বন্ধ না হইলে জড়ের প্রতি প্রীতি বা টান বা বন্ধন কিছুতেই যাইবে না।

সাময়িক প্রসঙ্গ

শ্রীনবদ্বীপে নবনির্ম্মিত শ্রীমন্দিরে শ্রীবিগ্রহের প্রবেশোৎসব

গত ২৭শে ফেব্রুয়ারী, বৃহস্পতিবার বৈষ্ণবসার্ব্বভৌম ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজের বিরহ-মহোৎসব শ্রীধাম-মায়াপুরস্থ আকর-মঠরাজ শ্রীচৈতন্যমঠে পরমারাধ্যতম পতিত-পাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে হরিসংকীর্ত্তনমুখে সুসম্পন্ন হইয়াছে। এতদ্ উপলক্ষে শ্রীচৈতন্যমঠে অপরাহ্নে পণ্ডিত শ্রীপাদ উজ্জ্বলনীলমণি ভক্তিশাস্ত্রী, বি-এ মহোদয় পরমহংসকুলচূড়ামণি শ্রীশ্রীল বাবাজী মহারাজের অতিমর্ত্ত্য পূত-জীবনী গৌড়ীয় হইতে পাঠ ও তাঁহার কৃপার কথা আলোচনা করেন

সন্ধ্যারাত্রিকের পর শ্রীচৈতন্যমঠের অবিদ্যাহরণ নাট্যমন্দিরে একটী মহতী সভার অধিবেশন হয়। গুরুবৈষ্ণববন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব ও শ্রীপাদ নন্দকিশোর ভক্তিশাস্ত্রী প্রভুর মুখপদ্মকর্ত্তৃক বিরহ ও কৃপাপ্রার্থনাসূচক মহাজনপদাবলী কীর্ত্তন হইতে থাকে। কৃপাময় শ্রীশ্রীল আচার্য্যদেব রাত্রি ৮ ঘটিকার সময় সভায় উপস্থিত হইয়া প্রায় একঘণ্টাকাল অঃবৎগভীর শ্রীশ্রীল বাবাজী মহারাজের জীবের প্রতি অপার করুণা, তাঁহার নিত্যসিদ্ধ-ভগবৎ পার্ষদত্ব, তাঁহার জীবনসর্ব্বস্ব শ্রীগৌরধামের আবিষ্কার, তাঁহার বংশে জন্মগ্রহণ না হইলে ভগবদ্ভজনের অন্য কোন উপায় নাই, তাঁহার ... শ্রীধামের একমাত্র সেবা ইত্যাদি বহু অমূল্য উপদেশ প্রদান করিয়া শ্রোতৃমণ্ডলীর চিত্তাকর্ষণ করেন।

তৎপরে পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্যপুরাণরত্নতীর্থ, ভক্তিশাস্ত্রী মহোদয়ের মুখপদ্মকর্ত্তৃক 'কৃপা কর বৈষ্ণব-ঠাকুর', 'কবে শ্রীচৈতন্য মোরে', 'এইবার করুণা কর বৈষ্ণব-গোসাই', 'শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু দয়া কর মোরে' প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তন হইলে কীর্ত্তনসম্রাট্ শ্রীশ্রীল আচার্য্যদেব সুমধুরস্বরে মহামন্ত্র কীর্ত্তন করেন। কীর্ত্তনান্তে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনি-সহকারে সভা ভঙ্গ হয়।

শ্রীসারস্বতগৌড়ীয়মঠে কীর্ত্তনোৎসব

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম শাখা ঢাকার শ্রীসারস্বত-গৌড়ীয়মঠের সেবকবৃন্দ পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে শ্রীভৈমী-একাদশী, শ্রীবরাহদ্বাদশী ও শ্রীনিত্যানন্দাবির্ভাব-তিথি নিরন্তর হরি-সংকীর্ত্তনমুখে পালন করিয়াছেন।

মঠসেবকগণ গত ১৩ই ফেব্রুয়ারী শ্রীশ্রীব্যাসপূজা ও ১৭ই ফেব্রুয়ারী পরমপূজনীয় শ্রীল ভক্তিসুধাকর প্রভুর অপ্রকট-মহোৎসব কীর্ত্তন, পাঠ ও বক্তৃতা-মুখে সম্পন্ন করিয়াছেন।

এতদ্ব্যতীত মঠসেবকগণ প্রত্যহ সহরে বিভিন্ন স্থানে গমন করিয়া শিক্ষিত ভদ্রব্যক্তিগণের নিকট ও বিভিন্ন দেশ হইতে আগত ব্যক্তিগণের নিকট হরিকথা-কীর্ত্তন করিতেছেন।

মেদিনীপুরে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ মহাপুরুষ দাসাধিকারী ভক্তিশাস্ত্রী প্রভু কতিপয় ব্রহ্মচারী সহ মেদিনীপুরের পিংলা, ধুলিয়াপুর, সবঙ্গভীমা, পিয়াজবাড়িয়া প্রভৃতি স্থানে প্রচার করিয়া গত ২৭শে মাঘ সম্ভ্রান্ত শ্রীযুক্ত বাবু গদাধর হাইৎ মহাশয়ের ভবনে উপস্থিত হন। ভক্তিশাস্ত্রীজী প্রথম দিবস শ্রীযুক্ত গদাধর বাবুর বাটীর প্রাঙ্গণে ও দ্বিতীয় দিবস স্থানীয় বাজারে পর পর দুইটী সভায় 'মানবের পরমধর্ম' ও 'শ্রীচৈতন্য-দেবের দান' সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন। কয়েকদিবস নিয়মস্থানে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা হয়। উক্তাকার প্রচার সম্প্রদায়ে প্রচারকগণ পথিতে উপস্থিত হইয়া শ্রীযুক্ত মন্মথ দাসাধিকারী মহাশয়ের বাটীতে অবস্থান করিয়া হরিকথা কীর্ত্তন করেন। তথা হইতে অপরাহ্নে শ্রীযুক্ত বাবু ঈশ্বরচন্দ্র পাত্রাণক মহাশয়ের বাটীতে উপস্থিত হইয়া হরিকথা কীর্ত্তন করেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীঅবধৃত ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩-১৫
সেবক—শ্রীকুঞ্জবিহারী দাস ভক্তিশাস্ত্রী বি-এল

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগুরুবিলাস ভক্তিশাস্ত্রী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

অদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচরণ ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক শ্রীজগন্নাথদাস ব্রজবাসী

কাজির সমাধি-পাট
বামনপুকুর, শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রীকমলিনীশ ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জান্নগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীশচীনন্দন দাস অধিকারী

ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রীমধ্বাপ গৌড়ীয়মঠ
মাউগাছি (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রীঅদ্বৈতানন্দ সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীহরিদাস ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীহরিকিশোর ব্রজবাসী

শ্রীরাণাঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনরসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
চব্বিশপরগণা
সেবক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী

শ্রীমাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রীকিশোরীমোহন ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রীশিবানন্দ সরস্বতী বিদ্যাবন্ধু বি-এ

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রীভক্তিভূষণ দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৫নং পাগলাঝিড়ি, দার্জ্জিলিং
সেবক—শ্রীকৃষ্ণধন দাসাধিকারী

সারস্বত গৌড়ীয়মঠ
পোঃ হরিবার, জিঃ সাহারাণপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর পাটনা
সেবক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
ফল্গু রোড, গয়া
সেবক—শ্রীসত্যগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ বড় গন্ধীরাম, কাশী সিটি
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক শ্রীনরোত্তম ব্রহ্মচারী

শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রীনীলরতন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন
সেবক—শ্রীবনমালী দাসাধিকারী

ব্রজস্বানন্দসুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড মথুরা
সেবক—শ্রীপ্রাণকৃষ্ণদাস ব্রজবাসী

কুঞ্জবিহারীমঠ
সেবক শ্রীবৃন্দাবন দাসাধিকারী

রাধাকুণ্ড গৌড়বাটী
সেবক—শ্রীনন্দনন্দন দাস বাবাজী

শ্রীগোবর্দ্ধন মঠালয়
পোঃ গোবর্দ্ধন মথুরা
সেবক—শ্রীবাঞ্ছারাম দাস

সঙ্কেতবিহারীমঠ
বর্ষাণা, মথুরা।
সেবক—শ্রীরাধাকৃষ্ণ দাস

গৌড়বিহারী মঠ
পেশোয়ারী
পোঃ ভোজোল, জেলা গুজরাট (পাঞ্জাব)
সেবক—শ্রীভক্তিবিলাস ব্রহ্মচারী

ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব
সেবক—শ্রীজগন্নাথগোবিন্দ ব্রহ্মচারী

দিল্লী গৌড়ীয়মঠ
৪৫নং চন্দ্রভান রোড নিউ দিল্লী
সেবক—শ্রীমধুসূদনদাস ভক্তিশাস্ত্রী

বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কম্বালাহিল বোম্বে,
নং বোম্বে ২৬
সেবক—শ্রীনিত্যানন্দদাস ব্রহ্মচারী

মাদ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
সেবক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী

রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী জেলা, মাদ্রাজ
সেবক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী

ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি (পুরী)
সেবক—শ্রীবিপিনবিহারী দাস অধিকারী

পুরুষোত্তমমঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
সেবক—শ্রীগৌরাঙ্গপ্রসাদ ব্রহ্মচারী

ভক্তিকুটী
স্বর্গদ্বার
সেবক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী

লীলাকুটী
সেবক—শ্রীপরমানন্দ দাসাধিকারী

ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ কুবেরপুর, পুরী
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

সচ্চিদানন্দমঠ
বালিসাহি, পোঃ কটক, উড়িষ্যা
সেবক—শ্রীঅনিরুদ্ধ দাসাধিকারী

বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
সেবক—শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-শ্রবণ-সদন
পোঃ বেলকুণ্ডা, পাবনা
সেবক—শ্রীঅমৃতনাথ দাসাধিকারী

ভাগবতজনানন্দমঠ
চিংলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
সেবক—শ্রীপঞ্চানন দাসাধিকারী

অমর্ষি-গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
সেবক—শ্রীকৃষ্ণরঞ্জন ব্রহ্মচারী

আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রণডিহা। বর্দ্ধমান।
সেবক—শ্রীসুধাময়চৈতন্য দাসাধিকারী

চৈতন্যগৌড়ীয়মঠ
ডুমুরডিহা, পোঃ চিংকুড়া (মানভূম)
সেবক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

রেঙ্গুণ গৌড়ীয়মঠ
৩০১ নং ডালহৌসি ষ্ট্রীট, রেঙ্গুণ
সেবক—শ্রীবনমালী ব্রজবাসী

লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২, ৫০, ডাউনরোড ক্ল্যাপটন,
লণ্ডন, ই ৫
সেবক—কৃষ্ণানন্দ বিনোদবাণী দাসী

গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
১৬.এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
কলিকাতা
সেবক—শ্রীগৌরগোবর্দ্ধন ব্রহ্মচারী

গৌড়ীয়মঠ অফিস
আমীনাবাদ (আর্য্যনগর) লক্ষ্ণৌ, ইউ-পি
সেবক—শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী

শ্রীবিভাবিধি-গৌড়ীয়মঠালয়
নন্দনকানন, চট্টগ্রাম
সেবক—শ্রীসদানন্দ দাস অধিকারী

শ্রীগৌড়ীয়মঠ অফিস,
কৃষ্ণনগর (পাঞ্জাব)
সেবক—শ্রীবিলাসানন্দ দাসাধিকারী

পরবিদ্যাপীঠ,
শ্রীমায়াপুর (নদীয়া)
সেবক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ কাব্যতীর্থ

পরবিদ্যাপীঠ, নৈমিষারণ্য,
নিমসার (ইউ, পি)
সেবক—শ্রীউপেন্দ্রনাথ ব্রহ্মচারী

ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনন্দকিশোরদাস অধিকারী

শ্রীধরআঙ্গন
সেবক—শ্রীঅবিনোদদাস অধিকারী

নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীগৌরেন্দু ব্রহ্মচারী

পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্, কটক
সেবক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী

শ্রীচৈতন্যমঠ দাতব্য
চিকিৎসালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীনন্দীগোপাল বন্দ্যোপাধ্যায় ভক্তিশাস্ত্রী-সম্পাদিত
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" ইঞ্চি	২৲	১৷০	১৷০	১৲
" সিকি কলম		৪৲		৩৲
" অর্দ্ধ কলম		৬৲	৬৲	
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬৲	৪৷০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধ কলম	২৫৲	১৮৲
" এক কলম	৬৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক "	
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	

প্রতি সংখ্যা ৴৫, বিশেষ সংখ্যার মূল্য স্বতন্ত্র।

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট্"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকট বিদ্যালয় ও বোর্ডিং-এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও কর্ত্তব্যপরায়ণ। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর থাকিবার ব্যবস্থা হইয়াছে। বোর্ডিং ও বেতনাদি প্রতি মাসে ৩য় শ্রেণী হইতে ৭ম শ্রেণী মাত্র ৭।০ এবং ৬ষ্ঠ শ্রেণী হইতে ৩য় শ্রেণী মাত্র ৯।০ টাকা। এই বিদ্যালয়ের [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে। গত ১৯৩৯ এবং ১৯৪০ সনে পর পর দুই বৎসর দুইটি ছাত্র বৃত্তি লাভ করিয়াছে। উচ্চশ্রেণীর মেধাবী ছাত্রগণের জন্য কনসেসনের ব্যবস্থা আছে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট,
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গৌড়ীয়-সম্পাদক সম্পাদিত; এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্যের জীবনচরিত, [illegible] ও শিক্ষা [illegible] প্রকাশিত হইয়াছে। ইহা এক অপূর্ব [illegible] গ্রন্থ। ইহার ভিক্ষা মাত্র ২৲ দুই টাকা।

শ্রীচৈতন্য মহাপ্রভু

[illegible] শ্রীচৈতন্য-মহাপ্রভুর [illegible] কথা, শিক্ষা ও চরিত [illegible] প্রকাশিত হইয়াছে। [illegible] ইহার ভিক্ষা মাত্র ৯৲ টাকা।

প্রাপ্তিস্থান —
শ্রীনন্দ [illegible] ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

[illegible] ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী, [illegible] শ্রীমদ্ভগবদ্গীতার [illegible] প্রকাশিত [illegible]। [illegible] গীতার মূল শ্লোকসমূহ, [illegible] শ্রীল শ্রীধরস্বামিকৃত সুবোধিনী টীকা, [illegible] সম্পূর্ণ হইয়াছে। ইহার বাঁধাই অতি সুন্দর। ভিক্ষা মাত্র ৯৲ টাকা।

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

অবতার ও অবতারী

গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ [illegible] রচিত বিশ্বের অবতারসম্বন্ধে বিশদ গবেষণা ও তথ্যপূর্ণ আলোচনা গ্রন্থ, এই গ্রন্থখানি [illegible] অধ্যায়ে বিভক্ত। ইহাতে বহু চিত্র (charts) [illegible] অবতারগণের বৈশিষ্ট্য ও বিস্তারসমূহ প্রদর্শিত হইয়াছে। ইহার ভিক্ষা মাত্র দুই টাকা।

প্রাপ্তিস্থান - শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
অথবা
মধুরা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, ঢাকা।

উপাখ্যানে উপদেশ (১ম ও ২য় খণ্ড)

ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ লৌকিক আখ্যান, গল্প, প্রবাদ ও ন্যায়ের মধ্য দিয়া যে সকল পারমার্থিক উপদেশ সাধারণের [illegible] করিবার জন্য প্রদান করিয়াছেন, তাহা এই গ্রন্থে অতি সরল ভাষায় [illegible] সহিত প্রকাশিত হইয়াছে। ছাপা ও প্রচ্ছদপট অতি মনোরম। এই গ্রন্থের মধ্যে ১ম খণ্ডের ভিক্ষা ১।০ এবং ২য় খণ্ডের ভিক্ষা ০৲ টাকা

প্রাপ্তিস্থান—মধুরা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী, নারিন্দা, ঢাকা।

সাম্প্রদায়িকতা ও সমন্বয়

নিরপেক্ষ সুযুক্তিপূর্ণ আলোচনা-গ্রন্থ; ইহাতে [illegible] মানবগণের প্রবাদ, [illegible] বিচার ও সমালোচনা প্রদর্শিত এবং পরমার্থ সম্বন্ধে মানবজাতির সাধারণ [illegible] প্রকাশিত হইয়াছে।

প্রাপ্তিস্থান—মধুরা প্রিণ্টিং ওয়ার্কস্, পোঃ ওয়ারী ঢাকা
অথবা
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীশ্রীভক্তিবিনোদ-বাণীবৈভব

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমগ্র সাহিত্য হইতে প্রশ্নোত্তরমুখে তাঁহার উপদেশ সঙ্কলন। ভিক্ষা তিন টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ভক্তিরত্নাকর

শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুরকৃত গ্রন্থের বিরাট সংস্করণ। কথাসার, শ্লোকসমূহের অন্বয়, ব্যাখ্যা, বঙ্গানুবাদ পাঠান্তর বিষয় নির্দ্দেশ, অধ্যায় বিবরণ, স্থান ও স্মৃতি প্রভৃতির সহিত গৌড়ীয়মিশন কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। ১৩ শত পৃষ্ঠাব্যাপী এক অমূল্য গ্রন্থ। ইহা ডবল ক্রাউন আট পেজী আকারে মুদ্রিত। ইহার ভিক্ষা মাত্র ২॥০ টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ছাত্রদের ভক্তিবিনোদ (২য় সংস্করণ)

ছাত্রদের উপযোগী করিয়া লিখিত সরলভাবে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের চরিত্রের ঘটনা ও শিক্ষা। ভিক্ষা বার আনা, ছাত্রদের পক্ষে আট আনা।

প্রাপ্তিস্থান শ্রীযোগপীঠ শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া অথবা শ্রীরূপভিক্টরেন দাস এম এ, বি-এল, পুরোনাপল্টন, পোঃ রমনা, ঢাকা।

ই, বি, রেলে কলিকাতা ও নবদ্বীপঘাট যাতায়াতের ট্রেণের সময়-তালিকা

(ষ্টাণ্ডার্ড টাইম্)

যাইতে

কলিকাতা ছাঃ	৫-৫৬	৬-২১	৭ ১৪	১১-৬	১৩-১০	১৭-১৬	১৭-৫৬	২২ ৫
দমদম	৫-৫৬	৬-৩০	৭-২৮	১১-১৮	১৩ ২০			২২
রাণাঘাট পৌঃ	৬-১৬	৮ ১	৯ ১৮	১৩-২৮	১৭-৫১	১৮-০১	১৯-৩৫	০-২৮
(বদল) ছাঃ	৬-২৮	৮-৬	৯-৪৯	১১-১৩	১৫ ৫	১৮-৭২	১৯-৪০	৫-৩৬
কৃষ্ণনগর পৌঃ	৭-৫	৮-৪০	১০-৬	১০-৪	১৪-৪১	১৯-১৫	২০-১৫	১- ১

(বদল) ছাঃ	৭-১০	১০-২১	১৭ ৩৮	২০-৩০
নবদ্বীপঘাট পৌঃ	৭-৪৮	১০-১৯	১৮-১০	২০-১০

(আপ -শান্তিপুর হইয়া)

কলিকাতা ছাঃ ১১ ৬
দমদম" ১১ ১৮
রাণাঘাট পৌঃ ১-৫৫
" ছাঃ ২-০০
শান্তিপুর পৌঃ ১৩-২৮
(বদল) ছাঃ ১৩ ৩৩ (লাইট রেলওয়ে)
কৃষ্ণনগর পৌঃ ১৪-১৫

ডাউন

রবিবার

নবদ্বীপঘাট ছাঃ	৭-১	-৬	১১ ৪	১০ ২২	১৩-৬	১৮-৩৫
কৃষ্ণনগর পৌঃ	৭-৫১	৮-৪৪	১১-৪২	১৫-০	১৬ ০৭	১৯-১১

ছাঃ	৭-১০	৮ ৫৫	১১-৫৭	১৫-১০	১৬ ৫	১৯-১২	২০-৪৬	০-৩১
রাণাঘাট পৌঃ	৭-৪৪	৯-২৪	১২ ২৬	১৫-৫০	১৭-১০	২০-৩	২১ ১৯	৪ ১০
(বদল) ছাঃ	৭-৫২	৯-৩০	১২-৩৬	৫-৫৫	১৭ ২২	২০-১১	২১-২৫	৪-১৮
দমদম		১০-৮		১৭-৩৬	১৯-৯	২১-২৬	২৩-৩	
কলিকাতা পৌঃ	৯-২১	১১-২০	১৪ ১৬	১৭-৪৬	২১ ৪০	২৩-১৫	৬-১৬	

ভক্তির অন্যান্য পত্র

১। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩০, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

২। ভাগবত—তিমিরাশায় একমাত্র পারমার্থিক মাসিক পত্র। মঠ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৲ টাকা।

৩। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র-সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দমঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৪। শ্রীগৌড়ীয় - পণ্ডিত শ্রীযুক্ত নবলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

শ্রীশ্রীমদ্-আচার্য্যসংলাপ

(প্রথম খণ্ড)

গৌড়ীয়-সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত 'শ্রীশ্রীমদ্ আচার্য্যসংলাপ' গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। গৌড়ীয়-মঠ নিখিল ভারত অপ্রাকৃত বৈষ্ণবের মুক্তিপ্রদ পরমারাধ্যতম ও যুগপৎ ত্রিদণ্ডিপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীমুখ হইতে সমাগত তথা প্রেরিত পত্রসমূহের সংগৃহীত পত্রিত ও মঠবাসী সজ্জনানন্দবর্ধন যে সকল পত্রিকায় প্রকাশিত, তাহার গুরুভক্তিসিদ্ধান্তসমূহ এই গ্রন্থে প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীরূপ সনাতন-রঘুনাথ-জীব-সিদ্ধান্তপ্রচারণে ও শুদ্ধভক্তিসিদ্ধান্তস্থাপনে অপ্রতিদ্বন্দ্বী শ্রীগৌরকৃষ্ণভক্তিস্বরূপ আচার্য্যবরের শিক্ষাসম্পুটিত অমূল্য উপদেশপূর্ণ এই গ্রন্থ প্রত্যেক সংসারত্যাগী ও আত্মকল্যাণকামীরই নিত্যসেবনীয়।

ভিক্ষা—৮০ আনা মাত্র

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———::০::———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া-প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

১।১৪, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, পোঃ বাগবাজার, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্র প্রকাশিত হইয়া থাকে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া প্লীহাকৃত জীর্ণ শীর্ণকায় দুর্ব্বল পান্ডুর প্রাণরক্ষায় একমাত্র উপকারী ইহার কার্য্য বিস্ময়কর। লিভার, প্লীহা সংযুক্ত কামলা এবং নূতন পুরাতন জ্বরে ৫ বার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয়। ছোট বোতল ৷৷৵০ দশ আনা, বড় বোতল ১৷৵০ আঠার আনা। পাইকারী স্বতন্ত্র।

—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা
মোহালাড় ২৪ পরগণা

পোঃ—শ্রীমায়াপুর
টেলিগ্রাম—দৈনিক শ্রীমায়াপুর.

REGD. NO. C 1548

পত্রপ্রশ্নমালা
—:০:—
শ্রীল প্রভুপাদের রচিত বিভিন্ন পত্রাবলী শ্রীশ্রীল আচার্য্যদেবের বিরচিত 'গৌড়ীয়' আকারে প্রকাশিত হইয়াছে। ইহাতে অনেক অমূল্য উপদেশ আছে।
ভিক্ষা আট আনা।
প্রাপ্তিস্থান—
বসুমতী প্রিন্টিং ওয়ার্কস,
পোঃ—ওয়ারী, ঢাকা

দৈনিক নদীয়া-প্রকাশ

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

শ্রীচৈতন্যদেব
—:০:—
স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্য-মহাপ্রভুর জীবনী ও শিক্ষার কথা সরলভাবে ইংরাজীতে লিখিত হইয়াছে। উৎকৃষ্ট কাগজে সুন্দর বাঁধাই।
ভিক্ষা ১।০
প্রাপ্তিস্থান:—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির।
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

১৫শ খণ্ড মায়াপুর ২০শে ফাল্গুন ১৩৪৭ ৪ঠা মার্চ্চ ১৯৪১ মঙ্গলবার [১৯৮তম সংখ্যা

নানা-সংবাদ

—::(০)::—

জার্ম্মাণীর শাসানি ও গ্রীসের পাল্টা জবাব

কিছুদিন হইল জার্ম্মাণী গ্রীসকে এই বলিয়া শাসাইয়াছিল যে, ইটালীর সহিত সন্ধি না করিলে জার্ম্মাণী পিছন দিক হইতে গ্রীস আক্রমণ করিবে। গ্রীসও পরে ইহার পাল্টা জবাব দিয়াছে। গ্রীস উল্টা ভয় দেখাইয়া বলিয়াছেন যে, তাহা হইলে সে তাহার বিমানক্ষেত্রগুলি ব্রিটেনের বোমারু বিমানের ব্যবহারের জন্য ছাড়িয়া দিবে যাহাতে তাহারা সেখান হইতে উড়িয়া গিয়া রুমানিয়ার তৈলখনি অঞ্চলগুলি বোমাবর্ষণে বিধ্বস্ত করিতে পারে। বর্ত্তমান উহা কার্য্যে পরিণত হইয়াছে। গ্রীস হইতে এই অঞ্চলগুলি বিমানযোগে মাত্র এক ঘণ্টার পথ।

জার্ম্মাণ সামরিক কর্তৃপক্ষ দক্ষিণ অঞ্চলে তাহাদের নূতন ঘাঁটিতে বসিয়া কি সিদ্ধান্ত গ্রহণ করিতেছে তাহা এখন পর্য্যন্ত বলা যাইতেছে না। তাহারা কি এখানে ব্যাপক অভিযান আরম্ভ করিবে অথবা ব্রিটিশ বোমারু বিমান রুমানিয়ার তৈলক্ষেত্রগুলি ধ্বংস করিবার পূর্ব্বেই যাহাতে দানিয়ুবের অপর পার হইতে এক বিমানঘাঁটিও দখল করিতে পারে, সেই আশায় সর্ব্ব পথ ধরিবে, তাহা এখনও নিশ্চয় করিয়া বলা যায় না।

এখন গ্রীসের সহিত জার্ম্মাণীর কূটনৈতিক সম্বন্ধ স্বাভাবিকভাবে চলিতেছে বুলগেরিয়াতেও যে সময় "বে সামরিক" পোষাক পরা সৈন্য ছাড়া প্রকাশ্যভাবে অন্য জার্ম্মাণ সৈন্য প্রবেশ না করিয়াছিল, ততদিন পর্য্যন্ত ব্রিটেনের বিমানপোতগুলি ঐ সকল দেশের উপর দিয়া উড়িয়া রুমানিয়ার তৈলখনির উপর বোমাবর্ষণ করিতে পারে নাই। কিন্তু জার্ম্মাণী গ্রীস আক্রমণ করিবার পর রাজকীয় বিমানবাহিনী নিম্নলিখিত লক্ষ্যবস্তুর উপর হানা দিয়াছে।

(১) কার্পেথীয় পর্ব্বতমালাদেশের পঞ্চাশ মাইল ব্যাপী তৈলখনি।

(২) প্লোয়েস্তির নিকটে তৈল নল (পাইপ লাইন), বিবিধ তৈল সংশোধনাগার এবং কাম্পিনার বড় তৈলের কারখানা। রেললাইনের নিকটবর্ত্তী বলিয়া একটি আকাশ হইতে সহজেই নিশানা করা সম্ভব।

(৩) দানিয়ুব নদীর তীরবর্ত্তী গিউর্গিউ নামক তৈল বীজ রপ্তানী বন্দরের বজরাসমূহ।

(৪) যে সকল অফিস ও চেক কারখানা তৈলখনি ও সংশোধনাগারের জন্য যন্ত্রপাতি তৈয়ার করে।

বৃটেনে শ্রমিক অসন্তোষের হ্রাস

১৯৪০ সালে ব্রিটেনে কত নূতন শ্রমিক নিযুক্ত হইয়াছে, সে বিষয়ে ব্রিটেনের শ্রমসচিবের দপ্তর হইতে একটি বিবৃতি প্রকাশিত হইয়াছে। গত যুদ্ধের সময়ে তীব্র প্রতিযোগিতা গভর্ণমেণ্টের দুর্ভাবনার বিষয় হইয়া উঠিয়াছিল। কিন্তু বর্ত্তমান যুদ্ধে সকল সমস্যাই আলোচনার জন্য একত্র থাকে বলিয়া শ্রমিকের ১৯৩৪ সালের নিয়ম বিশেষভাবে হ্রাস পাইয়াছে। ১৯৩৫ সাল পর্য্যন্ত এই পাঁচ বৎসর শ্রমিক গোলযোগের ফলে গড়ে বাৎসরিক ১,৭৭৮,০০০ রোজ নষ্ট হইয়াছে। ১৯৪০ সালে এই সংখ্যা হ্রাস পায়। এই বৎসর মোট ৯৪০,০০০ রোজ নষ্ট হইয়া গিয়াছে। ইহার মধ্যে ৫০৬,০০০ রোজ বা প্রায় অর্দ্ধেকই কয়লা খনিতে শ্রমিক অসন্তোষের ফলে নষ্ট হয়।

প্রশান্ত মহাসাগরে ব্রিটেনের তোড়জোড়

ব্রিটেন হইতে সম্প্রতি দূরপ্রাচ্য অঞ্চলে বহু সংখ্যক বোমারু বিমান প্রেরিত হইয়াছে। ইহার মধ্যে 'ব্লেনহেইম' জাতীয় বিমানও আছে। সিঙ্গাপুরেও ব্রিটেন হইতে অনেক এক এঞ্জিন ও দুই এঞ্জিন বিশিষ্ট 'বাফেলো' জাতীয় জঙ্গী বিমান পাঠান হইয়াছে। সঙ্গে সঙ্গে বহু অষ্ট্রেলিয় সৈন্যও সেখানে পৌঁছিয়াছে। উক্ত স্থানে মোট কত বোমারু বিমানপোত প্রেরিত হইয়াছে, তাহা বিমান সচিবের দপ্তর হইতে প্রকাশ করা হয় নাই, কিন্তু এক সংবাদে বলা হইয়াছে যে, ব্রিটেন হইতে 'বর্ণিত অঞ্চলে বোমারু প্রেরণের দরুণ অনেক বৈমানিক ও বিমানপোত সম্পর্কীয় কর্মচারীকে বিদেশে যাইতে হইবে।

জার্ম্মাণীতে ব্যাপক পাগল হত্যা

বেতারে সুপরিচিত সংবাদ প্রচারক ও ব্যাখ্যাকার মিঃ উইলিয়ম শীরার সম্প্রতি বার্লিন হইতে যুক্তরাষ্ট্রে ফিরিয়া আসিয়াছেন। তিনি জানান যে, সম্প্রতি জার্ম্মাণীতে বহু সহস্র মানসিক রোগগ্রস্ত ব্যক্তিকে হত্যা করা হইয়াছে। সরকারী এবং বে-সরকারী চিকিৎসালয় হইতে মানসিক ব্যাধিগ্রস্তদের বাহির করিয়া লইয়া গিয়া গেষ্টাপো তাহাদিগকে মারিয়া ফেলিতেছে। কে পাগল এবং কে পাগল নয়, গেষ্টাপোই তাহা বিচার করে। এই সংবাদ হিটলার ও প্রধান প্রধান নাৎসী নেতাদের ছাড়া আর কাহাকেও জানান যাইতেছে না। তবে নিহত ব্যক্তিদের আত্মীয়দের চিতাভস্ম লইয়া যাইবার জন্য বলা হয়। জার্ম্মাণীতে এই সংবাদ প্রকাশিত হইলে ব্যাপক আতঙ্কের সৃষ্টি হইবে বলিয়া এই সংবাদটি চাপিয়া যাওয়া হইতেছে।

জার্ম্মাণীর বিদেশী শ্রমিকের সংখ্যা

লিসবন হইতে ডেইলী টেলিগ্রাফ পত্রিকার সংবাদদাতা যে তার করিয়াছেন তাহাতে প্রকাশ, বর্ত্তমানে ২০ লক্ষেরও অধিক বিদেশী শ্রমিক জার্ম্মাণীর বিভিন্ন শ্রমশিল্প প্রতিষ্ঠানে কাজ করিতেছে। জার্ম্মাণীর এক সরকারী রিপোর্টেই দেখা যায় যে, জার্ম্মাণীতে এক কারখানা মজুর হিসাবেই ৩ লক্ষ ৭০ হাজার বিদেশী শ্রমিক নিযুক্ত আছে। চাষবাসের কাজে কত বিদেশী শ্রমিক খাটান হইতেছে তাহা প্রকাশ করা হয় নাই। তবে ক্ষেতের মজুরও কারখানায় নিযুক্ত শ্রমিকদের সমান হইবে। ক্ষেত খামার ও যুদ্ধ সম্পর্কীয় শিল্পপ্রতিষ্ঠানে যে সকল যুদ্ধের বন্দীকে খাটান হইতেছে তাহাদের সহিত উহাদের সংখ্যা যোগ করিলে জার্ম্মাণীর মোট বিদেশী শ্রমিকের সংখ্যা সম্ভবতঃ ৩০ লক্ষেরও উপর দাঁড়াইবে। এই শ্রমিকদের অধিকাংশই পোল্যাণ্ড হইতে সংগৃহীত।

শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের ভূতপূর্ব প্রবীণ ও প্রধান অধ্যাপক বিদ্যালীলাপ্রবিষ্ট মহামহোপদেশক আচার্য্য পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম্‌-এ মহোদয়ের স্বৌপজ্ঞ গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আবাহন করিবা একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট আদিম ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য দার্শনিক প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মুখে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শত অধ্যায়ে সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমার্দ্ধ প্রকাশিত। ভিক্ষা—১০৲ দশ টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

অণুভাষ্যম্

চতুর্দ্ধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের সংগতি শ্রীমন্মধ্বাচার্য্যকৃত শ্লোকাকারে অতি সংক্ষেপে গুম্ফিত ও শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-বিরচিত 'তত্ত্বমঞ্জরী' টীকা তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য সহ মুদ্রিত। বঙ্গভাষায় সর্ব্বপ্রথম সংস্করণ ভিক্ষা ২৲ মাত্র।

সটীকা শরণাগতি

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের শরণাগতি 'কণিকা'টীকা বিবর্ত্তের আলেখ্য ভূমিকা ও স্বচীসহ অতি সুন্দর সর্ব্বাঙ্গসুন্দর নব সংস্করণে গৌড়ীয় মিশনকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা—৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—

শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া;
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা;
শ্রীযুক্ত সুপতিরঞ্জন নাগ এম্‌-এ, বি-এল্‌,
পুরাণপল্টন, পোঃ রমনা, ঢাকা।

শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত শ্রীশ্রীমদ্ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ। গীতার বহু ভাষ্য ও অনুবাদ থাকিলেও শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সিদ্ধান্তসম্মত ইংরাজী ভাষায় অনুবাদ গীতার এই প্রথম প্রকাশ। এই গ্রন্থের প্রত্যেক অধ্যায়ের পূর্ব্বে সংক্ষিপ্ত কথাসার ও প্রত্যেক অধ্যায়ের শেষে অনুবাদের সারমর্ম সন্নিবেশিত হইয়াছে। সত্যানুসন্ধিৎসুগণের বোধসৌকর্য্যার্থ কঠিন শ্লোকসমূহের সরল সহজ ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

উৎকৃষ্ট কাগজে ডবল ক্রাউন ষোলপেজী আকারে ৬০০ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা—৮৲ মাত্র। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

EROTIC PRINCIPLE & UNALLOYED DEVOTION

পরমপূজ্যপাদ শ্রীল নারায়ণদাস ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী প্রভু প্রণীত সম্প্রতি এই গ্রন্থের একটী নূতন সংস্করণ শ্রীশ্রীগুরুবর্গের ইচ্ছায় পুনঃ প্রকাশিত হইয়াছে গ্রন্থের আকার পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বৃহৎ ও সুন্দর হইয়াছে। এই গ্রন্থে বহু অমূল্য উপদেশ আছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

১। শ্রীমদ্ভাগবতম্ (সমগ্র) ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৯৲
৪। সজ্জনতোষণী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; তৃতীয় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১।০
৮। সংক্ষেপভাগবতামৃত ও লঘুভাগবতামৃতদীপিকা ১০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩ হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধক-কণ্ঠমালা (তৃতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। প্রাণ আদর ।০
১৯ তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়সাহিত্য ।৶০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তী-টীকাসহ) ১৲
২৬। গীতা কেবল মাতৃভাষা ।০
২৭। দুর্গমসঙ্গমনী ভক্তিরসামৃতসিন্ধুঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসূত্রম্ (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (অবাঁধা ।৶০ বাঁধা ৸০)
৩০। জীব-দিগ্দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ৶০
৩২। গোস্বামী শ্রীরঘুনাথ দাস ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য (ছোট) ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্শন ।০
৪০। শরণাগতি ৶০
৪১। গীতাবলী /১০
৪২। শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা ৸০
৪৩। শ্রীভক্তিরত্নাকর (সমগ্র) ৬।০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /১০
৪৫। নবদ্বীপশতক /১০
৪৬। অর্চ্চনকণ্ঠ /১০
৪৭। সদাচারস্মৃতিঃ /১০
৪৮। কল্যাণকল্পতরু /১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ১৯
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (চারিখণ্ড একত্রে) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৩।
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।৶
৫৫ ভক্তকৃপাবলী বা মায়াবাদশতদূষণী
৫৬ আত্মধর্ম্ম ও আচরণ
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ)
৫৮। শ্রীকৃষ্ণনেত্রম্ ৶০
৫৯ সিদ্ধান্তদর্পণ /০
৬০। সাংখ্যবাণী /০
৬১। শ্রীচৈতন্যমঙ্গল ২।০
৬২। শ্রীভক্তিসন্দর্ভ ৬৲

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ।০
৬৪। সিদ্ধান্ত-সরস্বতী বিশিষ্টম্ ।০
৬৫। সটীকা শিক্ষাষ্টকম্ ।০
৬৬ প্রস্থানত্রয়ম্ ।০
৬৭। সাধনা শিক্ষাষ্টকম্ ৶০
৬৮। গৌড়ীয়মঠের সাধনরহস্যম্ /০
৬৯। মায়াবাদনির্ণয়ম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৭০। রায় রামানন্দ ।০
৭১। এ ফিউ ওয়ার্ডস্ অন বেদান্ত ।০
৭২। নামভজন /০
৭৩। বেদান্ত ইটস্ মরফলজী এণ্ড অন্তর্দ্বার ।০
৭৪। ভিভোটিভ ওয়ার্ডস্ ।৶০
৭৫। দাইস এ্যান্ড এলেন্টস্ অব্ শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৬। বৈষ্ণবীজম্ ।০
৭৭। রেলাষ্ট গৌড়ীয়মঠ ইন ভুটান /০
৭৮। দি ভাগবত
৭৯। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনএ্যালয়েড ডিভোশন
৮০। ব্রহ্মসংহিতা
৮১। শ্রীমদ্ভগবদ্গীতা
৮২। শ্রীচৈতন্যমহাপ্রভু
৮৩। শ্রীকৃষ্ণচৈতন্য ১০

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮৪। শ্রীচৈতন্যচরিতামৃত ৸০
৮৫। সাধনপথ ।০
৮৬। কল্যাণকল্পতরু /১০
৮৭। গীতাবলী /১০
৮৮। শরণাগতি /০
৮৯। প্রার্থনা-প্রেমভক্তিচন্দ্রিকা ।৶০
৯০। শ্রীগৌড়ীয়বাণী ।০

তামিল ভাষায় প্রকাশিত

৯১। শরণাগতি ।৶

তেলেগু ভাষায় প্রকাশিত

৯২। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়াপ্রকাশ

THE DAILY NADIA PRAKASH

ভারতের সর্ব্বত্র বহুল প্রচারিত নদীয়া-জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১৪শ বর্ষ { ২০ গোবিন্দ ৪৫৪ গৌরাব্দ ২০শে ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৭, ৪ঠা মার্চ্চ ইং ১৯৪১, মঙ্গলবার } ২৯৮তম সংখ্যা

শ্রীভক্তিবিনোদ ঠাকুরের গীতিগ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও ব্যাখ্যা এই গ্রন্থে সুন্দর-রূপে প্রকাশিত হইয়াছে। ইহা মঙ্গলাকাঙ্ক্ষী ব্যক্তি-মাত্রেরই নিত্যপাঠ্য। ভিক্ষা ৸০ আনা।
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীশ্রী স্তবরত্নমালা
[illegible] স্তব ও গীতি এই গ্রন্থে সুন্দর অক্ষরে অন্বয় ও অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর। ভিক্ষা ৸০ মাত্র
প্রাপ্তিস্থান—
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

গৌরজন শ্রীশ্রীল আচার্য্যদেবের উপদেশামৃত

অন্তর্দ্বীপ—আত্মনিবেদনের ক্ষেত্র। আত্মনিবেদনের অপর নাম শরণাগতি। শরণাগতই বলী। আগে আত্মনিবেদন, তারপর শ্রবণাদি ভক্তির অনুষ্ঠান—পরিক্রমার অনুষ্ঠান। নবধা ভক্তি মূর্ত্তি ধ'রে আপার রূপে—নবদ্বীপধামরূপে বর্ত্তমান। শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, বন্দন, দাস্য, সখ্য ও আত্মনিবেদন অঙ্গিগণের বিষয় ও আশ্রয়-বিগ্রহের পীঠস্থানই নবদ্বীপ।

ভগবানের সঙ্গে উপাসকের সম্বন্ধ বা প্রেমলাভের উপায়—অর্চ্চনের, সেবা বা ভক্তি। ভক্তি নব প্রকার; কিন্তু সর্ব্বাগ্রে আত্মসমর্পণ। আকিঞ্চন না হ'লে আত্মসমর্পণ হয় না। ভোগ্যস্বরূপে এ জগতের কোন কিছু বা কৃষ্ণেতর বিষয় যাঁ'র নাই, তিনিই অকিঞ্চন। কৃষ্ণের সেবার জন্য অনন্ত-কোটি বৈকুণ্ঠবাসীই অকিঞ্চন।

শ্রীচৈতন্যদেবের দয়া হ'লেই মঙ্গল হ'বে—বৈষ্ণবপদধূলিতে আদর হ'বে। অকিঞ্চন না হ'লে সঙ্গে যাওয়া যায় না এবং তাঁ'রাও সঙ্গে নেন না। অকিঞ্চনের জড় দম্ভ নাই, অহঙ্কার নাই; কিন্তু শুদ্ধ-অহঙ্কার আছে। 'আমি তোমার'—ইহাই শুদ্ধ-অহঙ্কার। যেখানে অকিঞ্চনতা—দীনতা, সেইখানেই দয়া। যেখানে দম্ভ নাই—জড় দর্প-গর্ব্ব নাই। যেখানে আছে কেবল সম্বন্ধ জ্ঞান—কার্ষ্ণ কিঙ্করত্বের অনুভূতি।

শ্রীগুরুদেবের পাদপদ্মসংলগ্ন ধূলি হ'তে হ'বে। ইহাই আমাদের স্বরূপ। আত্ম-নিবেদন না করলে—শরণাগত বা অকিঞ্চন না হ'লে শ্রীধামপরিক্রমার অধিকার হ'বে না। অকিঞ্চন হ'য়ে বৈষ্ণবের সঙ্গে যেতে হ'বে, দক্ষিণা দিতে হ'বে। দক্ষিণা হ'চ্ছে আত্মনিবেদন। যে আত্মনিবেদন করে না, কায়মনোবাক্য এ তিনটীকে দক্ষিণা দেয় না, তা'র গুরুবৈষ্ণবপাদপদ্মের সঙ্গে যাওয়ার অধিকার হয় না। অকিঞ্চনতার বিরুদ্ধ ধর্ম্ম অহঙ্কার যদি বজায় থাকে, তবে পরিক্রমা হ'বে কি? তা'তে গ্রাম দেখা হ'বে, মাটি দেখা হ'বে, শ্রীধামদর্শন হ'বে না। অকিঞ্চন দীনহীন কাঙ্গাল হ'য়েছি কি? যদি হই তবে ধাম রূপ দেখা'বেন।

অনর্থযুক্ত সাধকের সাধনপথে কিছু কিছু বিঘ্ন থাকে; কিন্তু তিনি যদি সরল হন, অকুটিল হন, তাহা হইলে তিনি তাঁহার শরণাগতির পরিমাণ অনুসারে ফল পাইয়া থাকেন। দোষ-ত্রুটী প্রথমতঃ কিছু থাকিলেও শরণাগতির বলে সে ঐ সকল দোষ বা বাধা সমস্তই অতিক্রম করিতে পারিবে।

নিরপরাধ [illegible] বড় সুন্দর। নিরপরাধে নামকীর্ত্তন হইলে চিত্ত নির্ম্মল হয় এবং ক্রমশঃ বিচার বা স্মরণের উদয় হয় অর্থাৎ গুরুবৈষ্ণবের পদাশ্রয়কারী অকিঞ্চন শরণাগত নিবেদিতাত্মা শিষ্যের সেবোন্মুখ-জিহ্বায় শ্রীনাম উদিত হন। আশ্রয়-বিগ্রহের নাম কীর্ত্তন ব্যতীত কৃষ্ণকীর্ত্তন হয় না। শ্রীগুরুদেব ও তাঁহার অকিঞ্চনগণের সেবা করিলে গৌরসুন্দর আনন্দিত হন ও কৃপা করেন। শ্রীগুরুদেব অহৈতুকী করুণা করিয়া বাণীর আকারে গৌরসুন্দরকে বিতরণ করেন। যাঁহাদের সংসারবাসনা ক্ষয় হইয়াছে, তাঁহারাই তাঁহার বাণী সম্যক্ গ্রহণ করিতে পারেন।

গৌরসুন্দর [illegible] শ্রীগুরুদেবের প্রেমদাতা। গুরুদেবই কৃষ্ণকে দিতে পারেন, অপরের ক্ষমতা নাই। শ্রবণকারীর [illegible] নিত্যানন্দ—[illegible]। [illegible] কৃপা ব্যতীত স্বরূপজ্ঞান হয় না [illegible], নায়িকা, [illegible], নিগুণ [illegible] সংসার—কৃষ্ণবিস্মৃতির অবস্থা। [illegible] থেকে মোচন করতে পারেন নিত্যানন্দ-[illegible]।

এই জীবনেই কৃষ্ণাকাঙ্ক্ষার [illegible] প্রয়োজন। কৃষ্ণভজন [illegible] কোন [illegible] কারনে, তাঁহার [illegible] পাদপদ্ম [illegible] করুন।

[illegible] যাঁ'র নাই, সেইরূপ [illegible] সব করতে হ'বে। [illegible] চিত্তবৃত্তিবিশিষ্ট হ'তে হ'বে, [illegible] বা ত্যাগ হ'বে। [illegible] সেবা নয়, ত্যাগও সেবা নয়। [illegible] ত্যাগ তাদের নাম [illegible]। [illegible] বাক্য যখন [illegible] হয়, তখন [illegible] করা হয়।

জীবাত্মার স্বভাব—[illegible]। ভগবানের বিপরীত [illegible] প্রভু। অপরাধ-অভিমানই [illegible]। [illegible] কৃষ্ণ, তবে তিনি [illegible] নন, [illegible] সন্তোষ। [illegible] বাগমার্গ [illegible]। তাঁ'র কৃপা [illegible] নাই। তিনিই সেবা [illegible]। [illegible] করেন। আমার গুরুকে [illegible] করেন। তিনি কৃষ্ণপ্রেষ্ঠ।

জীবনে [illegible] না, যে কোন অবস্থায় [illegible] আমরা নিজের [illegible]

না। [illegible] তিনিই চা'ন। আমাদের স্বতন্ত্রতা কিছু [illegible] [illegible]। [illegible] কৃষ্ণ, তিনি [illegible] যদি [illegible]। [illegible] যদি [illegible], তাঁহা [illegible]। [illegible] সর্ব্বদা [illegible] কৃষ্ণ তাঁহাকে [illegible]।

[illegible] আপনিই [illegible] হইবে। [illegible] অথবা [illegible] আমাদের এই [illegible] হইলে ইহাই [illegible] এই মনে [illegible] একটী [illegible] কেন, আমি [illegible] আর [illegible] বলিয়া [illegible]।

[illegible] সংসারের [illegible]। কৃষ্ণের [illegible] যদি [illegible] করিবে, এ [illegible] [illegible], [illegible], [illegible], শান্তি, আরাম [illegible] আছে।

[illegible] সত্য। [illegible] থাকে না। [illegible] acquired knowledge নহে। [illegible] যুক্তি। [illegible] তিনি স্থাপন করিতে [illegible] তাহার ইচ্ছার সহিত dovetailed হওয়াই [illegible] কথা।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্যামিরূপে [illegible]

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

১০ গোবিন্দ [illegible] গৌরাব্দ ৪৪৪

হরিকথা-প্রসঙ্গ

সাধুসঙ্গই হরিভক্তির মূল। দুঃসঙ্গ ও সরলতা যেখানে নাই, সেখানে হরিভক্তির আশাও নাই, সেখানে অভাগ্য অনিবার্য। মনোধর্মী তার্কিক কখনও জগতে [illegible] আশা-ভরসা পাইতে পারে না। [illegible] জন্যই সাধুর কৃপালাভ করিয়া [illegible]। সাধুর সঙ্গ করিতে হইলে আনুগত্য [illegible] থাকা চাই—প্রণিপাত, [illegible] সেবাবৃত্তি চাই। আনুগত্যবিহীন [illegible] সঙ্গ করিবার ইচ্ছা সাধুকে [illegible] চেষ্টা বা দম্ভ ছাড়া আর কিছুই নয়। ইহার দ্বারা কখনও ভগবদ্ভক্ত ও ভগবদ্ভক্তের সঙ্গলাভ হয় না। হরিভজনই যাঁহার জীবনের মূলমন্ত্র ও লক্ষ্য, তিনিই ভগবৎ-সেবার অধিকারেই সাধুর সঙ্গ করিতে পারেন ও কৃপা পান। যেখানে হরিগুরুবৈষ্ণব মনোরঞ্জন ব্যতীত লোকরঞ্জনের প্রতি আদর, সেখানে সত্যকথা কীর্তিত হইতে পারে না। কারণ, জগতের কোটি কোটি লোকের এখন ভুক্তি-মুক্তি-বুভুক্ষু ব্যতীত [illegible] বহির্মুখ। সুতরাং তাহাদের [illegible] কথা কেরূপে সত্যকথা হইবে? সাধুর কথা তিক্ত বা মনের অপ্রীতিকর [illegible] হইলেও উহাই ভবরোগনিবারক একমাত্র মহৌষধ। সাধুর শ্রীমুখ [illegible] শ্রবণ হয় না। [illegible] জাগতের বা গুরুবর্গের অতি সরল সহজ কথাও বুঝিয়া উঠিতে পারে না। সুতরাং [illegible] বা তত্ত্বকথা উপলব্ধি করিতে হইলে আনুগত্যই যে একমাত্র অত্যাবশ্যক ব্যাপার, তাহা বলাই বাহুল্য।

কলিকালে লোকের চিত্তবৃত্তি সর্ব্বদাই বিক্ষিপ্ত। সুতরাং এখন স্থির ধ্যান সম্ভবপর নহে। সত্যে ধ্যান, ত্রেতায় যজ্ঞ এবং দ্বাপরে পরিচর্য্যা বা অর্চ্চন দ্বারা ভগবৎসেবা হয়। কলিকালে অর্চ্চনাদি অঙ্গভাবে হইবার উপায় নাই। কলিকালে শ্রীনাম-দ্বারা ভগবানের অর্চ্চন করিবে—কলিকালে কীর্ত্তনাখ্য বিষ্ণুর অর্চ্চন হইবে। যাঁর আনুগত্যে দ্বারা গুরুহরিসেবোন্মুখ না হইলে কীর্ত্তনাদি কোন কিছুই [illegible] হয় না। যখন জীব মনোধর্ম্মে [illegible], কখন [illegible] ব্যভিচার দেখা যায়। মনোধর্ম্মের বশে আমরা ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়কে ধ্যান করি, ইন্দ্রিয়-তোষণের আহুতিপ্রদানকেই নামকার্য্য মনে করি। শ্রীমূর্ত্তির নিকট নৈবেদ্য দেওয়ার সময় মনে মনে চিন্তা করি—বিগ্রহ-গুলি কোন সময় বাড়ী লইয়া গিয়া দীপ ধূপাদি আর্ত্তির-অবসরে দিব, নিজে ভোগ করিব, কীর্ত্তন করিবার সময় সুর তান লয় মানে আবদ্ধ থাকিয়া মনে করি যে আমার কীর্ত্তন শ্রোতাগণের চিত্তকে অবশ্যই আকর্ষণ করিবে ইত্যাদি। তখন ভগবান্ দূরতিদূর হইতে চলিয়া যান। তাহাতে কৃষ্ণসুখের পরিবর্ত্তে নিজসুখ-বাঞ্ছাই হইয়া থাকে। সেইরূপ কীর্ত্তন দ্বারা কৃষ্ণেন্দ্রিয়-তর্পণ হয় না—আত্মেন্দ্রিয়তর্পণ বা কামাগ্নিতেই ইন্ধন প্রদান করা হয়।

[illegible] ধ্যান অসম্ভব। [illegible] নির্জন আত্ম-[illegible] কলিকালে অর্চ্চন [illegible] শুদ্ধ [illegible] কলিকালে হরি-কীর্ত্তন [illegible]। এই হরিকীর্ত্তন সাধন ও সাধ্য উভয়ই। হরিনাম-গ্রহণে কালাকাল-বিচার নাই।

> খাইতে শুইতে যথা তথা নাম লয়।
> দেশ-কাল নিয়ম নাহি সর্ব্বসিদ্ধি হয়॥
> কি ভোজনে কি শয়নে কিবা জাগরণে।
> অহর্নিশ চিন্ত কৃষ্ণ, বলহ বদনে॥

এমন কি মলমূত্র-ত্যাগকালেও শ্রীহরি-স্মরণ করা যায়। বাহ্যক্রিয়া অভ্যাসে হইয়া থাকে। হরিনাম করিতে কোন বাধা নাই। নিদ্রাকালে, জাগ্রতাবস্থায়, শয়নকালেও হরিনাম করা যায়। স্ত্রী, পুত্র, বালক, বৃদ্ধ, ব্রাহ্মণ, শূদ্র সকলেই হরিনাম গ্রহণ করিতে পারেন। নির্জ্জনে হরিনাম-গ্রহণ করা যায়, গোপনে হরিনাম-গ্রহণ করা যায়, একা হরিনাম-গ্রহণ করা যায়, বহুলোক একত্রে মিলিয়া হরিনাম-গ্রহণ করা যায়, কেবার প্রায় হরিনাম-গ্রহণ করা যায়, শ্রীনাম ও শ্রীনামাচার্য্যের এত অপার কৃপা! এত সুযোগ-সুবিধা সত্ত্বেও যদি হরিনামে রুচি বা শ্রদ্ধা প্রবল না হয়, শ্রীনামপ্রভাব শ্রীনামাচার্য্যের শ্রীপাদপদ্মে মস্তক বিক্রয় করিয়া শরণাগত হইবার ইচ্ছা না হয়, তাহা হইলে আমার ন্যায় হতভাগ্য আর কে?

কলি মধ্যে বিবাদ বা তর্ক। এই যুগে তর্কপন্থার আদর, শ্রৌতপন্থার আদর নাই। যাঁহারা শ্রুতপথের পথিক, তাঁহারা বাস্তব-সত্য বস্তু অকপটে গোষ্ঠী-নিক্ষেপনীতির প্রশ্রয় দেন না। তাঁহারা তার্কিক নন, তাঁহারা শ্রৌতপন্থী। তাঁহারা কর্ম্মী, জ্ঞানী, যোগী বা অন্যাভিলাষীর ন্যায় [illegible] নহেন। তাঁহাদের অবস্থার [illegible]—[illegible]। আজকাল শাস্ত্রবাক্যে অনাদর করিয়া অল্পজ্ঞানে অধোক্ষজবস্তুকে মাপিবার প্রয়াস, অচিন্ত্যবস্তুতে তর্কের যোজনা প্রভৃতি চেষ্টাই সর্ব্বত্র দেখিতে পাওয়া যায়। তর্কপন্থাই জীবের পক্ষে সর্ব্বপ্রধান ভয়ঙ্কর অপরাধ। ইহার ন্যায় দুর্ভাগ্য আর কিছুই নাই। অনাদি-বহির্মুখতার চরম সীমায় উপনীত হইলেই অচিন্ত্য বস্তুতে তর্কযোজনায় প্রয়াস হয়। এই মহা-বিপদ্ হইতে সকলেরই সাবধান থাকিয়া ভগবৎপাদপদ্মে শরণ গ্রহণই আত্মরক্ষার একমাত্র উপায়। যেখানে তর্ক, সেইখানেই অশ্রদ্ধা। যেখানে শ্রদ্ধা, সেইখানে শ্রৌতপন্থার আদর।

শ্রীশ্রীগুরুপূজাই শ্রীশ্রীব্যাসপূজা। শ্রীব্যাসপূজায় যুগপৎ গুরুসেবা ও কৃষ্ণসেবা হয়। অশ্রৌত বা তর্কপন্থা পরিত্যাগপূর্ব্বক শ্রৌতপথ বা গুরুপাদপদ্ম-গ্রহণই শ্রীব্যাসপূজার তাৎপর্য্য। আরোহবাদের বহুমানন পরিত্যাগ করিয়া অবরোহপথে গুরুবৈষ্ণবানুগত্যে হরিসেবার জন্য প্রস্তুত হওয়াই শ্রীব্যাসপূজার উদ্দেশ্য। দ্বৈত-বস্তুতে ভ্রান্তভ্রম-জ্ঞান বা মনোধর্ম্ম পরিত্যাগ করিয়া আত্মধর্ম্মে অবস্থিত হইবার চেষ্টাই শ্রীব্যাসপূজার মর্ম্ম। পূর্ণ দীক্ষা বা দিব্যজ্ঞান লাভ করাই শ্রীব্যাসপূজার প্রয়োজন। তর্কপন্থার মনোধর্ম্মের দ্বারা শ্রীগুরুপাদপদ্ম বা শ্রীগুরুপূজা হইতে পারে না। তর্কপন্থা বা মনোধর্ম্মের দ্বারা গুরুতত্ত্ব উপলব্ধি হয় না। তর্কপন্থী মনোধর্ম্মী বঞ্চিত হয়। আর যিনি প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি সহযোগে গুরুসেবা করেন, সেই শ্রৌতপন্থীই গুরুকৃপায় [illegible] কথা জানিতে পারেন।

গুরুপূজা বা গুরুসেবার প্রথমেই ভূতশুদ্ধি আবশ্যক। অন্যের কখনও দেবতার অর্চ্চন করিতে পারে না—প্রাকৃত বস্তু কখনও অপ্রাকৃত বস্তুর সেবা করিতে পারে না—শুদ্ধ না হইলে গুরুসেবা হয় না। 'গুরুর দাস' বা 'দাস দাস' হওয়াই ভূতশুদ্ধি বা 'আত্মশুদ্ধি', ইহাই তৃণাদপি সুনীচতা, ইহাই শুদ্ধ-অহঙ্কার বা চিদভিমান। ইহাই প্রকৃত সম্বন্ধ, শরণাগতি বা আত্মনিবেদন। বাহ্যপ্রক্রিয়ার নাম ভূতশুদ্ধি নয়। স্থূলদেহের শুদ্ধিকে ভূতশুদ্ধি বলা যায় না। বাহ্য শৌচ লাভ করিয়া পূজার যোগ্যতালাভ করা যায় না। অশ্রদ্ধান্বিত গায়ে মাখিয়া শ্রীগুরুমন্দির, শ্রীবৈষ্ণবমন্দির ও শ্রীভগবন্মন্দিরে যাওয়া নিষেধ। [illegible] অশ্রদ্ধাবান তার্কিকের মন্দিরে প্রবেশাধিকার নাই, তাহার আবার পূজার অধিকার কোথায়? শ্রৌতপন্থার গুরুবৈষ্ণবের আনুগত্য ও সঙ্গে হরিকথা-কীর্ত্তন ও শ্রবণমুখেই ভূতশুদ্ধি হয়। তাহার দ্বারাই হরিগুরুবৈষ্ণবসেবার প্রকৃত যোগ্যতা লাভ হয়। ইহারই নাম দীক্ষা।

তর্কপন্থী স্বেচ্ছাচারী—স্বতন্ত্র, আর শ্রৌতপন্থী সাধুশাস্ত্রের অনুগত। তর্কপথ ভোগোন্মুখতার পথ—মৃত্যুর পথ—অভক্তির পথ, শ্রৌতপথ সেবোন্মুখতার পথ—কৃষ্ণেন্দ্রিয়-তর্পণের পথ—ভক্তির পথ—আত্মরক্ষার পথ। শ্রৌতপথ কর্ণের পথ আর তর্কপথ বহির্মুখ চক্ষুরাদি ইন্দ্রিয়ের পথ। তর্কপথ প্রভুত্বের পথ, শ্রৌতপথ দাস্যের পথ। তর্কপন্থী পূজ্যাভিমানী। তর্কপন্থী কপট—ধর্ম্মার্থকাম-মোক্ষকামী, আর শ্রৌতপন্থী সরল, অকপট সেবাভিলাষী। তর্কপন্থী এ জগতে বড় হইতে চায়, আর শ্রৌতপন্থী গুরুবৈষ্ণবের পদরেণুপ্রার্থী। তর্কপন্থী দাম্ভিক, শ্রৌতপন্থী নিরহঙ্কার ও নিরভিমান। তর্কপন্থী জড়-প্রতিষ্ঠার কাঙ্গাল, শ্রৌতপন্থী বৈষ্ণবী প্রতিষ্ঠায় প্রতিষ্ঠিত হইয়া সতত সেবানিরত। জড়প্রতিষ্ঠা তাঁহাকে স্পর্শ করিতেও পারে না। শ্রৌতপন্থীর তর্কপন্থীর ন্যায় স্বসুখ-কামনা নাই।

শ্রীশ্রীনবদ্বীপধাম-পরিক্রমা

গত ১১শে ফাল্গুন, ৩রা মার্চ্চ, সোমবার দিবস উষঃকালে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর মঙ্গলারাত্রিক সমাপন করিয়া শ্রীধামপরিক্রমাকারী ভক্তগণ শত শত ধ্বজ-পতাকা ও মৃদঙ্গ, করতাল, শিঙ্গা, শঙ্খ, ঘণ্টা, কাঁসরের সমবেত-ধ্বনির সহিত নৃত্য ও শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের বিপুল জয়ধ্বনিতে দিগ্দিগন্ত মুখরিত করিতে করিতে ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য ত্রিদণ্ডিস্বামী প্রভুপাদ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের আনুগত্যে গৌরলীলা-নিকেতন শ্রীধাম নবদ্বীপের [illegible] অন্তর্দ্বীপের [illegible] গৌর-ক্রীড়া-কেন্দ্রসমূহ দর্শন, তত্তৎস্থানে লীলাপ্রসঙ্গ পাঠ ও পরিক্রমা করিয়াছেন। ভারতবর্ষের বিভিন্ন স্থান হইতে স্ত্রী-পুরুষ বহু ভক্ত এই পরিক্রমায় যোগদান করিয়াছেন। সকলেরই এই উৎসবে যোগদান করিবার অধিকার আছে। এইজন্য সকলকে সাদরে আহ্বান করা হইয়াছে। পরিক্রমা উপলক্ষে জগদ্গুরু শ্রীল আচার্য্যদেবের সম্পূর্ণ আনুগত্যে শ্রীগৌড়ীয়মঠের প্রচারক ও সেবকগণ নিজ দ্বীপ হইতে দ্বীপান্তরে গমন করিয়া পরিক্রমাকারিগণকে গুরুহরিকথা শুনাইতেছেন।

প্রথম দিবস—অন্তর্দ্বীপ-শ্রীমায়াপুর

গত ১১শে ফাল্গুন ভক্তগণ গৌরজন শ্রীশ্রীল আচার্য্যদেব ও অন্যান্য ত্রিদণ্ডিপাদগণের অনুগমনে আচার্য্যবর শ্রীচন্দ্রশেখর-ভবন হইতে সংকীর্ত্তনমুখে বহির্গত হইয়া সীতানাথালয় শ্রীঅদ্বৈতভবন দর্শন করেন। এই স্থান শ্রীশ্রীবাস-অঙ্গন হইতে [illegible] উত্তরে অবস্থিত। এই স্থানে আচার্য্য শ্রীঅদ্বৈত [illegible] তুলসী দিয়া পাকৃত্যাদিক-বিধানানু-

সাথে কৃষ্ণ-আরাধনা করিয়াছিলেন। এই স্থানেই হুঙ্কার করিয়া তিনি কৃষ্ণকে জগতের দুঃখ জানাইয়াছিলেন। এই স্থানেই তিনি বৈষ্ণব-গোষ্ঠীতে অবস্থান করিয়া বহির্মুখ জগতের কৃষ্ণবৈমুখ্যের কথা আলোচনা ও কিরূপে জগতের মঙ্গল হইতে পারে, তদ্বিষয়ে চিন্তা ও ইষ্টগোষ্ঠী করিতেন। এই স্থানটিকে শ্রীঅদ্বৈতাচার্য্যের টোলগৃহ বা শ্রীঅদ্বৈত-সভাও বলিয়া থাকে।

তৎপরে শ্রীঅদ্বৈতভবন দর্শন করিয়া শ্রীবাস-অঙ্গন দর্শন করেন। শ্রীবাস-অঙ্গন শ্রীযোগপীঠের শত হস্ত উত্তরে অবস্থিত। শ্রীবাস-অঙ্গন সপার্ষদ শ্রীগৌরসুন্দরের মহা-সংকীর্ত্তনস্থলী। শ্রীবৃন্দাবনলীলার রাসস্থলী ও শ্রীবাস-অঙ্গন একই বস্তু। এই স্থানে শ্রীগৌরসুন্দর পঞ্চতত্ত্বাত্মক হইয়া পূজিত হইতেছেন। এই স্থানকে খোলভাঙ্গার ডাঙ্গা বলিয়া থাকে। কীর্ত্তনবিরোধী মুসলমান এই স্থানে কীর্ত্তনের খোল ভঙ্গ করিয়াছিলেন। শ্রীবাস পণ্ডিত শ্রীমন্মহাপ্রভুর গার্হস্থ্যলীলাভিনয়কালে প্রধান সহায় ছিলেন। এই স্থানে শ্রীমন্মহাপ্রভু শ্রীঅদ্বৈত প্রভুকে বিশ্বরূপ ও শ্রীনিত্যানন্দপ্রভুকে ষড়্ভুজমূর্ত্তি প্রদর্শন করিয়াছিলেন। এই স্থানে শ্রীমন্মহাপ্রভু শ্রীবাসের মৃতপুত্রের মুখে তত্ত্বকথা কীর্ত্তন করাইয়াছিলেন। শ্রীবাস-অঙ্গনে যে সময় শ্রীমন্মহাপ্রভু কীর্ত্তন করিতেছিলেন, সেই সময় শ্রীবাসের পুত্রের পরলোকগমন হয়। শ্রীমন্মহাপ্রভুর কীর্ত্তন-সুখের বাধা হইবে আশঙ্কা করিয়া এই অশুভ-সংবাদ তিনি মহাপ্রভুকে জানান নাই। কীর্ত্তন ভঙ্গ হইবার পর শ্রীবাসের পুত্রের পরলোকগমন-সংবাদ পাইয়া শ্রীমন্মহাপ্রভু তাঁহাকে পূর্ব্বে এই সংবাদ না দেওয়ার জন্য দুঃখপ্রকাশ করিলেন এবং শিশুকে নিকটে আনাইয়া তাহাকে জিজ্ঞাসা করিলেন,—"ওহে বালক, তুমি শ্রীবাসকে কেন পরিত্যাগ করিতেছ?" মৃত বালক উত্তর করিল,—"ইহার গৃহে যে কয়দিন আমার নির্ব্বন্ধ ছিল, তাহা অন্ত হওয়ায় আপনার ইচ্ছাক্রমে অন্যত্র যাইতেছি। আমি আপনার নিত্যদাস—অস্বতন্ত্র দাস। আপনার ইচ্ছার বাহিরে আমার নিজের কিছুই করিবার সাধ্য নাই।

"মৃত-শিশু-প্রতি প্রভু বলেন বচন।
শ্রীবাসের ঘর ছাড়ি' যাও কি কারণ?"
শিশু বলে, "প্রভু যেন নির্ব্বন্ধ তোমার।
অন্যথা করিতে শক্তি আছয়ে কাহার?"
মৃতশিশু উত্তর করয়ে প্রভু সনে।
পরম অদ্ভুত শুনে সর্ব্ব ভক্তগণে॥
শিশু বলে, "এ দেহেতে যতেক দিবস।
নির্ব্বন্ধ আছিল ভুঞ্জিলাম সেই রস॥
নির্ব্বন্ধ ঘুচিল, আর রহিতে না পারি।
এবে চলিলাও অন্য নির্ব্বন্ধিত-পুরী॥
এ দেহের নির্ব্বন্ধ যেন রহিতে না পারি।
হেন কৃপা কর যেন তোমা' না পাসরি॥
কে কাহার বাপ, প্রভু কে কার নন্দন।
সবে আপনার কর্ম্ম করয়ে ভুঞ্জন॥
যতদিন ভাগ্য ছিল শ্রীবাসের ঘরে।
আছিলাও, এবে চলিলাম অন্য পুরে॥
সপার্ষদে তোমার চরণে নমস্কার।
অপরাধ না লইহ, বিদায় আমার॥"

এই স্থানে শ্রীবাসের ভ্রাতুষ্পুত্রী শ্রীবৃন্দাবন-জননী শ্রীনারায়ণীকে শ্রীমহাপ্রভু উচ্ছিষ্ট প্রদান করিয়া কৃপা করেন। এক দরজী শ্রীবাসের বস্ত্রাদি সেলাই করিয়া দিত। শ্রীমহাপ্রভু তাহার প্রতি কৃপা করিয়া তাহাকে নিজ রূপ দর্শন করান। এই শ্রীবাস-ভবনে শ্রীমহাপ্রভু প্রথম বিষ্ণুখট্টায় আরোহণ ও তাঁহার স্বয়ংভগবত্তার-ঐশ্বর্য্য প্রকাশ করিয়াছিলেন। এখানে শ্রীমন্নিত্যানন্দ প্রভু কর্ত্তৃক শ্রীব্যাসপূজা অনুষ্ঠিত হয়। শ্রীবাসভবনে ভক্তগণ মিলিত হইয়া শ্রীমহাপ্রভুর অভিষেক-ক্রিয়া সম্পাদন করেন। শ্রীবাসের সেবায় সন্তুষ্ট হইয়া শ্রীমহাপ্রভু শ্রীবাসের পরিবারবর্গ দাসদাসী সকলকেই স্বীয় রূপ প্রদর্শন করেন।

তৎপরে শ্রীবাস-অঙ্গনে কীর্ত্তন-নর্ত্তনাদি করিয়া ও শ্রীবাস-অঙ্গনের ধূলিতে গড়াগড়ি দিয়া [illegible] শ্রীযোগপীঠে গমন করেন। এই শ্রীযোগপীঠই শ্রীজগন্নাথমিশ্রের শ্রীমন্দির। স্থানে মিশ্রবর নিত্য বিষ্ণুপূজা ও অতিথি সেবা করিতেন। এই স্থানে তৈর্থিক বিপ্রকে বালক নিমাই কৃপা করিয়াছিলেন। এই স্থানে নিম্ববৃক্ষের অদ্যাপি বালক নিমাইর স্মৃতি জাগাইয়া দিতেছে। শ্রীযোগপীঠে শ্রীগৌরসুন্দরের বামভাগে বিষ্ণুপ্রিয়াদেবী ও দক্ষিণে লক্ষ্মীপ্রিয়া ও দক্ষিণে শ্রীগৌর [illegible] শ্রীলক্ষ্মী প্রিয়া এবং লীলা ও ভূ-শক্তি শ্রীনামরূপিণী হইয়া তাঁহার পাদ্মসেবিকা চিন্তামণি ভূমিরূপে বিরাজিতা। শ্রীমন্দিরের পৃথক্ কক্ষে শ্রীপঞ্চতত্ত্ব ও শ্রীরাধামাধবযুগলমূর্ত্তি শোভিত আছেন।

শ্রীযোগপীঠ শ্রীমন্দির পরিক্রমা করিয়া ভক্তগণ গঙ্গার ধারে ধারে শ্রীমহাপ্রভুর ঘাট, মাধাইয়ের ঘাট, বারকোণা ঘাট পরিক্রমা করিয়া শুক্ল চাঁদকাজির সমাধি দর্শন ও পরিক্রমা করেন। শ্রীগৌরাঙ্গলীলার চাঁদকাজি শ্রীকৃষ্ণলীলার কংস ছিলেন। শুক্ল চাঁদকাজির সমাধির উপর প্রায় সাড়ে চারিশত বৎসর পূর্ব্বের পুরাতন গোলক-চাঁপা বৃক্ষ শোভিত আছে। চাঁদকাজির সমাধি পরিক্রমা করিয়া ভক্তগণ শ্রীধর-অঙ্গন ও শ্রীমুরারিগুপ্তের শ্রীপাট পরিক্রমা করিয়া শ্রীচৈতন্যমঠে প্রত্যাবর্ত্তন করেন। প্রত্যেক স্থানেই প্রাচীন মহাজনগণের গ্রন্থ হইতে তত্তৎ লীলাপ্রসঙ্গোপযোগী সংকীর্ত্তন, পাঠ, বক্তৃতা ও হরিকথা হইয়াছিল।

দ্বিতীয় দিবস—শ্রীসীমন্তদ্বীপ

গতকল্য আত্মনিবেদনক্ষেত্র অন্তর্দ্বীপ শ্রীমায়াপুর পরিক্রমা করিয়া আজ ২০শে ফাল্গুন, ৪ঠা মার্চ্চ, মঙ্গলবার ভক্তগণ শুদ্ধবৈষ্ণবাচার্য্যের অনুগত্যে শ্রীসীমন্তদ্বীপ পরিক্রমা করিতেছেন। সীমন্তদ্বীপকে সাধারণ ভাষায় সীমুলিয়া বলে। এই দ্বীপে অংশিনী স্বরূপশক্তি শ্রীরাধিকার অংশ-স্বরূপিণী শ্রীপার্ব্বতী দেবী বৈষ্ণবরাজ শম্ভুর কৃপা ও ঔদার্য্যবিগ্রহ শ্রীগৌরসুন্দরের মহাবদান্যতা উপলব্ধি ও গৌরপার্ষদগণের দর্শনলাভ করেন। শ্রীপার্ব্বতী দেবী এই স্থানে শ্রীগৌর পাদপদ্মের ধূলি সীমন্তে ধারণ করিয়াছিলেন বলিয়া বিজ্ঞজনগণ ইহাকে শ্রীসীমন্তদ্বীপ বলেন। সীমুলিয়া পরিক্রমা করিয়া ভক্তগণ শরডাঙ্গা, গোয়ালডাঙ্গা, মেঘার চর, বেলপুকুর প্রভৃতি স্থান পরিক্রমা করিলেন।

সামরিক-প্রসঙ্গ

——:(০):——

শ্রীসনাতনগৌড়ীয়মঠে শ্রীশ্রীব্যাস-পূজা মহোৎসব

[illegible] মঠের অন্তর্গত [illegible] মঠে পরমারাধ্য [illegible] আচার্য্যদেবের [illegible] হরিসংকীর্ত্তনমুখে শ্রীশ্রীব্যাসপূজা মহোৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন হইয়াছে।

গত ১১ই ফেব্রুয়ারী শ্রীশ্রীব্যাসপূজা-তিথিদিবস প্রত্যূষে মঠসেবকগণ শ্রীশ্রীগুরু বৈষ্ণববন্দনা, মঙ্গলারাত্রিক, পঞ্চতত্ত্ব, "ভজ রে ভজ রে আমার মন অতি মন্দ", "দুষ্ট মন তুমি কিসের বৈষ্ণব" প্রভৃতি গীতি কীর্ত্তনান্তে "শ্রীমদ্ভগবদ্গীতা" গ্রন্থ পাঠ করেন। মধ্যাহ্ন শ্রীবিগ্রহের ভোগারাত্রিক কীর্ত্তনাদির পর উপস্থিত সকলকে শ্রীমহাপ্রসাদ প্রদান করা হয়।

অপরাহ্ণে শ্রীশ্রীগুরুবৈষ্ণববন্দনা ও মহাজনগীতি-কীর্ত্তনান্তে মঠসেবকগণ গৌড়ীয় হইতে শ্রীশ্রীল প্রভুপাদের মহিমা আলোচনা করেন। সন্ধ্যারাত্রিকের পর পুনরায় শ্রীশ্রীল প্রভুপাদের হরিকথা আলোচিত হয়।

পাটনা শ্রীগৌড়ীয়মঠে শ্রীমন্নিত্যানন্দ প্রভুর উৎসব

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যবর্য্য ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী ঠাকুরের কৃপানির্দ্দেশে গত ৮ই ফেব্রুয়ারী হইতে ১০ই ফেব্রুয়ারী পর্য্যন্ত শ্রীচৈতন্যমঠের শাখা কলিকাতার অন্তর্গত শাখা পাটনা গৌড়ীয় মঠে ভৈমী একাদশী, বরাহ দ্বাদশী ও শ্রীনিত্যানন্দপ্রভুর আবির্ভাব তিথি-পূজা বিরাট হরিকথা ও কীর্ত্তনমুখে অনুষ্ঠিত হইয়াছে।

বরাহ-দ্বাদশী দিবস রাত্রে শ্রীপাদ নন্দদুলাল ব্রহ্মচারী 'ভক্তিশাস্ত্রী' শ্রীমদ্ভাগবত হইতে শ্রীবরাহদেবের আবির্ভাব ও হিরণ্যাক্ষ-বধ-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা [illegible]। ১০ই ফেব্রুয়ারী সোমবার প্রত্যূষে মঙ্গলারাত্রিক, উষাকীর্ত্তন, তুলসীমন্দির পরিক্রমান্তে শ্রীমন্নিত্যানন্দাভিন্ন শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের লিখিত শ্রীচৈতন্যভাগবত পারায়ণ আরম্ভ হয়। ভক্তগণ সমস্ত দিবারাত্র নিরম্বু উপবাসী থাকিয়া শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর কৃপাপ্রার্থনামুখে পাঠ-কীর্ত্তনাদি করেন। মধ্যাহ্নে শ্রীবিগ্রহের অর্চন, বিচিত্র ভোগরাগ ও আরাত্রিক-কীর্ত্তন হয়। রাত্রে শ্রীপাদ ভক্তিশাস্ত্রী ১৭শ বর্ষের গৌড়ীয় হইতে শ্রীনিত্যানন্দপ্রভুর আবির্ভাব-দিবসে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব-কীর্ত্তিত হরিকথা-কীর্ত্তন প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন।

শ্রীরূপগৌড়ীয়মঠে শ্রীনিত্যানন্দাবির্ভাব-উৎসব

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্তর্গত শাখা এলাহাবাদ শ্রীরূপগৌড়ীয়মঠে গত ৮ই, ৯ই ও ১০ই ফেব্রুয়ারী ভৈমী-একাদশী, বরাহদ্বাদশী ও শ্রীনিত্যানন্দ আবির্ভাব তিথি উপলক্ষে মঠসেবকগণ উপবাসী থাকিয়া হরিকীর্ত্তনমুখে তিথিত্রয়ের সম্মান করেন। মঠসেবকগণ শ্রীএকাদশীতে ইষ্টগোষ্ঠীমুখে হরিকথা আলোচনা করেন।

৯ই ফেব্রুয়ারী শ্রীবরাহদেবের আবির্ভাব তিথিতে সন্ধ্যারাত্রিকান্তে গুরুবন্দনা, পঞ্চতত্ত্ব, দশাবতারস্তোত্র ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তনের পর উপদেশক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, বিদ্যার্ণব বি-এ মহোদয় শ্রীমদ্ভাগবত হইতে শ্রীবরাহদেবের আবির্ভাব, হিরণ্যাক্ষ-বধ এবং শ্রীবরাহদেবের পৃথিবী উদ্ধারের স্তুতি-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যামুখে কীর্ত্তন করেন। পাঠান্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

১০ই ফেব্রুয়ারী শ্রীশ্রীনিত্যানন্দপ্রভুর আবির্ভাব-তিথি দিবস মঙ্গলারাত্রিক প্রত্যূষে শ্রীগুরুপরম্পরা, শ্রীগুরুচরণপদ্ম, পঞ্চতত্ত্ব, 'নিতাই নিকরুণ' প্রভৃতি বিভিন্ন মহাজন-পদাবলী কীর্ত্তন করিলে পর শ্রীপাদ বিদ্যার্ণব প্রভু শ্রীচৈতন্যভাগবত অবলম্বনে শ্রীনিত্যানন্দ-মহিমা ও [illegible] ভাবে প্রচার কথা কীর্ত্তন করেন। পাঠের পর [illegible] আরাত্রিক কীর্ত্তন হয়। [illegible] পর শ্রীচৈতন্যভাগবতের বিভিন্ন অধ্যায় হইতে শ্রীনিত্যানন্দ প্রসঙ্গ পাঠ হয়। [illegible], 'শ্রীগুরু-চরণপদ্ম', '[illegible]', 'নিতাই-পদকমল' প্রভৃতি [illegible] মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীপাদ [illegible] প্রভু শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীনিত্যানন্দ তত্ত্ব সম্বন্ধে পাঠ ও ব্যাখ্যা করেন। [illegible] 'নদীয়া গোদ্রুমে নিত্যানন্দ মহাজন', 'নিতাই চৈতন্য বলি নাচ রে আমার মন,' 'নিতাই কি নাম এনেছে রে' প্রভৃতি বিভিন্ন গীতি কীর্ত্তনের পর সভা ভঙ্গ হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীগৌড়ীয়মঠ
১৬ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার
কলিকাতা। টেলিফোন নং বড়বাজার [illegible]
সেবক—শ্রী[illegible] দাস [illegible]

শ্রীযোগমায়াপুরপীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস ব্রহ্মচারী

শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীকৃষ্ণচৈতন্য ব্রহ্মচারী

মুরারিগুপ্তের পাট
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রী[illegible]দাস ব্রজবাসী

কাজির সমাধি পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

অনুকূল কৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
সেবক—শ্রীঅনন্তরাম ব্রহ্মচারী

স্বানন্দ-সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
সেবক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীগৌরগদাধরমঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
সেবক—শ্রীনবগৌরাঙ্গ ব্রহ্মচারী

সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রীগোবিন্দদাস ব্রহ্মচারী

মোদদ্রুম গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)
সেবক—শ্রী[illegible] দাস অধিকারী

ঋতুদ্বীপ গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর নদীয়া
সেবক—শ্রীনারায়ণদাস ব্রহ্মচারী

জয়দেব গৌড়ীয়মঠালয়
শ্রীমায়াপুর, নদীয়া
সেবক—শ্রীশ্রীধরদাস অধিকারী

সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস অধিকারী

শ্রী[illegible] গৌড়ীয়মঠ
[illegible] ([illegible] পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর, নদীয়া
সেবক—শ্রীগোবিন্দদাস বাবাজী

শ্রীকৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
সেবক—শ্রী[illegible] সেবাবিলাস

ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
সেবক—শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী

একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি (নদীয়া)
সেবক—শ্রীহরীন্দু ব্রহ্মচারী

মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
সেবক—শ্রীরাধাকিশোর ব্রজবাসী

শ্রী[illegible]ঘাট গৌড়ীয়মঠালয়
সেবক—শ্রীনৃসিংহ ব্রহ্মচারী

পুঁড়া গৌড়ীয়মঠ
[illegible]-বনগা
সেবক—শ্রীমহেশনাথ দাসাধিকারী

শ্রীমাধবগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
সেবক—শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার

গোপালজীউমঠ
পোঃ কমলাপুর, ঢাকা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

গদাই-গৌরাঙ্গমঠ
পোঃ বালিয়াটী (ঢাকা)
সেবক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

জগন্নাথ গৌড়ীয়মঠ
নূতনবাজার, পোঃ ময়মনসিংহ
সেবক—শ্রী[illegible] বিদ্যাবিনোদ বি

গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া, আসাম
সেবক—শ্রীরাধামোহন দাস অধিকারী

সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
সেবক—শ্রী[illegible] দাসাধিকারী

দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
৬নং [illegible], দার্জ্জিলিং
সেবক—শ্রীকৃষ্ণকান্ত দাসাধিকারী

সারস্বত গৌড়মঠ
পোঃ হরিদ্বার, জিঃ সাহারানপুর ইউ, পি
সেবক—শ্রীনিত্যানন্দ দাসাধিকারী

পাটনা গৌড়ীয়মঠ
পোঃ মিঠাপুর পাটনা
সেবক—শ্রীমুকুন্দবান্ধব ব্রহ্মচারী

গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া
সেবক—শ্রীনন্দগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীসনাতন গৌড়ীয়মঠ
৮।১৭ নং [illegible], বেনারস সিটি
সেবক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী

শ্রীরূপ-গৌড়ীয়মঠ এলাহাবাদ
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী বি-এ

পরমহংস মঠ
পোঃ নিমসার, সীতাপুর (ইউ পি)
সেবক শ্রীনবীনমাধব ব্রহ্মচারী

শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট পোঃ মথুরা
সেবক—শ্রীসুদর্শন ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠ
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
সেবক—শ্রী[illegible] ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
